

জন্ম শতবর্ষ স্মর্গে

ষ্মার্মী বিবেকানন্দের বাণী ও রচনা

জন্ম-শতবর্ষ-ম্মরণে

ষ্বামী বিবেকানন্দের বাণী ও রচনা

- প্রথম থও

6070



উদ্বোধ্য কার্যালয় কাকাতা প্রকাশক স্বামী জ্ঞানাত্মানন্দ উদ্বোধন কার্যালয় কলিকাতা-৩

বেলুড় শ্রীরামক্বফ মঠের অধ্যক্ষ কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত

প্রথম সংস্করণ পৌষ-কৃষ্ণাসপ্তমী, ১৩৬৭

মূত্রক শ্রীগোপালচন্দ্র রায় নাভানা প্রিন্টিং ওমার্কস্ প্রাইভেট লিমিটেড ৪৭ গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলিকাতা-১৩

প্রকাশকের নিবেদন

আৰু হইতে শত বংসর পূর্বে প্রীভগবানের আইবাবে সমগ্র মামবভাতির ক্রিয়াণের জন্ত জান, ভজি, কর্ম ও ধ্যানের একটি পরিপূর্ব আনর্পত্নপ খামী বিবেকানন্দ আবিভূতি হইয়াছিলেন। জড়বিজ্ঞানের চমক্রের সাকল্যে-ধর্মের প্রভাব তথন কিছুটা ভিমিত; অশিক্ষা ও কৃশিক্ষার, পরাধীনভা ও রারিক্রোর্মের প্রাণকেন্দ্র ভারতও বেন পথ হারাইয়া ফেলিয়াছে; সেই হুগ্গছিক্ষণে ভবিত্রৎ মানবজাতির অলাভ পথনির্দেশকরণে খামী বিবেকানন্দের আবির্ভাব। তাঁহার আগমনে ওধু যে তমসাছের ভারত কর্মখোগে জাগিয়া উঠিয়াছে—ভাহা নয়, রজোওণে উমান্ত ইওরোপ-আমেরিকাও তাঁহার শিক্ষা-দীক্ষার ধ্যান-জানের নৃতন আলোকের সন্ধান পাইয়ার্ছে, আধ্যান্মিকভার একটি শাবতরূপ দেখিয়া মাহ্য আজ ধর্ম-বিষয়ে নিজের ভূল বুরিতে আরম্ভ ক্রিয়াছে।

মাত্র উনচল্লিশ বংসর কাল স্বামীন্ত্রী এই মর্ত্যলোকে স্বব্ধন করেন, প্রকাশভাবে তাঁহার ব্যাপক ও গভীর কর্মনীবন মাত্র নম্ধনার কালা। পরিব্রালক জীবনের শেবে প্রীপ্তকর ইলিডে ১৮৯০ গৃষ্টান্তে তিনি চিকানো ধর্মবহাসভার বান। প্রস্থানে অপূর্ব সাফল্যের পর, তিনি স্থানেরিকা স্থ ইওরোপে সার্বভৌম স্থাগান্ত্রিক বাণী প্রচার করেন। পাশ্চাত্যে বেরান্তল প্রচারের কার্ব দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করিয়া ১৮৯৭ গৃঃ তিনি ভারতে ক্রিয়া স্থানেন ও স্থানেরে এক প্রান্ত হইতে স্পার প্রান্ত পর্যন্ত ক্রিয়া স্থানন ও স্থানেরে থাকেন। স্থাংপর প্রীরামক্তক মঠ ও মিশনের ভিন্তি স্থাপন করিয়া ১৮৯৯ গৃষ্টান্তে থাকেন। স্থাংপর প্রীরামক্তক মঠ ও মিশনের ভিন্তি স্থাপন করিয়া ১৮৯৯ গৃষ্টান্তে স্থানীন্ত্রী পুনরার পাশ্চান্ত্যে গমন করেন ও বিভিন্ন দেশে বিশেষতঃ স্থামেরিকার নবযুগের উন্থার ভাব প্রচার করিতে থাকেন। ১৯০০ গৃষ্টান্তের শেষ দিকে তিনি বেনুড মঠে ক্রিরিয়া স্থানেন।

কঠোর পরিশ্রমে তথন তাঁহার শরীর ক্লান্ত, মনও নির্বাণম্থী; তাই অভি
নীত্র অগতের সর্ববিধ কল্যাণের জন্ত 'বহুজনহিতার, বহুজনত্থায়' শ্রীদানক্ষ মঠ-মিশনের কাজ বোগ্য হতে সমর্পণ করিয়া ১৯৬২ খৃঃ ৪ঠা জুলাই ভিনি তাঁহার নবর বেহু ত্যাগ করেন।

এই অল সময়ের যথ্যে তিনি বাহা কথিয়া নিরাছেন, বিশার-শিগুর জগৎ বহরিন তাহার বিকে ভাকাইরা থাকিবে। বজুনতা এবং বর্মার এইখ্যায় খামীজীব বাণী প্রচারের কাল মাত্র লাভ বংলর (১৮৯৩-১৯০০), আবস্ত্র পত্র-রচনার কাল ইহা অপেকা কিছু বেশী (১৮৮৮ ১৯০২)।

অতাস্ত তৃংথের বিষয় স্বামীজীর বক্তৃতাবলীর অধিকাংশই আশাহ্রশদ্ধ ভাবে লিপিবদ্ধ হয় নাই। তথাপি তাঁহার বে-কয়টি ভাষণ ও বক্তৃতা, আমরা পাইয়াছি, ভাহা চিরদিনই মানব-সমাজের অমূল্য সম্পদ্ধেপে পরিগণিত হইবে। বিভিন্ন দেশের বহু ব্যক্তিকে লিখিত তাঁহার পত্রগুলি এবং তাঁহার কথোপক্ষনও বলিষ্ঠ চিন্তাধারার উৎস।

স্বামীনীর বাংলা পত্র ও প্রবন্ধ কিছু কিছু তাঁহার শীবংকালেই ডং-প্রভিতি পাক্ষিক 'উবোধন' পত্রিকায় প্রকাশিত হয়। বিদেশে প্রদন্ত তাঁহার ইংরেজী বক্তৃতাবলীর কিছু কিছু সেই দেশেই পুস্তকাকারে বাহির হয়। আমেরিকার বিভিন্ন পত্রিকাতেও স্বামীনীর কয়েকটি দার্শনিক প্রবন্ধ প্রকাশিত হয়।

খামীজীর উৎসাহে মাজাজ হইতে 'ব্রহ্মবাদিন্' ও পরে 'প্রবৃদ্ধ ভারত' পত্রিকা প্রকাশিত হইলে তাহাতেও তাঁহার পত্র, প্রবৃদ্ধ ও বক্তৃতাবলী বাহির হইতে থাকে। কিছুকাল পরে 'প্রবৃদ্ধ ভারত' হিমালয়ে স্থানান্তরিত হর, তথন উহাতে নিয়মিতভাবে তাঁহার লেখা ও বক্তৃতাগুলি প্রকাশিত হইতে থাকে।

খামীজীরই নির্দেশে গুরুদেবার অঙ্গরণে খামী গুরানন্দ খামীজীর ইংরেজী বক্তা ও পত্রাবলীর বজাহবাদ করিতে আরম্ভ করেন। খামীজী কর্তৃক অহমোদিত হইয়া এগুলি ধারাবাহিকভাবে 'উর্বোধনে' প্রকাশিত হয়; পরে খামীজীর গুরুল্লাতা রামকৃষ্ণ মঠ ও মিপুনের তদানীস্তন সম্পাদক খামী সারদানন্দজীর ব্যবস্থাপনায় উর্বোধন-কার্যালয় হইতে সেগুলি বিভিন্ন পুস্তকাকারে প্রকাশিত হইতে থাকে এবং এখনও হইতেছে।

খামীজীর জয়ের শভ বর্ষ পরে তাঁহার ঐ-সকল বাণী, রচনা ও পত্রাদি এবং আজ পর্যন্ত আরও বে-সকল অপ্রকাশিত বক্তৃতা ও পত্রাদি পাওয়া গিয়াছে, সেগুলি সব একত্র করিয়া শতবর্ষ-মারক-গ্রন্থাবলীরূপে প্রকাশ করার কথা ছই-ভিন বংসর পূর্বে আমাদের অনেকের মনে উদিত হয়। শ্রীরামকৃষ্ণ মঠ ও মিশনের তদানীয়ান সাধারণ সম্পাদক ও বর্তমান অধ্যক্ষ খামী মাধবানন্দজীয় পরামর্শক্রমে এই বিষয়ে আলোচনার জন্ম মঠের কয়েকজন বিশিষ্ট সর্যাসী ও আমাদের স্কৃত্য করেকজন অধ্যাশককে সইয়া একটি ছোটবাট সভার অধিবেশন হয়। এই আলোচনা-সভার সর্বাধিসমতভাবে ছির হয় বে, সামীজীর পর্তাবলী সময়াফজনে সাজাইয়া এবং বক্তা ও রচনা, কথোপকথন—বথাসভব বিষয়াহ্বায়ী সাজাইয়া ১০ বঙে বিভক্ত করিয়া উহোধন কার্যালয় হইতে জন্মগতবর্থ-সাহক গ্রন্থ-স্কুপে প্রকাশিত হইবে।

দশটি থথে বিভক্ত এই গ্রহাবনীর ১ম খণ্ডে চিকাগো বক্তৃতা, কর্মবোগ
ও রাজ্যোগ; ২য় খণ্ডে জ্ঞানবোগ; ৩য় খণ্ডে ধর্ম ও দর্শন; ৪র্থ থণ্ডে
ভক্তিযোগ এবং 'দেববাণী'; ৫ম খণ্ডে 'ভারতে বিকোনন্দ' এবং ভারত-প্রসদে
বক্তৃতা ও রচনাবলী মৃত্রিত হইভেছে। ৬ঠ খণ্ডে খামীজীর মৌলিক বাংলা
রচনা (গভ ও কবিতা) এবং পত্রাবলী; ৭ম খণ্ডে পত্রাবলী ও ইংরেজী
কবিতার জহুবাদ; ৮ম খণ্ডে পত্রাবলী এবং 'মহাপুরুষ-প্রসন্ধ'; ৯ম খণ্ডে
'বামি-শিশ্য-সংবাদ', খামীজীর সহিত বিভিন্ন ব্যক্তির কথোপকখন এবং ১০ম
খণ্ডে মেরী লুই বার্ক লিখিত গ্রন্থে (Swami Vivekananda: New
Discoveries in America) প্রকাশিত খামীজীর বক্তৃতার বিষয়ণীর
বলাহুবাদ এবং বিবিধ বিষয়ের লেখা ও বক্তৃতা সন্ধিবেশিত হইভেছে।

খামীজীর সমগ্র 'বাণী ও রচনা'র মৃথবন্ধরণে ভগিনী নিবেদিতা-লিখিত খামীজীর ইংরেজী গ্রন্থাবলীর ভূমিকা 'Our Master and his Message' অনুবাদ করিয়া প্রথম খণ্ডের প্রারভেই সন্নিবেশিত হইল। প্রতি খণ্ডে খামীজীর রচনাদির সহিত একটি তথ্যপঞ্জী ও নির্দেশিকা দেওয়া হইয়াছে।

পুরাতন অহবাদগুলিতে বথাসম্ভব স্বামী শুদ্ধানন্দজীর রীতিই অহসরৰ করা হইরাছে। একান্ত প্রয়োজনবোধে কিছু কিছু ভাষার সংস্থার করা হইরাছে। বানানে বর্তমান রীতি অহুস্ত।

এই গ্রন্থমালার সম্পাদন-ভার সর্বসম্বতিক্রমে 'উবোধন'-পত্রিকার বর্তমান সম্পাদক স্থামী নিরাময়ানন্দকে দেওয়া হয়। ইহাও দ্বির হয় যে, স্থামী বিশাশ্রমানন্দ এবং অধ্যাপক প্রণবর্ত্তন নোব ও অধ্যাপক শহরীপ্রসাদ বল্ব এ-বিবরে তাঁহাকে দাহাধ্য ক্রিবেন। প্রকাশনের অকাশ্য কার্বের ভার উবোধনের প্রকাশন বিভাগের পরিচালক স্থামী অভ্যানন্দের উপর অপিত হয়। এই গ্রন্থ-সম্পাদনার রামকৃষ্ণ-বিবেকানন্দ সাহিত্যে স্থপরিচিত স্থামী গভীরানন্দের সাহাধ্য এবং প্রামর্শন্ত বিশেষভাবে উল্লেখবাল্য।

এই এছমানা-প্রকাশ-প্রদক্ষে আমরা সর্বপ্রথম কেন্দ্রীয় ও প্রাদেশিক সরকারের নিকট আমাদের ক্তজ্ঞতা প্রকাশ করিভেছি। তাঁহাদের উৎসাহে ও প্রাথমিক অর্থায়কুন্যে এই প্রকাশন কার্য আমরা আরম্ভ করি।

শান্তিনিকেতনের স্থনামধক্ত শিলী আচার্য শ্রীনন্দলাল বস্থ মহাশন্ন এই গ্রহমালার প্রাক্তদপট পরিকরনা ও অন্ধন করিয়া দিয়া আমাদিগকে অশেষ কৃতজ্ঞতাপাশে আবদ্ধ করিয়াছেন।

অহবাদ প্রভৃতি কার্যে নানাভাবে সাহায্য করিয়াছেন ডক্টর রমা চৌধুরী ও প্রীযুক্তা সাখনা দাশগুপ্তা, প্রীক্তানেজনাথ দত্ত, প্রীবিশর্পন ভাতৃড়ী, প্রীক্তনাথ চক্রবর্তী, প্রীভামসরপ্রন রায়, প্রীবিশ্বরলাল চট্টোপাধ্যায়, প্রীদেবত্রত রায়চৌধুরী, প্রীরমণীকুমার দত্তগুপ্ত, খামী শ্রমানন্দ, খামী বীতশোকানন্দ, খামী হিরগায়ানন্দ, খামী অক্তলানন্দ, খামী অমলানন্দ, খামী আদীখরানন্দ এবং প্রত্রাজিকা মৃক্তিপ্রাণা প্রভৃতি অধ্যাপক, অধ্যাপিকা ও বৃধ্মগুলী। সেক্ত ভাহাদের সকলের নিকট আমরা কৃতক্ত।

আরও অনেকে এই গ্রন্থনালা প্রকাশনে নানাভাবে আমাদের সাহায্য করিয়াছেন, স্থানাভাবে সকলের নাম পৃথক্ভাবে উল্লেখ করা গেল লা। তাঁহাদের প্রমান ও সাহায্য ব্যতীত এত অল্প সময়ে এই গ্রন্থবলী প্রকাশ করা সম্ভব হইত না। গ্রন্থয়ালার তথ্যপঞ্জীর পৌরাণিক অংশ অধ্যাপক প্রীত্রিপুরারি চক্রবর্তী, ঐতিহাসিক অংশ অধ্যাপক প্রীত্রিপুরারি চক্রবর্তী, ঐতিহাসিক অংশ অধ্যাপক প্রীনির্মলকুমার বস্ত্র সংগ্রহ করিয়া দিয়া এই গ্রন্থয়ালার সোষ্ঠাব বৃদ্ধি করিয়াছেন। দার্শনিক অংশের তথ্যপঞ্জী জক্তর সভীশচন্ত্র চট্টোপাধ্যায় দেখিয়া দিয়াছেন। তথ্যপঞ্জীর অক্তান্ত অংশ এবং নৃত্তন শত্রন্থলির অন্থবাদ হাওড়া রামকৃষ্ণ-বিবেকানন্দ আপ্রমের প্রমান্ স্থালবঞ্জন দাশগুর ও প্রনারায়ণচন্দ্র সাউ-এর অক্লান্থ পরিপ্রয়য়ে ও বন্ধে সংগৃহীত ও লিখিত হইয়াছে। অধ্যাপক প্রীত্রবাধ্যক্তর মুখোপাধ্যায় ও প্রমান্ শহরনাথ চটোপাধ্যায় সমগ্র গ্রন্থবলীর বিষয়-নির্দেশিকা (Subject Index) প্রশন্ম করিয়াছেন। প্রতিধণ্ডের শেষে নির্দেশিকা রচনা করিয়াছেন প্রমান্ ভারকনাথ দে ও প্রিনতীশচন্দ্র ঘোষ। হিসাব রক্ষায় ব্যাপারে প্রথম হইছেই প্রনীর্ন্থাপাল চক্রবর্তীর অক্লান্থ পরিপ্রথম উল্লেখবোগ্য।

বাগবাজার নয়নক্ষ লাহা লেনের শ্রীবিজয়লাল পাজুলী মহালর তাঁহার বাড়ির অনেকটা অংশ আমাদের এই প্রকাশন বিভাগের জন্ত ছাড়িরা না দিলে দীর্ঘদিন ধরিয়া গ্রন্থভালির রক্ষণাবেক্ষণ এবং স্বষ্ঠু বিভরণ আমাদের পক্ষে সম্ভব হইত না।

ইহাদের সকলের উপর ঐতগবানের শুভাশীর্বাদ দর্বহা ববিত হউক; খামীজীর জীবনপ্রদ ভাবধারা সকলের হৃদরে প্রবাহিত হউক—বিবেকানন্দ শতবার্বিকীর পুণ্য বংসরে, এই গ্রহাবদী প্রকাশনের শুভন্দণে ইহাই আমাদের একান্ত প্রার্থনা।

প্রকাশক

. সূচীপত্ত

16.
(3-04)
•
•
>>
30
₹ \$
৩০
୯୯
96
96
৩৭
৩৮
(৩৯-১৪৭)
89
૯ર
19
be
અદ
7.04
५ २३
101

(&P <- < 8 <)

167

363

কর্মযোগ-প্রসঙ্গ

কর্ম ও তাহার রহস্ত

কৰ্মৰোগ-প্ৰদক্তে

কৰ্মই উপাসনা	2#8
স্বার্থরহিত কর্ম	<i>১৬৬</i>
জান ও কর্ম	\$45
কৰ্মবিধান ও মৃক্তি	398
সরল রাজযোগ	(342-404)
(প্ৰথম হইতে ষষ্ঠ পাঠ পৰ্যন্ত)	
রাজযোগ	(२०७-२৮৮)
ভূষিকা	२•१
অব তরণিকা	255
শাধনার প্রথম শোপান	२२८
et 1 a	२७५
প্রাণের আধ্যাত্মিক রূপ	२६১
অধ্যাত্ম প্রাণের সংয্ম	२¢৮
প্রত্যাহার ও ধারণা	રહ8
ধ্যান ও সমাধি	२१७
· সংক্ষেপে রাজ্যোগ	२४७
পাতঞ্জল-যোগসূত্ৰ	(~8~8~8)
উপক্ৰমণিকা	₹
শমাধি-পাদ	2 >4
শাধন-পাদ	909
বিভূতি-পাদ	৩৭৪
কৈবল্য-পাদ	थद्रथ
পরিশিষ্ট	(830-834)
ভ ণ্যপঞ্জী	853
নিৰ্দেশিকা	865

ভূমিকা

আমাদের স্বামীজী ও তাঁহার বাণী

[ভঙ্গিনী নিৰেদিতা-লিখিত ভূমিকার ৰঙ্গামুবাদ] ।

খানী বিবেকানন্দের যে চারি থপ্ত' গ্রহাবলী বর্তমান সংখ্রণে নিবন্ধ হইতেছে, তাহার মধ্য দিয়া আমরা জগতের জন্ত সাধারণভাবে শুধু যে একটি দিবাবাণী পাইয়াছি তাহা নহে, হিন্দুধর্মের সন্তানদের জন্ত হিন্দুধর্মের একটি সনদও লাভ করিয়াছি। বর্তমান যুগের ব্যাপক অবক্ষরের মধ্যে হিন্দুধর্মের প্রয়োজন ছিল এমন এক শৈলদৃঢ় আজার, যেখানে হিন্দুধর্ম একটি স্থিয়ভূমি লাভ করিতে পারে, প্রয়োজন ছিল একটি প্রামাণিক আপ্রবাক্য, যাহার মধ্য দিয়া সে তাহার স্বরূপ উপলব্ধি করিতে পারে। খামী বিবেকানন্দের বাণী ও রচনার মধ্য দিয়া ইহাই ভাহাকে দেওয়া হইয়াছে।

অগত বেমন বলা হইয়াছে, ইতিহালে এই প্রথম হিন্দুধর্ম সমগ্রভাবে এক প্রেষ্ঠ হিন্দু মনীবার বাবা বিবৃত হইল। অনাগত মুগে বছদিন ধরিরা স্থন হিন্দুধর্মাবলখী কেই হিন্দুধর্মের প্রমাণ চাহিবে, বখন কোন হিন্দুজননী তাঁহার সন্তানগণকে শিক্ষা দিবেন, পূর্বপুরুষদিগের ধর্ম কি হিল, তখন প্রমাণ ও আলোকের কল্প তিনি এই গ্রম্বাবলীর উপরই নির্ভর করিবেন। ভারত হইতে ইংরেজী ভাষা বিল্পু হইয়া বাওয়ার বছকাল পরেও ঐ ভাষার মাধ্যমে অগতের কাছে বে উপহার প্রদত্ত হইল, ভাহা এখানে হায়িভাবে বিরাক্ত করিবে এবং প্রাচ্য ও পাল্টাত্যে সমভাবে ফলপ্রস্থ হইবে। হিন্দুধর্মের প্রয়োজন ছিল নিজের ভাষাদর্শের সংগঠন ও লামঞ্জল-বিধান; পৃথিবীর প্রয়োজন ছিল এমন একটি ধর্মের—বাহা সভ্যসম্পর্কে বিগতভী। এই উভয় বস্তই এখানে পাওয়া গিয়াছে। সহটমূহর্ডে বিনি জাভীয় চেভনাক্তে আহরণ করিয়া বাজয় করিয়া তুলিয়াছিলেন, সেই ব্যক্তিবিশেষের অভ্যক্তর অশেক্ষা সনাভন ধর্মের শাখত বীর্ষের এবং অভীতের মতোই ভারত বে বর্তমানে মহিমময়, সে-বিষয়ের মহত্তর প্রমাণ দেওয়া সন্তব ছিল না।

> ইংরেজীতে স্বামীনীর গ্রন্থাবলী প্রথমে চারি থকে প্রকাশিত হব, বর্তমানে স্বাচ থকে প্রকাশিত হইতেছে। বাংলার এই গ্রন্থাবলী দশ থকে বিভক্ত।—সম্পাদক

নিজের সীমান্তের বাহিরে অবস্থিত মানব-সাধারণের মিকট প্রকৃত জীবনধারণের অন্ন পরিবহণের মধ্য দিয়াই যে ভারত ভাহার নিজের প্রয়োজন দিম করিতে পারে, ইহা ধেন পূর্ব হইতেই অহুমিত। ইহা যে এইবারই প্রথম সংঘটিত হইল ভাহা নয়, পূর্বে আরও একবার প্রভিবেশী দেশসমূহে জাতিগঠনকারী ধর্মের বাণী প্রেরণের মধ্য দিয়াই ভারতবর্ষ নিজের চিস্তা-ধারার মহত্ব সহত্বে সচেতন হইতে শিক্ষালাভ করিয়াছিল--সেই আত্মগত একীকরণের ফলে বর্ডমান হিন্দুধর্মই বেন নৃতনভাবে স্ট হইল। আমরা কথনই ভূলিয়া বাইতে পারি না যে, এই ভারতের মাটিতেই প্রথম শ্রুত হইয়াছিল গুরু হইতে শিষ্যের নিকট সেই আদেশ: 'ভোমরা সমগ্র পৃথিবীর দেশে দেশে যাও এবং এই ধর্মদেশনা সকল জীবের নিকট প্রচার কর।' ইহা দেই একই চিভা, একই প্রেমের অমুপ্রেরণা, নবরূপে রূপায়িত হইয়া স্বামী বিবেকানন্দের কণ্ঠ হইতে উলাত হইয়াছিল, যখন পাশ্চাত্যের একটি বিরাট সমেলনে ভিনি বলিতেছিলেন, 'একটি ধর্ম যদি সত্য হয়, তবে সবগুলিই সত্য হইবে। েসেইজয় হিন্দুধর্ম ষতটা আমার, ততটা তোমাদেরও।' এবং ডিনি নিজের বক্তব্যের ভাব-সম্প্রদারণ করিয়া বলেন, 'আমরা হিন্দুরা কেবল যে পরমত সহ্য করি, ভাহা নয়, আমর। সকল ধর্মের সলে নিজেদের মিলিভ করি। আমরা মুদলমানদের মদজিদে প্রার্থনা করি, পার্শীদিগের অগ্নির পূজা করি আঁবং শ্রীষ্টানদের ক্রেণের সম্মুখে নভজাহ হই। আমরা জানি নিয়তম বশ্বসূতি হইতে উচ্চতম অবৈতবাদ পর্বস্ত, সকল ধর্মই সমভাবে, অসীমকে উপস্থিত এবং অহুভব করিবার বিভিন্ন প্রচেষ্টামাত্র। সেইজয় এই দকল ভূত্বয চয়ন করিয়া, প্রেমের ক্তে একত গ্রেথিত করিয়া পূজার জন্ত একটি অপূর্ব তবক রচনা করি।' এমন কেহই ছিল না যে এই বক্তার হুলুরে বিদেশী বা পর; তাঁহার নিকট কেবল মানব এবং সভ্যেরই অন্তিম ছিল।

ধর্ম-মহাসভার স্বামীজীর বক্তা সহদ্ধে বলা ঘাইতে পারে—যথন ভিনি
বক্তা আরম্ভ করিলেন, তথন তাঁহার বিষয়বন্ধ ছিল 'হিন্দুদের ধর্মভার্মসমূহ,' কিন্তু যথন তিনি শেষ করিলেন, তথন হিন্দুধর্ম নৃতন রূপ লাজ্জ
করিয়াছে। সেই ক্ষণটি ছিল সেই সন্তাবনায় পূর্ণ। তাঁহার সন্মুধে উপস্থিত
বিহাট শ্রোতৃর্ক ছিল সম্পূর্ণভাবে পাশ্চাত্য মনেরই প্রতিনিধি, কিন্তু উহাজ্জে
কিছু নৃতন অভিব্যক্তি ও অগ্রগতি ছিল। ইহাই ছিল সেই শ্রোত্মগুলীর

সর্বাধিক বৈশিষ্ট্য। ইওরোপের প্রভ্যেক আভিনই নাছ্য আমেরিকায় নিলিড হইয়াছে, বিশেষতঃ চিকাগোতে—বেধানে নহাসতা অহাটিত হইয়াছিল। আধুনিক কালের প্রবন্ধ এবং সংঘর্ষের মহন্তম ও নিরুষ্টতম বাহা কিছু, ভাহার অবিকাংশই পাশ্চাভ্যের এই প্রয়াজীর একাকার মধ্যে পাওয়া ঘাইবে—এই নগর-রানীর পদর্গল মিশিগান হুদের ভটের উপর বিভূত—উভরের হ্যাভিন্তে ভাষর চক্ লইয়া ভিনি বেন চিস্তাময় হইয়া বলিয়া আছেন। আধুনিক চেতনায় এমন কিছু নাই, ইওরোপের ঐতিক হইতে উত্তরাধিকারস্থ্যে এমন কিছু পাওয়া বায় নাই, বাহা চিকাগো নগরীতে আশ্রয়লাভ করে নাই। এবং এই কেক্রের স্ফ্রশীল জীবন এবং ব্যগ্র কৌত্হল বর্তমানে আমাবের কাহারও কাহারও নিকট প্রধানতঃ বিশ্বাল মনে হইলেও ইহা নিঃসন্দিঘভাবে মানবের মহিমায় পূর্ণ এবং ধীরে পরিণত এক ঐক্যাহর্শ প্রকাশের অভিমূধে সঞ্বমাণ।

এইরূপ ছিল দেই মানদক্তের, এইরূপই সেই চিত্তসাগর—ভারুণ্যপূর্ণ, উচ্ছল, আত্মশক্তি ও আত্মবিখানে উৰেন; অধিকত্ক উহা ছিল অহুদৰিৎস্থ এবং সভাগ। বিবেকানন্দ ধখন, বক্তৃতা দিতে দণ্ডায়মান হইয়াছিলেন, ভখন ভিনি ঐ পরিবেশেরই সমুখীন হইয়াছিলেন। অপরদিকে তাঁহার পশ্চাতে ছিল এক মহাসাগর—বছষুগের অধ্যাত্মসাধনার প্রশাস্ত; ভাঁহার পশ্চাডে ছিল এমন একটি অগৎ, বাহার কালপঞ্জী আরম্ভ হইয়াছে বেদ ও উপনিবদ্ হইডে— এমন একটি অগং, যাহার তুলনায় বৌদ্ধর্মও প্রায় সে-দিনের—এমন একটি অগৎ, যাহা ধর্মীয় মতবাদ সম্প্রদায়সমূহে পূর্ণ—একটি শাস্ত ভূষণ্ড গ্রীম-মণ্ডলের সৌরকরাচ্ছন্ন, যে দেশের পথের ধূলিকণা যুগ যুগ ধরিয়া সাধুসন্তের পাদম্পর্শে পবিত্র। সংক্ষেপে বলিভে গেলে তাঁহার পশ্চাতে ছিল ভারতবর্ষ---ভাহার বহু সহস্র বৎসরের জাতীয় জীবনের ক্রমাভিব্যক্তি লইয়া, এই দীর্ঘ কালের মধ্যে সে পরীক্ষা করিয়াছে বহু বস্তু, প্রমাণ করিয়াছে অনেক কিছু, এবং দেশ ও কালের বিশাল বিভৃতির মধ্যে সমাক্ উপলব্ধি করিয়াছে প্রায় ৰ কিছু—তথু ভাহার নিজৰ সম্পূৰ্ণ ঐকমত্য ছাড়া, যে ঐকমত্য সে-দেশের অধিবাসিগণের সকলেই কতিপর মৌল ও প্রয়োজনীর বিষয় সম্বন্ধে সাধারণ-ভাবে অবস্থন করিয়া বহিয়াছে।

স্তবাং এইগুলি ছিল তুইপ্রকার চিতপ্রবাহ; বেন ছুইটি বিশাল চিডা-

ভরন্ধিন-প্রাচ্য ও আধুনিক; ধর্ম-মহাসভার বক্তামঞ্চে দণ্ডারমান গৈরিক-পরিহিত পরিব্রাক্ষক সেই সমরের করু হইরাছিলেন ইহাদেরই সম্পর্কের। ব্যক্তিয়াভিয়ানপৃদ্ধ এই ব্যক্তির আধারে সংঘটিত এই অভিযাতের অবক্তাবী কল হইরাছিল হিন্দুধর্মের সাধারণ ভিত্তিসমূহের নির্দিষ্ট রূপদান। কেন-না সেধানে আমী বিবেকানন্দের মূখে তাঁহার নিজের কোন অমুভূতির কথা উদ্গত হর নাই,—এমনকি এই অবসরে নিজ গুরুর প্রস্কারতারণা করিবার স্বরোগও তিনি গ্রহণ করেন নাই। এই ছুইটি বিষয়ের পরিবর্তে ভারতের ধর্মচেতনাই তাঁহার মধ্য দিয়া বাহার হুইয়া উঠিয়াছিল—ভারতের সমগ্র অতীতের দারা স্থনির্দিষ্ট তাঁহার দেশের সকল মান্থবের বাণী! বখন তিনি পাশ্চাত্যের বোবনকালে—মধ্যাহ্লসময়ে বক্তৃতা করিতেছিলেন, তখন প্রশাস্ত মহাসাগ্রের অপর প্রাস্তে, পৃথিবীর তিমিরাচ্ছর গোলার্ধের প্রচ্ছায়ে স্বপ্ত একটি জাতি তাহাদের দিকে সঞ্চরমাণ উষার হারা পরিবাহিত বাণীর জন্ম মনে মনে অপেকা করিতেছিল—যে বাণী তাহাদের নিকট উদ্ঘাটিত করিবে তাহাদের নিক্য মহিমা ও শক্তির গুঢ় রহন্ত।

অকই বক্তামঞ্চে স্বামী বিবেকানন্দের পার্থে দণ্ডায়মান ছিলেন আরপ্ত স্থানেক—বিশেষ বিশেষ ধর্মতের ও ধর্মীয় প্রতিষ্ঠানের প্রবক্তারণে। কিন্তু এ গৌরব তাঁহারই, বে তিনি প্রচার করিতে আসিয়াছিলেন এমন একটি ধর্ম, বাহার নিকট—তাঁহার নিজেরই ভাষায়—ইহাদের প্রত্যেকটি ছিল 'বিভিন্ন নরনারীর বিভিন্ন অবস্থা ও পরিস্থিতির মধ্য দিয়া একই লক্ষ্যে পৌছিবার অভিযাত্রা বা অগ্রগতির প্রচেষ্টা'। তিনি ঘোষণা করিয়াছিলেন, তিনি দণ্ডায়মান হইয়াছেন এমন একজনের বিষয় বলিবার জন্ত, যিনি ভাহাদের সকলের কথাই বলিয়াছেন; তাহাদের একটি বা অপরটি—এ-বিষয়ে বা ও-বিষয়ে, এই কারণে বা অন্ত কারণে যে সত্য, তাহা নহে, পরস্ক 'এগুলি সক্ষ্টি স্থতে মণিসংগর মতো আমাতেই অস্থ্যত। । । । । বেখানেই দেখিবে, কোন আলাকিক পবিত্রতা ও অসামান্ত শক্তি মাহ্ময়কে উন্নত ও পবিত্র করিছেছে, আনিও সেখানে আমারই প্রকাশ। বিবেকানন্দ বলেন, হিন্দুর দৃষ্টিতে 'মাহ্ময় অসত্য হইতে সত্যে গমন করে না, বয়ং সত্য হইতে সত্যে আরোহণ করে—নিয়তর সত্য হইতে উচ্চতর সত্যে। ' । এই শিক্ষা এবং মৃক্তির উপদেশ—সেই আদেশ : 'ব্রন্ধ উপলব্ধি করিয়া মাহ্ময়কে ব্রন্ধ হইয়া বাইতে হইবে'—ধর্ম তথাকই

আমাদের মধ্যে পরিপূর্ণভা লাভ করে, 'বধন উহা আমাদিগকে তাঁহার কাছে লইয়া বায়, বিনি মৃত্যুময় জগতে একমাত্র জীবন, বিনি নিয়তপরিবর্তনশীল বিধের নিভ্য অধিষ্ঠান, বিনি একমাত্র আজা, জীবাত্মাসমূহ বাঁহার মায়াময় প্রকাশ মাত্র। এই ছুইটি উপদেশকেই ছুইটি পরম ও বিশিষ্ট সভ্যত্রপে গ্রহণ করা বাইতে পারে, মানবেভিহাসের চিরায়ত এবং জটিলভম অন্ত্রভূতির বারা প্রমাণিত এই সভ্য স্বামী বিবেকানন্দের মধ্য দিয়া ভারতবর্ব প্রচার করিয়াছে আধুনিক পাশ্চাভ্য জগতের কাছে।

ভারতবর্ষের নিজের দিক দিয়া এই কৃত্র ভাষণটি ছিল স্বাধিকার-প্রতিষ্ঠার এক সংক্ষিপ্ত প্রমাণপত্র। ৰক্ষা হিন্দুধর্মকে সামগ্রিকভাবে বেদের উপর প্রতিষ্ঠিত করেন, কিন্তু 'বেদ' শব্দ উচ্চারণের সঙ্গে সম্পেই উহার ধারণাকে অধ্যাত্ম-তাৎপর্বে ডিনি পূর্ণ করিয়া দেন। তাঁহার নিকট-নাহা সভ্য ডাহাই 'বেদ'। ভিনি বলেন, 'বেদ-শব্দের ছারা কোন গ্রন্থ বুঝায় না। উহা ছারা বিভিন্ন সময়ে বিভিন্ন ব্যক্তি বারা আবিষ্কৃত সত্যসমূহের সঞ্চিত ভাণ্ডারই বুঝায়।' প্রসঙ্গত: ডিনি সনাতন ধর্ম সহছে তাঁহার ধারণাও ব্যক্ত করিয়াছেন: 'যাহার তুলনায় বিজ্ঞানের অতি আধুনিক আবিফারসমূহও প্রতিধ্বনির মতো মনে হয়, সেই,বেদাম্বদর্শনের আধ্যাত্মিকতার উদ্ভুক্ত সঞ্চরণ হইতে আরম্ভ করিয়া বিভিন্ন পুরাণ-সমন্বিত নিয়ত্তম মৃতিপ্রা, বৌদ্ধদের অজ্ঞেয়-বাদ, জৈনদের নিরীখববাদ পর্যন্ত সব কিছুই হিন্দুধর্মে স্থান পাইয়াছে।' ভাঁছার চিস্তায় এমন কোন সম্প্রদায়, এমন কোন মতবাদ—ভারতবাদীর এমন কোন অকণট আধ্যাত্মিক অমুভূতি থাকিতে পারে না, যাহা যথার্থভাবে হিন্দুধর্মের বাহুণাশের বহিন্তু ত হইতে পারে—ব্যক্তিবিশেষের নিকট ঐ সম্প্রদায়, মতবাদ বা অত্নভুতি যতই বিপথগামী বলিয়া মনে হউক। তাঁহার মতে ইইদেৰতা-বিষয়ক শিক্ষাই হইল ভারতের এই মূল ধর্মভাবের বৈশিষ্ট্য, প্রত্যেক ব্যক্তিরই নিজের পথ বাছিয়া লইবার এবং নিজের পথে ভগবানকে অন্বেষণ করিবার অধিকার আছে। তাহা হইলে এই সংজ্ঞা অনুসারে হিন্দুধর্মের বিশাস সাক্রাজ্যের পডাকা কোন দৈক্তবাহিনী বহন করিতে পারে না, কারণ ছিলুধর্মের ষেক্সপ আধ্যাত্মিক লক্য হইডেছে ঈশবলাভ, সেইরূপ উহার আধ্যাত্মিক অন্তুলাসন হইভেছে-----ব-স্বৰূপ প্ৰাপ্তি-বিষয়ে প্ৰভ্যেক আত্মাৱই পূৰ্ণ স্বাধীনভা।

কিছ এই স্বাবগাহিত-প্রত্যেকের এই স্বাধীনতা হিন্দ্ধর্মের মহিষা

বলিয়া পরিগণিত হইত না, যদি না মধুরতম আখাদপূর্ণ এই পরম আহ্বাম ভাহার শাস্ত্রে ধ্বনিত হইত: 'শোন অমৃতের পুত্রগণ! বাহারা দিব্যধামবাসী ভাহারাও শোন! আমি সেই মহান্ পুরাণ পুরুষের দর্শন পাইয়াছি---ধিনি সকল অন্ধকারের পারে—সকল অভানের উধেব**্! তাঁ**হাকে আনিয়া ভোমরাও মৃত্যুকে অভিক্রম করিবে।' এই ভো সেই বাণী, যাহার জন্মই বাকী সব কিছু আছে, এবং চিরদিন রহিয়াছে। ইহাই হইভেছে সেই পরম উপলব্ধি, যাহার মধ্যে অক্ত সব অহুভৃতি মিশিয়া যাইতে পারে। 'আমান্বের বর্তমান কর্তব্য' বিষয়ক ভাষণে স্বামীজী যথন সকলকে সনির্বন্ধ অমুরোধ জানান, ---এমন একটি মন্দির-গঠনে সাহায্য করিতে হইবে, ষেথানে দেশের প্রভ্যেকটি উপাদক উপাদনা করিতে পারে, যে মন্দিরের পবিত্র বেদীতে 📆 'ওঁ' এই শক্তবন্ধ প্রতিষ্ঠিত থাকিবে, তথন আমাদের মধ্যে কেহ কেহ এই বাণীর মধ্যে আরও বিরাট একটি মন্দিরের আভাদ পাইয়া থাকেন, দে মন্দির খ-স্বরূপে বিরাজিতা আমাদের দেশমাতৃকা ভারতবর্ষ স্বয়ং—এবং উহাতে 📆 ভারতবর্ষের নয়, সমগ্র মানবজাতির ধর্মসাধনার পথগুলি কেব্রাভিম্থী হইতেছে; সেই পুণাপীঠের পাদমূলে, যেখানে প্রভিন্তি আছে দেই প্রভীক, যাহা কোন প্রতীকই নয়, দেই নাম যাহা শব্দাতীত। সকল উপাসনা, সকল ধর্মপদ্ধতি চলিয়াছে ইহারই অভিমূথে – ইহার বিপরীত দিকে নয়। পৃথিবীর অতি নিষ্ঠাপরায়ণ ধর্মগুলির সহিত ভারত সমস্বরে ঘোষণা করে: সাধনার অগ্রগতি দৃষ্ট হইতে অদৃষ্টে, বহু হইতে একে, নিমু হইতে উচ্চতর স্তরে, সাকার হইতে নিবাকারে—কথনও ইহার বিপরীতে নয়। ভারতের বৈশিষ্ট্য এইখানেই যে, যে-কোন ছানের এবং যে কোন প্রকারের হউক না কেন, প্রতিটি অকপট ধর্মবিশাদকেই দে মহান্ উর্ধ্বগতির দোপান-সক্ষপ মনে করে এবং প্রত্যেকটিকেই সে সহাত্বভূতি জানায় ও আশাস দিয়া থাকে।

হিন্দুধর্মের এই প্রবক্তার মধ্যে ধনি এমন কিছু থাকিত, ষাহা তাঁহার নিজ্ম, তবে স্থামী বিবেকানন্দের যথার্থ মান ক্ষ্ম হইত। গীতার রুফের স্থায়, বৃদ্ধের স্থায়, শহরাচার্যের স্থায়—ভারতীয় চিস্তাজগতের সকল আচার্যের স্থায় তাঁহার বাক্যসমূহ বেদ ও উপনিবদের উদ্ধৃতি ঘাণাই সমৃদ্ধ। বে রত্মরাজি ভারত নিজ্মেই মধ্যে ধারণ করিয়া রহিয়াছে, কেবলমাত্র সেগুলির প্রকাশক-ক্ষণে—ব্যাখ্যাতারূপেই স্থামীলী বিরাজ্মান। যদি তিনি জ্মগ্রহণ নাও

করিতেন, ভবাপি তাঁহা খারা প্রচারিত সভ্যসমূহ সভারণেই থাকিত;
না আরও বেশী—এগুলি সরভাবেই প্রমাণীভূত হইত। তবে পার্থকা একটু
থাকিত, ঐগুলি পাওয়া কঠিন হইত, ঐগুলিতে আধুনিক খছতা ও
বক্তব্যের তীক্ষতা থাকিত না, পারস্পরিক সকতি ও এক্যের হানি ঘটিত।
যদি তিনি আধিভূতি না হইতেন, তবে যে শাস্ত্রবাণীগুলি আজ, সহস্র সহস্র
মানবের নিকট জাবনের পরমায়রূপে পরিবাহিত হইতেছে, সেগুলি পণ্ডিতদের
ত্রোধ্য তর্কবিচারেই পর্ববিদিত থাকিয়া যাইত। তিনি আধিকারিক পুরুষরূপেই
শিক্ষা দিতেন, পণ্ডিতদের মতে। নয়। কারণ তিনি যে-বিষয়ে শিক্ষা দিতেন—
সে বিষয়ের উপলব্বির গভীরে তিনি অবগাহন করিয়াছেন, এবং রামায়জের
মতো তিনি সেই অবহা হইতে ফিরিয়া আসিয়াছেন—গুধু পারিয়া, অস্তাক
ও বিদ্বোদ্র নিকট ঐ উপলব্বির রহস্ত প্রকাশ করিয়া দিবার জন্তা।

তাহার উপদেশে নৃতন কিছু ছিল না—এ উজি কিন্তু সম্পূর্ণভাবে সন্তা নয়।
এ-কথা কথনও ভূলিলে চলিবে না বে 'একমেবাদিতীয়ন্' অমূভূতি বাহার
অন্তর্গত, সেই অবৈত-দর্শনের শ্রেষ্ঠত ঘোষণা করিয়াও খানী বিবেকানন্দ
হিন্দুবর্মে এই শিক্ষা সংযুক্ত করিয়া দিলেন বে বৈত, বিশিষ্টাহৈত এবং অবৈত্
একই বিকাশের তিনটি অবস্থা, বা ক্রমিক শুর মাত্র, এই বিকাশের চরম
লক্ষ্য হইতেছে শেষোক্ত অবৈত তত্ত্ব। ইহা আর একটি আরও মহৎ ও
আরও সরল তত্ত্বেই অপরিহার্য অল। বহু এবং এক—একই সত্তা, বিভিন্ন
সময়ে বিভিন্ন অবস্থায় মনের হাবা অমূভূত একই সত্তার বিভিন্ন বিকাশ অথবা
শ্রীবামকৃষ্ণ যেমন বলিতেন, 'ঈশ্ব সাকার নিরাকার ঘুইই, তিনি এমন এক
তত্ত্ব—বাহাতে সাকার নিরাকার ঘুইই আছে।

ইহাই আমাদের গুরুদেবের জীবনের চরম তাৎপর্য, এইখানেই তিনি যে তথু প্রাচ্য ও পাশ্চাত্যের মিলনকেন্দ্র হইরাছেন, তাহা নয়, অতীত এবং ভবিয়তেরও। বহু এবং এক—বদি ষথাওই এক সভা হয়, তাহা হইলে তথু সকল উপাদনাপদ্ধতিই নয়, সমভাবে সকল কর্মপদ্ধতি—দকল প্রকার প্রচেষ্টা, সকল প্রকার স্পষ্টিকর্মই সভ্যোপলন্ধির পন্থা। তাহা হইলে আধ্যান্মিক ও লৌকিক—এই ভেদ আর থাকিতে পারে না। কারিক পরিশ্রম করাই প্রার্থনা; জয় করাই ত্যাগ করা, সমগ্র জীবনই ধর্মকার্য হইরা যায়। যোগ ও ক্ষেম—ত্যাগ ও বর্জনের মতোই দার্যক্ষণ।

এই উপলব্ধিই বিবেকানন্দকে কর্মের মহান্ প্রচারকে পরিণত করিরাছে, তবে এই কর্ম—জ্ঞান ও ভক্তি হইতে বিচ্ছিন্ন নয়, পয়ত উহাদের প্রকাশক। তাঁহার নিকট কারখানা ও পাঠগৃহ, খামার ও ক্ষেত্ত—সাধুর কৃটিয়া ও মন্দিরহারের মতোই সত্য এবং মাহ্মবের সহিত ভগবানের মিলনের উপস্কু ক্ষেত্র। তাঁহার নিকট মাহ্মবের সেবায় ও ভগবানের পূজায় কোন প্রভেদ নাই, তাঁহার নিকট পৌরুরে ও বিখাসে—ঘথার্থ সদাচারে ও আধ্যাত্মিকভায় কোন পার্থকা নাই। এক দিক দিয়া দেখিতে গেলে তাঁহার সকল বাণীই এই মুখ্য প্রতারের ভাষ্য বলিয়া বোধ হয়। এক সময় তিনি বলিয়াছিলেন, 'চাক্ষকলা বিজ্ঞান ও ধর্ম—একই সত্যকে প্রকাশ করিবার তিনটি উপায়। কিছ ইহা বৃঝিতে গেলে আমাদিগকে অবৈত্বাদ গ্রহণ করিতে হইবে।'

বে গঠনমূদক প্রভাব বারা তাঁহার অলোকিক দৃষ্টি নিরূপিত হইয়াছিল, ভাহার ভিনটি হত্ত আছে, মনে করা যাইতে পারে। প্রথমতঃ তাঁহার দাহিত্যভিত্তিক শিক্ষা—সংস্কৃত ও ইংরেজী ভাষায় তুইটি ভাবজগতের বে-বৈষম্য এইভাবে তাঁহার চক্ষে উদ্ঘাটিত হইয়াছিল, ভাহা ভারভবর্ষের ধর্মগ্রস্থ লির বিষয়ীভূত বিশেষ অমভূতি সম্বন্ধে একটি দৃঢ় ধারণা তাঁহার মনে সঞ্চারিত করিয়াছিল; ইহা তাঁহার নিকট স্পাইই প্রতিভাত হইয়াছিল বে, এই অম্ভূতি ষদি সত্য হয়, ভবে ভারতের ঋষিগণ আক্মিকভাবে ইহা লাভ করেন নাই, বেমন (অক্সত্র) অনেকে করিয়াছেন। পরন্ধ ইহা ছিল বিজ্ঞান-প্রতিপান্ধ বিষয়—সেই ষৌজ্ঞিক বিশ্লেষণের বিষয়ীভূত, যাহা সভ্যামুসন্ধানের জন্ম প্রয়োজনীয় কোন ত্যাগ-শীকারেই সঙ্ক্তিত হয় নাই।

দক্ষিণেশরের মন্দিরোভানে থাকিয়া যখন রাষক্ষণ প্রমহংস তাঁহার ভাব শিক্ষা দিতেছিলেন, তথন স্থামী বিবেকানন্দ—তদানীস্তন 'নরেন'—তাঁহার জনম শুকর মধ্যে পুরাতন শাল্পস্হের সেই প্রমাণ পাইয়াছিলেন, যাহা তাঁহার জনম ও মঞ্চিক খুলিতেছিল। এইখানে তিনি সেই তত্ত্বই পাইয়াছিলেন, বাহা গ্রহ্মমূহে অক্টভাবে বর্ণিত। এইখানে ছিলেন এমন একজন, সমাধিই যাহার জ্ঞানগাভের নিত্য পদ্ধতি। ঘণ্টায় ঘণ্টায় দেখা যাইত—মনের গতি বহু হুইতে একের হিকে ঝুকিতেছে। ক্ষণে ক্ষণে শোনা যাইত সমাধিলর জ্ঞানের উপদেশ। তাঁহার চারিপাশে বাহারা সমবেত হুইত, তাহারা প্রভাকেই দিবাদর্শন লাভ করিত। 'জরভাবের মতো' পরম জ্ঞানলাভের আকাজ্যে এই

শিশ্যকে আছের করিয়াছিল। ডথাপি বিনি এইডাবে গ্রন্থস্থিত বিগ্রহ ছিলেন, তিনি অজ্ঞাতদারেই এক্সপ ছিলেন, কারণ তিনি কোন গ্রন্থই পাঠ করেন নাই। গুরু রামকৃষ্ণ পরমহংদের মধ্যে বিবেকানন্দ জীবন-রহস্তের কুঞ্জিকা লাভ করিয়াছিলেন।

তথাপি এখনও তাঁহার নিজের নির্ধারিত কর্মের জন্ম প্রস্তুতি সম্পূর্ণ হয় নাই। ইহার পরও তাঁহাকে হিমালয় হইতে কন্মাকুমারী পর্যন্ত ভারতবর্ষের সর্বত্র পরিভ্রমণ করিতে হইয়াছিল—সমভাবে সাধু, পণ্ডিত ও সরল সাধারণ মাহ্যের সহিত মিশিতে হইয়াছিল, সকলের নিকট শিখিতে হইয়াছিল, সকলের নিকট শিখিতে হইয়াছিল, সকলের সহিত বাস করিতে হইয়াছিল—এবং ভারতমাতা যেরূপ ছিলেন, যেরূপ হইয়াছেন, ভাহা দেখিতে হইয়াছিল—এই-ভাবেই বিশাল সমগ্রতার সর্বাবগাহিত তাঁহাকে উপলব্ধি করিতে হইয়াছিল, ইহারই সংক্ষিপ্ত ঘনীভৃত প্রতিরূপ ছিল তাঁহার গুরুর জীবন ও ব্যক্তিত্ব।

হতরাং শাস্ত্র, গুরু এবং মাতৃভূমি—বেন তিনটি হ্বর, এইগুলিই মিলিত হইয়া সৃষ্টি করিয়াছে স্থামী বিবেকানন্দের রচনাবলীর মহান্ সন্ধীত। এই রম্মগুলিই তিনি দান করিতেছেন। এইগুলি হইতেই উপাদান সংগ্রহ করিয়া তিনি প্রস্তুত্ত করিয়াছের পৃথিবীর সকলের জন্ম তাঁহার আধ্যাত্মিক করুণার এক সর্বরোগহর মহৌষধি। এগুলি হইতেছে যেন তিনটি দীপলিথা—একই দীপাধারে প্রজ্জলিত, ভারতবর্ষ তাঁহার হাত দিয়া উহা জালাইয়া সাজাইয়া রাখিয়াছেন—তাঁহার সন্তানগণের ও সমগ্র মানবজাতির পথ নির্দেশ করিবার জন্ম—১লশে সেপ্টেম্বর ১৮৯০ হইতে ৪ঠা জুলাই ১৯০২ পর্যন্ত মাত্র কয়েক বৎসরের কর্মের মাধ্যমে। আমাদের মধ্যে কেহ কেহ আছেন, বাঁহারা এই দীপ প্রজ্ঞালনের জন্ম ও এই যে লেখমালা তিনি রাখিয়া গিয়াছেন তাহার জন্ম, স্বন্তিবাদ জানাই সেই দেশেকে, যে দেশে তিনি জন্মগ্রহণ করিয়াছেন; ধন্মবাদ জানাই তাঁহাদের, বাঁহারা তাহাকে প্রেরণ করিয়াছিলেন; তাঁহারা আর্থ্ বিশ্বাদ করেন, এখনও তাঁহার বাণীর বিশালতা ও তাৎপর্য বৃথিয়া উঠার সৌভাগ্য আমাদের হর নাই।

রামকৃষ্ণ-বিবেকানন্দের নিবেদিতা (N. of Rk-V)

চিকাগো বক্তৃতা

১৮৯৩ খ্রীষ্টাব্দে বিখমেলা উপলক্ষ্যে চিকাগোডে চার্মিট সমাবেশ হুইয়াছিল, পাঠককে দে-কথা এখানে জানানো ভাল। পাশ্চাভাষেপে আজকাল বে-দকল বিরাট আন্তর্জাতিক প্রদর্শনী প্রারই অহার্টিভ হইয়া থাকে, সেগুলির সহিত সাহিত্য- কলা- এবং বিজ্ঞান-সম্মেলন সংশ্লিষ্ট করাও একটা বীতি হইয়া দাড়াইয়াছে। অতএব মানব-কল্যাণকারী বিভিন্ন বিষয়ের ইতিহাসে এইরূপ প্রত্যেকটি অধিবেশন বে শ্বরণীয় হইয়া থাকিবে. ভাহাও আশা করা যায়। আন্তর্জাতিক প্রদর্শনী উপলক্ষ্যে বাহারা একর মিলিত হইয়াছেন, সেই মানবমণ্ডলী চিকিৎসাবিজ্ঞান, আইনবিভা, ব্যবিজ্ঞান এবং জ্ঞানের অপরাপর শাখার তাত্তিক পবেষণা ও কার্যকরী আবিষারের আদান-প্রদান প্রভৃতি সকল বিষয়ের উন্নতি সাধন করাই ভাঁছাদের লক্ষ্য বলিয়া মনে করিবেন। মার্কিন সাহস ও মৌলিক মনোভাব লইরা চিকাগো-বাদিগণই ভাবিতে পারিয়াছিল বে, পৃথিবীর প্রধান ধর্মগুলির, একতা সমাবেশই হইবে এই-সকল সম্মেলনের মধ্যে শ্রেষ্ঠ সম্মেলন। এই-সকল ধর্মের প্রতিনিধিগণ নিজ নিজ ধর্মবিখাসের পক্ষে বে-সকল বৃক্তি উপছালিত করিবেন, আন্তরিক গভীর সহাত্মভৃতি সহকারে ভাহারা ভাহা ভনিবে---এ-কথাও ব্যক্ত হইয়াছিল। এইরূপ সম মর্যাদার ও স্থনিয়ন্ত্রিত বাক্ষাধীনতার কেত্রে মিলিত হইয়া প্রতিনিধিগণ যে সংসদ গঠন করিবেন, ভাহা ছইবে একটি ধর্ম-মহাসভা। 'বিভিন্ন জাতির ধর্মগুলির মধ্যে আভূভাবপূর্ণ যিশনের প্রয়োজনীয়তা' জগতের মানস্পটে স্থম্পষ্টভাবে অভিভ হইবে।

প্রতিনিধি প্রেরণের জন্ত যে নিমন্ত্রণ ও বধারীতি নির্বাচনের প্রয়োজন, দে বিষয়ে সম্পূর্ণ জন্ত থাকিয়াই দক্ষিণভারতীয় কয়েকজন শিল্প তাহাদের গুরুদেবকে হিন্দুধর্মের পক্ষে বক্তা দিবার জন্ত উপস্থিত থাকিবার প্রয়োজনীয়ন্তঃ ব্যাইতে বিশেষভাবে তংশর হইল। জনাধ বিশাসবদতঃ ভাষ্যাদের মনেই হয় নাই, তাহারা এমন কিছু দাবী করিতেছে, বাহা মান্তবের পক্ষে আসভাষ। ভাহারা ভাবিরাছিল, বিবেকানন্দ সেধানে উপস্থিত হইয়া বক্তা জারাইতক্ষ হবোগ পাইলেই যথেই হইবে। স্বামীনীও শিল্পাবৈদ্ধ মতো জারাইতক্ষ

রীতিনীতি ব্যাপারে অনভিজ্ঞ ছিলেন। যখন তিনি নিশ্চিভভাবে জানিলেন যে, এই কার্বে তিনি ঈশবাদেশ লাভ করিয়াছেন, তখন শামীলী কোন শাধাই মানিলেন না। যথারীতি বিজ্ঞপ্তি ও পরিচয়পত্তাদি ব্যতিরেকেই হিন্দুধর্মের প্রতিনিধি জগতের সমৃদ্ধি ও শক্তির স্বক্ষিত ছারে প্রবেশ করিলেন—এই ঘটনা অপেকা হিন্দুধর্মের সংঘবদ্ধহীনতা জন্ত কোন উপায়ে স্পষ্টভরভাবে প্রমাণিত হইতে পারিত না।

চিকাগোতে উপস্থিত হইয়া স্বামীক্ষী প্রকৃত ব্যাপার ব্রিতে পারিলেন। প্রেরিত ও গৃহীত আমন্ত্রণ অনুসারে কোন পরিচিত ও স্বীকৃত সংস্থা তাঁহাকে প্রেরণ করে নাই। অধিকন্ত প্রতিনিধি-সংখ্যা বাড়ানোর সময়ও চলিয়া গিয়াছে, তালিকা পূর্বেই পূর্ব হইয়া গিয়াছে। ভারতে প্রত্যাবর্তনের পূর্বে বর্টনে বৃদ্ধি কাহারও সহিত দৈবক্রমে পরিচয়ের কোন স্থযোগ স্থাটিয়া যার, এইরূপ ভাবিয়া কী গভীর নৈরাশ্রেই না তাঁহাকে চিকাগোর ক্ষ্মার হইতে ফিরিতে হইয়াছিল!

এইভাবে দ্বদৃষ্টি বা নিজেব কোন পরিকল্পনা ছাড়াই ভিনি হার্ডার্ড বিশ্ববিভালয়ের অধ্যাপক রাইটের সহিত পরিচিত হইলেন। রাইট তাঁহার প্রভিতা উপলব্ধি করিলেন এবং মান্তাজী শিশুগণের মতো ভিনিও অভ্তক করিলেন বে, আগামী ধর্ম-মহাসম্মেলনে পৃথিবীকে এই ব্যক্তির বাণী ভনিতেই হইবে। পরে অধ্যাপক রাইট তাঁহাকে লিখিয়াছিলেন, 'আপনার নিকট পরিচর-পত্র দেখিতে চাওয়া এবং স্থকে তাহার আলোকদানের অধিকার জিল্লাসা করা একই কথা।' এইরপ প্রীতি ও প্রভাবের জন্মই শামীজীকে প্রভাব চিকাগোর বাইতে হইয়াছিল এবং দেখানে স্বীকৃত প্রভিনিধির মর্যালা ও আসন লাভের পথ উন্মৃক্ত হইল। অধিবেশন আরম্ভ হইলে বেখা গেল ভিনি বক্তৃতামকে উপস্থিত। একমাত্র ভারতীয় বা একমাত্র বাঙালী না হইলেও তিনিই ছিলেন ষ্থার্থ হিন্দুধর্মের একমাত্র প্রতিনিধি।

অন্তান্ত সকলে সমিতি, সমাজ, সম্প্রদায় বা কোন ধর্মসংস্থার প্রতিনিধিশ্বণে আসিরাছিলেন। একমাত্র স্থামীজীর বক্তৃতার বিষয়বস্ত ছিল—হিন্দুদের আধ্যাত্মিক ভাবধারা; এবং সেদিন তাঁহারই মাধ্যমে ঐ ভাবগুলি সর্বপ্রথম সংক্ষা ঐক্য ও রূপ লাভ করিয়াছিল। ভারতবর্ষের বে-ধর্মকে প্রথমে ক্ষিণেশরে নিজ্ঞানর মধ্যে এবং পরে ভারতের সর্বত্র প্রমণকালে জিনি

বেশিরাছিলেন, ভাছাই এবানে ভাঁছার মুধ হইতে নিংহত ছইল। বে ভাৰগুলিতে শৰ্ম ভাৰতের ঐক্য আছে, দেই ভাৰগুলিই ভিনি ব্যক্ত করিয়াছিলেন, অনৈক্যের কথাগুলি তিনি বলেন নাই। বর্ম-মহাসমেলনের আন্তর্জাতিক দৃষ্টিভঙ্গি আলোচনা করিছে সভরো দিন প্রবন্ধাদি পাঠ চলিয়া-ছিল। ১৯লে (সেপ্টেম্বর) স্বামী বিবেকানন্দ স্বীয় বক্তব্য পাঠ করেন। কিন্ত বেদিন প্রতিনিধিদের উদ্দেশে আছঠানিক অভ্যর্থনাশ্চক বক্তৃতা ও সেগুলির উত্তর পঠিত হইল, সেই প্রথমনিন হইতেই স্বামীলী প্রোভ্রর্গের সংস্পর্শে আসিয়াছিলেন। অপরায়ের শেষদিকে তিনি অভার্যনার উত্তর দিলেন। যখনই তিনি সরল ভারতীয় সহোধনে আমেরিকাবাসিগণকে 'ভগিনী ও ভ্রাতা' বলিয়া সম্ভাবণ করিলেন, বধনই প্রাচ্য সন্থাসী তিনি—নানীকে প্রথম স্থান দিয়া— সমগ্র জগৎকে নিজ পরিবার বলিয়া ঘোষণা করিলেন, তখন সেই মহাসম্মেলনে আনন্দের যে শিহরন সঞ্চারিত হইয়াছিল, ভাহা শ্রোভ্রর্গের মূখে অনেকবার শুনিয়াছি। তাঁহারা বলেন, 'আমাদের বজাতীয় কোন ব্যক্তি এভাবে সংখ্যান করার কথা ভাবিতে পারিল না !' দেই মুহূর্ত হইতেই বোধ হয় তাঁহার নিশ্চিত সাফল্যের স্চনা হইয়াছিল। পরে সমেলনের ব্যবস্থাপকগণ চঞ্চল শ্রোভূবর্গকে কৌশলে শান্ত করিবার অন্ত অনেক্রার বলিয়াছেন, তাঁহারা বদি ধৈর্ব ধারণ করিয়া অপেকা করেন, তাহা হইলে সর্বশেষে খামীজী একটি গল বলিবেন বা একটি বক্তৃতা দিবেন। এই ভাষণগুলির কিছুকিছু অংশ হুরক্ষিত হইরা এই পুত্তকে অম্ভান্ত বকৃতার মধ্যে সংকিপ্ত ভাষণরূপে সন্নিবেশিত হইশ্লাছে।

হিন্ধর্মের ইভিহাসে এই সম্বেলন এমন একটি যুগের স্চনা করিয়াছে, বাহার মূল্য ও গুরুত্ব কালক্রমে আরও গভীরভাবে উপলব্ধি করা বাইবে। কেবল বাহু চাকচিক্য ও আড়েহরের দিক্ হইতে প্রভিনিধিদের সম্মেলন লভার প্রারম্ভে ও অবলানে এমন একটি দৃশু রচনা করিয়াছে, বাহা আমাদের সম্পামরিক কেহু আর কথনও হেখিবে না। কোটি কোটি মাহ্বের ধর্ম-মতের প্রভিনিধিগণ মঞ্চের উপর উপস্থিত ছিলেন। দৃশুটি উপলব্ধি করিবার প্রচেটার আমরা বেভাঃ জন হেনরী ব্যারোজ কর্তৃক প্রস্তুত্ব কার্ববিশ্বরীর প্রামাণ্য ইভিহাস হইতে একটি জংশ উদ্ধৃত করিতেছি:

'বথা সময়ের বছপূর্বেই প্রাসাদটি প্রতিনিধি ও দর্শকে ভরিয়া উঠিল, এবং 'কল্বস্ হল' বিভিন্ন স্থান হইতে স্থাগত দেশ-বিদেশের চার হাসার উৎস্ক শোভ্রন্দে পরিপূর্ণ হইল। বেলা দশটার সময় বহুলাজির উজ্জীরমান পভাকার নীচে বিশাল জনভার উল্লাসংবনির মধ্যে বারোটি ধর্মের প্রজিনিধি-গণ হাত ধরাধরি করিয়া বারান্দা নিয়া আগাইয়া আলিলেন। এই সময়ে মঞ্চটি ছবির মতো চিন্তাকর্ষক রূপ ধারণ করিল। কেন্দ্রন্থলে মার্কিন যুক্তরাষ্ট্রের গির্জার প্রধান যাজক কার্ডিনাল গিবন্স্ উজ্জল রক্তর্ব সজ্জার সজ্জিত হইয়া উচ্চাসনে সমাসীন। যথাযোগ্য প্রার্থনা পূর্বক তিনি সভার অধিবেশন হাক্ করিলেন।

'তাঁহার উভয়পার্যে উপবিষ্ট প্রাচ্য প্রতিনিধিগণের নানাবর্ণের পোশাক উজ্জল্যে তাঁহার পোশাকের সমতৃল হইয়াছিল। ব্রন্ধ, বৃদ্ধ ও মহম্মদের ভক্তগণের মধ্যে বোদাইয়ের বাগ্মী সন্ন্যাসী বিবেকানন্দ উজ্জ্বল চমৎকার বিজ্ঞিম পোশাকে তাম্রবর্ণের ম্থমগুলকে হরিপ্রাবর্ণের রৃহৎ উফীষে বেইন করিয়া দৃষ্টি আকর্ষণ করিলেন। তাঁহার পার্যে কমলা-রঙের ও শুল্র বেশভূষায় সজ্জিত ভারতের একেশরবাদী বা ব্রাক্ষসমাজের বি. বি. নাগারকর ও সিংহলের বৌদ্ধপণ্ডিত ধর্মপাল বিস্মাছিলেন। ধর্মপাল চার কোটি সাভ লক্ষ পঞ্চাশ হাজার বৌদ্ধের অভিনন্দন বহন করিয়া আনিয়াছিলেন এবং তাঁহার ক্লশ কৃত্র দেহটি শুল্রবর্ণে সজ্জিত ছিল এবং কৃঞ্চিত কৃফকেশ কৃষ্ণের উপর আসিয়া পড়িতেছিল।

'সেখানে মৃসলমান, পাশী ও জৈন ধর্মধাজকগণ নিজ নিজ বিচিত্র বর্ণ ও গতিভালি লইয়া উপস্থিত ছিলেন। সকলেই সীয় ধর্মের ব্যাখ্যা ও ল্মর্থনে তৎপর হইলেন।

'জাপান ও চীনের খ্যাতনামা ব্যক্তিবর্গ ইন্দ্রধন্থর বিচিত্রবর্ণবিশিষ্ট উল্লেক্
মৃল্যবান্ বেশে শোভা পাইভেছিলেন। তাঁহারা বৌদ্ধ, তাও-ধর্ম, কংক্সমের
মত ও শিটো ধর্মের প্রতিনিধিত্ব করিতেছিলেন। তপনীর মতো রক্ষরর্শের
বেশ পরিধান করিয়া প্রাচ্য প্রতিনিধিদের মধ্যে বসিয়াছিলেন শ্রীপ্রতাপক্ষর
মন্ত্রমধার। ভারতের একেশরবাদী বা ব্রাহ্মসমাজের নেতা মন্ত্রমধার মহাশঙ্গ
করেক বংসর পূর্বে এদেশে আসিয়াছিলেন এবং ক্রীয় বাগ্মিতা ও ইংরেজী ভাষার
উপর অপূর্ব অধিকারের দারা বিরাট প্রোত্রন্দকে পরিভৃপ্ত করিয়াছিলেন ঃ

'আর একজন উল্লেখযোগ্য ব্যক্তি একটি অভুত বক্রবাষ্টতে ভর করিয়া উপস্থিত ছিলেন। তিনি হইলেন জান্তের (Zante) গ্রীক ধর্মবাজক— ভাষার ছিল আৰক্ষিত গুল শাশ্রমানি, মহুকে অনুভর্গন এক টুলি, কোমর হইতে মুলানো বৃহৎ রোপানির্মিত কল। এশিয়া যাইনর হইতে আগত বজিনগণ্ড হীর্ঘকেশ এক গ্রীক 'সন্ন্যানী' তাঁহার পার্মে বিদ্যা পর্ব করিয়া বলিভেছিলেন, তিনি কখনও শিরোভূষণ ব্যবহার করেন নাই বা নিজ আহার-বাসস্থানের জন্ম একটি কপর্যকণ্ড ব্যর করেন নাই।

'আফ্রিকার বেথডিস্ট চার্চের ধর্মবাজক আর্নেট (Arnett) এবং আফ্রিকাদেশীর এক যুবরাজের আবল্দ কাঠের মতো ক্লুফ্রর্ণ অবচ উজ্জল মুধরওল
আড়াল করিরাছিল সমিলিভ মহিলাদের ছুন্দর বেশভ্যা; এবং সর্বপশ্চাতে
কালো পটভূমিকারূপে ছিল প্রোটেষ্টান্ট প্রভিনিধি ও নিমন্ত্রিভ অভিথিবর্গের কৃষ্ণ পরিচ্ছেদ'। (ক্যালিকোর্নিয়ার ওক্ল্যাণ্ডের রেভাঃ ওয়েস্টের
ধর্মোপদেশ হইতে গৃহীত)

দর্বশেষ ভাষণে স্বামী বিবেকানন্দ এই বিশ্বধ্নদ্যেলনের সহিড অশোকের বৌদ্ধ সংগীতি কিংবা ল্যাট আক্বরের ধর্মসভার তুলনা করিয়া ইহার ঐতিহাসিক গুরুত্ব সংদ্ধে নিজমত স্বষ্টভাবে ব্যক্ত করিয়াছিলেন। সর্বকনিঠ জাতির হুংসাহসই এইরূপ উচ্চাকাজ্বার বিরাট কার্বস্থচীর পরিক্লনা করিয়াছিল; নাগরিকগণের শক্তিপ্রাচুর্য এবং উৎসাহই ইহাকে কার্বে পরিণত করিবার পথ আবিদ্ধার করিয়াছিল। ধর্মসভার গঠনতন্ত্র ইহার মাধ্যমেই হিন্দুধর্মের সর্বধর্মসময়য়কারী ভাষগুলি ব্যক্ত করিয়াছিল। পৃথিবীর সর্বাপেলা উদ্বত ও বর্জনশীল ধর্মগুলির প্রতিনিধিবর্গ সরল গণতান্ত্রিক সাম্য ও সৌল্লের ভিন্তিতে পরস্পারের প্রতি প্রভাবান্ হইয়া মিলিত হইয়াছিলেন। তাঁহারা আর কথনও এরুপ বিরাট শ্রাবে এইজাতীয় অগ্নিপরীকার সম্মুখীন হইবেন বলিয়া মনে হয় না। বহুকাল ধরিয়া চিকাগো ধর্ম-মহাসভার অধিবেশন ইভিহাসে একক স্থান অধিকার করিয়া থাকিবে। এই অবস্থায় এবং এই পরিবেশেই হিন্দুধর্ম পাশ্চাত্য জগভের সম্মুখে সর্বপ্রথম নিজমত ব্যক্ত করিয়াছিল।

অভ্যর্থনার উত্তর

১৮৯৩, ১১ই সেপ্টেম্বর টিফাগো ধর্ম-মহাসভার প্রথম দিবসের অধিবেশনে সভাগতি কার্ডিভাল গিবন্স্ জ্যোভ্যঞ্জীর নিকট পরিচর করাইরা দিলে অভার্থনার উভরে স্বামীক্রী বলেব :

হে আমেরিকাবাসী ভগিনী ও প্রান্তর্য, আজ আপনারা আমাধিগকে বে আন্তরিক ও দাদর অভ্যর্থনা করিয়াছেন, তাহার উত্তর দিবার জন্ত উঠিছে গিয়া আমার হৃদর অনির্বচনীয় আমন্দে পরিপূর্ণ হইয়া গিয়াছে। পৃথিবীর মধ্যে দর্বাপেকা প্রাচীন সন্নাসি-সমাজের পক্ষ হইছে আমি আপনাদিগকে ধল্যবাদ আনাইভেছি। দর্বধর্মের ঘিনি প্রস্তি-স্বরূপ, তাঁহার নামে আমি আপনাদিগকে ধল্যবাদ জ্ঞাপন করিভেছি। দকল জাভি ও কল্লান্তরের অন্তর্গত কোটি কোটি হিন্দু নরনারীর হইয়া আমি আপনাদিগকে ধল্যবাদ দিভেছি।

এই সভামঞে সেই কয়েকজন বক্তাকেও আমি ধন্তবাদ জানাই, যাহারা প্রাচ্যদেশীয় প্রতিনিধিদের সংস্কে এরণ মন্তব্য প্রকাশ করিলেন যে, অভি দ্বদেশবাদী জাভিদমূহের মধ্য ছইভে বাহারা এখানে সমাগভ হইরাছেন, তাঁহারাও বিভিন্ন দেশে প্রধর্মসহিষ্ণুতার ভাব প্রচারের গৌরব দাবী করিতে পারেন। যে ধর্ম জগৎকে চিরকাল পরমন্তসহিষ্ণুতা ও সর্ববিধ মন্ত স্বীকার করার শিকা দিয়া আসিতেছে, আমি সেই ধর্মভুক্ত বলিয়া নিজেকে গৌরবান্বিত মনে করি। আমরা ভাগু সকল ধর্মকে সহু করি না, সকল ধর্মকেই আমরা সভ্য বলিয়া বিখাস করি। যে ধর্মের পবিত্র সংস্কৃত ভাষায় ইংরেজী 'এক্সফ্ল'ন' (ভাৰার্থ: বহিষ্করণ, পরিবর্জন) শক্তি অন্থবাদ করা যায় না, আমি সেই ধর্মভুক্ত বলিয়া গর্ব অভুত্তব করি। বে জাতি পৃথিবীর সকল ধর্মের ও সকল ৰাতির নিপীড়িত ও আশ্রয়প্রার্থী জনগণকে চিরকাল আশ্রয় দিয়া আসিয়াছে, আমি সেই খাতির অন্তভূ ক্ত বলিয়া নিজেকে পৌরবান্বিভ মনে করি। স্বামি चाननारनत এ-कथा वनिष्ठ गर्व त्याय कविष्ठिहि त्य, चामवारे रेहतीरमत थाँडि বংশধরগণের অবশিষ্ট অংশকে সাদরে হাদরে ধারণ করিয়া রাখিয়াছি; বে বংসর রোমানদের ভর্কর উৎপীড়নে তাহাদের পবিত্র মন্দির বিধাত হয়, নেই বংসরই ভাহারা দক্ষিণ-ভারতে আমাদের মধ্যে আ**শ্রের্যাভের জ**ন্ত আসিরাছিল। অর্থুট্রের অহুগামী মহানু পার্সীক আজির অবশিষ্টাংশকে বে

ধর্মাৰলম্বিগণ আশ্রের দান করিয়াছিল এবং .আজ পর্যন্ত বাহারা ভাঁহানিগকে প্রতিপালন করিতেছে, আমি তাহাদেরই অন্তর্জু জ।

কোট কোট নরনারী বে-ভোত্রট প্রতিদিন পাঠ করেন, বে অবটি আমি শৈশব হইতে আবৃত্তি করিয়া আসিতেছি, ভাহারই করেকটি পঙ্জি উদ্ধৃত করিয়া আমি আপনাদের নিকট বলিতেছি: 'ফচীনাং বৈচিত্র্যাদৃজুকুটিল-নানাপথজুবাং। নৃণামেকো গমাজমিন পয়সামর্শব ইব।''—বিভিন্ন নদীর উৎস বিভিন্নভানে, কিন্তু ভাহারা সকলেই বেমন এক সমুদ্রে ভাহাদের জলরালি ঢালিয়া মিলাইয়া দেয়, ভেমনি হে ভগবান্, নিজ নিজ ফচির বৈচিত্র্যাহশতঃ সরল ও কুটিল নানা পথে যাহারা চলিয়াছে, তৃষিই ভাহাদের সকলের একমাত্র লক্ষ্য।

এই ধর্ম-মহাসভা গীতাপ্রচারিত সেই অপূর্ব শ্রেষ্ঠ মতেরই সভ্যন্তা প্রাক্তিশর করিভেছে, সেই বাণীই ঘোষণা করিভেছে: 'যে যথা মাং প্রপদ্ধতে ভাংতাধিক ভলাম্যহম্। মম বত্মাহ্যবর্তত্তে মহুলাঃ পার্থ সর্বশঃ॥'—বে বে-ভাব আঞ্জার করিয়া আহক না কেন, আমি তাহাকে সেই ভাবেই অহুগ্রহ করিয়া থাকি। ছে অর্জুন, মহুল্বগণ সর্বভোভাবে আমার পথেই চলিয়া থাকে।

সাম্প্রদায়িকতা, গোঁড়ামি ও এগুলির ভয়াবহ ফলস্বরূপ ধর্মোয়ান্ততা এই ফলর পৃথিবীকে বহুকাল অধিকার করিয়া রাধিয়াছে। ইহারা পৃথিবীকে হিংলায় পূর্ণ করিয়াছে, বারবার ইহাকে নরশোণিতে লিক্ত করিয়াছে, সভ্যক্তা ধ্বংস করিয়াছে এবং সমগ্র জাতিকে হুডাশার মগ্র করিয়াছে। এই-সক্ষ্ণ ভীবণ শিশাচ যদি না থাকিত, তাহা হুইলে মানবসমাজ আল পূর্বাদেশা অনেক উন্নত হুইছ। তবে ইহাদের মৃত্যুকাল উপস্থিত; এবং আমি সর্বজ্ঞোভাবে আশা করি, এই ধর্ম-মহাসমিতির সম্মানার্থ আল বে ঘণ্টাধ্যনি নিমানিক হুইয়াছে, তাহাই সর্ববিধ ধর্মোয়ন্ততা, তরবারি অথবা লেখনীমুখে ক্ষান্ত্রান্ত সর্বপ্রকার নির্বাভ্যনের এবং একই লক্ষ্যের দিকে অগ্রসর ব্যক্তিগণের সংখ্যা সর্ববিধ অসম্ভাবের সম্পূর্ণ অবসানের বার্ডা ঘোষণা করক।

ভাতৃতাব

>০ই সেপ্টেম্বর শুক্রবার অপরায়ে ধর্ম মহাসমিভির পঞ্চর বিষয়ের অভিবেশনে ভির ভির ধর্মবাদিন্দ ব ব ধর্মের প্রাধাজ-প্রতিপাধনের জল বাগ্বিভবার নিতৃক হব; অবশেষে বানী বিবেকানক এই গলটি বলিয়া সকলের মূখ বছ করিয়া ধেন।

আমি আপনাদিগকে একটি ছোট গল্প বলিব। এইবাত্ত বে স্থক্ষা ভাষণ শৈষ করিলেন, তাঁহার কথা আপনারা সকলেই শুনিয়াছেন—'এস আমরা পরস্পরের নিন্দাবাদ হইতে বিরত হই'। মাহুষে মাহুষে সর্বদ্য এতটা মতন্তেদ থাকিবে ভাবিয়া বক্তা-মহাশর বড়ই ছংখিত। ভবে আমি আপনাদের একটি গল্প বলি, হয়তো ভাহাতেই বুঝা ঘাইবে—এই মন্তভেদের কারণ রি।

একটি ব্যাঙ একটি কুষার মধ্যে বাস করিত। সে বছকাল সেইখানেই আছে। যদিও সেই কুয়াভেই তাহার জয় এবং সেইখানেই সে বড় হইয়া উঠিয়াছে, তথাপি ব্যাঙটি আকারে অভিশর কুত্রই ছিল। অবশু তবন বর্তমান কালের ক্রমবিকাশবাদীরা কেছ ছিলেন না, তাই বলা বায় না, অছকার কৃপে চিরকাল বাস করায় ব্যাঙটি দৃষ্টিশক্তি হারাইয়াছিল কি না; আমরা কিছ গয়ের স্থবিধার জয়্ম ধরিয়া লইব ভাহার চোথ ছিল। আর সে প্রতিদিন এয়প উৎসাহে কুয়ার জল কীট ও জীবাণু হইতে মৃক্ত রাখিত বে, সেরপ উৎসাহ আধুনিক কীটাণুভত্ববিদ্গণেরও য়াঘার বিষয়। এইয়পে ক্রমে ক্রমে সেবে সেবে কিছু সুল ও মৃত্বণ হইয়া উঠিল। একদিন ঘটনাক্রমে সমৃত্রভীরেয় একটি ব্যাঙ আদিয়া সেই কৃপে পভিত হইল।

কৃপমণ্ডুক জিজাদা করিল, 'কোণা থেকে আদা হচ্ছে ?' 'নমুত্র থেকে আদছি।'

'সমূত্র ় সে কত বড় ় তা কি আমার এই কুরোর মতো বড় ?' এই বলিয়া কুপমণ্ডুক কুপের এক প্রান্ত হইডে আর এক প্রান্তে লাফ দিল।

ভাছাতে সাগবের ব্যাত বলিল, 'ওছে ভাই, তুমি এই কৃত্র কৃপের ককে সম্বের তুলনা করবে কি ক'রে ?'

ইহা শুনিয়া কূপমঙুক আর একবার লাফ দিয়া জিল্লাসা করিল, 'ভোষার সমূব কি এড বড় ?' 'সম্জের সলে কুরোর তুলনা ক'রে তুমি কি মূর্থের মতো প্রলাশ ব'কছ ?'
ইহাতে ক্পমগুক বলিল, 'আমার কুরোর মতো বড় কিছুই হ'তে পারে
না, পৃথিবীতে এর চেয়ে বড় আর কিছুই থাকতে পারে না; এ নিক্সই
মিথাবালী, অতএব একে তাড়িয়ে লাও।'

হে প্রাত্গণ, এইরপ সহীর্ণ ভাবই আমাদের মতভেদের কারণ। আমি
একজন হিন্দু—আমি আমার নিজের কৃত্র কৃপে বসিয়া আছি এবং সেটকেই
সমগ্র জগং বলিয়া মনে করিভেছি। গ্রীষ্টধর্মাবলহী তাঁহার নিজের কৃত্র কৃপে
বসিয়া আছেন এবং সেটকেই সমগ্র জগং মনে করিভেছেন। মুসলমানও
নিজের কৃত্র কৃপে বসিয়া আছেন এবং সেটকেই সমগ্র জগং মনে
করিতেছেন। হে আমেরিকাবাসিগণ, আপনারা বে আমাদের এই কৃত্র
জগংগুলির বেড়া ভাঙিবার জন্ম বিশেষ যত্নশীল হইয়াছেন, সেজন্ম আপমাদের
ধন্মবাদ দিতে হইবে। আশা করি, ভবিদ্যুতে ক্ষর আপনাদের এই রহং
উদ্দেশ্য-সম্পাদনে সহায়তা করিবেন।

हिन्दु धर्म

১৯শে সেপ্টেম্বর, নবস দিবসের অধিকেশনে স্বামীলী এই প্রবন্ধটি পাঠ করেন।

हिन्तू, व्यवश्रीय ७ देखरी-- এই ভিনটি धर्मरे প্রাথৈতিহাদিক বৃগ হইতে বৰ্তমান কাল অবধি এই পৃথিবীতে প্ৰচলিত ৰহিষাছে। এই ধৰ্মঞ্জিব প্রভ্যেকটিই প্রচণ্ড আঘাত সহু করিয়াছে, তথাপি পুঞ্জ না হইয়া এঞ্জি বে এখনও জীবিত জাছে, ভাহাভেই প্রমাণিত হইভেছে বে, ইহাদের মধ্যে মৃহতী শক্তি নিহিত আছে। কিন্তু একদিকে বেমন ইছনী-ধর্ম তৎপ্রস্ত ীধর্মকে আত্মসাৎ করিতে পারা তো দূরের কথা, নিজেই ঐ সর্বজয়ী ধর্ম বারা খীয় জন্মভূমি হইতে বিভাড়িত হইল, এবং অতি অল্লসংখ্যক পারসী মাত্র এখন মহান্ করণ্ট্রীয় ধর্মের সাক্ষিক্ষণ হইয়া রহিয়াছে; অপর্যাতিক আবার ভারভবর্ষে সম্প্রদায়ের পর সম্প্রদায় উথিত হইল, বোধ হইল বেন বেলোক্ত ধর্মের ভিত্তি পর্যন্ত নড়িয়া গিয়াছে; কিন্তু প্রচণ্ড ভূমিকম্পের সময় দাগরদলিল বেমন কিছু পশ্চাৎপদ হইয়া সহস্রগুণ প্রবল বেগে সর্বগ্রাদী ব্যারণে ফিরিয়া আনে, সেইরণ ইহাদের অননীম্বরণ বেদোক্ত ধর্মও প্রথমতঃ কিঞ্চিৎ পশ্চাৎপদ হইয়া আলোড়নের অগ্রগতি শেষ হইলে ঐ সম্প্রদায়গুলিকে সর্বভোভাবে আত্মসাৎ করিয়া নিব্দের বিরাট দেহ পুট ক্রিয়াছে।

বিজ্ঞানের অতি আধুনিক আবিজিয়াসমূহ বেদান্তের বে মহোচ্চ আধ্যাত্মিক ভাবের প্রতিধ্বনিমাত্র, সেই সর্বোৎকৃষ্ট বেদান্তকান হইতে নিয়ন্তরের মূর্তিপূজা ও আফুবলিক নানাবিধ পোরাণিক গল পর্যন্ত, এমন কি বৌদদের আজ্ঞান, জৈনদের নিরীশরবাদ—হিন্দুধর্মে এগুলির প্রত্যেকটিরই স্থান আছে।

এখন প্রশ্ন হইছে পাবে, এই-সকল বহুধা বিভিন্ন ভাব কোন্ নাধারণ কেন্দ্রে সংহত হইগ্নাছে? কোন্ সাধারণ ভিত্তি আত্মন্ন করিয়া এই আপাড-বিরোধী ভাবগুলি অবস্থান করিতেছে? আমি এখন এই প্রনেরই সীমাংসা ক্ষিতে বধাসাধ্য চেটা করিব।

আগুৰাক্য বেদ হইতে হিন্দুগণ তাঁহাদের ধর্ম লাজ করিরাছেন। তাঁহারা বেদনমূহকে অনাধি ও অনম বলিরা বিখাস করেন। একধানি পুরুককে খনাদি ও খনত বলিলে এই শ্রোভ্যওনীর কাছে ভাহা হাক্তর ধনিয়া মনে হইতে পারে বটে, কিড 'বেন' শব্দারা কোন প্তক-বিশেষ ব্রায় না! ভিন্ন ভিন্ন বাজি বিভিন্ন সময়ে বে আধ্যান্ত্রিক সভ্যসমূহ আবিকার শ্রীনিরা লিরাছেন, বেন সেই-সকলের সঞ্চিত ভাগুারখন্ধণ। আবিত্বত হইবার পূর্বেও মাধ্যাকর্বণের নির্মাবলী বেমন সর্বত্রই বিভ্যান ছিল এবং সম্পন্ন মন্ত্র-সমাজ ভ্রিয়া গেলেও বেমন ঐগুলি বিভ্যান থাকিবে, আধ্যান্ত্রিক শপতের নির্মাবলীও সেইরুণ। আত্মার সহিত আত্মার বে নৈতিক ও আব্যান্ত্রিক সম্বন্ধ, প্রত্যেক জীবাত্মার সহিত সকলের পিতাত্তরপ পরসাত্মার বে কির্যালয়র স্থানিক সম্বন্ধ, আবিত্বত হইবার পূর্বেও সেগুলি ছিল এবং সকলে বিশ্বত শ্রীরা গেলেও এগুলি থাকিবে।

এই আধ্যাত্মিক সভ্যগুলির আবিকারকগণের নাম 'ঝিব'। আরুরা তাঁহাদিগকে দিক বা পূর্ণ বলিয়া ভক্তি ও মাক্ত করি। আরি এই প্রোভ্যগুলীকে অভি আনন্দের সহিত বলিভেছি বে, অভিশয় উন্নত ক্রিলের মধ্যে কয়েকজন নারীও ছিলেন।

এ হলে এরপ বলা বাইতে পারে যে, উক্ত আধ্যাত্মিক নির্মাবলী নিরম-রূপে অনন্ত হইতে পারে, কিন্তু অবশ্রই তাহাদের আদি আছে। বেশ ব্লেন্স
— স্টে অনাদি ও অনন্ত। বিজ্ঞানও প্রমাণ করিয়াছে যে, বিশেভিশ্ব সমষ্টি
সর্বদা সমপরিমাণ। আছো, যদি এমন এক সময় ছিল, যথন কিছুই ক্লিল মা,
তবে এই-সকল ব্যক্ত শক্তি তখন কোথায় ছিল? কেহ বলিবেল যে,
এগুলি অব্যক্ত অবহায় ঈশরেই ছিল। তাহা হইলে ঈশর কখনও হর্মে বা
নিজিয়, কখনও সজিয় বা গতিশীল; অর্থাৎ তিনি বিকারশীল! বিকারশীল
পদার্থমাত্রই মিশ্র পদার্থ এবং মিশ্র-পদার্থমাত্রই ধ্বংস-নামক পরিষ্কালীনর
অধীন। তাহা হইলে ঈশরেরও মৃত্যু হইবে, ইহা অসন্তব। স্তর্মার্থমান
সময় কখনও ছিল না, বখন সৃষ্টি ছিল না; কাল্লেই সৃষ্টি অনাদি।

ষদি কোন উপনা ঘারা ব্যাইয়া দিতে হয়, তাহা হইলে স্টে ও প্রায় শ্বীটি অনাদি ও অনন্ত সমান্তবাল বেখা। ঈশর শক্তিবরণ—নিতাসক্রিয় বিশানা, তাঁহারই নির্দেশে বিশ্বাল প্রলয়াবস্থা হইতে একটির পর একটি শৃক্ষাশূর্ণ অগৎ স্ট হইতেছে, কিছুকাল চালিত হইতেছে, প্নবায় ধ্বংল ছইয়া ঘাইজেছে। হিন্দুবালক গুকুর সহিত প্রতিদিন আর্ত্তি করিয়া থাকে: 'স্বাচন্তবালী শ্বাভা

বধাপ্রবক্ষরং।'—অর্থাৎ বিবাভা প্র-পূর্ব কয়ের সূর্ব ও চল্লের মতো এই পূর্ব ও চন্দ্র করিয়াহেন। ইহা আধুনিক বিজ্ঞানসমভ।

আমি এখানে বাড়াইরা আছি। ববি চকু বৃত্তিত করিয়া আনার পতা গবছে চিন্তা করিবার চেটা করি—'আমি' 'আমি' 'আমি', ভাছা হইলে আমার মনে কি ভাবের উদর হর ? এই কেইে আমি—এই ভাবই মনে আনে। তবে কি আমি অড়ের সমষ্টি ছাড়া আর কিছু নই ? বেদ বলিভেছেন : না, আমি দেহমধ্যত্ব আত্মা—আমি দেহ নই! দেহ সরিবে, কিন্তু আমি মরিব না! আমি এই দেহের মধ্যে আছি, কিন্তু ববন এই দেহ মবিরা বাইবে তথনও আমি বাঁচিরা থাকিব এবং পূর্বেও আমি ছিলাম। আত্মা পৃত্ত হইতে স্টে নয়, কারণ বস্তি' শব্দের অর্ম বিভিন্ন ত্রব্যের সংবোগ এবং ভবিল্লভে নিশ্চরই এগুলি বিচ্ছিন্ন হইবে। অভএব আত্মা বদি স্টে পদার্থ হন, ভাহা হইলে নিশ্চরই উহা মরণনীলও বটে। স্ত্তরাং আত্মা স্ট পদার্থ নন।

কেছ জনিয়া জবণি ত্থভোগ করিতেছে—শরীর ত্বন্ধ ও ক্লার, মন উৎসাহপূর্ণ, কিছুরই অভাব নাই; জাবার কেছ জনিয়া অবণি ছ্যেভাগ করিতেছে—কাহারও হন্ত-পদ নাই, কেছ বা অভবৃত্তি এবং অভি কটে জীবন বাপন করিতেছে। যথন, সকলেই এক জারপরায়ণও কর্মণামর ঈবর বাবা হাই, তথন কেছ হ্যী এবং কেছ হ্যী হইল কেন ? ভগবান কেন এত পক্ষণাতী ? যদি বলো বে, বাহারা এ জন্মে হ্যেভোগ করিতেছে, পরজন্মে ভাহারা হ্যী হইবে, ভাহাতে অবস্থার কিছুই উরতি হইল না। দরাময় ও জারপরায়ণ ঈবরের রাজ্যে একজনও কেন হ্যেভোগ করিবে ? বিভীয়তঃ স্কটকর্ভা কর্মের এই ভাবহারা স্কটির অভর্গত অসক্তির কোন কারণ প্রধর্শন করার চেটাও নাই; পরস্ক এক সর্বলজ্ঞিনান্ স্বেচ্ছাচারী প্রক্ষের নিষ্ঠ্য আনকাই বীকার করিয়া লওরা হইল। ত্লাইভই ইহা অবৈজ্ঞানিক। অভএব দীকার করিতে হইবে স্থী বা ছ্যী ছইরা জন্মিবার পূর্বে নিশ্চর বছবিধ কারণ ছিল, বাহার কলৈ জন্মের পর মান্ত্য হ্যী বা হ্যণী হয়; ভাহার নিজের পূর্বজন্মের কর্মস্কৃত্ত নেইপন কারণ।

বেশ-মনের প্রবণতা মাতাশিতার দেহ মনের প্রবণতা হইতেই উত্তরাধিকার-ক্ষমে লবা হয় না কি । দেখা বাইতেছে বে, ছইটি সভা সমাভরাল বেখার বর্তমান—একটি মন, অপরটি বুল পদার্থ। বিদ্যাল বারাই আমাদের অন্ধনিহিত দকল তাব বংশইতাবে ব্যাখ্যাত হয়, তবে আর আত্মার্কীতিত্ব শীকার করিবার কোন আবশুকতা পাক্ষিতে শারে না কিছ অভ হইতে চিন্তা উত্ত হইরাছে—ইহা প্রমাণ করা বায় লঃ, এবং বিদি দার্শনিক দৃষ্টিকোণ হইতে একস্ববাদ অপরিহার্ব হয়, তবে আ্বায়াত্মির একস্ববাদ নিশ্চরই যুক্তিসকত এবং অভ্বাদী একস্ববাদ অপেকা ইহা কর বাহনীয় নয়; কিছ বর্তমান প্রসঙ্গে এ তুইটির কোনটিরই—প্রশ্নেষ্কা নাই।

আমরা অধীকার করিতে পারি না, শরীরমাত্রেই উভরানিকারণ্টের কতকগুলি প্রবণতা লাভ করে, কিন্তু দেগুলি সম্পূর্ণ হৈছিক। এই দৈহিব প্রবণতার মাধ্যমেই মনের বিশেষ প্রবণতা ব্যক্ত হয়। মনের এরণ বিশেষ প্রবণতার কারণ প্রাছিতি কর্ম। বিশেষ কোন প্রবণতালভার জীব সমুল্বছর প্রতি আকর্ষণের নিয়মাছলারে এমন এক শরীরে জল্লএছণ করিছে, বাহা তাহার ঐ প্রবণতা বিকশিত করিবার সর্বপ্রেষ্ঠ সহায় হয়। ইছা সম্পূর্ণজারে বিজ্ঞান-সমত, কারণ বিজ্ঞান অভ্যাস বারা সব কিছু ব্যাখ্যা করিছে হার, অভ্যাস আবার প্র: প্র: অছ্ঠানের ফল। স্তরাং অছ্যান করিছে হার, ব্যাখ্যা আবার প্র: প্র: অছ্ঠানের ফল। স্তরাং অছ্যান করিছে হাইবে নবজাত প্রাণীর অভাবও তাহার প্র:প্র: অহ্টেড কর্মের কল; এমং ছেহেত্ তাহার পক্ষে বর্তমান জীবনে ঐগুলি লাভ করা অসভব, অভ্যাব আবার ক্রামাছে।

আর একটি প্রশ্নের ইন্নিত আছে। স্বীকার করা গেল পূর্বজন্ধ আছে, বিদ্ধ পূর্ব জীবনের বিষয় আমাদের মনে থাকে না কেন ? ইহা সহজেই মুঝানো বাইতে পারে। আমি এখন ইংরেজীতে কথা বলিতেছি, ইহা আমার মান্তভাষা নর। বাত্তবিক এখন আমার চেতন-মনে মাতৃভাষার একটি অক্ষর্ম নাই। কিন্ত বিদি আমি মনে করিতে চেষ্টা করি, তাহা হইলে উহা এখনই প্রবল বেগে মনে উঠিবে। এই ব্যাপারে বুঝা বাইতেছে, মনঃসমৃত্রের উপন্ধিভার্মগই চেতন-ভাব অক্সভ হন্ন এবং আমাদের পূর্বাজিত অভিজ্ঞান কেই স্মুক্রের গভীরদেশে সঞ্চিত থাকে। চেষ্টা ও সাধনা কর, ঐগুলি সন্ধ উপন্ধে উঠিয়া আসিবে, এমন কি পূর্বজন্ম সম্ভেও তুমি জানিতে পারিবে।

পূর্বলয় সহয়ে ইহাই সাক্ষাৎ ও পরীক্ষামূলক প্রমাণ। কার্যক্ষের স্ক্রাতা নির্ণীত হইলেই কোন মন্তবাদ সম্পূর্ণভাবে প্রমাণিত হয়, এবং শ্বনিগণ সমগ্র ক্যাতে সদর্পে ঘোষণা করিভেছেন: শ্বতিসাগরের গভীর্ক্ষম প্রদেশ ক্ষিত্ৰণে আলোড়িত কৰিছে হয়; সেই বছত আগৰা আৰিকাৰ কৰিয়াছি। লাৰনা কৰা, জোগৰাও পূৰ্বজন্মৰ সকল কৰা মনে কৰিছে পাৰিৰে।

আভাবে দেখা গেল, হিন্দু নিজেকে আত্মা বলিয়া বিধান করে। 'নেই লাড্মাকে ভরবারি ছেনন করিতে পারে না, জরি হয় করিতে পারে না, জন আর্ত্র করিতে পারে না, এবং বাবু ডক করিতে পারে না।'' হিন্দু বিধান করে: নেই আত্মা এমন একটি রত, বাহার পরিবি কোথাও নাই, কিছ বাহার ক্ষেত্র কেহমধ্যে অবস্থিত, এবং লেই কেন্দ্রের দেহ হইজে দেহাভরে গমনের নামই বৃত্য়। আর আত্মা জড়নিরমের বনীভূত নন, আত্মা নিত্য-গুড়-বৃড়-বৃভাব। কিছু কোন কারণবশতঃ জড়ে আবদ্ধ হইরাছেন ও নিজেকে জড় মনে করিতেছেন।

পরবর্তী প্রশ্ন: কেন এই শুরু পূর্ব ও মৃক্ত আত্মা অড়ের দাসত্ব-নিপড়ে খাৰত ৷ পূৰ্ণ হইয়াও কেন ভিনি নিজেকে অপূৰ্ণের ভায় মনে কলিজেছেন ৷ চনিয়াছি, কেছ কেহ মনে করেন—হিন্দুগণ এই প্রপ্নের বথাবথ মীমাংসা করিছে ণারিবেন না বলিরা উহা এড়াইয়া চলিতে চেষ্টা করেন। কোন কোন পঞ্চিত নাত্মা ও জীব—এই হুয়ের মধ্যে কডকঙলি পূর্ণকর সভার অভিত করমা করিখা এ প্রমের সীসাংসা করিতে চান এবং শৃভহান পূর্ণ করিতে বছবিব স্থানীর্ম वकानिक मःका गुवरांत्र करतन। किन्ह मःका पिरमरे वांचा कन्ना रम ना । ধর বেষন তেমনই বহিল। বিনি পূর্ণ, ডিনি কেমন করিয়া পূর্ণকর হইছে ারেন ? বিনি নিভ্য-ওজ-বুজ-মুজ-সভাব, কেমন করিয়া ভাঁছার সেই সভাবের নগুমাত্র ব্যতিক্রম হয় ? হিন্দুগণ এ সম্বন্ধে সরল ও সভ্যবাদী। ভাঁহারা মিখ্যা ৰ্কৰ্জ্বির আধার গ্রহণ করিতে চাহেন নাই। তাঁহারা দাহদের দহিভ এই বঙ্গের সন্ধুৰীন হন এবং উভরে বলেন, 'জানি না, কেমন করিয়া পূর্ণ আত্মা নিক্ষেত্ৰপূৰ্ণ এবং অড়ের সহিত যুক্ত ও অড়ের নিরমাধীন বলিয়া বনে করেন। কৰ ভাহা নৰেও ব্যাপায়ট তো অস্থৃত সভ্য। প্ৰভ্যেকেই ভো নিৰেকে न्ह विन्ना थान करत ।' किन এইরূপ, किनरे वा चाचा এই प्राट्ट बर्डिय़ांट्डन, एक क्षीश्वा गांचा कविवाद रहे। करबन ना । देश वेचरत्र रेक्स-नाम नित्न किहूरे याथा क्या हरेन ना। रिस्ता व राजन, 'लाववा सानि ना', াহা সংশক্ষা এই উত্তর আর বেশী কিছু নয়।

उ निक्का शहक

বেশ, তাহা হইলে বুঝা গেল বে, মান্থবের আন্ধা অনাদি অমর পূর্ণ ও
অনস্ত এবং কেন্দ্র-পরিবর্তন বা দেহ হইতে দেহান্তরে গমনের মামই মৃত্যু ।
বর্তমান অবস্থা প্রান্থন্তিত কর্ম দারা এবং বর্তমান কর্ম দারা ভবিশ্বৎ নিশ্ধণিত
হয়। আত্মা জন্ম হইতে জন্মের পথে—মৃত্যু হইতে মৃত্যুর দিক্ষে কখন
বিক্ষণিত হইয়া, কখন সঙ্চিত হইয়া অগ্রসর হইতেছেন। কিছ এখানে
আর একটি প্রশ্ন ওঠে: প্রচণ্ড বায়ুম্থে কুল্ল তরণী বেমন একবার
কেনমন্ন তরঙ্গের শীর্ষে উঠিতেছে পরক্ষণেই মুখব্যাদানকারী তর্ম-গহরে
নিক্ষিপ্ত হইতেছে। সেইরূপ আত্মাও কি সদস্থ কর্মের একান্ত বলবতী
হইয়া ক্রমাগত একবার উঠিতেছে ও একবার পড়িতেছে? আত্মা কি
নিত্যপ্রবাহিত প্রচণ্ড গর্জনশীল অদম্য কার্যকারণ-ল্রোন্তে ত্র্বল অসহায
অবস্থান্ন ক্রমাগত ইতন্তভ: বিতাড়িত হইতেছে? আত্মা কি একটি কুল
কীটের মতো কার্যকারণ-চক্রের নিম্নে স্থাপিত? আর ঐ চক্র সন্মুখে বাহ।
পাইতেছে, তাহাই চুর্ণ করিন্না ক্রমাগত বিঘ্রণিত হইতেছে—বিধবার অঞ্বর
দিকে চাহিতেছে না, পিতৃমাতৃহীন বালকের ক্রন্দনও শুনিভেছে না?

ইহা ভাবিলে মন দমিয়া যায়, কিন্তু প্রাকৃতিক নিয়মই এই। তবে কি কোন আশা নাই ? পরিত্রাণের কি কোন পথ নাই ? মানবের হতাশ হাদয়ের অভতল হইতে এইরূপ ক্রন্দনধ্বনি উঠিতে লাগিল, করুণাময়ের সিংহাসন-স্মীপে উহা উপনীত হইল, সেথান হইতে আশা ও সাল্তনার বাণী নামিষা আদিয়া এক বৈদিক ঋষির হাদয় উদ্বুদ্ধ করিল। বিশ্বসমক্ষে দণ্ডায়মান হইয়া ঋষি তারস্বরে জগতে এই আনন্দ-সমাচার ঘোষণা করিলেন, 'শোন শোন অমৃতের পুত্রগণ, শোন দিব্যলোকের অধিবাসিগণ, আমি সেই পুরাতন মহান্ পুরুষকে জানিয়াছি। আদিত্যের ন্তায় তাঁহার বর্ণ, তিনি সকল অজ্ঞান-অন্ধকারের পারে; তাঁহাকে জানিলেই মৃত্যুকে অতিক্রম করা যায়, আর অন্ত পথ নাই।''

'অমৃতের পুত্র' কি মধুর ও আশার নাম! হে ত্রাতৃগণ, এই মধুর নামে আমি তোমাদের সন্বোধন করিতে চাই। তোমরা অমৃতের অধিকারী। হিন্দুগণ তোমাদিগকে পাপী বলিতে চায় না। তোমরা ঈশবের সন্তান

১ শ্বেন্তাথ উপ., ২া৫

নমুতের অধিকারী—পবিত্র ও পূর্ণ। মর্ত্য-ভূমির দেবতা তোমরা! ভোমরা।
াপী ? মাহ্যকে পানী ধলাই এক মহাপাপ। মানবের বথার্থ শ্বরপের
পর ইহা মিধ্যা কল্ডারোপ। ওঠ, এদ, দিংহ্মরূপ হইয়া ভোমরা নিজেদের
ময়তুল্য মনে করিভেছ, ভ্রমজ্ঞান দূর করিয়া দাও। ভোমরা অমর আত্মা,
ক্রে আত্মা—চির-আনন্দময়। ভোমরা জড় নও, ভোমরা দেহ নও; জড়
ভোমাদের দাস, ভোমরা জড়ের দাস নও।

এইরপে বেদ ঘোষণা করিতেছেন—কতকগুলি ক্ষাহীন নিয়মাবলীর চয়াবহ সমাবেশ নয় বা কার্য-কারণের কারাবন্ধন নয়; কিন্তু এই-সকল নিয়মের টর্ধে প্রত্যেক পরমাণু ও শক্তির মধ্যে অহস্যুত বহিয়াছেন এক বিরাট পুরুষ, গাঁহার আদেশে বায়ু প্রবাহিত হইতেছে, অগ্নি প্রজ্ঞানত হইতেছে, মেঘ বারি-র্ষণ করিতেছে এবং মৃত্যু জগতে পরিভ্রমণ করিতেছে।''

তাঁহার শ্বরূপ কি ? তিনি সর্ব্যাপী, শুদ্ধ, নিরাকার, সর্বশক্তিমান্—
কলের উপরেই তাঁহার করণা। 'তৃমি আমাদের পিতা, তৃমি আমাদের
াতা, তৃমি আমাদের পরম প্রেমাম্পদ সধা বন্ধু, তৃমি সমস্ত শক্তির মূল, তৃমি
দামাদের শক্তি দাও, তৃমি বিশ্বস্ত্রগতের ভার ধারণ করিয়া আছ ; এই
ক্রে জীবনের ভার বহন করিতে আমায় সাহায্য কর'—বৈদিক ঋষিগণ
ইরূপ গানই গাহিয়াছেন। আমর। কিভাবে তাঁহাকে পূজা করিব ?
টিত ভালবাদা দিয়া। প্রেমাম্পদরূপে—এইক ও পার্ত্রিক সমূদ্য প্রিয়
ভ্বপেক্ষা প্রিয়তররূপে তাঁহাকে পূজা করিতে হইবে।

উদ্ধ প্রেম সম্বন্ধে বেদ এইরূপ শিক্ষা দিয়াছেন। এখন দেখা যাক, ক্ষুপণ পৃথিবীতে ঈশবের অবতার বলিয়া যাহাকে বিশাস করেন, সেই কৃষ্ণ কিভাবে এই প্রেমভত্ত পরিপূর্ণ করিয়া প্রচার করিয়াছেন।

তিনি শিক্ষা দিয়াছেন: মাছৰ পদ্মপত্তের মতো সংসারে বাস করিবে। দ্মপত্ত জলে থাকে, কিন্তু ভাহাতে জল লাগে না; মাহুষ তেমনি এই সংসারে কিবে, ঈশবে ছাদয় সম্বর্ণ করিয়া হাতে কাজ করিবে।

ইহলোকে ও পৰলোকে প্ৰস্থাৱের প্ৰত্যাশায় ঈশবকে ভালবাসা ভাল; তি ভালবাদার অক্তই তাঁহাকে ভালবাসা আৰও ভাল। তাইতো এই

> কঠ উপ., ২াডাও

প্রার্থনা: প্রভূ! আমি ভোষার নিকট ধন, সন্তান বা বিছা চাই না বিদি ভোষার ইচ্ছা হয়, আমি শত বিপদের মধ্য দিয়া ঘাইব; কিছ বামার ভগু এই ইচ্ছা পূর্ণ করিও, কোন পুরস্কারের আশার নয়, নিঃস্বার্থভারে ভগু ভালবাসার জন্তই যেন ভোষাকে ভালবাসিতে পারি

শ্রীক্তফের এক শিশ্র তৎকালীন ভারতের সম্রাট শব্দ কর্তৃক নিংহালনচ্যত হইয়া রানীর সহিত হিমালয়ের অরণ্যে আশ্রম লইয়াছিলেন। সেখানে রানী একদিন তাঁহাকে জিজাসা করেন, 'আপনি সর্বাপেকা ধার্মির ব্যক্তি, আপনাকে কেন এত কটবল্লণা ভোগ করিতে হইতেছে?' বৃষ্টির উত্তর দেন, 'প্রিয়ে, দেখ দেখ, হিমালয়ের দিকে চাহিয়া দেখ, আহা। কেমন স্থলর ও মহান্! আমি হিমালয় বড় ভালবাসি। পর্বন্ধ আমারে কিছুই দেয় না, তথাপি স্থলর ও মহান্ বন্ধকে ভালবাসাই আমার বভাব তাই আমি হিমালয়কে ভালবাসি। ঈশবকেও আমি ঠিক এই জ্যু ভালবাসি। তিনি নিখিল সৌন্মর্ব ও মহত্ত্বের মূল, তিনিই ভালবাসার একমাত্র পাত্র। তাঁহাকে ভালবাসা আমার ঘভাব, তাই আমি ভালবাসার আমার পাত্র। তাঁহাকে ভালবাসা আমার ঘভাব, তাই আমি ভালবাসার তাঁহার বেখানে ইচ্ছা আমাকে তিনি সেখানে রাখ্ন, দর্ব অবস্থাকেই আমি তাঁহাকে ভালবাসিব। আমি ভালবাসার অন্ত তাঁহাকে ভালবাসি। আমি ভালবাসার ব্যবসা করি না।'

বেদ শিক্ষা দেন: আত্মা ব্ৰহ্মস্বরূপ, কেবল অড় পঞ্চভূতে বৃদ্ধা হইয়া আছেন; এই বন্ধনের শৃত্মল চূর্ণ হইলেই আত্মা পূর্ণত উপলব্ধি আছেরন। অতএব এই পরিত্রাণের অবস্থা বুঝাইবার জন্ম থাবিদের ব্যবহৃত শব্ধ 'শ্লীক'— মৃক্তি, মৃক্তি—অপূর্ণতা হইতে মৃক্তি'—মৃত্যু ও হুঃধ হইতে মৃক্তি।

দিখবের কুপা হইলেই এই বন্ধন ঘৃচিয়া যাইতে পারে এবং পবিত্র হৃদয় মাহবের উপরই তাঁহার কুপা হয়। অতএব পবিত্রতাই ভাঁহার কুপালাভের উপায়। কিভাবে তাঁহার করুণা কাল করে? ভূদ্ধ বা পবিত্র হৃদয়েই তিনি নিজেকে প্রকাশিত করেন। নির্মল বিশুদ্ধ মাহুদ্ধ ইহ্লীবনেই দিবের দর্শনলাভ করেন। 'তখনই—কেবল তখনই হৃদয়ের সকল কুটিলত সরল হইয়া যায়, সকল সন্দেহ বিদ্বিভ হয়।' মাহুব তখন আৰু ভ্রমর কার্বকারণ নিয়মের ক্রীভাকস্ক নয়। ইহাই হিন্দুধর্মের মর্মস্ক, ইহাট শুধর্মের প্রাণম্বন্ধণ। হিন্দু কেবল মতবাদ ও শান্তবিচার লইয়া কিতে চায় না; সাধারণ ইন্দ্রিয়াস্থৃতির পারে যদি অতীন্দ্রিয় সন্তা কিছু ।কে, হিন্দু সাক্ষাৎভাবে তাহার সন্মুখীন হইতে চায়। যদি ভাহার মধ্যে । বালা বিদ্রা কিছু থাকে, যাহা আদৌ জড় নয়,—বদি করণাময় বিশ্ববাদী রমাত্মা থাকেন, হিন্দু সোজা তাঁহার কাছে ঘাইবে, অবশুই তাঁহাকে দর্শন রিবে। তবেই তাহার সকল সন্দেহ দূর হইবে। অতএব আত্মা ও শর সম্বন্ধে সর্বোৎকৃত্ত প্রমাণ দিতে গিয়া জ্ঞানী হিন্দু বলেন, 'আমি আত্মাকে র্দন করিয়াছি, ঈশরকে দর্শন করিয়াছি।' সিদ্ধি বা পূর্ণত্বের ইহাই ক্যাত্র নিদর্শন। কোন মতবাদ অথবা বন্ধমূল ধারণায় বিশাস করার চ্টাতেই হিন্দুধর্ম নিহিত নয়; অপরোক্ষাস্থৃতিই উহার মূলমন্ত্র; শুধু শাস করা নয়, আদর্শবন্ধপ হইয়া যাওয়াই—উহা জীবনে পরিণত করাই র্মা

এখন দেখা ধাইতেছে, ক্রমাগত সংগ্রাম ও সাধনা ধারা সিদ্ধিলাভ মা—দিব্যভাবে ভাবান্থিত হইয়া ঈশবের সারিধ্যে যাওয়া ও ওাঁছার বিলাভ ক্রিয়া সেই 'স্বর্গস্থ পিতা'র মতো পূর্ণ হওয়াই হিন্দুর ধর্ম।

পূর্ণ হইলে মাহ্নবের কি অবস্থা হয় ? তিনি অনম্ভ আনন্দময় জীবন বাপন বন। আনন্দের একমাত্র উৎস ঈশ্বকে লাভ করিয়া তিনি পরমানন্দের থিকারী হন, এবং ঈশ্বরের সহিত সেই আনন্দ উপভোগ করেন—সকল পূ এ-বিষয়ে একমত। ভারতের সকল সম্প্রদায়ের ইহা সাধারণ ধর্ম। এখন প্রশ্ন উঠিতেছে যে, পূর্ণভাই পরম তত্ত্ব, এবং সেই পরম কথনও তৃই জিন হইতে পারে না, উহাতে কোন গুণ বা ব্যক্তিত্ব থাকিতে পারে। অতএব যখন আত্মা এই পূর্ণ ও পরম অবস্থায় উপনীত হন, তখন বা সহিত এক হইয়া বাইবেন এবং একমাত্র ব্রহ্মকেই নিত্য ও পূর্ণক্রপে লিক্কি করিবেন। তিনিই আত্মার স্বর্নপ—নিরপেক্ষ সভান, নিরপেক্ষ জানন—সং-চিং-আনন্দ-স্কর্ম।

সামরা প্রায়ই পড়িয়া থাকি, আত্মার এই অবস্থা—ব্যক্তিষের লয়— ঠ পাধরের মতো অড়াবন্থা; ইহাতে লেথকদের অনভিজ্ঞতাই প্রকাশ র, কারণ ঘিনি কথনও আঘাতের বেদনা বোধ করেন নাই, তিনিই রের ক্তিচিহ্ন দেখিয়া পরিহাস করেন। আমি বলিতেছি, এই অবস্থা এরপ কিছু নয়। এই কুল দেহের চেডনা উপভোগ যদি স্থের হয়, তবে তুইটি দেহের চেডনা উপভোগ আরও বেশী স্থের হইবে। এইরূপে—দেহসংখ্যা যভাই বাড়িবে, আমার স্থিও ততই বাড়িবে। এইরূপে যথন এই নিধিল বিশে আমার আত্মবোর্ধ হইবে, তথনই আমি আনন্দের পরাকাঠায়—লক্ষ্যে উপনীত হইব।

অতএব এই অনস্ত বিশ্বস্থনীন ব্যক্তিত্ব লাভ কবিতে গেলে এই ছু:খগুলি কুল দেহাবদ্ধ ব্যক্তিত্ব অবশ্বই ত্যাগ কবিতে হইবে। যখন আমি প্রাণম্বর্ধ হইয়া যাইব, তখনই মৃত্যু হইতে নিষ্কৃতি পাইব; যখন আনস্বন্ধপ হইয়া যাইব, তখনই তু:খ হইতে নিষ্কৃতি পাইব; যখন আনস্বন্ধপ হইয়া যাইব তখনই অমের নিবৃত্তি। ইহাই যুক্তিসক্ষত বৈজ্ঞানিক সিদ্ধান্ত। বিজ্ঞানে প্রমাণে জানিয়াছি—দেহগত ব্যক্তিত্ব আন্তিমাত্র। প্রকৃতপক্ষে আমার শ্বীর্থ এই নিরবছিল জডসমৃত্রে অবিবাম পরিবর্তিত হইতেছে; স্কুতরাং আমার বিজ্ঞাংশ সম্বন্ধে এই অবৈত (একত্ব)-জ্ঞানই কেবল যুক্তিযুক্ত সিদ্ধান্ত।

একত্বের আবিকার ব্যতীত বিজ্ঞান আর কিছুই নয়; এবং বধনই কোন বিজ্ঞান সেই পূর্ণ একত্বে উপনীত হয়, তথন উহার অগ্রগতি থামিয়া বাইবেই কারণ ঐ বিজ্ঞান তাহার লক্ষ্যে উপনীত হইয়াছে। বথা—রদায়নশাল ধা এমন একটি মূলপদার্থ আবিজার করে, যাহা হইতে অল্যাল্ড সকল পদার্থ প্রথম করা যাইতে পারে, তাহা হইলে উহা চরম উন্নতি লাভ করিল। পদার্থবিদ্ধি এমন একটি শক্তি আবিজার করিতে পারে, অল্যাল্ড শক্তি বাহার মূপাল মাত্র, তাহা হইলে ঐ বিজ্ঞানের কার্য শেষ হইল। ধর্মবিজ্ঞানও তথনই পূর্বই লাভ করিয়াছে, যথন তাঁহাকে আবিজার করিয়াছে, বিনি এই মৃত্যুম্ব জগতে একমাত্র জীবনস্বরূপ, যিনি নিত্যপরিবর্তনশীল জগতের একমাত্র অস্প্রথম ভাল ভিত্তি, যিনি একমাত্র পরমাত্মা—অল্যাল্ড আত্মা বাঁহার জ্ঞমাত্র প্রকাশ। এইরপে বছবাদ, বৈত্রবাদ প্রভৃতির ভিতর দিয়া শেষে অবৈত্রবা উপনীত হইলে ধর্মবিজ্ঞান আর অগ্রসর হইতে পারে না। ইহাই লর্বপ্রকা জ্ঞান বা বিজ্ঞানের চরম লক্ষ্য।

সকল বিজ্ঞানকেই অবশেষে এই সিদ্ধান্তে উপনীত হইতে হইবে আক্ষাল বৈজ্ঞানিকগণ 'স্ষ্টি' না বলিয়া 'বিকাশ' শব্দ ব্যবহার করিতেছো হিন্দু যুগ যুগ ধরিয়া বে-ভাব হৃদয়ে পোষণ করিয়া আসিতেছে, নেই জ াধুনিক বিজ্ঞানের শিকাভের নৃতন্তর আলোকে আরও জোরালে। ভাষার এচারিত ছইবার উপক্রম দেখিয়া ভাহার হৃদয়ে আনন্দের স্ঞার হইতেছে।

এখন দর্শনের উচ্চ শিখর হইতে অবরোহণ করিয়া অজ্ঞানোকদের ধর্ম দিছে আলোচনা করি। প্রথমেই বলিয়া রাখি যে, ভারতবর্ষে বছ-ঈশরবাদ । ই। প্রতি দেবালয়ের পার্যে দাঁড়াইয়া যদি কেহ প্রবণ করে, ভাহা হইলে । নিভে পাইবে প্রক দেববিগ্রহে ঈশরের সমৃদ্য় গুণ, এমন কি সর্ব্যাপিছ । গ্রন্থ আরোপ করিভেছে। ইহা বছ-ঈশ্বরাদ নয়, বা ইহাকে কোন দব-বিশেষের প্রাধান্তবাদ বলিলেও প্রকৃত ব্যাপার ব্যাথ্যাত হইবে না। গালাপকে যে-কোন অন্ত নামই দাও না কেন, ভাহার স্থান্ধ সমানই । কিবে। সংজ্ঞা বা নাম দিলেই ব্যাখ্যা করা হয় ন।।

মনে পড়ে, বাল্যকালে একদা এক প্রীষ্টান পান্ত্রীকে ভারতে এক ভিডের ধ্যে বক্তৃতা করিতে শুনিয়াছিলাম। নানাবিধ মধুর কথা বলিতে বলিভেণ্টনি বলিয়া উঠিলেন, 'আমি যদি ভোমাদের বিগ্রহ-পুতৃলকে এই লাঠি দ্বারা বাঘাত করি, ভবে উহা আমার কি করিতে পাবে?' জনতার মধ্য হইতে কল্পন শালিন, 'আমি য়াদি ভোমাব ভগবাম্কে গালাগালি দিই, তিনিই আমার কি করিতে পারেন?' পান্ত্রী উত্তর দিলেন, 'মৃত্যুর পর তোমার খিন্তি হইবে।' দেই ব্যক্তিও বলিল, 'তুমি মরিলে পব আমার দেবতাও ভামাকে শান্তি দিবেন।'

ফলেই বৃক্ষের পরিচয়। ষথন দেখি যে, যাঁহাদিগকৈ পৌতুলিক বলা হয়, শহাদের মধ্যে এমন মাত্র্য আছেন, যাঁহাদের মতো নীতিজ্ঞান, আধ্যাত্মিকতা প্রেম কথনও কোথাও দেখি নাই, তথন মনে এই প্রশ্ন উদিত হয়: পাপ ইতে কি কথন প্রিত্তা জ্ঞিতে পারে ?

কুসংস্থার মাহ্যদের শক্ত বটে, কিন্ত ধর্মান্ধতা আরও ধারাপ। এটানরা কন গির্জান্ন যান ? কুশই বা এত পবিত্র কেন ? প্রার্থনার সময় কেন কোশের দিকে ভাকানো হয় ? ক্যাথলিকদের গির্জায় এত মুর্ভি রহিয়াছে কন ? প্রোটেস্টাণ্টদের মনে প্রার্থনাকালে এত ভাবময় রূপের আবির্ভাব ন কেন ? হে আমার আত্রুক, নিংশাদ গ্রহণ না করিয়া জীবন-বণ করা বেমন অসভব, চিন্তাকালে মনোময় রূপ-বিশেষের দাহায় না লওয়াও আমাদের পক্ষে সেইরপ অসম্ভব। ভাবাস্থক-নিয়মাস্থারে অভ্যৃতি দেখিলে মানসিক ভাববিশেষের উদ্দীপন হয়, বিপরীতক্রমে মনে ভাববিশেষের উদ্দীপন হয়। এইজয় হিন্
উদীপন হইলে তদক্রপ মৃতিবিশেষও মনে উদিত হয়। এইজয় হিন্
উপাসনার সময়ে বাহ্ প্রভীক ব্যবহার করে। সে বলিবে, ভাহার উপাস্থ দেবভায় মন শ্বির করিতে প্রভীক সাহায্য করে। সে ভোমাদেরই
মতো জানে, প্রভিমা ঈশ্বর নয়, সর্বব্যাপী নয়। আছ্যা বলতো, সর্বব্যাপী বলিতে অধিকাংশ মাহ্যব—প্রকৃতপক্ষে সারা পৃথিবীর মাহ্যব কি বৃথিয়াথাকে বিহুতি আছে ? ভা যদি
না থাকে, তবে স্বব্যাপী শক্ষটি আবৃত্তি করিলে আমাদের মনে বড়জোর বিস্তৃত আকাশ অথবা মহাশৃত্তের কথাই উদিত হয়, এই পর্বস্ত ।

যখন দেখিতেছি— বেভাবেই হউক— মাছুবের মনের গঠনাছুসারে অনত্তের ধারণা অনস্ক নীলাকাশ বা সমূদ্রের প্রতিচ্ছবির সহিত অড়িত, তেমনি আমরা শ্রতাবতই পবিত্রতার ধারণা গির্জা, মসজিদ বা ক্র্শের সহিত যুক্ত করিয়া ধাকি। হিন্দুরা পবিত্রতা, সভ্য, সর্ব্যাপিত্ব প্রভৃতি ভাবগুলি বিভিন্ন মূর্তি ও প্রতীকের সহিত যুক্ত করিয়া রাখিয়াছেন। তবে প্রভেদ এই বে, কেছু কেই সমগ্র জীবন স্বীয় ধর্মসম্প্রদায়ের গণ্ডিবদ্ধ ভাবের মধ্যেই নির্চাপুর্বক কাটাইয়া দেন, তাহা অপেকা উচ্চতর অবস্থা লাভ করেন না; ভাহাদের নির্কা করেকটি মতে সম্বতি দেওয়া এবং লোকের উপকার করা ভিন্ন ধর্ম আর্ক কিছুই নয়। কিন্তু হিন্দুর সমগ্র ধর্মভাব অপবোক্ষায়ভ্তিতেই কেন্দ্রীভৃত। ক্রমানকে উপলব্ধি করিয়া মাহুষকে দেবতা হইতে হইবে। মন্দির, প্রার্থনাগৃহ, দেব-বিগ্রহ বা ধর্মশান্ত্র—সবই মান্ত্রের ধর্মজীবনের প্রাথমিক অবলহন ও সহায়ক মাত্র; ভাহাকে ক্রমণঃ অগ্রসর হইতে হইবে।

শান্ত বলিতেছেন: 'বাহুপ্জা—মৃতিপ্জা প্রথমাবস্থা; কিঞ্চিৎ উন্নভ ছইলে মানসিক প্রার্থনা পরবর্তী ভর; কিন্ত ঈশরসাক্ষাৎকারই উচ্চতম অবস্থা?। বে একাগ্র সাধক জাম পাতিয়া দেববিগ্রহের সমূধে প্জা করেন, লক্ষ্য কর—ভিনি তোমাকে কি বলেন, 'স্ব তাঁহাকে প্রকাশ করিভে পারে না, চন্দ্র ভারা এবং এই বিত্যুৎও তাঁহাকে প্রকাশ করিভে পারে না; এই অগ্নি

১ মহানির্বাণতন্ত্র, ৪।১২

াহাকে কিন্ধপে প্ৰকাশ করিবে? ইহারা সকলেই তাঁহার আলোকে কোশিত।'' তিনি কাহারও দেববিগ্রহকে গালি দেন না বা প্রতিমাপ্তাকে গণ বলেন না। তিনি ইহাকে জীবনের এক প্রয়োজনীয় অবস্থা বলিয়া নিকার করেন। শিশুর মধ্যেই পূর্ণ মানবের সম্ভাবনা নিহিত বহিয়াছে। জের পক্ষে শৈশব ও যৌবনকে পাপ বলা কি উচিত হইবে?

হিন্দুধর্মে বিগ্রহ-পূজা যে সকলের অবশ্য কর্তব্য, তাহা নয়। কিন্ত কেহ

দি বিগ্রহের সাহায্যে সহজে নিজের দিব্য ভাব উপলব্ধি করিতে পারে, তাহা

ইলে কি উহাকে পাপ বলা সজত ? সাধক বধন ঐ অবস্থা অতিক্রম করিয়া

গরাছেন, তখনও তাঁহার পকে উহাকে ভূল বলা সজত নয়। হিন্দুর দৃষ্টিতে

নাম্ব ল্রম হইতে সত্যে গমন করে না, পরন্ধ সত্য হইতে সত্যে—নিয়তর সত্য

ইতে উচ্চতর সত্যে উপনীত হইতেছে। হিন্দুর নিকট নিয়ত্তম জড়োপাসনা

ইতে বেদাজের অবৈত্বাদ পর্যন্ত সাজনার অর্থ অসীমকে ধরিবার—উপলব্ধি

দরিবার জল্প মানবাত্মার বিবিধ চেষ্টা। জন্ম, সজ ও পরিবেশ জন্ম্যায়ী

প্রত্যেকের সাধন-প্রচেটা নিম্নপিত হয়। প্রত্যেকটি সাধনই জমোন্নতির অবস্থা।

প্রত্যেক মানবাত্মাই উগল-পক্ষীর শাবকের মতো ক্রমশঃ উচ্চ হইতে উচ্চতর

হরে উঠিতে থাকে, এবং ক্রমশঃ শক্তি সঞ্চর করিয়া শেষে সেই মহান্ স্থে

স্বানীত হয়।

বছত্বের মধ্যে একছই প্রকৃতির ব্যবস্থা, হিন্দুগণ এই রহস্য ধরিতে গারিয়াছেন। অস্তান্ত ধর্ম কতকগুলি নির্দিষ্ট মতবাদ বিধিবদ্ধ করিয়া সমগ্র মোজকে বলপূর্বক সেগুলি মানাইবার চেষ্টা করে। সমাজের সম্মুখে তাহারা একমাপের জামা রাখিয়া দেয়; জ্যাক, জন, হেনরি প্রভৃতি সকলকেই ঐ এক মাপের জামা পরিতে হইবে। যদি জন বা হেনরির গায়ে না লাগে, তবে তাহাকে জামা না পরিয়া খালি গায়েই থাকিতে হইবে। হিন্দুগণ আবিদ্ধার করিয়াছেন: আপেক্ষিককে আশ্রয় করিয়াই নিরপেক্ষ পরম তম্ব চিম্বা উপলব্ধি বা প্রকাশ করা সম্ভব; এবং প্রতিমা ক্রুশ বা চন্দ্রকলা প্রতীক্ষাত্র, আধ্যাত্মিক ভাব প্রকাশ করিবার অবলম্বন্ধরূপ। এই প্রকার সাহায্য বে সকলের পক্ষেই আবশ্রক তাহা নয়, তবে অধিকাংশ লোকের পক্ষেই

১ 'কঠ, উপ., হাহা১৫; খেঃ, ভা১৪ , মৃ:, হাহা১০

এই প্রকার সাহায্য আবস্তক। বাহাদের পক্ষে ইহা আবস্তক নয়, তাহাদের বলিবার কিছুমাত্র অধিকার নাই বে, ইহা অগ্রায়।)

আর একটি বিষয় বলা আমাব অবশ্য কর্তন্য। ভারতবর্ধে মৃতিপ্রা বলিলে ভয়াবহ একটা কিছু ব্ঝায় না। ইহা হ্রমের প্রস্তুতি নয়, বল ইহা অপরিণত মন কর্তৃক উচ্চ আধ্যাত্মিক ভাব ধারণা করিবার চেটাত্মরণ হিল্দেরও অনেক দোষ আছে, অনেক বৈশিষ্ট্যও আছে; কিছু লক্ষ্য করিও, তাঁহারা সর্বাবহায় নিজেদের দেহপীডনই করে, প্রতিবেশীর অনিষ্ট করে না। কোন ধর্মোয়াদ হিল্—চিতায় স্বীয় দেহ দয় করিলেও ধর্মগত অপরাধের প্রতিবিধান করিবার জন্ম কথনও অগ্নি প্রজ্ঞানত করে না; ইহাকে মিদি, তাহার হুর্বলতা বলো, সে দোষ তাহার ধর্মের নয়, যেমন ডাইনী পোড়ানোক দোষ প্রীষ্টধর্মের উপর দেওয়া যায় না।

অতএব হিন্দুর পক্ষে সমগ্র ধ্রজ্ঞগৎ নানাক্ষচিবিশিষ্ট নরনারীর নানা অবস্থা ও পরিবেশের মধ্য দিয়া দেই এক লক্ষ্যের দিকে অগ্রসর হওয়া ব্যতীত আর কিছুই নয়। প্রত্যেক ধর্মই জডভাবাপন্ন মাহুষের চৈতন্ত্র-স্বন্ধণ—দেবত্ব বিকশিত করে, এবং দেই এক চৈতন্ত্র-স্বন্ধণ ঈশ্বই সকল ধর্মের প্রেরণাদাতা। তবে এত পরস্পরবিরোধী ভাব কেন? হিন্দু বলেন—আপাতদৃষ্টিতে ভিন্ন পরিবেশে বিভিন্ন প্রকৃতির মান্তবের উপযোগী হইবার জন্ত এক সভ্যই একপ পরস্পর-বিক্লম ভাব ধারণ করে।

একই আলোক ভিন্ন ভিন্ন বর্ণের কাচের মধ্য দিয়া আসিতেছে। সকলের উপযোগী হইবে বলিয়া এই সামান্ত বিভিন্নতা প্রয়োজন। কিন্তু সব-কিন্তুরই অন্তর্জনে সেই এক সভ্য বিরাজমান। প্রীকৃত্যক্র জালে কিন্তুর বিরাজমান। প্রীকৃত্যক্র জালে কিন্তুর বিরাজমান। প্রীকৃত্যক্র জালে কিন্তু অভিশয় পবিত্র ও প্রভাবশালী, মানবজাতির উন্নতিকারক ও পাবনকারী, জানিবে—সেখানে আমি আছি। এই শিক্ষার ফল কি? আমি সাহস করিয়া বলিভেছি, সমুদর সংস্কৃত দর্শনশাল্পের মধ্যে এক্নপ ভাব কেহ দেখাইতে পারিবে না বে, একমাত্র হিন্দুই মৃক্তির অধিকারী, আর কেহ নয়। ব্যাস বলিভেছেন, 'আমাদের জাতি ও ধর্মমন্তের সীমানার বাহিরেও আমরা সিদ্ধপুরুষ দেখিতে পাই।'

১ তুলনীয় গীতা, ৭١৭, ১০।৪১

আর একটি কথা। কেহু এরপ প্রশ্ন করিতে পারেন, দর্বতোভাবে ঈশরপরারণ হিন্দুগণ কিরুপে অজ্যেবাদী বৌদ্ধ ও নিরীশ্ববাদী জৈনদিগের মত
বিশাস করিতে পারেন ? বৌদ্ধ ও জৈনেরা ঈশরের উপর নির্তর করেন না
বটে, কিন্তু সকল ধর্মের সেই মহান্ কেন্দ্রীয় তত্ত্ব—মাহুষের ভিতর দেবত্ব
বিক্লিত করার দিকেই তাঁহাদের ধর্মের সকল শক্তি নিয়োজিত হয়। তাঁহারা
'জাংপিতা'-কে দেখেন নাই, কিন্তু তাঁহার পুত্রকে (আদর্শ মানককে)
দেখিয়াছেন, এবং বে পুত্রকে দেখিয়াছে, সে পিতাকেও দেখিয়াছে।'

ভাতৃগণ, ইহাই হিন্দুদেব ধর্মবিষয়ক ধারণাগুলির সংক্ষিপ্ত বিবরণ। ছিন্দু তাহার সব পরিকল্পনা হয়তো কার্যে পরিণত করিতে পারে নাই। কিন্তু যদি কখনও একটি দৰ্বজ্ঞনীন ধৰ্মের উদ্ভব হয়, তবে তাহা কখনও কোন দেশে বা কালে দীমাৰদ্ধ হইবে না; যে অদীম ভগবানের বিষয় ঐ ধর্মে প্রচারিত হইবে, ঐ ধর্মকে তাহাবই মতে। অদীম হইতে হইবে; দেই ধর্মের সূর্য কৃষ্ণভক্ত এটি-ভক্ত, সাধু অসাধু—সকলের উপর সমভাবে স্বীয় কিরণজাল বিস্তার করিবে ; দেই ধর্ম বাদ্ধার বা বৌদ্ধ, প্রীষ্টান বা মুসলমান হইবে না, পরস্ত সকল ধর্মের সমষ্টিম্বরূপ হইবে, অথচ তাহাতে উন্নতির সীমাহীন অবকাশ থাকিবে; সীয় উদারতাবশত: দেই ধর্ম অসংখ্য প্রসারিত হতে পৃথিবীর সকল নরনারীকে শাদরে আ'লিজন করিবে, পশুতুল্য অতি হীন বর্বর মাতুষ হইতে শুরু করিয়া হৃদয় ও মন্তিক্ষের গুণরাশির জ্বন্ত যাঁহারা সমগ্র মানবজাতির উর্ধেক স্থান পাইয়াছেন, সমাজ যাঁহাদিগকে সাধারণ মাত্রুষ বলিতে সাহস না করিয়া সঞ্জ ভয়ে দণ্ডায়মান--সেই-সকল শ্রেষ্ঠ মানব পর্যন্ত সকলকেই স্বীয় অঙ্কে স্থান দিবে। সেই ধর্মের নীভিতে কাহারও প্রতি বিদ্বেষ বা উৎপীড়নের স্থান থাকিবে না; উহাতে প্রভ্যেক নরনারীর দেবস্বভাব স্বীকৃত হইবে এবং উহার সমগ্র শক্তি মহয়জাতিকে দেব-স্বভাব উপলব্ধি করিতে সহায়তা করিবার জন্মই সতত নিযুক্ত থাকিবে।

এইরপ ধর্ম উপস্থাপিত কর, সকল জাতিই তোমার অহবর্তী হইবে।
অশোকের ধর্মসভা কেবল বৌদ্ধর্মের জন্ম হইয়াছিল। আকবরের ধর্মসভা

³ Bible

ঐ উদ্দেশ্যের নিকটবর্তী হইলেও উহা বৈঠকী আলোচনা যাত্র। প্রত্যেক ধর্মেই ঈশ্বর আছেন—সমগ্র জগতে এ-কথা ঘোষণা করিবার ভার আমেরিকার জন্মই সংরক্ষিত ছিল।

যিনি হিন্দুর ব্রহ্ম, পারদীকদের অহুর-মজদা, বৌদ্ধানের বৃদ্ধ, ইহুদীদের জিহোবা, এইনদের 'স্বর্গস্থ পিতা', তিনি তোমাদের এই মহৎ ভাব কার্যে পরিণত করিবার শক্তি প্রদান কর্মন। পূর্ব গগনে নক্ষরে উঠিয়াছিল—ক্ষনও উজ্জ্বল, কথনও অস্পষ্ট হইয়া ধীরে ধীরে উহা পশ্চিম গগনের দিকে চলিতে লাগিল। ক্রমে সমগ্র জ্বগৎ প্রদক্ষিণ করিয়া পূর্বাপেকা সহস্রগ্রণ উজ্জ্বল হইয়া পুনরায় পূর্ব গগনে স্থানপোর' সীমান্তে উহা উদিত হইতেছে।

খাধীনতার মাতৃভূমি কলখিয়া, তুমি কখনও প্রতিবেশীর শোণিতে নিজ হন্ত নিমজ্জিত কর নাই, প্রতিবেশীর সর্বন্ধ অপহরণ-রূপ ধনশালী হইবার সহজ পছা আবিষ্ণার কর নাই। সভ্যতার পুরোভাগে সমন্বয়ের পড়াকা বহন করিয়া বীরদর্পে অগ্রসর হইবার ভার তাই ভোমারই উপর ক্লন্ড হইয়াছে।

১ ব্রহ্মপুত্রের অপর নাম।

২ কলম্বন কর্তৃক আবিষ্ণুত বলিয়া আমেরিকার আর একটি নাম—কলম্বিরা।

এটানগণ ভারতের জন্ম কি করিতে পারেন ?

[२॰ সেপ্টেম্বর, দশম দিবসের অধিবেশনে প্রদন্ত ভাষণ]

গ্রীষ্টানদের সর্বদাই স্পষ্ট কথার জন্ম প্রস্তুত থাকা উচিত; এবং আমার বাধ হয়, ধদি আমি ভোষাদের একটু সমালোচনা করি, ভাহাতে কিছু মনে দরিবে না। তোমরা গ্রীষ্টানেরা পৌতুলিকদের আত্মাকে উদ্বার করিবার দম্ম ভাহাদের নিকট ধর্মপ্রচারক পাঠাইতে খুব উদ্গ্রীব, কিন্তু বলো দেখি, মনাহার ছভিক্ষের কবল হইতে তাহাদের দেহগুলি বাঁচাইবার জ্ব্য কোন চেটা কর না কেন? ভারতবর্ষে ভয়ঙ্কর তুর্ভিক্ষের সময় সহস্র সহস্র মামুষ দুধার মৃত্যুম্থে পভিত হয়, কিন্তু ভোমরা গ্রীষ্টানেরা কিছুই কর নাই! ভামরা ভারতে সর্বত্র গির্জা নির্মাণ কর, কিন্তু প্রাচ্যে সর্বাধিক অভাব— র্মে নয়, ধর্ম ভাহাদের প্রচুর পরিমাণে আছে। ভারতের কোটি কোটি আর্ড নরনারী শুক্ষকণ্ঠে কেবল ছুটি অন্ন চাহিতেছে। তাহারা অন্ন চাহিতেছে, দার আমরা তাহাদিগকে প্রস্তরখণ্ড দিতেছি। কৃধার্ড মাত্র্যকে ধর্মের কথা শোনানো বা দৰ্শনশাল্ব শেখানো তাহাকে অপমান করা। ভারতে বদি কেহ গারি**শ্রমিক লই**য়া ধর্মপ্রচার করে, তবে তাহাকে কাতিচ্যুত হইতে হয়, দকলে তাহাকে খুণা করে। আমি আমার দরিক্র দেশবাসীর বস্তু তোমাদের নিকট সাহাষ্য চাহিতে আসিয়াছিলাম, এীষ্টান দেশে এীষ্টানদের নিকট ছইডে মঞ্জীষ্টানদের জভ্য সাহাষ্য লাভ করা যে কি ত্রুহ ব্যাপার, বিশেষরূপে তাহা উপনবি করিতেছি।

[ইহার পর সনাভনধর্মের পুনর্জন্মবাদ সম্বন্ধে কিছু বলিয়া ভিনি বক্তৃতা শেষ করিলেন।] ২২পে সেপ্টেম্বর শুক্রবার শাদশ দিবসের অধিবেশনে হিন্দুংর্মেব বিষয়ই অধিক বলা হইরাছিল।
সেই দিবস স্বামী বিবেকানন্দ সনাতনধর্ম সম্বন্ধে অনেক কথা বলেন। নানামতাবলম্বী নরনারীগণ
তাঁচাকে অতিশ্ব আগ্রহ সহকারে শত শত ধর্মবিষয়ক প্রশ্ন করিয়াছিলেন। তিনিও তংক্ষংগাং
অতি নিপুণতাব সহিত সেই-সকল প্রশ্নেব উত্তর দিয়া তাঁহাদের কৌতৃহল চরিতার্থ করেন।
সেদিন তিনি তাঁহাদের হদয়ে হিন্দুধর্ম সম্বন্ধে এতদ্ব কৌতৃহল উদ্দীপিত করিয়াছিলেন
বে, তাঁহাবা সকলে সমবেত হইয়া তাঁহাকে সনাতনধর্ম সম্বন্ধে আর একদিবস অক্সত্র বক্তা দিবাব
জন্ম অমুবোধ ববেন, তিনিও তাহাতে স্বীকৃত হন।

বৌদ্ধধর্মের সহিত হিন্দুধর্মের সম্বন্ধ

[২৬'শ সেপ্টেম্বর, ষোডশ দিবসেব অবিবেশনে প্রদন্ত বক্তৃতা]

আপনারা সকলেই শুনিয়াছেন যে, আমি বৌদ্ধ নই, তথাপি একভাবে আমি বৌদ্ধ। চীন, জাপান ও দিংহল দেই মহান্ গুরু বৃদ্ধের উপদেশ অফুসরণ করে, কিন্তু ভারত তাঁহাকে ঈশ্বাবভার বলিয়া পূজা করে। আপনাবা এইমাত্র শুনিলেন যে, আমি বৌদ্ধর্মের সমালোচনা করিতে উঠিতেছি, কিন্তু আমি চাই তাহা পূর্বোক্ত অর্থেই গ্রহণ করিবেন; বাঁহাকে আমি ঈশরাবতার বলিয়া পূজা করি, তাঁহার বিরুদ্ধ সমালোচনা করা আমান অভিপ্রায়ই নয়। কিন্তু বুদ্ধদেব সম্বন্ধে আমাদের মত এই যে, তাঁহার শিগুগণ তাঁহাকে ঠিক ঠিক বুবিতে পারেন নাই। ইছদীধর্মের সহিত এীষ্টান ধর্মের যে সম্বন্ধ, হিন্দুধর্ম অর্থাৎ বেদবিহিত ধর্মেব সহিত বর্তমানকালের বৌদ্ধর্মের প্রায় দেইরূপ সম্বন্ধ। যী শুঞ্জী ৪ ইত্দী ছিলেন ও শাক্যমূনি হিন্দু ছিলেন। তবে প্রভেদ এইটুকু যে, ইহুদীগণ যীশুকে পরিত্যাগ করিলেন এবং এমন কি জুশে বিদ্ধ করিয়া হত্যা করিলেন, হিন্দুগণ কিছ শাক্যম্নিকে ঈখরের উচ্চাসন দিয়া এখনও তাঁহার পূজা করিয়া **থাকেন। কিন্ত** আধু**নিক বৌত্তধ**র্মে দহিত বুদ্ধদেবের প্রকৃত শিক্ষার যে পার্থক্য আমরা—হিন্দুরা দেখাইতে চাই, তাহা প্রধানত এই: শাক্যমূনি নৃতন কিছু প্রচার করিতে আদেন নাই। যীশুর মতো তিনিও পূর্ণ করিতে আসিয়াছিলেন, ধ্বংস করিতে আসেন নাই। প্রভেদ এইটুকু যে, যীশুর কেত্রে প্রাচীনগণ অর্থাৎ ইন্দীরাই তাঁহাকে বুঝিতে পারে নাই, আর বুজদেবের ক্ষেত্রে তাঁহার শিক্ষার

র্ম ব্রিতে পারেন নাই। ইছদীর সংখন (যীশুর মধ্যে) ওল্ড টেস্টামেন্টের পূর্ণ বিণতি ব্রিতে পারে নাই, বৌদ্ধগণও তেমনি (ব্দের মধ্যে) হিল্পর্মের ত্যগুলির পূর্ণ পরিণতি ব্রিতে পারে নাই। আমি পুনর্বার বলিতেছি: বিষ্যুনি পূর্ণ করিতে আসিয়াছিলেন, ধ্বংস করিতে নয়; তিনি ছিলেন ইল্পর্মের স্বাভাবিক পরিণতি ও যুক্তিগত সিদ্ধান্ত—স্থায়দমত বিকাশ।

হিন্ধর্ম ছই ভাগে বিভক্ত—কর্মকাণ্ড ও জ্ঞানকাণ্ড; সন্ন্যাসীরাই
ভানকাণ্ডের আলোচনা করিয়া থাকেন। ইহাতে জাতিভেদ নাই। ভারতে
চচ্চতম বর্ণের মামুষও সন্ন্যাসী হইতে পারে, নিমুতম বর্ণের মামুষও সন্ন্যাসী
হইতে পারে, তথন উভয় জাতিই সমান। ধর্মে জাতিভেদ নাই; জাতিভেদ
কবল সামাজিক ব্যবস্থা। শাক্যমুনি স্বয়ং সন্ন্যাসী ছিলেন, এবং তাঁহার
হলয় এত উদার ছিল যে লুকানো বেদের মধ্য হইতে সত্যকে বাহির
হরিয়া তিনি সেগুলি সমগ্র পৃথিবীর লোকের মধ্যে ছড়াইয়া দিলেন—
হৈাই তাঁহার গৌরব। পৃথিবীতে ধর্মপ্রচারের তিনিই প্রথম প্রবর্তক; শুধু
ভাই নয়, ধর্মাস্করিত-করণের ভাব তাঁহারই মনে প্রথম উদিত হইয়াছে।

সকলের প্রতি—বিশেষতঃ অজ্ঞান ও দরিত্রগণের প্রতি অভুত সহাত্বভৃতিতিই তাঁহার গৌরব প্রতিষ্ঠিত। তাঁহার কয়েকজন শিশু ব্রাহ্মণ ছিলেন। ষে সময়ে বৃদ্ধ শিক্ষা দিতেছিলেন, সে সময়ে সংস্কৃত আর ভারতের কথ্য ভাষা ছিল না। ইহা সে সময়ে পণ্ডিতদের পুস্তকেই দেখা ষাইত। বৃদ্ধদেবের কান কোন ব্রাহ্মণ শিশু তাঁহার উপদেশগুলি সংস্কৃতে অমুবাদ কবিতে চান, তিনি কিছু স্পষ্ট ভাষায় বলিয়াছিলেন, 'আমি দরিত্রের জন্য—জনসাধারণের জন্য আসিয়াছি, আমি জনসাধারণের ভাষাতেই কথা বলিব'। আজ পর্যন্ত তাঁহার অধিকাংশ উপদেশ সেই সময়কার চলিত ভাষায় লিখিত।

দর্শনশাস্ত্র ও তত্ত্বিভা যত উচ্চ আসনই গ্রহণ করুক, যতদিন জগতে মৃত্যু বলিয়া ব্যাপারটি থাকিবে, যতদিন মানবহাদয়ে ত্র্বলতা বলিয়া কিছু থাকিবে, ষভদিন চরম ত্র্বলতায় মাহুষের মর্মস্থল হইতে রোদনধ্বনি উভিত হইবে, ততদিন ঈশ্বরে বিশাসও থাকিবে।

দর্শনশান্তের দিক দিয়া সেই লোকগুরু বৃদ্ধের শিশুগণ বেদ্ধ্রণ সনাতন শলের অভিমুধে সবেগে পভিত হইলেন, কিছু ভাহাকে চুর্ণ করিতে পারিলেন না। অপর দিকে যে সনাতন ঈশরকে নরনারী সকলে সাদরে ধরিই থাকে, তাঁহাকে সমগ্র জাতির নিকট হইতে অপস্থত করিলেন। ইহার ফলে ভারতবর্ষে বৌদ্ধর্মের মৃত্যু স্বাভাবিকভাবেই হইয়াছিল। বর্তমানকালে বৌদ্ধর্মের জন্মভূমি ভারতে এমন একজনও নাই, ধিনি নিজেকে বৌদ্ধর্মেন।

কিন্তু এইদলে ব্রাহ্মণ্যধর্মও কোন কোন বিষয়ে ক্ষতিগ্রন্ত হইল। সেই
সমাজ-সংস্থারের জন্ম আগ্রহ, সকলের প্রতি সেই অপূর্ব সহামুভূতি ও
দয়া, সর্বসাধারণের ভিতর বৌদ্ধর্ম যে ব্যাপক পরিবর্তনের ভাব প্রবাহিত
করিয়া দিয়াছিল, তাহা ভারতীয় সমাজকে এতদ্র উন্নত ও মহান্ করিয়াছিল
যে, তদানীস্তন ভারতবর্ষ সম্বন্ধে লিখিতে গিয়া জনৈক গ্রীক ঐতিহাসিককে
বলিতে হইয়াছে: কোন হিন্দু মিধ্যা বলে বা কোন হিন্দুনারী অসভী—
এ-কথা শোনা যায় না।

সভামঞ্চে যে-সকল বৌদ্ধ উপবিষ্ট ছিলেন, তাঁহাদের দিকে ফিরিয়া বক্তা বলিতে লাগিলেন :

হে বৌদ্ধগণ! বৌদ্ধর্ম ছাড়া হিন্দুধর্ম বাঁচিতে পারে না; হিন্দুধ্ম ছাড়িয়া বৌদ্ধর্মও বাঁচিতে পারে না। অতএব উপলন্ধি কল্পন—আমাদের এই বিযুক্ত বিচ্ছিল্লভাব স্পষ্টই দেখাইয়া দিতেছে যে, ব্রাহ্মণের ধীশক্তিও দর্শনশান্তের সাহায্য না লইয়া বৌদ্ধেরা দাড়াইতে পারে না এবং ব্রাহ্মণও বৌদ্ধের হাদ্য না পাইলে দাড়াইতে পারে না। বৌদ্ধ ও ব্রাহ্মণের এই বিচ্ছেদই ভারতবর্ষর অবনতির কারণ। এইজ্লুই আজ ভারতবর্ষ বিশ্বেটি ভিক্কের বাসভূমি হইয়াছে, এইজ্লুই ভারতবাসী সহস্র বৎসর্থ ধরিয়া বিজ্বোদের দাসত্ব করিতেছে। অতএব এস, আমরা ব্রাহ্মণের অপূর্ব ধীশক্তির সহিত লোকগুরু বুদ্ধের হাদ্য, মহান্ আত্মা এবং অসাধারণ লোক-কল্যাণশক্তি যুক্ত করিয়া দিই।



স্বামীজীব ধর্ম-মহাসভায় প্রবেশ, সেপ্টেম্বব, ১৮৯৩

বিদায়

[२९८म সেপ্টেবর, সন্তাদশ (শেব) हिस्टमत करिरवणत]

বিশ্বর্থ-মহাসম্মেলন এখন সভাই বাস্তবে স্থপায়িত হইরাছে; এবং হারা এই মহাসভা-অধিবেশনের জন্ত পরিশ্রম করিয়াছিলেন, কর্মশামর খর তাঁহাদের সহায়তা করিয়াছেন এবং তাঁহাদের নিঃমার্থ পরিশ্রমকে ফলাম্ভিত করিয়াছেন।

গাঁহারা প্রশন্ত হাদয় এবং সভ্যাহ্য়াগ লইয়া স্বপ্নের স্থায় এই আশ্চর্ব লাগার প্রথমতঃ করনা করিয়া পরে কার্বে পরিণত করিয়াছেন, আমি সেই হাহতব ব্যক্তিদের ধন্থবাদ দিই। এই সভায়ক হইতে বে-লকল উদার বি পরিবেশিত হইয়াছে, সেজল আমি কৃতকা। এই শিক্ষিত প্রোভ্মগুলী নামার প্রতি সমভাবে দয়া প্রকাশ করিয়াছেন এবং বে-ভাবগুলি দারা বিস্মৃহের বিরোধভাব মন্দীভূত হয়, সেই ভাবগুলির প্রভ্যেকটি তাঁহায়া পলির করিয়াছেন, সেজল আমি তাঁহাদিগকে ধল্যবাদ দিই। এই কতানের মধ্যে সময় সময় কিছু শ্রুতিকটু ধ্বমি শোনা গিয়াছে, ঐগুলির ল বিশেষভাবে কৃতক্রতা জানাইতেছি, কারণ বিশেষ বৈষম্যধারা উহায়া নাদের মনোবাগ আকর্ষণ করিয়াছে এবং আমাদের মধ্যে বে সাধারণ মঞ্জল রহিয়াছে, তাহা মধুবতর করিয়া তুলিয়াছে।

ধর্মীয় ঐক্যের সাধারণ ভিত্তিভূমি সম্বন্ধে অনেক কথা বলা হইয়াছে।
মি এখনই এ-বিষয়ে আমার নিজের মতবাদ উপস্থাপন করিডেছি না।
ভ বদি এখানে কেহ এরপ আশা করেন যে, এই ঐক্য—প্রচলিত বিভিন্ন
মর্ব মধ্যে একটির অভ্যুদয় ও অপরগুলির বিনাশ বারা সাধিত হইবে,
হাকে আমি বলি, 'ভাই, এ ভোমার হুরাশা।' আমি কি ইচ্ছা করি যে,
টান হিন্দু হয় ?—দিশর তাহা না করুন। আমার কি ইচ্ছা যে, কোন
দুবা বৌদ্ধ প্রীষ্টান হউক ?—ভগবান্ তাহা না করুন।

বীজ ভূমিতে উপ্ত হুইল; যুত্তিকা, বায়ু ও জল তাহার চতুর্দিকে রহিয়াছে।
লটি কি যুত্তিকা, বায়ু বা জলের মধ্যে কোন একটিতে পরিণত হুইয়া
। শুনা। সেই বীজ হুইতে একটি চারাগাছ উৎপন্ন হয়, উহা জ্বে
জব স্বাভাবিক নিয়মাস্থসারে বর্ধিত হয় এবং মৃত্তিকা বায়ু ও জল ভিতরে

গ্রহণ করিয়া দেই-সকল উপাদান রুক্ষে প্রিণত করে এবং বৃক্ষাকার বাড়িয়া উঠে।

ধর্মসম্বন্ধেও এক্সপ। প্রীষ্টানকৈ হিন্দু বা বৌদ্ধ হইতে হইবে না; অথব হিন্দু ও বৌদ্ধকে প্রীষ্টান হইতে হইবে না; কিন্তু প্রত্যেক ধর্মই অস্থান্ত ধর্মে সারভাগগুলি গ্রহণ করিয়া পুষ্টিলাভ করিবে এবং স্বীয় বিশেষত্ব বজায় রাখিষ নিজ প্রকৃতি অহুসারে বর্ধিত হইবে।

যদি এই ধর্ম-মহাসমিতি জগতে কিছু প্রমাণ করিয়া থাকে তো তাহা এই ইহা প্রমাণ করিয়াছে—সাধুচরিত্র, পবিত্রতা ও দয়াদাক্ষিণ্য জগতের কোন একটি বিশেষ ধর্মমণ্ডলীর নিজস্ব সম্পত্তি নয় এবং প্রত্যেক ধর্মপদ্ধতিরই মধে অতি উন্নত চরিত্রের নরনারী জন্মগ্রহণ করিয়াছেন।

এই-সকল প্রত্যক্ষ প্রমাণ সত্ত্বেও যদি কেহ এরপ স্বপ্ন দেখেন যে, স্বার্থ ধর্ম লোপ পাইবে এবং তাঁহার ধর্মই টিকিয়া থাকিবে, তবে তিনি বান্তবিক কপার পাত্র , তাঁহার জন্ম আমি আন্তরিক তৃঃথিত, তাঁহাকে আমি স্পষ্টভাবে বলিয়া দিতেছি, তাঁহার ন্থায় লোকেদের বাধাপ্রদান সত্ত্বেও শীঘ্রই প্রত্যেষ্থর্মের পতাকার উপর লিখিত হইবেঃ 'বিবাদ নয়, সহায়তা; বিনাশ নয় পরস্পরের ভাবগ্রহণ; মতবিরোধ নয়, সমন্বয় ও শান্তি।'

পরিশিষ্ট

চিকাগো ধর্মহাসভার অধিবেশন-কালে মহাসভার বৈজ্ঞানিক বিভাগে
নিমুলিখিত বিষয়গুলি সম্বন্ধে বক্তৃতা দেন:

- (১) শান্তনিষ্ঠ হিন্দুধর্ম এবং বেদান্তদর্শন
 - —শুক্রবার, ২২শে দেপ্টেম্বর, পূর্বাঙ্কু ১০।টান্ন।
- (২) ভারতের বর্তমান ধর্মমূহ
 - —ভক্রবার, ২২শে সেপ্টেম্বর, অপরাহু অধিবেশন।
- (৩) পূর্বে প্রদত্ত বক্তৃতাগুলির বিষয়-সম্বন্ধে
 - —শনিবার, ২৩শে সেপ্টেম্বর।
- (৪) হিন্দুধর্মের সারাংশ
 - —লোমবার, ২৫শে সেপ্টেম্বর।

'The Chicago Daily Inter-Ocean' সংবাদপত্ত ২৩শে দেক্টেম্বর থম বক্তৃতা-সম্বন্ধে নিয়লিখিত মন্তব্য প্রকাশ করেন:

ধর্মহাসভার বৈজ্ঞানিক বিভাগে গতকাল পূর্বাহ্নে স্বামী বিবেকানন্দ
াত্তনিষ্ঠ হিন্দুধর্ম' সম্বাজ্ধ বক্তৃতা দেন। ৩ নং হল লোকে পরিপূর্ণ হইরাছিল;
প্রাত্ত্বন্দ শত শত প্রশ্ন জিজ্ঞাসা করেন এবং সন্ন্যাসিপ্রবর অপূর্ব দক্ষতার সহিত্ত
াঞ্চলভাবে ঐগুলির উত্তর দেন। অধিবেশনের শেষে আগ্রহান্বিত জিঞ্জান্ত্রনা
হাকে ঘিরিয়া দাঁড়ান এবং তাঁহার ধর্ম-সম্বন্ধে কোথাও একটি ছোট সভার
কৃতা দিবার জন্ম সনির্বন্ধ অমুরোধ জানান। তিনি বলেন, পরিকল্পনাটির
থা ইতিপূর্বেই তাঁহার মনে উঠিয়াছে।

প্রাচ্য নারী .

চিকাসো ধর্মনহাসভার অধিবেশন-কালে নহাসভার 'নহিলা পরিচালক বোর্ড'-এর অধ্যক্ষা নিসেদ পটার পামার কতৃ ক আয়োজিত এক বিশেব সভায় চিকাসোর জ্ঞাক্সন স্ট্রীটে মহিলা-সদনে খামীজী এই বক্তৃতা দেন। 'Chicago Darly Inter-Ocean' সংবাদপত্তে ২৩শে সেপ্টেম্বর (১৮৯৬) নিম্নলিখিত সংক্ষিপ্ত বিবরণী প্রকাশিত হয়:

স্বামী বিবেকানন্দ একটি বিশেষ সভায় প্রাচ্যদেশের নারীদের বর্তমান ও ভবিত্যৎ সম্বন্ধে আলোচনা করেন: কোন জাভির প্রগতির শ্রেষ্ঠ মাপকাঠি নারীদের প্রতি তাহার মনোভাব। প্রাচীন গ্রীদে স্থান-পুরুষের মর্বাদায় কোন পার্থক্য ছিল না; পূর্ণ সমতার ভাব বিরাজিত ছিল। কোন হিন্দুও বিবাহিত না হইলে পুরোহিত হইতে পারে না; ভাবটা এই ষে, অবিবাহিত ব্যক্তি অর্ধান্ধ ও অসম্পূর্ণ। পূর্ণ স্বাতত্ত্বাই পূর্ণ নারীদ্ধ। আধুনিক হিন্দুনারীর জীবনের প্রধান ভাব তাহার সতীম্ব। পত্নী যেন বৃত্তের কেন্দ্র—ঐ কেন্দ্রের দির্ম্ব নির্ভর করে—তাহার সতীম্বের উপর। এই আদর্শের চরম অবস্থায় ছিন্দু বিধবারা সহমরণে দম্ম হইতেন। সম্ভবতঃ পৃথিবীর অন্ত্রান্ত দেশের নারীদের অপেক্ষা হিন্দুনারীগণ বেশী ধর্মশীলা ও আধ্যাম্মিকভাবদম্পন্না। যদি আমরা চরিত্রের ঐ-সকল সদ্গুণ রক্ষা করিতে পারি এবং সঙ্গে সঙ্গে আমাদের নারীদের বৃদ্ধিবৃত্তির পৃষ্টিদাধন করিতে পারি, তাহা হইলে ভবিত্যৎ হিন্দুনারী জগতের আদর্শস্থানীয়া হইবেন।

ধর্মীয় ঐক্যের মহাসম্মেলন

২৪শে সেপ্টেম্বর, ১৮৯৩, 'Chicago Sunday Herald' পত্রিকার প্রকাশিত শামীজীর বন্ধতার সংক্ষিপ্ত বিবরণী:

এই ধর্মসহাসভায় প্রদন্ত বক্তৃতাগুলির লাধারণ সিদ্ধান্ত এই বে, মাত্র্বের প্রাভৃত্বই বহু-আকাজ্যিত উদ্দেশ্য। এই প্রাভৃত্ব একটি স্বাভাবিক অবস্থা, কারণ আমরা সকলে একই ঈশ্বরের সন্তান—এ সম্বন্ধে অনেক কথা বলা হইরাছে। আবার এমন অনেক সম্প্রদার আছে, মাহারা ঈশ্বরের অন্তিত্ব অর্থাৎ ব্যক্তিভাবাপর ঈশ্বর স্বীকার করে না। যদি আমরা এই-সকল সম্প্রদায়কে উপেক্ষা করিয়া বাহিরে রাখিতেনা চাই—সেক্ষেত্রে অবশ্ব আমাদের প্রাভৃত্ব সর্বজনীন হইবে না—তাহা হইলে সমগ্র মানবজ্বাভিকে অন্তর্ভুক্ত করিবার জন্ম আমাদের মিলনভূমি প্রশন্ত করিতেই হইবে। এই ধর্মনহাসভার আরও বলা হইরাছে—মানবজ্বাভির কল্যাণ সাধন করা আমাদের কর্তব্য, কারণ প্রত্যেক অসং ও হীন কার্বেরই প্রতিক্রিরা আছে। আমাদের কর্তব্য, কারণ প্রত্যেক অসং ও হীন কার্বেরই প্রতিক্রিরা আছে। আমাদের ভাই-এরা। আমি মনে করি, ঈশ্বরের সর্বজনীন পিতৃত্বে আমরা বিশাস করি বা না করি, ভাইকে আমাদের ভালবাসিতেই হইবে, কারণ প্রত্যেক ধর্ম ও প্রত্যেক মত মান্থ্যের দিব্যভাব স্বীকার করেন; কাহারও অনিষ্ট করিও না, তাহা হইলে তাহার অন্তর্গহ দিব্যভাবকে ক্রম্ন করা হইবে না।

ভগবৎপ্রেম

[২ংশে সেপ্টেম্বর, ১৮৯৬, 'Chicago Herald' পত্রিকায় প্রকাশিত স্বামীন্সীর একটি বভ়তার সংক্ষিপ্ত বিবরণী]

লাফলিন ও মনবো স্থাটে তৃতীয় ইউনিটেবিয়ান চার্চের বক্তৃতা-গৃহে। লমবেত শ্রোতৃমগুলী গভকল্য প্রাতে স্বামী বিবেকানন্দের বক্তৃতা শ্রবণ করেন। তাঁহার বক্তৃতার বিষয় ছিল ভগবংপ্রেম; আলোচনা বাগ্মিতাপূর্ণ ও অপূর্ব হইয়াছিল। তিনি বলেন:

ঈশর পৃথিবীর সর্বত্ত পূজিত হন, কিন্তু বিভিন্ন নামে এবং বিভিন্ন উপারে।
মহান্ ও স্থানর ঈশরকে উপাসনা করা মাহ্নবের পক্ষে স্বাভাবিক, এবং ধর্ম
মাহ্নবের প্রকৃতিগত। সকলেই ঈশরের প্রয়োজনীয়তা অহতেব করে এবং
ঈশরের প্রতি প্রেমই মাহ্নবকে দান, দয়া, স্থায়পরতা প্রভৃতি সংকার্বে প্রণোদিত।
করে। সকলেই ঈশরকে ভালবাসে, কারণ তিনি প্রেমশ্বরূপ।

বক্তা চিকাগোতে আসা অবধি মাহুষের আতৃত্ব সম্বন্ধে অনেক কিছু শুনিরাছেন। তিনি বিখাস করেন—আরও দৃঢ়তর বন্ধন মাহুষকে যুক্ত করিয়া রাখিয়াছে, কারণ সকলেই ঈশ্বরপ্রেম হইতে সঞ্জাত। মাহুষের আতৃত্ব ঈশ্বরের পিতৃত্বেরই যুক্তিগত সিদ্ধান্ত। বক্তা বলেনঃ

তিনি ভারতের বনে বনে ভ্রমণ করিয়াছেন, পর্বতগুহায় রাত্রি কাটাইয়াছেন, সমগ্র প্রকৃতি পর্যবেক্ষণ করিয়া তিনি এই বিশ্বাদে উপনীত হইয়াছেন যে স্বাভাবিক নিয়মের উর্ধ্বে এমন কিছু আছে, যাহা মাহুবকে অসত্য বা অক্যায় হইতে রক্ষা করে। তিনি সিদ্ধান্ত করিয়াছেন, উহা ঈশ্বরপ্রেম। ঈশ্বর যদি বীশু, মহশ্মদ এবং বৈদিক ঋষিগণের সহিত কথা বলিয়া থাকেন, তাহা হইলে ঈশ্বরেরই অক্সতম সন্তান—তাঁহার সহিতও তিনি কেন কথা বলেন না?

স্বামী স্বারও বলিলেন: সতাই তিনি আমার সহিত এবং তাঁহার সকল সম্ভানের সহিত কথা বলেন। স্বামরা তাঁহাকে স্বামাদের চতুর্দিকে দেখি এবং তাঁহার প্রেমের সীমাহীনতা হারা নিরম্বর প্রভাবিত হই এবং সেই প্রেম হইতে আমাদের মৃদ্ধ ও ভক্মের প্রেরণা লাভ করি।

কর্মযোগ

क्ञिय मः इत्रावत निर्वापन

প্রায় নয় বংসর পূর্বে বধন স্বামী বিবেকানন্দের কর্মযোগ নামক গ্রন্থের প্রথম অহুবাদ করি, তথন ধারণা ছিল যে, আমেরিকান সংস্করণধানিই উৎকৃষ্টতর; স্বতরাং তদবলম্বনেই অহ্বাদ করিয়াছিলাম। দ্বিতীয় সংস্করণে আতোপান্ত সংশোধনের ইচ্ছা থাকিলেও অক্তাম্য কার্ববশভঃ সময়াভাবে উহাতে হন্তক্ষেপ করিবার অবকাশ পাই নাই। অনেক দিন ধরিয়া ভজ্জয় উহা অমৃক্রিত অবস্থায় ছিল। পরিশেষে পাঠকবর্গের আগ্রহাতিশব্যে উহা প্রায় সম্পূর্ণ অপরিবর্তিত-ভাবেই পুনমূদ্রিত করা হয়। সম্প্রতি একটু অবকাশ পাইয়া মাক্রাজ-দংস্করণের সহিত মিলাইয়া দেখিলাম—মাক্রাজ-সংস্করণে আমেরিকান সংস্করণ অপেকা এত অধিক নৃতন বিষয় আছে যে, ৰলা ষায় না। তন্মধ্যে বিতীয় অধ্যায়ে মহানিৰ্বাণতন্ত্ৰ হইতে বিস্তৃত উদ্ধৃতাংশ ও উহার উপর স্বামীজীর মন্তব্যসমূহ এবং পঞ্চম অধ্যায়ের প্রারম্ভে 'প্রতীক'-সম্বন্ধে হুদীর্ঘ আলোচনা বিশেষ উল্লেখযোগ্য। এতথ্যতীত এই ছুই সংস্করণের অনেক স্থলে এভ পাঠীস্তব বে, অহ্বাদককে বিশেষ সমস্তায় পড়িতে হয়। অগত্যা আমরা মাল্রাজ-সংস্করণে প্রাপ্ত প্রায় সমৃদয় অতিরিক্ত অংশগুলির অহ্বাদ বর্তমান সংস্করণে সন্নিবেশিত করিলাম এবং পাঠান্তর-ইলে উভয় সংস্করণের তুলনা কবিয়া যেটি স্পষ্টতর বোধ হুইল, সেইটির অন্থবাদ কবিয়া এতঘ্যতীত পূর্বাহ্নবাদের ভ্রম বা ভাষার ফটিনমূহ কতক কডক সংশোধন করিবার চেষ্টা পাইয়াছি। স্থতরাং কর্মযোগের এই ভৃতীয় সংস্করণকে পূর্ব পূর্ব সংস্করণ হইতে সম্পূর্ণ পৃথক্ গ্রন্থ বলা ধাইতে পারে। ইতি—

বিনীতানুবাদকস্থ

ব্দাধাঢ়, ১৩১৬

কর্ম—চরিত্রের উপর ইহার প্রভাব

(কর্ম শক্তি সংস্কৃত 'কু'-থাতু হইতে নিম্পন্ন; 'কু'-থাতুর অর্থ 'করা'; াহা কিছু করা হয়, তাহাই কর্ম। এই শ্বটের আবার পারিভাবিক অর্ব কর্মকল'। দার্শনিকভাবে ব্যবহৃত হইলে কথন কথন উহার অর্থ হয়— স্ট্-স্কল ফল, আমাদের পূর্ব কর্ম বেগুলির কারণ। কিন্তু কর্মবোগে দামাদের 'কর্ম' শকটি কেবল 'কাজ' অর্থেই ব্যবহার করিতে হইবে। দানবজাতির চরম লক্ষ্য—জ্ঞানলাভ। প্রাচ্য দর্শন আমাদের নিকটে এই এক্ষাত্র লক্ষ্যের কথাই বলিয়াছেন। মাহুষের চরম লক্ষ্য হুধ নয়, জ্ঞান। হুখ ও আনন্দ তো শেষ হইয়া যায়। স্থই চরম লক্ষ্য-এরপ মনে করা লম। জগতে আমরা যভ তু:খ দেখিতে পাই, তাহার কারণ—মাহুষ অজের মতো মনে করে, স্থই আমাদের চরম লক্ষ্য। কালে মাহ্ধ বৃঝিতে পারে, হুখের দিকে নয়, জ্ঞানের দিকেই সে ক্রমাগত চলিয়াছে। তুঃখ ও হুখ উভয়েই তাহার মহান শিক্ষক, সে শুভ হইতে বেমন, অশুভ হইতেও তেমন শিক্ষা পায়। ত্র্থ-ভূথে যেমন আমাদের উপর দিয়া চলিয়া বায়, অমনি তাহারা উহার উপর নানাবিধ চিত্র রাখিয়া যায়, আর এই চিত্রসমষ্টি বা সংস্কার-সমষ্টির ফলকেই আমরা মাহুষের 'চরিত্র' বলি। কোন ব্যক্তির চরিত্র লইয়া আলোচনা করিয়া দেখ, বুঝিবে, উহা প্রকৃতপক্ষে ভাছার মনের প্রবৃত্তি—মনের প্রবণতাসমূহের সমষ্টিমাত্র। দেখিবে, স্থ-ছ:ধ---ছই-ই সমভাবে তাহার চরিত্রগঠনের উপাদান . চরিত্তকে এক বিশেষ চাঁচে ঢালিবার পক্ষে ভাল-মন্দ উভয়েরই সমান অংশ আছে; কোন কোন খলে হুখ অপেকা বরং তৃঃখ অধিকতর শিক্ষা দেয়। অগতের মহাপুরুষদের চরিত্র আলোচনঃ করিলে দেখা যায়, অধিকাংশ ক্ষেত্রে স্থুখ অপেকা তুঃখ তাঁহাদিগকে অধিক শিকা দিয়াছে—ধনৈশ্বৰ্য অপেকা দাবিত্ৰ্য অধিক শিকা দিয়াছে, প্ৰশংসা অপেকা নিন্দারূপ আঘাতই তাঁহাদের অস্তবের অগ্নি প্রজনিত করিতে অধিক পরিমাণে সাহায্য করিয়াছে।)

এই জ্ঞান আবার মান্তবের অন্তর্নিহিত। কোন জ্ঞানই বাহির হইছে আবে না, সবই ভিতরে। আমরা যে বলি মাহ্য 'আনে', ঠিক মনোবিজ্ঞানের ভাষার বলিতে গেলে বলিতে হইবে—মাহ্য 'আবিদ্ধার করে' (discovers)

বা 'আবরণ উন্মোচন করে' (unveils)। মাসুব বাহা 'শিক্ষা করে', প্রকৃত্তপকে সে উহা 'আবিষার করে'। 'Discover' শ্বটির অর্থ—অনম্ভ আনের ধনিৰত্নপ নিজ আত্মা হইতে আবরণ সরাইয়া লওয়া। আমবা বলি, নিউটন মাধ্যাকর্ষণ আবিফার করিয়াছিলেন। উহা কি এক কোণে বদিয়া তাঁছার জক্ত অপেকা করিতেছিল? না, উহা তাঁহার নিজ মনেই অবস্থিত ছিল। সময় আসিল, অমনি ডিনি উহা দেখিতে পাইলেন। মাছ্য যভগ্ৰকার জ্ঞানলাভ করিয়াছে, সবই মন হইতে। জগভের অনম্ভ পুস্তকাগার ভোমারই মনে। বহির্জগৎ কেবল তোমার নিজ মনকে অধ্যয়ন করিবার উত্তেজক কারণ—উপলক্ষ মাত্র, ভোমার নিজ মনই সর্বদা ভোমার অধ্যয়নের বিষয়। আপেলের পতন নিউটনের পক্ষে উদীপক কারণ-ম্বরূপ হইল, ভথন ডিনি ি নিজের মন অধ্যয়ন করিতে লাগিলেন। তিনি তাঁহার মনের ভিডর পূর্ব হইতে অবস্থিত ভাবপরপ্রবা আর একভাবে দাজাইয়া উহাদের ভিতর একটি নৃতন শৃঞ্জা আবিষার করিলেন; উহাকেই আমরা মাধ্যাকর্বণের নিয়ম বলি। উহা আপেলে বা পৃথিবীর কেন্দ্রে অবস্থিত কোন পদার্থে ছিল না। অতএব লৌকিক বা পারমার্থিক সমৃদয় জ্ঞানই মাহুষের মনে। অনেক স্থান উহারা আবিষ্কৃত (বা অনাবৃত) হয় না, বরং আবৃত থাকে; ষধন এই আবরণ ধীরে ধীরে সরাইয়া লওয়া হয়, তথন আমরা বলি, 'আমরা শিকা করিতেছি', এবং এই আবরণ অপসারণের কাজ যতই অগ্রসর হয়, জানও ভতই অগ্রসর হইতে থাকে। এই আবরণ যাহার ক্রমশঃ উঠিয়া ষাইভেছে, ভিনি অপেকাকত জানী; যাহার আবরণ খুব বেশী, দে অজ্ঞান; আর বে ব্যক্তি হইতে জ্ঞান একেবারে চলিয়া গিয়াছে, ভিনি দর্বজ্ঞ। পূর্বে জ্ঞানেক পর্ক পুরুষ ছিলেন; আমার বিখাস একালেও অনেক হইবেন, আর আগামী করসমূহে অসংখ্য সর্বজ্ঞ পুরুষ জন্মাইবেন। অগ্নি বেমন একখণ্ড চক্ষকিতে নিহিত থাকে, জ্ঞান তেমনি মনের মধ্যেই বহিয়াছে; উদীপক কারণটি বেন ঘর্ষণ, জ্ঞানাগ্নিকে প্রকাশ করিয়া দেয়। জামাদের সকল ভাব ও কার্ব সমুদ্ধেও দেইরুপ; যদি আমরা ধীরভাবে নিজেদের অস্তঃকরণ অধ্যয়ন করি, ভবে দেখিব, আমাদের হাসি-কালা, ত্থ-ছ:খ, আশীর্বাদ-অভিসম্পাত, নিন্দা-ত্থ্যাতি —সবই আমাদের মনের উপর বহির্জগতের বিভিন্ন আঘাতের **বারা আমাদে**র ভিতর হইতেই উৎপন্ন। উহাদের ফলেই আমাদের বর্তমান চরিত্র গঠিত;

ই আলভ-সম্ভিকেই বলে 'কর'। আজার অভ্যন্তরম্ অরিকে বাছির
বিবার জন্ত, উহার নিজ শক্তি ও জান প্রকাশের জন্ত বে-কোন মানসিক
া দৈহিক আঘাত প্রদন্ত হয়, ভাহাই কর্ম; 'কর' অবল্য এখানে উহার
াাপকতম অর্বে ব্যবহৃত। অতএব আমরা সর্বদাই কর্ম করিভেছি।
নামি কথা বলিভেছি—ইহা কর্ম। ভোমরা শুনিভেছ—ভাহাও কর্ম।
নামরা খাল-প্রখাল ফেলিভেছি—ইহা কর্ম, বেড়াইভেছি—কর্ম, কথা
কহিভেছি—কর্ম, শারীবিক বা মানসিক বাহা কিছু আমরা করি, সবই কর্ম।
কর্ম আমাধের উপর উহার ছাপ রাধিয়া বাইভেছে।

ক্ষেত্রতি কার্য আছে, সেগুলি বেন অনেক কুল্ল কুল্ল কর্মের সমষ্টি।

নি আমরা সম্লেভটে দণ্ডারমান হইরা শৈলখণ্ডের উপর ভরজভঙ্গের ধানি

চনিতে থাকি, তথন উহাকে কি ভরানক শব্দ বলিয়া বোধ হর! কিন্তু ভর্

লামরা জানি, একটি ভরজ প্রকৃতপক্ষে লক্ষ লক্ষ অভি কুল্ল ভরজের সমষ্টি।

টহাদের প্রভ্যেকটি হইভেই শব্দ হইভেছে, কিন্তু ভাহা আমরা ভনিভে পাই না;

লখন উহারা একল হইরা প্রবল হয়, ভখনই আমরা ভনিভে পাই। এইরূপে

রদমের প্রভ্যেক কম্পানেই কার্ব হইভেছে। কভকগুলি কার্য আমরা বৃবিভে

পারি, ভাহারা আমাদের ইল্লিয়গ্রাজ হইয়া ধরা দেয়; ভাহারা কিন্তু কভক
গুলি কুল্ল কুল্ল কর্মের সমষ্টি। বলি ভূমি কোন ব্যক্তির চরিত্র বথার্থ বিচার

করিভে চাও, তবে ভাহার বড় বড় কার্বের দিকেই দৃষ্টি দিও না। অবস্থা-বিলেবে

নিভান্ত নির্বোধণ্ড বীরের মতো কার্য করিভে পারে। যথন কেন্তু অভি

হোট ছোট সাধারণ কার্য করিভেছে, ভখন দেখ—দে কি ভাবে করিভেছে;

এই ভাবেই মহৎ লোকের প্রকৃত চরিত্র জানিভে পারিবে। বড় বড় ঘটনা

টপলক্ষে অভিসামান্ত লোকও মহন্তে উনীভ হয়। কিন্তু থাকার।)

মাস্থকে যভগ্রকার শক্তি দইরা নাড়াচাড়া করিতে হর, তর্মধ্য বে দর্মের ধারা ভাষার চরিত্র গঠিত হর, তাহাই সর্বাপেক্ষা প্রবল শক্তি। বাহ্য বেন একটি কেন্দ্র, জগতের সমৃদর শক্তি সে নিজের দিকে আকর্ষণ দরিরা দইতেছে, ঐ কেন্দ্রেই উহাদিগকে প্রবীভূত করিয়া একাকার করিতেছে, চাহার পর একটি বৃহৎ ভরজাকারে বাহিরে প্রেরণ করিতেছে। এক্ষণ একটি কন্দ্রই প্রকৃত সাহ্য, তিনি সর্বশক্তিমান্, সর্বঞ্জ; আর তিনি তাঁহার নিজের দিকে সমগ্র জগৎ আকর্ষণ করিতেছেন। ভাল-মন্দ, স্থ-ছ:খ—সবই তাঁহার দিকে চলিয়াছে এবং তাঁহার চতুর্দিকে সংলগ্ন হইতেছে। তিনি ঐগুলির মধ্য হইতে 'চরিত্র'-নামক মহাশক্তি গঠন করিয়া লইয়া উহাকে বহির্দেশে প্রক্ষেণ করিতেছেন। তাঁহার যেমন ভিতরে গ্রহণ করিবার শক্তি আছে, সেইরণ বাহিরে প্রক্ষেণ করিবার শক্তিও আছে।

(আমরা জগতে যতপ্রকার কার্য দেখিতে পাই, মহয়-সমাজে যতপ্রকার আলোড়ন হইতেছে, আমাদের চতুর্দিকে খে-সকল কার্য হইতেছে, স্বই চিস্তার প্রকাশমাত্র, মাহুষের ইচ্ছার প্রকাশমাত্র। ছোট বড় যন্ত্র, নগর, জাহান বণভরী—সবই মাহুষের ইচ্ছার বিকাশমাত্র। এই ইচ্ছা চরিত্র ছইছে উদ্ভুড্ চরিত্র আবার কর্মধারা নির্মিত। ইচ্ছার প্রকাশ কর্মের অন্তরূপ। প্রবল-ইচ্ছাশক্তিসম্পন্ন যে-সকল মান্ব জগতে জন্মিয়াছেন, তাঁহায়া সকলেই প্রচও কর্মী ছিলেন। তাঁহাদের এত ইচ্ছাশক্তি ছিল যে, তাঁহারা জগংকে ওলট-পালট করিয়া দিতে পারিতেন। ঐ শক্তি তাঁহারা যুগ্যুগব্যাপী নিরবচ্ছিন্ন কর্ম দারা লাভ করিয়াছিলেন। বুদ্ধ বা ধীশুর মতো প্রবন ইচ্ছা**শক্তি** একজন্মে লাভ করা যায় না, আর উহাকে **পুরুবাহুক্র**মিক শক্তি-সঞ্চারও (hereditary transmission) বলা যায় না; কারণ আমরা জানি তাঁহাদের পিতারা কিরূপ ছিলেন। তাঁহারা যে জগতের হিতের জন্ম কখন কিছু বলিয়াছিলেন, তাহা জানা নাই। যোগেফের স্থায় লক লক স্ত্রধর জীবন-লীলা সংবরণ করিয়াছে; লক লক এখন^ও জীবিত আছে। বুদ্ধের পিতার স্থায় লক্ষ কৃষ্ণ রাজা জগতে ছিলেন। ষদি ইহা কেবল পুরুষাত্মক্রমিক শক্তি-সঞ্চারের উদাহরণ হয়, তবে এই ক্ষুদ্র সামাক্ত রাজা—যাঁহাকে হয়তো তাঁহার ভূত্যেরা পর্যন্ত মানিত না, তিনি কিব্নপে এমন এক সন্তানের জনক হইলেন, যাঁহাকে জগভের অর্ধেক লোক উপাসনা করিতেছে? স্ত্রধর ও তাহার সম্ভান—বাঁহাকে লক্ষ লক্ষ লোক ঈশ্বর বলিয়া উপাসনা করিতেছে—এ তুয়ের মধ্যে যে প্রভেদ, ভাহাই ব কিব্লপে ব্যাখ্যা করিবে ? বংশামুক্রমিক মতবাদ দ্বারা উহার ব্যাখ্যা হয না। বুদ্ধ ও ধীশু জগতে যে মহাশক্তি সঞ্চার করিয়াছিলেন, তাহা কোণা হইতে আসিল? এই শক্তিসমষ্টি কোণা হইতে আসিল? অবশ্ৰ উহা যুগযুগাস্তর হইতে ঐ স্থানেই ছিল এবং ক্রমশ: প্রবল হইতে প্রবলতা

ভৈছিল। অবশেষে উহা বৃদ্ধ ৰা ষীত নামে প্ৰবল শক্তির আকারে নাক্তে আবিভূতি হইল। এখনও ঐ শক্তি-ভরত প্রবাহিত হইয়া চলিয়াছে।') এই দৰই কৰ্মধাৰা নিয়ন্ত্ৰিত। উপাৰ্জন না করিলে কেহ কিছু পাইতে ারে না। ইহাই সনাতন নিয়ম। আমরা কখন কখন মনে করিতে পারি, চাপারটা ঠিক এরপ নয়, কিন্ত শেষ পর্যন্ত আমাদিগকে পূর্বোক্ত নিয়মে চবিশ্বাসী হইতে হয়। কোন ব্যক্তি সারা জীবন ধনী হইবার চেষ্টা করিতে ারে, এ জন্ম সহস্র সহস্র ব্যক্তিকে ঠকাইতে পারে, কিন্তু অবশেষে বুঝিডে ারে, সে ধনী হওয়ার যৌগ্য নয়। তথন তাহার নিকট জীবন কষ্টকর ভ্যন্ত বলিয়া বোধ হয়। আমরা আমাদের শারীরিক ভোগের জন্ত নেক কিছু সংগ্রহ করিতে পারি, কিন্তু আমরা নিজ কর্মের ছারা াহা উপার্জন করি, তাহাতেই আমাদের প্রকৃত অধিকার। একজন নির্বোধ গভের সকল পুন্তক ক্রয় করিতে পারে, কিন্তু সেগুলি তাহার পুন্তকাগারে ড়িয়া থাকিবে মাত্র, সে যেগুলি পড়িবার উপযুক্ত, শুধু দেগুলিই পড়িতে ারিবে, এবং এই যোগ্যতা কর্ম হইতে উৎপন্ন।) আমরা কিসের অধিকারী । আমরা কি আয়ত্ত করিতে পারি, আমাদের কর্মই ভাহা নিরুপণ বে। আমাদের বর্তমান অবস্থার জন্ম আমরাই দারী, এবং আমধা ধাহা ইতে ইচ্ছা করি, ভাহা হইবার শক্তিও আমাদের আছে। আমাদের র্ডমান অবস্থা যদি আমাদের পূর্ব কর্মের দারা নিয়ন্ত্রিভ হয়, ভবে ইহাই নিশ্চিত সিদ্ধান্ত হইবে যে, ভবিশ্বতে আমরা ধাহা হইতে ইচ্ছা করি, দামাদের বর্তমান কর্ম দারাই তাহা হইতে পারি। অতএব আমাদের জানা টিচিত কিরূপে কর্ম করিতে হইবে। ভোমরা বলিবে, 'কর্ম কি করিয়া দরিতে হয়, তাহা আবার শিথিবার প্রয়োজন কি ? সকলেই ভো কোন-না-কান ভাবে এই জগতে কাজ করিতেছে।' কিন্তু 'শক্তির অনর্থক কয়' বলিয়া । কটি কথা আছে। গীতাৰ এই কৰ্মবোগ সম্বন্ধে কৰিত আছে, 'কৰ্ম-যাগের অর্থ কর্মের কৌশল—বিজ্ঞানসমত প্রণালীতে কর্মাছগ্রান।' কর্ম কি দ্বিয়া ক্রিতে হয়—জানিলে ভবেই কর্ম হইতে স্বাপেকা ভাল ফল পাওয়া বিয়। তোমাদের শ্বরণ রাখা উচিত, সকল কর্মের উদ্দেশ্য—মনের ভিতরে ^{াুর্ব} হইতে যে শক্তি রহিয়াছে ভাহা প্রকাশ করা, **আত্মা**কে জাগাইয়া তোলা। প্রভ্যেক মাহবের ভিতরে এই শক্তি আছে এবং জানও আছে।

এই-সকল বিভিন্ন কর্ম যেন ঐ শক্তি ও জ্ঞানকে বাহিন্নে প্রকাশ করিবার ঐ মহাশক্তিগুলিকে জাগ্রত করিবার আঘাতশ্বরূপ।

মাছৰ নানা উদ্দেশ্তে কৰ্ম করিয়া থাকে। কোন উদ্দেশ্ত ব্যতীত কা হইতে পারে না। কোন কোন লোক যশ চায়, ভাহারা যশের জন্ম কা করে। কেহ কেহ অর্থ চায়, ভাহার। অর্থের জন্ত কার্য করে। কেহ কো প্রভূষ চায়, ভাহারা প্রভূষলাভের জ্ঞা কার্য করে। অনেকে স্বর্গে ষাইছে চায়, তাহারা স্বর্গে যাইবার জন্ত কার্য করে। অপরে আবার মৃত্যুর প্র নিজেদের নাম রাখিয়া যাইতে চায়। চীনদেশের রীভি—না মরিলে কাছাকে। কোন উপাধি দেওয়া হয় না। বিচার করিয়া দেখিলে ইহা অপেকারত ভাল প্রথা বলিতে হইবে। চীনে কোন লোক খুব ভাল কাজ করিলে ভাহার মৃত পিতা বা পিতামহকে কোন সন্মানজনক উপাধি প্রদান করা হয় কেহ কেহ এই উদ্দেশ্যে কান্ধ করিয়া থাকে। কোন কোন মুসলমান-সম্প্রদায়ের অন্থগামিগণ মৃত্যুর পর একটি প্রকাণ্ড সমাধি-মন্দিরে সমাহিত হওয়ার জন্ত সমস্ত জীবন কার্য করিয়া থাকে। আমি এমন ক্ষেক্ট সম্প্রদায়ের কথা জানি, ষাহাদের মধ্যে শিশু জ্মিবামাত্র ভাহার জ্ঞ সমাধি-মন্দির নির্মিত হইতে থাকে; ইহাই তাহাদের বিবেচনায় মামুষের সর্বাপেক। প্রয়োজনীয় কর্ম এবং ঐ সমাধি-মন্দির যত বৃহৎ ও স্থন্দর হয়, সেই ব্যক্তি ততই ধনী বলিয়া বিবেচিত হয়। কেহ কেহ আবার প্রায়শ্চিতক্সপে কর্ম করিয়া থাকে; সর্ববিধ অসৎ কার্য করিয়া শেষে একটি মন্দির প্রতিষ্ঠা করিন অথবা পুরোহিতগণকে কিনিয়া লইবার জ্ঞ্জ এবং তাঁহাদের নিকট হইতে স্বর্গে ষাইবার ছাড়পত্র পাইবার জন্ম কিছু অর্থ তাহাদিগকে দিল। ভাহারা মনে করে, এরূপ দানের দারা ভাহাদের পথ পরিকার হইল, পাপ সত্তেও তাহারা শান্তি এড়াইয়া যাইবে। মাহুষের কার্য-প্রবৃত্তির বছ উদ্দেশ্যের কয়েকটি মাত্র বলা হইল।

কর্মের জন্মই কর্ম কর। সকল দেশেই এমন কিছু সান্থ্য আছেন, বাঁহাদের প্রভাব সভাই জগতের পক্ষে কল্যাণকর; তাঁহারা কর্মের জন্মই কর্ম করেন, নাম-যণ গ্রাহ্ম করেন না, স্বর্গে যাইভেও চাহেন না। লোকের প্রকৃত উপকার হইবে বলিয়াই তাঁহারা কর্ম করেন। আবার অনেকে আছেন, বাঁহারা আরও উচ্চতর উদ্দেশ্য লইয়া দরিজের উপকার ও

ম্য্র-জাতিকে সাহাব্য করেন; কারণ তাঁহারা সংকার্বে বিধানী, তাঁহারা ভাব ভালবালেন। নাম-বশের উদ্দেশ্তে ক্বভ কর্মের ফল কথনও সলে সলে क्षेत्रा बाज ना ; महत्राहद राया याय, यथन जानदा दृष हहे अवः जानारात বন প্রায় শেষ হইয়া আসিয়াছে, তখন আমাদের নাম-বশ হয়। কিন্তু বদি চ্ছ কোন স্বাৰ্থপূৰ্ণ উদ্দেশ্য ছাড়া কান্ধ করে, সে কি কিছুই লাভ করে না ? , সে নর্বাপেক্ষা বেশী লাভ করে। নিঃস্বার্থ কর্মেই 'অধিক লাভ, ভবে হা অভ্যাস করিবার সহিষ্ণুতা মাহুবের নাই। সাংসারিক হিসাবেও ইহা প্রেম, সত্য, নি<u>ংম্বার্থপরতা—এগুলি ও</u>ধু নীতি-সম্মীয় ानकातिक वर्गना नम्ने, এগুनि चामारास्त्र मर्रोक चामर्च ; कात्र अश्वनित मर्याहे হতী শক্তি নি। হত বহিয়াছে।, প্ৰথমতঃ বে-ব্যক্তি পাঁচ দিন অথবা পাঁচ নিট কোন স্বার্থাভিসন্ধি ব্যতীত ভবিয়তের কোন চিম্বা—স্বর্গলাভের াকাজ্ঞা, শান্তির ভয় অথবা ঐরূপ কোন বিষয় চিস্তা না করিয়াকাল করিতে ারেন, তাঁহার মধ্যে শক্তিমান্ মহাপুরুষ হইবার সামর্থ্য আছে। এই ভাব ার্বে পরিণত করা কঠিন, কিন্তু আমাদের অন্তরের অন্তন্তনে আমরা উহার ল্য জানি, জানি উহা কত শুভফলপ্রস্থ। এই কঠোর সংযমই শক্তির মহোচ কাশ। সমুদয় বহিমু থ কার্য অপেকা আত্মসংধমেই অধিকভর শক্তির প্রকাশ। তুরখবাহিত একটি শব্দট কোন বাধা না পাইয়া পাহাডে ঢালু পথে গডাইয়া াইতেছে, অথবা শকটচালক অশগণকে সংষত করিতেছে—ইহাদের মধ্যে কান্টি অধিকতর শক্তির বিকাশ ? অখগণকে ছাড়িয়া দেওয়া বা উহাদিগকে ংষত করা ? একটি কামানের গোলা বায়ুর মধ্য দিয়া উড়িয়া অনেক দুরে গিয়া ডে, অন্ত একটি গোলা দেয়ালে লাগিয়া বেশী দূরে বাইতে পারে না, কিছ ই সংঘর্ষে প্রবল তাপ উৎপন্ন হয়। এইরূপে মনের সমূদম বহির্মুখ শক্তি ার্থের উদ্দেশ্তে ধাবিত হইয়া বিক্লিপ্ত হয়, এগুলি আর তোমার নিকট ফিরিয়া াসিয়া তোমার শক্তি-বিকাশে সাহায্য করে না, কিন্তু ঐগুলিকে সংষ্ড রিলে ভোমার শক্তি বর্ধিত হইবে। এই সংষম হইতে মহতী ইচ্ছা-শক্তি উদ্ভূত ইবে; উহা এটি বা বুদ্ধের মতো চরিত্র স্বাষ্ট করিবে। অজ্ঞ ব্যক্তিরা এই বহুত ানে না, তথাপি তাহারা জগতের উপর প্রভুষ করিতে চায়। নির্বোধ ব্যক্তি ানে না যে, সে যদি কাল করে এবং কিছুদিন অপেকা করে, ভবে সমৃদয় লগং ানন করিতে পারে। সে করেক বৎসর অপেকা করুক, এবং এই অঞ্চানস্থলক জগংশাসনের ভাবকে সংযত করক। ঐ ভাব সম্পূর্ণ চলিয়া গেলেই সে জগ শাসন করিতে পারিবে। অনেক পশু বেমন করেক পদ অগ্রে কি আছে ভাহার কিছুই জানিতে পারে না, আমাদের মধ্যে অনেকেই তেমনি আরু করে বংসর পরে কি ঘটিবে, ভাহার কিছুই অহুমান করিতে পারে না। আমর বেন একটি সহীর্ণ বৃত্তের মধ্যে আবদ্ধ—ইহাই আমাদের সমৃদয় জগং। উহা বাহিয়ে আর কিছুই দেখিবার ধৈর্য আমাদের নাই, এইভাবেই আমর অসাধুও ত্ত্ব তি হইয়া পড়ি। ইহাই আমাদের ত্র্বলতা—শক্তিহীনতা।

কিন্তু অতি দামান্ত কর্মকেও ঘুণা করা উচিত নয়। বে-ব্যক্তি উচ্চত

উদ্দেশ্যে কাজ করিতে জানে না, সে স্বার্থপর উদ্দেশ্যেই—নামধশের জক্তই কা করুক। প্রত্যেককে—সর্বদাই উচ্চ হইতে উচ্চতর উদ্দেশ্যের দিকে ব্যাস হইতে হইবে, এবং ঐগুলি কি-ভাহা বুঝিবার চেষ্টা করিতে হইবে। 'কর্মে আমাদের অধিকার, ফলে নয়'—ফল যাহা হইবার হউক। ফলের অক্স চিৰ কর কেন ? কোন লোককে দাহায্য কবিবার দময় ভোমার প্রতি সে ব্যক্তির মনোভাব কিরূপ হইবে, সে বিষয়ে চিস্তা করিও না। তুমি বদি কো মহৎ বা শুভ কার্য করিতে চাও, তবে ফলাফলের চিন্তা করিয়া উদ্বিগ্ন হইও না /কর্মের এই আদর্শ সম্বন্ধ আর একটি কঠিন সমস্তা আসিয়া পডে। তীর কর্মশীলভার প্রয়োজন; সর্বদাই আমাদের কর্ম করিভে হইবে, আমরা এর মিনিটও কর্ম না করিয়া থাকিতে পারি না। তবে বিশ্রাম কোথায় ? জীক সংগ্রামের একদিকে কর্ম—যাহার কিপ্র আবর্ডে আমরা বিঘূর্ণিত, আ একদিকে সব ধীর স্থির; সবই ষেন নিবৃত্তি-উন্মুখ, চারিদিক শাস্তিম্য-কোনরূপ শব্দ বা কোলাহল নাই, কেবল জীবজ্জ বৃক্ষপুষ্প পর্বতরাজ্ঞি-সম্বিত্ত প্রকৃতির শাস্তিময় ছবি। এই ছুটির কোনটিই সম্পূর্ণ চিত্র নয়। বেমন গভী সম্জের মৎস্ত উপরে আদিবামাত্র খণ্ডবিখণ্ড হইয়া যায়—কারণ জলের প্রক চাপেই উহা জীবিত অবস্থায় থাকিতে সমর্থ, তেমনি শান্তিপূর্ণ স্থানে কা করিতে অভ্যন্ত কোন ব্যক্তি সংসারের এই মহাবর্ডের সংস্পর্দে আসিক মাত্র ধ্বংস হট্য়া ঘাইবে। আবার যে-ব্যক্তি কেব<u>ল সাং</u>সারিক ও <u>সামা</u>জি জীবনের কোলাহলেই অভ্যন্ত, সে কি কোন নিভ্ত স্থানে স্বন্ধিতে বা করিতে পারে ? যত্রণায় হয়তো তাঁহার মন্তিফ বিকুত হইয়া বাইবে। আন্তর্শ পুরুষ তিনিই, বিনি গভীরতম নির্দ্ধনতা ও নিস্তর্কতার মধ্যে ভীব্র কর্মী

বং প্রবল কর্মশিলভার মধ্যে মকভূমির নিজনতা ও নিঃসক্তা অর্ভব করেন।
চনি সংখ্যের শহত ব্বিয়াছেন—আত্মসংখ্য করিয়াছেন। বানবাহনব্রিভ শহানগ্রীভে ভ্রষণ করিলেও তাঁহার মন শাস্ত থাকে, যেন তিনি
াশ্য গুহার বহিয়াছেন অথচ তাঁহার মন ভীরভাবে কর্ম করিভেছে।
ব্রোগের ইহাই আদর্শ। বদি এই অবস্থা লাভ করিতে পারো, ভবেই কর্মের
াক্বভ রহত অবগত হইলে।

কিন্তু আমাদিগকে গোড়া হইভেই আরম্ভ করিতে হইবে। আমাদের মুখে যেরপ কর্ম আসিবে, তাহাই করিতে হইবে এবং প্রত্যহ আমাদিগকে কর্ম করিতে হবব । আমাদিগকে কর্ম করিতে ইবে এবং ঐ কর্মের পশ্চাতে কি অভিসদ্ধি আছে, তাহা দেখিতে হইবে। চাহা হইলে প্রায় সর্বত্রই দেখিতে পাইব, প্রথম প্রথম আমাদের অভিসদ্ধি বঁদাই স্বার্থপূর্ণ, কিন্তু অধ্যবসায়-প্রভাবে ক্রমশং এই স্বার্থপর্য়া ইবে। অবশেষে এমন সময় আসিবে, যখন আমরা সভ্যই নিংমার্থ কর্ম করিতে সমর্থ হইব। তথন আমাদের আশা হইবে যে, জীবনের পথে ক্রমশং দ্রোসর হইতে হইতে কোন না কোন সময়ে এমন একদিন আসিবে, যখন দামরা সম্পূর্ণ নিংমার্থ হইতে পারিব। আর বে মৃহুর্তে আমরা সেই অবস্থা ।ভ করিব, সেই মৃহুর্তে আমাদের সকল শক্তি কেন্দ্রীভূত হইবে এবং আমাদের মন্তর্নিহিত জ্ঞান প্রকাশিত হইবে।

নিজ নিজ কর্মকেত্রে প্রত্যেকেই বড়

সাংখ্যদর্শনমতে প্রকৃতি তিনটি উপাদানে গঠিত—সংস্কৃত ভাষার ঐ উপাদান-অন্নের নাম সন্ধ্, রজঃ ও তমঃ। বাহুজগতে ইহাদের প্রকাশকে আমরা সমতা, ক্রিয়াশীলতা ও জড়তা বলিতে পারি। তমোগুণের লক্ষ্ণ অন্ধকার বা কর্মশৃক্ততা; রজঃ—কর্মশীলতা, আকর্ষণ ও বিকর্ষণরূপে প্রকাশিত, আর সন্ধ—ঐ তুই গুণের সাম্যাবস্থা।

প্রত্যেক ব্যক্তির ভিতরেই এই শক্তিত্রর রহিয়াছে। কখন তমঃ প্রবন্ধ হইয়া উঠে—আমরা আলপ্রপরায়ণ হই, আমরা যেন আর নড়িতে পারি না, নির্ক্ষমা হইয়া যাই, কভকগুলি ভাবের অথবা শুধু জড়তার বন্ধনে আৰদ্ধ হইয়া পড়ি। আবার কথন কথন কর্মশীলতা প্রবল হয়। অল্প সময়ে আবার উভয় ভাবের সাম্য বিরাজ করে, মনে শাস্ত ভাব আসে। আবার ভির ভির ব্যক্তিতে সচরাচর এই উপদান-ত্রয়ের কোন একটির প্রাধান্ত দেখা যায়। একজন হয়তো কর্মশুত্রতা, আলপ্ত ও জাত্যলক্ষণায়িত; অপরের প্রধান লক্ষণ—কর্মশীলতা, শক্তি, মহাশক্তির বিকাশ; আবার কাহারও ভিতর আমরা শাস্ত মৃত্মধুর ভাব দেখিতে পাই—ইহা এ প্রোক্ত গুণছয়ের অর্থাৎ ক্রিয়াশীলতা ও নিক্রিয়তার সাময়প্ত। এইরূপে সম্বয়্ন স্বষ্ট জগতে—পশু উদ্ভিদ মাছ্য—সকলের মধ্যেই আমরা এই বিভিন্ন শক্তির কম-বেশী প্রকাশ দেখিতে পাই।

এই ত্রিবিধ গুণ বা উপাদানই বিশেষভাবে কর্মযোগের আলোচ্য বিষয়। উহাদের স্বরূপ ও ব্যবহারের কৌশল শিখাইয়া কর্মযোগ আমাদিগকে ভাল-ভাবে কর্ম করিতে সাহায্য করে। মানবসমাজ একটি ক্রমনিবদ্ধ সংগঠন। উহার অন্তর্গত ব্যক্তিগণ সকলেই যেন এক এক শ্রেণীতে ও বিভিন্ন দোপানে অবস্থিত। স্থনীতি ও কর্তব্য কাহাকে বলে, আমরা সকলেই জানি, কিছ দেখিতে পাই—ভিন্ন ভিন্ন দেশে এই নৈতিক ধারণা অত্যন্ত বিভিন্ন। এক দেশে যাহা স্থনীতি বলিয়া বিবেচিত হয়, অপর দেশে হয়তো ভাহা সম্পূর্ণ হ্নীতি বলিয়া পরিগণিত। দৃষ্টান্তস্বরূপ দেখ—কোন কোন দেশে জাতিভাই-ভিনিনীর মধ্যে বিবাহ সন্তব্য, অপর দেশে আবার উহা অভিনয় নীতিভাই-ভিনিনীর মধ্যে বিবাহ সন্তব্য, অপর দেশে পুরুষ নিম্ন ভাতৃবধুকে বিবাহ

রিছে পাবে, অপর দেশে উহা নীডি-বিক্ত। কোন দেশে একবার মাত্র বাহ সম্ভব, অপর সেশে বছবিবাহ প্রচলিত। এইব্রণে আমবা সদাচারের ন্যান্ত বিভাগেও দেখিতে পাই যে, উহার মান দেশে দেশে অভিশয় ভিয়, পোপি আমাদের ধারণা-স্লাচাবের একটি সার্বভৌম মান ও আনর্শ আছে। কর্ডব্য-সহত্বেও এইরপ। কর্তব্যের ধারণা বিভিন্ন জাতির মধ্যে জভ্যন্ত छन्न छिन्न। कान एक पि किन् कार्यवित्यय ना करन, लाटक पनित्य स् নন্তায় করিয়াছে; অপর দেশে আবার ঠিক সেই কার্যগুলি করিলেই লোকে লিবে, সে ঠিক করে নাই। ভথাপি আমরা জানি, কর্তব্যের একটি সর্বজনীন ারণা অবশ্রই আছে। এইব্ধণে সমাব্দ এক শ্রেণীর কার্যবিশেষকে কর্তব্য বলিয়া নে করে, অপর এক সমাজ আবার ঠিক ইছার বিপরীত মত পোষণ করে এবং ঐরপ কার্য করিতে হইলে আভন্ধিত হয়। এখন আমাদের নিকট সুইটি াথ খোলা: অজ্ঞ লোকের পথ, ভাহারা মনে করে, সভ্যলাভের পথ মাত্র একটি, আর সব পথ ভূল; আর্ম একটি জ্ঞানীদের পথ, তাঁহারা স্বীকার করেন, আমাদের মানসিক গঠন অথবা অবস্থার তার অফুসারে কর্তব্যও ভিন্ন ভিন্ন হইতে পারে। স্থভরাং প্রধান জ্ঞাভব্য বিষয় এই যে, কর্ডব্য ও সদাচারের ক্ষ আছে; জীবনের এক অবস্থায়--এক পরিবেশে যাহা কর্ডব্য, অপর অবস্থাক্স-অক্সন্ত্রপ পরিবৈশে তাহা কর্তব্য নয় এবং হইতে পারে না।

উদাহবণ: সকল মহাপুক্ষবেরই উপদেশ—অগুভের প্রতিরোধ করিও না,
অপ্রতিকারই সর্বোচ্চ নৈতিক আদর্শ। আমরা সকলেই জানি, বদি আমরা
করেকজনও এই নীতি পরিপূর্ণভাবে কার্বে পরিণত করিতে চেটা করি,
সম্দর সমাজগঠন ভাঙিয়া পড়িবে, আমাদের সম্পত্তি ছাই লোকের
হত্তগত হইবে, আমাদের জীবনও তাহারাই পরিচালিত করিবে—আমাদের
লইয়া তাহারা বাহা ইচ্ছা ভাহাই করিবে। মাত্র একটি দিন বদি এইয়প
'অপ্রতিকার-নীভি' কার্বে পরিণত করা হয়, তবে সমাজ ধ্বংসের পথ
ধরিবে। তথাশি আমরা বিচার-বিশ্লেষণ ব্যতিরেকে 'অপ্রতিকার'-য়প
উপদেশের সভ্যতা অভবে অভবে উপলব্ধি করিয়া থাকি। উহাকে আমাদের
সর্বোচ্চ আছর্প বলিয়াই মনে হয়; কিন্তু কেবল ঐ মত প্রচার করিলে
মানবভাভির এক বিরাট অংশকে নিন্দিত করা হয়। গুরু তাহাই নয়,
উহাতে ভাহাদের বোধ হইবে বে, ভাহারা সর্বদাই অভায় করিতেছে এবং

তাহাদের দকল কাজেই মনে বিবেকের সংলাচ অন্তত্তৰ করিবে। ইন্
ভাহাদের তুর্বল করিয়া দিবে, এবং অফ্রাক্ত তুর্বলতা অপেক্ষা প্রভিনিয়ত এইরু
আত্মানি হইতে অধিকতর পাপ উত্ত হইবে। বে-ব্যক্তি নিজেকে মুল করিতে আরম্ভ করিয়াছে, তাহার অবন্তির লার উদ্ঘাটিত হইরাছে।
কাতি সহজেও এ-কথা সতা।

(আমাদের প্রথম কর্তব্য—নিজেকে ঘুণা না করা। উন্নত হইতে হইনে প্রথম নিজের উপর, তারপর ঈশরের উপর বিশাস আবশুক। বাহার নিজে উপর বিশাস নাই, তাহার কথনই ঈশরে বিশাস আসিতে পারে না।)

কর্তব্য ও সদাচার অবস্থাভেদে ভিন্ন ভিন্ন, ইহা স্বীকার করা ব্যতীত আমাদের গভান্তর নাই। অক্তায়ের প্রতিকার করিলে সর্বক্ষেত্রেই যে অত্যার করা হইল—ভাহা নয়, কিন্তু অবস্থাবিশেষে অত্যায়ের প্রতিরোধ করাই মাহ্যবের কর্তব্য হইতে পারে।

🔍 শাশ্চাত্য দেশে তোমরা অনেকে ভগবদগীতার দ্বিতীয় অধ্যায় পাঠ করিয়া হয়তো আশ্চর্য হইয়াছ ; বিপক্ষগণ আত্মীয় ও বন্ধুবান্ধৰ বলিয়া এবং 'অহিংসাই পরম ধর্ম' এই অজুহাতে অর্জুন ষথন যুদ্ধ করিতে—প্রতিরোধ করিতে অনিচ্ছা প্রকাশ করিলেন, শ্রীকৃষ্ণ তথন তাঁহাকে কাপুকৃষ ও কণ্ট বলিয়াছেন। এটি একটি প্রধান শিক্ষণীয় বিষয় ষে, সকল ব্যাপারেই চরম বিপরীভ প্রান্ত-ছুইটি দেখিতে একই প্রকার। চূড়াস্ত 'অন্তি' ও চূড়াস্ত 'নান্তি' সকল সময়েই সদৃশ। আলোক-কম্পন যথন অতি মৃত্, তথন উহা আমাদের দৃষ্টিগোচর হয় না, অতি ক্রত কম্পনও আমরা দেখিতে পাই না। শব্দ সম্বন্ধেও ঐক্সপ; অতি নিম্প্রামের শব্দ শুনা যায় না, অতি উচ্চগ্রামের শব্দও শুনা যায় না। 'প্রতিকার' ও 'অপ্রতিকারে' প্রভেদও এইরূপ। একজন কোন জন্ধায়ের প্রতিকার করে না, কারণ সে তুর্বল অলস ও প্রতিকারে অক্ষম ; প্রতিকারের ইচ্ছা নাই বলিয়া প্রতিকার করে না, ডাহা নয়। স্বার একজন জানে, ইচ্ছা করিলে সে তুর্নিবার আঘাত হানিতে পারে, তথাপি সে অধু যে আঘাত করে না—তাহা নয়, বরং শত্রুকে আশীর্বাদ করে। ধে ব্যক্তি **ত্র্লভাব**শত 'প্রতিকার' করে না, সে পাপ করিতেছে ; স্বতরাং এই 'অপ্রতিকার' হইতে লে কোন হুফল অর্জন করিতে পারে না। পকান্তরে অপর ব্যক্তি যদি প্রতিকার করে, ভবে পাপ করিবে। বুদ্ধ নিজ সিংহাসন ও রাজ্পর ভাগ

রিলেন—ইহা প্রাক্ত ভাগে বটে; কিছ বাহার ভ্যাগ করিবার কিছুই নাই,
না ভিক্কের পক্ষে ভাগের কোন কথাই উঠিতে পারে না! অভএব এই
প্রতিকার'ও 'আর্দ প্রেমের' কথা বলিবার সময় আমরা প্রকৃতপক্ষে কি
কিভেছি, সেইদিকে বিশেষভাবে দৃষ্টি রাখিতে হুইবে! আগে সহত্বে বৃক্তিতে
বে, প্রতিকার করিবার শক্তি আমাদের আছে কিনা। শক্তি থাকা
ন্বও বদি প্রতিকারচেটা-শৃশ্ব হই, তবে আমরা বান্তবিক অপূর্ব প্রেমের
নাল করিতেহি; কিছ বদি আমাদের প্রতিকারের শক্তি না থাকে,
নং নিজেদের মনকে ব্রাইবার চেটা করি বে, আমরা অতি উচ্চ প্রেমের
রবণায় কার্য করিতেহি, তবে আমরা ঠিক উহার বিপরীত আচরণই
রিতেহি! অর্জুনও তাহার বিপক্ষে প্রবল দৈক্তবৃহ সক্ষিত দেখিরা ভীত
ইরাছিলেন। 'স্নেহ-ভালবাসা'-বশতং ভিনি দেশের ও রাজার প্রতি
র্ত্ব্য ভূলিয়া গিয়াছিলেন। এইক্সেই শ্রীকৃষ্ণ তাহাকে কপট বলিভেছেন;
াণ্ডিভের মভো কথা বলিভেছ অথচ কাপ্ক্রের মভো কাল্ক করিভেছ;
ঠ, গাডাও, মুদ্ধ কর।'

ইহাই কর্মবাদের প্রধান ভাব। কর্মবোগী জানেন, অপ্রতিকারই বিচ্চি আর্দ-ভিনি আরও জানেন বে, উহাই শক্তির উচ্চতম বিকাশ বং জ্ঞারের প্রতিকার কেবল অপ্রতিকার-রূপ প্রেষ্ঠ শক্তিলাভের দাপানমাত্র। এই দর্বাচ্চ আদর্শে উপনীত হইবার পূর্বে মাছ্যের কর্তব্য— ভেভের প্রতিরোধ করা। কাজ করিতে হইবে, সংগ্রাম করিতে হইবে, –্যতদ্র সাধ্য উভ্তম প্রকাশ করিয়া আঘাত করিতে হইবে। এই ভিকারের শক্তি বাহার আয়ন্ত হইরাছে, তাহার পক্ষেই অপ্রতিকার ধর্ম প্রাক্রম।

আমার দেশে একবার একটি লোকের সহিত আমার সাক্ষাৎ হয়, তাহাকে ব্ হইতেই অভিশয় অলস নির্বোধ ও অজ্ঞ বলিয়া আনিতাম, কিছু আনিবার জ তাহার কোম আগ্রহ ছিল না—দে পশুর স্থায় জীবনবাপন করিতেছিল। নামার সহিত দেখা হইলে সে আমাকে জিজ্ঞাসা করিল, 'ঈশর লাভের জ্ঞ নামাকে কি করিতে হইবে, কি উপারে আমি মৃক্ত হইব ?' আমি তাহাকে

> जूनवीत : ग्रेका---२।১১, ७१

জিলাসা করিলাম, 'ভূমি মিধ্যা কথা বলিতে পারো কি ?' সে বলিল, 'না' তথন আমি বলিলাম, 'ভবে ভোমায় মিধ্যা বলিতে শিধিতে হইবে। একা পশুর মতো বা কার্চ লোষ্ট্রের মতো জড়বং জীবনবাপন করা অপেকা মিধ কথা বলা ভাল। তুমি অকর্মণ্য; কর্মের অতীত বে-অবস্থায় মন সংশ্রু লাভভাব অবলম্বন করে এবং বাহা সর্বোচ্চ অবস্থা, তুমি নিশ্চয়ই তালাভ কর নাই। তুমি এভদ্র জড়প্রকৃতি যে, একটা অস্তায় কাজও করি পার না।' অবশ্র বে-লোকটির কথা বলিতেছি, ভাহার মতো ভামদি প্রকৃতির লোক সচরাচর দেখা বায় না, আমি ভাহার সহিত মাকরিতেছিলাম; কিন্তু আমার বলিবার উদ্দেশ্য এই যে, সম্পূর্ণ নিজি অবস্থা বা শান্তভাব লাভ করিতে হইলে মাহ্যুবকে কর্মশীলভার মধ্য দিয়া বাইতে ছইবে।

আলতা সর্বপ্রকারে ত্যাগ করিতে হইবে। ক্রিয়াশীলতা অর্থে সর্বদা 'প্রতিরোধ' বুঝাইয়া থাকে। মানসিক ও শারীরিক সর্বপ্রকার অসদভাবে প্রতিরোধ কর; যথন তুমি এই কার্যে সফল হইবে, তথন শাস্তি আদিবে এ-কথা বলা অতি সহজ যে, 'কাহাকেও ঘুণা করিও না, কোন অমঙ্গলে প্রতিকার করিও না'; কিন্তু কার্যক্ষেত্রে ইহার কি অর্থ দাঁড়ায়, তার আমরা জানি। যথন সমগ্র সমাজের চকু আমাদের দিকে, তথন আমা 'অপ্রতিকারের' ভাব দেখাইতে পারি, কিন্তু বাসনা দিবারাত্র দূষিত ক্ষতে স্থায় আমাদের শরীর ক্ষয় করিতে থাকে। বথার্থ অপ্রতিকার হইতে প্রাথ বে শাস্তি আসে, আমরা তাহার একাস্ত অভাব অনুভব করি; মনে হয়-প্রতিকার করাই ভাল ছিল। ভোমার যদি অর্থের বাসনা থাকে, এবং য তুমি জানো যে, সমগ্র জগৎ ধনলিপা পুরুষকে অসৎ লোক বলিয়া মনে করে ভবে তুমি হয়তো অর্থের অন্বেষণে প্রাণপণ চেষ্টা করিতে সাহসী হইব না, কিন্তু তোমার মন দিবারাত্রি অর্থের দিকে দৌড়াইভে থাকিবে। এরণ ভাব কণটভা মাত্র, ইহা দারা কোন কার্যসিদ্ধি হয় না। সংসার-সম্জে ঝাঁগ দাও, কিছুদিন পরে যথন সংসারে হুথ তু:ধ—যাহা কিছু আছে ভোগ করিয়া শেষ করিবে, তথনই বৈরাগ্য আসিবে—ভথনই শান্তি আসিবে অভএব প্রভূ**ৰ**লাভের বাসনা এবং অক্ত যাহা কিছু বাসনা আছে, স^{বই} পুরণ করিয়া লও; এই-সকল বাসনা পূর্ণ ছইলে পর এমন এক সময় াসিবে, বধন জানিতে পারিবে—এগুলি জতি কুল জিনিস। কিছ ভালিন না ভোমার বাসনা পূর্ণ হইতেছে, বভলিন না ভূমি এই ক্রিয়াশীলভার ম্য দিয়া বাইভেছ, ভভলিন ভোমার পক্ষে এই আত্মসমর্পণের ও বরাগ্যের ভাব লাভ করা অসভব। এই 'প্রশান্তি' সহক্র সহক্র বৎসর ধরিয়া চোরিভ হইয়া আসিভেছে; প্রভ্যেকেই বাল্যকাল হইভে ইহা ভনিয়া বাসিভেছে, ভথাপি ঐ অবস্থা লাভ করিয়াছে, এমন লোক জগতে খুব মে দেখিতে পাই। আমি ভো অর্ধেক পৃথিবী ঘুরিয়া বেড়াইয়াছি, কিছ বামার জীবনে বথার্থ শান্ত ও প্রভিকারচেষ্টাপ্ত কুড়িজন মাহ্র্য দেখিয়াছি কনা সন্দেহ।

(প্রত্যেকেরই কর্তব্য—নিজ আদর্শ জীবনে পরিণত করিতে চেটা করা।
দশর ব্যক্তির আদর্শ লইয়া তদ্মসারে জীবন গঠনের চেটা করা অপেক্ষাইছাই
চরতি লাভ করার অপেক্ষাকৃত নিশ্চিত উপায়। অপরের আদর্শ হয়তো
দীবনে কথনই পরিণত করা সম্ভব হইবে না। মনে কর, আমরা একটি শিশুকে
দকেবারে কৃড়ি মাইল অমপ কারতে বাধ্য করিলাম। শিশুটি হয় মরিয়া
ঘাইবে, নয় ভো হাজারে একজন বড় জোর ঐ কুড়ি মাইল কোনপ্রকারে
হামাগুড়ি দিয়া অবসর ও মৃতপ্রায় হইয়া গস্তব্য হলে পৌছিবে। সচরাচর
আমরা মাহ্যবের সহিত এইরপ ব্যবহারই করিয়া থাকি। কোন সমাজে সকল
মরনারীর মন এক ধরনের নয়, সকলের ধারণাশক্তি বা কর্মশক্তিও একরপ
ময়; তাহাদের আদর্শগুলির কোনটিকেই অবজ্ঞা করিবার অধিকার আমাদের
নাই। প্রত্যেকেই নিজ নিজ আদর্শে পৌছিবার জল্প ব্যাসাধ্য চেটা করক।
আমাকে ভোমার বা ভোমাকে আমার আদর্শের ছারা বিচার করা ঠিক নয়।
ওক বৃক্ষের আদর্শে আপেলের অথবা আপেল বৃক্ষের আদর্শে ওকের বিচার
করা উচিত নয়। আপেল বৃক্ষকে বিচার করিতে হইলে আপেলের এবং ওক
বৃক্ষকে বিচার করিতে হইলে ওকের আদর্শ লইয়াই বিচার করা আবশ্রক

।

বহুদ্বের মধ্যে একজই স্পষ্টির পরিকল্পিড নিয়ম। ব্যক্তিগডভাবে নরনারীর
নধ্যে প্রভেদ যড়ই থাকুক না কেন, পশ্চাতে সেই একজ বহিয়াছে।
বিভিন্ন চরিত্র এবং বিভিন্ন শ্রেণীর নরনারী স্পষ্ট-নিয়মের স্বাভাবিক বৈচিত্র্যা
নাজ। এই কারণে একই আদর্শ হারা সকলকে বিচার করা অথবা
নক্ষের সম্মুধে একই আদর্শ স্থাপন করা উচিড নয়। এইরূপ কর্ম

প্রণালী কেবল অস্বাভাবিক সংগ্রাম স্থা করে। তাহার ফল এই দাঁড়ার বে,
মাস্থব নিজেকে ঘুণা করিতে আরম্ভ করে এবং তাহার ধার্মিক ও সং হইবার
পক্ষে বিশেষ বাধা উপস্থিত হয়। (আমাদের কর্তব্য—প্রভ্যেক ব্যক্তিকে তাহার
নিজের সর্বোচ্চ আদর্শ অন্থসারে চলিবার চেষ্টায় উৎসাহিত করা এবং সঙ্গে
সঙ্গে ঐ আদর্শ সভ্যের ষভটা নিকটবর্তী হয়, তাহার জন্মও চেষ্টা করা।)

আমরা দেখিতে পাই, অতি প্রাচীনকাল হইতেই হিন্দু ধর্মনীতিতে এই তথটি স্বীকৃত হইয়াছে; তাঁহাদের শাস্ত্রে ও ধর্মনীতি-বিষয়ক প্রুকে ব্রহ্মচয়, গাহিষ্য, বানপ্রস্থ ও সন্ন্যাস—এই-সকল বিভিন্ন আশ্রমের জন্ম বিভিন্ন বিধির নির্দেশ দেওয়া হইয়াছে।

হিন্দুশাল্বমতে মানব-সাধারণের ধর্ম ব্যতীত প্রত্যেক ব্যক্তির জীবনে বিশেষ বিশেষ কর্তব্য আছে। হিন্দুকে প্রথমে বন্ধচর্যাশ্রমে ছাত্ররূপে জীবন আরম্ভ করিতে হয় ; তারপর বিবাহ করিয়া গৃহী হইতে হয় ; বৃদ্ধাবস্থায় হিন্দু গৃহস্থাশ্রম হইতে অবদর গ্রহণ করিয়া বানপ্রস্থ অবলম্বন করে এবং সর্বশেষে সংসার ভ্যাগ করিয়া সন্নাসী হয়। বিভিন্ন আশ্রম অমুসারে জীবনের প্রত্যেক ভারে বিভিন্ন কর্তব্য উপদিষ্ট হইয়াছে। এই আশ্রমগুলির মধ্যে কোনটিই অপরটি ছইতে বড় নয়। ধিনি বিবাহ না করিয়া ধর্মকার্যের জন্ত জীবন উৎসর্গ করিয়াছেন, তাঁহার জীবন ষত মহৎ, বিবাহিত ব্যক্তির জীবনও তত মহৎ। সিংহাসনে আর্ট বাজা যেরূপ মহানৃ ও গৌরবাধিত, রান্তার ঐ ঝাডুদারও দেইরূপ। রাজাকে তাঁহার রাজসিংহাসন হইতে উঠাইয়া ঝাডুদারের কাজ করিতে দাও—দেখ, তিনি কতটা পারেন। আবার ঝাডুদারকে লইয়া সিংহাদনে वनारेश मां ७--- (मथ, तन-रे वा बाककार्य किक्रां किक्रां नामाय । नामायी व्यापका সংসারত্যাপী মহত্তর, এ-কথা বলা বুথা। সংসার হইতে স্বতন্ত্র থাকিয়া স্বাধীন সহজ্ঞ জীবনযাপন অপেকা সংসারে থাকিয়া ঈশবের উপাসনা করা অনেক কঠিন কাল। আজকাল ভারতে পূর্বোক্ত চারিটি আখ্রম কেবল পার্হয় ও সন্ন্যাস—এই তুইটি আশ্রমে পর্যবসিত হইয়াছে। গৃহস্থ বিবাহ করেন এবং সামাজিক কর্তব্য করিয়া বান; আর সংসারত্যাপীর কর্তব্য-জাঁহার সমুদর শক্তি কেবল ধর্মের দিকে নিয়োজিত করা; তিনি কেবল ইমরোপাসনা করিবেন এবং ধর্মশিকা দিবেন।

'বহানিবাঁণ-ডন্ন' হইভে এই প্রসংক কিছু পড়িব। ঐশুলি শুনিলে ভোমরা বিবে গৃহস্থ হওরা এবং গৃহস্থের কর্তব্য মধাষণভাবে প্রতিপালন করা অতি

> ব্রন্ধনিঠো গৃহস্থ: স্থাৎ ব্রন্ধজানপরায়ণ:। বন্ধৎ কর্ম প্রকৃষীত তদ্ ব্রন্ধণি সমর্পয়েৎ॥

-গৃহত্ব ব্যক্তি ঈশবপরায়ণ হইবেন। ব্রহ্মজ্ঞানলাভই বেন তাঁছার জীবনেক বন্ধ লক্ষ্য হয়। তথাপি তাঁহাকে সর্বদা কর্ম করিতে হইবে, তাঁহার নিজের নুদ্য কর্তব্য সাধন করিতে হইবে এবং তিনি বাহাই করিবেন, তাহাই চাহাকে ব্রহ্মে সমর্পণ করিতে হইবে।

কর্ম করা অথচ ফলাকাজ্ঞা না করা, লোককে সাহায্য করা অথচ চাহার নিকট হইতে কোনপ্রকার ক্যতজ্ঞতার প্রত্যাশা না করা, সংকর্ম করা মথচ উহাতে নাম-বল হইল বা না হইল, এ-বিবরে একেবারে দৃষ্টি না দেওয়া
—এইটিই এ-জগতে সর্বাপেক্ষা কঠিন ব্যাপার। অগতের লোক বথন
প্রশংসা করে, ভখন ঘোর কাপুরুষও সাহসী হয়। সমাজের অন্থমোদন
ও প্রশংসা পাইলে নির্বোধ ব্যক্তিও বীরোচিত কার্ম করিতে পারে, কিছে দাহারও ছতি-প্রশংসা না চাহিয়া অথবা সেদিকে আদে দৃষ্টি না দিয়া সর্বলা
লংকার্ম করাই প্রকৃতপক্ষে সর্বপ্রেষ্ঠ আর্থত্যাগ।

ন মিথ্যাভাষণং কুর্বাৎ ন চ শাঠ্যং সমাচরেৎ। দেবভাতিথিপূজাস্থ গৃহস্থো নিরতো ভবেৎ॥

শৃহত্বের প্রধান কর্ত্ব্য জীবিকার্জন, কিন্তু তাঁহাকে বিশেষ লক্ষ্য বাধিতে হইবে, মিধ্যা কথা বলিয়া, প্রতারণা ছারা অথবা চুরি ক্রিয়া ষেন উহা সংগ্রহ না করেন। আর তাঁহাকে শ্বরণ রাখিতে হইবে, তাঁহার জীবন উপরের সেবার জন্তু, দরিত্র ও অভাবগ্রস্তদের সেবার জন্তু।

> মাভরং পিতরকৈ বাকাৎ প্রত্যক্ষেরতান্। মনা গৃহী নিবেবেড সদা সর্বপ্রবন্ধতঃ ॥?

[े] महामिर्वाशिक्य-प्रादेश र क्रे-पादेश र क्रे-पादेश

—মাতা ও পিতাকে প্রত্যক্ষ দেবতা জানিয়া গৃহী ব্যক্তি সর্বদা সর্বপ্রায় । তাঁহাদের সেবা করিবেন।

> তুষ্টায়াং মাতরি শিবে তুষ্টে শিতরি পার্বতি। তব প্রীতির্ভবেদেবি পরবন্ধ প্রদীদতি॥

— যদি মাতা ও পিতা তৃষ্ট থাকেন, তবে সেই ব্যক্তির প্রতি ভগবান্ প্রীড হন। হে পার্বতি, তুমিও তাহার প্রতি প্রীতা হও।

> উদ্ধত্যং পরিহাসঞ্চ তর্জনং পরিভাষণম্। পিত্রোরত্রে ন কুর্বীত ষদীচ্ছেদাত্মনো হিতম্॥ মাতরং পিতরং বীক্ষ্য নত্বোত্তিঠেৎ সমন্ত্রমঃ। বিনাক্তয়া নোপবিশেৎ সংস্থিতঃ পিতৃশাসনে॥

—পিতামাতার সমুথে ঔদ্ধৃত্য, পরিহাস, চঞ্চলতা ও ক্রোধ প্রকাশ করিবে না। বে সম্ভান পিতামাতাকে কখন কর্কশ কথা বলে না, সেই প্রকৃত স্থসম্ভান। পিতামাতাকে দর্শন করিয়া সমন্ত্রমে প্রণাম করিবে, তাঁহাদের সমুধে দাঁড়াইয়া থাকিবে, আর যতক্ষণ না তাঁহারা বসিতে অন্তর্মতি করেন, ততক্ষণ বসিবে না।

মাতরং পিতরং পূত্রং দারানতিথিদোদরান্।
হিছা গৃহী ন ভূঞীয়াৎ প্রাণে: কণ্ঠগতৈরপি ॥
বঞ্চীত্বা গুরুন্ বন্ধুন্ যো ভূঙ্জে স্বোদরভবঃ।
ইহৈব লোকে গর্হোখনৌ পরত্র নারকী ভবেৎ ॥

—মাতা, পিতা, পুত্র, পত্নী, ভ্রাতা, অতিথিকে ভোজন না করাইয়া যে গৃহী ব্যক্তি নিজের উদরপূরণ করে, দে পাপ করিতেছে।

জনস্থা বর্ধিতো দেহো জনকেন প্রবোজিত:।
স্বজনৈ: শিক্ষিত: প্রীত্যা সোহধমন্তান্ পরিত্যক্তে ॥
এবামর্থে মহেশানি রুত্বা কট্টশতাম্যণি।
প্রীণয়েৎ সততং শক্ত্যা ধর্মো হেব সনাতন:॥
*

পিতামান্তা হইতেই এই শরীর উৎপন্ন হইরাছে, অতএব শত শত কট্ট কার করিয়াও তাঁহাদের প্রীতিসাধন করা উচিত।

ন ভার্যান্তাড়েরের কালি মাত্রর পালয়ের লা।

ন ভ্যজের ঘোরকটেইলি বদি সাধনী পতিরভা।

হিতের স্বীয়দারের জিয়মন্তাং ন সংস্পৃশের।

ছেটেন চেতদা বিধান অন্তথা নারকী ভবের।

বিরলে শয়নং বাসং ভ্যজের প্রাক্তঃ পরজিয়া।

অর্ক্তভারণক্ষৈব জিয়ং শৌর্ষং ন দর্শয়ের।

ধনেন বাদদা প্রেয়া শ্রন্ধামৃতভারণৈ:।

সভতং ভোষয়েন্দারান্ নাপ্রিয়ং কচিদাচরের।

বিশাররে মহেশানি তুটা ভার্যা পতিরভা।

সর্বো ধর্মঃ ক্রতন্তেন ভবতি প্রিয় এব সং॥

বি

—ভাষার প্রতিও গৃহত্বের অন্তর্মণ কর্তব্য আছে: গৃহী ব্যক্তি পদ্মীকে ধনও তাড়না করিবে না, তাঁহাকে সর্বদা মাতৃবং পালন করিবে, আদ্ম ধদি ভনি দাধনী ও পতিব্রতা হন, তবে ঘোর কটে পতিত হইলেও তাঁহাকে ঢাগ করিবে না। বিঘান্ ব্যক্তি নিজ পদ্মী বর্তমানে অন্ত ত্রীকে ত্রীভাবে স্পর্দ বিবেন না। এরপ করিলে নরকে যাইতে হয়। প্রাক্ত পরত্রীর হিত নির্জনে শহন বা বাস করিবেন না। ত্রীলোকের সম্প্রে অশিষ্ট বাক্য হয়ে। প্রক্রান না এবং নিজের বাহাত্রিও দেখাইবেন না। ধন, বত্র, প্রান্ধ, বিশ্বাস ও অন্তত্ন্য বাক্য ঘারা দর্বদা পদ্মীর সজোব বিধান বিবেন, কথনও তাঁহার কোনত্রপ অপ্রিয় আচরণ করিবেন না। হে পার্বতি, ব ব্যক্তির উপর পতিব্রতা ভার্যা তুইা থাকেন, তিনি সমৃদ্য ধর্মই আচরণ বিরাক্তেম এবং তিনি ভোমার প্রিয়।

চতুর্ববিধি স্থান্ লালয়েৎ পালয়েৎ পিতা। ডজঃ বোড়শপর্যভঃ গুণান্ বিভাঞ্ শিক্ষেৎ॥ বিংশত্যকাধিকান্ পুত্রান্ প্রেবরেদ্ গৃহকর্মস্থ।
ততন্তাংশুল্যভাবেন মন্থা স্নেহং প্রদর্শরেৎ ॥
কল্যাপ্যেবং পালনীয়া শিক্ষণীয়াতিষত্বতঃ।
দেয়া বরায় বিহুষে ধনরত্বসমন্বিতা ॥ '

—প্ত্রকভার প্রতি গৃহন্থের কর্তব্য এইরূপ: চারি বর্ষ বয়স পর্যন্ত প্ত্রগণরে লালনপালন করিবে, পরে ধোড়শ বর্ষ পর্যন্ত নানাবিধ সদ্পুণ ও বিল শিক্ষা দিবে। বিংশতি বর্ষ বয়স পর্যন্ত তাহাদিগকে গৃহকর্মে প্রেরণ করিবে, তারপর আত্মত্ব্য বিবেচনা করিয়া তাহাদের প্রতি স্নেহ প্রদর্শন করিবে। এইরূপে কন্তাকেও পালন করিতে হইবে, অতি যত্বপূর্বক শিক্ষা দিতে হইবে, এবং ধনরত্বের সহিত বিদ্বান্ বরকে সম্প্রদান করিতে হইবে।

এবংক্রমেণ লাভ ৄংশ্চ স্বস্থ্রাভূস্থভানপি।
ভাতীন্ মিত্রাণি ভূত্যাংশ্চ পালয়েভোষয়েদ্ গৃহী॥
ভভঃ স্বর্ধনিরভানেকগ্রামনিবাসিন:।
স্বভ্যাগভাস্থাসীনান্ গৃহস্থঃ পরিপালয়েৎ॥
বভেবং নাচরেদ্দেবি গৃহস্থো বিভবে সভি।
পশুরেব স বিজ্ঞায়ঃ স পাপী লোকগাইভঃ॥
ব

—গৃহী ব্যক্তি এইরপে ভ্রাতা-ভগিনী, ভ্রাতৃপুত্র, ভাগিনেয়, জ্ঞাতি, বর্
ও ভৃত্যগণকে প্রতিপালন এবং তাহাদের সন্তোষবিধান করিবেন। তারপর
গৃহস্থ ব্যক্তি স্বধর্মনিরত, একগ্রামবাসী, অভ্যাগত ও উদাসীনগণকে প্রতিপালন
করিবেন। হে দেবি! বিভব সত্তেও যদি গৃহস্থ এরপ শাচরণ না করেন,
তবে তাঁহাকে পশু বলিয়া জানিতে হইবে; তিনি লোকসমাজে নিন্দনীর
ও পাপী।

নিজালতাং দেহবত্বং কেশবিক্যাসমেব চ।
আসক্তিমশনে বজে নাতিরিক্তং সমাচরেৎ ॥
যুক্তাহারো যুক্তনিজো মিতবাদ্মিতমৈথুনা।
সক্ষো নম্রঃ শুচিদক্ষো যুক্তঃ ভাৎ সর্বকর্মস্থ ॥
**

> 3-486-84 5 3-4184-6. 6 3-4167-45

-গৃহী ব্যক্তি অভিরিক্ত নিজা, আকস্ত, দেহের বৃদ্ধ, কেশবিফাস এবং শেনবসনে আসক্তি ভ্যাগ করিবে। গৃহী ব্যক্তি আহার, নিজা, বাক্য, মধ্ন-এ-সকলই পরিমিভভাবে করিবে। গৃহত্ব অকপট, নম্র, বাহিরে মন্তরে শৌচসম্পন্ন, সকল কর্মে উজোগী ও নিপুণ হইবে।

শ্র: শত্রো বিনীতঃ স্থাৎ বান্ধবে গুরুসরিধো ।'

—গৃহী ব্যক্তি শত্রুর সমক্ষে শৌর্ষ বীর্ষ অবলম্বন করিবে এবং গুরু ও বন্ধুগণের মিনিপ বিনীত থাকিবে।

শক্রগণকে বীর্ষপ্রকাশ করিয়া শাসন করিতে হইবে। ইহা গৃহত্বের মবশু কর্তবা। গৃহস্থ ঘরের এককোণে বসিয়া কাঁদিবে না, অপ্রতিকার-বিষয়ক বাজে কথা বলিবে না। গৃহস্থ যদি শক্রগণের নিকট শৌর্য প্রদর্শন না করে, তাহা হইলে তাহার কর্তব্যের অবহেলা করা হয়। কিন্তু বন্ধুবান্ধর, মাজীয়গ্রজন ও গুরুর নিকট তাহাকে মেষতৃল্য শাস্ত নিরীহ ভাব অবলম্বন চরিতে হইবে।

জুগুপিতান্ ন মন্তেত নাবমন্তেত মানিন: । र

নিন্দিত অসং ব্যক্তিদিগকে সমান দিবে না এবং সম্মানের যোগ্য যক্তিগণের অবমাননা করিবে না।

অসৎ ব্যক্তিকে সম্মান প্রদর্শন করা গৃহীর কর্তব্য নয়; কারণ তাহাতে মদন্বিয়েরই প্রশ্রেয় দেওয়া হয়। আবার ধাহারা সম্মানের যোগ্য, তাঁহা-দিগকে যদি গৃহস্থ সম্মান না করেন, তাহাও তাঁহার পক্ষে মহা অক্সায়।

> সৌহার্দ্যং ব্যবহারাংশ্চ প্রবৃত্তিং প্রকৃতিং নৃণাম্। সহবাদেন তকৈশ্চ বিদিদ্যা বিশ্বসেম্ভতঃ ॥°

—একঅবাস ও সবিশেষ পর্যালোচনা দ্বারা লোকের বন্ধুত্ব, ব্যবহার, প্রবৃত্তি ৪ প্রকৃতি জানিয়া তবে ভাহাদের উপর বিখাস করিবে।

গৃহস্থ যে-কোন ব্যক্তির সঙ্গে বন্ধুত্ব করিবে না, বেধানে সেধানে যাইয়া লাকের সঙ্গে হঠাৎ বন্ধুত্ব করিবে না। প্রথমতঃ যাহাদের সঙ্গে বন্ধুত্ব করিতে

⁸⁹¹⁴⁻E 0 6914-E 5 6914-E 6

ইচ্ছা, তাঁহাদের কার্যকলাপ ও অক্সান্ত ব্যক্তিদের সহিত তাঁহাদের ব্যবহার বিশেষরূপে পর্যবেক্ষণ করিয়া, সেইগুলি বিচারপূর্বক আলোচনা করিয় তারপর বন্ধুত্ব করা উচিত।

> স্বীয়ং বশং পৌরুষঞ্চ গুপ্তয়ে কথিতঞ্চ ষং। কৃতং যতৃপকারায় ধর্মজ্ঞোন প্রকাশয়েং॥

—গৃহস্থ তিনটি বিষয়ে কিছু বলিবেন না। নিজ ষশ ও পৌক্ষের বিষয়,
অপরের কথিত গুপ্ত কথা এবং অপরের উপকারার্থ তিনি যাহা করিয়াছেন
তাহা সাধারণের নিকট প্রকাশ করিবেন না।

গৃহত্বের নিজেকে দরিত্র বা ধনী কিছুই বলা উচিত নয়। তাঁহার নিজের ধনের গর্ব করা উচিত নয়। ঐ বিষয় তাঁহার গোপনে রাখা উচিত। ইহাই তাঁহার ধর্ম। ইহা শুধু সাংসারিক বিজ্ঞতা নয়; যদি কেহ এরপ না করে, তবে তাঁহাকে তুর্নীতিপরায়ণ বলা যাইতে পারে।

গৃহস্থই সমগ্র সমাজের মৃলভিত্তি ও অবলম্বন, তিনিই প্রধান ধনোপার্জনকারী। দরিত্র ও তুর্বল, এবং বালক-বালিকা ও স্ত্রীলোক—মাহারা
(বাহিরের) কোন কার্য করে না—সকলেই গৃহস্থের উপর নির্ভর করিতেছে।
অতএব গৃহস্থকে কতকগুলি কর্তব্য সাধন করিতে হইবে, এবং সেই কর্তব্যগুলি
এমন হওয়া উচিত, যেন সেগুলি সাধন করিতে করিতে তিনি দিন দিন নিজ্
স্থান্য শক্তির বিকাশ অমুভব করেন, এবং এরপ মনে না করের যে তিনি
নিজ আদর্শ অমুধায়ী কার্য করিতেছেন না। এই কারণে—

জুগুন্সিতপ্রবৃত্তী চ নিশ্চিতেহপি পরাজয়ে। গুরুণা লঘুনা চাপি ষশন্বী ন বিবাদয়েৎ ॥

— যদি গৃহস্থ কোন অন্তায় বা নিন্দিত কার্য করিয়া ফেলে অথবা এমন কোন ব্যাপারে নিযুক্ত হয়, যাহাতে সে জানে নিশ্চয় অক্বডকার্য হইবে, সে-বিষয়ও তাহার দাধারণের নিকট প্রকাশ করা উচিত নয়। এইক্লগে আত্মদোষ-প্রকাশের কোন প্রয়োজন তো নাই-ই, অধিকন্ত উহাতে নিক্ষৎসাং লাসিরা ভাহাকে বথাবধ ক্র্তব্য করিছে বাধা দের। সে যে অস্তার করিরাছে, সেজস্ত ভাহাকে ভূগিভেই হুইবে, ভাহাকে পুনরার চেটা করিতে হুইবে, যাহাতে সে ভাল করিতে পারে। জগৎ সর্বদা শক্তিমান্ ও দৃঢ়চিত্ত ব্যক্তিদিগের প্রতিই সহাহভূতি প্রকাশ করিয়া থাকে।

গৃহস্থকে প্রথমতঃ জ্ঞান, বিতীয়তঃ ধন উপার্বনের জন্ম প্রাণপণ চেষ্টা করিতে হইবে। ইহাই তাহার কর্তব্য, আর গৃহস্থ বদি তাহার এই কর্তব্য পালন না করে, তাহাকে তো মাহুষ বলিয়াই গণনা করা যাইতে পারে না। বদি কোন গৃহস্থ অর্থোপার্জনের চেষ্টা না করে, তাহাকে ছ্নীভিপরায়ণ বলিতে হইবে। যদি সে অলসভাবে জীবন্যাপন করে এবং তাহাতেই সম্ভষ্ট থাকে, তাহাকে অনংপ্রকৃতি বলিতে হইবে, কারণ তাহার উপর শত শত ব্যক্তি নির্ভর করিতেছে। যদি সে বথেষ্ট ধন উপার্জন করে, তবে তাহাতে শত শত ব্যক্তির করিতেছে। যদি সে বথেষ্ট ধন উপার্জন করে, তবে তাহাতে শত শত ব্যক্তির ভরণপোষণ হইবে।

যদি এই শহরে শত শত ব্যক্তি ধনী হইবার চেটা করিয়া ধনী না হইতেন, ভাহা হইলে এই সভ্যতা—দরিস্রালয় ও বড় বড় বাড়ি কোথায় থাকিত ?

এক্ষেত্রে অর্থোপান্তন অস্থায় নয়, কারণ ঐ অর্থ বিতরণের অস্ত্র। গৃহস্থই জীবন ও সমাজের কৈন্ত্র। অর্থোপার্জন ও সৎকার্যে অর্থবায় করা তাঁহার পক্ষে উপাসনা, কারণ যে-গৃহস্থ সত্থায়ে ও সত্ত্বেশু ধনী হইবার চেষ্টা করিতেছেন—সন্ন্যাসী নিজ কুটিরে বিসিয়া উপাসনা করিলে উহা যেমন তাঁহার মৃক্ষিলাভের সহায়ভা হয়—সেই গৃহস্থেরও ঠিক তাহাই হইয়া থাকে; যেহেতু উভয়ের মধ্যেই আমরা ঈশব ও তাঁহার সবকিছুর উপর ভক্ষিভাব-প্রণোদিত আত্মসমর্পণ ও ত্যাগরূপ একই ধর্মভাবের বিভিন্ন বিকাশ মাত্র দেখিতেছি।

বিভাধনযশোধর্মান্ যতমান উপার্জয়েৎ ব্যসন্থাসতাং সঙ্গং মিথ্যা জোহং পরিভ্যজেৎ ॥*

-- গৃহস্থ বত্বপূর্বক বিভা, ধন, ষশ, ধর্ম উপার্জন করিবে এবং ব্যসন (মৃত-

e & vier

ক্রীড়াদি), অসংসঙ্গ, সিধ্যাবাক্য ও হিংসা, অনিষ্টাচরণ বা শক্ষতা পরিত্যাগ করিবে।

অনেক সময় লোকে নিজেদের সাধ্যাতীত কার্যে প্রবৃত্ত হয় এবং তাহার ফল এই হয় যে, উদ্দেশ্রসিদ্ধির জন্ম অপরকে প্রতারণা করিয়া থাকে। আবার

> অবস্থাহগতাশ্চেষ্টা সময়াহগতাঃ ক্রিয়াঃ। তত্মাদবস্থাং সময়ং বীক্ষ্য কর্ম সমাচরেৎ॥

— চেষ্টা অবস্থার অন্থগত এবং ক্রিয়া সময়ের অন্থগত। অতএব অবস্থা ও সময় অন্থগারেই কর্ম করিবে। সকল বিষয়েই এই 'সময়ের' দিকে বিশেষ দৃষ্টি রাখিতে হইবে। এক সময় বাহা বিফল হইল, আর এক সময়ে হয়তো ভাহাতে প্রচুর সাফল্য লাভ হইল।

সভ্যং মৃত্ প্রিয়ং ধীরো বাক্যং হিডকরং বদেৎ।
আত্মোৎকর্মস্তথা নিন্দাং পরেষাং পরিবর্জয়েৎ॥

—ধীর গৃহস্থ ব্যক্তি সভ্য মৃত্ প্রিয় ও হিতকর বাক্য বলিবেন। ভিনি নিজের যশ খ্যাপন করিবেন না এবং পরনিন্দা পরিভ্যাগ করিবেন।

> জলাশয়াশ্চ বৃক্ষাশ্চ বিশ্রামগৃহমধ্বনি। দেতু: প্রতিষ্ঠিতো যেন তেন লোকত্ত্বয়ং জিতম্॥°

—বে ব্যক্তি জলাশর-থনন, বৃক্ষরোপণ, পথিমধ্যে বিশ্লাম-গৃহ ও সেতু নির্মাণ করিয়া দাধারণের জন্ম উৎসর্গ করেন, তিনি ত্রিভূবন জয় করিয়া থাকেন। বড় বড় যোগিগণ যে পদ প্রাপ্ত হন, তিনিও এই-সকল কর্ম করিয়া সেই পদলাভের দিকেই অগ্রসর হইতে থাকেন।

ইহাই কর্মযোগের এক অংশ—গৃহস্থের কর্তব্য ও কাজকর্ম। উক্ত তত্ত্বগ্রন্থেই আর কিছু পরে অপর একটি শ্লোক দৃষ্ট হয়:

> ন বিভেতি রণাদ্ যো বৈ সংগ্রামেহপ্যপরাজ্মখঃ। ধর্মযুদ্ধে মৃতো বাপি তেন লোকত্তমং জিতম্ ॥

১ वे, ४१६० २ वे, ४१७५ ७ वे, ४१७७ 8 वे, ४१७१

নিধি মুক্তে ভর পান না, বিনি সংগ্রামে অপরাজ্য বা বিনি ধর্ম মৃত্
ন, তিনি জিতুবন জয় করেন। যদি সদেশের বা স্বর্ধের জন্ত মৃত্ত করিয়া
হন্থের মৃত্যু হয়—বোগিগণ ধ্যানের দারা যে পদ লাভ করেন, তিনিও সেই
দ লাভ করিয়া থাকেন। ইহাতে স্পষ্ট দেখাইতেছে যে, একজনের
কে যাহা কর্তব্য, অপরের পক্ষে তাহা কর্তব্য নয়; পরত্ত শাল্প কোনটিকেই
নি বা উরত বলিতেছেন না। বিভিন্ন দেশ-কাল-পাত্রে বিভিন্ন কর্তব্য
হিয়াছে এবং আমরা যে অবস্থায় রহিয়াছি, আমাদিগকে তত্পযোগী কর্তব্য
লিন করিতে হইবে।

এই সমৃদয় আলোচনা হইতে এই একটি ভাব পাওয়া ষাইতেছে ষে, বিলভামাত্রই সর্বথা স্থাগ্য ও পরিভ্যাজ্য। আমাদের দর্শন, ধর্ম বা কর্মের ভিতর—আই বিশেষ ভাবটি আমি বি পছন্দ করি। যদি ভোমরা বেদ পাঠ কর, দেখিবে—ভাহাতে 'অভয়' দেটি বার বার উক্ত হইয়াছে। কোন কিছুকেই ভয় করিও না—ভয় ব্রলভার চিহ্ন। এই ত্র্বলভাই মাহুষকে ভগবানের পথ হইতে বিচ্যুত করিয়া বানা পাপ-কর্মে টানিয়া লয়। স্কুতরাং জগতের স্থাণা ও উপহাসের দিকে মাদে লক্ষ্য না রাখিয়া অকুভোভয়ে নিজ কর্তব্য করিয়া যাইতে হইবে।

ষদি কেহ সংসার হটুতে দ্বে থাকিয়া ঈশবের উপাসনা করিতে যান,
চাঁহার এরপ ভাবা উচিত নয় যে, যাঁহারা সংসারে থাকিয়া জগতের হিত-চেষ্টা
ফরিতেছেন, তাঁহারা ঈশবের উপাসনা করিতেছেন না; আবার যাঁহারা
মী-পুলাদির জ্ঞা সংসারে রহিয়াছেন, তাঁহারা যেন সংসারত্যাগীদিগকে নীচ
তব্যুরে মনে না করেন। নিজ নিজ ক্ষেত্রে প্রত্যেকেই মহান্। এই বিষয়টি
মামি একটি গল্প ছারা বুঝাইব।

কোন দেশে এক রাজা ছিলেন। তাঁহার রাজ্যে সমাগত সকল সাধ্দলাদীকেই তিনি জিজ্ঞাদা করিতেন, 'যে সংসার ত্যাগ করিয়া সন্মাস গ্রহণ করে
দে বড, না যে গৃহে থাকিয়া গৃহস্থের সমৃদয় কর্তব্য করিয়া যায় সে-ই বড়?'
অনেক বিজ্ঞালোক এই সমস্তা মীমাংসা করিবার চেটা করিলেন। কেহ কেহ
শলিলেন, 'সন্মাদী বড়'। রাজা এই বাক্যের প্রমাণ চাহিলেন। যথন তাঁহারা
প্রমাণ দিতে অক্ষম হইলেন, তথন রাজা তাঁহাদিগকে বিবাহ করিয়া গৃহস্থ
ইইবার আদেশ দিলেন। আবার অনেকে আদিয়া বলিলেন, 'স্থর্মপরায়ণ

গৃহস্থই বড়।' রাজা. তাহাদের নিকটও প্রমাণ চাহিলেন। যথন তাঁহা প্রমাণ দিতে পারিলেন না, তথন তাঁহাদিগকেও তিনি গৃহস্থ করিয়া নি রাজ্যে বাদ করাইলেন।

অবশেবে আদিলেন এক যুবা সন্ত্যানী; রাজা তাঁহাকেও এক্পণ প্র করাতে সন্থানী বলিলেন, 'হে রাজন্, নিজ নিজ কর্মক্ষেত্রে প্রত্যেকেই বড রাজা বলিলেন, 'এ-কথা প্রমাণ করুন।' সন্থানী বলিলেন, 'হাঁ, আমি প্রমাকরিব; তবে আহ্বন, কিছুদিন আপনাকে আমার মতো থাকিতে হইবে, তবে যাহা বলিয়াছি, তাহা আপনার নিকট প্রমাণ করিতে পারিব।' রাজা দশ হইলেন এবং সন্থানীর অহুগামী হইয়া রাজ্যের পর রাজ্য অভিক্রম করি আর এক বড রাজ্যে উপস্থিত হইলেন। সেই রাজ্যের রাজধানীতে তথ্
এক মহাসমারোহ-ব্যাপার চলিতেছিল। রাজা ও সন্থানী ঢাক ও অল্লা নানাপ্রকার বাজধনি এবং ঘোষণাকারীদের চিৎকার শুনিতে পাইলেন পথে লোকেরা স্থাজ্জিত হইয়া কাতারে কাতারে দাঁড়াইয়া আছে—আ ঢেঁটরা পেটা হইভেছে। রাজা ও সন্থানী দাঁড়াইয়া দেখিতে লাগিলে ব্যাপারটা কি। ঘোষণাকারী চিৎকার করিয়া বলিতেছিল, 'এই দেশে রাজকন্তা স্থম্বরা হইবেন।'

ভারতে প্রাচীনকাল হইতেই এইরূপে রাজকভাগণের স্বয়্বরা ছইনা প্রথা প্রচলিত ছিল। কিরূপ বর মনোনীত করিবেন, সে সম্বন্ধে প্রত্যেরাজকভারই বিশেষ নিজস্ব ভাব ও ধারণা ছিল। কাহারও ভাব—বর মে পরম স্থলর হয়, কাহারও আকাজ্জা কেবল অভিশয় বিদ্যান্ বরের, কেহ মে আবার চান খ্ব ধনী বর, ইত্যাদি। নিকটবর্তী সকল রাজ্যের রাজপুত্রগ প্রেছদ ধারণ করিয়া রাজকভার সম্ম্থীন হইতেন। কথন কথ তাহাদেরও ঘোষণাকারী থাকিত; সে রাজপুত্রের গুণাবলী, কি কার্য় তিনি রাজকভার মনোনীত হইবার যোগ্য পাত্র—তাহা বর্ণনা করিত সিংহাসনে সমাসীনা স্থাজ্জতা রাজকভাকে সভার চতুর্দিকে বহন কর্মি লইয়া যাওয়া হইত; তিনি সমবেত রাজপুত্রগণের এক একজনের দিতে ভাকাইয়া দেখিতেন, এবং কে কিরূপ গুণবান্ তাহা শুনিতেন। এইয় দেখিয়া ও শুনিয়া যদি সম্ভট না হইতেন, তিনি বাহকদিগকে বলিতে 'আগাইয়া চল'; তথন সেই প্রত্যাখ্যাত পাণিপ্রার্থীদের দিকে আর মে

নিয়াও দেখিত না। কিন্তু ইহাদের মধ্যে কেহ বদি রাজকন্তার মনোমত তেন, তবে রাজকন্তা তাঁহার গলদেশে বরমাল্য অর্পণ করিতেন এবং তিনিই জকন্তার স্বামী হইতেন।

সিংহাসনে সমাসীনা বাজকতা সভায় প্রবেশ করিলেন এবং বাহকগণ হাকে সভামধ্যে ভিন্ন ভিন্ন স্থানে লইয়া যাইতে লাগিলেন। রাজকন্তা াহারও দিকে জ্রক্ষেপ করিলেন না। এবারেও সম্বন্ধর-সভা পূর্ব পূর্ব বারের তা ব্যর্থ হইবে ভাবিয়া সকলেই নিরুৎসাহ হইতে লাগিল। এমন সময় ক যুবা সন্ন্যাসী সেধানে আসিয়া উপস্থিত হইলেন ; তাঁহার রূপের প্রভা থিযা বোধ হইল যেন স্বয়ং স্থাদেব আকাশমাৰ্গ ছাড়িয়া ধরাতলে বতীর্ণ হইয়াছেন এবং সভার এককোণে দাঁডাইয়া দেখিতেছেন—কি ইতেছে। রাজক্যাসহ সেই সিংহাসন তাঁহার নিকটবর্ডী হইল। বাজক্যা াই পর্মরূপবান্ সন্ন্যাসীকে দেখিবামাত্র বাহকদিগকে থামিতে বলিয়া সন্ন্যাসীর লদেশে বরমাল্য অর্পণ করিলেন। যুবা সন্ন্যাসী মালা ছুঁড়িয়া ফেলিয়া দিলেন ও লিতে লাগিলেন, 'এ কি নিৰু দ্বিতা! আমি সন্ন্যাসী, আমার পক্ষে বিবাহের র্থ কি ?' সেই দেশের রাজা মনে করিলেন, লোকটি বোধ হয় দরিদ্র, সেইজ্ঞ াৰক্সাকে বিবাহ করিতে সাহস করিতেছে না; অতএব তিনি বলিলেন, দামার কন্তার দহিত তুমি এখনই অর্ধেক রাজত্ব পাইবে এবং আমার মৃত্যুর র সমগ্র রাজ্য।' এই বলিয়া সন্ন্যাসীর গুলায় আবার মালা পরাইয়া দিলেন। কি বাজে কথা। আমি বিবাহ করিতে চাই না, তবু এ কি ?' বলিয়া সন্ন্যাসী নিরায় মালা ফেলিয়া দিয়া জ্রুতপদে সেই সভা হইতে প্রস্থান করিলেন।

এদিকে এই ব্ৰক্টির প্রতি রাজকন্তা এতদ্ব অন্তর্গ হইরাছিলেন । তিনি বলিলেন, 'হর আমি ইহাকে বিবাহ করিব, নতুবা মরিব।' বাজকর তাঁহাকে ফিরাইয়া আনিবার জন্ত তাঁহার অন্তর্গন করিলেন। তারণ আমাদের সেই অপর সন্ন্যাসী—ফিনি রাজাকে সেখানে আনিয়াছিলেন-বলিলেন, 'চল্ন বাজা, আমরা এই ত্ইজনের অন্তর্গমন করি।' এই বলির তাঁহারা অনেকটা দ্বে দ্বে থাকিয়া তাঁহাদের পিছনে পিছনে চলিছে লাগিলেন। যে-সন্মানী রাজকুমারীর পাণিগ্রহণে অসমত হইয়াছিলেন, তিরিরাজধানী হইতে বাহির হইয়া কয়েক ক্রোণ গ্রামের মধ্য দিয়া চলিজে চলিছে এক বনে প্রবেশ করিলেন, রাজকন্তা তাঁহার অন্তর্গমন করিলেন; অপর তুইজনও তাঁহাদের পিছনে পিছনে চলিলেন।

এই যুবা সন্ন্যাসী ঐ বনটিকে ভালভাবেই জানিতেন; উহার কোণা কি আঁকাবাঁকা পথ আছে, সৰ জানিতেন। সন্ধ্যা-সমাগমে হঠাং তিনি এইরা একটি জটিল পথে প্রবেশ করিয়া একেবারে অন্তর্হিত হইলেন। রাজকর তাঁহার আর কোন সন্ধান পাইলেন না। অনেকক্ষণ ধরিয়া তাঁহাকে খুঁজিয় তিনি একটি বৃক্ষতলে বসিয়া কাঁদিতে লাগিলেন, কারণ তিনি সেই বন হইছে বাহিরে আসিবার পথ জানিতেন না। তথন সেই রাজা ও অপর সন্মানী তাঁহার নিকট আসিয়া বলিলেন, 'কাঁদিও না, আমরা তোমাকে এই বনে বাহিরে যাইবার পথ দেখাইয়া দিব। কিন্তু এখন অন্ধ্কার বেরূপ গাঢ় তাহাতে পথ বাহির করা বড় কঠিন, এই একটা বড় গাছ রহিয়াছে; এর আন্ধ আমরা ইহার তলায় বিশ্রাম করি। প্রভাতে তোমাকে বাহির হইবার পথ দেখাইয়া দিব।'

সেই গাছে এক পাথির বাদা ছিল। তাহাতে একট ছোট পাথি, পকিনী ও তাহাদের তিনট ছোট ছোট শাবক থাকিত। ছোট পাথিট নীচের দিনে চাহিয়া গাছের তলায় তিনজন লোককে দেখিল এবং পক্ষিণীকে বলিল, 'দেখ কি করা যায়? আমাদের ঘরে কয়েকজন অতিথি আসিয়াছেন—শীতকাল আব আমাদের নিকট আগুনও নাই।' এই বলিয়া সে উড়িয়া গেল, ঠোট করিয়া একখণ্ড জলম্ভ কাঠ লইয়া আসিল এবং উহা ভাহার অতিথিগণে সমূপে কেলিয়া দিল। তাঁহারা সেই অগ্নিখণ্ডে কাঠকুটা দিয়া বেশ আগুন

বিশ্ব পরিলেন। কিন্তু পাধিটির তাহাতেও ভৃথি হইল না। সে তাহার জীকে বলিল, 'প্রিয়ে, আমরা কি করি? ইহাদিগকে থাইতে দিবার মডোক ছুই তো আমাদের ঘরে নাই; কিন্তু ইহারা ক্থার্ড, আর আমরা গৃহস্থ, রে বে-কেহ আসিবে, তাহাকেই থাইতে দেওয়া আমাদের কর্তব্য। আমি নিকে বতদ্র পারি করিব। ইহাদিগকে আমি আমার শরীরটাই দিব।' এই দিরা সে উড়িয়া গিয়া বেগে সেই অয়ির মধ্যে পড়িল ও মরিয়া পেল। মতিথিরা তাহাকে পড়িতে দেখিলেন, এবং তাহাকে বাঁচাইবার যথাসাধ্য চেষ্টা করিলেন, কিন্তু সে এত জ্রুত আসিয়া আগুনে পড়িল বে, তাঁহারা বাচাইতে পারিলেন না।

পক্ষিণী তাহার স্বামীর কার্য দেখিয়া মনে মনে বলিল, 'এঁরা তিনজন বহিয়াছেন, তাঁহাদের খাইবার জন্ম মাত্র একটি ছোট পাখি! ইহা যথেষ্ট নয়। ত্রীর কর্ডব্য — স্বামীর কোন উত্তম বিফল হইতে না দেওয়া। অতএব আমার দ্রীরও ইহাদের জন্ম উৎসর্গ করি।' এই বলিয়া সেও আগতনে ঝাঁপ দিল এবং পুডিয়া মরিয়া গেল।

শাবক-তিনটি সবই দেখিল, কিন্তু ইহাতেও তিনজনের পর্যাপ্ত খাছ হয নাই দেখিয়া বলিল, 'আমাদের পিতামাতা ষতদ্ব সাধ্য করিলেন, কিন্তু তাহাও তো ষথেষ্ট হইল না। পিতামাতার কার্য সম্পূর্ণ করিতে চেষ্টা করা সম্ভানের কর্তব্য; অতএব আমাদের শরীরও এই উদ্দেশ্যে সমর্পিত হউক' —এই বলিয়া তাহারাও সকলে মিলিয়া অগ্নিতে ঝাঁপ দিল।

ঐ তিন ব্যক্তি যাহা দেখিলেন, তাহাতে আশ্চর্য হইয়া গেলেন, কিন্তু পাথিগুলিকে থাইতে পারিলেন না। কোনরূপে তাঁহারা অনাহারে রাত্রিযাপন করিলেন। প্রভাত হইলে রাজা ও সন্মাসী সেই রাজক্ত্যাকে পথ
দেখাইয়া দিলেন, এবং তিনি তাঁহার পিতার নিকট ফিরিয়া গেলেন।

তথন সন্ন্যাসী রাজাকে সংখাধন করিয়া বলিলেন, 'রাজন্, দেখিলেন তো নিজ নিজ ক্ষেত্রে প্রত্যেকেই বড়। যদি সংসারে থাকিতে চান, তবে ঐ পাথিদের মতো প্রতিমূহুর্তে পরার্থে নিজেকে উৎসর্গ করিবার জন্ম প্রস্তুত ইয়া থাকুন। আর যদি সংসারত্যাগ করিতে চান, তবে ঐ যুবকের মতোঃ হউন, যাহার পক্ষে পরমাস্থলরী যুবতী ও রাজ্য অতি তুচ্ছ মনে হইয়াছিল।
যদি গৃহস্থ হইতে চান, তবে আপনার জীবন দ্র্বদা অপরের কল্যাণের জ্ঞা
উৎসর্গ করিতে প্রস্তুত থাকুন। আর যদি আপনি ত্যাগের জীবনই বাছিয়া
লন, তবে সৌন্দর্য ঐশ্বর্য ও ক্ষমতার দিকে মোটেই দৃষ্টিপাত করিবেন না।
প্রত্যেকেই নিজ নিজ কর্মক্ষেত্রে বড়, কিন্তু একজনের যাহা কর্তব্য, তাহা
অপরজনের কর্তব্য নয়।

শরীরগত অভাব পূরণ করিয়া অপরকে সাহায্য করা মহৎ কর্ম বটে, কিন্তু অভাব ষত অধিক এবং দাহাষ্য ষত স্থদ্বপ্রদারী, উপকারও তত মহন্তর। যদি এক ঘণ্টার জন্ম কোন ব্যক্তির অভাব দূর করিতে পারা যায়, অবশ্রই ভাহার উপকার করা হইল; যদি এক বংসরের জন্ম ভাহার অভাব দূর করিতে পারা যায়, ভবে ভাহা অধিকতর উপকার; আর যদি চিরকালের জন্য অভাব দূর করিতে পারা যায়, তবে তাহাই মাহুষের শ্রেষ্ঠ উপকার। একমাত্র অধ্যাত্মজানই আমাদের সম্দয় ছ:খ চিরকালের জন্ম দ্র করিতে পারে; অভাক্ত জ্ঞান অতি অল্প সময়ের জক্ত অভাব পূরণ করে মাত্র। কেবল আত্মবিষয়ক জ্ঞান ঘারাই অভাব-বৃত্তি চিরতরে বিনষ্ট হইতে পারে; অভএব আধ্যাত্মিক সাহায্য করাই মাহুষকে সর্বশ্রেষ্ঠ সাহায্য করা। মাহুষকে বিনি পরমার্থ-জ্ঞান প্রদান করিতে পারেন, তিনিই মাহুবের শ্রেষ্ঠ উপকারক। আমরা দেখিতেও পাই, মাহুষের আধ্যাত্মিক অভাব পূরণ করিবার জন্ম বাহারা সাহাষ্য করিয়াছেন, তাঁহারাই সর্বাপেক্ষা শক্তিমান্ পুরুষ; কারণ আধ্যাত্মিকভাই আমাদের জীবনে সকল কর্মপ্রচেষ্টার প্রকৃত ভিত্তি। আধ্যাত্মিক দিক দিয়া যিনি হুস্থ ও সবল, ইচ্ছা করিলে তিনি অক্তান্ত বিষয়েও দক্ষ হইতে পারেন। ভিতরে আধ্যাত্মিক শক্তি না জাগা পর্যন্ত মাহুবের শারীরিক অভাবগুলিও ঠিক ঠিক পূর্ণ হয় না। আধ্যাত্মিক উপকারের পরই হইতেছে বৃদ্ধিবৃত্তির উন্নতি-বিষয়ে সাহায্য। অন্ন-বস্ত্রদান অপেকা জ্ঞানদান উচ্চতর,—প্রাণদান অপেকাও উহা মহৎ, কারণ জ্ঞানই মাহবের প্রকৃত জীবন। অজ্ঞান মৃত্যুতুলা; জ্ঞানই জীবন। জীবন যদি অন্ধকারে কাটাইতে হয়—অজ্ঞান ও তু:থের মধ্য দিয়া চলাই ৰদি জীবন হয়, তবে জীবনের কোন মূল্যই নাই। ইহার পর অবশ্র শারীরিক অভাব পূরণে সাহাষ্য করার স্থান। অতএব অপরকে সাহায্য করার বিষয় বিচার করিবার সময় আমরা যেন এই ভ্রমে পভিত না হই যে, শারীরিক দাহায্যই একমাত্র দাহায্য। শারীরিক দাহাষ্যের স্থান ওধু দর্বশেষে নয়—দর্বনিয়েও, কারণ ইছা স্থায়ী ভৃপ্তি দিডে পারে না। ক্থার্ড হইলে বে কট পাই, থাইলেই তাহা চলিয়া বার; কিছ
ক্থা আবার ফিরিয়া আদে। তৃঃথ তথনই, নিবৃত্ত হইবে, বধন আমার
স্ববিধ অভাব দূর হইবে। তথন ক্থা আমাকে কট দিতে পারিবে না,
কোনরূপ তৃঃখ বা যন্ত্রণা আমাকে বিচলিত করিতে পারিবে না। অতএব
বাহা আমাদিগকে আধ্যাত্মিক-বলসম্পন্ন করে, তাহাই স্বজ্রেট উপকার;
তার পর মানসিক উপকার, তার পর শারীরিক।

কেবল শারীরিক সাহাষ্য হারা হ্লগতের হুংখ দ্র করা হার না।

যতদিন না মাহবের প্রকৃতি পরিবর্তিত হইতেছে, ততদিন এই শারীরিক

হুলাবগুলি সর্বদাই আসিবে এবং হুংখ অহুভূত হইবেই হইবে। যতই

শারীরিক সাহাষ্য কর না কেন, কোনমতেই হুংখ একেবারে দ্র হইবে না।

হুলাতের এই হুংখ-সমস্থার একমাত্র সমাধান মানবন্ধাতিকে শুদ্ধ ও পবিত্র

করা। আমরা হুগতে প্রস্ত। মাহবকে জ্ঞানালোক দাও, সকল মাহ্যুয়

পবিত্র আধ্যাত্মিক-বলসম্পন্ন ও শিক্ষিত হউক, কেবল তখনই হুলাৎ হুইতে

হুংখ নির্ত্ত হুইবে, তাহার পূর্বে নয়। দেশে প্রত্যেকটি গৃহকে আমরা দাতব্য

আশ্রমে পরিণত করিতে পারি, হাসপাতালে দেশ ছাইয়া ফেলিতে পারি,

কিন্তু যতদিন না মাহবের স্থাব বদলাইতেছে, ততদিন হুংখ-কট্ট থাকিবেই

থাকিবে।

গীতার আমরা পুনঃ পুনঃ পাঠ করি—আমাদিগকে অবিরত কর্ম করিতে ছইবে। সকল কর্মই বভাবতঃ ভালভ-মিপ্রিত। আমরা এমন কোন কর্ম করিতে পারি না, যাহা হারা কোথাও কিছু না কিছু ভাল হয়, আবার এমন কোন কর্ম হইতে পারে না, যাহা হইতে কোথাও না কোথাও কিছু অনিট হয়। প্রত্যেক কর্মই অপরিহার্যভাবে ভভাভভ-মিপ্রিত, তথাপি লাল্ল আমাদিগকে অবির্ত কর্ম করিতে বলিতেছেন। ভভাভভ উভরই নিজ নিজ ফল প্রস্বকরিবে। ভভ কর্মের ফল ভভ, অভভ কর্মের ফল অভভ হইবে; কিছু এই ভভাভভ উভরই আত্মার বন্ধন। গীতার ইহার এই মীমাংসা করা হইরাছে বে, বদি আমরা কর্মে আসক্ত না হই, তবে কর্ম আমাদের বন্ধন হইতে পারিবে না। এখন 'কর্মে অনাসক্তি' বলিতে কি ব্রায়, আমরা তাহাই ব্রিতে চেটা করিব।

শ্লীভার মূলভাব এই: নিরম্ভর কর্ম কর, কিছ ভাহাতে আসক্ত হই**ও** না। 'সংশার' শব্দের প্রায় কাছাকাছি অর্থ 'সহজাত প্রবণতা'। মনকে ষদি একটি হ্রদের সহিত তুলনা করা হয়, তবে বলা বায়—সনের মধ্যে বে-কোন ভরত্ব উঠে, তাহা প্রশমিত হইলেও একেবারে দুপ্ত হয় না, কিছ উহা চিন্তের উপর একটি দাগ বাধিয়া বায় এবং দেই ভরদটির পুনরাবির্ভাবের সম্ভাবনা থাকে। এই দাপ এবং ঐ ভরদের পুনরাবির্ভাবের সম্ভাবনার একত্র নাম--'সংস্কার'। আমরা বে-কোন কর্ম করি--আমাদের প্রভাক অঙ্গ-সঞ্চালন, আমাদের প্রত্যেক চিন্তা—চিত্তের উপর এইরূপ সংখ্যার রাখিয়াং ষায়, যথন সংস্কারগুলি উপরিভাগে থাকে না, তথনও এত প্রবল থাকে যে, তাহারা অবচেতন মনে অজ্ঞাতসারে কার্য করিতে থাকে। আমরা প্রতি মুহুর্তে ষাহা, তাহা আমাদের মনের উপর এই সংস্কার-সমষ্টির হারা নিরূপিত হয়। এই মুহুর্তে আমার 'আমি' বলিভে ষাহা বুঝায়, তাহা আমার অতীত জীবনের সংস্থার-সমষ্টির ফল মাত্র। ইহাকেই প্রকৃতপক্ষে 'চরিত্র' বলে। প্রভ্যেক ব্যক্তির চরিত্র এই সংস্কার-সমষ্টির দারা নিরূপিত হয়। বদি শুভ সংস্কারগুলি প্রবল হয়, তবে চরিত্র সৎ হয়; অসৎ সংস্কারগুলি প্রবল হইলে চরিত্র অসৎ रुप्त। यहि दर्कान वाक्ति नर्वहा यन कथा त्यांत, यन कि**छा करत, यन काक** করে, তাহার মন মন্দ সংস্কাকে পূর্ণ হইয়া যাইবে এবং ঐগুলিই অক্সাভসাকে তাহার কর্ম ও চিম্ভাকে প্রভাবিত করিবে। বান্তবিক পক্ষে এই মন্দ সংস্কার-শুলি সর্বদাই কাজ করিতেছে, স্থতরাং ইহাদের ফলও মন্দ হইবে এবং এ ব্যক্তি একটি মন্দ লোক হইয়া দাঁড়াইবে—দে এক্নপ না হইয়া পারে না। তাহার মনের এই সংস্কার-সমষ্টি মন্দ কার্য করিবার প্রবল প্রেরণা-শক্তি উৎপক্ষ করিবে। এই সংস্থারগুলির হাতে সে যন্ত্রত্ন্য হইবে, এগুলি ভাহাকে জোর করিয়া মন্দ কার্যে প্রায়ুত্ত করিবে। এইরূপে যদি কেহ ভাল বিষয় চিম্বা করে এবং ভাল কাজ করে, সংস্কারগুলির সমষ্টি ভালই হইকে এবং অফুরুপভাবে ঐগুলি অনিচ্ছা সত্ত্বেও ঐ ব্যক্তিকে সৎকার্যে প্রবৃত্ত করিবে। বখন মাহুষ এত বেশী ভাল কাজ করে এবং এত বেশী দৎ চিন্তা করে বে, অনিচ্ছাসত্ত্বেও ভাহার প্রক্রভিতে সং কার্য করিবার অদম্য ইচ্ছা জাগ্রত হয়, তখন সে কোন অস্থায় কার্য করিতে ইচ্ছা করিলেও ঐ-সকল শংস্কারের সমষ্টি-স্বরূপ ভাতার মন তাতাকে উহা করিতে দিবে না, শংস্কার- গুলিই তাহাকে মন্দ কর্ম হইতে ফিরাইয়া আনিবে; সে তথন তাহার সং সংস্কারগুলি ঘারা সম্পূর্ণরূপে প্রভাবিত হয়। যুখন এইরূপ হয়, তথনই সেই ব্যক্তির চরিত্র গঠিত হইয়াছে বলা যায়।

ষেমন কুর্ম তাহার পা ও মাথা খোলার ভিতরে গুটাইয়া রাখে,— ভাহাকে মারিয়া ফেলিভে পারো, খণ্ড খণ্ড করিয়া ফেলিভে পারো, ভণাপি পাও মাথা বাহিরে আসিবে না, তেমনি যে ব্যক্তির ইন্দ্রিয় ও প্রবৃত্তিগুলি সংযত হইয়াছে, তাহার চরিত্রও দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত হইয়াছে। সে তাহার অম্ববিদ্রিয়গুলি সংযত করিয়াছে, তাহার ইচ্ছার বিরুদ্ধে কোন কিছুই পেগুলিকে বহির্থী করিতে পারে না। এরপ নিরম্ভর সচ্চিম্ভার প্রতিক্রিয়া ষার। শুভ সংস্কারগুলি তাহার মনের উপরিভাগে সর্বদা আবর্ডিত হওয়ায় সংকর্ম করিবার প্রবণতা প্রবল হয়; ভাহার ফল এই হয় যে, আমরা ইন্দ্রিয়গুলি (জ্ঞানেন্দ্রিয়ের যন্ত্র ও স্নায়ুকেন্দ্র) জয় করিতে সমর্থ হই। এভাবেই চরিত্র প্রতিষ্ঠিত হয়, তথনই মাহ্য সত্য লাভ করিতে পারে। এরূপ লোকই চিরকালের জন্ম নিরাপদ; তাহার ঘারা কোন অন্তায় অভত কার্য সম্ভব হয় না। তাহাকে যেরূপ সঙ্গেই রাখো না কেন, ভাহার কোন বিপদের সম্ভাবনা নাই। এই সংপ্রবৃত্তি-সম্পন্ন হওয়া অপেক্ষা আরও এক উচ্চতর অবস্থা আছে—মুমুক্ষ। তোমাদের শ্বরণ রাখা উচিত যে, সকল যোগের লক্য--আত্মার মৃক্তি এবং প্রত্যেক যোগই সমভাবে একই লক্ষ্যে লইয়া যায়। বুদ্ধ প্রধানতঃ ধ্যানের ঘারা, এটি প্রার্থনা ঘারা ষে-অবস্থা লাভ করিয়াছিলেন, মাহুষ কেবল কর্মের দারাই সেই অবস্থা লাভ করিতে পারে। বুদ্ধ ছিলেন কর্মপরায়ণ জ্ঞানী, আর এটি ছিলেন ভক্ত; কিছ উভয়ে একই লক্ষ্যে উপনীত হইয়াছিলেন। এটুকুই বুঝা কঠিন। মৃক্তির অর্থ সম্পূর্ণ স্বাধীনতা—শুভ বন্ধন হইতে ধেমন, অশুভ বন্ধন হুইতেও ডেমনি মৃক্তি। সোনার শিকলও শিকল, লোহার শিকলও শিকল। আমার আঙুলে একটি কাঁটা ফুটিয়াছে, আর একটি কাঁটা ছারা ঐ কাঁটাটি তুলিয়া ফেলিলাম, ভোলা হইয়া গেলে তুটি কাঁটাই ফেলিয়া দিলাম। দিভীয় কাঁটাটি রাখিবার দরকার নাই, কারণ ছটিই ভো কাঁটা। এইরূপ অভত সংস্কারগুলি ভত সংস্কার দারা ব্যাহত করিতে হইবে। মনের মন্দ সংস্কারগুলি দ্রীভূত করিয়া সেখানে ভাল সংস্কারের তর্ম প্রবাহিত করিতে

হাংবি—বতদিন না যাহা কিছু মন্দ, তাহা প্রায় অন্তর্হিত হয় অথবা নিয়ন্ত্রিত হায়ামনের এক কোণে বনীভূত ভাবে থাকে; কিছু তারপর শুভ সংস্থারগুলিও জয় করিতে হাইবে। এরপে 'আসক্ত' কমে 'অনাসক্ত' হাইয়া বায়। কর্ম কর, কিছু ঐ কর্ম বা চিছা বেন মনের উপর কোন গভীর সংস্থার উৎপন্ন না করে। ছোট ছোট তরক আহক, পেনী ও মন্তিছ হাইতে বড় বড় কর্মতরক উৎপন্ন হাউক, কিছু তাহারা বেন আত্মার উপর গভীর সংস্থার উৎপন্ন না করে।

ইহা করিবার উপায় কি ? আমরা দেখিতে পাই, যে কার্যে আমরা আদক্ত হই, তাহারই সংস্থার থাকিয়া যায়। সারা দিনে শত শত ব্যক্তিকে দেখিয়াছি, তাহাদের মধ্যে এমন একজনকে দেখিয়াছি, যাহাকে আমি ভালবাসি। রাত্রে মথন শয়ন করিতে গেলাম, তথন আমার দৃষ্ট মুখগুলির বিষয় চিস্তা করিবার চেষ্টা করিতে পারি, কিন্তু এক মিনিটের জ্ঞা যে-মুখখানি দেখিয়াছিলাম, ঘাহাকে আমি ভালবাসি, সেই মুখখানিই আমার মনে ভাসিয়া উঠিল, আর সব মুখগুলি কোথায় অন্তর্হিত হইল! ঐ ব্যক্তির প্রতি আমার বিশেষ আদক্তিবশত: অস্তান্ত মুখগুলি অপেকা ঐ মুখখানিই আমার মনে গভীর চিহ্ন রাধিয়া গিয়াছে। শারীরিক দিক দিয়া মুখগুলি দেখার কাজ একরপই, যে মুখগুলি আমি দেখিয়াছি, সবগুলির ছবিই আমার অক্ষিজালের (Retina) উপর পড়িয়াছিল, মস্তিম্ব ঐ ছবি গ্রহণ করিয়াছিল, কিন্তু মনের উপর উহাদের প্রভাব একরূপ হয় নাই। বেশীর ভাগ মূখ হয়তো সম্পূর্ণ নৃতন ছিল; এমন সব নৃতন মুখ হয়তো দেখিয়াছি, যেগুলি সমজে আমি পূর্বে কথন চিম্ভাই করি নাই; কিম্ব যে-মুখখানির একবারমাত্র চকিত দর্শন পাইয়াছি, তাহার সহিত চিত্তের বিশেষ যোগাযোগ ছিল। হয়তো কত বংসর ধরিয়া মনে মনে ভাহার ছবি আঁকিভেছিলাম, ভাহার সহচ্চে শত শত বিষয় জানিতাম, এখন এই নৃতন করিয়া দেখায়—মনের শত শত শ্বডি জাগিয়া উঠিল। অন্ত বিভিন্ন মুখগুলি দেখার সমবেত ফলে মনে যে সংস্কার পড়িয়াছে, ঐ একথানি মুখ মানসপটে তদপেকা শতগুণ অধিক সংস্কার ফেলিয়া মনের উপর দারুণ প্রভাব বিস্তার করিবে।

অভএব 'অনাসক্ত' হও, সব ব্যাপার চলিতে থাকুক, মন্তিছ-কেন্দ্রগুলি কর্ম করুক। নিরম্ভর কর্ম কর, কিন্তু একটি তর্মণ্ড যেন মনকে পরাভূত না

করিতে পারে। তুমি যেন সংগারে বিদেশী পথিক, যেন ছমিনের ঋগু আসিয়াছ—এইভাবে কর্ম করিয়া যাও। নিরন্তর কর্ম কর, কিছ নিজেকে বন্ধনে ফেলিও না; বন্ধন বড় ভয়ানক। এই জগৎ আমাদের বাসভূষি নয়। নানা অবস্থার ভিডর দিয়া আমরা চলিয়াছি, এই দংসার—এ পৃথিবী সেগুলিরই একটি। সাংখ্যের সেই মহাবাক্য স্মরণ রাখিও, 'সমূদ্য প্রকৃতি আত্মার জন্ত, আত্মা প্রকৃতির **অন্য নয়।'' আত্মার শিক্ষার কন্মই প্রকৃতির প্র**য়োজন। ইহার অন্ত কোন অর্থ নাই। আত্মা যাহাতে জ্ঞানলাভ করিতে পারে এবং জ্ঞানের খারাই আত্মা নিজেকে মৃক্ত করিতে পারে—ইহাই প্রয়োজন। যদি সর্বদাই এ-কথা স্মরণ রাখি, তবে কখনই প্রকৃতিতে আসক্ত হইব না ; আমরা ব্ঝিব ষে, প্রকৃতি আমাদের একটি পাঠ্যপুস্তকমাত্র। উহা হইতে জানলাভ করিবার পর, আমাদের নিকট ঐ গ্রন্থের আর কোন মূল্য থাকে না। ভাহা না কবিয়া প্রকৃতির সহিত আমরা নিজেদের মিশাইয়া ফেলিতেছি, ভাবিতেছি আত্মাই প্রকৃতির জন্য। সাধারণ চলিত কথায় আছে মাহুষ 'ধাইবার জন্মই ব্দীবনধারণ করে, জীবনধারণ করিবার জন্ম খায় না।') আমরা ক্রমাগত এই ভুগ করিতেছি; প্রকৃতিকেই 'আমি' ভাবিয়া উহাতে আসক্ত হইতেছি। এই আদক্তি হইতেই আত্মার উপর গভীর সংস্কার পড়ে। এই সংস্কারই আমাদিগকে বন্ধ করে এবং স্বাধীনভাবে কর্ম করিতে না দিয়া ক্রীভদাদের মতো কর্ম করায়।

এই শিক্ষার সারমর্ম এই যে, প্রভ্র মতো কর্ম করিতে হইবে, জীতদাসের মতো নয়। সর্বদা কর্ম কর, কিন্তু দাসের মতো কর্ম করিও না। সকলে কিন্তাবে কর্ম করিতেছে, তাহা কি দেখিতেছ না? কেহই সম্পূর্ণভাবে কর্মহীন হইতে পারে না। শতকরা নিরানক্ষই জন লোক জীতদাসের মতো কর্ম করিয়া থাকে—তাহার ফল হংখ; এরপ কর্ম স্বার্থপর। স্বাধীনভার সহিত কাল কর, প্রেমের সহিত কাল কর। 'প্রেম' শক্টি ছলমুক্ষ করা বড় কঠিন। স্বাধীনতা না থাকিলে কথনও প্রেম আসিতে পারে না। জীতদাসের পক্ষে ষথার্থ প্রেম সম্ভব নয়। একটি জীতদাস কিনিয়া শৃথকে

> তুলনীর :--সংহতানাং পরার্থছাৎ।

নাধিরা তাহাকে দিরা কাল করাও, দে বাধ্য হইয়া একটানাভাবে কাল করিবে, কিন্তু তাহার অন্তরে কোন ভালবানা থাকিবে না। এইরূপ আমরাও বধন দাংসারিক ব্যাপারে ক্রীতদাসের মতো কাল করি, আমাদেরও অন্তরে কোন ভালবানা থাকে না; আমাদের এই কাল প্রকৃত কর্ম নর। আমাদের আত্মীয়-বল্লবান্ধবের জন্তু আমরা যে কাল করি, এমন কি, আমাদের নিজেদের জন্য যে কাল করি, তাহার সম্বন্ধেও ঐ কথা খাটে।

স্বার্থের জন্ত কর্ম দাসহলভ কর্ম, আর কোন কর্ম আর্থের জন্ত কিনা, তাহার পরীক্ষা এই যে, প্রেমের সহিত যে-কোন কাজ করা যায়, তাহাতে স্থাই হইয়া থাকে। প্রেম-প্রণোদিত এমন কোন কাজ নাই, ঘাহার ফলে শান্তি ও আনন্দ না আসে। প্রকৃত সন্তা, প্রকৃত জান, প্রকৃত প্রেম অনন্তকালের জন্ত পরম্পর-সহজ—ইহারা একে তিন। ইহাদের একটি বেখানে আছে, অপরগুলিও সেখানে অবশ্র থাকিবে। ইহারা সেই অবিতীয় দচ্চিদানন্দেরই ত্রিবিধ রূপ। যখন সেই (নিরপেক্ষ) সন্তা আপেক্ষিকভাবাপর হয়, তথন উহাকে আমরা জগৎরূপে দেখিয়া থাকি। সেই জানই আবার জাগতিক বস্তবিষয়ক জানে পরিবর্তিত হয় এবং সেই আনন্দই মানবহৃদয়ে দর্ববিধ ভালবাদার ভিত্তিস্বরূপ। অতএব প্রকৃত প্রেম কথনও প্রেমিক্ব অথবা প্রেমাম্পদ কাহারও তুংধের কারণ হইতে পারে না।

মনে কর, একজন পুরুষ একটি মেয়েকে ভালবাসে। সে একাই তাহাকে পরিপূর্বভাবে ভোগ করিতে চায়, তাহার প্রতিটি গতিবিধি দখনে পুরুষটির মনে দ্বার উদয় হয়। সে চায়—মেযেটি তাহার কাছে বহুক, তাহার কাছে দাঁডাক, তাহার ইলিতে খাওয়া-দাওয়া, চলা-দেবা প্রভৃতি দব কাজ করুক। সে ঐ মেয়েটির ক্রীডদাস, এবং মেয়েটিকেও নিজের দাসী করিয়া রাখিতে চায়। ইহা ভালবাসা নয়, ইহা একপ্রকার দাসহলভ অহ্বাগের বিকার। ভালবাসার মতো দেখাইতেছে, বস্তুতঃ ইহা ভালবাসা নয়। উহা ভালবাসা হইতে পারে না, কারণ উহা যত্রণাদারক। যদি মেয়েটি তাহার ইছা অহ্বায়ী কাজ না করে, তবে তাহার কট হইবে। ভালবাসায় কোন ছঃখকর প্রতিক্রিয়া নাই। ভালবাসার প্রতিক্রিয়ার কেবল আনলই হইয়া থাকে। ভালবাসিয়া ইদি আনন্দ না হয়, তবে উহা ভালবাসা নয়, অন্ত কিছুকে আমরা ভালবাসা বলিয়া ভূল করিতেছি।) যথন ভূমি ভোমার খামীকে,

স্বীকে, পুত্রকন্তাকে, সমৃদয় পৃথিবীকে, বিশ্বজ্ঞগৎকে এমনভাবে ভালবাসিতে সমর্থ হইবে যে, তাহাতে কোনরূপ তৃ:খ ঈ্ধা বা স্বার্থপরতার প্রতিক্রিয়া হইবে না, তথনই তুমি প্রকৃতপক্ষে অনাসক্ত হুইতে পারিবে।

শীরুষ্ণ বলিতেছেন, 'হে অর্জুন, আমাকেই দেখ না, আমি বদি এক মুহুর্ত কর্ম হইতে বিরত হই, সমগ্র জগৎ ধ্বংস হইব্রে। কর্ম করিয়া আমার কোন লাভ নাই। আমিই জগতের একমাত্র প্রভু, তবে আমি কর্ম করি কেন ?— জগৎকে ভালবাসি বলিয়া।'' ঈশর ভালবাসেন বলিয়াই তিনি অনাসক্ত। প্রকৃত ভালবাসা আমাদিগকেও অনাসক্ত করে। বেখানেই দেখিবে আসক্তি— পার্থিব বল্পর প্রতি এই আকর্ষণ, সেখানেই জানিবে উহা প্রাকৃতিক আকর্ষণ, কতকগুলি জড়বিন্দুর সহিত আরও কতকগুলি জড়বিন্দুর ভৌতিক আকর্ষণ মাত্র—কিছু যেন ছইটি বল্পকে ক্রমাগত নিকটে আকর্ষণ করিতেছে; আর উহারা পরস্পর খ্ব নিকটবর্তী হইতে না পারিলেই যন্ত্রণার উত্তব হয়; কিন্তু প্রকৃত ভালবাসা ভৌতিক বা শারীরিক আকর্ষণের উপর কিছুমাত্র নির্ভর করে না। এরূপ প্রেমিকগণ পরস্পরের নিক্ট হইতে সহম্র মাইল ব্যবধানে থাকিতে পারেন, কিন্তু তাহাতে তাহাদের ভালবাসা অটুট থাকিবে, উহা বিনষ্ট হইবে না এবং উহা হইতে কথনও কোন যন্ত্রণাদায়ক প্রতিক্রিয়া ছইবে না।

এই অনাসক্তি লাভ করা একরূপ সারা জীবনের সাধনা বলিলেও হয়, কিন্তু উহা লাভ করিতে পারিলেই আমরা প্রকৃত প্রেমের লক্ষ্যন্থলে উপনীত হইলাম এবং মৃক্ত হইলাম। তখন আমাদের প্রকৃতিজ্ঞাত বন্ধন ধসিরা পড়ে এবং আমরা প্রকৃতির যথার্থ রূপ দেখিতে পাই। প্রকৃতি আমাদের জ্ঞাত আর বন্ধন স্থাষ্ট করিতে পারে না; আমরা তখন সম্পূর্ণ স্বাধীনভাবে দাঁড়াইতে পারি এবং কর্মের ফলাফল আর গণ্য করি না। কি ফল হইল, কে তখন গ্রাহ্য করে?

শিশুসন্তানদিগকে কিছু দিলে তোমরা কি তাহাদের নিকট হইতে কিছু প্রতিদান চাও ? তাহাদের জ্ঞা কাজ করাই তোমার কর্তব্য—ঐথানেই উহার শেষ। কোন বিশেষ ব্যক্তি নগর বা রাষ্ট্রের জ্ঞা যাহা কর, তাহা

১ তুলনীয়: গীতা, ৩৷২২-২৪

করিরা যাও, কিন্ত সন্তানদের প্রতি ভোষার যেরূপ ভাব উত্থের প্রতিও সেই ভাব অবলয়ন কর, উত্থানের নিকট হইতে প্রতিদানস্বরূপ কিছু আশা করিও না। যদি সর্বদা দাতার ভাব অবলয়ন করিতে পারো, প্রভ্যুপকারের কোম আশা না রাখিয়া জগৎকে ভগু দিরা যাইতে পারো, তবেই সেই কর্ম হইতে ভোষার কোন বন্ধন বা আসক্তি আদিবে না। যথন আমরা কিছু প্রভ্যাশা করি, তথনই আসক্তি আদে।

যদি ক্রীতদাসের মতো কাব্দ করিলে ভাহাতে স্বার্থপরতা ও আসন্তি আসে, ভাহা হইলে প্রভুৱ ভাবে কাজ করিলে ভাহাতে অনাসজ্জিনত আনন্দ আদিয়া থাকে। আমরা অনেক সময় স্থায়ধর্ম ও নিজ নিজ অধিকারের কথা বলিয়া থাকি, কিন্তু দেখিতে পাই---এ-সংসারে ঐগুলি শিশুস্থলভ বাক্যমাত। তুইটি ভাব মামুষের চরিত্র নিয়ন্ত্রণ করিয়া থাকে—ক্ষমতা ও দয়া। ক্ষমতা-প্রয়োগ চিরকালই স্বার্থপরতা হারা চালিত হয়। সকল নরনারীই--তাহাদের শক্তি ও স্থবিধা ষভটা আছে, ভাহার ষভটা পারে ভাহা প্রয়োগ করিতে চেষ্টা করে। দয়া স্বর্গীয় বস্তু; ভাল হইতে গেলে আমাদের সকলকেই দয়াবান্ হইতে হইবে। এমন কি স্থায়বিচার এবং অধিকারবোধ দয়ার উপর প্রতিষ্ঠিত। কর্মের ফলাকাজ্ফাই আমাদের আধ্যাত্মিক উন্নতির প্রতিবন্ধক; শুধু তাই নন্ন, পরিণামে উহা তৃংধের কারণ হয়। আর এক উপায় আছে, যাহা ঘারা এই দয়া ও নি:মার্থপরতা কার্যে পরিণত করা যাইতে পারে; যদি আমরা সগুণ ব্যক্তিভাবাপর ঈশবে বিশাস করি, তবে কর্মকে 'উপাসনা' বলিয়া চিন্তা করিতে হইবে। একেত্রে আমরা আমাদের সমুদয় কর্মফল ভগবানে অর্পণ করিয়া থাকি। এইরপে তাঁহাকে উপাদনা করিলে আমাদের কর্মের জন্ত মানবজাতির নিকট কিছু প্রত্যাশা করিবার অধিকার আমাদের নাই। প্রভু স্বয়ং দর্বদা কর্ম করিতেছেন এবং তাঁহার আসন্ধি নাই। धन বেমন পদাপত্র ভিজাইতে পারে না, ফলে আদক্তি উৎপন্ন করিয়া কর্ম তেমনি নিঃস্বার্থ ব্যক্তিকে বদ্ধ করিতে পারে না। অহং-শৃত্য ও অনাসক্ত ব্যক্তি জনপূর্ণ ও পাপদঙ্গ শহরের অভ্যন্তরে বাদ করিতে পারেন, তাছাতে তিনি পাপে লিগু হইবেন না।

এই সম্পূর্ণ স্বার্থজ্ঞাগের ভাবটি এই গল্পটিতে ব্যাধ্যাত হইয়াছে:
কুককেত্রযুদ্ধের স্বসানে পঞ্পাশুর এক মহাযুদ্ধ করিয়া দরিত্রদিগকে নানাবিধ

বহুন্লা বস্তু দান করিলেন। সকলেই এ-যজের জাঁকজমক ও ঐশর্ষে চমৎকৃত হুইয়া বলিতে লাগিল, জগতে পূর্বে এক্লণ যজ্ঞ আর হয় নাই। বজ্ঞশেষে এক ক্ষুক্রনায় নুকুল আসিয়া উপস্থিত হুইল। তাহার অর্থ শরীর সোনার মতো বঙ্ঙ, বাকী অর্থেক পিছল। নুকুলটি সেই ষজ্ঞভূমিতে গড়াগড়ি দিতে লাগিল, এবং সেখানে উপস্থিত সকলকে বলিল, 'তোমরা সব মিখাবাদী, ইহা যজ্ঞই নয়।' তাহারা বলিতে লাগিল, 'কি! তুমি বলিতেছ—ইহা যজ্ঞই নয়? তুমি কি জান না, এই যজে দরিস্তুদিগকে কত ধনরত্ব প্রদন্ত হুইয়াছে, সকলেই ধনবান্ ও সম্ভুই হুইয়া গিয়াছে? ইহার মতো অভুত যক্ষ আর কেছ কখনও করে নাই।' নুকুল বলিল:

ভত্ন—এক কৃত্ৰ গ্ৰামে এক দৱিত বাদ্দণ স্ত্ৰী পুত্ৰ ও পুত্ৰৰণ্ সহ বাস করিতেন। ত্রাহ্মণ খুব গরীব ছিলেন; শাল্প প্রচার ও ধর্মোপদেশ বারা লক ভিক্ষাই ছিল তাঁহার জীবিকা। সেই দেশে একদা পর পর তিন বংসর ছুর্ভিক্ষ হইল, গ্রীব আহ্মণটি পূর্বাণেকা অধিকতর কট পাইতে লাগিলেন। অবশেষে নেই পরিবারকে পাঁচ দিন উপবাদে থাকিতে হইল। সৌভাগ্যক্রমে বর্চ দিনে পিতা কিছু যবের ছাতু সংগ্রহ করিয়া আনিলেন এবং উহা চার ভাগ করিলেন। তাঁছারা উহা থাছরপে প্রস্তুত ক্রিয়া ভোজনে বসিয়াছেন, এমন সময় দ্রজায় ঘা পড়িল। পিতা ছার খুলিয়া দেখিলেন যে, এক অতিথি দাড়াইয়া। ভারতবর্ষে অতিথি বড় পবিত্র ও মান্ত ; সেই সময়ের জ্ব্যু তাঁছাকে 'নারায়ণ' মনে করা হয় এবং তাঁহার প্রতি সেইরূপ আচরণ করা হয়। দরিত্র ব্রাহ্মণটি বলিলেন, 'আসুন, মহাশয়! আসুন, স্বাগত!' ব্ৰাহ্মণ অভিথিব সন্মুখে নিজ ভাগের ধান্ত রাখিলেন। অভিথি অভি শীঘ্রই উহা নিঃশেষ করিয়া বলিলেন, 'মহাশয়, আপনি আমাকে একেবারে মারিয়া ফেলিলেন দেখিডেছি। আমি দশ দিন ধরিরা উপবাস করিতেছি—এই অর পরিমাণ খান্তে আমার জঠরায়ি আরও অলিয়া উঠিল !' তখন বান্ধণী স্বামীকে বলিলেন, 'আমার ভাগও উহাকে দিন।' স্বামী বলিলেন, 'না, তা হইবে না।' কিন্তু ব্ৰাহ্মণ-পত্নী জোৱ ক্রিয়া বলিডে লাগিলেন, 'এ গ্রীব বেচারা আমাদের নিকট উপস্থিত, আমরা গৃহস্ক—আমাদের কর্তব্য তাঁহাকে থাওয়ানো, আপনার যথন আর কিছু দিবার নাই, তথন সহধর্মিণীরূপে আমার কর্তব্য তাঁহাকে আমার ভাগ দেওয়া। এই বলিয়া তিনিও নিজ ভাগ অতিথিকে দিলেন। অতিথি তৎক্ষণাৎ ভাহা নিঃশেব করিরা বলিলেন, 'আমি এখনও ক্ষার অলিভেছি।' তখন প্রটি বলিল, 'আপনি আমার ভাগও গ্রহণ করুন। পুল্রের কর্তব্য—শিভাকে তাহার কর্তব্যপালনে সহায়তা করা।' অভিথি ভাহারও অংশ ধাইরা ফেলিলেন, কিছ তথাপি তাহার তৃপ্তি হইল না। তখন প্রবৃথ্ও তাঁহার ভাগ দিলেন। এইবার তাঁহার আহার পর্যাপ্ত হইল। অভিথি তখন তাঁহাদিগকে আশীর্বাদ করিতে করিতে চলিয়া গেলেন।

সেই বাত্রে ঐ চারিটি লোক অনাহারে মরিয়া গেল। ঐ ছাতুর গুঁড়া কিছু মেঝেয় পড়িয়াছিল। যখন আমি উহার উপরে গড়াগড়ি দিলাম, তখন আমার অর্থক শরীর লোনালী হইয়া গেল; আপনারা সকলে তোইহা দেখিতেছেন। সেই অবধি আমি সমগ্র জগৎ খুঁজিয়া বেড়াইভেছি; আমার ইচ্ছা যে এইরূপ আর একটি বজ্ঞ দেখিব। কিছু আর সেরূপ যজ্ঞ দেখিতে পাইলাম না। আর কোথাও আমার শরীরের অপরার্থ ক্ষ্বর্ণে পরিণত হইল না। সেইজন্তই আমি বলিতেছি, ইহা যক্ষই নয়।

ভারত হইতে এইরূপ সার্থতাগ ও দয়ার ভাব চলিয়া বাইতেছে; মহং ব্যক্তিগণের সংখ্যা ক্রমশঃ কমিয়া ঘাইতেছে। নৃতন ইংরেজী শিখিবার সময় আমি একট। গয়ের বই পড়িয়াছিলাম। উহাতে একটি গয় ছিল—কর্তব্যপরায়ণ বালকের গয়; সে কাজ করিয়া যাহা উপার্জন করে, তাহার কডকাংশ তাহার বুজা জননীকে দিয়াছিল। বই-এর তিন-চার পৃষ্ঠা ধরিয়া বালকের এই কাজের প্রশংসা কয়া হইয়াছে। কিছ ইহাতে অসাধারণছ কি আছে? এই গয় যে কি নীতি শিক্ষা দেয়, কোন হিন্দু বালকই তাহা ধরিতে পারে না। এখন পাশ্চাত্য দেশের ভাব—'প্রত্যেকেই নিজের জয়' শুনিয়া আমি ব্যাপারটা বুঝিতে পারিতেছি। এদেশে এমন লোক জনেক আছে, বাহায়া নিজেয়াই সব ভোগ করে, বাপ-মা স্ত্রী-পুত্রদিগকে একেবারে ভাসাইয়া দেয়। কোধাও কথনও গৃহত্বের এরুপ আদর্শ হওয়া উচিত নয়।

এখন ভোষরা ব্রিভেছ, কর্মবোগের অর্থ কি। উহার অর্থ—মৃত্যুর সম্থীন হইয়াও মৃথটি বুজিয়া সকলকে সাহায্য কয়া। লক্ষ লক্ষ বার লোকে ভোষাকে প্রভারণা কক্ষক, কিন্ত ভূমি একটি প্রশ্নও করিও না, এবং ভূমি বে কিছু ভাল কাজ করিভেছ, ভাহা ভাবিও না। দরিপ্রগণকে ভূমি বে দান করিতেছ, তাহার জন্ম বাহাছরি করিও না, অথবা তাহাদের নিকট হইতে ক্বতজ্ঞতা আশা করিও না, বরং তাহারা বে ভোমাকে তাহাদের সেবা করিবার স্ববোগ দিয়াছে, সেজন্ম তাহাদের প্রতি ক্বতজ্ঞ হও। অতএব স্পষ্টই দেখা যাইতেছে, আদর্শ সন্মাদী হওয়া অপেকা আদর্শ গৃহী হওয়া কঠিন। যথার্থ ত্যাগীর জীবন অপেকা যথার্থ কর্মীর জীবন কঠোরতক্র না হইলেও সত্যই সমভাবে কঠিন।

কৰ্তব্য কি ?

কর্মবোগের তথ ব্ঝিতে হইলে আমাদের জানা আবশ্রক, কর্ডব্য কাহাকে বলে। আমাকে বদি কিছু করিতে হয়, তবে প্রথমেই জানিতে হইবে—ইহা আমার কর্তব্য, তবেই ভাহা করিতে পারিব। কর্তব্য-জ্ঞান আবার বিভিন্ন জাতির মধ্যে ভিন্ন ভিন্ন। মূদলমান বলেন, তাঁহার শাস্ত্র কোরানে বাহা লিখিত আছে, তাহাই তাঁহার কর্তব্য। হিন্দু বলেন, তাঁহার বেদে বাহা আছে, তাহাই তাঁহার কর্তব্য। প্রীষ্টান আবার বলেন, তাঁহার বাইবেলে বাহা আছে, তাহাই তাঁহার কর্তব্য। প্রতরাং আমরা দেখিলাম, জীবনের বিভিন্ন অবস্থায়, ইতিহাসের বিভিন্ন মূগে ও বিভিন্ন জাতির ভিতরে কর্তব্যের ভাব ভিন্ন। অন্যান্ত দার্বভৌম-ভাববোধক শব্দের তায় 'কর্তব্য' শব্দেরও স্পষ্ট সংজ্ঞা দেওয়া অসম্ভব। কর্মজীবনে উহার পরিণতি ও ফলাফল জানিয়াই আমরা উহার সম্বন্ধে একটা ধারণা ক্রিতে পারি।

বধন আমাদের সন্মুখে কডকগুলি ঘটনা ঘটে, তথন আমাদের সকলেরই দেগুলি সম্বন্ধে কোন বিশেষভাবে কার্য করিবার জন্ম স্বাভাবিক অথবা প্র্বাংকার অন্থবারী ভাবের উদর হয়। দেই ভাবের উদর হইলে মন সেই পরিবেশ সম্বন্ধে চিন্তা করিতে আরম্ভ করে। কথন মনে হয়, এরুণ অবস্থায় এইভাবে কর্ম করাই সকত, আবার অন্ত সময়ে ঠিক সেইরূপ অবস্থা হইলেও সেভাবে কর্ম করা অন্থায় বলিয়া মনে হয়। সর্বত্রই কর্তব্যের এই সাধারণ ধারথা দেখা যায় বে, প্রভ্যেক সং ব্যক্তিই নিজ বিবেকের আদেশ অন্থায়ী কর্ম করিরা থাকেন। কিন্তু বিশেষ কোন্ গুণ কর্মকে কর্তব্যে পরিণত করে? যদি একজন খ্রীটান সন্মুখে গোমাংস পাইয়া নিজের প্রাণরক্ষার জন্ত আহার না করে অথবা অপরের প্রাণরক্ষার জন্ত ভাহাকে না দেয়, তাহা হইলে সে নিশ্চয় বোধ করিবে বে, তাহার কর্তব্যে অবহেলা ইয়াছে। কিন্তু একজন হিন্দু যদি ঐরপ ক্ষেত্রে উহা ভোজন করিত্তে সাহস করে অথবা অপর হিন্দুকে উহা থাইতে দেয়, সেও নিশ্চয় সমভাবে বোধ করিবে বে, ভাহার কর্তব্য পালন করা হইল না। হিন্দুর শিক্ষা ও সংস্থার ভাহার হলরে ঐরপ ভাব আনিয়া দিবে। গত শতাকীতে ভারতে ঠগ নামে কুখ্যাত

দ্যাদল ছিল। তাহাদের ধারণা ছিল—মাহাকে পাইবে, তাহাকেই মারিরা।
সর্বন্ধ অপহরণ করাই তাহাদের কর্তব্য; আর বে বত বেশী লোক
মারিতে পারিত, সে নিজেকে তত বড় মনে করিত। সাধারণতঃ একজন
পথে বাহির হইয়া আর একজনকে গুলি করিয়া হত্যা করিলে অস্তায় কার্য
করিয়াছে মনে করিয়া তৃঃখিত হইয়া থাকে। কিছু সেই ব্যক্তিই যদি
সৈক্তদলের অন্তর্ভুক্ত হইয়া শুধু একজনকে নয়, বিশ্বনকে শুলি করিয়া হত্যা।
করে, তবে সে আনন্দিতই হয় এবং ভাবে—সে অতি স্কলবরূপে তাহার
কর্তব্য সম্পন্ন করিয়াছে। অতএব এটি বেশ সহজেই বুঝা বাইভেছে বে,
কি করা হইয়াছে, বিচার করিয়াই কর্তব্য নির্ধারিত হয় না।

স্তরাং ব্যক্তিনিরপেক্তাবে কর্তব্যের একটি সংজ্ঞা দেওয়া একেবারে অসন্তব; এটি কর্তব্য, এটি অকর্তব্য—এরপ নির্দেশ করিয়া কিছু বলা যায় না। তবে ব্যক্তি (Subjective) বা অধ্যাত্মের দিক হইতে কর্তব্যের লক্ষণ নির্ণয় করা যাইতে পারে। যে-কোন কার্য ভগবানের দিকে লইয়া যায়, ভাহাই সং কার্য; এবং বে-কোন কার্য আমাদিগকে নিম্নদিকে লইয়া যায়, ভাহা অসং কার্য। অধ্যাত্মভাবের দিক হইতে দেখিলে আমরা দেখিতে পাই, কতকগুলি কার্য আমাদিগকে উন্নত ও মহান্ করে, আর কতকগুলি কার্যের প্রভাবে আমরা অবনত ও পশুভাবাপের হইয়া পড়ে। কিছু স্বাবস্থায় স্ববিধ ব্যক্তির পক্ষে কোন্ কার্যের হারা কিরপ ভাব আসিবে, ভাহা নিশ্চয় করিয়া বলা সন্তব নয়। তথাপি সকল মুগেয়, সকল সম্প্রদারের ও সকল দেশের মামুষ কর্তব্যসন্থক্ষে কেবল একটি ধারণা একবাক্যে ত্বীকার করিয়া লইয়াছে, এবং উহা এই সংস্কৃত শ্লোকার্থে বর্ণিত হইয়াছে: প্রোপকার: পুণ্যায় পাণায় পরণীড়নম্।

ভগবদগীতা জন্ম ও অবস্থা (বর্ণাপ্রম)-গত কর্তব্যের কথা বার বার উল্লেখ করিয়াছেন। বিভিন্ন কর্মের প্রতি কোন্ ব্যক্তির মনোভাব কিরুপ হইবে, তাহা ঐ ব্যক্তির বর্ণ আপ্রম ও সামাজিক মর্যাদা অস্থসারেই অনেকটা নিরূপিত হয়। এইজন্ম আমাদের কর্তব্য, যে সমাজে আমরা জন্মগ্রহণ করিয়াছি, সেই সমাজের আদর্শ ও কর্মধারা অস্থসারে এমন কাজ করা, বাহা বারা আমাদের জীবন উন্নত ও মহৎ হয়। কিন্তু এটি বিশেবভাবে, শারণ রাধিতে হইবে বে, সকল সমাজে ও সকল দেশে একপ্রকার আদর্শ ও কার্যপালী প্রচলিত নয়। এই বিবয়ে আমাদের অক্কভাই এক জাতির প্রতি অপন জাতির স্থপার প্রধান কারণ। একজন মার্কিন ভাবেন, তাঁহার দেশের রীতিনীতি অস্থপারে তিনি বাহা কিছু করেন, তাহাই স্বাঁপেকা ভাল এবং বে-কেহ ঐ রীতি অস্থপরণ করে না, সে অতি হুই লোক। একজন হিন্দু (ভারতবাসী) ভাবে, তাহার আচার-ব্যবহারই শ্রেষ্ঠ ও পত্য, স্তরাং বে-কেহ উহা অস্থপরণ করে না, সে অতি হুই লোক। আমরঃ সহজেই এই স্বাভাবিক প্রমে পড়িয়া থাকি। ইহা বড়ই অনিইকর; সংসারে বৈ সহাস্থভতির অভাব দেখা বায়, তাহার অর্থেক এই প্রম হইতেই উৎপর।

আমি যখন প্রথম এদেশে আসি, তখন একদিন চিকাগো মেলায় ঘ্রিয়া বেড়াইভেছিলাম, পিছন হইতে একজন লোক আমার পাগড়ি ধরিয়া এক টান মারিল। আমি পিছু ফিরিয়া দেখি, লোকটির বেশ পরিষ্ণার-পরিচ্ছন্ন কাপড়-চোপড়, তাঁহাকে বেশ ভত্রলোকের মতো দেখিতে। আফি তাহার সহিত ত্একটি কথা বলিলাম; আমি ইংরেজী জানি ব্রিবামাত্র লোকটি থুব লক্ষিত হইল। আর একবার ঐ মেলাতেই আর একজন লোক আমাকে ইচ্ছা করিয়া ধাকা দেয়। এরপ করিবার কারণ জিজাসা করাতে সেও লজ্জিত হইল, শেষে আমতা আমতা করিতে করিতে আমার নিকট क्या धार्थना कविशा विनन, 'आंशन अक्रथ शांभांक शविशांहन दकन?' এই-সকল ব্যক্তির সহাহভূতি তাঁহাদের মাতৃভাষা ও নিজেদের পোশাক পরিচ্ছদের গণ্ডির মধ্যেই সীমাবদ্ধ—ছুর্বল জাতির উপর সবল জাতি ষে-সকল অভ্যাচার করে, দেগুলির অধিকাংশেরই কারণ এই কুসংস্থার-সঞ্চাত। ইহা ঘারা মাছবের প্রতি মাছবের সৌহার্দ নষ্ট হয়। বে ব্যক্তি আমাকে জিলাসা করিলেন—জামি তাঁহার মডো পোশাক পরি না কেন, এবং আমার বেশের জন্ত আমার সহিত অসম্বহার করিতে চাহিলেন, তিনি হয়তো খুব ভাল লোক; হয়তো ডিনি সম্ভানবৎসল পিডা ও একজন সক্ষন ব্যক্তি; কিছ যধনই ভিনি ভিন্নবেশপরিহিত কাহাকেও দেখিলেন, ভথনই ভাঁছার चां चां विक नहारवा न्ध हरेवा तान। नकन तिलारे चां विक विलियात्व শোষণ করা হয়, কারণ ভাহারা যে জানে না, নৃতন অবস্থায় পড়িয়া কিরূপে আত্মরকা করিতে হয়, এইজন্ম ভাহারাও ঐ দেশের লোকদের সময়ে একটা ভূল ধারণা লইয়া যায়। নাবিক, সৈত্য ও বণিকগণ বিদেশে অভূত অভূত ব্যবহার করিয়া থাকে, নিজেদের দেশে এরপ করিবার কথা ভাহারা অপ্নেও ভাবিতে পারে না। এই কারণেই বোধ হয় চীনারা ইওরোপীয় ও মার্কিনগণকে 'বিদেশী শয়তান' বলিয়া থাকে। পাশ্চাত্য জীবনের ভাল দিকগুলি দেখিলে তাহারা এরপ বলিতে পারিত না।

স্থতরাং একটি বিষয় আমাদের শ্বরণ রাখা উচিত যে, আমরা ষেন অপরের কর্তব্য বিচার করিতে গিয়া ভাহাদেরই চোথ দিয়া দেখি, যেন অপর জাতির আচার-ব্যবহার আমাদের নিজেদের মাপকাঠি দিয়া মাপিতে না বাই। আমি বিশ্বন্ধগতের মাপকাঠি নই। আমাকে জগতের সহিত শামঞ্জ বক্ষা করিয়া চলিতে হইবে। সমগ্র জগৎ কথনও আমার ভাবের শহিত মিলিয়া মিশিয়া চলিবে না। অতএব দেখিতেছি, পরিবেশ অহুসারে আমাদের কর্তব্যের ধারা পরিবর্তিত হয়; কোন বিশেষ সময়ে যাহা আমাদের কর্তব্য, তাহা করাই এ জগতে শ্রেষ্ঠ কর্ম। প্রথমেই যেন আমরা আমাদের জন্মপ্রাপ্ত কর্তব্য অনুসারে কাজ করি; তারপর সমাজে ও জীবনে আমাদের পদমর্থাদা অমুসারে যাহা কর্তব্য, ভাহা করিভে হইবে। মহয়-স্বভাবের একটি বিশেষ তুর্বলতা এই ষে, মাহুষ কখনই নিজেকে পরীকা করে না। সে মনে করে, সেও রাজার তায় সিংহাসনে বসিবার উপযুক্ত। ষদি বা দে উপযুক্ত হয়, তথাপি ভাহাকে আগে দেখাইতে হইবে, সে তাহার সামাজিক অবস্থা অসুবায়ী কর্তব্য সম্পন্ন করিয়াছে। ভবেই ভাহার উপর উচ্চতর কর্তব্যের ভার অর্গিত হইবে। এ সংসারে যথন আমরা আগ্রহ **সহকারে কাজ করিতে আরম্ভ করি, তখন প্রকৃতিই আমাদিগকে চারিদিক** হইতে আঘাত করে, তাহারই সাহায্যে শীঘ্রই আমরা আমাদের বথার্থ ষ্ঠাদা খুঁজিয়া পাই, বুঝিতে পারি—কোথায় কাহার স্থান। যে বে-কার্যের উপযুক্ত নয়, দে দীর্ঘকাল সম্ভোষজনকভাবে সেই পদে থাকিতে পারে না। হুডরাং প্রকৃতি ধেরূপ বিধান করে, ইহার বিক্লছে বিরক্তি প্রকাশ করিয়া কোন ফল নাই। ছোট কাজ করিতেছে বলিয়াই বে একজন নিয়ন্তবের মাহ্য, তাহা নয়। ভগু কর্তব্যের প্রকৃতি দেখিয়া কাহারও বিচার করা উচিত নয়; যে যেভাবে দেই কর্তব্য নিশার করে, ভাহা ষারাই ভাহার বিচার করিতে ছইবে।

পরে আমরা দেখিব, কর্তব্যের এই ধারণাও পরিবর্ডিত হয়: আরও দেখিৰ বখন কৰ্মের পশ্চাতে স্বাৰ্থপ্ৰেরণা থাকে না, তখনই মাছুষ শ্ৰেষ্ঠ কৰ্ম করিতে পারে। তাহা হইলেও কর্তব্যজ্ঞানে ক্বত কর্মই আমাদিগকে কর্তব্য-জ্ঞানের অতীত কর্মে লইয়া ধার; তথন কর্ম উপাদনায় পরিণত হয়, ভাধু তাই নয়, তখন কেবল কর্মের জন্মই কর্ম অহুষ্ঠিত হইয়া থাকে। ভবে ইহা আদর্শমাত্র, উহা লাভ করিবার উপায় এই 'কর্ডব্য'। আমরা দেখিব, কর্তব্যের তত্ত—নীতি বা প্রেম—যে-কোন রূপেই প্রকাশিত হউক না কেন, ইহা অক্সান্ত যোগের মতোই ; ইহার উদ্দেশ্য—'কাঁচা আমি'কে ক্রমণঃ সুন্ম করা, যাহাতে 'পাকা আমি' নিজ মহিমায় শোভা পাইতে পারেন, ইহার উদ্বেখ —নিমন্তবের শক্তিকয় নিবারণ করা, যাহাতে আত্মা উচ্চতর ভূমিতে নিষেকে প্রকাশ করিতে পারেন। নীচ বাসনাগুলিকে ক্রমাগত ত্যাগ বা অস্বীকার করিলেই আত্মার মহিমা প্রকাশিত হয়। কর্তব্য কর্ম করিতে গেলে অতি কঠোরভাবে এই ত্যাগ আবশুক হয়। এইরূপেই জ্ঞাতসারে বা অক্সাতদারে সমগ্র সমাজ-সংহতি গড়িয়া উঠিয়াছে। এই কর্ম ও অভিজ্ঞতার ক্ষেত্রে স্বার্থপূর্ণ বাসনা কমাইতে কমাইতে আমরা মাহুষের প্রকৃত স্বরূপের অনস্ত বিস্তৃতির পথ খুলিয়া দিই। ভিতরের দিক হইতে দেখিলে কর্তব্যের এই একটি নিশ্চিত নিয়ম পাওয়া যায় যে, স্বার্থপরতা ও ইন্দ্রিয়পরতা হইতে পাপ ও অসাধুতার উত্তব, আর নি:স্বার্থ প্রেম ও আতাদংযম হইতে ধর্মের বিকাশ।

কর্তন্য বিশেষ ক্ষচিকর নয়। প্রেম কর্তন্য-চক্রকে ক্ষেহসিক্ত করিলে তবেই উহা বেশ সহজভাবে চলিতে থাকে, নতুবা কর্তন্য ক্রমাগত সংঘর্ষ! অন্তথা কিভাবে পিতামাতা সম্ভানের প্রতি, সম্ভান পিতামাতার প্রতি, যামী স্ত্রীর প্রতি, এবং স্ত্রী স্থামীর প্রতি কর্তব্যপালন করিতে পারে? আমরা কি জীবনের প্রতিদিনই সংঘর্ষের সম্মুখীন হইতেছি না? প্রেম-মিপ্রিত হইলেই কর্তন্য ক্ষচিকর হয়। প্রেম আবার কেবল স্থাধীনতাতেই দীপ্তি পায়; কিছ ইন্তিরের দাস, ক্রোধের দাস, ঈর্বার দাস আরও বে শত শত ছোট ছোট ঘটনা জীবনে প্রত্যাহ ঘটবেই, দেওলির দাস হওয়াই কি স্বাধীনতা? আমরা জীবনে বে-সব ছোটথাট ক্রচ সংঘর্ষের সম্মুখীন হই, ঐগুলি সম্ভ্ করাই স্বাধীনতার সর্বোচ্চ অভিব্যক্তি। নারীগণ নিজেকের

দর্যাপূর্ণ বিটবিটে মেজাজের দাস হইয়া স্বামীর উপর দোষারোপ করে এবং মনে করে, তাহারা ধেন নিজেদের স্বাধীনতা জাহির করিতেছে। ভাহার। कात्म ना त्य, এই क्रांश ভारां वा निष्कां के निष्ठां रे निष्ठां रे अखिशव कविष्ठ । (द-मकन चामी नर्वनांहे जीत लाग लाथ, छाहालत मशक्त अहे अकहे কথা। পবিত্রতা রক্ষা করাই পুরুষ ও জীর প্রথম ধর্ম; এমন মাছব নাই বলিলেই হয়—তা দে যতদ্ব বিপথগামীই হউক না কেন—বাহাকে নমা প্রেমিকা সতী স্ত্রী সৎপথে ফিরাইয়া আনিতে না পারেন। জগৎ এথনও এতটা মদ হয় নাই। সমুদয় জগতে আমরা নৃশংস পতি এবং পুরুষের অপবিত্রতা সম্বন্ধে অনেক কথা শুনি, কিন্তু ইহা কি সভ্য নয় যে, নৃশংস ও অপবিত্র নারীর সংখ্যা যত, ঐক্লপ পুরুষের সংখ্যাও ঠিক তত ? নারীগণ সর্বদা বেরূপ সগর্বে বলেন—এবং তাহা শুনিয়া লোকেও বেরূপ বিখাস করে— ষদি সকল নারী সেইক্লপ সং ও পবিত্র হইতেন, ভবে আমি নি:সংশয়ে বলিভে পারি, পৃথিবীতে একটিও অপবিত্র পুরুষ থাকিত না। এমন পাশব ভাব কি আছে, যাহা পবিত্রতা ও সতীম্ব জয় করিছে পারে না? যে কল্যাণী সতী নিজ স্বামী ব্যতীত সকল পুরুষকেই পুত্রের মতো দেখেন, এবং তাহাদের প্রতি জননীভাব পোষণ করেন, তিনি পবিত্রতা-শক্তিতে অভিশয় উন্নত হন; এমন পশুপ্রকৃতি মাত্ম্ব একটিও নাই, বে তাঁহার সমক্ষে পবিত্রতার হাওয়া অমুভব না করিবে। প্রত্যেক পুরুষও দেইরূপ নিম্ব পদ্মী ব্যতীত অপরাপর নারীকে মাতা, কম্মা বা ভগিনীরূপে দেখিবেন। যে-ব্যক্তি আবার ধর্মাচার্য হইতে ইচ্ছুক, তিনি প্রত্যেক নারীকে মাতৃদৃষ্টিতে দেখিবেন, এবং সর্বদা সেরূপ ব্যবহার করিবেন।

জগতে মায়ের স্থান সকলের উপরে, কারণ মাতৃভাবেই সর্বাণেক্ষা অধিক নিঃস্বার্থপরতা শিক্ষা ও প্রয়োগ করা বায়। একমাত্র ভগবং-প্রেমই মায়ের ভালবাসা অপেক্ষা উচ্চতর, আর সব ভালবাসা নিয়তর। মাতার কর্তব্য প্রথমে নিজ সন্থানদের বিষয় চিন্তা করা, তারপর নিজের বিষয়। কিন্তু তাহা না করিয়া যদি পিতামাতা সর্বদা প্রথমে নিজেদের বিষয় ভাবেন— তবে ফল এই হয় যে, পিতামাতা ও সন্তানদের মধ্যে সম্বন্ধ দাঁড়ার পাশি এবং তাহার ছানার সহজ্বের মতো। পাশির ছানাদের ভানা উঠিলে তাহার। আর বাপ-মাকে চিনিতে পারে না। সেই মাসুষ্ট বান্তবিক শন্ত, বিনি নারীকে ভগবানের মাতৃভাবের প্রতিমৃতিরূপে দেখিতে সমর্থ। সেই নারীও ধন্ত, বাহার চক্ষে পুরুষ ভগবানের পিতৃভাবের প্রতীক। সেই সম্ভানেরাও ধন্ত, বাহারা তাহাদের পিতামাতাকে পৃথিবীতে প্রকাশিত ভগবানের সভারূপে দেখিতে সমর্থ।

উন্নতিলাভের একমাত্র উপান্ন: আমাদের হাতে বে কর্তব্য রহিরাছে, তাহা অন্থর্চান করিয়া ধীরে ধীরে শক্তি দক্ষন্ন করা এবং ক্রমণ: অগ্রসর হওয়া, বে পর্যন্ত না আমরা সেই দর্বোচ্চ অবস্থার উপনীত হইতে পারি। প্রত্যন্ত আবোল-তাবোল বকে, এমন একজন অধ্যাপক অপেকা বে মৃচি দর্বাপেকা কম সময়ের মধ্যে একজোড়া শক্ত ও স্থলার জ্বতা প্রস্তুত করিয়া দিতে পারে, সেই বড়—অবশ্য ভাহার নিজ ব্যবদায় ও কার্বের দৃষ্টিতে। }

(এক যুবক সন্ন্যাসী বনে গিয়া বছকাল ধ্যান-ভজন ও যোগাভ্যাস করিতে লাগিলেন। হাদশ বংসর কঠোর ভপস্তার পর একদিন এক বৃক্ষভলে বসিয়া আছেন, এমন সময় তাঁহার মন্তকে কভকগুলি শুদ্ধ পত্র পড়িল। উপরের দিকে চাহিয়া ভিনি দেখিলেন, একটি কাক ও একটি বক গাছের উপর লড়াই ক্রিতেছে। ইহাতে তাঁহার অত্যম্ভ ক্রোধ হইল। তিনি বলিলেন, 'কি! ভোৱা আমার মাধায় ওছ পত্র ফেলিভে সাহস করিস ?' এই কথা বলিয়া ক্রোধে বেমন ভাহাদের দিকে চাহিলেন, অমনি তাঁহার মন্তক হইতে একটি অগ্নিলিখা নিৰ্গত হইয়া পক্ষীগুলিকে ভদ্ম করিয়া ফেলিল। যোগের দাবা তাঁহার এমনই শক্তি হইয়াছিল। তথন তাঁহার বড় আনন্দ হইল, নিজের এইরূপ শক্তিক বিকাশে ডিনি আনন্দে একরণ বিহবল হইয়া পড়িৰেন; ভাবিলেন, একবার মাত্র দৃষ্টি নিক্ষেপ করিয়া আমি কাক-বক ভন্ম করিতে পারি !' কিছু পঞ্চে ভিক্ষা করিতে তাঁছাকে শহরে যাইতে হইল। একটি গৃহদারে দাড়াইয়া তিনি বলিলেন, 'মা, আমাকে কিছু ভিকা দিন।' ভিতর হইতে উত্তর আসিল—'বৎস, একটু অপেকা ক্র।' যোগী যুবক মনে মনে বলিতে লাগিলেন, 'হডভাগিনি, ভোর এডদূর স্পর্ধা! তুই আমাকে অপেকা করিতে বলিস্? এখনও তুই আমার শক্তি জানিদ্ না।' তিনি মনে মনে এইরূপ বলিতেছিলেন; আবার দেই কণ্ঠধনি শোনা গেল, 'বংস! এড অহমার করিও না, এথানে

কাক বা বক নাই।' তিনি বিমিত হইলেন, তথাপি তাহাকে অপেকা করিতে হইল। অবশেষে সেই নারী বাহিরে আসিলেন, যোগী তাঁহার পদতলে পড়িয়া বলিলেন, 'মা, আপনি কিরুপে উহা জানিলেন?' তিনি বলিলেন, 'বাবা, আমি তোমার যোগ-তপত্যা কিছুই জানি না। আমি একজন সামান্তা নারী। তোমাকে অপেকা করিতে বলিয়াছিলাম, কারণ আমার স্বামী পীড়িত, আমি তাঁহার দেবা করিতেছিলাম। সারা জীবন আমি কর্তব্য পালন করিবার চেটা করিয়াছি। বিবাহের পূর্বে মাতাপিতার প্রতি কৃত্যার কর্তব্য পালন করিয়াছি। এখন বিবাহিতা হইয়া স্বামীর প্রতি আমার কর্তব্য করিছেছি। ইহাই আমার যোগাভ্যাদ। এই কর্তব্য করিয়াই আমার জ্ঞানচক্ষ্ খুলিয়াছে, তাহাতেই আমি তোমার মনোভাব ও অরণ্যে ডোমার কত সমৃদয় ব্যাপার জানিতে পারিয়াছি। ইহা হইতে উচ্চতর কিছু জ্ঞানিতে চাও তো অমুক নগরের বাজারে যাও, সেখানে এক ব্যাধকে দেখিতে পাইবে। তিনি তোমাকে এমন উপদেশ দিবেন, যাহা শিক্ষা করিলে তোমার পরম আনন্দ হইবে।' সয়্যাদী ভাবিলেন, 'ঐ নগরে একটা ব্যাধের কাছে কেন ষাইব ?'

কিন্ত যে ব্যাপার এখানে দেখিলেন, তাহাতেই তাঁহার কিঞ্চিৎ চৈতল্পেদয় হইয়াছিল, স্থতরাং তিনি পূর্বোক্ত উদ্দেশ্তে যাত্রা করিলেন। নগরের নিকটে আসিয়া বাজার দেখিতে পাইলেন। দেখানে দ্র হইতে দেখিলেন, এক অতি স্থলকার ব্যাধ বিসয়া বড় ছুরি লইয়া মাংস কাটিতেছে, নানা লোকের সহিত কথা বলিতেছে ও কেনা-বেচা করিতেছে। যুবক ভাবিলেন, 'হায় ভগবান, রক্ষা কর! এই লোকের নিকট আমাকে শিখিতে হইবে! এ তো দেখিতেছি একট+ পিশাচের অবতার!' ইতিমধ্যে ঐ লোকটি চোখ ত্লিয়া চাহিয়া বলিল, 'য়ায়ন্! দেই মহিলাটি কি আপনাকে এখানে পাঠাইয়াছেন? আমার বেচা-কেনা শেষ না হওয়া পর্যন্ত অম্প্রাহ করিয়া একটু বহুন।' সয়াসী ভাবিলেন, 'এখানে আমার কি হইবে?' যাহা হউক, তিনি উপবেশন করিলেন। ব্যাধ নিক্ষ কার্য করিতে লাগিল। কাজ শেষ হইলে পর লে টাকাকড়ি সব লইয়া সয়্যাসীকে বলিল, 'আহ্মন, মহালয়, আমার বাটীতে আহ্মন।' গৃহে উপনীত হইলে ব্যাধ তাঁহাকে একটি আসন দিয়া বলিল, 'একটু অপেক্ষা ককন।' তারপর বাটার ভিতরে গিয়া ভাহার

পিতামাতার হাত-পা ধোয়াইয়া দিল, তাঁহাদিগকে থাওয়াইল, সর্বপ্রকারে তাঁহাদের সম্ভোববিধান করিল। তারপর সম্যাসীর নিকট আসিয়া একটি আসনে উপবেশন করিয়া বলিল, 'আপনি আমাকে দেখিতে আসিয়াছেন, বলুন—আমি আপনার কি করিতে পারি ?' তথন সম্যাসী তাঁহাকে আত্মাও পরমাত্মা সহদ্ধে কতকগুলি প্রশ্ন করিলেন, তাহার উত্তরে ব্যাধ যে উপদেশ দিল, মহাভারত-গ্রন্থের অংশরূপে তাহা 'ব্যাধগীতা' নামে প্রসিদ্ধ। এই ব্যাধগীতা চূড়ান্ত বেদান্ত—দর্শনের চরম সীমা। তোমরা ভগবদগীতার নাম শুনিয়াছ, উহা শ্রীকৃষ্ণের উপদেশ। ভগবদগীতা পাঠ শেষ করিয়া তোমাদের এই ব্যাধগীতা পাঠ করা উচিত। ইহা বেদান্ত-দর্শনের চূড়ান্ত ভাব।

ব্যাধের উপদেশ শেষ হইলে সন্ত্রাদী অভিশয় বিস্মিত হইলেন এবং বলিলেন, 'আপনার এত উচ্চ জ্ঞান, তথাপি আপনি এই ব্যাধদেহ অবলম্বন করিয়া এরপ কুংসিত কর্ম করিতেছেন কেন?' তথন ব্যাধ উত্তর করিল, 'বংল, কোন কর্মই অপবিত্র নয়। এই কার্য আমার জন্মগত, ইহা আমার প্রারম্ভলাবে আমি আমার কর্তব্যগুলি ভালভাবে করিবার চেষ্টা করি। অনাসক্তভাবে আমি আমার কর্তব্যগুলি ভালভাবে করিবার চেষ্টা করি; আমি গৃহছের ধর্ম পালন করি ও পিতামাতাকে যথাসাধ্য স্থী করিবার চেষ্টা করি। আমি বোগ জানি না এবং সন্ত্রাদীও হই নাই। আমি কখনও সংলার ত্যাগ করিয়া বনে যাই নাই। তথাপি সমাজে আমার অবস্থা অন্থ্যায়ী কর্তব্য অনাসক্তভাবে করিয়াই আমার এই জান জন্মিয়াছে।'

ভারতে এক জ্ঞানী মহাপুরুষ আছেন, তিনি উচ্চ অবস্থার বোগী।'
আমি জীবনে যে-সব অতি বিশায়কর মাছ্য দেখিয়াছি, ইনি তাঁহাদের
একজন। ইনি এক অসাধারণ ব্যক্তি; কথনও কাহাকেও উপদেশ দেন
না; কেহ কোন প্রশ্ন করিলে তিনি তাহার উত্তর দিবেন না। আচার্বের
পদ গ্রহণ করিতে তিনি অত্যস্ত সঙ্কৃচিত—কথনও উহা গ্রহণ করিবেন না।
তাঁহাকে কোন প্রশ্ন জিজ্ঞানা করিয়া কিছুদিন অপেক্ষা করিতে হইবে,
কথাবার্তার মধ্যে ডিনি নিজেই সে বিষয় উত্থাপন করিবেন এবং ঐ ভত্ত-

> शांकिপूरतद পওহারী বাবা , ১৮৯৮ दः ইনি দেহরকা করেন।

সম্বন্ধ অপূর্ব আলোক সম্পাত করিবেন। তিনি আমাকে এক সময়ে কর্মের বছত্ত সম্বন্ধে বলেন, 'যন্ সাধন তন্ সিদ্ধি''—যখন তুমি কোন কার্ব করিতেছ, তখন আর অন্ত কিছু ভাবিও না; পুলারপে—সর্বোচ্চ পুলারপে উহার অন্তর্ভান কর এবং দেই সময়ের জন্ত উহাতেই সমগ্র মন-প্রাণ অপ্পাক্ষর।

দেখ, উক্ত গরে ব্যাধ এবং নারী আনন্দে ও সর্বাস্থঃকরণে নিজ কর্তব্য কর্ম করিতেন, ফলে তাঁহারা জ্ঞান লাভ করিয়াছিলেন। ইহা দারা স্পষ্ট প্রমাণিত হইল, গৃহস্থ বা সন্ন্যাস—বে-কোন আশ্রমের কর্তব্যই হউক না কেন, যথার্থরূপে অনাসক্তভাবে অন্তর্গিত হইলে আমরা আত্মজান-বিষয়ক চরম অমুভূতি লাভ করিব।

আমাদের কর্তব্য প্রধানতঃ আমাদের পারিপার্শিক অবস্থা বারা নির্ধারিত হয়। কর্তব্যের ভিতর কিছু বড়-ছোট থাকিতে পারে না। সকাম কর্মীই—তাহার অদৃষ্টে যে কর্তব্য পড়িয়াছে, তাহাতে বিরক্তি প্রকাশ করে। অনাসক্ত কর্মীর পক্ষে সকল কর্তব্যই সমান, এবং ঐগুলিই অমোঘ অন্ত হইয়া ভাহার স্বার্থপরতা ও ইন্সিয়পরতা বিনষ্ট করে এবং সাধক মৃক্তির পথে অগ্রদর হয়। আমরা যে কার্যে বিরক্তি প্রকাশ করি, তাহার কারণ—আমরা সকলেই নিজেদের খুব বড় ভাবিয়া থাকি, কিন্তু আন্তরিকভার সহিত কর্মে প্রবৃত্ত হইলেই আমরা নিয়-অবস্থানির্দিষ্ট অতি কৃত্র কর্তব্যগুলিরও ঠিক ঠিক সম্পাদনে স্বীয় অক্ষমতা ব্ঝিতে পারি এবং তাহাতে আমরা নিজেদের সম্বন্ধে বে-সকল উচ্চ ধারণা পোষণ করিতাম, তাহা স্বপ্নের স্থায় অন্তহিত হইরা যায়। যখন আমি বালক ছিলাম, তথন আমার মনে অনেক রকম চিম্বা উঠিত—কখন ভাবিভাম, আমি একটা মন্তবড় সম্রাট; কখন বা নিজেকে জন্ম কোনরূপ একটা বড়লোক ভাবিতাম। বোধ হয় ভোমরাও বাল্যকালে এক্নপ চিন্তা করিয়াছ। কিন্তু এগুলি স্বই খেরাল্যাত্র: প্রকৃতিই সর্বদা কঠোরভাবে প্রত্যেকের কর্মান্থবায়ী স্থায়সভত ফলবিধান করিয়া থাকে—তাহার একচুলও এদিক ওদিক হইবার নয়। সেইজ্ঞ আমরা স্বীকার করিতে ইচ্ছুক না হইলেও প্রকৃতপক্ষে আমাদের কর্মকল

> থাহা সাধন তাহাই সিদ্ধি—উদ্দেশ্য ও উপায় এক।

অন্থারেই আমাদের কর্তব্য নির্দিষ্ট হইয়া থাকে। আমাদের অতি নিকটেই বে কর্তব্য বহিরাছে—বাহা আমাদের হাতের গোড়ায় রহিরাছে—তাহা উত্তম-রূপে নির্বাহ করিয়াই আমরা ক্রমণ: শক্তি লাভ করিয়া থাকি। এইরূপে ধীরে ধীরে শক্তি বাড়াইতে বাড়াইতে ক্রমে আমরা এমন অবস্থায় গোঁছিতে পারি, বে সময়ে আমরা সমাজে সর্বাপেক্ষা সম্মানজনক কর্তব্য পালন করিবার দোভাগ্য লাভ করিব। এইটি জানিয়া রাখা ভাল, কারণ প্রতিষোগিতা হইতে কর্বার উৎপত্তি হয় এবং উহা ক্রদয়ের সৎ ও কোমল ভাবগুলি নই করিয়া ক্রেল। বে ক্রমাগত সকল বিবরে বিরক্তি প্রকাশ করে, তাহার পক্ষে সকল কর্তব্যই অক্রচিকর বলিয়া বোধ হয়। কিছুই তাহাকে কথন সম্ভষ্ট করিতে পারিবে না, এবং তাহার জীবনটা বিফলতায় পর্যবৃদ্ধিত হইবে। এস, আমরা কেবল কাজ করিয়া বাই। বে-কোন কর্তব্য আম্বক না কেন, তাহা বেন আমরা সাগ্রহে করিয়া বাইতে পারি—সর্বদাই বেন কর্তব্য-সম্পাদনের জন্ত সর্বান্তঃ-করণে প্রস্তুত্ত থাকিতে পারি। তবে আমরা নিশ্চয়ই আলোক দেখিতে পাইব।

পরোপকারে নিজেরই উপকার

কর্তব্যনিষ্ঠা ধারা আমাদের আধ্যাত্মিক উন্নতির কিরূপ সহায়ভা হয়, দে-বিষয়ে আরও অবিক আলোচনা করিবার পূর্বে 'কর্ম' বলিতে ভারতে আমহা যাহা ব্ঝিয়া থাকি, ভাহার আর একটি দিক ্যত সংক্ষেপে সম্ভব ভোমাদের নিকট বিবৃত করিতে চেষ্টা করিব। প্রত্যেক ধর্মেরই ভিনটি করিয়া ভাগ আছে-যথা দার্শনিক, পৌরাণিক ও আহুষ্ঠানিক। অবশ্য দার্শনিক ভাগই প্রত্যেক ধর্মের সার। পৌরাণিক ভাগ ঐ দার্শনিক ভাগেরই বিবৃতিমাত্র; উহাতে মহাপুরুষগণের অল্পবিত্তর কাল্পনিক জীবনী এবং अलोकिक विषय्रमः कांच উপাধ্যান ও গল্পমৃত্ ছারা ঐ দর্শনকেই উত্তমরূপে বিবৃত করিবার চেষ্টা করা হইয়াছে। আর আফুষ্ঠানিক ভাগ ঐ দর্শনেরই আরও স্থূলতর রূপ—যাহাতে সকলেই উহা ধারণা করিতে পারে। প্রকৃতপক্ষে অনুষ্ঠান দর্শনেরই সুসতর রূপ। এই অনুষ্ঠানই কর্ম। প্রত্যেক ধর্মেই ইহা প্রয়োজনীয়, কারণ আমাদের মধ্যে অনেকেই—যভদিন না আধ্যাত্মিক বিষয়ে যথেষ্ট উন্নতিলাভ করিতেছে, ততদিন স্ক্র আধ্যাত্মিক ভত্ত ধারণা করিতে অসমর্থ। লোকে সহজেই ভাবিয়া থাকে, ভাহার। সকল বিষয়ই বুঝিতে পারে; কিন্তু কার্যক্ষেত্রে দেখা যায়—শুদ্ধ ভাৰসমূহ হাদরক্ষ করা বড়ই কঠিন। এই কারণে প্রভীকের ঘারা বিশেষ সাহাব্য হইয়া থাকে, আর প্রতীকের সাহায্যে কোন বস্তুকে ধারণা করিবার প্রণালী আমরা কিছুতেই ভ্যাগ করিতে পারি না।

শারণাতীত কাল হইতে সকল ধর্মেই প্রতীকের ব্যবহার দেখিতে পাওয়া বায়। এক হিসাবে আমরা প্রতীক ব্যতীত চিন্তাই করিতে পারি না; শব্দসমূহ তো চিন্তাইই প্রতীক। অন্ত হিসাবে অগতের সমূদর পদার্থকেই প্রতীক রূপে দেখা বাইতে পারে। সমগ্র জগং একটি প্রতীক, আর ইহার পশ্চাতে মূলতত্ব ঈশ্বর। এই প্রতীকজ্ঞান প্রাপ্রিভাবে মানব-স্ট নয়। কোন বিশেষ ধর্মাবলধী কয়েকজন ব্যক্তি একখানে বসিয়া ভাবিয়া চিন্তিয়া স্কপোল-কয়িত কতকভালি প্রতীকের স্টি করিলেন—এরপ নয়। প্রতীকগুলি স্থাবতঃ উৎপন্ন হইয়া থাকে। তাহা না হইলে কতকভালি প্রতীক প্রায়

প্রত্যেক ব্যক্তির মনেই কডকগুলি বিশেষ ভাবের সহিত অভিত কেন ? কডক-গুলি প্রতীক সর্বজনীনভাবে প্রচলিত। তোমাদের অনেকের ধারণা—গ্রীষ্টধর্মের সংস্পর্শে ই ক্র্ণ-চিহ্ন প্রথম আবিভূতি হয়। কিন্তু প্রকৃতপক্ষে প্রীষ্ট-ধর্মের বহু পূর্ব হইতে, মূশা অন্মিবার পূর্ব হইতেই, বেদের আবিভাব হইবার পূর্ব হইতে—এমন কি মায়বের কার্যকলাপের কোনপ্রকার মানবীয় ইতিহাস রক্ষিত হইবার পূর্ব হইতেই উহা বর্তমান ছিল। আজটেক ও ফিনিসীয় জাতির মধ্যেও বে ক্র্ণ-প্রতীক প্রচলিত ছিল, তাহার প্রমাণ পাওয়া ঘাইতে পারে। খুব সম্ভব, সকল আতিই এই ক্র্ণ-চিহ্ন ব্যবহার করিত।

আবার কুশবিদ্ধ পরিত্রাভার—কুশবিদ্ধ হইয়া রহিয়াছে এরূপ একটি মাহ্যের-প্রতীক প্রায় সকল জাতির মধ্যে ছিল বলিয়া বোধ হয়। সমগ্র জগতের মধ্যে বৃত্ত একটি উৎকৃষ্ট প্রতীকের স্থান অধিকার করিয়াছে। তাহার পর সর্বাপেক্ষা সর্বজনীন প্রতীক 'স্বন্থিক' (৮) রহিয়াছে। এক সময়ে লোকে ভাবিত, বৌদ্ধগণ সমগ্ৰ জগতে উহা ছড়াইয়া দিয়াছে, কিন্তু এখন জানা গিয়াছে বে, বৌদ্ধর্মের অভ্যুদয়ের অনেক পূর্ব হইতেই বিভিন্ন জাভির মধ্যে উহা প্রচলিত ছিল। প্রাচীন বাবিলন ও মিশরে ইহা দেখা বাইত। ইহা দারা কি প্রমাণ হইতেছে ?—এই প্রতীকগুলি শুধু রীতিগত বা কল্পনাপ্রস্ত নয়। নিশ্চয়ই উহাদের কোন যুক্তি আছে, মহয়া-মনের সহিত উহাদের কোনক্লপ স্বাভাবিক সম্বন্ধ আছে। ভাষাও একটা কুত্রিম বস্তু নয়। কয়েকজন লোক একত্র হইয়া কতকগুলি ভাবকে বিশেষ বিশেষ শব্দ দারা প্রকাশ করিবে— এইরূপ সম্মত হওয়াতে ভাষার উৎপত্তি হইয়াছে—ইহা সত্য নয়। কোন ভাবই তাহার অমুদ্ধণ শব্দ ব্যতিরেকে অথবা কোন শব্দই তাহার অমুদ্ধণ ভাব ব্যতিরেকে থাকিতে পারে না। শব্দ ও ভাব স্বভাবতই অবিচ্ছেম্ব। ভাবসমূহ বুঝাইবার জন্ত শব্দ- বা বর্ণ-প্রতীক—উভয়ই ব্যবহৃত হইতে পারে। বধির ও মৃক ব্যক্তিদিগকে শব্দপ্রতীক ছাড়া অক্ত প্রতীকের সাহায্যে চিস্তা করিতে হয়। মনের প্রতোকটি চিস্তার পরিপ্রক হিসাবে একটি করিয়া রূপ আছে। সংস্কৃত দর্শনে উহাদিগকে 'নাম-রূপ' বলা হয়। কৃত্রিম উপায়ে ভাষা স্বাষ্ট করা অসম্ভব, সেরূপ কৃত্রিম উপায়ে প্রতীক স্বাষ্ট করাও অসম্ভব। পৃথিবীতে প্রচলিত আহুষ্ঠানিক ধর্মের প্রভীকগুলির মধ্যে মানবজাতির ধর্মচিস্তার অভিব্যক্তি দেখিতে পাই। অহুষ্ঠান, মন্দির ও অক্সাক্ত

বাহ্ন আড়ম্বরের কোন প্রয়োজন নাই—এ-কথা বলা খুব সহজ। আজকাল ছোট শিশুও এ-কথা বলিয়া থাকে। কিন্তু ইহাও অতি সহজেই দেখা যায়—
যাহারা মন্দিরে গিয়া উপাসনা করে না, তাহাদের চেয়ে যাহারা মন্দিরে
উপাসনা করে, তাহারা অনেক বিষয়ে অগ্রন্ধ। এই কারণে কোন কোন
ধর্মের সহিত যে-সব বিশেষ প্রকার মন্দির, অহুষ্ঠান ও অগ্রাগ্ত স্থুল ক্রিয়াকলাপ
জড়িত আছে, তাহা সেই সেই ধর্মাবলম্বীর মনে—এ স্থুল বস্তুগুলি যে-সব ভাবে
প্রতীকরূপে ব্যবহৃত হয়, সেই-সব ভাবের উদ্রেক করিয়া দেয়। আর
অহুষ্ঠান ও প্রতীক একেবারে উড়াইয়া দেওয়া বিজ্ঞজনোচিত কাজ নয়।
এই-সকল বিষয়ের চর্চা ও অভ্যাস স্বভাবতই কর্মযোগের একটি অংশ।

এই কর্ম-বিজ্ঞানের আরও অনেক দিক আছে। তাহাদের মধ্যে একটি এই—'ভাব' ও 'শব্দে'র মধ্যে যে-সম্বন্ধ আছে এবং শব্দশক্তিদ্বারা কি সাধিত হইতে পারে, তাহা জানা। সকল ধর্মে শব্দক্তি স্বীকৃত হইয়াছে; এমন কি কোন কোন ধর্মে সমগ্র সৃষ্টিই 'শব্দ' হইতে উৎপন্ন হইয়াছে বলা হয়। ঈখরের সঙ্কল্পের বাহ্নভাব 'শব্দ'; আর যেহেতু ঈখর স্বাষ্টর পূর্বে সঙ্কল্প ও ইচ্ছা করিয়াছিলেন, দেইহেতু 'শব্দ' হইতেই স্ঠাষ্টি হইয়াছে। এই জড়বাদী ইহদর্বস্থ জীবনের পেষণে ও ক্ষিপ্রতায় আমাদের স্নাযুগুলি অচেতন ও কঠিন হইয়া পড়িতেছে। যতই আমরা বৃদ্ধ হই, যতই আমরা এই জগতে ঘা ধাইতে থাকি, ততই আমরা অহভৃতিহীন হইয়া পড়ি; আর যে-সকল ঘটনা বারংবার আমাদের চতুর্দিকে ঘটিতেছে এবং আমাদের দৃষ্টি আকর্ষণ করিবার চেষ্টা করিতেছে, দেইগুলিকেও আমরা অবহেলা করিতে প্রবৃত্ত হই। যাহা হউক, সময়ে সময়ে মানবের নিজ্ञস্ব প্রকৃতি নিজ্কেক প্রতিষ্ঠিত করে এবং আমরা এই-সকল সাধারণ ঘটনার অনেকগুলি দেখিয়া বিস্মিত হই ও সেগুলির তত্তামুসদ্ধানে প্রবুত্ত হই। আর এইরূপ বিশায়ই জানালোক-প্রাপ্তির প্রথম সোপান। শবের উচ্চ দার্শনিক ও আধ্যাত্মিক মূল্য ছাড়িয়া দিলেও আমরা দেখিতে পাই, শব্দপ্রতীক মানবের জীবন-রঙ্গমঞ্চে এক প্রধান অংশ অভিনয় করিয়া থাকে। আমি ভোমার সহিত কথা কহিতেছি, আমি ভোমাকে স্পর্শ করিতেছি না। আমার কথা ঘারা বায়ুর যে কম্পন হইতেছে, ভাছা তোমার কর্ণে গিয়া তোমার স্নায়ুগুলি স্পর্শ করিতেছে এবং তোমার মনের উপর প্রভাব বিস্তার করিতেছে। তুমি ইহার প্রতিরোধ করিতে পার না।

ইহা অপেকা অধিকতর আশ্বর্ধ আর কি হইতে পারে? এক ব্যক্তি আর এক ব্যক্তিকে 'মূর্খ' বলিল—অমনি সে উঠিয়া মূষ্টি বন্ধ করিয়া তাহার নাকে ঘূরি মারিল। দেখ—শব্দের কি শক্তি! এ এক নারী হৃংখে কটে কাদিতেছে; আর এক নারী আদিয়া তাহাকে ঘূই-চারিটি মিষ্টকথা শুনাইলেন। অমনি সেই রোদনপরায়ণা নাবীর বক্রদেহ সঙ্গে সঙ্গে সোজা হইল, তাহার শোক- ঘৃংখ চলিয়া গেল, তাহার মূথে হাসি দেখা দিল। দেখ, শব্দের কি শক্তি! উচ্চ দর্শনে যেমন, সাধারণ জীবনেও তেমনি শব্দের প্রচণ্ড শক্তি। এ-সম্বন্ধে চিন্তা ও অনুসন্ধান না করিয়াও আমরা দিবারাত্র এই শক্তি লইয়া নাড়াচাড়া করিতেছি। এই শক্তির প্রকৃতি অবগত হওয়া এবং যথাযথভাবে উহার ব্যবহার করা কর্মযোগের অঞ্চবিশেষ।

অপরের প্রতি আমাদের কর্তব্যের অর্থ—অপরকে সাহায্য করা, জগতের উপকার করা। কেন আমরা জগতের উপকার করিব ? আপাতত: বোধ হয় যে, আমরা জগৎকে সাহায্য করিতেছি, বাস্তবিক কিন্তু আমরা নিজেদেরই দাহায্য করিতেছি। আমাদের সর্বদাই জগতের উপকার করিবার চেষ্টা করা আবশ্যক, ইহাই যেন আমাদের কর্মপ্রবৃত্তির শ্রেষ্ঠ প্রেরণা হয়; কিন্তু যদি আমরা বিশেষ বিচার করিয়া দেখি, তবে দেখিব, আমাদের নিকট হইতে এই ব্দগতের কোন সাহায্যেরই প্রয়োজন নাই। তুমি আমি আসিয়া উপকার করিব বলিয়া এই জগৎ স্ট হয় নাই। আমি একবার এক (খ্রীষ্টায়) ধর্মোপদেশে পড়িয়াছিলাম, 'এই স্থন্দর জ্বপং অতি মঙ্গলময়, কারণ এথানে আমরা অপরকে <u>সাহায্য ক্রিবার সময় ও হৃবিধা পাই।</u>' বাহুত: ইহা অতি হৃন্দর ভাব বটে, কিন্তু জগতে আমাদের সাহায্য প্রয়োজন—এইরূপ বলা কি ঈশরনিন্দা নুয় ? অবশ্য ব্দগতে যে যথেষ্ট হুঃখ আছে, তাহা আমরা অস্বীকার করিতে পারি না। স্তরাং আমরা যত কাজ করি, তাহার মধ্যে অপরকে সাহায্য করাই সর্বাপেক্ষা ভাল কাজ। যদিও আমরা শেষ পর্যস্ত দেখিব--পরকে সাহায্য করা নিজেরই উপকার করা। বাল্যকালে আমার কতকগুলি সাদা ইত্ব ছিল। সেগুলি থাকিত একটি ছোট বাক্সে, তাহাতে ছোট ছোট চাকা ছিল। ইত্বগুলি যেই চাকার উপর দিয়া পার হইতে চেষ্টা করিড, অমনি চাকাগুলি ক্রমাগত ঘুরিত, ইত্রগুলি আর অগ্রসর হইতে পারিত না। এই জগং এবং উহাকে সাহায্য করাও সেইরূপ। তবে এইটুকু উপকার

হয় যে, আমাদের মানসিক শিক্ষা হয়। এই জগৎ ভালও নয়, মন্দও নয়; প্রত্যেক ব্যক্তিই নিজের জ্ব্য একটি জগৎ সৃষ্টি করে। অন্ধ ব্যক্তি যদি জগৎ-সম্বন্ধে ভাবিতে আরম্ভ করে, তবে তাহার কাছে জগৎ—হয় নরম বা শক্ত, ঠাণ্ডা বা গ্রম রূপে প্রতিভাত ১্ইবে। আমরা একরাশ হংগ বা তু:খের সমষ্টিমাত্র। আমরা জীবনে শত শত বার ইহা অহভেব করিয়াছি। যুবকেরা সাধারণত: ত্রথবাদী (optimist), এবং বুদ্ধেরা তু:থবাদী (pessimist) হইয়া থাকে। যুবকদের সন্মুখে সারাটা জীবন পড়িয়া বহিয়াছে; বুদ্ধেরা কেবল অসন্তোষ প্রকাশ করে—তাহাদের দিন ফুরাইয়াছে, শভ শত বাসনা তাহাদের হৃদয় অলোড়িভ করিতেছে, কিন্তু এখন সেগুলি পূরণ করিবার সামর্থ্য তাহাদের নাই। ত্জনেই মূর্থ। আমরা যেরূপ মন লইয়া জীবনকে দেখি, উহা দেইরূপেই প্রতীয়মান হইয়া থাকে, নতুবা স্বরূপত: এই জীবন ভালও নয়, মন্দও নয়। স্বরূপত: অগ্নি জিনিসটি ভালও নয়, মন্দও নয়। যথন উহা আমাদিগকে স্থতপ্ত রাখে, তথন আমরা বলি—অগ্নি কি স্থলর! আবার যথন উহা আমাদের অঙ্গুলি দগ্ধ করে, তথন আমর অগ্নির নিন্দা করিয়া থাকি। অগ্নি কিন্তু স্বরূপত: ভালও নয়, মন্দও নয় আমরা উহার যেমন ব্যবহার করি, উহাও সেইরূপ ভাল-মন্দ ভাব জাগ্রত করে; জগৎ-সম্বন্ধেও এইরূপ। জগৎ স্বয়ংসম্পূর্ণ; এ-কথার অর্থ--জগং নিজের সমৃদয় প্রয়োজন পূরণ করিতে সম্পূর্ণভাবে সমর্থ। আমরা একেবা নিশ্চিম্ভ থাকিতে পারি ষে, আমাদের সাহাষ্য ছাড়াও জগৎ বেশ চলিয় ষাইবে, উহার উপকারের জন্ম আমাদিগকে মাথা ঘামাইতে হইবে না।

তথাপি আমাদিগকে পরোপকার করিতে হইবে; ইহাই আমাদের ক্য প্রবৃত্তির সর্বোচ্চ প্রেরণা, কিন্তু আমাদের সর্বদাই জানা উচিত বে, পরোপকা করা এক পরম স্থযোগ ও সৌভাগ্য। উচ্চ মঞ্চের উপর দাঁড়াইয়া পাঁচা পয়সা লইয়া গরীবকে বলিও না, 'এই নে বেচারা', বরং ভাছার প্রতি কৃত্য হও—ঐ গরীব লোকটি আছে বলিয়া ভাহাকে সাহায্য করিয়া তুমি নিজে উপকার করিতে পারিতেছ। যে গ্রহণ করে সে ধন্য হয় না, বে দান ক দেই ধন্য হয়। তুমি যে ভোমার দয়া ও ক্রণাশক্তি জগতে প্রয়োগ করি নিজেকে পবিত্র ও সিদ্ধ করিতে সমর্থ হইতেছ, এজন্য তুমি কৃতজ্ঞ হও দ্ব ভাল কাজই আমাদিগকে পবিত্র ও সিদ্ধ ছইতে সহায়ভা করে আমরা খুব বেশী কী করিতে পারি ?—একটা হাসপাভাল, রান্তা বা দাভব্য আশ্রম নির্মাণ করিতে পারি! পরীব তৃঃখীকে সাহাষ্য করিবার জক্ত হয়তো আমরা বিশ-ত্রিশ লক্ষ টাকা সংগ্রহ করিতে পারি, তাহার মধ্যে দশ লক্ষ টাকায় একটা হাদপাতাল খুলিতে পারি, দশ লক্ষ টাকা নাচ-ভামাদা-মদে খরচ করিতে পারি এবং দশ লক্ষের অর্ধেক কর্মচারীরা চুরি করিতে পারে এবং অবশিষ্ট অংশ হয়তো গরীবদের কাছে পৌছিল। কিন্তু তাহাতেই বা হইল কি ? এক ঝটকায় পাঁচ মিনিটে সব উড়িয়া ঘাইতে পারে। তবে করিব কি? এক আগ্নেয়গিরির অগ্ন্যৎপাতে রাস্তা, হাদপাতাল, নগর, বাড়ি দব উড়িয়া ষাইতে পারে। অতএব এস, জগতের উপকার করিব—এই অজ্ঞানের কথা একেবারে পরিত্যাগ করি। জগৎ তোমার বা আমার সাহায্যের জন্ম অপেকা করিতেছে না। তথাপি আমাদিগকে কার্য করিতে হইবে, সর্বদাই লোকের উপকার করিতে হইবে, কারণ উহা আমাদের পক্ষে এক আশীর্বাদম্বরূপ। কেবল এই উপায়েই আমরা পূর্ণ হইতে পারি। আমরা যে-সব ভিখারীদের সাহায্য করি, তাহারা কেহই আমাদের এক পয়সা ধারে না; আমরাই তাহাদের নিকট ঋণী, কারণ সে তাহার উপর আমাদের দয়া-বৃত্তি অহুশীলন করিতে অহুমতি দিয়াছে। আমরা জগতের কিছু উপকার করিয়াছি বা করিতে পারি, অথবা অমুক অমুক লোককে দাহায্য করিয়াছি— এরণ চিন্তা করা সম্পূর্ণ ভূল। ইহা মূর্থের চিন্তা, আর এরণ চিন্তা তৃঃধজনক। আমরা মনে করি, আমরা কাহাকেও সাহায্য করিয়াছি; এবং আশা করি, দে আমাকে ধতাবাদ দিবে; আর দে ধতাবাদ না দিলে আমরা মনে কট পাই। আমাদের ক্বত উপকারের জন্ম কেন আমরা প্রতিদান আশা করিব ? যাহাকে সাহায্য করিতেছ, তাহার প্রক্তি ক্বতক্ত হও, তাহাতে ঈশর-বৃদ্ধি কর। মাহ্র্যকে সাহায্য করিয়া ঈশ্বরের উপাসনা করিতে পাওয়া কি আমাদের মহাদৌভাগ্য নয় ? যদি আমরা বান্তবিক অনাসক্ত হইতাম, তবে এই বুখা আশান্ধনিত কষ্ট এড়াইতে পারিতাম এবং সানন্দে জগতে কিছু ভাল কাজ করিতে পারিতাম। আসজিশৃশ্ত হইয়া কাজ করিলে অশান্তি বা ছঃখ ক্থনই আসিবে না। এই জগৎ হুধ-তু:ধ লইয়া অনস্তকাল চলিতে থাকিবে ^{এবং} আমরা উহাকে সাহায্য করিবার জন্ম কিছু করি বা না করি, ডাহাতে ^{'ক}ছুই আদে যায় না। দৃষ্টাস্তস্বরূপ একটি গল্প বলিতেছি:

একজন গরীব লোকের কিছু অর্থের প্রয়োজন ছিল। সে শুনিয়াছিল বে, কোনরপে একটি ভৃতকে বশীভৃত করিতে পারিলে তাহাকে আজা করিয়া সে অর্থ বা যাহা কিছু চায়, দবই পাইতে পারে। অতএব দে একটি ভৃত দংগ্রহ করিবার জন্ম বড় বাল্ড হইয়া পড়িল। তাহাকে ভৃত দিতে পারে এমন একটি লোক খুঁ জিয়া বেড়াইতে লাগিল; অবশেষে মহা-ষোগৈর্থসম্পন্ন এক সাধুর সহিত তাহার দেখা হইল। মে ঐ সাধুর সাহায়্য প্রার্থনা করিল। সাধু বলিলেন, 'ভৃত লইয়া তৃমি কি করিবে?' দে বলিল, 'আমার একটি ভৃত চাই। দে আমার হইয়া কাজকর্ম করিবে। কিরপে একটি ভৃত পাইব তাহার উপায় শিখাইয়া দিন, একটি ভৃত আমার বিশেষ প্রয়োজন।' সাধু বলিলেন, 'অত বিক্ষুর হইও না, বাড়ি যাও।' পরদিন দে পুনরায় সাধুর নিকট গিয়া কাদিয়া কাটিয়া বলিতে লাগিল, 'আমাকে একটি ভৃত দিন। কাজে সাহায়্য করিবার জন্ম একটি ভৃত আমার চাই-ই চাই।'

অবশেষে সাধুটি বিরক্ত হইয়া বলিলেন, 'এই যাত্মন্ত্র লও; ইহা ভপ করিলে একটি ভূত আদিবে—তাহাকে যাহা আদেশ করিবে, সে তাহাই করিবে। কিন্তু সাবধান, ভূত বড় ভয়ানক প্রাণী—ভাহাকে অবিরত কাজে ব্যস্ত রাখিতে হয়: তাহাকে কাজ দিতে না পারিলে সে তোমার প্রাণ লইবে !' লোকটি বলিল, 'ইহা তো অতি সহজ ব্যাপার, আমি তাহাকে তাহার জীবনব্যাপী কর্ম দিতে পারি।' এই বলিয়া দে এক বনে গিয়া অনেক দিন ধরিয়া ঐ মন্ত্রটি জপ করিতে লাগিল; অবশেষে তাহার সম্মুখে এক বিরাট ভূত আসিয়া উপস্থিত হইল এবং বলিল, 'আমি ভূত—আমি তোমার মন্ত্রবলে বশীভূত হইয়াছি; কিন্তু আমাকে সর্বদা কাজে নিযুক্ত রাখিতে হইবে। যে মুহুর্তে কাঞ্চ দিতে না পারিবে, দেই মুহুর্তে তোমাকে সংহার করিব।' লোকটি বলিল, 'আমার জন্ম একটি প্রাদাদ নির্মাণ করিয়া দাও।' ভৃত বলিল, 'হাঁ, প্রাদাদ নিমিত হইয়াছে।' লোকটি বলিল, 'টাকা আনো।' ভূত বলিল, 'এই লও টাকা।' লোকটি বলিল, 'এই বন কাটিয়া এখানে একটি শহর তৈরি কর।' ভূত বলিল, 'তাহাও হইয়াছে। আর কিছু করিতে হইবে ?' তথন লোকটির ভয় হইল; সে ভাবিতে লাগিল,—'ইছাকে তো আর কোন কাজ দিবার নাই, এ তো দেখিতেছি, এক মৃহুর্তে সব সম্পন্ন করে!' ভূত বলিল, 'আমাকে কিছু কান্ধ দাও, নইলে তোমায় থাইয়া

ফেলিব।' ভূতকে আর কি কাজ দিবে ভাবিয়া না পাইয়া বেচারা অভিশন্ধ ভয় পাইল। ভয়ে দৌড়াইতে দৌড়াইতে সাধুর নিকট পৌছিয়া বলিল, 'প্রভু, আমাকে রক্ষা করুন।' সাধু জিজ্ঞাদা করিলেন, 'ব্যাপার কি ?' লোকটি বলিল, 'ভূতকে আমি আব কিছু কাজ দিতে পাবিতেছি না। আমি যা বলি, ডাই দে মুহুর্ভের মধ্যে সম্পন্ন করিয়া ফেলে; আর যদি তাহাকে কাব্দ না দিই, তাহা হইলে আমাকে খাইয়া ফেলিবে বলিয়া ভয় দেখাইতেছে।' ঠিক তথনই 'তোমাকে খাইয়া ফেলিব' বলিতে বলিতে ভূত আসিয়া হাজিব হইল। খায় আর কি! লোকটি ভয়ে থর-থর করিয়া কাঁপিতে লাগিল. এবং তাহার জীবন-রক্ষার জন্ম সাধুর নিকট প্রার্থনা করিতে লাগিল। সাধু বলিলেন, 'আচ্ছা, ভোমার একটি উপায় করিতেছি; ঐ কুকুরটির দিকে চাহিয়া দেথ—উহার বাকা লেজ। শীঘ্র তরবারি বাহির করিয়া উহার লেজটি কাটো, ভারপর ভৃতটিকে উহা দোজা করিতে দাও।' লোকটি কুকুরের লেজ কাটিয়া ভূতকে দিয়া বলিল, 'ইহা সোজা করিয়া দাও।' ভূত উহা লইয়া ধীরে ধীরে অতি সম্বর্পণে সোজা করিল, কিন্তু ধেমনি ছাড়িয়া দিল, অমনি উহা গুটাইয়া গেল। আবার দে অনেক পরিশ্রম করিয়া লেজটি সোজা করিল—ছাড়িয়া দিতেই উহা গুটাইয়া গেল। আবার সে ধৈয সহকারে লেজটি সোজা করিল, কিন্তু ছাড়িয়া দিবামাত্র উহা বাঁকিয়া গেল। এইরূপে দিনের পর দিন সে পরিশ্রম করিতে লাগিল। অবশেষে ক্লান্ত হইয়া বলিভে লাগিল, 'জীবনে কখনও এমন যন্ত্রণায় পড়ি নাই। আমি পুরাতন পাকা ভূত, কিন্তু জীবনে কথনও এমন বিপদে পড়ি নাই'। অবশেষে লোকটিকে বলিল, 'এস ভোমার সঙ্গে আপোদ করি। তুমি আমাকে ছাড়িয়া দাও, আমিও ভোমাকে যাহা যাহা দিয়াছি দবই রাখিতে দিব, এবং প্রতিজ্ঞা করিব—কথনও তোমার অনিষ্ট করিব না।' লোকটি খুব সম্ভষ্ট হুইয়া খানন্দের সহিত এই চুক্তি স্বীকার করিল।

এই জগৎটা কুকুরের কোঁকড়ানো লেজের মতো; মান্ন্য শত শত বংসর যাবং ইহা সোজা করিবার চেষ্টা করিতেছে, কিন্তু যথনই একটু ছাড়িয়া দেয়, তথনই উহা আবার গুটাইয়া যায়। অগুণা আর কিরুপ হইবে ? প্রথমেই জানা উচিত, আসক্তিশৃগু হইয়া কি ভাবে কাল করিতে হয়; তাহা হইলেই আর গোঁড়ামি আসিবে না। যথন আমরা জানিতে পারি, এই জগৎ কুকুরের কোঁকড়ানো লেজের মতো, এবং উহা কখনও সোজা হইবে না, তখনই আমরা আর গোঁড়া হইব না।

অনেক প্রকার গোঁড়া আছে—মত্তপান-নিবারক, চুমট-নিবারক ইত্যাদি।
এক সময়ে এই ক্লাসে একজন যুবতী মহিলা আসিতেন। তিনি এবং আর
করেকজন মহিলা মিলিয়া চিকাগোয় একটি হল-বাড়ি করিয়াছেন; সেধানে
শ্রমজীবীদের কিছু কিছু সলীত ও ব্যায়াম শিথিবার বন্দোবন্ত আছে। একদিন
তিনি আমাকে মত্তপান ও ধুমপান প্রভৃতিতে বে অনিষ্ট হয়, ভাহা
বলিতেছিলেন। তিনি বলিলেন, এই-সকল দোবের প্রতিকারের উপায়
তিনি জানেন। আমি সেই উপায়টি কি জানিতে চাহিলে তিনি বলিলেন,
'আপনি কি হল-বাড়িটির কথা জানেন না?' তাঁহার কথা ভনিয়া মনে হয়,
তাঁহার মতে মানবজাতির যাহা কিছু অভত, ঐ 'হল-বাড়িটি তাহার অব্যর্থ
মহৌষধ। ভারতে কতকগুলি গোঁড়া আছেন, তাঁহারা মনে করেন, মেয়েদের
বদি একাধিক বিবাহের অহুমতি দেওয়া যায়, তবেই সব হৃঃথ ঘূচিবে।
এই সবই গোঁড়ামি; আর জানী ব্যক্তি কথন গোঁড়া হুইতে পারেন না।

গোঁড়ারা ঠিক ঠিক কাজ করিতে পারে না। জগতে যদি গোঁড়ামি না থাকিত, তবে জগৎ এখন থেরূপ উন্নতি করিতেছে, তদপেক্ষা অধিক উন্নতি করিত। গোঁড়ামি দ্বারা মানবজাতির উন্নতি হয়—এরূপ চিস্তা করা ভূল। পকাস্তরে উহাতে বরং উন্নতির বিদ্ব হয়, কারণ উহাতে দ্বণা ও ক্রোধের উৎপত্তি হয়, ফলে মামুষ পরস্পর বিরোধ করে এবং পরস্পরের প্রতি সহাত্বভূতিহীন হইয়া যায়। আমরা যাহা করি বা আমাদের যাহা আছে, মনে করি, তাহাই জগতে শ্রেষ্ঠ এবং যাহা আমাদের নাই, তাহার কোন মূল্য নাই।

অভএব যখনই গোঁড়ামির ভাব আসিবে, তথন সর্বদাই দেই কুকুরের লেজের কথা মনে করিও। জগতের জন্য তোমার উদ্বিগ্ন অথবা বিনিত্র হইবার প্রয়োজন নাই; তোমাকে ছাড়াই জগং ঠিক চলিয়া যাইবে। যখন তোমার এই গোঁড়ামি থাকিবে না, কেবল তখনই তুমি ভালভাবে কাজ করিতে পারিবে। যাহার মাথা থ্ব ঠাগুা, যে শাস্ত এবং সর্বদা উত্তমক্রণে বিচার করিয়া কাজ করে, যাহার সায় সহজে উত্তেজিত হয় না এবং যাহার গভীর প্রেম ও সহাস্ভৃতি আছে, সে-ই সংসারে ভাল কাজ

করে এবং এইরপে নিজেরও কল্যাণসাধন করে। গোঁড়ারা নির্বোধ— সহামুভ্ডিহীন; তাহারা জগৎকে তো সোজা করিতে পারেই না, নিজেরাও পবিত্রতা ও পূর্ণতা লাভ করিতে পারে না।

ভোমাদের নিজেদের ইভিহাসে 'মে-ফ্লাওয়ার' জাহাজ হইতে আগভ ব্যক্তিদের কথা কি শ্বরণ নাই ? যথন তাঁহারা প্রথমে এদেশে স্মাদেন, তথন তাঁহারা 'পিউরিটান' ছিলেন, নিজেদের খুব পবিত্র ও সাধু-প্রকৃতি মনে করিতেন। কিন্তু অতি শীঘ্রই তাঁহারা অপর ব্যক্তিদের প্রতি অত্যাচার আরম্ভ করিলেন। মানবজাতির ইতিহাসে সর্বত্তই এইরূপ দেখা যায়। যাহারা নিজেরা অত্যাচারের ভয়ে পলাইয়া আসে, তাহারাই আবার স্বিধা পাইলে অপরের উপর অত্যাচার আরম্ভ করে। আমি ছুইটি অভুত জাহাজের কথা শুনিয়াছি--প্রথম 'নোমার আর্ক' ও দিতীয় 'মে-ফ্লাওয়ার'। য়াহদীরা বলেন, সমৃদয় স্বষ্ট 'নোয়ার আর্ক' হইতে আসিয়াছে; আর মার্কিনেরা বলেন, জগতের প্রায় অর্ধেক লোক 'মে-ফ্লাওয়ার' জাহাজ হইতে আসিয়াছে। এদেশে যাহার সহিত দেখা হয়, এমন খুব কম লোকই দেখিতে পাই, ষে না বলে তাহার পিতাম্হ বা প্রণিতামহ 'মে-ফ্লাওয়ার' জাহাল হইতে আদেন নাই। এ আর এক বকমের গোড়ামি। গোড়াদের মধ্যে শতকরা অন্ততঃ নকাইজনের যক্তৎ দৃষিত, অথবা তাহারা অজীর্ণরোগগ্রন্ত, অথবা তাহাদের কোন-না-কোন প্রকার ব্যাধি আছে। ক্রমশ: চিকিৎদকেরাও বুঝিবেন ষে, গোঁড়ামি একপ্রকার রোগবিশেষ—আমি ইহা ষথেষ্ট দেখিয়াছি। প্রভূ আমাকে গোঁড়ামি হইঙে রকা করুন।

এই গোঁড়ামি-সম্বন্ধ আমার ষতটুকু অভিজ্ঞতা আছে, তাহাতে মোটাম্টি আমি এই সিদ্ধান্তে উপনীত হইয়াছি যে, আমাদের কোনপ্রকার গোঁড়া বা একঘেরে সংস্থার-কার্যের সহিত মিশিবার প্রয়োজন নাই। তোমরা কি বলিতে চাও বে, মন্তুপান-নিবারক গোঁড়ারা মাতাল-বেচারাদের বাস্তবিক ভালবাসে? গোঁড়াদের গোঁড়ামির কারণ এই যে, তাহারা এই গোঁড়ামি করিয়া নিজেরা কিছু লাভের প্রত্যাশা করে। যুদ্ধ শেব হইবামাত্র ইহারা লুঠনে অগ্রসর হয়। এই গোঁড়ার দল হইতে বাহির হইয়া আসিতে পারিলেই শিখিবে—কিরূপে প্রকৃতভাবে ভালবাসিতে হয় এবং সহাত্রভূতি করিতে হয়, তথনই তোমাদের পক্ষে মাতালের সহিত সহাত্রভূতি করা সম্ভব হইবে;

তখনই বুঝিবে—দেও তোমাদের মতো একজন মাহষ; তখনই তোমরা বুঝিতে চেষ্টা করিবে যে, নানা অবস্থাচকে পডিয়া দে ক্রমশঃ অবনত হইয়াছে; আর বুঝিবে, যদি তুমি তাহার মতো অবস্থায় পড়িতে, হয়তো আত্মহত্যা করিতে। আমার একটি নারীর কথা মনে হইতেছে—তাহার স্বামী ছিল ঘোর মাতাল। দ্বীলোকটি আমার নিকট তাহার স্বামীব অভিরিক্ত পানদোষ-সম্বন্ধ অভিযোগ করিত। আমার কিন্তু নিশ্চিত ধারণা—অধিকাংশ লোক ভাহাদের স্থীর দোষে মাতাল হইয়া থাকে। ১তোষামোদ করা আমার কান্ধ নয়, আমাকে সত্য বলিতে হইবে। যে-সকল অবাধ্য মেয়েদের মন হইতে সহাগুণ একেবারে চলিয়া গিয়াছে এবং যাহারা স্বাধীনতা সম্বন্ধে ভ্রাস্ত ধারণার বশবর্তী হইয়া বলিষা থাকে, তাহারা পুরুষদিগকে নিজের মুঠোর ভিতর রাথিবে, এবং ষথনই পুক্ষেরা সাহস করিয়া তাহাদের অক্চিকর কথা বলে, তথনই চীৎকার কবিতে থাকে—এরূপ মেয়েরা জগতের মহা অকল্যাণস্বরূপ হইয়া দাঁডাইতেছে.আর ইহাদের অত্যাচারে জগতের অর্ধেক লোক যে এখনও কেন আত্মহত্যা করিতেছে না, ইহাই আশ্চযের বিষয়।)এই নারীগণ অর্ধাশন-পীডিত প্রচারকগণকে তাহাদের দিকে টানিয়া লইতেছে, আর তাহারাও বলিতেছে, 'মহিলাগণ, আপনাবাই জগতে সর্বাপেক্ষা আশ্চর্য জীব।' তথন আবার ঐ রমণীগণ এই প্রচাবকদের সম্বন্ধে বলিতে থাকে, ইনিই আমাদের পক্ষের প্রচারক', আর ভাহাকে টাকাকডি ও অক্তাত্ত আবশ্রক দ্রব্যাদি দিতে থাকে। এইরপেই জগৎ চলিতেছে; কিন্তু জীবনটা তো এরপ একটা তামাদা নয়; জীবনে গভীরভাবে প্রণিধান ও আলোচনা করিবার বিষয় অনেক আছে।

এখন তে মাদিগকে আজিকার বক্তার মুখ্য বিষয়গুলি পুনরালোচনা করিতে বলিতেছি। প্রথমতঃ আমাদিগকে মনে রাখিতে হইবে যে, আমরা দকলেই জগতের নিকট ঋণী, জগৎ আমাদের নিকট এতটুকু ঋণী নয়। আমাদের দকলেরই মহা সৌভাগ্য যে, আমরা জগতের জগ্য কিছু করিবার স্থাগে পাইযাছি। জগংকে দাহায্য করিতে গিয়া আমরা প্রকৃতপক্ষে নিজেদেরই কল্যাণ করিয়া থাকি। দ্বিতীয়তঃ এই জগতে একজন ঈশব আছেন। ইহা সত্য নয় যে, এই জগৎ স্লোতে ভাসিয়া চলিয়াছে এবং তোমার বা আমাব সাহায্যের অপেক্ষায় রহিয়াছে। ঈশব অগতে সর্বদাই বর্তমান।

তিনি অবিনাশী, নিয়ত-ক্রিয়াশীল, তাহার সতর্কদৃষ্টি সর্বত্র পরিব্যাপ্ত। বিশ্ব জগৎ নিদ্রা যায়, তথনও তিনি জাগিয়া থাকেন। তিনি অবিরত কাজ করিতেছেন। জগতে ষাহা কিছু পরিবর্তন ও বিকাশ দেখা যায়, সবই তাঁহার কাজ। তৃতীয়ত: আমাদের কাহাকেও ঘুণা করা উচিত নয়। এই জগৎ চিরকা**ল ভভাভভের মিশ্রণ** হইয়াই থাকিবে। আমাদের কর্তব্য—তুর্বলের প্রতি সহাত্মভূতি প্রকাশ করা এবং অনিষ্টকারীকেও ভালবাসা। এ জগৎ একটি বিরাট নৈতিক ব্যায়ামশাল।—এখানে আমাদের সকলকেই অফুশীলন করিতে হইবে, যাহাতে দিন দিন আমরা আরও বেশী আধ্যাত্মিক শক্তি লাভ করিতে পারি। চতুর্থত: আমাদের কোনপ্রকারের গোঁড়া হওয়া উচিত নয়, কারণ গোঁড়ামি প্রেমের বিপরীত। গোঁড়া ফস্ করিয়া বলিয়া বদে, 'আমি পাপীকে ঘণা করি না, পাপকে ঘণা করি।' কিন্তু প্রকৃতপক্ষে পাপ ও পাপীর মধ্যে পার্থক্য করিতে পারে, এমন মান্ত্র দেখিবার জন্ম আমি দূর-দূরাস্তরে বাইভেও ঐরপ বলা খুব সহজ ় যদি আমরা উত্তমরূপে শ্রব্য ও গুণের মধ্যে পার্থক্য করিতে পারি, তবে তো আমরা সিদ্ধ হইয়া যাই! এরপ করা বড়সহজ নয়। অধিকম্ভ যভই আমরা ধীরন্থির হইব এবং আমাদের স্নায়্দমূহও যভই শাস্ত হইবে, ততই আমরা অধিকতর প্রেমসম্পন্ন হইব এবং আরও ভালরূপে কর্ম করিতে সমর্থ হইব।

অনাদক্তিই পূর্ণ আত্মত্যাগ

আমাদের ভিতর হইতে বহির্গত অর্থাৎ আমাদের কায় মন ও বাক্য দারা কৃত প্রত্যেক কার্যই যেমন আবার প্রতিক্রিয়ারূপে আমাদের নিকট ফিরিয়া আদে, সেইরূপ আমাদের কার্য অপর ব্যক্তির উপর এবং তাহাদের কার্য আমাদের উপর প্রভাব বিস্তার করিতে পারে। তোমরা হয়তো সকলেই লক্ষ্য করিয়া থাকিবে যে, কেহ ৰখন কোন মন্দ কাজ করে, তখন দে ক্রমশঃ আরও মন হইতে থাকে এবং যথন সৎকার্য করিতে আরম্ভ করে, তখন তাহার অস্তরাত্মা দিন দিন সবল হইতে সবলতর হইতে থাকে-সর্বদাই ভাল কাব্দ করিতে প্রবৃত্ত হয়। এক মন আর এক মনের উপর কার্য করে—এই ভত্ব ব্যতীত কর্মের প্রভাবের এই শক্তিবৃদ্ধি আর কোন উপায়েই ব্যাখ্যা করা যাইতে পারে না। পদার্থ-বিজ্ঞান হইতে একটি উপমা গ্রহণ করিলে বলা যায় যে, আমি যখন কোন কর্ম করিভেছি, তখন আমার মন কোন নির্দিষ্ট কম্পনের অবস্থায় রহিয়াছে; এক্লপ অবস্থাপন্ন সকল মনেই আমার মন **দারা প্রভাবিত হ্**ইবার প্রবণতা আছে। **দদি কোন দরে একস্থরে** বাঁধা বিভিন্ন বাদ্যযন্ত্র থাকে, তাহার একটিতে আঘাত করিলে অপরগুলিরও সেই স্থরে বাজিয়া উঠিবার প্রবণতা হয়তো লক্ষ্য করিয়াছ। এইরূপ যে-সকল মন একস্থরে বাঁধা, একরূপ চিস্তা তাহাদের উপর সমভাবে কার্য করিবে। অবশ্য দূরত্ব ও অগ্রাগ্য কারণে চিস্তার প্রভাবের তারতম্য হইবে, কিন্তু মনের প্রভাবিত হইবার সম্ভাবনা সর্বদা থাকিবে। মনে কর, আমি কোন মন্দ কাজ করিতেছি, আমার মন কম্পনের এক বিশেষ স্থরে রহিয়াছে, ভাহা হইলে জগতের দেইরূপ কম্পন-বিশিষ্ট সকল মনেই আমার মন দারা প্রভাবিত হইবার সম্ভাবনা থাকিবে। এইক্লপে যথন আমি কোন ভাল কাজ করি, তথন আমার মন আর এক স্থরে বাজিতেছে এবং সেই স্থরে বাঁধা সকল মনই আমার মন দারা প্রভাবিত হইতে পারে। তানশক্তির তারতম্য অহুদারে মনের উপর মনের এই প্রভাব-বিস্তারের শক্তিও কম-বেশী হয়।

এই উপমাটি লইয়া আরও একটু অগ্রসর হইলে বুঝা যাইবে যে, আলোক-তরকগুলি বেমন কোন বস্তুতে প্রতিহত হইবার পূর্বে লক্ষ লক্ষ বংসর শৃক্তমার্গে

ভ্রমণ করিতে পারে, এই চিস্তাতরকগুলিও যতদিন না সমভাবে স্পন্দিত হইবার মতো একটি বস্থ লাভ করে, ততদিন হয়তো শত শত বংসর ঘুরিতে থাকিবে। খুব সম্ভব আমাদের এই বায়ুমণ্ডল এইরূপ ভাল-মন্দ উভয় প্রকার চিন্তাতরকে পরিপূর্ণ। বিভিন্ন মন্তিক হইতে প্রস্তুত প্রত্যেকটি চিন্তাই যেন এইরূপ স্পন্দিত হইয়া ভ্রমণ করিতেছে—যতদিন না উহা একটি উপযুক্ত আধার প্রাপ্ত হয়। ষে-কোন চিত্ত এই আবেগসমূহের কিছু গ্রহণ করিবার জ্ঞ্য উনুক্ত হইয়াছে, সেই চিত্ত শীঘ্ৰই ঐভাবে স্পন্দিত হয়। স্বভরাং যখন কেহ কোন অসং কর্ম করে, তথন তাহার মন এক বিশেষ স্তরে উপনীত হয়; আর সেই স্থরের ষে-দকল তরঙ্গ পূর্ব হইতেই বায়ুমণ্ডলে রহিয়াছে, সেগুলি তাহার মনে প্রবেশ করিবার চেষ্টা করে। এইজগুই ষে অসৎ কাজ করে, সে সাধারণত: দিন দিন আরও বেশী অসৎ কাজ্রই করিতে থাকে। তাহার কর্ম ক্রমশ: প্রবল হইতে থাকে। যে ভাল কাজ করে, ভাহার পক্ষেও এইরূপ। তাহার বায়ুমণ্ডলে ভভতরঙ্গ ঘারা প্রভাবিত হইবার সন্ভাবনা; স্থতরাং তাহার শুভকর্মগুলি অধিক শক্তিলাভ করিবে। অতএব অসৎ কর্ম করিতে গিয়া হুই প্রকার বিপদে আমরা পড়িতে পারি—প্রথমতঃ আমাদের চারি-দিকের অসৎ প্রভাবগুলিতে আমরা বেন গা ঢালিয়া দিই ; দ্বিতীয়ত: আমরা নিজেরা এরপ দব অশুভ তরঙ্গ সৃষ্টি করি, যেগুলি শত শত বৎসর পরেও অপরকে আক্রমণ করিতে পারে। হইতে পারে আমাদের অভভ কার্য অপরকে আক্রমণ করিবে। অসৎ কর্ম করিয়া আমরা নিজেদের এবং অন্তেরও অনিষ্ট করি: সৎ কর্ম করিয়া নিজেদের এবং অত্যেরও উপকার করি। অক্তান্ত শক্তির তায় মাস্থবের অভ্যন্তরস্থ এই সদসৎ শক্তিদ্বয়ও বাহির হইতে বল সঞ্চয় করে।

কর্মবোগের মতে ক্বত কর্ম ফল প্রস্ব না করিয়া কথনই নট হইতে পারে না; প্রকৃতির কোন শক্তিই উহার ফলপ্রস্ব রোধ করিতে পারে না। কোন অসং কর্ম করিলে আমি তাহার জন্ম ভূগিব; জগতে এমন কোন শক্তি নাই, যাহা উহাকে রোধ করিতে পারে না। এই ক্লপে কোন সং কর্ম করিলেও জগতে কোন শক্তিই উহার শুভ ফল রোধ করিতে পারে না। কারণ থাকিলে কার্য হইবেই; কিছুই উহাকে বাধা দিতে পারে না—রোধ করিতে পারে না। এখন ক্র্মবোগ সম্বন্ধে একটি স্ক্ষ ও গুরুতর সমস্তা দেখা দিতেছে, যথা—প্রামাদের

এই-সকল সদসৎ কর্ম পরস্পারের সহিত ঘনিষ্ঠভাবে সম্বন্ধ। আমরা একটি সীমারেখা টানিয়া বলিতে পারি না—এই কাজটি সম্পূর্ণ ভাল, আর এইটি সম্পূর্ণ মল। এমন কোন কৰ্ম নাই, যাহা একই কালে ভভ অভভ তৃইপ্ৰকার ফলই প্রদ্র না করে। একটি নিকটের উদাহরণ লওয়া যাক: আমি ভোমাদের সঙ্গে কথা বলিতেছি; তোমাদের মধ্যে হয়তো কেহ কেহ ভাবিভেছে, আমি ভাল কাজ করিতেছি। কিন্তু ঐ একই সময়ে হয়তো আমি বায়ুমণ্ডলম্ব সহস্র সহস্র কীটাণু ধ্বংস করিতেছি। এইরূপে আমি কাহারও অনিষ্ট করিতেছি। যখন আমাদের কাজ নিকটস্থ পরিচিত ব্যক্তিদের উপর শুভ প্রভাব বিস্তার করে, তখন আমরা এ কাজকে ভাল কাজ বলি। উদাহরণ-স্বরূপ দেখ, আমার এই বক্তৃতা তোমরা ভাল বলিতে পারো, কীটাণুগুলি কিন্তু তা বলিবে না। কীটাণুগুলিকে তোমরা দেখিতে পাইতেছ না, নিজেদেরই দেখিতে পাইতেছ। তোমাদের উপর আমার কথা বলার প্রভাব প্রভাক্ষ, কিন্তু কীটাণুগুলির উপর উহার প্রভাব তত প্রভাক্ষ নয়। এইরূপে যদি আমরা আমাদের অসৎ কর্মগুলি বিশ্লেষণ করিয়া দেখি, তবে দেখিব---ঐগুলি দারাও হয়তো কোথাও কিছু না কিছু শুভ ফল হইয়াছে। যিনি শুভ কর্মের মধ্যে কিছু অশুভ, আবার অশুভের মধ্যে কিঞ্চিৎ শুভ দেখেন, তিনিই প্রকৃত কর্ম-রহস্থ বৃঝিয়াছেন।^১

কিছ ইহা হইতে কি দিহ্নান্ত করা যায় ? দিহ্নান্ত এই যে, আমরা ষতই চেটা করি না কেন, এমন কোন কার্য হইতে পারে না, ষাহা সম্পূর্ণ অপবিত্র—এখানে হিংসা বা অহিংসা এই অর্থে 'অপবিত্রতা' অথবা 'পবিত্রতা' গ্রহণ করিতে হইবে। অপরের অনিষ্ট না করিয়া আমরা খাসপ্রখাসত্যাগ বা জীবনধারণ করিতে পারি না। আমাদের প্রত্যেক অরম্টি অপরের ম্থ হইতে কাড়িয়া লওয়া। আমরা বাঁচিয়া জগং জুড়িয়া থাকার দক্ষনই অপর কতকগুলি প্রাণীর কট হইতেছে; হইতে পারে তাহারা মাহ্ম অথবা প্রাণী অথবা কীটার্থ, কিন্তু যাহারই হউক না, আমরা কোন-না-কোন প্রাণীর স্থান সঙ্কৃচিত করিতেছি, স্থানসংকাচ করিবার কারণ হইয়াছি। এইরপট বদি হয়, তবে স্পট্ট ব্রা ষাইতেছে যে, কর্মলারা কথনও পূর্ণতা লাভ

১ 'সুলনীয়: গীতা, ৪।১৮

করা যায় না। আমরা অনস্তকাল কাজ করিয়া যাইতে পারি, কিন্তু এই জটিল সংসার-রূপ গোলকধাঁধা হইতে বাহির হইবার পথ পাওয়া যাইবে না; তৃমি ক্রমাগত কাজ করিয়া যাইতে পারো, কর্মফলে শুভ ও অশুভের অবশুভাবী মিশ্রণের অস্ত নাই।

দ্বিতীয় বিবেচ্য বিষয় এই: কর্মের উদ্দেশ্য কি ? আমরা দেখিতে পাই, প্রত্যেক দেশের অধিকাংশ লোকের এই বিশাস যে, এক সময়ে এই ভাগৎ পূর্ণতা লাভ করিবে; তখন ব্যাধি মৃত্যু ছংখ বা ছ্নীতি থাকিবে না। ইহা থুৰ ভাল ভাৰ, অজ ব্যক্তিদের উন্নত ও উৎসাহিত করিতে ইহা থুবই প্রেরণা জোগায়, কিন্তু যদি আমরা এক মুহূর্ত চিন্তা করি, তাহা হইলে ম্পষ্ট দেখিব, এরূপ কথনও হইতে পারে না। কিরূপে ইহা হইতে পারে ? —ভাল-মন্দ যে একই মুদ্রার এপিঠ-ওপিঠ। মন্দকে ছাড়িয়া ভাল কিরূপে পাওয়া যায় ? পুণতার অর্থ কি ? 'পরিপূর্ণ জীবন' একটি স্ব-বিরোধী বাক্য। প্রত্যেকটি বাহিরের বস্তব সহিত আমাদের নিয়ত সংগ্রামের অবস্থাই জীবন। প্রতি মুহূর্তে আমরা বহি:প্রকৃতির সহিত সংগ্রাম করিতেছি, যদি আমরা ইহাতে পরান্ত হই, আমাদের জীবন ধ্বংস হইয়া যাইবে। আহার ও বাযুর জন্ম প্রতিনিয়ত চেষ্টা—এই তো জীবন। আহার বা বায়ু না পাইলেই আমাদের মৃত্যু। জীবন একটা সহজ ও স্বচ্ছন ব্যাপার নয়, উহা রীতিমত একটি জটিল ব্যাপার। এই বহির্জগৎ ও অন্তজগতের মধ্যে যে জটিল সংগ্রাম, তাহাকেই আমরা জীবন বলি। অতএব স্পষ্টই দেখা ষাইতেছে—এই সংগ্ৰাম শেষ হইলে জীবনও শেষ হইবে।

আদর্শ রথ বলিতে বুঝায়—এই সংগ্রামের সমাপ্তি। কিন্তু তাহা হইলে জাবনও শেষ হইবে, কারণ সংগ্রাম তথনই শেষ হইতে পারে যথন জাবনের শেষ। এই অবস্থার সহস্র ভাগের এক ভাগ উপস্থিত হইবার পূর্বেই এ পৃথিবী শীতল হইয়া যাইবে, তথন আমরা থাকিব না। অভএব অন্তত্ত হয় হউক, এই পৃথিবীতে এই সত্যযুগ—এই আদর্শ-যুগ—কখনই আসিতে পারে না।

আমরা পূর্বেই দেখিয়াছি, জগতের উপকার করিতে গিয়া প্রকৃতপক্ষে শামরা নিজেদেরই উপকার করিয়া থাকি। অপরের জন্ম আমরা যে কার্য করি, তাহার মুখ্য ফল—আমাদের চিত্তভদ্ধি। সর্বদা অপরের ঠিল্যাণ-

চেষ্টা করিতে গিয়া আমরা নিজেদের ভূলিবার চেষ্টা করিতেছি। এই আত্মবিশ্বতিই আমাদের জীবনে এক প্রধান শিক্ষার বিষয়। মাহ্মব মূর্থের মতো মনে করে, স্বার্থপর উপায়ে দে নিজেকে স্থণী করিতে পারে। বহুকাল চেষ্টার পর দে অবশেষে ব্রিতে পারে, প্রকৃত স্থথ স্বার্থপরতার নাশে, এবং দে নিজে ব্যতীত অপর কেহই তাহাকে স্থণী করিতে পারে না!

পরোপকার-মূলক প্রতিটি কার্য, সহাত্বভূতি-স্চক প্রতিটি চিন্তা, অপরকে আমরা ষেটুকু সাহায্য করি—এরপ প্রত্যেকটি সৎকার্য আমাদের ক্তর্ত্ত 'আমি'র গরিমা কমাইতেছে এবং আমাদের ভাবিতে শিখাইতেছে, আমরা অতি সামান্ত, স্বতরাং এগুলি সৎকার্য। এইখানে দেখি, জ্ঞান ভক্তি ও কর্ম একটি ভাবে মিলিত হইয়াছে। সর্বোচ্চ আদর্শ—অনস্তকালের জন্য পূর্ণ আত্মত্যাগ, ষেখানে কোন 'আমি' নাই, সব 'তুমি'। জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে কর্মযোগ মাহুষকে ঐ লক্ষ্যেই লইয়া যায়।

একজন ধর্মপ্রচারক নিগুণ (ব্যক্তিভাবশৃত্য) ঈশবের কথা শুনিয়া ভয় পাইতে পারেন। তিনি সগুণ ঈশবের উপর জাের দিতে পারেন, নিজের নিজত্ব ও ব্যক্তিত্ব—এগুলির তাৎপর্য তিনি যাহাই ব্রুন—অক্ষ্রাথিবার ইচ্ছা করিতে পারেন, কিন্তু তিনি যে নৈতিক আদর্শ অবলম্বন করিয়াছেন, তাহা যদি ষথার্থই ভাল হয়, তবে উহা সর্বোচ্চ আত্মতাগ ব্যতীত আর কোন ভিত্তির উপর প্রতিষ্ঠিত হইতে পারে না। ইহাই সম্দয় নীতির ভিত্তি। এই ভাবটি মহুয়ে পশুতে বা দেবতায়—সর্বত্ত শমভাবে একমাত্র মাপকাঠি'রূপে প্রয়োগ করিতে পারো; এই আত্মত্যাগই সম্দয় নীতিপ্রণালীর মধ্যে অফুস্যত একমাত্র মূল তত্ত—ইহাই প্রধান ভাব।

এ জগতে অনেক প্রকারের মাহ্ব দেখিতে পাইবে। প্রথমতঃ দেবপ্রকৃতি মানব—ইহারা পূর্ণ আত্মতানী, নিজেদের প্রাণ পর্যন্ত উৎসগ
করিয়া পরের উপকার করেন। ইহারাই শ্রেষ্ঠ মাহ্ব। যদি কোন দেশে
এইরূপ একশত মাহ্ব থাকেন, সেই দেশের কথনও হতাশ হইবার কোন
কারণ নাই। কিন্তু ত্র্তাগ্যক্রমে তাঁহাদের সংখ্যা থ্ব কম। তারপর
আহেন সং বা সাধু ব্যক্তিগণ—যতক্ষণ নিজেদের কোন ক্ষতি না হয়,
ততক্ষণ ইহারা লোকের উপকার করেন; তারপর তৃতীয় শ্রেণীর লোক—
ইহারা, নিজেদের হিতের জন্ম অপরের অনিষ্ট করিয়া থাকে। একজন সংস্কৃত

আট ইনিষ্টিটউট্, চিকাগো

কবি বলিয়াছেন, আর এক চতুর্থ শ্রেণীর মাহ্য আছে, তাহারা অনিষ্টের জন্মই অনিষ্ট করিয়া থাকে। সর্বোচ্চ ন্তরে বেমন দেখা যায়, সাধূ-মহাত্মারা ভালোর জন্মই ভালো করিয়া থাকেন, তেমনই 'সর্বনিম প্রান্তে এমন কতকগুলি লোক আছে, যাহারা কেবল অনিষ্টের জন্মই অনিষ্ট করিয়া থাকে। তাহারা উহা হইতে কিছু লাভ করিতে পারে না, কিছু ঐ অনিষ্ট করাই তাহাদের স্বভাব।

ত্ইটি সংস্কৃত শব্দ আছে: একটি—'প্রবৃত্তি', সেইদিকে আবর্তিত হওয়া অর্থাৎ যাওয়া; আর একটি—'নিবৃত্তি', সেদিক হইতে নিবৃত্ত হওয়া অর্থাৎ ফিরিয়া আসা। 'সেইদিকে বর্তিত হওয়া'কে সংসার বলি। এই 'আমি-আমার'— যাহা কিছু এই 'আমি'কে টাকা-কড়ি, ক্ষমতা, নাম-যশ দ্বারা সর্বদাই সমৃদ্ধ করিতেছে—এগুলি সব প্রবৃত্তির অন্তভূতি। এই প্রবৃত্তির প্রকৃতি সব কিছু আঁকড়াইয়া ধরা। সর্বদাই সব জিনিস এই 'আমি'-রূপ কেন্দ্রে জড়ে। করা। ইহাই প্রবৃত্তি—ইহাই মহয়মাত্রের স্বাভাবিক প্রবণতা, চারিদিক হইতে যাহা কিছু সব গ্রহণ করা এবং এক কেন্দ্রের চারিদিকে জড়ো করা। দেই কেন্দ্র তাহার নিজের মধুর 'আমি'। যথন এই প্রবণতা ভাঙিতে থাকে, যথন নিবৃত্তি বা 'দেইদিক হইতে চলিয়া যাওয়ার ভাব' আদে, তখনই নীতি র্এবং ধর্ম আরম্ভ হয়। 'প্রবৃত্তি' ও 'নিবৃত্তি' উভয়ই কর্ম; প্রথমটি অসৎ কর্ম, দিতীয়টি সৎ কর্ম। এই নিবৃত্তিই সকল নীতি এবং ধর্মের মূল ভিত্তি। উহার পূর্ণভাই সম্পূর্ণ 'আত্মত্যাগ'—পরের জন্ম মন, শরীর, এমন কি সর্বস্থ ভ্যাগ করিতে সর্বদা প্রস্তুত থাকা। ধ্রথন এই অবস্থা লাভ হয়, তথনই মামুষ কর্ম-যোগে সিদ্ধি লাভ করে। সংকর্মের ইহাই শ্রেষ্ঠ ফল। এক ব্যক্তি সমগ্র জীবনে একটি দর্শনশান্ত্রও পাঠ করেন নাই, ডিনি হয়তো কথনও কোনরূপ ঈশবে বিখাস করেন নাই, এবং এখনও করেন না, তিনি হয়তো সারা জীবনে একবারও ঈশবের নিকট প্রার্থনা করেন নাই; কিন্তু যদি কেবল সৎ কর্মের শক্তি তাঁহাকে এমন অবস্থায় লইয়া যায়, ষেথানে তিনি পরার্থে তাঁহার জীবন ও যাহা কিছু সব ত্যাগ করিতে উত্তত হন, তাহা হইলে ৰুঝিতে **হইবে,** জানী জ্ঞানের দারা এবং ভক্ত উপাসনা দারা যে অবস্থায় উপনীত হইয়াছেন, তিনিও সেইখানেই পৌছিয়াছেন। স্তরাং দেখি—জানী, কর্মী ও ভক্ত সকলে একই স্থানে উপনীত হইলেন, মিলিত হইলেন। এই এক সূণন-

আত্মত্যাগ। মাহুষে মাহুষে দার্শনিক মত ও ধর্মবিষয়ক পদ্ধতি ষতই ভিন্ন হউক না কেন, পরার্থে আত্ম-বিদর্জন করিতে প্রস্তুত ব্যক্তির সমক্ষে সমগ্র মানবজাতি সদস্তমে ও ভক্তিসহকারে দঙায়মান হয়। এখানে কোনপ্রকার মতবিখাদের প্রশ্নই উঠে না,--এমন কি, ষাহারা সর্বপ্রকার ধর্মভাবের বিরোধী, তাহারাও যথন এইরূপ সম্পূর্ণ আত্ম-বিদর্জনের কোন কাজ দেখে, তখন অহুভব কবে, এ কাজকে শ্রদ্ধা করিতেই হইবে। তোমরা কি দেখ নাই, খুব গোঁড়া খ্রীষ্টানও যখন এডুইন আর্নন্ডের 'এশিয়ার আলোক' (Light of Asia) পাঠ করেন, তথন তিনিও বুদ্ধের প্রতি কেমন শ্রজাসম্পন্ন হন—যে বুদ্ধ ঈশবের কথা বলেন নাই, আত্মত্যাগ ব্যতীত আর কিছুই প্রচার করেন নাই ? ধর্মান্ধ ব্যক্তি শুধু জানে না যে, ভাহার ও যাহাদের সহিত তাহার মত-বিরোধ, তাহাদের জীবনের লক্ষ্য ও উদেশ্য একই। উপাদক ভক্ত মনে সর্বদা ঈশ্বরের ভাব এবং চারিদিকে ভভ পরিবেশ রক্ষা করিয়া অবশেষে দেই একই স্থানে উপনীত হন এবং বলেন—'ভোমার ইচ্ছা পূর্ণ হউক'। তিনি নিজের জন্ত কিছুই রাখেন না। ইহাই আত্মত্যাগ। দার্শনিক জানী জ্ঞানের দারা দেখেন, এই আপাতপ্রতীয়মান 'আমি' ভ্রমমাত্র, এবং সহজেই উহা পরিভ্যাগ করেন। ইহাও দেই আত্মভ্যাগ। অভএব কর্ম, ভক্তি ও জ্ঞান এখানে মিলিত হইল; প্রাচীনকালের বড় বড় ধর্মপ্রচারক-পণ যে শিপাইয়াছেন 'ভগবান্ জ্পৎ নন'—ভাহার মর্মণ্ড এই আত্মভ্যাগ। জগং এক জিনিস, ভগবান্ আর এক জিনিস—এই পার্থক্য অতি সভা। জগং অর্থে তাহার। স্বার্থপরতাকেই লক্ষ্য করিয়াছেন। নি: স্বার্থতাই ঈশ্ব। এক ব্যক্তি স্বর্ণময় প্রাসাদে সিংহাদনে উপবিষ্ট থাকিয়াও সম্পূর্ণ নিঃস্বার্থপর হইতে পারেন। তাহা হইলেই তিনি ঈশ্বভাবে মগ্ন। আর একজন হয়তো কুটীরে বাদ করে, ছিল্ল বদন পরে এবং সংদারে ভাহার কিছুই নাই; তথাপি দে যদি স্বার্থপর হয়, তবে দে প্রচণ্ডভাবে সংসাবে মগ্ন।

এখন আমাদের মূলস্ত্রগুলির পুনরাবৃত্তি করা যাক। আমরা বলি, ভাল করিতে গেলেই কিছু মন্দ এবং মন্দ করিতে গেলেই ভার সঙ্গে কিছু ভাল না করিয়া থাকিতে পারি না। ইহা জানিয়া আমরা কর্ম করিব কিরুপে? এই তত্ত্বের মীমাংদার চেষ্টায় এই জগতে অনেক সম্প্রদায়ের অভ্যুদয় হইগাছিল, খাহারা অভ্যন্ত অথৌজিকভাবে প্রচার করিয়া গিয়াছেন যে, ধীরে ধীরে

আত্মহত্যা করাই সংসার হইতে মুক্ত হইবার একমাত্র উপায়; কারণ জীবন-ধারণ করিতে গেলেই মাহ্যকে ছোট ছোট জীবজন্তর ও বুক্ষলভার জীবন ন্ট করিতে হইবে, অথবা কাহারও না কাহারও অনিষ্ট করিতে হইবে। স্থতরাং তাহাদের মতে সংসারচক্র হইতে বাহির হইবার একমাত্র উপায়—মৃত্যু। এই মতবাদকে জৈনগণ তাঁহাদের সর্বোচ্চ আদর্শ বলিয়া প্রচার ক্রিয়াছেন। আপাতত: এই উপদেশ খুব যুক্তিসকত বলিয়া বোধ হয়। কিন্তু গীতাতেই ইগার প্রকৃত সমাধান পাওয়া যায়—ইহাই অনাস্ক্রির তত্ত্ব, জীবনে কাজ করিয়া কিছুতেই আদক্ত না হওয়া। জানিয়া রাথো—যদিও তুমি জগতে বহিয়াছ, তুমি জগৎ হইতে সম্পূর্ণ পৃথক্ ; ষাহাই কর না কেন, তাহা নিজের জ্য করিতেছ না। নিজের জ্যা যে কাব্দ করিবে, তাহার ফল তোমাকে ভোগ করিতে হইবে। কার্য যদি সং হয়, তোমাকে উহার শুভ ফল ভোগ বরিতে হইবে, অসৎ হইলে উহার অন্তভ ফল ভোগ করিতে হইবে। কিন্তু যে-কোন কাৰ্যই হউক, তাহা যদি তোমার নিজের জ্ঞা কৃত না হয়, তাহা হইলে উহা তোমার উপর কোন প্রভাব বিস্তার করিতে পারিবে না। আমাদের শান্তে এই ভাবব্যঞ্জ একটি বাক্য পাওয়া যায়: 'যদি কাগারও জ্ঞান থাকে যে, আমি ইহা নিজের জ্ঞা করিতেছি না, তবে তিনি দম্গ্র জ্বংকে হত্যা করিয়াও বা নিচ্ছে হত হইয়াও হত্যা করেন না, বা হত হন না।'' এইজ্লুই কর্মধোগ আমাদিগকে বিশেষভাবে শিকা দেয়, 'সংসার ত্যাগ করিও না; সংসারে বাদ কর, সংসারের ভাব যত ইচ্ছা গ্রহণ কর; কিন্তু নিজের স্থভে।গের জ্ঞা কাজ একেবারেই করিও না। ভোগ যেন লক্ষ্য না হয়। প্রথমে নিজের কৃত্ত 'আমি'কে মারিয়া ফেল, ভাবপর সমৃদয় জগৎকে আপনার করিয়া দেখ, ধেমন প্রাচীন এছিানেরা ^{বলিতেন}, 'পুরাতন মাহ্যটিকে মারিয়া ফেলিতে হইবে।' 'পুবাতন মাহ্য' শাদের অর্থ: জলৎ আমাদের ভোগের জন্ম নির্মিত হইয়াছে—এই স্বার্থপর ভাব। অজ্ঞ পিতামাতারা তাঁহাদের সন্তানদিগকে প্রার্থনা করিতে শেখান, ^{'ং} প্রভো, তুমি এই স্থ চন্দ্র আমার জ্যু সৃষ্টি করিয়াছ'। প্রভুর ধেন

১ তুলনীয়ঃ গীতা, ২৷২ , কঠ-উপ. ১৷২৷১৮

না! ইহা আমাদের কামনারূপ অগ্নিতে ঘৃত নিক্ষেপ করা মাত্র। সন্তানদিগকে এমন বাজে কথা শিখাইও না। তারপর আর একদল লোক আছেন, তাঁহার। আবার আর এক ধরনের নির্বোধ। তাঁহারা আমাদিগকে শিক্ষা দেন, আমর। মারিয়া থাইব বলিয়াই এই-সকল জীবজন্ত স্ট হইয়াছে, আর এই জগৎ মাহ্যের ভোগের জন্তু। এও প্রচণ্ড নির্ক্তিনা। বাঘও বলিতে পাবে, 'মাহ্যে আমার জন্ত স্ট এবং ভগবান্কে বলিতে পারে, 'প্রভা, মাহ্যযুলি কি ছই! তাহারা স্বেচ্ছায় আমাদের সন্মুথে আহাররূপে আসিয়া হাজির হয় না তাহারা তোমার আজ্ঞা লজ্মন করিতেছে।' যদি জগৎ আমাদের জন্ত স্ট হইয়াছি। এই জগৎ আমাদের ভোগের জন্তই স্ট হইয়াছে—এই অভি ফুর্নীভিপূর্ণ ধারণাই আমাদিগকে বাধিয়া রাধিয়াছে। এই জগৎ আমাদের জন্ত নয়। লক্ষ্ণ লক্ষ্ণ মাহ্য প্রতিবংসর ইহজাৎ হইতে চলিয়া যাইতেছে, জগতের সেদিকে থেয়ালই নাই। আর লক্ষ্ণ লক্ষ্ণ মাহ্য তাহাদের স্থান পূরণ করিতেছে। জগং যতথানি আমাদের জন্ত, আমরাও ততথানি জগতের জন্ত।

অতএব ঠিকভাবে কাজ করিতে হইলে প্রথমেই আদক্তির ভাব ত্যাগ করিতে হইবে। বিতীয়তঃ হৈচৈ-পূর্ণ কলহে নিজেকে জড়াইও না; নিচে দাক্ষি-স্বরূপ অবন্থিত থাকিয়া কর্ম করিয়া যাও। আমার গুরুদেব বলিতেন, 'নিজ সস্তানদের উপর দাসী বা ধাত্রীর ভাব অবলম্বন কর।' দাসী তোমার্গ শুকে লইয়া আদর করিবে, তাহার সহিত খেলা করিবে, অতি মত্বের সহিত লালন করিবে, যেন তাহার নিজের সন্তান; কিন্তু দাসীকে বিদায় দিবামার সে গাঁটরি বাঁধিয়া তোমার বাড়ি হইতে চলিয়া যাইতে প্রস্তুত। এত যে ভালবাদা ও আসক্তি, দবই দে ভূলিয়া যায়। সাধারণ দাসীর পক্ষে তোমার সন্তানদের ছাড়িয়া অপরের ছেলের ভার লইতে কিছুমাত্র কট হইবে না। তুমিও যাহা কিছু তোমার নিজের মনে কর, সে-সবের প্রতি এইরূপ ভাব পোষণ কর। তুমি যেন দাসী, আর যদি ঈশরে বিশাসী হও, তবে বিশ্বাস কর, যাহা কিছু তোমার মনে কর, দবই তাঁহার। অত্যধিক ত্র্বলতাই অনেক সম্ব মহত্তম কল্যাণ ও শক্তির ছদ্মবেশে দেখা দেয়। আমার উপর কেছ নিত্র করে এবং আমি কাহারও উপকার করিতে পারি, এরূপ চিন্তা করাই অত্যন্ত হর্বলতা।

আদক্তি হইট্রেই দকল ছংখের উত্তব। আমাদের মনকে জানানো উচিত যে, এই বিশ্বস্থাত কেহই আমাদের উপর নির্ভন্ন করে না, একজন গরীবও আমাদের দানের উপর নির্ভর করে না, কেহই আমাদের দয়ার উপর নির্ভর করে না, একটি প্রাণীও আমাদের সাহায্যের উপর নির্ভন্ন করে না। প্রকৃতিই সকলকে সাহায্য করিতেছে। আমরা কোটি কোটি মামুষ না থাকিলেও এইক্লপ সাহায্য চলিবে। তোমার আমার জন্ম প্রকৃতির গতি বন্ধ থাকিবে না। পূর্বেই বলা হইয়াছে, অপরকে সাহাষ্য করিয়া আমরা নিষেবাই শিক্ষা লাভ করিতেছি, ইহাই তোমার ও আমার পরম দৌভাগ্য। সমগ্র জীবনে এই এক মহৎ িকাই শিখিতে হইবে। যখন আমরা সম্পূর্ণরূপে ইহা শিক্ষা করিতে পারিব, তথন আর আমাদের হু:খ থাকিবে না, তখন আমরা সমাজে যেখানে খুশি দেখানে গিয়া মিশিতে পারিব, কোন ক্ষতি হইবে না। তোমাদের পতি-পত্নী দাস-দাসী—বাজ্য থাকিতে পাবে, কিন্তু যদি তুমি এই তত্তটি হাদয়ে রাখিয়া কাজ কর ষে, জগৎ তোমার ভোগের জন্ত নয়, আর তুমি দাহাষ্য না করিলে চলিবে না, এমনও নয়, তবেই ঐ-দকল বস্ত তোমাদের কোন ক্ষতি করিতে পারিবে না। এই বংসরই হয়তো তোমার কয়েকজন বন্ধু মারা গিয়াছেন। অগৎ কি খায় গতি রুদ্ধ করিয়া তাঁহাদের পুনরাগমনের জন্ত অপেক্ষা করিতেছে ? ইহার শ্ৰোত কি বন্ধ হইয়া আছে? না, ইহা ঠিকই চলিয়া যাইতেছে। অভএব োমার মন হইতে এই ভাব একেবারে দূর করিয়া দাও যে, তোমাকে জগতের জন্ম কিছু করিতে হইবে। জগৎ ভোমার নিকট হইতে কোন সাহাধ্যই চায় না। জগতের সাহায্যের জগুই আমার জন্ম-এ-কথা চিন্থা করা কোন মাহুষের পক্ষে নির্দ্ধিতা। উহা নিছক অহকার। উহা ষার্থপরতা—ধর্মের রূপ ধরিয়া প্রতারণা করিতেছে। তোমার অথবা অক্ত কাহারও উপর অংগং নির্ভর করে না—এই ভারটি উপলব্ধি করিবার জন্ম ^{য্থ}ন ভোমার স্নায়ু ও পেশীগুলিকে গঠিত করিবে, তথন কর্মজনিত কোন প্রতিক্রিয়া তোমাকে পীড়িত করিবে না। যখন তুমি কোন লোককে ^{কি}ছ দাও এবং পরিবর্তে কিছুই আশা না কর, সে ভোমার কাছে ^{কুত্তর} পাকুক এটুকুও না চাও, তথন তাহার অক্নতজ্ঞতা ভোমার উপর কোন প্রতিক্রিয়া করিবে না, কারণ তুমি কিছুই প্রত্যাশা কর নাই, কখনই ^{চিপ্তা} কর নাই বে, ভোমার প্রতিদান পাইবার কোন অধিকার আছে। তাহার

ষাহা প্রাপ্য ছিল, তুমি ভাহাই দিয়াছিলে। তাহার নিজ কর্মের ফলেই সে উহঃ পাইয়াছে, তোমার কর্ম তোমাকে উহার বাহক করিয়াছিল মাত্রী। কিছু দান ক্রিয়া তুমি গর্ববোধ ক্রিবে কেন—তুমি তো উহার বাহক মাত্র ? জ্গৎ নিজ কর্মের দারা উহা লাভ করিবার যোগ্য হইয়াছিল। ইহাতে তোমার অহকারের কারণ কি ? জগৎকে তুমি যাহা দিতেছ, তাহা এমন একটা বড় কিছু নয়। অনাসক্তির ভাব লাভ করিলে তোমার পক্ষে আর ভাল বা মন্দ বলিয়া কিছুই थांकिरव ना। त्रार्थे हे रकवन ভानमत्मित्र প্রভেদ করিয়া থাকে। এইটি বুঝা বড় কঠিন, কিন্তু সময়ে বুঝিবে—যতক্ষণ না তুমি শক্তি প্রয়োগ করিতে দাও, ততক্ষণ জগতের কোনকিছুই তোমার উপর প্রভাব বিস্তার করিতে পারে না। যতক্ষণ না আত্মা অজ্ঞের মতো হইয়া স্বীয় স্বতন্ত্রতা হারায়. ততক্ষণ কোন শক্তিই আত্মার উপর প্রভাব বিস্তার করিতে পারে না, অতএৰ অনাসক্তির দারা তুমি তোমার উপর কোন কিছুর প্রভাব জয় কর— অস্বীকার কর। কোন জিনিসের তোমার উপর কিছু করিবার অধিকাব নাই---এ-কথা বলা খুব সহজ; কিন্তু যিনি বান্তবিকই কোন শক্তিকে তাঁহাব উপর কাজ করিতে দেন না, বহির্জগৎ যাঁহার উপর কাজ করিলে যিনি স্থীও হন না, ত্র:খিতও হন না—দেই ব্যক্তির প্রকৃত লক্ষণ কি ? লক্ষণ এই যে, সৌভাগ্য অথবা ত্রভাগ্য কিছুই তাহার মনে কোন পরিবর্তন সাধন করিতে পারে না; সকল অবস্থাতেই তিনি সমভাবে থাকেন।

ভারতে ব্যাস-নামক এক মহর্ষি ছিলেন। তিনি বেদাস্ত-স্ত্রের লেখকরূপে পরিচিত, তিনি খুব ধামিক ছিলেন। ইহার পিতা সিদ্ধ হইবার চেটা
করিয়াছিলেন, কিন্তু পারেন নাই; তাঁহার পিতামহও চেটা করিয়াছিলেন,
তিনিও পারেন নাই; এইরূপে তাঁহার প্রপিতামহও চেটা করিয়া অক্ততকাষ
হন। তিনি নিজে সম্পূর্ণরূপে কৃতকার্য হইতে পারেন নাই, কিন্তু তাঁহার পুত্র
তকদেব সিদ্ধ হইয়া জন্মগ্রহণ করিলেন। ব্যাস সেই পুত্রকে জ্ঞানের উপদেশ
দিতে লাগিলেন। নিজে তত্তজান দিয়া তিনি শুকদেবকে জনক-রাজাব
সভায় প্রেরণ করিলেন। তিনি একজন বড় রাজা ছিলেন এব
'বিদেহ জনক' নামে অভিহিত হইতেন; 'বিদেহ' শব্দের অর্থ 'দেহজ্ঞানশৃত্য'
যদিও তিনি একজন রাজা, তথাপি তিনি দেহবোধ সম্পূর্ণরূপে বিশ্ব '
হইয়াছিলেন। তিনি নিজেকে স্বদা 'আত্মা' বলিয়াই অন্তত্ব করিতেন।

বালক ভককে শিক্ষার জন্ম তাঁহার নিকট পাঠানো হইল। রাজা কানিতেন যে, ব্যাসের পুত্র তাঁহার নিকট তত্তজান শিক্ষা করিবার জস্ত আসিতেছেন, স্তরাং তিনি পূর্ব হইতেই কতকগুলি ব্যবস্থা করিয়াছিলেন। যথন এই বালক গিয়া রাজপ্রাদাদের দারদেশে উপস্থিত হইলেন, তথন প্রহরিগণ তাঁহার কোন ধবরই লইল না। তাছারা কেবল তাঁহাকে বদিবার জন্ম একটি আসন দিল। দেখানে তিনি তিন দিন তিন রাজি বসিয়া বহিলেন, কেহ তাঁহার দঙ্গে কথাই কহিছেছে না; ভিনি কে, কোথা হইতে আদিয়াছেন—কেহই কিছু জিজ্ঞাদা করিল না ৷ তিনি এত বড় একজন ঋষির পুত্র, তাঁহার পিতা সমগ্র দেশে সম্মানিত, তিনি নিজেও একজন মাননীয় ব্যক্তি, তথাপি সামান্ত প্রহরিগণও তাঁহার দিকে জ্ঞাকেপ করিভেছে না। অভঃপর সহসা রাজার মন্ত্রিগণ এবং বড় বড় কর্মচারীরা আসিয়া তাঁহাকে অভিশয় সমানের সহিত অভ্যর্থনা করিলেন ৷ তাঁহারা তাঁহাকে ভিতরে এক স্থশোভিত গৃহে লইয়া গেলেন, স্থগিদ্ধি জলে স্থান করাইলেন, থুব ভাল ভাল পোশাক পরিতে দিলেন, আট দিন ধরিয়া তাঁহাকে সর্বপ্রকার বিলাসের ভিতর রাথিয়া দিলেন। কিন্তু এই ব্যবহারের পরিবর্তনে ভকের শাস্ত গম্ভীর মূপে এতটুকু পরিবর্তন ঘটিল না। দারে অপেক্ষা করিবার সময় তিনি যেরূপ ছিলেন, এই-সকল বিলাদের মধ্যেও তিনি ঠিক দেইরূপই বহিলেন। তখন তাঁহাকে রাজার নিকট লইয়া যাওয়া হইল। বাজা সিংহাদনে উপবিষ্ট ছিলেন, নৃত্য-গীত-বাদ্য ও অক্সান্ত আমোদ-প্রমোদ চলিতেছিল। রাজ। তাঁহাকে কানায়-কানায় পূর্ণ এক বাটি তুধ দিয়া বলিলেন, 'এট ছধের বাটিটি লইয়া সাতবার রাজ্যভা প্রদক্ষিণ করিয়া এস ; সাবধান. যেন এক ফোটা ত্বও না পড়ে!' বালকও সেই বাটিটি লইয়া এইসব গীত-ৰাখ ও স্থলবী ব্ৰমণীপণেৱ মধ্য দিয়া সাতবাৰ সভা প্ৰদক্ষিণ করিলেন, এক শেটা ত্থও পড়িল না। দেই বালকের মনের উপর এমন কমতা ছিল যে, ষতকণ না তিনি ইচ্ছা করিবেন, ততকণ তাঁহার মন কিছু ঘারাই আফুট ^{হইবে ন।}। বালক সেই পাত্রটি রাজার নিকট লইয়া আসিলে রাজা তাঁহাকে ^{বলিলে}ন 'ভোমার পিভা ভোমাকে যাহা শিখাইয়াছেন এবং ভুমি নিজে যাহা শিথিয়াছ, আমি তাহারই পুনরাবৃত্তি করিতে পারি, ভূমি সভ্য উপলক্ষি ^{ক্রিয়াছ}; এখন গৃহে গমন কর।'

অতএব দেখা গেল, যে-ব্যক্তি নিজেকে বশীভূত করিয়াছে, বাহিরের কোন বস্থ তাহার উপর ক্রিয়া করিতে পারে না, তাহাকে আর কাহারও দাসত্ব করিতে হয় না। তাহার মন মৃক্ত। এরপ ব্যক্তিই জগতে স্থে স্বচ্ছনে বাদ করিবার যোগা। আমরা দচরাচর তুই মতের মাতৃষ দেখিতে পাই। কেহ কেহ তৃঃধবাদী—তাঁহারা বলেন, এ পৃথিবী কি ভয়ানক, কি অসং! অপর কতকগুলি ব্যক্তি স্থধাদী—তাঁহারা বলেন, এই জগৎ কি স্থলর, কি অপূর্ব! যাঁহারা নিজেদের মন জয় করেন নাই, তাঁহাদের পক্ষে এই জগৎ হুঃথে পূর্ণ, অথবা স্থধহুঃধমিশ্রিত বলিয়া প্রতিভাত হয়। আমর। যথন আমাদের মনকে বশীভূত করিতে পারিব, তথন এই সংসার আবার স্থাধর বলিয়া মনে হইবে। তথন কোন কিছুই আমাদের মনে ভাল বা মন্দ ভাব উৎপন্ন করিতে পারিবে না। আমরা সবই বেশ ষথাস্থানে সামঞ্জ-পূর্ণ দেখিতে পাইব। যাহারা প্রথমে সংসারকে নরককুণ্ড বলিয়া মনে করে, তাহারাই আত্মদংঘমে সমর্থ হইলে এই জগৎকে স্বর্গ বলিবে। আমরা যদি প্রকৃত কর্মযোগী হই এবং নিজ্পিকে এই অবস্থায় লইয়া যাইবার জন্ম শিক্ষিত করিতে ইচ্ছা করি, তবে আমরা যেখানেই আরম্ভ কবি না কেন, পরিশেষে পূর্ণ আত্মত্যাগের অবস্থায় উপনীত হইবই ; যথনই এই কল্পিড 'অহং' চলিয়া যায়, তথনই যে-জগৎ প্রথমে অমঙ্গলপূর বলিয়া মনে হয়, তাহা পরমানন্দে পূর্ণ এবং স্বর্গ বলিয়া বোধ হইবে। ইহার হাওয়া পর্যস্ত শাস্তিতে পূর্ণ হইয়া যাইবে, প্রত্যেক মামুষের মুখছবি ভাল বলিয়া বোধ হইবে। ইহাই কর্মোগের চরম গতি ও উদ্দেশ্য, এবং ইহাই কৰ্মজীবনে পূৰ্ণতা বা সিদ্ধি।

(অতএব দেখিতেছ, এই ভিন্ন ভিন্ন ষোগ পরস্পর-বিরোধী নয়।
প্রত্যেকটিই আমাদিগকে একই লক্ষ্যে লইয়া ষায়, পূর্ণ করিয়া দেয়। কিন্তু
প্রত্যেকটিই দৃঢ়ভাবে অভ্যাস করিতে ছইবে। অভ্যাসই সিদ্ধির সমণ্
রহস্ত। প্রথমে শ্রবণ, তারপর মনন, তারপর অভ্যাস—প্রত্যেক যোগ
সমন্দেই ইহা সত্য। প্রথমে শুনিতে হইবে, তারপর ব্রিতে হইবে;
অনেক বিষয় যাহা একেবারে ব্রিতে পার না, তাহা পূন: প্র: শ্রবণ ও
মননের ফলে স্পষ্ট হইয়া যাইবে। সব বিষয় শোনামাত্রই বুঝা বড় কঠিন।
প্রত্যেক বিষয়ের ব্যাখ্যা তোমার নিজের ভিতরে। কেহই প্রকৃতপ্রে

কখনও অপরের বারা শিক্ষিত হয় নাই। প্রড্যেককেই নিজে নিজে শিক্ষা লাভ করিতে হইবে—বাহিরের আচার্য কেবল উদ্দীপক কারণমাত্র। সেই উদীপনা ধারা আমাদের ভিতবের আচার্যই আমাদিগকে সকল বিষয় বুঝাইয়া দিবার জন্ম উদ্বোধিত হন। তথন সব কিছুই আমাদের অহভব ও চিন্তা দারা প্রত্যক্ষও স্পষ্ট হইয়া আদে। তথন আমরা নিজেদের আত্মার ভিতরে ্র-সকল তত্ত্ব অহুভব করিব এবং এই অহুভূতিই প্রবল ইচ্ছাশক্তিরূপে পরিণত হইবে। প্রথমে ভাব, তারপর ইচ্ছা। এই ইচ্ছা হইতে এমন প্রবল কর্মের শক্তি আসিবে যে, তাহা প্রতি শিরায়, প্রতি স্নায়ুডে, প্রতি পেশীতে ক্রিয়া করিতে থাকিবে—যতক্ষণ না তোমার সমুদয় শরীরটি এই নিদ্ধাম কর্মধোগের একটি যন্ত্রে পরিণত হয়। ইহার ফল সম্পূর্ণ আত্মত্যাগ—পূর্ণ নিঃস্বার্থতা। ইহা কোন মতামত বা বিখাদের উপর নির্ভর করে না। এটানই হও, গাহদীই হও আর জেণ্টাইলই হও, তাহাতে কিছু আদে যায় না; একমাত্র জিজ্ঞাশ্ত-তৃমি কি স্বার্থশৃতা ? যদি তাই হও, তবে তুমি একখানি দৰ্মপুস্তকও না পড়িয়া এবং কোন গিৰ্জায় বা মন্দিরে না গিয়াও সিদ্ধ হইবে। আমাদের বিভিন্ন যোগপ্রণালীর প্রত্যেকটিই অপর প্রণালীর কিছুমাত্র মহায়তা না লইয়া মাকৃষকে পূর্ণ করিতে সমর্থ; কারণ প্রত্যেকটিবই লক্ষ্য একই। কর্মধোগ, জ্ঞানযোগ, ভক্তিযোগ—সকল যোগই মুক্তিলাভের সাকাৎ ও অন্তনিরপেক উপায়। 'দাংখ্যযোগে পুথয়ালা: প্রবদন্তি ন পণ্ডিতা:'---অজ্ঞেরাই কর্ম ও জ্ঞানকে পৃথক্ বলিয়া থাকে, পণ্ডিতেরা নয়। জ্ঞানীরা জানেন, আপাতত: পৃথক্ বলিয়া প্রতীয়মান হইলেও শেষ পর্যস্ত ঐ ছুই পথ শহ্ষকে পূৰ্ণভাক্ষপ একই লক্ষ্যে পৌছাইয়া দেয়।

আমরা পূর্বেই বলিয়াছি, 'কার্য' এই অর্থ ব্যতীত 'কর্ম'-শব্দঘারা মনো-বিজ্ঞানে কার্য-কারণ-ভাবও বুঝাইয়া থাকে। যে কোন কার্য বা যে-কোন চিন্তা কোন কিছু ফল উৎপন্ন করে, তাহাকেই 'কর্ম' বলে। স্থতরা 'কর্মবিধানে'র অর্থ কার্য-কারণের নিয়ম—অর্থাৎ কারণ ও কার্যের অনিবার্য সম্বন্ধ। আমাদের (ভারতীয়) 'দর্শনে'র মতে এই 'কর্মবিধান' সমগ্র বিশ্ব-জগতের পক্ষেই সভ্য। যাহা কিছু আমরা দেখি, অহুভব করি, অথবা যে-কোন কাজ করি—বিশ্বজগতে যাহা কিছু কাজ হইতেছে—সবই একদিকে পূর্ব-কর্মের ফলমাত্র, আবার অপর দিকে এগুলিই কারণ হইয়া অন্য ফল উৎপাদন করে। এই সঙ্গে বিচার করা আবশুক 'বিধি' বা 'নিয়ম' বলিতে কি বুঝায়। ঘটনাশ্রেণীর পুনরাবর্তনের প্রবণতার নামই নিয়ম বা বিধি। যখন আমবা দেখি, একটি ঘটনার পরেই আর একটি ঘটনা ঘটিভেছে, কখন বা ঘটনা-তুইটি যুগপৎ ঘটিতেছে, তথন আমরা আশা করি, সর্বদাই এরূপ ঘটিবে। আমাদের দেশের প্রাচীন নৈয়ায়িকগণ ইহাকে 'ব্যাপ্তি' বলিতেন। তাঁহাদের মতে নিয়ম-সম্বন্ধে আমাদের সমৃদয় ধারণার কারণ 'অন্তয়ঙ্গ'। ঘটনাপরস্পরা আমাদের মনে অহুভূত বিষয়গুলির সঙ্গে অপরিবর্তনীয়ভাবে জডিত থাকে। সেইজ্ঞ ষ্ঠনই আম্বা কোন বিষয় অহভব করি, তথ্নই মনের অন্তর্গত অক্তাক্ত বিষয়-গুলির সহিত ইহার সম্পর্ক স্থাপিত হয়। একটি ভাব—অথবা আমাদের মনোবিজ্ঞান অন্তুসারে চিত্তে উৎপন্ন একটি তরক সর্বদাই অনেক সদৃশ তরঞ্ উৎপন্ন করে। মনোবিজ্ঞানে ইহাকেই 'ভাবাহ্যন্ত-বিধান' বলে, আর 'কার্য কারণ-সম্বন্ধ এই ব্যাপক বিধানের একটি দিকমাত্র। ভাবাতুষঙ্গের এং ব্যাপকতাকেই সংস্কৃতে 'ব্যাপ্তি' বলে। অন্তর্জগতে ষেমন, বহির্জগতে ন তেমনি বিধান বা নিয়মের ধারণা একই প্রকার; একটি ঘটনার পর আব একটি ঘটিবে—ভাহা এবং ঘটনাপরস্পরা বার বার ঘটিভে থাকিবে, আমস্ এইরূপই আশা করি। তাহা হইলে প্রকৃতপক্ষে কোন নিয়ম প্রকৃতিতে নাই। কাৰ্যজঃ ইহা বলা ভূল যে, মাধ্যাকৰ্ষণ পৃথিবীতে আছে, অথবা প্ৰকৃতিৰ কোন স্থান বস্তুগতভাবে কোন নিয়ম আছে। যে প্রণালীতে আমাদের ম[ু]

কতকগুলি ঘটনাপরস্পরা ধারণা করে, সেই প্রণালীই নিয়ম; এই নিয়ম আমাদের মনে অবস্থিত। কতকগুলি ঘটনা একটির পর আর একটি অথবা একদকে সংঘটিত হইলে আমাদের মনে দৃঢ় ধারণা হয়, ভবিয়াতে নিয়মিতভাবে প্ন: প্ন: এইরূপ ঘটবে; ঘটনাপরস্পরা কিভাবে সংঘটিত হইতেছে, আমাদের মন এইভাবেই তাহা ধরিতে পারে। ইহাকেই বলা হয়—নিয়ম।

এখন জিজ্ঞান্ত — 'নিয়ম সর্বব্যাপক' বলিতে আমরা কি বুঝি ? আমাদের জগৎ অনস্ত সত্তার সেইটুকু অংশ, ষাহাকে আমাদের দেশের মনোবিজ্ঞানবিদ্গণ 'দেশ-কাল-নিমিত্ত' বলেন এবং ইওরোপীয় মনোবিজ্ঞানে বাহা স্থান কাল ও কারণ (space, time, causation) বলিয়া পরিচিত। এই ব্দগৎ সেই অনস্ত সত্তার এতটুকু অংশমাত্র, একটি নির্দিষ্ট ছাঁচে ঢালা, দেশ-কাল-নিমিত্তে গঠিত। এরপ ছাচে ঢালা অন্তিত্ব-সমষ্টির নামই আমাদের জগৎ। অপরিহার্থ-ভাবে এই দিদ্ধান্ত করিতে হয় যে, নিয়ম কেবল এই কার্য-কারণ-নিয়ন্ত্রিত জগতের মধ্যেই সম্ভব, ইহার বাহিরে কোন নিয়ম থাকিতে পারে না। যখন আমরা এই জগতের কথা বলি, তখন আমরা বুঝি, অন্তিত্বের যে অংশটুকু আমাদের মনের দারা সীমাবদ, ধে ইক্রিয়গোচর জগৎ আমরা জহভব করি, স্পর্শ করি, দেখি, শুনি, চিস্তা করি এবং কল্পনা করি, সেইটুকুই কেবল নিয়মাধীন; কিন্তু ইহার বাহিবের সত্তা নিয়মের অধীন নয়, যেহেতু কার্য-কারণ-ভাব আমাদের মনোজগতের বাহিরে আর যাইতে পারে না। আমাদের ইন্দ্রিয়-মনের অতীত কোন বস্তুই এই কার্য-কারণ-নিয়ম দারা বন্ধ নয়, কারণ ইন্দ্রিয়াডীত বাজ্যে বিভিন্ন বস্তুর ভাবাহ্নফ-সম্বন্ধ নাই, এবং ভাব-সম্বন্ধ ব্যতীত কার্য-কারণ-সম্বন্ধও থাকিতে পারে না। নাম-রূপের ছাচের মধ্যে পড়িলেই সন্তা বা চৈত্ত কার্য-কারণ-নিয়ম মানিয়া চলেন এবং তথনই বলা হয়, উহা নিয়মের অধীন, ষেহেতু কার্থ-কারণ-সংস্কৃ শকল নিয়মের মূল। এখন আমরা সহজেই ব্ঝিতে পারিব যে, স্বাধীন ইচ্চা বলিয়া কিছু থাকিতে পারে না; ঐ শব্দগুলি পরস্পরবিরুদ্ধ, কারণ ইচ্ছা জানের অন্তর্গত, এবং যাহা কিছু আমরা জানি, সে-সবই আমাদের জগতের অন্তর্গত। আবার জগতের অন্তর্গত সবকিছুই দেশ-কাল-নিমিত্তের ছাঁচে ঢালা। যাহা কিছু আমরা জানি, বা যাহা কিছু জানা আমাদের পক্ষে সন্তব, স্বই কার্য-কারণের অধীন; এবং যাহা কিছু কার্য-কারণ-নিয়মের অধীন, তাহা কথনও স্বাধীন হইতে পারে না। অক্যান্ত বস্ত ইহার উপর ক্রিয়া করে এবং ইহাও আখার অপরের কারণ হয়, এইরূপ চলিতেছে। যাহা পূর্বে 'ইচ্ছা' ছিল না, কিন্ত ইচ্ছারূপে পরিণত হয়, যাহা এই দেশ-কাল-নিমিত্তের ছাচে পড়িয়া মাহ্যের ইচ্ছারূপে পরিণত হইয়াছে, তাহা মুক্তস্বভাব; আর যথন এই ইচ্ছা কার্য-কারণ-চক্র হইতে বাহির হইয়া যাইবে, তথন আবার স্থাধীন বা মুক্ত হইবে। স্বাধীনতা বা মুক্তি হইতেই উহা আদে, এই বন্ধনের ছাচে পড়ে এবং বাহির হইয়া আবার মুক্ত হয়।

প্রশ্ন উঠিয়াছিল, জগৎ কোথা হইতে আদে, কোথায় অবস্থান করে এবং কিদেই বা লীন হয় ? উত্তরও প্রদত্ত হইয়াছে—মুক্তি হইতেই ইহার উৎপত্তি, বন্ধনে ইহার স্থিতি এবং অবশেষে মৃক্তিতেই প্রত্যাবতন । স্থতরাং যথন আমরা বলি, মানুষ সেই অনন্ত সত্তার প্রকাশ, তখন বুঝিতে হুইবে দেই সত্তার অতি কুদ্র অংশ মাহুষ। এই দেহ ও এই মন—যাহা আমরা দেখিতেছি, এগুলি সমগ্রের অংশমাত্র, সেই অনস্ত পুরুষের একটি বিন্দুমাত্র। সমুদয় ব্রহ্মাণ্ডই সেই অনন্ত পুরুষের একটি কণামাত্র। আর আমাদের সকল নিয়ম ও বন্ধন, আনন্দ ও বিষাদ, আমাদের হুখ ও আশা—সবই এই কুদ্র জগতের ভিতরে। আমাদের উন্নতি ও অবনতি সবই এই কৃত্র বাগতে সীমাবদ্ধ। অতএব দেখিতেছ, আমাদের মনের সৃষ্টি এই ক্ষুদ্র জগৎ চিরকাল থাকিবে-এরপ আশা করা এবং স্বর্গে যাইবার আকাজ্ঞা করা কি ছেলেমাসুষি! স্বর্গের অর্থ—আমাদের পরিচিত এই জগতের পুনরাবৃত্তিমাত্র। স্পষ্টই দেখিতেছ, অনস্ত সত্তাকে আমাদের দীমাবদ্ধ জগতের অহুদ্ধপ করিতে চেষ্টা করা কি হেলেমাত্রষি ও অসম্ভব বাসনা! অতএব যথন মা**ত্র্য বলে, দে এইভাবে**ই চিরদিন থাকিবে, এখন যাহা লইয়া আছে, তাহা লইয়াই চিরদিন থাকিবে, অথবা আমি যেমন-কখন কখন বলি, যখন মাহুষ 'আরামের ধর্ম' চায়, তখন তোমবা নিশ্চয় জানিও—তাহাব এত অবনতি হুইয়াছে ধে, দে বর্তমান অবস্থ। অপেকা উন্নতত্তর কিছুই ধারণা করিতে পারে না; সে নিজের অনস্ত স্বরূপ ভূলিয়াছে; তাহার সমগ্র চিম্ভা এইসব কুত্র হুথ-তু:খ এবং সাময়িক ঈর্বায় আবদ্ধ। এই সাম্ভ জগৎকেই সে অনস্ত বলিয়া মনে করে। শুধু তাই নয়, দে এই মূর্খতা কোনমতে ছাড়িবে না। দে প্রাণপণে 'ভৃঞা'কে-জীবন-বাসনাকে. আঁকড়াইয়া থাকে। বৌদ্ধেরা ইহাকে 'ভঞ্হা বা ভিস্সা' বলে।

আমাদের জ্ঞাত কুল জগতের বাহিরে অসংখ্য প্রকার স্থ-চ্:খ, অসংখ্য প্রাণী, অসংখ্য বিধি, অসংখ্য প্রকার উন্নতি এবং অসংখ্য প্রকার কার্য-কারণ-সম্বন্ধ থাকিতে পারে; কিন্তু এ-সবই আমাদের অনস্ত প্রকৃতির এক অংশমাত্র।

মুক্তি লাভ কবিতে হইলে এই জগতের সীমা অতিক্রম করিয়া ধাইতে হইবে; এথানে মুক্তির সন্ধান পাওয়া যাইতে পারে না। সম্পূর্ণ সাম্যাবস্থা বা এটানবা যাহাকে 'বৃদ্ধির অতীত শাস্তি' বলিয়া থাকেন, ভাহা এই স্থগতে পাওয়া যাইতে পাবে না—স্বর্গেও নয়, অথবা এমন কোন স্থানেও নয়, যেথানে আমাদের চিম্ভাশক্তি ও মন যাইতে পারে, যেথানে ইন্দ্রিয়গণ অমূভব করিতে পারে, অথবা কল্পনা-শক্তি যাহা কল্পনা করিতে পারে--এরূপ কোন স্থানেই সেই ্যক্তি পাওয়া ঘাইতে পারে না, কারণ এ-সকল স্থান অবশ্যই আমাদের জগতের অন্তর্গত হইবে, এবং দেই জগৎ দেশ-কাল-নিমিত্ত দারা দীমাবদ্ধ। এই পৃথিবী অপেক্ষা স্ক্ষত্তর স্থান থাকিতে পাবে, যেখানে ভোগ তীব্রতর, কিন্ত ্দ-সকল স্থানও জগতের অন্তর্গত, স্তরাং নিয়মের বন্ধনের ভিতর ; অতএব আমাদিগকে এ-সকলের বাহিরে যাইতে হইবে, এবং যেখানে এই ক্স্ত্র জগতের শেষ, সেখানেই প্রকৃত ধর্মের আরম্ভ। এই কৃদ্র কৃদ্র আনন্দ, বিষাদ ও বস্তবিষয়ক জ্ঞান-স্বাই সেধানে শেষ হট্য়া যায় এবং প্রকৃত সভ্য আরম্ভ হয়। যতদিন না আমরা জীবনের জন্ম এই তৃষ্ণা বিদর্জন দিতে পারি, যতদিন না এই কণস্থায়ী সভার প্রতি প্রবল আসন্তি ভাগে করিতে পারি, ভতদিন জগতের অতীত দেই অনস্ত মৃক্তির এটুকু আভাসও পাইবার আশা আমাদের নাই। অতএব ইহা যুক্তিদঙ্গত যে, মহয়-জাতির উচ্চাকাজ্ঞার চরম লক্ষ্য 'মৃক্তি' লাভ করিবার একটিমাত্র উপায় আছে, দে উপায়—এই শত্র জীবন, এই ক্ষুত্র জগং, এই পৃথিবী, এই স্বর্গ, এই শরীর এবং যাহা কিছু নীমাবন্ধ-সব ভাগে করা। যদি আমরা ইন্দ্রিয় ও মনের দারা সীমাবদ্ধ এই শত্র জগৎ ত্যাগ করিতে পারি, তবে আমরা এখনই মৃক্ত হইব। , বন্ধন হইতে াক হওয়ার একমাত্র উপায়-সমূদর নিয়মের বাহিরে যাওয়া, কার্য-কারণ-শ্বলের বাহিরে যাওয়া; আর ষেখানেই এই জগৎ আছে, দেখানেই কার্য-কারণ-শৃভাল বর্তমান।)

কিন্তু এই জগতের প্রতি আদক্তি ত্যাগ করা বড় কটিন ব্যাপার। অতি 'ল্ল লোকেই এই আদক্তি ত্যাগ করিতে পারে। আমাদের শান্তে,আদক্তি-

ত্যাগের তুইটি উপায় কথিত হইয়াছে। একটিকে বলে নিবৃত্তিমার্গ—উহাতে 'নেভি নেভি' (ইহা নয়, ইহা নয়) করিয়া দ্ব ভাগে করিতে হয় ; আর একটিকে বলে প্রবৃত্তিমার্গ—উহাতে 'ইতি ইতি' করিয়া সকল বম্ব গ্রহণ করিয়া তাহার পর ত্যাগ করা হয়। নিবৃত্তিমার্গ অতি কঠিন। উহা কেবল উন্নতমনা অসাধারণ প্রবল-ইচ্ছাশক্তিসম্পন্ন মহাপুরুষদের পক্ষেই সম্ভব। তাঁহার। শুধু বলেন, 'না, আমি ইহা চাই না'; শরীর ও মন তাঁহাদের আজ্ঞা পালন করে, এবং তাঁহারা সাফল্যমণ্ডিত হন। কিন্তু এরূপ মাহুষ অতি বিরল। অধিকাংণ লোক তাই প্রবৃত্তিমার্গ-সংসারেরই পথ বাছিয়া লয়; এবং বন্ধনগুলিকেই এ বন্ধন ভাঙিবার উপায়রূপে ব্যবহার করে। ইহাও একপ্রকার ত্যাগ, ভবে ধীরে ধীরে—ক্রমণঃ ত্যাগ করা হয়। সমস্ত পদার্থকে জানিয়া, ভোগ করিয়া, এইরূপে অভিজ্ঞতা লাভ করিয়া, সংসারের সকল বস্তুর প্রকৃতি অবগত হইয়। মন অবশেষে ঐগুলি ছাড়িয়া দেয় এবং অনাসক্ত হয়। অনাসক্তি-লাভের প্রথমোক্ত মার্গের সাধন-বিচার, আর শেষোক্ত পথের সাধন-কর্ম ও অভিজ্ঞতা। প্রথমটি জ্ঞানযোগের পথ, কোন প্রকার কর্ম করিতে অম্বীকার করাই এ পথের বৈশিষ্ট্য। দ্বিতীয়টি কর্মধোগের পথ, এ পথে কর্মের বিরতি নাই। এই জগতে প্রত্যেক ব্যক্তিকেই কর্ম করিতে হইবে। কেবল যাঁহারা সম্পূর্ণরূপে আত্মহৃপ্ত, যাহারা আত্মা ব্যতীত আর কিছুই চান না, যাহাদের মন কখনও আত্মা হইতে অগ্যত্র গমন করে না, আত্মাই যাহাদের দর্বস্ব, ভগু जाँशाताहे कर्भ कवित्वन ना। अविशेष्ठ मकलाक व्यवशह कर्म कवित्व हहेता।

একটি জলপ্রোত স্বচ্ছনগতিতে নামিতেছে। একটি গর্তের ভিতর পড়িয়া ঘূর্ণিরূপে পরিণত হইল; দেখানে কিছুকাল ঘূরিবার পর উহঃ আবার সেই উন্মৃক্ত প্রোতের আকারে বাহির হইয়া তুর্বারবেগে প্রবাহিত হয়। প্রত্যেক মহয়-জীবন এই প্রবাহের মতো। উহাও ঘূর্ণির মধ্যে পড়ে—নাম-রূপাত্মক জগতের ভিতর পড়িয়া হার্ডুর্ থায়, কিছুক্তন 'আমার পিতা, আমার মাতা, আমার নাম, আমার যশ' প্রভৃতি বলিয়া চীৎকার করে, অবশেষে বাহির হইয়া নিজের মৃক্ত-ভাব ফিরিয়া পায়। সমৃদয় জগং ইহাই করিতেছে, আমরা জানি বা নাই জানি, জ্ঞাতদারে বা অজ্ঞাতদারে

১ তুদানীয়:গীতা, এ১৭

আমরা দকলেই জগৎরূপ স্বপ্ন হইতে বাহির হইবার জন্ম করিভেছি। দংদার-আবর্ত হইতে মৃক্ত হওয়ার জন্মই মাহুষের এই সাংসারিক অভিজ্ঞতা।

কর্মধোগ কি ?—কর্ম-রহত অবগত হওয়াই কর্মধোগ। আমরা দেখিতেছি সমুদ্য জগৎ কর্ম করিতেছে। কিদের জন্ত । মুক্তির জন্ত, স্বাধীনতা লাভের ভন্ত। পরমাণু হইতে মহোচ্চ প্রাণী পর্যন্ত সকলেই জ্ঞাতদারে বা অজ্ঞাতদারে দেই এক উদ্দেশ্যে কর্ম করিয়া চলিয়াছে, সেই উদ্দেশ্য বা লক্ষ্য—মনের স্বাধীনতা, দেহের স্বাধীনতা, আত্মার স্বাধীনতা। সকল বস্তুই সর্বদা মুক্তিলাভ করিতে এবং বন্ধন হইতে ছুটিয়া পলাইতে চেষ্টা করিতেছে। সূর্য চন্দ্র পুথিবী গ্রহ---সকলেই বন্ধন হইতে পলায়ন কবিতে চেষ্টা করিতেছে। সমগ্র জগৎটাকে এই কেন্দ্রাহুগা ও কেন্দ্রাতিগা শক্তিছয়ের ক্রীড়াভূমি বলা খাইতে পারে। কর্মযোগ আমাদিগকে কর্মের রহস্থ—কর্মের প্রণাদী শিথাইয়া দেয়। এই বাগতে চতুদিকে কেবল ধাকা না খাইয়া, অনেক বিলয়ে অনেক তর্কবিতর্কের পর প্রত্যেক বন্ধর স্বরূপ-জিজ্ঞান্ত আমরা কর্মধোপ হইতে কর্মের রহস্তা, কর্মের প্রণালী এবং কর্মের সংগঠনী শক্তি শিকা করি। ব্যবহার করিতে না জানিলে আমা: দর বিপুল শক্তি রুণা নষ্ট হইতে পারে। কর্মধোগ কাব্দ করাকে একটি রীভিমত বিজ্ঞানে পরিণত করিয়াছে। এই বিভা দারা জানিতে পারিবে, এই জগতের দকল কর্মের সন্থাবহার কিভাবে করিতে হয়। কর্ম করিতেই হইবে, ইহা অপি হিহার্য-কিন্তু উচ্চতম উদ্দেশ্যে কর্ম কর। কর্মধােগের সাধনায় আমরা ষীকার করিতে বাধ্য যে, এই জগৎ পাঁচ মিনিটের জন্ম, এবং ইহার মধ্য দিয়াই আমাদের চলিতে হইবে; আরও স্বীকার করিতে হয় যে, এখানে মৃক্তি নাত, মৃক্তি পাইতে হইলে আমাদিগকে জগতের বাহিরে ষাইতে হইবে। জগতের বন্ধনের বাহিরে ধাইবার এই পথ পাইতে হইলে আমাদিগকে ধীরে নি-িচতভাবে ইহার মধ্য দিয়াই যাইতে হইবে। এমন সৰ অসাধারণ ^{মং পু}রুষ থাকিতে পারেন, যাঁহাদের বিষয় আমি এইমাত্র বলিলাম, তাহারা ^এে ব্যাবে জগভের বাহিরে আসিয়া দাঁড়াইয়া উহাকে ভ্যাগ করিতে ^{প্রের}—বেমন দর্প উহার ত্বক্ পরিত্যাগ করিয়া বাহির হইতে দেখিয়া ^{পাকে}। এইসৰ অসাধারণ মাহ্য কয়েকজন আছেন .সন্দেহ নাই, কিন্তু ^{শ্ৰংশিষ্ট} মানবগণকে ধীরে ধীরে কর্মময় জগতের ভিতর দিয়া**ই** ষাইতে হইবে।

অল্প শক্তি নিয়োগ করিয়া অধিক ফল লাভ করিবার প্রণালী রহস্ত ও উপাদ দেখাইয়া দেয় কর্মযোগ।

কর্মথোগ কি বলে ?—বলে, 'নিরস্কর কর্ম কর, কিন্তু কর্মে আদক্তি ত্যাপ কর।' কোন কিছুর সহিত নিজেকে জড়াইও না। মনকে মৃক্ত রাখো। যাহা কিছু দেখিতেছ, হংখ-কষ্ট—সবই জগতেব অপরিহার্য পরিবেশ মাত্র , দারিদ্রা ধন ও স্থথ ক্ষণস্থায়ী, উহারা মোটেই আমাদের স্বজাবগত নয় আমাদের স্বরূপ হংথ ও স্থথের পারে—প্রত্যক্ষ বা কল্পনার অভীত; তথাপি আমাদিগকে সর্বদাই কর্ম করিয়া যাইতে হইবে। 'আদক্তি হইতেই হংখ আদে, কর্ম হইতে নয়।'

যথনই আমরা কর্মের সহিত নিজেদের অভিন্ন করিয়া ফেলি, তথনত আমরা ত্রংথ বোধ করি, কিন্তু কর্মেব সহিত এরপ এক না হইয়া গেলে সেই তৃঃথ অমুভব করি না। কাহারও একথানি স্থন্দর ছবি পুডিয়া গেলে দাধারণতঃ অপব একজনের কোন হঃথ হয় না, কিন্তু যথন ভাহার নিজের ছবিখানি পুডিয়া যায়, তখন সে কভ তঃখ বোধ করে! কেন ? তুইখানিই স্নর ছবি, হয়তো একই মৃলছবির নকল, কিন্তু একক্ষেত্র অপেকা অস্তক্ষেত্রে অতি দাকণ তুঃখ অহুভূত হয়। ইহার কারণ—একক্ষেত্রে মাহুষ ছবির সহিত নিজেকে অভিন্ন করিয়া ফেলিয়াছে, অপর ক্ষেত্রে ভাহ। করে নাই। এই 'আমি ও আমার' ভাবই সকল তু:থের কারণ। অধিকারের ভাব হইতেই স্বার্থ আদে এবং ঐ স্বার্থপরতা হইতেই তুঃধ আরম্ভ। প্রতিটি স্বার্থপর কার্য ব চিন্তা আমাদিগকে কোন-না-কোন বিষয়ে আসক্ত করে, এবং আমরা সঞ সঙ্গে সেই বস্তুর দাস হইয়া যাই। চিত্তের যে-কোন তরক হইতে 'আমি ও আমার' ভাব উথিত হয়, তাহা তৎক্ষণাৎ আমাদিগকে শুম্লাবন্ধ করিয' ক্রীতদাদে পরিণত করে, যতই আমরা 'আমি ও আমার' বলি, ততঃ দাসত্ব বাড়িতে থাকে, ততই হু:খও বাড়িতে থাকে। অভ**এব ক**র্মযোগ বলে—জগতে যত ছবি আছে, সবগুলির সৌন্দর্য উপভোগ কর, কি 🛚 কোনটির সহিত নিজেকে এক করিয়া ফেলিও না; 'আমার' কখনও বলিও না। **আমরা যথনই বলি, 'এটি আমার', তথনই সঙ্গে সঙ্গে আসি**বে। 'আমার সন্তান'—এ-কথা মনে মনেও বলিও না; ছেলেকে আদর কব, তাহাকে নিজ আয়ত্তে রাখো, কিন্তু 'আমার' বলিও না। 'আমার' বলিলেই

তৃংধ আসিবে। 'আষার বাড়ি', 'আমার শরীর' এরপও বলিও না। এইধানেই মৃশকিল। এই শ্রীর ভোমারও নয়, আমারও নয়, কাহারও নয়। এগুলি প্রকৃতির নিয়মে আসিতেছে, বাইতেছে; কিন্তু আমরা মৃত্তসাক্ষিরপ। একধানি ছবি বা দেওয়ালের বতটুকু স্বাধীনতা আছে,
শরীরের তদপেকা বেশী নাই। একটা শরীরের প্রতি আমরা এত আসক্ত
হইব কেন? বদি কেহ একধানি ছবি আঁকে, সেটি শেষ করিয়া অক্টাতে
হাত দেয়। 'আমি উহা অধিকার করিব'—বলিয়া স্বার্থকাল বিতার করিও
না। বধনই এই স্বার্থকাল বিত্তত হয়, তধনই তৃংধের, আরম্ভ।

অতএব কর্মধোগে বলা হয়: প্রথমে এই স্বার্থপরভার জাল বিস্তার করিবার প্রবণতা বিনষ্ট কর, যখন উহা দমন করিবার শক্তি লাভ করিবে. তখন মনকে আৰু স্বাৰ্থপৰতাৰ তৰকে পৰিণত হুইতে দিও না। তাৰপৰ সংসাৰে গিয়া যত পারো কর্ম কর, সর্বত্র গিয়া মেলামেশা কর, বেখানে ইচ্ছা যাও, মন্দের ম্পর্ল ভোমাকে কথমই দৃষিত করিতে পারিবে না। পদ্মপত্র জলে রহিয়াছে, উহাতে জল ষেমন কথনও লিপ্ত হয় না, তুমিও দেইভাবে সংশারে থাকিবে; ইহাই 'বৈরাগ্য' বা অনাসক্তি। মনে হয়, তোমাদিগকে বলিয়াছি বে, অনাসক্তি ব্যতীত কোন প্রকার 'যোগ'ই হইতে পারে না। অনাসক্তি সকল যোগেরই ভিত্তি। বে-ব্যক্তি গৃহে বাদ, উত্তম বন্দ্র পরিধান এবং হুথান্ত ভোজন পরিত্যাগ করিয়া মুকুভূমিতে গিয়া থাকে, দে অভিশন্ন আদক্ত হইতে পারে। তাহার এক্যাত্র সম্বল নিজের শরীর ভাহার নিকট সর্বস্ব হইতে পারে, ক্রমশঃ ভাহাকে ভাহার দেহের জ্ঞাই প্রাণপণ সংগ্রাম করিতে হইবে। অনাদক্তি বাহিরের শরীরকে লইয়া নয়, অনাদক্তি মনে। 'আমি ও আমার'-এই বন্ধনের শৃত্রল মনেই রহিয়াছে। যদি শরীরের সহিত এবং ^{ইন্দ্রি}য়ভোগ্য বিষয়সমূহের সহিভ এই ধোগ না থাকে, তবে আমরা যেথানেই থাকি না কেন, যাহাই হই না কেন, আমরা অনাসক্ত। একজন—সিংহাসনে উপবিষ্ট হইয়াও সম্পূর্ণ অনাদক্ত হইতে পারে, আর একজন হয়তো ছিল্লবন্ত ^{পরি}হিত হইয়াই ভয়ানক আসক্ত। প্রথমে আমাদিগকে এই অনাসক অবস্থা লাভ করিতে হইবে, ভারপর নিরম্ভর কার্য করিতে হইবে। যে কর্ম-প্রণালী আমাদিগকে সর্বপ্রকার আস্তি ভ্যাগ করিতে পাছায়্য করে, কর্ম-^{যোগ আ}মাদিগকে ভাহাই দেখাইয়া দেয়। অবশ্য ইহা অভি কঠিন ৮

সকল আগজি ত্যাগ করিবার ছইটি উপায় আছে। একটি—যাহারা দিয়ের অথবা বাহিরের কোন সহায়তায় বিশাস করে না, তাহাদের জন্ত। তাহারা নিজেদের কৌশল বা উপায় অবলম্বন করে। তাহাদিগকে নিজেদেরই ইচ্ছাশক্তি, মনঃশক্তি ও বিচার অবলম্বন করিয়া কর্ম করিছে হইবে—তাহাদিগকে জোর করিয়া বলিতে হইবে, 'আমি নিশ্চয় অনাসক্ত হইব'। অন্যটি—যাহারা দিখরে বিশাস করেন, তাঁহাদের পক্ষে ইহা অপেক্ষাকৃত সহজ। তাঁহারা কর্মের সমৃদ্য ফল ভগবানে অর্পণ করিয়া কাজ করিয়া যান, স্তরাং কর্মফলে আসক্ত হন না। তাঁহারা যাহা কিছু দেখেন, অন্তব করেন, শোনেন বা করেন, সবই ভগবানের জন্ত। আমরা বে-কোন ভাল কাজ করি না কেন, তাহার জন্ত যেন আমরা মোটেই কোন প্রশংসা বা স্থবিধা দাবি না করি। উহা প্রভূর, স্বভরাং কর্মের ফল তাঁহাকেই অর্পণ কর। আমাদিগকে একধারে সরিয়া দাঁড়াইয়া ভাবিতে হইবে, আমরা প্রভূর আজ্ঞাবহ ভৃত্যমাত্র, এবং আমাদের প্রত্যেক কর্ম-প্রবৃত্তি প্রতি মূহুর্তে তাঁহা হইতেই আদিতেছে।

যৎ করোষি যদশাসি যজ্জ্হোষি দদাসি যৎ। যত্তপশুসি কৌস্তেয় তৎ কুরুষ মদর্পণম্॥

— 'যাহা কিছু কাজ কর, যাহা কিছু ভোগ কর, যাহা কিছু পূজা হোম কর, যাহা কিছু দান কর, যাহা কিছু তপস্থা কর, সবই আমাতে অর্থাৎ ভগবানে অর্পণ করিয়া শাস্তভাবে অবস্থান কর।' আমরা নিজেরা যেন সম্পূর্ণ শাস্তভাবে থাকি এবং আমাদের শরীর মন ও সব-কিছু ভগবানের উদ্দেশ্যে চিরদিনের জন্ম বলি প্রদত্ত হয়। অগ্নিতে ঘুতাহুতি দিয়া ষ্প্র করিবার পরিবর্তে অহোরাত্র এই ক্ষুত্র 'অহং'কে আহুতি-দানরূপ মহাষ্প্র

'জগতে ধন অৱেষণ করিতে গিয়া একমাত্র ধনস্বরূপ তোমাকেই পাইয়াচি, তোমারই চরণে নিজেকে সমর্পণ করিলাম। জগতে একজন প্রেমাম্পদ খুঁজিতে গিয়া একমাত্র প্রেমাম্পদ তোমাকেই পাইয়াছি, তোমাতেই আত্মসমর্পণ করিলাম।' দিবারাত্র আবৃত্তি করিতে হইবে: 'আমার জগ্

১ গীতা, মা২৭

কিছুই নয়; কোন বস্ত শুভ, অশুভ বা নিরপেক—যাহাই হউক না কেন, আমার পক্ষে সবই সমান; আমি কিছুই গ্রাহ্ম করি না, আমি সবই ভোমার চরণে সমর্পণ করিলাম।'

দিবারাত্র এই আপাত-প্রতীয়মান 'অহং'ভাব ভ্যাগ করিতে হইবে, যে পর্যন্ত না ঐ ত্যাগ একটি অভ্যাদে পরিণত হয়, যে পর্যন্ত না উহা শিরায় শিরায়, মজ্জায় ও মন্তিকে প্রবেশ করে এবং সমগ্র শরীরটি প্রতি মূহুর্তে ঐ আত্মত্যাগরূপ ভাবের অহুগত হইয়া যায়। মনের এরূপ অবস্থায় কামানের গর্জন- ও কোলাহল-পূর্ণ রণক্ষেত্রে গমন করিলেও অহুতব করিবে, তুমি মৃক্ষ ও শান্ত।

কর্মধোগ আমাদিগকে শিক্ষা দেয়-কর্তব্যের সাধারণ ভাব কেবল নিয়ভূমিতেই বর্তমান; তথাপি আমাদের প্রত্যেককেই কর্তব্য কর্ম করিতে হইবে। কিন্তু আমরা দেখিতেছি, এই অভুত কর্তব্যবোধ অনেক সময় আমাদের তৃ:খের একটি বড় কারণ। কর্তব্য আমাদের পক্ষে রোগ-বিশেষ হইয়া পড়ে এবং আমাদিগকে সর্বদা টানিয়া লইয়া যায়। কর্তব্য আমাদিগকে ধবিয়া বাবে এবং আমাদের সমগ্র জীবনটাই ছ:ধপূর্ণ কবিয়া তুলে। ইহা মহয়-জীবনের ধ্বংসের কারণ। এই কর্তব্য—এই কর্তব্যবৃদ্ধি গ্রীমকালের মধ্যাহ্ন-প্র্য ; উহা মান্থবের অস্করাত্মাকে শগ্ধ করিয়া দেয়। এইদৰ কর্তব্যের হতভাগ্য কীতদাসদের দিকে ঐ চাহিয়া দেখ! কর্তব্য-বেচারাদের ভগবান্কে ভাকিবার অবকাশটুকুও দেয় না, স্নানাহারের সময় পর্যন্ত দেয় না! কর্তব্য থেন সর্বদাই ভাহাদের মাধার উপর ঝুলিভেছে। ভাহারা বাড়ির বাহিরে গিয়া কাব্দ করে, তাহাদের মাধার উপর কর্তব্য! তাহারা বাড়ি ফিবিয়া আসিয়া আবার প্রদিনের কর্তব্যের কথা চিস্তা করে; কর্তব্যের হাত হইতে মুক্তি নাই ৷ এ তো ক্রীতদাসের জীবন—অবশেষে ঘোড়ার মতো গাড়িতে জোতা অবস্থার ক্লাস্ত অবসর হইয়া পথেই পড়িয়া গিয়া মৃত্যুবরণ! কর্তব্য বলিতে লোকে এইরূপই বুঝিয়া থাকে। অনাসক্ত হওয়া, মুক্ত পুরুষের স্থায় কর্ম করা এবং সমূদয় কর্ম ঈশবে সমর্পণ করাই আমাদের একমাত প্রকৃত কর্তব্য। আমাদের সকল কর্তব্যই ঈশরের। আমরা যে অগতে প্রেরিড হইয়াছি, সেজ্ঞ আমরা ধতা। আমরা আমাদের নির্দিষ্ট কর্ম করিয়া ষাইডেছি; কে আনে, ভাল করিতেছি কি মন্দ করিছেছি? ভালভাবে কর্ম করিলেও আমরা ফল ভোগ করিব না, মন্দভাবে করিলেও চিস্তান্থিত হইব না। শাস্ত ও মৃক্তভাবে কাল করিয়া যাও। এই মৃক্ত অবস্থা লাভ করা বড় কঠিন। দাসত্বকে কর্তব্য বলিয়া, দেহের প্রতি দেহের অস্বাভাবিক আসক্তিকে কর্তব্য বলিয়া ব্যাখ্যা করা কত সহন্দ! সংসারে মাহ্ম টাকার জন্ম বা অন্ত কিছুর জন্ম সংগ্রাম করে, চেষ্টা করে এবং আসক্ত হয়। জিজ্ঞাস। কর, কেন ভাহারা উহা করিভেছে, ভাহারা বলিবে, 'ইহা আমাদের কর্তব্য'। বাত্তবিক উহা কাঞ্চনের জন্ম অস্বাভাবিক ভৃষ্ণামাত্র। এই ভৃষ্ণাকে ভাহারা কতকগুলি ফুল দিয়া ঢাকিবার চেষ্টা করিভেছে।

তবে শেষ পর্যন্ত কর্তব্য বলিতে কি ব্ঝার ? উহা কেবল দেহ-মনের আবেগ—আসক্তির তাড়না। কোন আসক্তি বছমূল হইয়া গেলেই আমরা তাহাকে কর্তব্য বলিয়া থাকি। দৃষ্টাস্কত্বরূপ: যে-সব দেশে বিবাহ নাই, সে-সব দেশে থামি-ত্রীর মধ্যে কোন কর্তব্যও নাই। সমাজে বখন বিবাহপ্রথা প্রচলিত হয়, তখন খামী ও ত্রী আসক্তিবশতঃ একত্র বাস করে। পুরুষাম্ক্রমে এরূপ থাকার পর একত্র বাস করা রীভিতে পরিণত হয়, তখন উহা কর্তব্য হইয়া দাঁড়ায়। বলিতে গেলে ইহা একপ্রকার পুরাতন ব্যাধি। বোগ যখন প্রবলাকারে দেখা দেয়, তখন আমরা উহাকে 'ব্যায়াম' বলি; যখন উহা স্থায়ী দাঁড়াইয়া যায়, উহাকে আমরা 'স্বভাব' বলিয়া থাকি। যাহাই ছউক, উহা বোগমাত্র। আসক্তি যখন প্রকৃতিগত হইয়া যায় তখন উহাকে 'কর্তব্য'রূপ আড়ম্বরপূর্ণ নামে অভিহিত করিয়া থাকি। আমরা উহার উপর ফুল ছড়াইয়া দিই, তত্পলক্ষে তুরীভেরীও বাজানো হয়, উহার জন্তু শাস্ত্র হইতে মন্ত্র উচ্চারণ করা হয়। তখন সমগ্র জগৎ ঐ কর্তব্যের অন্তরোধে সংগ্রামে মন্ত্র হয়, এবং মাহ্যুয় পরম্পারের প্রব্য আগ্রহ-সহকারে অপহরণ করিতে থাকে।

কর্তব্য এই হিসাবে কতকটা ভাল যে, উহাতে পশু-ভাব কিছুটা সংযত হয়। যাহারা অতিশন্ন নিমাধিকারী, যাহারা অন্ত কোনত্রপ আদর্শ ধারণা করিতে পারে না, তাহাদের পক্ষে কর্তব্য কিছুটা ভাল বটে; কিছু যাহারা কর্মযোগী হইতে ইচ্ছা করেন, তাঁহাদিগকে কর্তব্যের ভাব একেবারে দ্ব করিয়া দিতে হইবে। তোমার আমার পক্ষে কোন কর্তব্যই নাই। অগংকে যাহা দিবার আছে অবশুই দাও, কিছু কর্তব্য বলিয়া নয়। উহার জ্ঞা কোন চিন্তা করিও না। বাধ্য হইয়া কিছু করিও না। বাধ্য হইয়া কেন করিবে? বাধ্য হইয়া বাহা কিছু কর; তাহা ঘারাই আসন্জি বর্ধিত হয়। কর্তব্য বলিয়া ভোমার কিছু থাকিবে কেন ?

'সবই ঈশবে সমর্পণ কর।' এই সংসার-রূপ ভয়ত্বর অগ্নিময় কটাহে— বেখানে কর্তব্যরূপ অনল সকলকে দথ করিতেছে, সেখানে এই অমৃত পান ক্রিয়া স্থী হও। আমরা সকলেই শুধু তাঁহার ইচ্ছা অস্থায়ী কাজ ক্রিভেছি, পুরস্কার বা শান্তির সহিত আমাদের কোন সম্পর্ক নাই। যদি পুরস্কার পাইতে ইচ্ছা কর, তবে তাহার সহিত তোমাকে শান্তিও লইতে হইবে। শান্তি এড়াইবার একমাত্র উপায় পুরস্কার ত্যাগ করা। ছ:ধ এড়াইবার একমাত্র উপায়—হথের ভাবও ভ্যাগ করা, কারণ উভয়ে একস্ত্রে গ্রথিত। একদিকে হুখ, আর একদিকে ছু:খ। একদিকে জীবন, অপরদিকে মৃত্য। মৃত্যুকে অতিক্রম করিবার একমাত্র উপায়—জীবনের প্রতি অহুরাপ পরিত্যাগ করা। জীবন ও মৃত্যু একই জিনিস, ওগু বিভিন্ন দিক হইতে দেখা। অতএব 'হৃঃধশৃত্য হৃথ' এবং 'মৃত্যুহীন জীবন' কথাগুলি বিভালয়ের ছেলেদের ও শিশুগণের পক্ষেই ভাল; কিন্তু চিস্তাশীল ব্যক্তি দেখেন, বাকাগুলি স্ববিরোধী, স্তরাং তিনি ছুই-ই পরিত্যাগ করেন। যাহা কিছু কর, তাহার জন্ত কোন প্রশংসা বা পুরস্কারের আশা করিও না। ইহা অতি কঠিন। আমরা যদি কোন ভাল কাজ করি, অমনি তাহার জন্ত প্রশংসা চাহিতে আরম্ভ করি। যথনি আমরা কোন চাঁদা দিই, অমনি আমরা দেখিতে ইচ্ছা করি-কাগজে আমাদের নাম প্রচারিত হইয়াছে। এইরপ বাসনার ফল অবশ্রই ছঃখ। জগতের শ্রেষ্ঠ মানবগণ অঞ্জাতভাবেই চলিয়া গিয়াছেন। যে-সকল মহাপুরুষের সম্বন্ধে জগৎ কিছুই জানে না, তাঁহাদিগের সহিত তুলনায় আমাদের পরিচিত বুদ্ধগণ ও এটিগণ বিতীয় শ্রেণীর ব্যক্তিমাত্র। এইরূপ শত শত ব্যক্তি প্রতি দেশে আবিভূতি হইয়া নীরবে कांक कविया शियारह्म। नीवर्त छांहांवा कीवनयांशन कविया नीवरत हिनयां যান; সময়ে তাঁহাদের চিম্বারাশি বৃদ্ধ ও এটির মতো মহামানবে ব্যক্তভাব ধারণ করে। এই শেষোক্ত ব্যক্তিগণই আমাদের নিকট পরিচিত হন। শ্রেষ্ঠ মহাপুরুষপণ তাঁহাদের জানেব জ্বন্ত কোন নাম-যুশ আকাজ্জা করেন ৰাই। তাঁহারা অগতে তাঁহাদের ভাব দিয়া যান, তাঁহারা নিজেদের জন্ত

কিছু দাবি করেন না, নিজেদের নামে কোন সম্প্রদায় বা ধর্মত স্থাপন করিয়া বান না। ঐকপ করিতে তাঁহাদের সমগ্র প্রকৃতি সৃষ্টিত হয়। তাঁহারা শুদ্ধ-সাধিক; তাঁহারা কখনও কোন আন্দোলন স্পষ্ট করিতে পারেন না, তাঁহারা কেবল প্রেমে গলিয়া বান। আমি এইকপ একজন বোগী দিখিয়াছি, তিনি ভারতে এক গুহায় বাস করেন। আমি যত আশুর্ব মাহ্য দেখিয়াছি, তিনি তাঁহাদের অক্সতম। তিনি তাঁহার ব্যক্তিগত আমিছের ভাব এমনভাবে বিল্পু করিয়াছেন বে, অনায়াসেই বলিতে পারা বায়, তাঁহার মহয়ভাব একেবারে চলিয়া গিয়াছে; পরিবর্তে শুরু ব্যাপক ঈশ্রীয় ভাব তাঁহার হাদয় জুড়িয়া রহিয়াছে। বদি কোন প্রাণী তাঁহার এক হাতে দংশন করে, তিনি তাহাকে অপর হাতটিও দিতে প্রস্তুত, এবং বলেন—ইহা প্রভুর হিছা। যাহা কিছু তাঁহার কাছে আদে, তিনি মনে করেন—সবই প্রভুর নিকট হইতে আসিয়াছে। তিনি লোকের সমূধে বাহিশ হন না, অথচ তিনি প্রেম সত্য ও মধুর ভাবরাশির অফুরস্ত ভাণ্ডার।

তারপর অপেকারত অধিক রক্তঃশক্তিসম্পন্ন বা সংগ্রামনীল প্রুষগণের স্থান। তাঁহারা দিছপুরুষগণের ভাবরাশি গ্রহণ করিয়া জগতে প্রচার করেন। শ্রেষ্ঠ পুরুষগণ সত্য ও মহান্ ভাবরাশি নীরবে সংগ্রহ করেন, এবং বৃদ্ধ-গ্রীষ্টগণ সেইসব ভাব স্থানে স্থানে গিয়া প্রচার করেন ও ভত্দেশে কাল্ক করেন। গৌতম-বৃদ্ধের জীবন-চরিতে আমরা দেখিতে পাই, তিনি সর্বদাই নিজেকে পঞ্চবিংশ বৃদ্ধ বলিয়া পরিচন্ন দিভেছেন। তাঁহার পূর্বে যে চবিবশ জন বৃদ্ধ হইয়া গিয়াছেন, ইতিহাসে তাঁহারা অপরিচিত। কিন্ত ইহা নিশ্চিত যে, ঐতিহাসিক বৃদ্ধ তাঁহাদের স্থাপিত ভিত্তির উপরই নিজ্ ধর্মপ্রাসাদ নির্মাণ করিয়া গিয়াছেন। শ্রেষ্ঠ পুরুষগণ শান্ত, নীরব ও অপরিচিত। তাঁহারা জানেন—ঠিকঠিক চিন্তার শক্তি কতদ্র। তাঁহারা নিশ্চিতভাবে জানেন, যদি তাঁহারা কোন গুহায় দার বন্ধ করিয়া পাঁচটি সংক্রিয়া করেন, তাহা হইলে সেই পাঁচটি চিন্তা অনন্তকাল ধরিয়া থাকিবে। সত্যই সেই চিন্তাগুলি পর্বত ভেদ করিয়া, সমুদ্র পার হইয়া সম্গ্র ভগং পরিক্রমা করিবে এবং পরিশেষে মান্থযের হৃদয়ে ও মন্তিছে প্রবেশ করিয়া

> ুগাজীপুরের পওহারী বাবা

এমন সৰ নরনারী উৎপন্ন করিবে, বাঁছারা জীবনে ঐ চিন্তাগুলিকে কার্ছে পরিণত করিবে। পূর্বোক্ত সান্ধিক ব্যক্তিগণ ভগবানের এভ নিকটে অবস্থান করেন যে, তাঁহাদের পক্ষে শংগ্রাম-মুখর কর্ম করিয়া অগতে পরোপকার, ধর্মপ্রচার প্রভৃতি কর্ম করা সম্ভব নয়। কর্মীরা যতই ভাল হউন না কেন, তাঁহাদের মধ্যে কিছু না কিছু অজ্ঞান থাকিয়া যায়। যতক্ষণ পর্যন্ত আমাদের স্বভাবে একটু মলিনতা অবশিষ্ট থাকে, ততক্ণই আমরা কর্ম করিতে পারি-কর্মের প্রকৃতিই এই যে, সাধারণতঃ উহা অভিসন্ধি ও জাসক্তি বাবা চালিত হয়। সমাক্রিয়াশীল বিধাতা চড়াই-পাৰিটির পতন পর্যন্ত লক্ষ্য করিতেছেন ; তাঁহার সমকে মাত্র ভাহার নিজ কার্বের উপর এতটা গুৰুত্ব আবোপ করে কেন ? তিনি যখন অগতের কুপ্রতম প্রাণীটির পর্যন্ত থবর রাখিতেছেন, তথন এক্সপ করা কি একপ্রকার ঈশ্বরনিন্দা নয় ? আমাদের শুধু কর্তব্য সম্রেজ বিশ্বয়ে তাঁছার সমকে দণ্ডায়মান হইয়া বলা, 'তোমার ইচ্ছাই পূর্ণ হউক'। সর্বশ্রেষ্ঠ মহামানবেরা কর্ম করিতে পারেন না, তাঁহাদের মনে কোন আসক্তি নাই। 'যিনি আত্মাতেই ক†রণ আনন্দ করেন, আত্মাতেই ভৃগু, আত্মাতেই সম্ভুট, তাঁহার কোন কার্য নাই।'' ইহারাই মানবন্ধাতির মধ্যে শ্রেষ্ঠ, ইহারা কার্য করিতে পারেন না, তা-ছাড়া প্রত্যেককেই কার্য করিতে হইবে। এইরূপ কার্য করিবার দময় আমাদের কথনও মনে করা উচিত নয় যে, জগতের অভি কৃত্ত প্রাণীকেও কিছু সাহায্য করিতে পারি; ভাহা আমরা পারি না। এই জগংরপ শিক্ষালয়ে পরোপকারের ঘারা আমরা নিজেরাই নিজেদের উপকার করিয়া থাকি। কর্ম করিবার সময় এইরূপ ভাব অবলম্বন করাই কর্ডব্য। यक्ति আমরা এইভাবে কার্ব করি, यक्ति আমরা সর্বকাই মনে রাখি যে, কর্ম করিতে স্থযোগ পাওয়া আমাদের পক্ষে মহা সৌভাগ্যের বিষয়, ভবে আমরা **কথনও উহাতে আগক্ত হইব না। তোমার আমার মতো লক** লক মাহুৰ মনে করে, এ জগতে আমরা দব মন্ত লোক, কিন্তু আমরা সকলেই মরিয়া যাই, ভারপর পাঁচ মিনিটে জগৎ আমাদের ভূলিয়া যায়। কিন্তু ঈখবের জীবন অনম্ভ—'কো ছেবাক্তাৎ কঃ প্রাণ্যাৎ। যদেষ আকাশ

২ গীতা, ভা১৭

আনন্দো ন স্থাৎ।'' যদি সেই সর্বশক্তিমান্ প্রভূ ইচ্ছা না করিতেন, তবে কে এক মৃহূর্তও বাঁচিতে পারিত, কে এক মৃহূর্তও খাস-প্রখাস ত্যাগ করিতে পারিত? তিনিই নিয়ত-কর্মশীল বিধাতা। সকল শক্তিই তাঁহার এবং তাঁহার আঞ্জাধীন।

· ভয়াদন্তারিন্তপতি ভয়াত্তপতি সূর্বঃ।
ভয়াদিশ্রণ বায়্শ মৃত্যুর্ধাবতি পঞ্চমঃ॥
১

— তাঁহার আজ্ঞায় বাষু বহিতেছে, সূর্য কিবণ দিতেছে, পৃথিবী বিধৃত বহিয়াছে এবং মৃত্যু জগতীতলে বিচরণ করিতেছে। তিনিই সর্বেস্বা, তিনিই সকলের মধ্যে বিরাজিত। আমরা কেবল তাঁহার উপাসনা করিতে পারি। কর্মের সমৃদয় ফল ত্যাগ কর, সংকর্মের জন্মই সংকর্ম কর, তবেই কেবল সম্পূর্ণ অনাসক্তি আসিবে। এইরূপে হৃদয়-গ্রাহি ছিল্ল হইবে, এবং আমরা পূর্ণ মৃক্তি লাভ করিব। এই মৃক্তিই কর্মযোগের লক্ষ্য।

১ তৈভিনীয় উপ., ২।৭

২ কুঠ উপ., ২৷৩৷৩

কর্মযোগের আদর্শ

বেদান্ত-ধর্মের মহান্ ভাব এই বে, আমরা বিভিন্ন পথে দেই একই চরম লক্ষ্যে উপনীত হইতে পারি। এই পথগুলি আমি চারিটি বিভিন্ন উপান্ধর্রপে দংক্ষেপে বর্ণনা করিয়া থাকি: কর্ম, ভক্তি, বোগ ও জ্ঞান। কিন্তু দক্ষে করে। করে মনে থাকে যে, এই বিভাগ খুব ধরাবাধা নয়, অত্যন্ত পৃথক্ নয়। প্রত্যেকটিই অপরটির সহিত মিশিয়া যায়; তবে প্রাধান্ত অফুসারে এই বিভাগ। এমন লোক বাহির করিতে পারিবে না, কর্ম করার শক্তি ব্যতীত বাহার অন্ত কোন শক্তি নাই, যে তথু ভক্ত ছাড়া আর কিছু নয়, অথবা যাহার তথু জ্ঞান ছাড়া আর কিছু নাই। বিভাগ কেবল মাহুষের গুণ বা প্রবণতার প্রাধান্তে। আমরা দেখিয়াছি, শেষ পর্যন্ত এই চারিটি পথ একই ভাবের অভিম্থী হইয়া মিলিত হয়। সকল ধর্ম এবং সাধনপ্রণালীই আমাদিগকে দেই এক চরম লক্ষ্যে লইয়া যায়।

সেই চরম লক্ষাট কি, তাহা বৃঝাইবার চেটা করিয়াছি। আমি যেরপ ব্রিয়াছি—এ লক্ষ্য মৃত্তি। যাহা কিছু আমরা দেখি বা অক্সত্তর করি, পরমাণ্ হইতে মহয়, অচেতন প্রাণহীন অভকণা হইতে পৃথিবীতে বিভ্নমান দর্বোচ্চ সন্তা—মানবাদ্ধা পর্যন্ত সকলেই মৃত্তির জ্বন্ত চেটা করিতেছে। সমগ্র জগং এই মৃত্তির সংগ্রাম বা চেটার ফল। সকল যৌগিক পদার্থের প্রত্যেক পরমাণ্ই অক্সান্ত পরমাণ্র বন্ধন হইতে মৃত্ত হইতে চেটা করিতেছে এবং অপরগুলি উহাকে আবন্ধ করিয়া রাধিতেছে। আমাদের পৃথিবী স্র্বের নিকট হইতে এবং চন্দ্র পৃথিবীর নিকট হইতে দূরে যাইতে চেটা করিতেছে। প্রত্যেক পদার্থই অনম্ভ বিভারের জন্ম উমুখ। আমরা জগতে যা-কিছু পদার্থ দেখিতেছি, এই জগতে যত কার্য বা চিন্তা আছে, সব-কিছুর একমাত্র ভিত্তি—এই মৃত্তির চেটা। ইহারই প্রেরণার সাধু উপাসনা করেন এবং চোর চুরি করে। যখন কর্মপ্রণালী যথায়থ হয় না, তথন আমরা ভাহাকে মন্দ বলি, এবং যখন কর্মপ্রণালীর প্রকাশ যথায়থ ও উচ্চতর হয়, তথন ভাহাকে ভাল বলি। কিন্তু প্রেরণা উভয়ত্র সমান—সেই মৃত্তির চেটা। শাধু নিজের বন্ধনের বিষয় ভাবিয়া কট পান; তিনি বন্ধন হইতে মৃত্তি

পাইতে চান, সেজ্য ঈশবের উপাসনা করেন। চোরও এই ভাবিয়া কর্চ্ন পার যে, তাহার কতকগুলি বস্তুর অভাব; সে ঐ অভাব হইতে মৃক্ত হইতে চায় এবং সেইজ্য চুরি করে। চেতন, অচেতন, সমৃদর প্রকৃতির লক্ষ্য এই মৃক্তি। জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে সমগ্র জগৎ ঐ মৃক্তির জ্য় চেটা করিয়া চলিয়াছে। অবশ্য সাধুর ঈপিত মৃক্তি চোরের বাঞ্চিত মৃক্তি হইতে সম্পূর্ণরূপে পৃথক্। সাধু মৃক্তির চেটায় কার্য করিয়া অনস্ত অনির্বচনীয় আনন্দ লাভ করেন, কিন্তু চোরের কেবল বন্ধনের উপর বন্ধন বাড়িতে থাকে।

প্রত্যেক ধর্মেই মৃক্তির জন্ম প্রাণপণ চেষ্টার বিকাশ আমরা দেখিতে পাই। ইহা সমৃদন্ত নীতি ও নি:স্বার্থপরতার ভিত্তি। নি:স্বার্থপরতার অর্থ: 'আমি এই কুন্ত্র শরীর'—এইভাব হইতে মুক্ত হওয়া। যথন আমরা দেখিতে পাই, কোন লোক ভাল কাজ করিতেছে, পরোপকার করিতেছে, তখন ব্ঝিতে হইবে—দেই ব্যক্তি 'আমি ও আমার'-রূপ কুত্র বৃত্তের ভিতর আবদ্ধ থাকিতে চায় না। এই স্বার্থপরতার গণ্ডির বাহিরে যাওয়ার কোন সীমা নাই। চরম স্বার্থত্যাগ সকল বড় বড় মীতি-শাম্বেই লক্ষ্য বলিয়া প্রচারিত। মনে কর, একজন এই চরম স্বার্থত্যাগের অবস্থা লাভ করিল, তথন তাহার কি হইবে ? তথন সে আর ছোটখাট শ্রীঅমুকচন্দ্র অমুক থাকে না; সে তথন অনস্ত বিস্তার লাভ করে। পূর্বে তাহার বে কুত্র ব্যক্তির ছিল, তাহা একেবারে চলিয়া যায়। সে তথন অনস্ত-স্বৰূপ হইয়া যায়। এই অনস্ত বিভৃতিই সকল ধর্মের, সকল নীতিশিক্ষার ও দর্শনের লক্ষ্য। ব্যক্তিত্ববাদী ষথন এই তত্তি দার্শনিকভাবে উপস্থাপিত দেখেন, তথন ভয়ে শিহরিয়া উঠেন। নীতি প্রচার করিতে গিয়া তিনি নিজেই আবার সেই একই তত্ত্ব প্রচার করেন। তিনিও মামুষের নি:স্বার্থপরতার কোন সীমা নির্দেশ করেন না। মনে কর, এই ব্যক্তিত্ববাদ-মতে এক ব্যক্তি সম্পূর্ণ স্বার্থসূক্ত চ্ইলেন। তাঁহাকে তখন অপরাপর সম্প্রদায়ের পূর্ণ-সিদ্ধ ব্যক্তি হইতে পৃথক্ করিয়া দেখিব কি করিয়া ? তিনি তথন সারা বিশের সহিত এক হইয়া যান ; এইরূপ হওয়াই তো চর্ম লক্ষ্য। হতভাগ্য ব্যক্তিশ্ববাদী তাঁহার নিষ্কের যুক্তিগুলিকে যথার্থ সিদ্ধান্ত পর্যন্ত অসুসরণ করিবার সাহস পায় না। নিঃস্বার্থ কর্ম দারা মানব-প্রকৃতির চরম লক্ষ্য এই মৃক্তিলাভ করাই কর্মধোগ। স্বতরাং প্রত্যেক স্বার্থপূর্ণ কা^{ষ্ট্} আমাদের সেই লক্ষ্যে পৌছিবার পথে বাধাস্বরূপ, আর প্রত্যেক নি:মার্থ

কর্মই আমাদিগকে সেই লক্ষ্যের দিকে লইমা যায়। এইজন্ত নীতির এই একমাত্র সংজ্ঞা: যাহা আর্থশৃক্ত, ভাহাই নীতিসকত; আর যাহা আর্থপর, ভাহা নীতিবিক্ষ।

খুঁটিনাটির মধ্যে প্রবেশ করিলে ব্যাপারটি এত সহজ দেখাইবে না। অবস্থাভেদে খুটিনাটি কর্তব্য ভিন্ন ভিন্ন হইবে এ-কথা পূর্বেই বলিয়াছি। একই কার্য এক ক্ষেত্রে স্বার্থশৃত্য এবং অপর ক্ষেত্রে সভ্যই স্বার্থপ্রণোদিভ হইতে পারে। স্থতরাং আমরা কেবল কর্তব্যের একটি সাধারণ সংজ্ঞা দিতে পারি; বিশেষ বিশেষ কর্তব্য অবশ্য দেশ-কাল-পাত্র বিবেচনা করিয়া নিরূপিড হইবে। এক দেশে একপ্রকার আচরণ নীতিসক্ত বলিয়া বিবেচিত হয়। অপর দেশে আবার তাহাই অভিশয় নীতিবিগর্হিত বলিয়া গণ্য হইয়া থাকে। ইহার কারণ—পরিবেশ পৃথক্। সমুদয় প্রকৃতির চরম লক্ষ্য মৃক্তি, আর এই মৃক্তি কেবল পূর্ণ নিঃস্বার্থপরতা হইতেই লাভ করা হয়। আর প্রত্যেক সার্থশৃত্য কার্য, প্রত্যেক নি:স্বার্থ চিন্তা, প্রত্যেক নি:স্বার্থ বাক্য আমাদিগকে এ আদর্শের অভিমূথে লইয়া যায়; সেইজন্তই ঐ কার্যকে নীতিসঙ্গত বলা হয়। ক্রমশ: বুঝিবে—এই সংজ্ঞাটি সকল ধর্ম এবং সকল নীতিশাস্ত-সম্বন্ধেই থাটে। নীতিভত্তের মূলসংক্ষে ত্মবশ্য বিভিন্ন দেশে বিভিন্ন ধারণা থাকিডে পারে। কোন কোন প্রণালীতে নীতি কোন উন্নততর পুরুষ অর্থাৎ ভগবান্ হইতে প্রাপ্ত বলিয়া উল্লিখিত। যদি জিজ্ঞাসা কর, 'মামুষ কেন এ কাজ করিবে এবং ও কান্ধ করিবে না ?' উত্তরে এ-সকল সম্প্রদায়ের ব্যক্তিগণ বলিবেন—'ইহা ঈশবের আদেশ'! কিন্তু যেথান হইতেই তাঁহারা ইহা পাইয়া ধাকুন না কেন, তাঁহাদের নীভিতত্ত্বে মূল কথা—'নিজের' চিস্তা না করা, 'অহং'কে ত্যাগ করা। এই প্রকার উচ্চ নীভিতত্ত সত্তেও অনেকে তাঁহাদের কুত্র ব্যক্তিত্ব ত্যাগ করিতে ভয় পান। যে ব্যক্তি এইরূপে কুত্র ব্যক্তিত্বের ভাব আঁকড়াইয়া থাকিতে চায়, তাহাকে বলিতে পারি, এমন এক জনের চিন্তা কর, যে সম্পূর্ণ নিঃস্বার্থ—যাহার নিজের জন্ম কোন চিন্তা নাই, যে নিজের জন্ত কিছু করে না, যে নিজের পকে কোন কথা বলে না; এখন বলো দেখি, ডাহার 'নিজ্ব' কোধায় ? যতক্ষণ সে নিজের জন্ম চিস্তা করে, কাজ করে বা কথা বলে, ভভক্ষণই সে ভাহার 'নিজেকে' বোধ করে। াদি কেবল অপরের সম্বন্ধে—জগতের সকলের সম্বন্ধে সচেতন থাকে, তাহা

হুইলে তাহার 'নিজ্জ' কোথায়? তাহার 'নিজ্জ' তথন একেবারে লোপ পাইয়াছে।

অতএব কর্মবোগ নিংমার্থপরতা ও সংকর্ম বারা মৃক্তি লাভ করিবার একটি ধর্ম ও নীতিপ্রণালী। কর্মবোগীর কোন প্রকার ধর্মমতে বিশাস করিবার আবশুকতা নাই। তিনি ঈশ্বরে বিশাস না করিতে পারেন, আত্মা-সম্বন্ধে অহসদান না করিতে পারেন, অথবা কোন প্রকার দার্শনিক বিচারও না করিতে পারেন, কিছুই আসে যায় না। তাঁহার বিশেষ উদ্দেশ্য নিংমার্থপরতা লাভ করা এবং তাঁহাকে নিজ চেষ্টাতেই উহা লাভ করিতে হইবে। তাঁহার জীবনের প্রতি মৃহুর্তই হইবে উহার উপলব্ধি, কারণ জ্ঞানী যুক্তি-বিচার করিয়া বা ভক্ত ভক্তির হারা যে সমস্থা সমাধান করিতেছেন, তাঁহাকে কোন প্রকার মতবাদের সহায়তা না লইয়া কেবল কর্মহারা সেই সমস্থারই সমাধান করিতে হইবে।

এখন পরবর্তী প্রশ্ব: এই কর্ম কি ? 'জগতের উপকার করা'-রূপ এই ব্যাপারটি কি ? আমরা কি জগতের কোন উপকার করিতে পারি ? উচ্চতম দৃষ্টি হইতে বলিলে বলিতে হইবে, 'না'; কিন্তু আপেক্ষিক ভাবে ধরিলে 'হাঁ' বলিতে হইবে। জগতের কোন চিরস্থায়ী উপকার করা যাইতে शांत्र ना; जाहा यि कदा बाहेज, जाहा हहेता हेहा आद এहे अगर थाकिज না। আমরা পাঁচ মিনিটের জ্ঞা কোন ব্যক্তির ক্ধানিবৃত্ত করিতে পারি, কিন্তু সে আবার কুধার্ত হইবে। আমরা মাহুষকে বাহা কিছু হুথ দিতে পারি, তাহা কণস্থায়ী মাত্র। কেহই এই নিজ্য-আবর্তনশীল স্থ-তঃধরাশি একেবারে চিরকালের জন্ত দূর করিতে পারে না। জগৎকে কি কাহাকেও কোন নিভ্য-হ্রথ দেওয়া ষাইতে পারে? না, ভাহা দেওয়া ষাইতে পারে না। সমৃদ্রের কোথাও গহরর স্বষ্টি না করিয়া একটি তরক্ষও তুলিতে পারা যায় না। মান্থবের প্রয়োজন ও লোভের অন্থপাতে জগতে ভালোর সমষ্টি বরাবর একই প্রকার, সর্বদাই সমান। উহা বাড়ানো বা কমানো যায় না। বর্তমান-কাল পর্যন্ত পরিজ্ঞাত মহয়জাতির ইতিহাদ আলোচনা কর। সেই পূর্বের মতোই স্থ-তঃখ, আনন্দ-বেদনা, পদমর্ঘাদার তারতম্য দেখিতে পাই নাকি? লক্ষ্যনী, কেহ দরিক্র, কেহ উচ্চপদস্থ, কেহ নিয়পদস্থ; কেহ স্কৃষ্ণ, কেহ বা অহস্থ-ভাই নয় কি ? প্রাচীন মিশরবাসী, গ্রীক ও রোমানদের ষে-অবস্থা

हिन, चांधूनिक चांत्रिकांनरम्ब महें वक चक्रा। चन्नराव हेिहान ৰতটা জানা যায়, ভাহাতে দেখিতে পাই, মাহুবের অবস্থা বরাবর একই প্রকার; তথাপি আবার ইহাও দেখিতে পাই, স্থ-ছ:খের এই ছ্রপনেয় বৈষম্যের সঙ্গে সঞ্জেলি দূর করিবার চেষ্টাও বরাবর রহিয়াছে। ইভিহাসের প্রত্যেক যুগেই এমন সহল্ল সহল্ল নরনারী জন্মগ্রহণ করিয়াছেন, হাঁহারা অপরের জীবনের পথ সহজ করিবার জন্ম কঠোরভাবে কাজ করিয়াছেন; তাহারা কভদ্র কৃতকার্য হইয়াছেন ? আমরা একটি বলকে (ball) একস্থান হইতে আর একস্থানে লইয়া যাওয়া-রূপ থেলাই থেলিতে পারি। আমরা শরীর হইতে তৃ:খবেদনা দূব করিলাম, উহা মনে আশ্রয় লইল। ইহা ঠিক দাস্তের (Dante) সেই নরক-চিত্রের মতো—পাহাড়ের উপর ঠেলিয়া তুলিবার জন্ত কুপণদিগকে বাশীকৃত স্বর্ণ দেওয়া হইয়াছে। যভবার ভাহার। একটু ঠেলিয়া তুলিভেছে, ভভবারই উহা গড়াইয়া নীচে পড়িভেছে। স্বংধর মর্ব্যুগ (millenium) সম্বন্ধে বে-সকল কথা বলা হয়, সে-সবই স্থুলের ছেলেদের উপযোগী স্থন্দর গল্প, তদপেকা ভাল কিছু নয়। যে-সকল জাতি এই স্থের স্বর্গের স্থপ্ন দেখে, তাহারা আবার এরপও ভাবিয়া থাকে যে, এ সময়ে ভাছারাই সর্বাপেক। স্কুখে থাকিবে। এই স্বর্ণমূগ-সম্বন্ধ ইহাই বড় **অডুত নি:ম্বার্থ ভাব** !

আমরা এই জগতের হৃথ এতটুকু বৃদ্ধি করিতে পারি না; তেমনি ইহার হংগও বাড়াইতে পারি না। এই জগতে প্রকাশিত হৃথতংগের শক্তিসমষ্টি দর্বদাই দমান। আমরা কেবল উহাকে এদিক হইতে ওদিকে এবং ওদিক হইতে এদিকে ঠেলিয়া দিতেছি মাত্র, কিন্তু উহা চিরকালই একক্ষণ থাকিবে, কারণ এইরূপ থাকাই উহার স্বভাব। এই জোয়ার-ভাঁটা, এই উঠা-নামা জগতের স্বভাবগত। অক্তরূপ সিদ্ধান্ত করা—'মৃত্যুহীন জীবন সম্ভব' বলার মতোই অযৌক্তিক।

মৃত্যুশৃক্ত জীবন সম্পূর্ণ অর্থহীন। কারণ জীবনের ধারণার মধ্যেই মৃত্যু নিহিত রহিয়াছে, অথের মধ্যেই ছঃখ নিহিত। এই আলোটি ক্রমাগত পুড়িয়া ^{মাই}তেছে, ইহাই উহার জীবন। যদি জীবন চাও তবে ইহার জক্ত তোমাকে প্রতি মৃহুর্তে মরিতে হইবে। জীবন ও মৃত্যু একই জিনিসের ছইটি নিজিক রূপ মাত্র—শুধু বিভিন্ন দিক হইতে উহারা একই তরকের উথান ও পূতন এবং

তৃইটি একত করিলে একটি অথগু বস্তু হয়। একজন পতনের দিকটা দেখিয়া তৃঃখবাদী হন; আর একজন উত্থানের দিকটা দেখেন এবং ক্থবাদী হন। বালক যখন বিদ্যালয়ে যায়—পিতামাতা তাহার যত্ন লইতেছেন, তথন বালকের পক্ষে সবই ক্থকর মনে হয়। তাহার অভাব খুব দামান্ত, ক্তরাং দে খুব ক্থবাদী। কিছু বৃদ্ধ—বিচিত্র অভিজ্ঞতাসম্পন্ন অপেক্ষাকৃত শাস্ত হইয়াছেন, তাঁহার উৎসাহ আরও মন্দীভূত হইবে। এইরূপে প্রাচীন জাতিগুলি—যাহাদের চতুর্দিকে কেবল পূর্ব গৌরবের ধ্বংসাবশেষ—তাহারা নৃতন জাতিগুলি অপেক্ষা কম আশাসীল। ভারতবর্ষে একটি প্রবাদ আছে—'হাজার বছর শহর, আবার হাজার বছর বন।' শহরের এই বনে পরিবর্তন এবং বনের শহরে পরিবর্তন সর্বত্র চলিয়াছে। মানুষ এই চিত্রের যথন মে দিকটি দেখে, তথন সে তদকুষায়ী ক্থবাদী বা তৃঃখবাদী হয়।

এখন আমরা সাম্যভাব সম্বন্ধে বিচার করিব। এই স্বর্ণযুগের ধারণা অনেকের পক্ষে কর্ম করিবার শক্তি—প্রচণ্ড প্রেরণাশক্তি। অনেক ধর্মেই ধর্মের একটি অঙ্গরণে প্রচারিত হয়: ঈশ্বর জ্বাৎ শাসন করিতে আসিতেছেন, এবং মাহুষের ভিতর আর কোন অবস্থার প্রভেদ থাকিবে না। যাহারা এই মতবাদ প্রচার করে, তাহারা অবশ্র গোঁড়া, এবং গোঁড়ারাই সর্বাপেক। অকপট। এইধর্মও ঠিক এই গোঁড়ামির মোহ দারাই প্রচারিত হইয়াছিল, ইহারই জন্ম গ্রীক ও রোমক ক্রীতদাদগণ এই ধর্মের প্রতি আরুষ্ট হইয়াছিল। তাহারা বিখাস করিয়াছিল-এই ধর্মে তাহাদিগকে আর দাসত্ব করিতে হইবে না, ভাহারা যথেষ্ট খাইভে পরিতে পাইবে; সেইজ্ফুই ভাহারা এটিধর্মের পতাকাতলে সমবেত হইয়াছিল। প্রথমে যাহারা উহা প্রচার করিয়াছিল, তাহারা অবশ্য গোঁড়া অজ্ঞ ছিল, কিন্তু তাহারা প্রাণের সহিত ঐসব কথা বিখাস করিত। বর্তমানকালে এই স্বর্ণযুগের আকাজ্ঞা—সাম্য, স্বাধীনতা ও ভ্রাতৃত্বের আকার ধারণ করিয়াছে। ইহাও গ্রোড়ামি। ষ্থার্থ সাম্যভাব জগতে কখনও প্রতিষ্ঠিত হয় নাই এবং কখন হইতেও পারে না। এখানে কি করিয়া আমরা সকলে সমান হইব ? এই অসম্ভব ধরনের সাম্য বলিতে সমষ্টি-বিনাশই বুঝায়! জগতের এই যে বর্তমান রূপ, তাহার কারণ কি ?— শিম্মীর বিভাব। জগতের আদিম অবস্থায়—স্টের পূর্বে সম্পূর্ণ সাম্যভাব থাকে। ভূবে বিশ্বগঠনকারী বিভিন্ন শক্তির উদ্ভব হয় কিরুপে ?—বিরোধ,

সংগ্রাম ও প্রতিদ্বন্দিতা ছারা। মনে কর, পদার্থের পরমাণ্ঠাল সব সম্পূর্ণ সাম্যাবন্ধার আছে, ভাহা হইলে কি স্প্রতিকার্য চলিতে থাকিবে? বিজ্ঞানের সাহার্যে জানি, ইহা অসম্ভব। জলাশরের জল নাড়িয়া দাও, দেখিবে প্রত্যেক জলবিন্দু আবার লাম্ভ হইবার চেষ্টা করিতেছে, একটি আর একটির দিকে প্রবাহিত হইতেছে। এই একইভাবে—'বিশ্বন্ধাৎ' বলিয়া কথিত এই ইন্দ্রিয়গ্রাহ্য প্রশক্ষ—ইহার অন্তর্গত সকল পদার্থই তাহাদের পূর্ণ লাম্যভাবে ফিরিয়া বাইতে চেষ্টা করিতেছে। আবার বিক্ষোভ দেখা দেয়, আবার সংযোগ হয়—স্প্রী হয়। বৈষমাই স্প্রীর ভিত্তি। স্প্রীর অন্তর্গ সাম্যভাব-বিনাশকারী শক্তির যতটা প্রয়োজন, সঙ্গে সঙ্গে সাম্যভাব-স্থাপনকারী শক্তিরও ততটা প্রয়োজন।

সম্পূর্ণ সাম্যভাব—বাহার অর্থ সর্বন্তরে সংগ্রামশীল শক্তিগুলির পূর্ণ সামঞ্জ, তাহা এ-জগতে কথনই হইতে পারে না। এই অবস্থায় উপনীত হইবার পূর্বেই অব্পৎ জীব-বাদের সম্পূর্ণ অস্থপযুক্ত হইয়া যাইবে, এথানে আর 🔎 কেহই থাকিবে না। অভএব আমরা দেখিতেছি, এই স্বর্গ বা পূর্ণ দাম্ভাব-দম্মে ধারণাদমূহ ওধু যে অসম্ভব তাহা নয়, পরস্ক যদি আমরা ঐ ধারণাগুলি কার্ষে পরিণত কমিতে চেষ্টা করি, তবে নিশ্চয়ই সেই প্রলয়ের দিন ঘনাইয়া আসিবে। মাছুষে মাছুষে প্রভেদের কারণ কি ?—প্রধানভ: মন্তিঙ্কের ভিন্নতা। **আজ্কাল পাগল ছাড়া আ**র কেহই বলিবে না যে, আমরা সকলেই একরূপ মন্তিকের শক্তি লইয়া <u>জন্মগ্রহণ করিয়াছি।</u> ভিন্ন ভিন্ন শক্তি লইয়া আমরা জগতে আসিয়াছি। কেহ বড়, কেহ বা দামাত্ত হইয়া আসিয়াছি, জ্বের পূর্বে নির্ধারিত পরিবেশ অতিক্রম করা ষায় না। আমেরিকার রেড ইণ্ডিয়ানগণ সহস্র সহস্র বৎসর যাবৎ এই দেশে বাস করিতেছিল, আর তোমাদের অতি অল্পসংখ্যক পূর্বপুরুষ এদেশে আসিয়াছিলেন। দেশের চেহারায় তাঁহারা কত পরিবর্তন দাধন করিয়াছেন! যদি সকলেই স্মান, তবে রেড ইণ্ডিয়ানরা নানাপ্রকার উন্নতি এবং নগরাদি নির্মাণ করে নাট কেন ? কেনই বা তাহারা চিরকাল বনে বনে শিকার করিয়া বেডাইল ? ভোমাদের পূর্বপুরুষপণের আগমনের দকে নকে ভিন্ন প্রকার ^{মন্তিদ}শক্তি ও ভিন্ন প্রকার সংস্থারসম**ষ্টি** আসিয়া একযোগে কা**জ** করিয়া নিজেদের উন্নতি করিয়াছে। আত্যস্তিক বৈষম্যশৃত্যতাই মৃত্যু ত্র সভিদন

এই জগৎ থাকিবে, ততদিন বৈষম্য থাকিবে; স্ষ্টিচক্র বখন শেষ হইয়া যাইবে, তখনই পূর্ণ সাম্যভাবের বর্ণযুগ জানিবে। তাহার পূর্বে সাম্যভাব আদিতে পারে না। তথাপি এই ভাব জামাদের এক প্রবল প্রেরণাশক্তি। স্ষ্টির জন্ম বেষম্য প্রয়োজন, তেমনি ঐ বৈষম্য সীমাবদ্ধ করার চেষ্টাও প্রয়োজন। বৈষম্য না থাকিলে স্ষ্টি থাকিত না, আবার সাম্য বা মৃক্তিলাভের ও ঈশরের নিকট ফিরিয়া যাইবার চেষ্টা না থাকিলেও স্ক্টি থাকিত না। এই ছই শক্তির তারতম্যেই মাম্ববের অভিসন্ধিগুলির প্রকৃতি নিরূপিত হয়। কর্মের এই বিভিন্ন প্রেরণা চিরকাল থাকিবে, ইহাদের কতকগুলি মাহ্বকে বন্ধনের দিকে এবং কতকগুলি মৃক্তির দিকে চালিত করে।

এই সংসার 'চক্রের ভিতরে চক্র'—এ বড় ভয়ানক বন্ধ। ইহাতে বদি হাত দিই, তবে আটকা পড়িলেই সর্বনাশ! আমরা সকলেই ভাবি কোন বিশেষ কর্তব্য করা হইয়া গেলেই আমরা বিশ্রাম লাভ করিব; কিছু ঐ কর্ডব্যের কিছুটা করিবার পূর্বেই দেখি আর একটি কর্তব্য অপেক্ষা করিতেছে। এই বিশাল ও জটিল জগং-যন্ধ আমাদের সকলকেই টানিয়া লইয়া ঘাইতেছে। ইহা হইতে বাঁচিবার তুইটিমাত্র উপায় আছে: একটি—এই যন্তের দহিভ সংশ্রব একেবারে ছাড়িয়া দেওয়া, উহাকে চলিতে দেওয়া এবং একধারে সরিয়া দাঁড়ানো—সকল বাসনা ত্যাগ করা। ইহা বলা খ্ব সহজ, কিছু করা একরপ অসম্ভব। তুই কোটি লোকের মধ্যে একজন ইহা করিতে পাবে কি না, জানি না। আর একটি উপায়—এই জগতে বাঁপ দিয়া কর্মের রহস্থ অবগত হওয়া—ইহাকেই 'কর্মবাগ' বলে। জগং-যন্তের চক্র হইতে পলায়ন করিও না; উহার ভিতরে থাকিয়া কর্মের রহস্থ শিক্ষা কর। ভিতরে থাকিয়া বর্ধায়ওভাবে কর্ম করিয়াও এই কর্মচক্রের বাহিরে যাওয়া সম্ভব। এই যন্তের মধ্য দিয়াই ইহার বাহিরে যাইবার পথ।

আমরা এখন দেখিলাম, কর্ম কি। কর্ম প্রকৃতির ভিত্তির অংশবিশেষ—
কর্মপ্রবাহ সর্বদাই বহিয়া চলিয়াছে। যাহারা ঈশরে বিশাসী, তাঁহারা ইহা
আরও ভালরণে বুঝিতে পারেন, কারণ তাঁহারা জানেন—ঈশর এমন
একজন অক্ষম পুরুষ নন যে, তিনি আমাদের সাহায্য চাহিবেন। যদিও এই
৬০ শতিরকাল চলিতে থাকিবে, আমাদের লক্ষ্য মুক্তি, আমাদের লক্ষ্য
শার্থপৃত্ততা। কর্মযোগ অহুসারে কর্মের ঘারাই আমাদিগকে এ লক্ষ্যে



উপনীত হইতে হইবে। এই জন্তই আমাদের কর্মরহত্ত জানা প্রয়োজন। জগৎকে সম্পূৰ্ণৰূপে স্থী করিবার যাবতীয় ধারণা গোঁড়াদিগকে কর্মে প্রবৃত্ত ক্রিবার পক্ষে ভালই হইতে পারে; কিন্তু আমাদের জানা উচিত বে, গোঁড়ামি-দ্বারা ভালও বেমন হয়, মন্দও ভেমনি হয়। কর্মবোগী জিজ্ঞানা করেন, কর্ম করিবার জন্ত মৃক্তির সহজাত অহুরাগ ব্যতীত উদ্দেশ্রমূলক কোন প্রেরণার প্রয়োজন কি ? সাধারণ উদ্দেশ্য বা অভিসন্ধির গণ্ডি অভিক্রম কর। কর্মেই ভোমার অধিকার, ফলে নম-'কর্মণ্যেবাধিকারতে মা ফলেযু কদাচন।'' কর্মযোগী বলেন, মাহুষ এ তত্ত্ব অবগত হইয়া অভ্যাদ করিতে পারে। যখন লোকের উপকার করিবার ইচ্ছা ভাহার মজ্জাগত হইয়া যাইবে, তথন আর তাহার বাহিরের কোন প্রেরণার প্রয়োজন থাকিবে না। লোকের উপকার কেন করিব ?—ভাল লাগে বলিয়া। আর কোন প্রশ্ন করিও না। ভাল কাজ কর, কারণ ভাল কাজ করা ভাল। কর্মযোগী বলেন, স্বর্গে ঘাইবে বলিয়া যে ভাল কাজ করে, সেও নিজেকে বদ্ধ করিয়া ফেলে। এতটুকু দার্থযুক্ত অভিদন্ধি লইয়া যে কর্ম করা যায়, তাহা মুক্তির পরিবর্তে আমাদের পায়ে আর একটি শৃঙাল পরাইয়া দেয়। যদি আমরা মনে করি, এই কর্ম দারা আমরা স্বর্গে যাইব, তাহা হইলৈ আমরা স্বর্গ-নামক একটি স্থানে আসক্ত হইব। আমাদিগকে স্বর্গে গিয়া স্বর্গস্থ ভোগ করিতে হইবে; উহা আমাদের পক্ষে আর একটি বন্ধনস্বরূপ হইবে।

অতএব একমাত্র উপায়—সমৃদ্য কর্মের ফল ত্যাগ করা, অনাসক্ত হওয়া। এইটি জানিয়া রাখো: জগৎ আমরা নয়, আমরাও এই জগৎ নই; বাস্তবিক আমরা শরীরও নই, আমরা প্রকৃতপক্ষে কর্ম করি না। আমরা আজা—চিরস্থির, চিরশাস্ত। আমরা কেন কিছুর হারা বন্ধ হইব? আমাদের রোদনেরও কোন কারণ নাই, আজার পক্ষে কাঁদিবার কিছুই নাই। এমন কি, অপরের তৃ:থে সহায়ভূতিসম্পন্ন হইয়াও আমাদের কাঁদিবার কোন প্রয়োজন নাই। এইরপ কান্নাকাটি ভালবাসি বলিয়াই আমরা কল্পনা করি যে, ঈশর তাঁহার সিংহাসনে বসিয়া এইরূপে কাঁদিভেছেন। ঈশর কাঁদিবেনই বা কেন? ক্রশন তো বন্ধনের চিহ্ন—ছ্র্বলতার চিহ্ন। এক্রিন্মু

⁾ শী**ভা**, ২।৪৭

চোধের জল যেন না পড়ে। এইরূপ হইবার উপায় কি ? 'সল্প জনাসক্ত হও'—বলা খ্ব ভাল বটে, কিন্তু হইবার উপায় কি ? অভিসন্ধি-শৃশু হইবা বে-কোন ভাল কাজ করি, ভাহা জামাদের পায়ে একটি নৃতন শৃন্ধল স্ষ্টি না করিয়া যে শৃন্ধলে জামরা বন্ধ রহিয়াছি, ভাহারই একটি শিকলি ভাঙিয়া দেয়। আমরা প্রতিদানে কিছু পাইবার আশা না করিয়া বে-কোন সংচিন্তা চারিদিকে প্রেরণ করি, ভাহা দক্ষিত হইয়া থাকিবে—আমাদের বন্ধন-শৃন্ধলের একটি শিকলি চূর্ণ করিবে, এবং আমরা ক্রমণই পবিত্রতর হইতে থাকিব—যভদিন না পবিত্রতম মানবে পরিণত হই। কিন্তু লোকের নিকট ইহা বেন কেমন অস্বাভাবিক ও অভাধিক দার্শনিক এবং কার্যকর অপেকা বেশী তাত্বিক বলিয়া বোধ হয়। আমি ভগবদ্গীতার বিরুদ্ধে অনেক যুক্তিতর্ক পড়িয়াছি, অনেকেই বলিয়াছেন—অভিসন্ধি বা উদ্দেশ্য বাতীত মাহ্ব কাল করিতে পারে না। ইহারা গোড়ামির প্রভাবে কৃত কর্ম ব্যতীত কোন 'নিংস্বার্থ' কার্য কথন দেখে নাই, সেইজন্তই এইরূপ বলিয়া থাকে।

উপসংহারে অন্ন কথায় তোমাদের নিকট এমন এক ব্যক্তির বিষয়ে বলিব, থিনি কর্মযোগের এই শিক্ষা কার্যে পরিণত করিয়াছেন। সেই ব্যক্তি বৃদ্ধদেব; একমাত্র তিনি ইহা সম্পূর্ণব্ধপে কার্যে পরিণত করিয়াছিলেন। বৃদ্ধ ব্যতীত জগতের অক্যান্ত মহাপুক্ষগণের সকলেই বাহ্য প্রেরণার বশে নিঃমার্থ করে। প্রার্ত্ত হইয়াছেন। কারণ একমাত্র তাহাকে ব্যতীত জগতের সকল মহাপুক্ষকে ছই শ্রেণিতে বিভক্ত করা যাইতে পারে: এক শ্রেণী বলেন—তাঁহারা ঈশবের অবতার, পৃথিবীতে অবতীর্ণ হইয়াছেন, অপর শ্রেণী বলেন—তাঁহারা ঈশবের প্রেরিত বার্তাবহ; উভয়েরই কার্যের প্রেরণা-শক্তি বাহির হইতে আদে, আব যত উচ্চ আধ্যাত্মিক ভাষা ব্যবহার কলন না কেন, তাঁহারা বহিত্যু হইতেই প্রস্কার আশা করিয়া থাকেন। কিন্তু মহাপুক্ষগণের মধ্যে একমাত্র বৃদ্ধই বলিয়াছিলেন, 'আমি ঈশব সম্বন্ধ তোমাদের ভিন্ন ভিন্ন মত শুনিতে চাই না। আত্মা সম্বন্ধে স্ক্ষ স্ক্ষ মতবাদ বিচার করিয়াই বা কি হইবেণ ভাল হও এবং ভাল কাল্ক কর। ইহাই তোমাদের মৃক্তি দিবে, এবং সভা মাহাই হউক না, সেই সভ্যে লইয়া যাইবে।'

তিনি আচরণে সম্পূর্ণরূপে ব্যক্তিগত অভিসন্ধিবর্জিত ছিলেন; আর কোন্ মাম্ব জাঁহা অপেকা বেশী কাজ করিয়াছেন? ইতিহাদে এখন এক চরিত্র দেখাও, বিনি সকলের উপরে এত উর্ধে উঠিয়াছেন! সমৃদ্র মহন্তক্লাতির মধ্যে এইরপ একটিমাত্র চরিত্রই উত্ত হইয়াছে, এতদ্র উরত দর্শন,
এমন উদার সহাহত্তি! এই মহান্ দার্শনিক শ্রেষ্ঠ দর্শন প্রচার করিয়াছেন,
আবার অতি নিয়তম প্রাণীর জন্তুও গভীরতম সহাহত্তি প্রকাশ করিয়াছেন,
নিজের জন্তু কিছুই দাবি করেন নাই। বাত্তবিক তিনিই আদর্শ কর্মবাগী—
সম্পূর্ণ অভিসন্ধিশৃত্ত হইয়া তিনি কাজ করিয়াছেন; মহন্ত্রজাতির ইতিহাসে
দেখা যাইতেছে—যত মাহ্র পৃথিবীতে জন্মগ্রহণ করিয়াছে, তিনিই তাহাদের
মধ্যে শ্রেষ্ঠ। হদর ও মন্তিজের অপূর্ব সমাবেশ—অতুলনীর বিকশিত আত্মান্তির
শ্রেষ্ঠ দৃষ্টাস্ত! অগতে তিনিই প্রথম একজন মহান্ সংস্কারক। তিনিই প্রথম
সাহসপূর্বক বলিয়াছিলেন, 'কোন প্রাচীন পুঁথিতে কোন বিষয় লেখা আছে
বলিয়া বা তোমার জাতীয় বিশাস বলিয়া অথবা বাল্যকাল হইতে তোমাকে
বিশাস করিতে শেখানো হইয়াছে বলিয়াই কোন কিছু বিশাস করিও না;
বিচার করিয়া, তারপর বিশেষ বিশ্লেষণ করিয়া বদি দেখ—উহা সকলের পক্ষে
উপকারী, তবেই উহা বিশাস কর, ঐ উপদেশমত জীবনযাপন কর এবং
অপরকে ঐ উপদেশ অত্সারে জীবন্যাপন করিতে সাহায্য কর।

যিনি অর্থ, যশ বা অন্ত কোন অভিসন্ধি ব্যতীতই কম করেন, তিনিই।
গ্রাপেকা ভাল কর্ম করেন; এবং মাত্র্য যথন এরপ কর্ম করিতে সমর্থ হইবে,
তথন সেও একজন বৃদ্ধ হইয়া ষাইবে এবং তাহার ভিতর হইতে এরপ
কংশক্তি উৎসারিত হইবে, যাহা জগতের রূপ পরিবর্তিত করিয়া ফেলিবে।
এরপ ব্যক্তিই কর্মযোগের চরম আদর্শের দৃষ্টাস্ত।

কর্মযোগ-প্রসঙ্গ

কর্ম ও তাহার রহস্থ

[১৯০০ খঃ ৪ঠা জামুআরি ক্যালিকোর্নিয়া, লস এপ্লেলেসে প্রদত্ত বক্তৃতা]

আমার জীবনে বে-সব শ্রেষ্ঠ শিক্ষা লাভ করিয়াছি, সেপ্তলির অক্ততম এই বে, কর্মের উদ্দেশ্যের প্রতি বডটা মনোবোগ দেওয়া আবশ্যক, উপায়প্তলির প্রতিও তডটা দেওয়া উচিত। এই শিক্ষা আমি বাঁহার নিকট লাভ করিয়াছি, তিনি একজন মহাপুরুষ, এবং তাঁহার জীবন ছিল এই মহতী নীতির বাস্তব রূপায়ণ। এই একটি নীতি হইতেই আমি সর্বদা মহৎ শিক্ষা লাভ করিয়া আসিতেছি; এবং আমার মনে হয়, জীবনের সকল সাফল্যের রহস্ত সেধানেই—অর্থাৎ উদ্দেশ্যের প্রতি বডটা, উপায়প্তলির প্রতিও তডটা মনোবোগ দেওয়া।

আমাদের জীবনের বড় ক্রটি এই বে, আমরা আদর্শের প্রতি এত বেশী আকৃষ্ট হইয়া পডি—লক্ষ্য আমাদের নিক্ট এত বেশী মনোমুগ্ধকর, এত বেশী লোভনীয় হয় এবং আমাদের মানসপটে এত বড় হইয়া যায় যে, আমরা উপায়গুলি খুঁটিনাটিভাবে দেখিজে পাই না; কিন্তু যথনই বিফলতা আদে, · তখন যদি আমরা পুন্ধাহপুন্ধরূপে বিশ্লেষণ করিয়া দেখি, তবে শতকরা নিরানক্ষটি ক্ষেত্রে দেখিব যে, উপায়গুলির প্রতি মনোযোগ দিই নাই বলিয়াই আমরা বিফল হইয়াছি। উপায়গুলিকে নিথুঁত ও দৃঢ় করার দিকে মনোঘোগ দেওয়াই আমাদের বিশেষ প্রয়োজন। উপায়গুলি যথাযথ হটলে উদ্দেশ্য সিদ্ধি হইবেই। স্থামরা ভূলিয়া যাই ষে, কারণই কার্য উৎপাদন করে; কার্য কথনই নিজে নিজে উৎপন্ন হইতে পারে না; কারণগুলি ঠিক, উপযুক্ত ও শক্তিশালী না হইলে কার্য কথনও উৎপন্ন হইবে না।। একবার যথন আদর্শ নির্বাচিত ও উহার উপায়গুলি নির্ধারিত হয়, তথন আর আদর্শের কথা না ভাবিলেও পারি; কারণ উপায়গুলি নিখুত করিতে পারিলে আদর্শের বিষয়ে আমরা নিশ্চিত হইতে পারি; বেখানে কারণ আছে, গেখানে কাৰ্য সম্বন্ধে আর কোন ৰাধা নাই, কাৰ্য অবশ্রই হইবে; আমরা ষদি क्षित्र-विवरम यञ्जवान् इहे, खादा इहेल कार्यक इहेरव । आमर्त्यव उपनृद्धिहे कार्य, উপায়গুলিই कार्य ; कुछदाः উপায়ের প্রতি মনোধোগ-দানই

জীবন-সমস্তা-সমাধানের বহস্ত। এই বিষয়টি আমরা গীতাতেও পাঠ করিয়া থাকি; সেথানে আমরা এই শিক্ষা পাই বে, আমাদের কাজ করিতে হইবে, সমগ্র শক্তি দিয়া নিয়ত কাজ করিয়া যাইতে হইবে; এবং বে-কোন কাজেই আমরা নিযুক্ত হই না কেন, তাহার উপর আমাদের সমগ্র মন সমাহিত করিতে হইবে; অওচ দেখিতে হইবে, আমরা বেন কর্মে আসক্ত হইয়া না পডি, অর্থাৎ অন্ত কোন কিছুর প্রভাবে বেন কর্ম হইতে সরিয়া না যাই, কিছ ত্র সর্বাবস্থাতেই বেন ইচ্ছামাত্র আমরা কর্মত্যাগ করিতে সমর্থ হই)

আমরা যদি নিজ নিজ জীবন বিশ্লেষণ করি, তাহা হইলে দেখিতে পাই বে, আমাদের তৃ:ধের সবচেয়ে বড় কারণ এই: আমরা কোন কার্য গ্রহণ করিয়া তাহাতে আমাদের সমস্ত শক্তি নিয়োজিত করি; হয়তো ভাহা নিফল হুইল, তথাপি আমরা তাহা পরিত্যাগ করিতে পারি না। আমরা জানি, কর্ম আমাদিগকে আঘাত দিতেছে, কর্মের প্রতি আরও বেশী আদক্তি আমাদের কেবল তু:ধই দিতেছে—ভথাপি আমরা ঐ কর্ম হইতে নিজেদের বিচ্ছিল করিতে পারি না। মক্ষিকা মধুপান করিতে আসিয়াছিল, কিন্তু ভাহার পাশুলি মধুভাণ্ডে আটকাইয়া গেল! সে আর বাহির হইতে পারিল না। বার-বারই আমাদের এইরূপ ত্রবন্ধা হইতেছে। আমাদের সমগ্র জীবনই এইরূপ একটা রহস্তে আবৃত। কেন আমরা এ-জগতে আসিয়াছি ? আমরা এখানে মধুপান করিতে আসিয়াছিলাম, কিন্তু দেখিতে পাইতেছি—আমাদের হাত-পা উহাতে আবদ্ধ হইয়া পড়িয়াছে! আমরা জগৎকে ধরিতে আসিয়া-ছিলাম, কিন্তু নিজেরাই ধৃত হইয়া পড়িলাম; ভোগ করিতে আসিয়াছিলাম, কিন্তু আমরাই ভুক্ত হইতেছি; শাসন করিতে আদিয়াছিলাম, কিন্তু নিজেরাই শাসিত হইডেছি , কাজ করিতে আসিয়াছিলাম, কিন্তু অপরের হত্তে ক্রীড়নক হইয়া পড়িতেছি! এইরূপ ব্যাপার আমরা সর্বদাই দেখিতে পাই। আমাদের জীবনের প্রত্যেক ছোটখাট ব্যাপারে এইরূপই ঘটিয়া থাকে। অপরের মন-বৃদ্ধি দারা আমরা চালিত হইডেছি; আবার আমরা সর্বদাই অপবের মনবৃদ্ধির উপর প্রভাব বিস্তার করিতে চেষ্টা করিতেছি। আমরা জীবনের স্থপাচ্ন্য উপভোগ করিতে চাই, কিন্তু দেগুলিই আমাদের প্রাণশক্তি ক্ষ ক্রিয়া ফ্রেলে। আমরা চাই প্রকৃতি হইতে কিছু **আহরণ করিতে**; কিঙ পরিণামে দেখিতে পাই, প্রকৃতিই আমাদের সর্বন্ধ কাড়িয়া লয়—আমাদিগকে

একেবারে বিক্ত করিয়া কেলিয়া দেয়। বদি এইরপ না হইত, তবে জীবন আননোক্ষল হইয়া উঠিত! এগুলি কখনও গ্রাহ্থ করিও না! আমরা বদি বিক্রব্রে অভিত হইয়া না পড়ি, তাহা হইলে স্ববিধ সফলতা ও বিফলতা,।
পুরু ও ত্রুথ সংস্কৃত আমাদের জীবন অবিরাম আননোক্ষল হইতে পারে।

তুঃধের ইহাই একটি কারণ যে, আমরা আসক্ত হই ; আমরা নিভ্য আবদ্ধ হইতেছি। এইবায় গীতা বলিতেছেন ২ নিয়ত কর্ম কর; কর্ম কর, কিছু আসক্ত হইও না; কর্মে বন্ধ হইও না। প্রত্যেক বিষয় হইতে নিজেকে প্রত্যাহত করিবার শক্তি সঞ্চিত রাথো—কোন বন্ধ যত প্রিরই হউক না কেন. তাহা পাইবার জন্ত মন যত বেশীই ব্যাকুল হউক না কেন, তাহা ত্যাগ করিভে গেলে যত তীত্র বিয়োগ অহভব কর না কেন, প্রয়োজনকালে ভাছা পরিভ্যাগের শক্তি নিজের মধ্যে দক্ষিত রাখো) এই জীবনেই হউক বা অত্য কোন জীবনেই হউক তুর্বলের স্থান নাই, তুর্বলভা দাসত্ত আনে। তুর্বলভা সর্বপ্রকার শারীরিক ও মানসিক ছঃথের কারণ। ছুর্বলভাই মৃত্যু। শতসহত্র জীবাণ্ আমাদের চারিদিকে বিচরণ করিতেছে; কিন্তু যে পর্যন্ত না আমরা তুর্বল হইয়া পড়ি, যে পর্যন্ত না আমাদের দেহ ঐগুলি গ্রহণ করিবার অস্ত পূর্বেই প্রস্তুত ও উনুধ হয়, দে পর্যন্ত ঐ জীবাণ্গুলি আমাদের অনিষ্ট করিতে পারে না। লক লক হু:ধের জীবাণু আমাদের চারিদিকে ভাসমান থাকিতে পারে; ঐগুলিকে গ্রাহ্ম করিলে চলিবে না। যে পর্যন্ত আমাদের মন চুর্বল ना रुग्न, रमञ्जल आभारतत्र निकृष्टे आमित्य मार्म कतित्व ना ; आभारिगत्क খাযত্ত করিবার কোন শক্তি ভাহাদের নাই। ভীবনের পরম সভ্য এই: শকিই জীবন, দুৰ্বলতাই মৃত্য। শক্তিই হথও আনন্দ, শক্তিই অনস্ভ ও অবিনশ্বর জীবন ; তুর্বলভাই অবিরাম তুঃধ ও উদ্বেগের কারণ ; তুর্বলভাই युष्टा।

এই জীবনে যাবতীয় ইক্সিয়-স্থের উৎস আস্ক্রি। আমরা আমাদের বন্ধ্নাদ্ধবদের প্রতি আসক্ত হই; নিজেদেব মানদিক ও আধ্যাত্মিক ব্যাপারে আসক্ত হই; যাবতীয় বাহ্বস্বতে আসক্ত হই, যাহাতে ঐগুলির সাহায্যে ইন্দিয়স্থ লাভ করিতে পারি। আবার এই আসক্তি ভিন্ন আর কী আছে, যাহা আমাদের ভূংথ দিতে পারে? আনন্দ অর্জন করিতে হইলে আংকিগকে আসক্তিহীন হইতে হইবে। ইচ্ছামাত্র অনাসক্ত হইবার শক্তি

यमि আমাদের থাকিত, তবে কোন তৃ:খই থাকিত না। (কেবল সেই ব্যক্তিই প্রকৃতির শ্রেষ্ঠ বস্তুলাভে সমর্থ হুইবেন, যিনি সমগ্র শক্তি দিয়া কোন বস্তুতে আগক্ত হইবার সামর্থ্য লাভ করিয়াও প্রয়োজনকালে নিজেকে জনাস্কু করিবারও শক্তিধারণ করেন। কিন্তু মুশকিল এই--- ষভটুকু আসক্ত হইবার ক্ষমতা থাকা দরকার, ভড়টুকু অনাসক্ত হইবার ক্ষমতা**ও থাকা** উচিত। আবার এমন সব ব্যক্তি আছে, যাহারা কোন-কিছু দারা আরুষ্ট হয় না! ভাহারা ভালবাসিতে পারে না; ভাহারা কঠিনহদম ও উদাসীন; ব্যব্দ জীবনের অধিকাংশ ত্রংধ তাহারা এড়াইয়া যায়। কিন্তু দেওয়াল কথনও তৃ:থবোধ করে না, কথনও ভালবাদে না, কথনও আঘাতও পায় না; ভাগ হইলেও উহা দেওয়ালই থাকে। নিতান্ত অহভূতিহীন দেওয়াল ছওয়া অপেকা কোন-কিছুর প্রতি আসজি বা আকর্ষণ অহুভব করা বরং ভাল। যে কথন কাহাকেও ভালবাদে না, যে কঠিনহাদয় ও পাষাপতুল্য, সে জীবনেব অধিকাংশ তু:ধ এড়াইবার সঙ্গে সঙ্গে আনন্দ হইতেও ৰঞ্চিত হয়। এইরূপ অবস্থা আমরা কামনা করি না। ইহা ছ্র্বলভা, ইহা মৃত্যুতুল্য। যে-হাদ্য ক্থনও তুর্বলতা অহভব করে না, তু:ধ অহভব করে না, সে-হালয় ক্থনই জাগ্রত হয় নাই। তাহা স্পন্দনহীন জড়াবস্থা; এ-রূপ অবস্থা আমবং চাই না 🌡

এইদক্ষে কেবল প্রেমের এই মহাশক্তি, আসক্তির এই প্রবল আকর্ষণ, একটিমাত্র বস্তুর উপর সমগ্র মনপ্রাণ ঢালিয়া দিয়া নিজ সন্তাকে যেন অপরের জন্ম নিংশেষ করিয়া দেওয়ার শক্তি—ষাহা দেবতাদেরই শক্তি—আমাদের কাম্য নয়; পরস্তু আমরা দেবগণ অপেকাও উচ্চতর, মহত্তর হইতে চাই। পূর্ণজ্ঞানী প্রেমের দেই একটি বিন্তুতে নিজের সমগ্র চিত্ত সমাহিত করিতে পারিলেও অনাসক্তই থাকেন। এই অবস্থা কিরপে আসে? আর এই একটি রহস্থই আমাদের শিকা করিতে হইবে।

ভিক্ক কখনও স্থী হয় না। সে যৎকিঞ্চিৎ ভিক্ষা পায়, কিন্তু ইহার পশ্চাতে থাকে করুণা ও ঘুণা; ভিক্ক যে নীচ ব্যক্তি, অস্ততঃ এইরূপ মনোভাব দানের পশ্চাতে থাকিয়া যায়। যাহা সে পায়, তাহা কথনও মুথার্থরূপে উপভোগ করিতে পারে না।

আমরা দকলেই ভিক্ক। আমরা ষাহাই করি, ভাহারই একটা প্রতি^{চনি}

চাই ৷ আমরা সকলেই জীবন ও ধর্ম লইয়া ব্যবদা করি ৷ হায়, আমরা প্রেম_{িক} লইয়াও ব্যবদা করি !

তোমরা বদি ব্যবদা করিতে আদিয়া থাকো, আদান-প্রদান—ক্রয়বিক্রেরে প্রশ্নই বদি তোমাদের প্রধান হইয়া থাকে, তাহা হইলে ক্রয়-বিক্রয়ের
নীতি অহসরণ কর। ব্যবদা-ক্রে ভাল সময় আছে, মন্দ সময়ও আছে,
য়্ল্যের উথান-পতনও আছে; সব সময়ে আঘাতের আশহাও আছে।
ব্যাপারটি দর্পণে মুখ দেখার মতো; তোমার মুখ প্রতিবিশ্বিত হইল: মুখডিদ
কর, দর্পণেও মুখভিনি দেখা বাইবে; তুমি বদি হাসো, দর্পণও হাসিবে—
তাহাতে হাসি প্রতিবিশ্বিত হইবে। ইহাই ক্রয়-বিক্রয়, ইহাই আদান-প্রদান।

আমরা আবন্ধ হইয়া পড়ি। কি প্রকারে আবন্ধ হইয়া পড়ি? বাহা
দিই তাহার জন্ত নয়, পরস্ক বাহা আশা করি তাহার জন্তই। প্রেমের
প্রতিদানে পাই আমরা তৃঃথ—ভালবাসি বলিয়া নয়, পরস্ক প্রতিদানে
ভালবাসা চাই বলিয়া। আকাজ্জা যেথানে নাই, তৃঃখ সেখানে থাকে না।
বাসনা—অভাববোধই সকল তৃঃথের মূল। সফলতা ও বিফলতার নিয়মে
বাসনাসমূহ আবন্ধ। বাসনা অবশ্রই তৃঃখ আনিবে।

হতরাং প্রকৃত সফলতা, প্রকৃত হথের শ্রেষ্ঠ রহস্ত এই: বিনি প্রতিদান চান না—বিনি সম্পূর্ণভাবে নিংমার্থ, তিনিই স্বাধিক কৃতকার্ধ। কথাটি ফ্যোলি বলিয়া মনে হয়। আমরা কি জানি না—প্রত্যেক নিংমার্থ ব্যক্তি জীবনে প্রতারিত হন, আঘাতপ্রাপ্ত হন ? আপাততঃ তাহাই বটে। 'বীভগ্রীট নিংমার্থ ছিলেন, তথাপি কুশবিদ্ধ হইয়াছিলেন।' সভ্য বটে, কিন্তু আমরা জানি ধে, এক মহান্ বিজয়ের—কোটী কোটী মাছবের জীবনকে প্রকৃত সাফল্যের কল্যাণে মণ্ডিত করিবার জন্মই তাঁহার এই নিংমার্থপরতা।

কিছুই আকাজ্ঞা কবিও না; প্রতিদানে কিছুই চাহিও না। যাহা তোমার
দিবার আছে দাও; ইহা তোমার নিকট ফিরিয়া আসিবে, কিন্তু সে
বিষয়ে এখন চিন্তা করিও না। সহস্রগুণ বর্ধিত হইয়া ইহা ফিরিয়া আসিবে,
কিন্তু ইহার উপর মনোনিবেশ মোটেই করিবে না। দানের শক্তি লাভ
কর, দাও—ব্যস্, সেধানেই শেষ। শিক্ষা কর—দান করিবার জন্মই এ-জীবন,
গুক্তি তোমাকে দান করিতে বাধ্য করিবে; স্কুতরাং স্বেছার দান কর।

 শীঘ্রই হউক আর বিলম্বেই হউক, তোমাকে ত্যাগ করিভেই হইবে—বাহা দেয় তাহা দিতেই হইবে। তুমি এই সংসারে আসো সঞ্চয় করিবার জন্ত । মৃষ্টি বন্ধ করিয়া তুমি গ্রহণ করিতে চাও; কিছ প্রকৃতি ভোমার গলা টিপিয়া তোমাকে দান করিতে বাধ্য করে। তোমার ইচ্ছা থাকুক বা না থাকুক, তোমাকে দিডেই হইবে। যে মুহুর্তে তুমি বলিবে, 'আমি দিব না', সেই মুহুর্তেই আঘাত আসিয়া তোমাকে ছ: থ দিবে। এমন কেহই নাই যে পরিণামে সর্বস্ব ত্যাগ করিতে বাধ্য না হইবে। এই নিয়মের বিরুদ্ধে যে যত বেশী সংগ্রাম করিবে, সে ভত বেশী হুঃধ অহুভব করিবে। আমরা ত্যাগ করিতে সাহুস করি না বলিয়াই, প্রকৃতির এই বিরাট দাবি বিনীতভাবে মানিয়া লইতে স্বীকার করি না বলিয়াই তৃঃখ পাই। ধর, অরণ্য লোপ পাইল, কিছ ইহার ফলস্বরূপ আমরা স্থরের উত্তাপ পাই। সুৰ্য দাগর হইতে জল আহরণ করিয়া বৃষ্টিধারারূপে উহা প্রত্যর্পণ করে। তুমি আদান-প্রদানের যন্ত্রশ্বরূপ; তুমিও দান করিবার জন্মই গ্রহণ কর। স্বতরাং প্রতিদানে কিছুই চাহিও না; ষতই দান করিবে, / ততই সব-কিছু তোমার নিকট ফিরিয়া আসিবে। যত শীল্ল এই কক্ষটি বায়ুশূন্ত করিবে, তত শীঘ্র ইহা হিবের বায়ুবারা পূর্ণ হইবে; কিন্তু সমস্ত দরজা, শমল্ড ছিদ্র বন্ধ করিয়া দিলে ভিতরের বায়ু ভিতরেই থাকিবে, বাহিরের বায়ু কখনও ভিতরে আসিবে না; ফলে ভিতরের বায়ু গতিহীন হইয়া দৃষিত ও বিষাক্ত হইবে। নদী অবিরত সাগরের মধ্যে নিজেকে নিংশেষিত করিতেছে এবং পূর্ণ হইতেছে। সাগরের মধ্যে নদীর নির্গমন রুদ্ধ করিও না; যে মৃহুর্তে ইহা কবিবে, দেই মৃহুর্তে তুমি মৃত্যুর কবলে পড়িবে।

হতবাং ভিক্ক হইও না; অনাসক্ত হও। ইহাই জীবনের সর্বাধিক ছকর কার্য। এই পথের যে কি বিপদ তাহা নির্ণয় করিতে পারিবে না। এমনাক, বৃদ্ধির্ভির সাহায্যে এই পথের বাধাবিস্থুলি অবগত হইয়াও ষতক্ষণ না মনেপ্রাণে অহুভব করি, ততক্ষণ ঐগুলিকে ঠিক ঠিক আমরা জানিতে পারি না। দ্র হইতে একটি প্রমোদ-উভানের সাধারণ দৃশু আমাদের নায়নগোচর হইতে পারে; কিন্তু তাহাতে কি আদে বায় ? যথন আমরা উভানের মধ্যে থাকি, তথনই উহা কিন্তুপ অহুভব করি, এবং যথার্থরূপে অধনিতে পারি। যদিও আমাদের প্রত্যেকটি প্রয়াস ব্যর্থতায় পর্ববিত ইয

হান্যবৃত্তিকে গভেম্ব বাধিতে হইবে—এই সমন্ত বিশ্ব-বিপর্বয়ের মধ্যেও আমাদের আভান্তরীণ দেবছকে দৃঢ়চিত্তে প্রকাশ করিতে হইবে। প্রকৃতি চান্য—আমরা প্রতিক্রিয়ালীল হই, আঘাতের বিনিময়ে আঘাত করি, প্রতারণার বিনিময়ে প্রতারণা করি, মিধ্যার বিনিময়ে মিধ্যার আশ্রয় লই, আমাদের পর্বশক্তি দারা আঘাতের সম্চিত উত্তর দিই। তাহা হইলে দেখা ঘাইতেছে, আঘাতের বদলে প্রত্যাঘাত না করিতে হইলে নিজেকে সংযত করিতে—সর্বোপরি অনাসক্ত হইতে এক বিরাট দিব্য শক্তির প্রয়োজন।

প্রতিদিন আমরা নিত্য ন্তনভাবে অনাসক্ত থাকিবার জন্ম দৃত্দয়য়

হই। আমরা আমাদের অতীত ভালবাদা ও আদক্তির বিষয়গুলির দিকে
তাকাই এবং অন্থভব করি, উহাদের প্রভ্যেকটিই আমাদের জীবন কিরূপ
ত্থেময় করিয়া তুলিয়াছে। আমাদের 'ভালবাদা'র জন্মই আমরা নৈরাভ্যের
অতলগর্ভে চলিয়া পিয়াছি! বৃঝিতে পারিলাম, আমরা অপরের হন্তে নিভাস্ত
কীতদাদ; আমাদের টানিয়া নিয় হইতে নিয়তর অবস্থায় নামানো হইয়াছে!
আবার আমরা ন্তনভাবে দৃত্দয়য় হই: এখন হইতে আমি নিজের উপর
দশ্প কর্তৃত্ব করিব, এখন হইতে নিজেকে সংযত করিব। কিন্তু কার্যকালে
একই কাহিনীর পুনরার্ভি হয়! 'আবার জীব বন্ধ হইয়া পড়ে, আর বাহির
হইতে পারে না। জীব-পক্ষী জালে আবন্ধ—পক্ষমঞ্চালন করিয়া মৃক্তিলাভের
চেটা করিতেছে। ইহাই আমাদের জীবন!

আমি জানি নিজেকে সংষত করা কত কটকর! বাধাবিপতিগুলি প্রচণ্ড; এবং আমাদের মধ্যে শতকরা নকাই জন নিরাশ ও নিরুৎসাহ হইয়া পড়ি; কালক্রমে আমরা অধিকাংশ ক্ষেত্রে ছংখবাদী হইয়া সাধুতা, প্রেম এবং জীবনে যাহা কিছু উদার ও মহৎ তাহাতে বিখাস হারাই। সেই জন্ত আমরা দেখিতে পাই, যে-সকল ব্যক্তি জীবনের প্রথম অবস্থায় সরল, দয়ালু, অকপট ও ক্ষমাশীল থাকেন, তাঁহারাই বার্ধক্যে সভ্যের মুখোশ-পরা মিগ্যাচারীতে পরিণত হন। তাঁহাদের মন যেন তৃপীকৃত জটিলতা! ইয়তো বা তাঁহাদের মধ্যে অনেকটা বাহ্য বিচক্ষণতা থাকিতে পারে, তাঁহারা উগ্র-মন্তিষ্ক নন; তাঁহারা বিশেষ কথা বলেন না, কাহাকেও অভিশাপ দেন না, কুছুও হন না; কিছু কুছু হইতে পারাও তাঁহাদের পক্ষে ভাল ছিল, অভিশাপ দিতে পারাও সহস্ত্রও ভাল ছিল। তাঁহারা তাহা পারেন

না; তাঁহাদের হাদয়বৃত্তি ত্বন্ধ, কারণ তাঁহাদের দেহে মৃত্যুর শীন্তল ক্ষাণিয়াছে, তাঁহারা নিজিয়, এমন কি অভিস্পাত করিতেও পারেন না, একটি কর্কশ কথাও বলিতে পারেন না।

এ-সবের হাত হইতে আমাদের নিছুতি পাইতে হইবে। তাই বলি—
আমাদের অসাধারণ এশী শক্তির প্রয়োজন। সাধারণ অলৌকিক ক্ষমতা
যথেষ্ট নয়, অসাধারণ এশী শক্তিই একমাত্র উপায়—মৃক্তির একমাত্র পথ।
একমাত্র ইহারই সাহায্যে আমরা সব জটিলতা অভিক্রম করিতে পারি—
অক্ষতদেহে অজ্ঞ তুঃখরাশি উত্তীর্ণ হইতে পারি। আমরা ধণ্ডবিধণ্ড হইতে
পারি, শতধা বিচ্ছিন্ন হইতে পারি; তথাপি এই শক্তির দহায়তায় আমাদের
হানয়বৃত্তি সর্বদাই মহৎ হইতে মহত্তর হইয়া উঠিবে।

ইহা থুবই কঠিন, কিন্তু নিরস্তর অভ্যাদ দারা আমরা এই কাঠিন্য অভিক্রম করিতে পারি। আমাদের বুঝিতে হইবে—আমাদের কোন বিপদই ঘটিতে পারে না, যে পর্যন্ত না আমরা সেই বিপদ বরণ করিতে সমর্থ হই। আমি বলিয়াছি, ষতক্ষণ দেহ বোগের জন্ম প্রস্তুত না হয়, ততক্ষণ কোন ় রোগ আমার কাছে আসিতে পারে না; রোগ কেবল জীবাণুর উপর নির্ভর করে না, পরস্ত দেহাভ্যস্তবন্থ বোগপ্রবণতার উপরও নির্ভর করে। আমরা যাহা পাইবার যোগ্য, ভাহাই পাইয়া থাকি। অহন্ধার ত্যাগ করিয়া ইহাই যেন আমরা উপলব্ধি করি—ছ:থ কথনও সন্ত কারণ ছাড়া হয় না; ছঃখের অনধিকারী কখনও ছঃখগ্রন্ত হয় না। কখনও কোন আঘাত অকারণে আসে নাই; কখনও এমন কোন অকল্যাণ সংঘটিত হয় নাই, যাহার জন্ম আমি নিজহত্তে পথ প্রস্তুত করি নাই। ইহাই আমাদেব জানিতে হইবে। নিজেদের বিশ্লেষণ করিলে দেখিতে পাইবে, যে-কোন আঘাত পাইয়াছ, তাহার জন্ম নিজেদের প্রস্তুত করিয়াছিলে বলিয়াই তাহা তোমাদের নিকট উপস্থিত হইয়াছিল। তোমরা করিয়াছ অর্ধেক প্রস্তুতি, বাকী অর্ধ করিয়াছে বহির্জগৎ। এইপ্রকারেই আঘাত আসিয়াছিল। এই উপলব্ধিই আমাদিগকে শাস্ত করিবে। একই সঙ্গে এই বিশ্লেষণ হইতেই একটি আশার বাণী আসিবে এবং সেই আশার বাণী এইরূপ: বাছা প্রকৃতির উপর আমার কোন প্রভাব নাই; কিন্তু যাহা আমার ভিতরে, যাহা আমার নিকটভর, অর্থাৎ আমার নিজস্ব জগৎ, তাহ। আমাব

নিরম্বণাধীন। জীবনে ব্যর্থতা ঘটাইতে বদি উভরেরই প্রয়োজন হয়, আমাকে আঘাত দিতে যদি উভরেরই আবেশ্রক হয়, তাহা হইলে এই হুইটির মধ্যে খাহা আমার হাতে, তাহা আমি হাড়িয়া দিব না; এক্ষেত্রে কেমন করিয়া আঘাত আসিতে পারে? আমি বদি নিজের উপর যথার্থ প্রভাব বিভার করিতে পারি, তাহা হইলে আঘাত কথনই আসিবে না।

শৈশব হইতে সর্বদাই আমরা বাহিরের কোন বছর উপর দোষারোপ করিতে চেটা করিতেছি। আমরা সর্বদাই পরকে সংশোধন করিতে প্রস্তুত, কিন্তু নিজেদের সংশোধন করিতে প্রস্তুত নই। হুর্দণার পড়িলে আমরা বলি, 'হার! এ জগৎ দানবের রাজ্য।' আমরা অন্ত লোককে অভিশাপ দিরা বলি, 'কি অক্সানমোহে আছের মূর্থের দল!' কিন্তু আমরা নিজেরা বদি প্রকৃতই এত সং হই, তবে কেন এরপ জগতে আছি? এ জগৎ খদি শয়তানের-রাজ্য হয়, তবে আমরাও দানব , নতুবা কেন আমরা এ জগতে থাকিব ? 'হার! এ জগতের লোকগুলি এত স্বার্থপর!'—এ-কথা সত্য, কিন্তু আমরা যদি তাহাদের চেয়ে ভাল হই, তবে তাহাদের সঙ্গে কেন আমরা বাদ করিব ? এই বিষর চিন্তা করিয়া দেখ।।

যেটুকুর যোগ্যতা আমাদের আছে, দেটুকুই আমরা পাইয়া থাকি।
এ কথা বলা মিথ্যা যে, জুগুৎ অসৎ আর আমরা কেবল সং। ইহা কখনই
হইতে পারে না, এইরূপ আমরা বলিয়া আদিতেছি, কিন্তু ইহা সত্যের প্রচণ্ড
অপলাপ।

সর্বাগ্রে ইহাই শিক্ষণীয়: বাহিরের কোন-কিছুকে অভিসম্পাত না দিতে অথবা কাহারও উপর দোষাবোপ না করিতে বন্ধপরিকর হও। মাহ্র্য হও, উঠিয়া দাঁডাও, নিজের উপর দোষারোপ কর। দেখিবে ইহাই সর্বদা সত্য পথ। নিজেকে বশে আনো।

ইহা কি লজ্জার বিষয় নয় যে, কথন কখন নিজেদের মহয়ত সম্বন্ধে বত বড় বড় কথা বলি, বলিয়া থাকি আমরা দেবস্থরপ, ঘোষণা করি আমরা দব-কিছুই জানি, আমরা সব-কিছুই করিতে পারি, আমরা নির্দোষ, বিদলক, জগতের মধ্যে সর্বাপেকা নিংমার্থ; আবার পরমূহুর্তে একটি কুল পাত্তরথগু আমাদিগকে কষ্ট দেয়; কোন সাধারণ কাজির অল্ল জোধও আমাদিগকে ক্টা দেয়—পথের বে-কোন নির্বোধ ব্যক্তিও এই স্ব

দেবতাদের' জীবন হংখনয় কবিয়া ভোলে! আমরা বদি সভাই দেবসক্ষণ হই, তাহা হইলে কি আমাদের এইরূপ তুরবন্ধা হওয়া উচিত ? বাহা স্পণ্ট আমাদের ত্:ধত্র্ণার জন্ত দায়ী—এইরূপ অভিযোগ করা কি সভ্য হইবে ? त्य-श्रेयत ७६, ज्यागिविद, मह९ हहे एउ महीतान, त्महे श्रेयत्क कि जामात्मत्र কোন ছল-চাতুরী-প্রবঞ্নার ছঃখ-ছবিপাক পযু দন্ত করিতে পারে ? ভোমরা যদি যথার্থ নিঃস্বার্থ হও, ভাহা হইলে বলিতে হইবে—ভোমরা ঈশরভুল্য। কোন্ বহির্জগৎ ভোমাদিগের উপর আঘাত হানিতে পারে ? ভোমার অক্ষতদেহে সপ্তম , সরকও অতিক্রম করিতে পারো, কিছুই তোমাদিগকে বিন্দুমাত্র স্পর্শ করিতে পারিবে না। কিন্তু তোমরা যে অভিযোগ কর, বহি:প্রকৃতির উপর দোষারোপ কর—তাহাই প্রমাণ করে বে, ভোমরা বহি:প্রকৃতি সম্বন্ধে সচেতন এবং তোমাদের এইরূপ অহভূতি দারা প্রমাণিত হয় যে, নিজেদের স্বরূপ ও মহত্ত সহদ্ধে তোমরা যে দাবি কর, বস্তুত: তোমরা তাহা নও। হৃ:ধের উপর হৃ:ধ ভূপীকৃত করিয়া, কেবল বহি:প্রকৃতি তোমাদিগকে আঘাত হানিতেছে এইরূপ কল্পনা করিয়া এবং 'হায়! কি ভীষণ শয়তানের জগং!' 'লোকটি আমাকে আঘাত করিভেছে, ঐ ব্যক্তি আমাকে কট্ট দিভেছে' ইত্যাদি চীৎকার করিয়া ভোমরা নিজেদের অপরাধ, ত্বংখ তুর্দশা বাড়াইয়া তুলিভেছ। একে তো ত্বংখ পাইতেছ, তত্ত্বপরি মিখ্যা আবোপ করিতেছ। কিছুকালের জক্ত অক্তের কথা ছাড়িয়া দিয়া আমাদের নিজেদের বিষয়ে সতর্ক হইতে হইবে; এইটুকু আমরা নিশ্চয়ই করিতে পারি। চল, আমরা কর্মের উপায়গুলি নির্দোষ করিয়া তুলি; তাহা হইলে উদ্দেশ্য ও নিজ সম্বন্ধে নিজেই সজাগ হইবে। আমাদের জীবন যদি মহৎ ও পবিত্র হয়, তবেই এ জগৎ মহৎ ও পবিত্র হইতে পারে। অগৎ কার্য-স্বরূপ, আমরা কারণ-স্বরূপ। স্থতরাং এস, আমরা নিজেদের निक्रमुव ও পূর্ণ করিয়া তুলি।

কর্মযোগ-প্রদক্তে

যাবতীয় খুল ও স্থা বন্ধ হইতে আত্মাকে পৃথক্ করাই আমাদের লক্ষ্য।
এই অবস্থা লাভ হইলে বােধ হইবে, আত্মা সর্বকালে একাই বিভামান
ছিলেন—তাঁহাকে স্থী করিবার জন্ত অন্ত কাহারও প্রয়োজন নাই। স্থী
হইবার জন্ত আমরা বতদিন অন্তের উপর নির্ভরনীল থাকিব, ভতদিন আমরা
কীতদাল। 'পুরুষ' যথন দেখেন তিনি মৃক্ত, তাঁহার পূর্ণতার জন্ত কিছুরই
প্রয়োজন নাই এবং এই প্রকৃতি সম্পূর্ণ অনাবশ্রক, তথন মৃক্তি বা 'কৈবলা'
লাভ হয়।

কয়েকটা ভলারের প্রত্যাশায় মাছ্য ছুটাছুটি করে এবং ইহার জন্ত সেতাহার প্রতিবেশীকে প্রতারণা করিতেও কুন্তিত হয় না। কিন্তু তাহারা যদি নিজেদের সংযত করিতে পারে, তবে কয়েক বৎসরের মধ্যেই তাহাদের চরিত্র এরূপ উন্নত হইবে যে, তথন তাহার। ইচ্ছা করিলেই লক্ষ্ণ জনার উপার্জন করিতে পারিবে। তথন তাহাদের ইচ্ছাশক্তি জগৎকে নিয়ন্ত্রিত করিবে। কিন্তু আমরা সব বড়ই নির্বোধ!

একজনের ভূলক্রটির কথা সর্বর্গকৈ বলিয়া লাভ কি ? এভাবে ক্রটি
সংশোধিত হয় না। কারণ কৃতকর্মের জন্ম মান্ন্যকে তৃঃথ ভোগ করিতে
হইবেই। অবশ্রই চেটা করিয়া উন্নতিলাভ করিতে হইবে। যাহারা দৃঢ়
এবং শক্তিশালী, অগৎ তাহাদেরই প্রতি সহামুভ্তিশীল। বে-কাজ মানবভাতি ও প্রকৃতির উদ্দেশ্যে বেচ্ছাপ্রণোদিতভাবে অশিত, তাহাই আসক্তি
বা বন্ধনের কারণ হয় না।

কোন প্রকার কর্তব্য কর্মই তৃচ্ছ নয়। নিয়তর কার্য করে বলিয়াই একজন
—যে উচ্চতর কার্য করে তাহার তৃলনাম্ব নিয়ত্তরের হয় না। কে কিরপ
কর্তব্য করিতেছে দেখিয়া মাহ্যকে বিচার করা উচিত নয়; সেই কর্তব্য সে
কিভাবে সম্পাদন করিতেছে, তাহা দেখিয়া বিচার করা উচিত। এ কার্য
করিবার ধরন এবং শক্তিই মাহ্বের যথার্থ পরীক্ষা। প্রত্যহ আবোলতাবোল বকিয়া থাকেন, এমন একজন অধ্যাপক অপেকা যে মৃচি নিজ্ঞ
ব্যবদায় ও কর্ম অন্থলারে অতি অল্পময়ের মধ্যে একজোড়া হন্দর মন্তর্ভ প্রতা প্রস্তুত করিতে পারে, সে বড়।

প্রত্যেক কর্মই পবিত্র এবং কর্তব্যনিষ্ঠাই ঈশবের শ্রেষ্ঠ উপাদনা। বদ্ধ ব্যক্তিদের মোহগ্রন্ত ও অজ্ঞানাচ্ছর আত্মাকে মৃক্ত করিতে এবং জ্ঞানালোক দিতে কর্তব্য প্রভূত সহায়তা করে, সন্দেহ নাই।

আমাদের অতি নিকটেই যে কর্তব্য রহিয়াছে—যাহা এখন আমাদের হাতে আছে, তাহা উত্তমরূপে সম্পাদন করিয়াই আমরা ক্রমশঃ শক্তি লাভ করি। এইরূপে ধীরে ধীরে শক্তি বৃদ্ধি করিয়া আমরা এমন এক অবস্থায় উপনীত হইতে পারি যে, জীবনে ও সমাজে সর্বাপেক্ষা লোভনীয় ও সমান-জনক কর্তব্য সম্পাদনের গৌরব ও অধিকার আমরা লাভ করিব।

প্রকৃতির বিচার সর্বত্রই সমানভাবে কঠোর এবং নির্দয় হইয়া থাকে।
সর্বাপেক্ষা অধিক ব্যাবহারিক জ্ঞান-সম্পন্ন ব্যক্তির নিকট জীবন ভাল বা
মন্দ কোনটিই নয়।

প্রত্যেক সফলকাম ব্যক্তিরই ক্বতকার্যতার পশ্চাতে কোথাও অসাধারণ দৃঢ়তা ও একান্তিকতা বর্তমান। ইহাই তাহার জীবনে বিরাট সফলতার হৈত্। সে হয়তো সম্পূর্ণ স্বার্থশৃগ্য হইতে পারে নাই, কিন্তু সে ক্রমশঃ এই আদর্শের দিকেই অগ্রসর হইতেছিল। সে যদি সম্পূর্ণরূপে স্বার্থশৃগ্য হইতে পারিত, তবে তাহার জীবন বৃদ্ধ বা এটির জীবনের মতো মহান্ ও সার্থক হইতে পারিত। স্বার্থশৃগ্যতার তারতম্যের উপরই সর্বক্ষেত্রে সফলতার তারতম্য নির্ভর করে।

মানবজাতির মহান্ নেতৃর্দ নির্দিষ্ট সাধারণ কর্মকেত্র অপেকা উচ্চতর কর্মকেত্রের জন্মই আদেন।

আমরা যতই চেষ্টা করি না কেন, এমন কোন কার্য হইতে পারে না, যাহ।
সম্পূর্ণ পবিত্র বা একেবারে অপবিত্র—এখানে 'পবিত্রতা' অথবা 'অপবিত্রতা'
হিংসা বা অহিংসা অর্থে গ্রহণ করিতে হইবে। আমরা অপরের অনিট না
করিয়া খাসপ্রখাস ত্যাগ বা জীবনধারণ করিতে পারি না। আমাদের
প্রত্যেক অনুষ্টি অপরের মুখ হইতে কাড়িয়া লওয়া। আমাদের বাঁচিয়া
জগৎ জুড়িয়া থাকার দক্ষন অপর কতকগুলি প্রাণীর স্থানাভাব হইতেছে—
হয়তো কোন মান্থ্যের বা অপর প্রাণীর বা কোন হোট উদ্ভিদের—কিছ
যাহারই হউক না কেন, আমরা কোন না কোন প্রাণীর স্থান সংশা
করিবার কারণ হইয়াছি। তাহাই যদি হইল, তবে স্বভাবতই ইহা ব্রা

যাইতেছে বে, কর্মের হারা কথনও পূর্ণতা লাভ হয় না। আমরা অনস্ত-কাল কাজ করিয়া যাইতে পারি, কিছু এই জটিল সংগার-যন্ত্র হইতে বাহির হইবার পথ পাইব না; আমরা ক্রমাগত কাজ করিয়া হাইতে পারি, কিছু কাজ কথনও শেষ হইবে না।

বে ব্যক্তি বেচ্ছায় এবং ভালবাদার সহিত কাল করে, ফলাফলের প্রতি তাহার দৃষ্টি থাকে না। কিন্তু ক্রীতদাসকে চাবুক মারার প্রয়োজন হয়; ভূত্য পারিশ্রমিক চায়। জীবনের সর্বত্র এইক্লপ। জনসভার কোন বস্ভা একটু বাহবা চায়। এইগুলি না দিয়া যদি তাহাকে এক কোণে ফেলিয়া বাধা যায়, তবে তাহার মৃত্যু হইবে, কেননা এইগুলি তাহার প্রয়োজন। ইগাই ক্রীভদাদের ভাবে কাব্দ করা। এরূপ অবস্থায় প্রভিদানে কিছু আশা করা অভ্যাদ হইয়া পড়ে। ইহার পর ভূত্যের মতো কর্ম করা। ভৃত্যের প্রয়োজন পারিশ্রমিকের—'আমি ইহা দিতেছি, তুমি উহা দাও।' 'কর্মের জ্বন্ত কর্ম করি'—এ-কথা বলার মতো সহজ আর কিছুই নাই। কিছ এইভাবে কর্ম করার মতে। কঠিন আর কিছুই নাই। কর্মের জন্ম করে— এইরূপ কোন ব্যক্তিকে দর্শন করিবার জন্ম কটি স্বীকার করিয়াও বছদূর ় যাইতে রাজি আছি। কোথাও হয়তো একটি অভিসন্ধি থাকে। বদি অর্থের অভিসন্ধি না হয়, তবে প্রভূত্বের মতলব। যদি প্রভূত্ব না হয়, তবে লাভের উদেখ। কোনব্ধপে কোথাও একটি প্রেরণা থাকিবেই। তুমি আমার ব্দু, আমি তোমার জন্ম তোমার সহিত কাজ করিতে চাই। এ পর্যস্ত বেশ চ্মংকার এবং প্রতিমুহূর্তে আমি আমার আন্তরিকতা ঘোষণা করিতে পারি। কিন্তু সাবধান, তোমাকে আমার সহিত নিশ্চয়ই একমত হইতে হইবে। স্বিদ ছুমি একমত হুইতে না পারো, তবে আমি আর তোমায় দেখিব না বা তামার **দাহাষ্য করিব না! এরূপ অভিদন্ধিমূলক কর্ম দারা তৃ:ধ হয়।** নিকে বশে রাখিয়া আমরা যে কান্ত কবি, দে কান্তই অনাসক্তি ও শানন্দের কারণ হয়।

একটি মহৎ শিক্ষণীয় বিষয় এই ষে, আমার মাণকাঠিতে সমগ্র জগৎকে বিচান করিলে চলিবে না। প্রভ্যেক লোককে তাহার ভাব অহযায়ী বিচার ইবিতে হইবে, প্রভ্যেক জাতিকে উহার আদর্শ অহযায়ী এবং প্রতিটিং বিদেশের প্রতিটি রীতি-নীতি নিজম যুক্তি ও অবস্থা অহুসারে বিচার করিতে হইবে। আমেরিকানরা যে পারিপার্ষিকের মধ্যে বাস করে, তাহার প্রভাবেই আমেরিকাবাসীদের রীতি-নীতির উদ্ভব হইয়াছে, এবং ভারতবাসীদের পরিবেশের ফলেই ভারতীয় রীতি-নীতির উদ্ভব। এইভাবে চীন জাপান প্রভৃতি দেশের পক্ষেও এ-কথা প্রযোজ্য।

আমাদের ধোগ্যতা অন্থায়ী আমাদের পরিবেশ গড়িয়া ওঠে। খেলার সময় প্রতিটি গোলক উহার ষ্থানির্দিষ্ট গর্ভে গিয়া পতিত হয়। ষদি একজনের কর্মক্মতা অপরের চেয়েবেশী হয়, তবে সাংসারিক বিভাগে তাহা ধরা পড়িবেই। হতরাং অভিযোগ করিয়া কোন লাভ নাই। কোন একজন ধনী হয়তো হয়, কিছু তাহার মধ্যে এমন কতকগুলি গুণের সমাবেশ হয়য়ছে, ষাহার ফলে সে ধনী হয়য়ছে। অভ্য বে-কোন ব্যক্তির মধ্যে এই গুণগুলি থাকিলে সেও ধনশালী হইতে পারিবে। পরস্পর বিবাদ এবং অভিযোগ করিয়া কি ফল প ইয়া ছারা আমাদের অবস্থার কোন উয়তি করিতে পারিব না। কাহাকেও ছোট কিছু করিতে হয়তেছে বলিয়া ষদি সে অভিযোগ করে, তবে জীবনের প্রতিটি ক্লেত্রেই সে অভিযোগ করিবে। সর্বক্ষণ অসম্ভট্ট থাকিয়া
। তাহার জীবন হংখময় হইয়া উঠিবে এবং সমস্ত কিছুই পণ্ড হয়বে। কিছু বে ব্যক্তি তাহার কর্তব্য কর্মে নিয়ত অবিচল থাকিয়া অগ্রসর হয়তে থাকে, সে-ই আলোকের সন্ধান পায় এবং উচ্চ হয়তে উচ্চতর কর্তব্য ভাহার নিকট আিপিয়া উপস্থিত হয়।

কর্মই উপাদনা

শ্রেষ্ঠ মানব কর্ম করিতে পারেন না—কারণ তাঁহার মধ্যে কোন বন্ধনের ভাব, আদক্তি বা অজ্ঞান নাই। একবার নাকি একটি জাহাজ এক চুমকের পাহাড়ের নিকট দিয়া ষাইতেছিল। জাহাজের লোহার ক্রু পেরেক নাট বোল্টগুলি আকৃষ্ট হইয়া বাহিরে আদিল এবং জাহাজটি খণ্ডবিশণ্ড হইয়া গেল। জ্ঞানের জ্বর্যাতেই আমাদের কর্ম-প্রচেষ্টা থাকে, কারণ প্রকৃতপক্ষে আমরা স্কলেই নান্তিক। যথার্থ আন্তিক্য-বৃদ্ধিসপার ব্যক্তিগণ কর্ম করিতে

পারেন না। আমরা অলবিভার নাভিক। আমরা ঈশরকে দেখিতে পাই না, তাঁহার প্রতি আমাদের বিশাসও নাই। তিনি আমাদের নিকট কথার कथा प्रांत, व्यर्वार 'नेयत' এই गयपात, हेरांत दिनी किছू नन । व्यत्नक नगर আমরা মনে করি যে, ডিনি আমাদের অতি নিকট, কিছু তারপর আবার পূর্বাবস্থায় পতিত হই। তাঁহার দাক্ষাৎকার হইলে কে কাহার জন্ম কর্ম করিবে ? ঈশরকে সাহায্য করা ! আমাদের ভাষায় একটি প্রসিদ্ধ উক্তি আছে, যাহার অর্থ: বিশ্বকর্মাকে কি শিখাইতে হইবে, কি করিয়া স্টে করিতে হয় ? স্তরাং মানবন্ধাতির মধ্যে তাঁহারাই শ্রেষ্ঠ, যাঁহারা কোন কর্ম করেন না। অতঃপর যথন তোমরা জগৎ সম্বন্ধে এবং ভগবান্কে আমরা কিরূপে সাহায্য করিতে পারি, তাঁহার জন্ম ইহা করিতে পারি, উহা করিতে পারি ইত্যাদি মূর্থের মতো কথাগুলি শুনিবে, তখন ঐ উক্তি মনে রাখিও। এইরূপ কোন চিম্ভাই ষেন তোমাদের ভিতরে স্থান না পায়। এগুলি ভাতান্ত স্বার্থবৃদ্ধি-প্রণোদিত। তুমি যে-সকল কর্ম কর, সবই ভোমার নিজের জন্ম, এগুলি তোমার নিজের উপকার হইবে বলিয়াই করিয়া থাকো। ঈশ্বর এমন কিছু খানায় পড়িয়া যান নাই যে, তুমি বা আমি একটি হাসপাতাল বা অহুরূপ কিছু নির্মাণ করিয়া তাঁহার দাহায্যের জ্ঞ অগ্রদর হইব। ভিনি ভোমাকে কর্মের স্থােগ দিয়াছেন। তাঁহার এই বিরাট ব্যায়ামশালায় ভােমার পেশীসমূহ চালনা করিবার জন্তই তিনি তোমাকে স্থযোগ দিয়াছেন, তাঁহাকে <u>শাহাষ্য কবিবার জন্ম নয়; তুমি যাহাতে নিজেকে শাহাষ্য কবিতে পারো,</u> এইজ্ঞ। ভূমি কি মনে কর যে, একটি পিপীলিকাও ভোমার সাহায্য ব্যতীত মরিয়া ষাইবে ? ইহা পুরাদম্ভর ঈশ্বনিন্দা! স্থপৎ ভোমার কোন প্রয়োজনই বোধ করে না। জগৎ চলিতে থাকিবে--তুমি এই মহাসমূদ্রে একটি বারিবিন্দু মাত্র। তাঁহার ইচ্ছা ছাড়া গাছের একটি পাভাও নড়ে না—বাডাদ বহিতে পারে না। আমাদের সৌভাগ্য যে, আমরা তাঁহার ঈঙ্গিত কর্ম করিবার অযোগ লাভ করিয়াছি—তাঁহাকে দাহায্য করিবার জন্ম নয়। 'দাহায্য' এই শক্টি ভোমবা মন হইভে মৃছিয়া ফেলো। সাহাষ্য তুমি কবিভে পাব না। এরপ বলা ঈশবের নিন্দা করা। তাঁহার রূপাতেই ভোমার অন্তিত্ব - তুমি কি মনে কর, তুমি তাঁহাকে দাহাষ্য করিতেছ? তুমি তাঁহার উপাদনা করিভেছ। বখন কুকুরকে একটুকরা খাবার দাও, তখন ঐ

কুকুরকে ঈশবরূপেই পূজা করিতেছ। ঐ কুকুরের মধ্যেই ঈশর রহিয়াছেন।
তিনি কুকুররূপে প্রকাশিত। তিনিই সব এবং সকলের মধ্যে তিনি।
আমরা তাঁহাকে পূজা করিবার সোভাগ্য লাভ করিয়াছি মাত্র। সমগ্র
বিশ্বকে এই শ্রদ্ধার চক্ষে দেখ, তবেই পূর্ণ অনাসক্তি আসিবে। ইহাই
তোমার কর্তব্য হউক। ইহাই কর্মের ষ্ণার্থ মনোভাব। কর্ম্যোগ এই
রহস্যই আমাদিগকে শিক্ষা দেয়।

স্বার্থরহিত কর্ম

১৮৯৮ খ্ব: ২০ মার্চ কলিকাতা বাগবাজার ৫৭নং রামকান্ত বহু স্ট্রীটে রামকৃষ্ণ মিশনের ৪২তম অধিবেশনে স্বামী বিবেকানন্দ নিদ্ধাম কর্ম সম্বন্ধে একটি বক্তৃতার এইভাবে বলিয়াছিলেন:

গীতা যখন প্রথম প্রচারিত হয়, তখন ত্ইটি সম্প্রদায়ের মধ্যে প্রবল মতবিরোধ চলিতেছিল। একদল বৈদিক যাগযজ্ঞ, পশুবলি এবং ঐ প্রকার কর্মসম্হকেই ধর্মের সমগ্র রূপ বলিয়া মনে করিত। অপর দল প্রচার করিত ধে,
অসংখ্য অস্ম ও পশু হত্যা করা ধর্ম নামে অভিহিত হইতে পারে না।
শেষাক্ত দলের অধিকাংশই ছিলেন সন্ন্যাসী এবং জ্ঞানমার্গী। তাঁহাদের
বিশ্বাস ছিল বে, সর্বপ্রকার কর্ম ত্যাগ করিয়া আত্মজ্ঞানলাভই মোক্ষের একমাত্র
পথ। গীতাকার তাঁহার নিদ্ধাম কর্মের মহতী বাণী প্রচার করিয়া পরস্পরবিরোধী এই তুই সম্প্রদায়ের বিরোধের অবদান করিলেন। অনেকের
ধারণা বে, গীতা মহাভারতের যুগে লিখিত হয় নাই—পরবর্তীকালে
মহাভারতের সহিত সংযোজিত হইয়াছিল। ইহা ঠিক নয়। মহাভারতের
প্রত্যেক অংশেই গীতার বিশেষ বাণীগুলি পরিলক্ষিত হয় এবং গীতা যদি
মহাভারতের অংশ হিসাবে বিবেচিত না হয় এবং বাদ দেওয়া হয়, তবে
মহাভারতের অ্যান্ত অংশগুলির ষেখানে এই একই বাণী বর্তমান, সেইগুলিও
সমভাবে বিরেচিত হওয়া উচিত।

' এখন নিজাম কর্মের অর্থ কি ? আজকাল অনেকে ইহা এই অর্থে বুরেন ষে, কর্ম এমনভাবে করিছে হইবে যাহাতে ক্থ বা ছু:খ কোনটিই কর্মীর মন স্পর্শ না করে। ইহার প্রকৃত অর্থ যদি ইহাই হয়, তবে ইতর প্রাণীরাও নিকাম হইয়া কর্ম করে, বলিতে হইবে। কোন কোন প্রাণী তাহাদের শাবকগুলি খাইয়া কেলে এবং ইহার জন্ত ভাহাদের কোন ছঃথই হয় না। দস্যুরা অস্তের ধনসম্পত্তি অপহরণ করিয়া ভাহাদিগের সর্বনাশ করে। এই কাজ করিবার সময়ে যদি হুখ বা ছু:খের কোন প্রকার অন্তভৃতি তাহাদের না থাকে, তবে তাহারাও তো নিষ্কাম হইয়া কাজ করে বলিতে হইবে। নিষ্কাম কর্মের অর্থ যদি ইহাই হয়, তবে কঠিনহাদয় ত্বাচারও নিষ্ণাম কর্মী বলিয়া বিবেচিত হইতে পারে। দেওয়ালের স্থগ্যথের কোন অহভৃতি নাই, একটি প্রস্তরখণ্ডেরও ঠিক তাই--এই কারণে এ-কথা বলা যায় না যে, উহারাও নিছাম হইয়া কর্ম করে। ঐভাবে উহার অর্থ করিতে গেলে নিছাম কর্ম ছুষ্ট লোকদের হাতে একটি শক্তিশালী ষম্লে পরিণত হয়, ভাহারা তৃষ্ম করিতে থাকিবে এবং মূপে বলিবে, ভাহারা নিদাম কর্ম করিভেছে। নিষ্কাম কর্মের অর্থ যদি ইহাই হয়, তবে গীতা একটি ভয়াবহ মতবাদই প্রচার করিয়াছেন। ইহার অর্থ নিশ্চয়ই এরূপ নয়। অধিকল্প গীতা-প্রচারের সহিত সংশ্লিষ্ট ব্যক্তিগণের জীবন আলোচনা করিলে আমরা দেখিব ষে, তাঁহাদের জীবন সম্পূর্ণ অন্তর্মণ। অর্জুন যুদ্ধে ভীম্ম এবং স্রোণকে বধ করেন, কিন্তু সেই সঙ্গে তিনি তাঁহার সমন্ত স্বার্থির্ছি, বাসনা এবং কৃত আমিছকে লক্ষবার বিদর্জন দিয়াছিলেন।

গীতা কর্মযোগ শিক্ষা দেন। যোগারত হইয়া আমাদের কর্ম করিতে হইবে। এই যোগযুক্ত অবস্থায় ক্ষুদ্র 'অহং'-বোধ থাকে না। যোগযুক্ত হইয়া কর্ম করিলে 'আমি ইহা করিতেছি—উহা করিতেছি' এই বোধ কথনও থাকে না। পাশ্চাত্যের লোকেরা ইহা হদয়কম করিতে পারে না। তাহারা বলে যে, বদি এই 'অহং'-বোধ না থাকে, যদি ইহা বিল্পু হয়, তবে মাহ্য কিরুপে কর্ম করিতে পারে? কিন্তু আমিত্ব-বোধ ত্যাগ করিয়া যোগযুক্ত চিত্তে কর্ম করিলে উহা অনস্তত্তণ উৎকৃষ্টতর হইবে এবং প্রত্যেকেই নিজ জীবনে ইহা অমুভব করিয়া থাকিবে। আমরা খাত্যের পরিপাক্তিয়া প্রভৃতি বহু কর্ম অবচেতনভাবে করি; অক্সান্ত অনেক কর্ম জ্বতালারে, আবার অনেক কর্ম ক্ষুদ্র আমিত্যের লোপে যেন সমাধিময় হইয়া করি। চিত্তকর যদি অহংবোধ ভূলিয়া চিত্তান্থনে সম্পূর্ণরূপে নিময়

হয়, তবে দে অপূর্ব হুন্দর চিত্রসমূহ আঁকিতে পারিবে। উত্তম পাচক বে-সকল থাতাবস্তু লইয়া কাজ করে, তাহাতেই সে সম্পূর্ণ মন নিবিষ্ট করে। তথন সাময়িকভাবে তাহার অক্যান্ত বোধসকল তিরোহিত হয়। এইরপেই তাহারা তাহাদের অভ্যন্ত কোন কাজ নিখুতভাবে সম্পাদন করিতে সমর্থ হয়। গীতা আমাদের শিক্ষা দেয় যে, সমন্ত কর্মই এইরপে সম্পান্ন হওয়া উচিত। যিনি ঈশবের সঙ্গে একাত্মতা অক্সভব করিয়াছেন, তিনি যোগযুক্ত হইয়া সমন্ত কর্ম করেন এবং ব্যক্তিগত স্থার্থ অবেষণ করেন না; এইরপ কর্মসম্পাদন ঘারাই জগতের মঙ্গল হয়, ইহা হইতে কোন অম্ভল হইতে পারে না। যাহারা এইভাবে কর্ম করেন, তাঁহারা নিজের জন্ম কথনও কিছু করেন না।

প্রত্যেক কর্মের ফলই শুভাশুভ-মিপ্রিত। এমন কোন শুভ কর্ম নাই, যাহাতে অশুভের কোন স্পর্শ নাই। অগ্নির চতুর্দিকে যেমন ধৃম থাকে, তেমনি কর্মের সহিত কিছু অশুভ সর্বদাই থাকে। খোমাদের এমন কাজে নিযুক্ত থাকা উচিত, যাহা দারা অধিক পরিমাণে শুভ এবং অল্প পরিমাণে অশুত হয় । অর্জুন ভীম্ম ও জোণকে বধ করিয়াছিলেন। ইহা না করিলে তুর্যোধনকে পরাভূত করা সম্ভব হইত না, অশুভ শক্তি শুভ শক্তির উপর প্রাধান্ত লাভ করিত এবং দেশে এক মহা বিপর্বয় আসিত। একদল গর্বিত অদৎ নৃপতি বলপূর্বক দেশের শাসনভার অধিকার করিত, এবং প্রজাদের চরম তুর্দশা উপস্থিত হইত। তেমনি শ্রীকৃষ্ণ—কংস, জ্বাসন্ধ প্রভৃতি অত্যাচারী রাজাদের বধ করেন, কিন্তু একটি কাজও তিনি নিজের জন্ত করেন নাই। প্রত্যেকটি কাজই পরের মঙ্গলের জন্ত অহুষ্ঠিত হইয়াছিল। দীপালোকে আমরা গীতা পাঠ করিতেছি, কিন্তু কিছুসংখ্যক পতঙ্গ পুড়িয়া মরিতেছে। এইভাবে বিচার করিলে দেখা যাইবে যে, কর্মের মধ্যে কিছু না किছু দোষ থাকিবেই। यांशांदा कांচा ष्वरः-तांध विमर्कन मित्रा कर्म कर्त्रन. দোষ তাঁহাদের স্পর্শ করিতে পারে না, কারণ জগতের হিতের জন্ম তাঁছারা কর্ম করেন। নিঙ্কাম ও অনাসক্ত হট্য়া কর্ম করিলে সর্বাধিক আনন্দ ও মুক্তিলাভ হয়। গীতায় শ্রীকৃষ্ণ কর্মধোগের এই বহুন্ত শিক্ষা দিয়াছেন।

জ্ঞান ও কর্ম

[১৮৯৫ খঃ ২৩শে নভেম্বর লওনে প্রদত্ত ভারণের সারাংশ]

চিন্তার শক্তি হইতেই সর্বাপেক্ষা বেশী শক্তি পাওয়া যায়। বন্ধ যত হক্ষ, ইহার শক্তিও ততই বেশী। চিন্তার নীরব শক্তি দূরের মাহ্যকেও প্রভাবিত করে, কারণ মন এক, আবার বহু। জগৎ যেন একটি মাকড়দার জাল, মনগুলি যেন মাকড়দা।

এই জগৎ সর্ববাপী এক অথও সন্তারই প্রকাশ। ইক্রিয়গুলির মধ্য দিয়া দৃষ্ট সেই সন্তা এই জগৎ। ইহাই মায়া। অতএব জগৎ একটি ভ্রম, অর্থাৎ সত্য বস্তুর অসম্পূর্ণ দর্শন, অর্থেক প্রকাশ—প্রভাতে বেমন স্থাকে একটা লাল বলের মতো দেখায়। এইভাবে বা কিছু অশুভ ও মন্দ, তা প্রকৃতপক্ষে ত্র্বলতা মাত্র, ভালোরই অসম্পূর্ণ প্রকাশ।

্ সরলরেখাকে অনম্ভ পর্যন্ত বর্ধিত করিলে একটি রুভেই পরিণত হয়। ভালোর সন্ধান আত্মাহসন্ধানেই ফিরিয়া আসে। 'আমি'ই রহস্তের সমগ্র রূপ—সম্বা। কাঁচা আমিই দেহ; আবার আমিই বিশের পরমেশর)

মাহ্য পৰিত্ৰ ও নীতিপরায়ণ হাইবে কেন ?—কারণ ইহাতে তাহার ইচ্ছাশক্তি দৃঢ় হইবে। যাহা কিছু মাহ্যবের যথার্থ স্বরূপ প্রকাশ করিয়া মনন ও
ইচ্ছাশক্তিকে সতেজ করে, তাহাই নৈতিক। যাহা কিছু ইহার বিপরীত,
তাহাই দুর্নীতি। দেশভেদে ব্যক্তিভেদে ইহার মানও পৃথক্। মাহ্যকে
বিধিনিষেধ শাস্ত্রবচন প্রভৃতির দাসত্ব হইতে মুক্তিলাভ করিতে হইবে।
এখন আমাদের ইচ্ছার কোন স্বাধীনতা নাই, কিছু যখন মুক্ত হইব, তখন
ইচ্ছা স্বাধীন। সংসারকে এইভাবে ছাড়িয়া দেওয়ার নামই ত্যাগ।
ইক্সি-ম্বারেই ক্রোধ আদে, ত্থে অফ্তৃত হয়। ত্যাগের ভাবে পূর্ণ হইয়া
যাও।

একদা আমার দেহ ছিল, জন্ম হইয়াছিল, আমি জীবন-সংগ্রামে লিপ্ত ছিলাম এবং মরিয়া গেলাম: কি ভন্নাবহ প্রহেলিকা! দেহের মধ্যে আবদ্ধ পাকিয়া মৃক্তির জন্ত কাতর কলন!

কিছ ত্যাগের অর্থ কি এই বে, আমাদের সকলকেই সন্নাসী হইছে ইইবে ? তাহা হইলে কে অপরকে সাহায্য করিবে ? ত্যাগের অর্থ তপন্থী হওয়া নয়। সকল ভিক্কই কি প্রীষ্ট? দারিদ্রা ও সাধুতা সমার্থক নয়; অনেক সময় ঠিক বিপরীত। প্রকৃত ত্যাগ মনের ব্যাপার। কিভাবে এই ত্যাগ আদে? মক্লভ্নিতে তৃষ্ণার্ত হইয়া আমি একটি হ্রদ দেখিলাম—চারিদিকে মনোরম দৃখ্যাবলীতে রক্ষরাজির বিপরীত প্রতিচ্ছবি জলের মধ্যে দেখা ঘাইতেছিল, কিন্তু শেষ পর্যন্ত সরীচিকা বলিয়া প্রমাণিত হইল। তথন ব্রিলাম, মাসাবিধি প্রতিদিনই আমি এই দৃখ্য দেখিয়াছি; শুধু দেদিন তৃষ্ণার্ত হইয়া আমি ঠেকিয়া শিখিলাম যে, উহা মিধ্যা। পরেও—প্রতিদিনই আমি ইহা আবার দেখিব, কিন্তু সত্য বলিয়া আর কখনও স্বীকার করিব না। স্বতরাং আমরা যখন ঈশ্বরলাভ করি, তখন জগৎ দেহ প্রভৃতির ভাব চলিয়া যাইবে। এগুলি পরে ফিরিয়া আদিবে, কিন্তু তখন আমরা এগুলি মিধ্যা বলিয়াই জানিব।

পৃথিবীর ইতিহাস বুদ্ধ ও এটির মতো মহাপুরুষদের জীবনেতিহাস। নিজাম ও অনাসক্ত ব্যক্তিরাই বিখের সর্বাপেক্ষা কল্যাণ করেন। দীন-দরিদ্রের বন্তিতে যীশুর কথা ভাবো। ছু:খের পারে স্বব্ধপ দর্শন করিয়া তিনি বলিয়াছিলেন, 'ভাই সব, ভোমরা সকলে ঈশরের সন্তান।' তাঁহার কর্ম শাস্ত, ্নীরব। তু:থের কারণগুলিই তিনি দূর করেন। যথন তুমি সভ্যসভ্যই জানিবে যে, এই কৰ্ম নিতান্তই মায়া, তখনই জগতের হিতের জন্ম কিছু করিতে পারিবে। এই কর্ম ষতই অজ্ঞাতদারে ক্বন্ত হয়, ততই ভাল হয়, কারণ তাহা হইলেই কর্ম চেতনভাবের আরও উর্ধের উপনীত হয়, অভিচেতন হয়। ভাল বা মন্দ কোনটাই আমাদের সন্ধানের বিষয় নয়, তবে হুখ ও মঙ্গল তুংখ ও অমঙ্গল অপেকা সভ্যের নিকটতর। একজনের আঙ্লে একটা কাঁটা বিঁধিয়াছিল, আব একটি কাঁটা দিয়া সে ইহা তুলিয়া ফেলিল। এই প্রথম কাঁটাটি মন্দ, আর দিতীয়টি ভাল। আত্মা সেই শান্তি, যাহা ভাল ও মন্দ উভয়কেই অতিক্রম করে। বিশ্বসংসার বিলীন হইয়া যায়, তথনই মাহ্র্য ভগবানের নিকটবর্তী হুইতে থাকে। ক্ষণেকের জন্ত সে স্বরূপ ক্ষিরিয়া পায়, ঈশরই হইয়া যায়। আবার ঈশরপ্রেরিত পুরুষরূপে তিনি আবিভৃতি হন ; তথন জগৎ-সংসার তাঁহার সন্মুখে কাঁপিভে থাকে। মূর্থ নিদ্রিত হয়, মূর্থরূপেই জাগরিত হয়। অজ্ঞান মাহ্য—অতীন্দ্রিয় জ্ঞান লাভ করিয়া, অনস্থ শক্তি পবিত্রতা ও প্রেমের অধিকারী হইয়া দেব-মানবরূপে ফিরিয়া আদে। ষতীন্দ্রিয় অবস্থার ইহাই কার্যকারিতা,।

যুদ্দেরেও জ্ঞানের সাধনা করা চলে। গীতা তো এইভাবেই প্রচারিত হইরাছিল। মনের তিনটি অবহা আছে: সক্রিয়, নিজিয় এবং শাস্ত। নিজ্ঞিয়ভার বৈশিষ্ট্য ধীর স্পান্দন, সক্রিয়ভার বৈশিষ্ট্য জ্রাভ স্পান্দন এবং শাস্তভাবের বৈশিষ্ট্য ভীত্রতম স্পান্দন। আত্মাকে রথী বলিয়া জানিবে। দেহ রথ, ইন্দ্রিয়নিচয় অব, মন লাগাম, এবং বৃদ্ধি সার্থি। এইভাবেই মাহ্ব মারা অভিক্রম করে; সে মায়াভীত হয় এবং ঈশ্বর লাভ করে। মাহ্ব যতক্ষণ ইন্দ্রিয়গুলির অধীন, ততক্ষণ সে এই সংসারের। যখন ইন্দ্রিয়গুলির অধীন, ততক্ষণ সে এই সংসারের। যখন ইন্দ্রিয়গুলির অধীন, ততক্ষণ সে এই সংসারের। যখন ইন্দ্রিয়গুলির করে, তথন সে যথার্থ ত্যাগী।

ত্বল ও নিজিয় ব্যক্তির পক্ষে ক্ষমাও যথার্থ ক্ষমা হয় না; সেক্ষেত্রে সংগ্রামই ভাল। পার্থসারথি কৃষ্ণ অর্জুনকে বলিতে ওনিয়াছিলেন, 'আমাদের শক্রদের ক্ষমা করা উচিত' এবং বলিয়াছিলেন, 'অর্জুন, তুমি মহাজ্ঞানীর মতো কথা বলিতেছ, কিন্তু তুমি নিজে তো জ্ঞানী নও, অত্যন্ত কাপুরুষ।' জলে থাকিয়াও যেমন পদ্মপত্র জলহারা লিক্ত হয় না, জীবাত্মাও তেমনি সংসারে অনাসক্ত হইয়া থাকিবে। সংসার যুদ্ধক্ষেত্র—এখান হইতে মুক্তির পথ খুঁজিতে থাকো। সংসারের এই জীবন ঈশ্বরলাভের একটি প্রয়াস। ত্যাগের বলে বলীয়ান্ ইচ্ছাশক্তির বিকাশক্রপে তোমার জীবন গড়িয়া ভোল। জ্ঞাতসারে আমাদের মন্তিছ-কেন্দ্রগুলিকে নিয়ন্ত্রিত করিতে শিখিতে হইবে।

প্রথম সোপান হইল জীবনষাপনের আনন্দ। ক্লচ্ছ নাধন পৈশাচিক।
প্রার্থনা করা অপেক্ষা প্রাণ খুলিয়া হাসা অনেক ভালো। গান কর। ছঃথের
হাত হইতে নিক্ষতি লাভ কর। দোহাই ঈশরের, অপরের মধ্যে এই ছঃথের
ভাব সংক্রামিত করিও না। কখনও ভাবিও না বে, ঈশর একটু হুধ বা একটু
ছঃধ লইয়া ব্যবসা করেন। পুল্প, চিত্র ও সৌরভে পরিবেটিত হইয়া থাকো।
ম্নিশ্ববিরা প্রকৃতিকে উপভোগ করিবার জন্ম পর্বতশিধরে যাইতেন।

দ্বিতীয় দোপান পবিত্ৰতা।

তৃতীয় দোপান মনের পূর্ণ নিয়ন্ত্রণ। সদসৎ বিচার কর। অহভব কর, দিবই একমাত্র সভা। বদি কণেকের জন্তও মনে কর, তৃমি দিবর নও, তবে 'নহদ্ভরে' আক্রান্ত হইবে। যখনই চিন্তা করিবে 'দোহহং', তখনই অফুরন্ত শান্তি ও আনন্দে ভরিয়া উঠিবে। ইন্দ্রিয়গুলি বশীভূত কর। কেহ আমাকে অভিশাপ দিলেও তাহার মধ্যে আমার দিবরকেই দেখা উচিত। আমার

ত্বিতাবশতই তাহাকে আমি অভিশাপকারী মনে করি। বে দরিজ ব্যক্তির তুমি উপকার কর, দেও তোমাকে উপকার করার স্থোগ দিতেছে। ঈশ্বই কুপাবশতঃ তোমাকে ঐভাবে তাঁহার পূজা করিবার অধিকার দেন।

পৃথিবীর ইতিহাস কয়েকজন আত্মবিশাসী মাহুবেরই ইতিহাস। সেই বিশাসই ভিতরের দেবত জাগ্রত করে। তুমি সবকিছু করিতে পারো। অনস্ত শক্তিকে বিকশিত করিতে যথোচিত যত্মবান্ হও না বলিয়াই বিফল হও। যথনই কোন ব্যক্তি বা জাতি আত্মবিশাস হারায়, তথনই তাহার বিনাশ।

মাহবের অস্কনিহিত দেবছকে কোন সাম্প্রদায়িক ধর্মত বা অভন্ত সালাগালির দারা দাবানো যায় না। যেথানেই সভ্যতা, সেথানেই মৃষ্টিমেয় 'গ্রীক' কথা বলে। ভূল-ক্রটি কিছু না কিছু সর্বদাই থাকিবে। সেজ্ঞ তৃঃধ করিও না। গভীর অন্তর্গৃষ্টিসম্পন্ন হও। মনে করিও না, 'বাহা হইবার তাহা হইয়াছে। আহা! যদি আরও ভাল হইত!' মাহ্যবের মধ্যে যদি দেবছ না থাকিত, তবে সব মাহ্যব এতদিনে প্রার্থনা এবং অন্থ্যাচনা করিতে করিতে উন্নাদ হইয়া যাইত।

কেহই পড়িয়া থাকিবে না, কেহই বিনষ্ট হইবে না। সকলেই পরিণামে পূর্ণতা লাভ করিবে। দিনরাত বলো, 'ভ্রাত্গণ, ওঠ, এস। ভোমরাই পবিত্রতার অনস্ত সাগর। দেবতা হইয়া যাও, ঈশ্বরুপে প্রকাশিত হও।'

সভ্যতা কাহাকে বলে? ভিতরের দেবছকে অহভব করাই সভ্যতা।

যখনই সময় পাইবে, তখনই এই ভাবগুলি মনে মনে আবৃত্তি কর এবং মৃক্তির

আকাজ্ঞা কর। এরপ করিলেই সব হইবে। যাহা কিছু ঈশ্বর নয়, তাহা

অশীকার কর। যাহা কিছু ঈশ্বরভাবান্বিত, তাহা দৃঢ়ভাবে ঘোষণা কর।

দিনরাত মনে মনে এ-কণা বলো। এভাবে ধীরে ধীরে অজ্ঞানের আবরণ
পাতলা হইয়া যাইবে।

আমি মহন্ত নই, দেবতা নই। আমি দ্বী বা পুরুষ নই। আমার কোন দীমা নাই। আমি চিৎ-স্বরূপ—আমি দেই ব্রহ্ম। আমার কোধ বা দ্বুণা নাই। আমার দৃঃধ বা হুধ নাই। জন্ম বা মরণ আমার কথনও হয় নাই। কারণ আমি বে জ্ঞানস্বরূপ—আনন্দস্বরূপ। হে আমার আজ্ঞা, আমি দেই, 'দোহহং'। নিজেকে দেহভাবশূক্ত—অহতের কর। কোন কালে ভোমার দেহ ছিল না। ইহা আগাগোড়া কুসংস্থার। দরিজ, আর্ড, পদদলিত, অত্যাচারিত, বোগণীড়িত—সকলের মধ্যে দিব্য চেতনা জাগাইয়া ভোল)

বাহত: প্রায় প্রতি পাঁচশত বংসর অন্তর পৃথিবীতে এই প্রকার ভাব-তরক্ষ আসিয়া থাকে। ছোট ছোট তরক নানাদিকে উত্থিত হয়; কিন্তু একটি অগুগুলিকে গ্রাস করে এবং সমাজকে প্লাবিত করে। যে ভাব-তরক্ষের পিছনে সর্বাধিক চরিত্রবল আছে, তাহাই এইরূপ করিয়া থাকে।

কনফাসিয়দ, মৃদা, পিথাগোরাদ, বৃদ্ধ, এটি, মহম্মদ, লুথার, ক্যালভিন, ও শিথগুরুগণ এবং থিওসফি, অধ্যাত্মবাদ প্রভৃতি সক্লেরই অস্তনির্হিত ভাব দেবত্ব প্রচার করা।

কথনও বলিও না, মাহ্য ত্র্বল। জ্ঞানধোগ অক্সান্ত যোগের মডোই।
প্রেমই আদর্শ, প্রেম কোন বাহ্যবস্তুর অপেকা করে না। প্রেমই ঈশর।
স্থতরাং এই ভক্তির পথেও আমরা আত্ম-স্বরূপ ভগবান্কে লাভ করি।
'সোহহম্'। নগর, দেশ, জীব, জগৎকে ভাল না বাদিলে কিভাবে কাজ করা
যায় ? বিচারের বারা বৈচিত্রোর মধ্যে একত্ব অহুভব করা যায়। নাত্তিক এবং
অক্সেরবাদীরা সামাজিক কল্যাণের জন্ম কাজ করুক। এইভাবেই ঈশর
অহুভূত হন।

কিন্ত একটি বিষয়ে খুব সতর্ক থাকিবে: কাহারও বিশাস নট করিবে না। জানিও—ধর্ম কোন মতবাদে নাই। আদর্শন্বরূপ হইয়া যাওয়াই ধর্ম, অহুভৃতিই ধর্ম। মাহুধমাত্রেই জয়গতভাবে পৌতুলিক। সর্বনিমন্তরের মাহুব পশু, উচ্চতম মাহুধ সিদ্ধ বা পূর্ব। এই তুই ন্তরের মাঝামাঝি সকলকেই শব্দ, বর্ণ, মতবাদ ও আচার-অহুঠান অবলম্বন করিয়াই চিন্তা করিতে হয়।

পৌত্তলিকতা যে শেষ হইয়াছে, তাহার পরীকা: যখন বলো, 'আমি', তখন তোমার চিন্তায় শরীর আদে কি আদে না ? যদি শরীর-চিন্তা আদে, তবে তুমি তখনও পুতৃলপ্তক। ধর্ম মোটেই বৃদ্ধির কচকচি নয়—ধর্ম অপরোক্ষাহৃত্তি। যদি ঈশর-বিষয়ে 'চিন্তা' কর, তবে তুমি নিতান্তই মুর্থ। অজ্ঞ সাধক প্রার্থনা ও ভক্তির ছারা দার্শনিককেও অতিক্রম করিতে পারে। ঈশরকে জানিবার জন্ম কোন দর্শনশান্তের, প্রয়োজন হয় না। অপরের বিশ্বাস নাই করা আমাদের কর্তব্য নয়। ধর্ম প্রত্যক্ষ অভিক্রতা।

সর্বোপরি সর্বতোভাবে আন্তরিক হও। কোন কিছুর সহিত নিজেকে অভির মনে করিলেই আসজি ও কামনা উদ্ভ হয়, তাহা হইতেই মাহ্য ছঃখ পার। এইরপে দরিত্র ব্যক্তি সোনা দেখিয়া সোনার আকাজ্যার সহিত নিজেকে অভির মনে করে। সাক্ষিম্বরূপ হও। যাহাতে কথনও কোন বিষয়ে প্রতিক্রিয়ানা করিতে হয়, এমন শিক্ষা লাভ কর।

কর্মবিধান ও মুক্তি

মৃক্তপুরুষের পক্ষে জীবন-সংগ্রামের অর্থ কখনও ছিল না; কিছ আমাদের জন্ম ইহার অর্থ আছে, কারণ নাম-রূপই জগৎ সৃষ্টি করে।

বেদান্তে সংগ্রামের স্থান আছে, কিন্তু ভয়ের স্থান নাই। বধনই স্থান সম্বন্ধে দৃঢ়ভাবে সচেতন হইতে শুক্ত করিবে, তথনই সব ভয় চলিয়া যাইবে। নিজেকে বদ্ধ মনে করিলে বদ্ধই থাকিবে; মুক্ত ভাবিলে মুক্তই হইবে।

ইন্দ্রিয়গ্রাহ্ম জগতে থাকিয়া আমরা যে প্রকার মৃক্তি অহভব করি, উহা মৃক্তির আভাস মাত্র, ষথার্থ মৃক্তি নয়।

প্রকৃতির নিয়ম মানিয়া চলাই মৃক্তি—এ ধারণার সহিত আমি একমত নই। ইহার বে কি অর্থ, বুঝি না। মানব-প্রগতির ইতিহাদ অস্থ্যারে জানা যায়, প্রাকৃতিক নিয়ম লক্ষন করিয়াই প্রগতি দস্তব হইয়াছে, উচ্চতর নিয়মের ছারা নিয়তর নিয়ম জয় করা হইয়াছে, বলা ঘাইতে পারে। কিন্তু দেখানেও জয়েছ্রু মন ভর্ মৃক্ত হইবার জয় চেটা করিতেছিল; এবং যথনই দেখে নিয়মের মধ্য দিয়াই সংগ্রাম, মন তথনই নিয়মকেও জয় করিতে চায়। স্বতরাং প্রত্যেক কেতেই আদর্শ ছিল মৃক্তি। বৃক্ষ কথনও নিয়ম লক্ষন করে না। গরুকে কথনও চুরি করিতে দেখি নাই। ঝিয়ক কথনও মিথ্যা বলে না। তা বলিয়া ইহারা মাহ্যের চেয়ে বড় নয়। এ জীবন মৃক্তির এক প্রচও ঘোষণা; এবং এই নিয়মাহ্বর্তিতার বাড়াবাড়ি আমাদিগকে সমাজে, রাজনীতিক্ষেত্রে বা ধর্মে ভর্ম জড়বজ্ব করিয়া তুলিবে। অত্যথিক নিয়ম মৃত্যুর নিশ্চিত চিহু। যথনই কোন সমাজে অতিযাত্রায় বিধি-নিয়ম দেখা

বায়, নিশ্চয় জানিবে সেই সমাজ শীজই বিনাশপ্রাপ্ত হইবে। ভারতের বৈশিষ্ট্য পর্যালোচনা করিলে দেখিবে হিন্দুদের মতো জার কোন জাতির এত অধিক বিধি-নিয়ম নাই, এবং ইহার ফল জাতি-হিসাবে বিনাশ। কিন্তু হিন্দুদের একটি অপূর্ব ভাব—তাঁহারা ধর্ম-ব্যাপারে কখনও কোন মত্বাদ বা গোঁড়ামির স্কৃষ্টি করেন নাই, তাই ধর্মের চরম উন্নতি হইয়াছে। নিয়ম চিরস্তন হইলে মৃক্তি অসন্তব, কারণ 'চিরস্তন বস্তু নিয়মের অন্তর্গত'—এ-কথা বলিলে চিরস্তনকে সীমাবদ্ধ করা হয়।

দিখবের কোন উদ্দেশ নাই, কারণ কোন উদ্দেশ পাকিলে তিনি মাছবের সমান হইয়া ষাইতেন। তাঁহার কোন উদ্দেশ্তের প্রয়োজন কি? কোন উদ্দেশ্ত থাকিলে তিনি তো তাহা দাবা বন্ধ হইতেন। তবে তো ঈশ্বর ছাড়া কোন মহত্তর ভাব আছে বলিতে হয়। উদাহরণশ্বরূপ: গালিচা-নির্মাতা একখণ্ড গালিচা বয়ন করে; একটা কিছু মহন্তর ভাব ডাহার বাহিরে ছিল (বাহা দে গালিচায় ফুটাইয়া তুলিয়াছে)। বে-ভাবের সহিত ঈশ্বর নিজেকে মিলাইয়া চলিবেন, সেই ভাবটি কোথায়? ঠিক যেমন বড় বড় সম্রাটগণ কখন বা পুতুল লইয়া খেলা করেন, ঈশ্বরও তেমনি এই প্রকৃতির সহিত খেলা করেন; এবং ইহাকেই আমরা বিধি বা নিয়ম বলি। আমরা ইহাকে নিয়ম বলি, কারণ দেটুকু বেশ চলে। আমরা ঘটনার অংশটুকুই দেখিতে পাই; সেইটুকুর মধ্যেই নিয়ম সম্বন্ধে আমাদের ধারণা নিবন্ধ। এ-কথা বলা মূর্যভা বে নিয়ম অনস্ত — প্রস্তরখণ্ড চিরকাল পড়িতে থাকিবে। সকল যুক্তিই যদি অভিজ্ঞতার উপর স্থাপিত হয়, তবে পঞ্চাশ লক্ষ বৎসর পূর্বে প্রস্তর্থণ্ড পড়িয়াছিল কিনা, দেখিবার জ্ব্যু কে বর্তমান ছিল? স্থতরাং বিধি বা নিয়ম মাহুষের প্রকৃতিগত নয়। বেখানে আমরা আরম্ভ করি, সেখানেই শেষ করি—মাহুষের সম্বন্ধে বিজ্ঞানের এ এক দৃঢ় ঘোষণা। প্রকৃতপক্ষে আমরা ক্ষশঃ নিয়মের বাহিরে যাইভেছি। শেষ পর্যস্ত সমগ্র জীবনের অভিজ্ঞতা লইয়া নিয়মের একেবারে বাহিরে চলিয়া যাই। ঈশব ও মৃক্তি হইতে আমরা আরম্ভ মবিয়াছিলাম, এবং মৃক্তি ও ঈশবেই পরিসমাপ্তি হইবে। এই নিয়মগুলি থাকে মধ্য অবস্থায় এবং এগুলির মধ্য দিয়াই আমাদের ষাইতে হইবে। বেদাস্ত সর্বদা মৃত্তির বাণীই ঘোষণা করে। বেদাস্তবাদী নিয়মকে এড় ভন্ম ^{পার}; চিরস্তন নিয়ম তাহার নিকট দারুণ ভীতির বস্থ। কারণ ভাহা হইলে

আর নিজ্ তি নাই। চিরকাল যদি অনম নিয়মের অধীন থাকিতে হয়, তবে তৃণথণ্ড হইতে তাহার পার্থক্য কোথায়? আমরা বস্তুসম্পর্কশৃক্ত নিয়মে বিখাস করি না।

আমরা বলি, মৃক্তিই আমাদের কাম্য, এবং ভগবানই সেই মৃক্তি। অক্সান্ত বস্তুতে বে আনন্দ, এধানেও সেই আনন্দ; কিন্তু স্পীম বস্তুতে থুঁ জিলে মাম্য ক্থের কণামাত্র লাভ করে। সাধক ভগবানে ধে-আনন্দ লাভ করে, চোর চুরি করিয়া সেই একই আনন্দ পায়; কিন্তু চোর ত্রঃধরাশির সহিত ক্রিন্টি শায়। ভগবান্ই প্রক্রত ক্থ। প্রেমই ভগবান্, মৃক্তিই

ক্ষিত্র নির্দিষ্ট নান্ধ তো মৃক্তই, তবে প্রতি মৃহুর্তে দে এ-কথা ভূলিয়া যায়।
ভাতসারে বা অজ্ঞাতদারে এই তত্ত্ব আবিষ্কার করাই প্রত্যেকটি মাহুরের
সমগ্র জীবন। কিন্তু জ্ঞানী ও অজ্ঞালোকের মধ্যে প্রভেদ এই যে, জ্ঞানী ইহা
জ্ঞাতসারে আবিষ্কার করেন, আর অজ্ঞালোকের মধ্যে প্রভেদ এই যে, জ্ঞানী ইহা
জ্ঞাতসারে আবিষ্কার করেন, আর অজ্ঞালোক আবিষ্কার করে অজ্ঞাতসারে।
প্রত্যেকেই—অনু হইতে নক্ষত্র পর্যন্ত—মৃক্তির জন্ম সংগ্রাম করিতেছে। অজ্ঞা
ব্যক্তি নির্দিষ্ট সীমার মধ্যে মৃক্তি পাইলে—ক্ষ্যা ও তৃষ্ণার বন্ধন হইতে মৃক্ত
হইতে পারিলে দন্তই হয়। কিন্তু জ্ঞানী অহুভব করেন, তাঁহাকে আরও
দৃঢতর বন্ধন হইতে মৃক্ত হইতে হইবে। তিনি রেড ইণ্ডিয়ানের স্বাধীন ভাবকে
মোটেই স্বাধীনতা বলিয়া মনে করেন না

ভারতীয় দার্শনিকদের মতে মৃক্তিই লক্ষ্য। জ্ঞান লক্ষ্য হইট্ছে পারে না, কারণ জ্ঞান একটি বৌগিক ভাব। জ্ঞান শক্তি ও মৃক্তির মিশ্রিত ভাব, এবং মৃক্তিই মাহ্যের একমাত্র কাম্য। ইহার জ্ঞাই মাহ্যুষ চেটা করিতেছে। শুধু শক্তি লাভ করিলেই জ্ঞান হয় না। দৃষ্টাস্তত্বরূপ: বিজ্ঞানী কয়েক মাইল দ্র পর্যন্ত কৈরেতিক ভরক প্রেরণ করিতে পারে; কিন্ত প্রকৃতি ঐ ভরকাঘাত জ্ঞাম দ্রত্ব জ্বাধি প্রেরণ করিতে পারে। ভবে জ্ঞামরা প্রকৃতির মৃদ্ধি প্রতিষ্ঠা করিয়া তাহাকে সম্মানিত করি না কেন? নিয়ম জ্ঞামরা চাই না, জ্ঞামরা চাই নিয়ম লজ্মন করিবার সামর্থ্য। জ্ঞামরা বিধিবহিভূতি হইতে চাই। নিয়মের দ্বারা বন্ধ হইলে মৃৎপিও হইয়া বাইবে। ভূমি নিয়মের বাহিরে গিয়াছ কিনা—সেইটি প্রশ্ন নয়; কিন্তু জ্ঞামরা নিয়মের উর্ধ্বে—এই

চিন্তার উপরেই মানবজাভির সমগ্র ইভিহাল রচিন্ত। দৃটান্তবন্ধণ মনে কর, একজন বনে বাস করে এবং কথনও কোন শিক্ষা-দীক্ষা পার নাই। সে একটি পাথরের টুকরাকে নীচে পড়িতে দেখিল—এ তো একটি খাতাবিক ঘটনা, সে কিন্ত ভাবে, ইহা মৃক্তি; সে মনে করে, পাথরের টুকরার আত্মা আছে, ইহার অন্তর্নিহিত ভাব মৃক্তি। কিন্ত যখনই সে বুঝিতে পারে বে, পাথরের টুকরাটি অবস্তই নীচে পড়িবে, তথন ইহাকে স্বভাব বলে, অচেতন ব্লবৎ কর্ম বলে। আনি এখন রান্তার বাহির হইউেও পারি, নাও পারি। ইহাতেই মাহ্ব-হিসাবে আমার গৌরব। বলি আমি নিশ্চর জানি বে, আমাকে এখন ওখানে বাইতেই হইবে, তখন ব্যক্তিত্ব বিসর্জন দিয়া আমি বল্লে পরিণত হই। অনন্ত পক্তি প্রকৃতি অক্তি ব্লমাত্র; মৃক্তিই সচেতন জীবনের উপাদান।

বেদান্ত বলেন, বনের মাহুরের ধারণাই ঠিক; ভাহার দৃষ্টি সভ্য, কিন্ত ব্যাখ্যা ভূল। সে এই প্রকৃতিকে মৃক্ত বলিয়া মনে করে, নিয়মের খারা শাসিত মনে করে না। মানব-জীবনের এইসর অভিজ্ঞতার পরই আমর। এই প্রকার চিন্তা করিতে শিথিব, কিন্তু আরও দার্শনিক অর্থে। উদাহরণ-সম্বর : আমি রাস্তায় বাহির হইড়ে চাই। ইচ্ছার প্রেরণা পাইলাম, ভারপর . থামিয়া গেলাম; ইচ্ছা হওয়া ও রাস্তায় বাছির হওয়ার মধ্যে যে-সময়টুকুর ব্যবধান, সেই সময়ে আমি সমভাবে কাজ করিতে থাকি। কর্মের সম্ভিকেই আমরা নিয়ম বা বিধি বলি। আমার কর্মের এই সঙ্গতি অতি কৃত্র কৃত্র অংশে বিভক্ত, দেজগুই আমার কর্মগুলিকে আমি নিয়মাধীন বলি না। আমি স্বাধীনভাবে কাজ করি। পাঁচ মিনিট ভ্রমণ করি: কিছ ঐ পাঁচ মিনিট সমভাবে ভ্রমণের পূর্বে ইচ্ছার ক্রিয়া ছিল। এই ইচ্ছাই ভ্রমণের আবেগ দিয়াছিল। স্থতরাং মাত্র্য বলে ধে, সে স্বাধীন, কারণ ভাহার দব কর্ম**ই ক্**ন্তু ক্ষুত্র অংশে বিভক্ত করা বায়; এবং ব্যবিও ক্ষুত্র ক্তু অংশে নঙ্গতি বা মিল বহিয়াছে, অংশের বাহিরে দে-সঙ্গতি নাই। এই অসঞ্জির খ্রুভৃতির মধ্যেই মুক্তি বা স্বাধীনতার ভাব নিহিত। প্রকৃতিতে আমরা েবল দদভির বৃহত্তর খণ্ডগুলি দেখিতে পাই; কিন্তু আদি ও অন্ত অবশ্রই ষ'ধীন আবেগ। প্রথমেই মুক্তির প্রেরণা প্রদত্ত হইয়াছিল, উহাই বহিয়া চানয়াছে; কিছ আমাদের কার্যকালের তুলনায় প্রকৃতির কার্যকাল দীর্ঘতর। मानिक वृक्तिवादा विक्षियन कविदा वृक्तिष्ठ भावि, आयता वारीन वा मुक

নই। তথাপি এই চেতনা থাকিয়া বায় যে, আমি মৃক্ত। এই চেতনা কিভাবে আদে, তাহাই আমাদের ব্যাখ্যা করিতে হইবে। ক্রমশঃ আমরা দেখিতে পাইব, আমাদের মধ্যে এই তৃইটি প্রেরণা আছে। আমাদের মৃক্তি বলে, দব কার্বেই কারণ আছে, দলে দলে প্রত্যেক প্রেরণাছারা আমরা আমাদের স্থাধীনতা ঘোষণা করিতেছি। বেদান্তের মীমাংসা এই—মৃক্তি বা স্থাধীনতা ভিতরেই আছে, আত্মা যথার্থই মৃক্ত; কিন্তু জীবাত্মার কর্ম শরীর-মনের ভিতর দিয়া পরিক্রত হইয়া আদিতেছে; এই শরীর ও মন স্থাধীন বা মৃক্ত নয়।

ষ্থনই আম্বা কোন ব্যাপারে প্রতিক্রিয়া করি, তথ্নই আম্বা উহার দাস হইয়া পড়ি। কেহ আমার নিন্দা করিল, তৎক্ষণাৎ ক্রোধের আকারে আমি প্রতিক্রিয়া করিলাম। এ ব্যক্তি যে সামাগ্র স্পন্দন স্থষ্ট করিল, তাহাতেই আমি ক্রীতদাদে পরিণত হইলাম। অতএব আমাদের মৃক্ত-স্বভাব প্রদর্শন করিতে হইবে। শ্রেষ্ঠ জ্ঞানী, নিক্নপ্ত জল্ক বা অতি ছুরাচার ব্যক্তির মধ্যে ঘাঁহারা মুনি জল্ক বা মাহুষ দেখেন না, দেখেন সেই এক ঈশ্বকে, তাঁহারাই প্রকৃত জ্ঞানী। ইহজীবনেই তাঁহারা আপেক্ষিক নানা-দর্শন জয় ় করিয়া এই একত্ব বা সমদর্শনের উপর দৃঢপ্রতিষ্ঠ হইয়াছেন। ঈশ্বর শুদ্ধ-স্বরূপ, সকলের প্রতি সমভাবাপর। যে জ্ঞানী পুরুষ এইরূপ অন্তুভ্ব করেন, তিনি তো জীবস্ত ঈশ্ব। এই লক্ষ্যের দিকেই আমরা চলিয়াছি; প্রত্যেক উপাসনা-পদ্ধতি, মানবজাতির প্রত্যেক কর্ম এই উদ্দেশ্য লাভ করিবারই প্রচেষ্টা। যে অর্থ চায়, দে মৃক্তির অগুই চেষ্টা করিভেছে—দারিদ্রোর বন্ধন হইতে নিক্ষতি পাইবার চেষ্টা করিতেছে। মামুবের প্রত্যেক কর্মই উপাসনা, কারণ মৃজ্জিলাভ করাই ভাহার অন্তর্নিহিত ভাব, এবং প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সব কর্মই সেই উদ্দেশ্যের অভিমুখেই চলিয়াছে। যে-সকল কর্ম সেই উদ্দেশ্যের পথে বাধা, শুধু দেগুলি বর্জন করিতে হইবে। জ্ঞাতদারে বা অজ্ঞাতদারে সমগ্র বিশ্বই উপাদনা করিতেছে; মান্ত্র শুধু জানে না যে, যখন সে কাহাকেও অভিশাপ দিতেছে, তথনও দে আর একভাবে দেই এক ঈশবেরই উপাসনা করিতেছে, কারণ ষাহারা অভিশাপ দিতেছে, তাহারাও মৃক্তির জ্ঞ চেষ্টা করিতেছে। তাহারা কখনও ভাবে না যে, কোন বিষয়ে প্রতিক্রিয়া করিতে গিয়া তাহারা নিজেদের ক্রীতদাদ করিয়া ফেলে। আঘাতের বিরুদ প্রতিঘাত ক্রা কঠিন।

আমরা দীমাবদ্ধ—এই বিশাদ বর্জন করিতে পারিলে এখনই আমাদের পক্ষে দব কাজ করা দন্তব হইত। ইহা শুধু দময়-দাপেক। যদি তাই হয়, তবে শক্তি বর্ধিত কর, এইভাবে দময় দংক্ষিপ্ত কর। দেই অধ্যাপকের কথা শারণ কর, যিনি মর্মর-প্রশুরের গঠন-রহস্ত অবগত হইয়া মাত্র বারো বংদরে উহা নির্মাণ করিয়াছিলেন, আর প্রকৃতির লাগিয়াছিল কয়েক শত বংদর।

সরল রাজযোগ

্ প্রকাশকের নিবেদন

স্বামীলী আমেরিকায় তাঁহার শিয়া দারা সি. বুলের (Mrs. Sara C. Bull) বাড়িতে কয়েকজন অস্তর্ধের দহিত 'যোগ' দম্বন্ধে বে আলোচনা করেন, মিদেদ বুল তাহা লিখিয়া রাখেন। পরে ভক্ত স্বন্ধন ও বন্ধুবান্ধবের মধ্যে বিতরণের জন্ম আমেরিকার বন্ধুগণ ১৯১০ খৃঃ তাহা প্রকাশ করেন। বর্তমান পুস্তিকা তাহারই ভাষাস্তর।

ভারতীয় ইংরেন্দ্রী সংস্করণ (Six Lessons on Raja Yoga) ১৯২৮ খৃঃ ক্ষেত্রজারি মানে প্রথম প্রকাশিত হয়। প্রকাশকের নিবেদন হইতে শেষ কয়েকটি পঙ্ক্তির অন্থবাদ দেওয়া হইল:

এই পাঠগুলি সম্বন্ধে বলা যায়—আধ্যাত্মিক সাধনার কথা এখানে সংক্ষিপ্ত আকারে ও পরিষ্কারভাবে উপস্থাপিত, উপরস্ক আছে—বিশেষতঃ রাজবোগ- >
সাধনার বহু মূল্যবান্ ইকিত ও পথনির্দেশ।

প্রস্তাবনা

রাজধোগও পৃথিবীতে প্রচলিত অক্তান্ত বিজ্ঞানের মতো একটি বিজ্ঞান। এই বিজ্ঞান মনের বিরেষণ; অতীন্তির জগতের তথ্যসংগ্রহ ঘারাই এতে আধ্যাত্মিক রাজ্য গড়ে তোলা হয়। সকল দেশের মহান আচার্যেরাই বলে গেছেন, 'দেখেছি ও জানি।' যীও, পল ও পিটার সকলেই বলেন, তাঁদের প্রচারিত সত্য তাঁরা প্রত্যক্ষ করেছেন।

এই প্ৰত্যক্ষাহ্বভৃতি যোগ-লব।

শ্বতি বা চেতনা সন্তার সীমা হ'তে পারে না; কেন না আর একটা অতীন্দ্রিয় অবস্থা আছে; দেখানে এবং অচেতন অবস্থায় কোন ইন্দ্রিয়ের অস্থৃতি নেই, কিন্তু এই ঘূটির মধ্যে আকাশ-পাতাল ভফাৎ, বেমন—জ্ঞান আর অজ্ঞান। যে যোগশাস্ত্র নিয়ে আমরা আলোচনা করছি, দেটা ঠিক বিজ্ঞানের মতোই যুক্তির উপর প্রতিষ্ঠিত।

মনের একাগ্রভাই হচ্ছে সমস্ত জ্ঞানের উৎস।

যোগ আমাদের শিকা দেয়—কিভাবে জড়কে অধীন ক'বে রাধা যায়;
জড় চিরদিন চেতনের অধীনই থাকবে।

'বোগ' মানে (Yoke) জুড়ে দেওয়া; অর্থাৎ জীবাত্মার সঙ্গে পরমাত্মার মিলন ক'রে দেওয়া।

মন চেডন-ভূমিতে ও তার নিয়ন্তরে কাজ করে। আমরা ধাকে চেতনা বলি, দেটা আমাদের প্রকৃতির অনস্ত শৃল্খালের একটা শিকলি-মাত্র।

একট্থানি চেতনা নিয়ে আমাদের এই 'আমি', আর তার চারদিকে বিরাট অচেতন সন্তা; এই 'আমি'র ওপারে আমাদের অঞ্জাত অতীন্দ্রিয় ভূমি।

নির্মিতভাবে ঠিক ঠিক যোগ অভ্যাস করলে মনের স্তর একটার পর একটা উন্মৃক্ত হয়, আর প্রভ্যেক স্তরে আমাদের সামনে নতুন নতুন তথ্য প্রকাশিত হয়। আমরা দেখি, যেন আমাদের সামনে নতুন জগতের স্পষ্ট হচ্ছে, প্রামাদের হাতে যেন নতুন নতুন শক্তি এসে পড়ছে; কিন্তু মাঝ-রাস্তার থামরা যেন থেমে না যাই! হীরের খনি সামনে পড়ে রয়েছে, কাঁচের 'নালা' যেন আমাদের চোখে ধাঁধা লাগিয়ে না দেয়।

ভগৰানই আমাদের লক্ষ্য, তাঁর কাছে যেতে না পারলে আমাদের বিনাশ।

যারা সাধক—সিদ্ধি লাভ করতে চান, তাঁদের তিনটি জিনিস দরকার। প্রথম: ইহলোকের ও পরলোকের সব ভোগ-বাসনা ছাড়তে হবে; চাইতে হবে শুধু ভগবান্ আর সভ্য।

দিতীয়: সত্য আর ভগবানকে লাভ করবার জন্ম তীব্র আকাজ্যা চাই। বে-মাম্য জলে ড্বছে, সে যেমন বাতাসের জন্ম ব্যাকুল হয়, ঠিক তেমনি ব্যাকুল হও; সত্য ও ভগবানের জন্ম ঐরকম অধীর হও।

তৃতীয়: ছ-টি শিকা। ১ম-মনকে বহিমুখ হ'তে না দেওয়া। ২য়---মনকে অন্তমুখ ক'রে একটা ভাবে আবদ্ধ রাখা। ৩য়--প্রতিবাদ না ক'রে সব জ্বিনিস সহ্ করা। ৪র্থ—শুধু ঈশ্বকে চাও, আর কিছুই নয়। আপাত-মনোরম বিষয় আর যেন ভোমাকে ঠকাতে না পারে। সব ভ্যাগ ক'রে ভুগু ভগবানকেই চাও। ৫ম—উপস্থিত কোন একটা বিষয় নাও, ভার শেষ পর্যন্ত বিচার কর, সমাধান না ক'রে ছেড়ো না। সময়ের হিসাব ক'রো না। আমাদের জীবন সভ্যকে জানবার জন্ম, ইন্দ্রিয়তৃপ্তির জন্ম নয়; ইন্দ্রিয়তৃপ্তি পশুরা করুক, আমরা ক্থনও তাদের মতো ভোগ করতে পারি না। মামুষ মননশীল; মৃত্যুকে দে ষ্তদিন না জয় করে, য্তদিন না আলোকের সন্ধান পায়, ততদিন দে সংগ্রাম করবেই। নিফল বুথা কথাবার্তায় সে নিজের শক্তিক্ষয় করবে না। সামাজিকতা ও লোকমতের পূজাই হচ্ছে পৌত্তলিকতা। আত্মা—লিক্হীন, জাতিহীন, দেশহীন ও কালহীন। ৬৪—সর্বদা নিজের স্বরূপ চিন্তা কর। কুদংস্কারের পারে যাও। ক্রমাগত 'আমি ছোট, আমি ছোট'—এই ভেবে নিজেকে ছোট ক'বে ফেলো না, ষতদিন না ব্ৰহ্মের সঙ্গে অভেদজ্ঞান (অপরোক্ষামূভূতি) হচ্ছে, ততদিন দিনরাত্র নিজেকে বলো— তোমার স্বরূপের কথা।

এই সব কঠোর সাধননিষ্ঠা ব্যতীত কোন ফল-লাভ সম্ভব নয়।

নিরপেক্ষ পরব্রম উপলব্ধি করতে পারি, কিন্তু আমরা কথনও তা ভাষায় প্রকাশ করতে পারি না; যে মৃহুর্তে প্রকাশ করতে যাই, তথনি তাঁকে দীমাবদ্ধ ক'রে ফেলি; ফলে অনস্ত হয়ে পড়েন সাস্ত।

ইন্দ্রিয়ের সীমা ছাড়িয়ে খেতে হবে, বৃদ্ধিকেও অতিক্রম করতে হ^{বে}, আর এ শক্তি আমাদের আছে।

প্রাণায়ামের প্রথম সাধন এক সপ্তাহ অভ্যাস ক'রে শিয় গুরুকে জানারে।

প্রথম পাঠ

প্রত্যেকটি ব্যক্তিত্ব **অস্থালন করতে** হবে। সকলেই এক কেন্দ্রে গিয়ে মিলিত হবে।

'কল্পনাই প্রেরণার উৎস ও চিস্তার ভিত্তি।'

প্রকৃতির ব্যাখ্যা আমাদের ভেতরেই রয়েছে; পাথর পড়ে—এটা বাইরের ঘটনা, কিন্তু 'মাধ্যাকর্ষণ'-আবিষ্কারের শক্তি আমাদের ভেতরেই ছিল, বাইরে নয়।

ষে বেশী খায় বা ষে অনাহারী, যে বেশী ঘুমোয় বা যে খুব কম ঘুমোয়, সে যোগী হ'তে পারে না।

অক্সান, চঞ্চলতা ঈর্ষা, আলস্য ও তীব্র আসক্তি—এই ক-টি যোগাভ্যাদের পরম শক্র। যোগীর পক্ষে এই তিনটি বিশেষ প্রয়োজনীয়:

প্রথম—দেহ ও মনের পবিত্রতা। সব রকমের মলিনতা, যা মনকে নীচে নামিয়ে দেয়, যোগী তা পরিত্যাগ করবে।

দ্বিতীয়— ধৈর্য। প্রথম প্রথম অনেক আশ্চর্য দর্শনাদি হবে, ভারপর দে-সব বন্ধ হয়ে যাবে। এইটিই হচ্ছে সব চেয়ে কঠিন সময়, কিন্তু ধরে ধাকা চাই; ধৈর্য থাকলে শেষে সভ্য লাভ হবেই।

তৃতীয়—অধ্যবদায়। সম্পদে বিপদে, স্বাস্থ্যে রোগে—সব সময়ে যোগ অভ্যাদ ক'রে যাও; একটি দিনও বাদ দিও না।

বোগ-সাধনের সবচেয়ে প্রশন্ত সময় হচ্ছে দিন ও রাত্রির সন্ধিক্ণ-সে-সময় দেহ ও মন খুব শাস্ত থাকে, চঞ্চলতা ও অবদাদ কিছুরই তথন প্রাবল্য থাকে না। বদি সে-সময় না পারো, তা হ'লে ঘুম থেকে উঠে এবং ভতে যাবার আগে সাধন অভ্যাস করবে। ব্যক্তিগত পরিচ্ছন্নতা খুব পরিপাটিভাবে প্রয়েজন প্রভাহ স্থান করবে)।

স্নানের পর বেশ দৃঢ়ভাবে আসনে বসবে, মনে করবে, তুমি যেন পাহাড়ের মতো অটল, কোন কিছুই ভোমাকে নড়াতে পারবে না। মেরুদণ্ডের উপর জোর না দিয়ে কোমর, ঘাড় ও মাথা ঋজুভাবে রাখবে। মেকদণ্ডের ভেতর দিয়েই শব ক্রিয়া হয়, কাজেই সেটিকে তুর্বল করা চলবে না।

পায়ের আঙুল থেকে আরম্ভ ক'রে ধীরে ধীরে শরীরের প্রত্যেকটি অঙ্গ স্থিব করবে। এই স্থিব ভাবটি মনে মনে চিম্ভা কর, দরকার মনে হয় তো প্রতি অঙ্গ স্পর্শ করবে।

মাথায় না পৌছনো পর্যন্ত ধীরে ধীরে নীচের দিক থেকে শরীরের প্রতি অক স্থির করতে করতে ওপরের দিকে আদবে, যেন একটি অকও বাদ না ধায়। তারপর সমস্ত দেহটি স্থির ক'রে রাধবে। সত্য লাভ করবার জল্পে ভগবান তোমায় এই দেহ দিয়েছেন; এই নৌকা আশ্রয় করেই সংসার-সমূজের পরপারে চিরস্তন সত্যের রাজ্যে তোমায় যেতে হবে।

এইটি করা হয়ে গেলে ছই নাসারন্ত্র দিয়ে গভীরভাবে শাস গ্রহণ করবে, তারপর ছই নাসা দিয়েই নি:শাস ত্যাগ করবে। তারপর ষতক্ষণ বেশ শক্ষনভাবে পারো, শাস রুদ্ধ ক'রে থাকবে। এইরকম চারবার করা হয়ে গেলে শাভাবিকভাবে নি:শাস-প্রশাস নেবে এবং জ্ঞানালোকের জ্ঞান্তর্গনের কাছে প্রার্থনা করবে।

'যিনি এই বিশ্ব স্পষ্ট করেছেন, তার মহিমা আমি ধ্যান করি, তিনি আমাদের মনকে প্রবৃদ্ধ করুন'—আসনে বসে দশ-পনর মিনিট এই মন্ত্রটির' অর্থ চিস্তা কর।

খে-সব উপলব্ধি বা দর্শনাদি হবে, গুরু ছাড়া আর কাকেও তা বলবে না। যতটা সম্ভব কম কথা বলবে।

সং চিন্তা করবে, আমরা যা চিন্তা করি, তাই হয়ে যাই। সং চিন্তা মনের সকল মলিনতা দগ্ধ করতে সাহায্য করে।

যোগী ছাড়া আর সকলেই যেন ক্রাতদাস। মুক্তিলাভের জ্বস্ত বন্ধনের পর বন্ধন কেটে ফেলতে হবে।

অতী স্ক্রিয় সন্তাকে সকলেই জানতে পারে। ভগবান যদি সন্ত্য হন, ভ^{বে} তাঁকে প্রত্যক্ষভাবে উপলব্ধি করতে হবে; আত্মা যদি থাকে, ভবে নি^{দ্রে} স্নামরা ভাকে দর্শনু ও অহভব করতে পারবো।

আত্মবন্ধ আছে কি না, তা বোঝার একমাত্র উপায়—এমন একটা কিছু হওয়া, যা দেহ নয়।

ধোগীরা আমাদের ইন্দ্রিয়গুলিকে প্রধানত: ত্-ভাগে ভাগ করেন---জ্ঞানেন্দ্রিয় ও কর্মেন্দ্রিয় (অথবা জ্ঞান ও কর্ম)।

व्यक्षविक्षित्र वा मत्मत्र खत्र हात्रिः

প্রথম—মনঃ, মনন বা চিস্তাশক্তি। একে সংযত না করলে এর সমস্ত শক্তি নষ্ট হয়ে যায়; সংযত করলে মনই আবার অভুত শক্তির আধার হয়ে ওঠে।

षिভীয়—বৃদ্ধি বা ইচ্ছাশক্তি (তাকে বোধশক্তিও বলা বায়)। তৃতীয়—অহংকার বা 'অহং'-বৃদ্ধি।

চতুর্থ—চিত্ত, এইটিই হ'ল উপাদান, যাতে সকল বৃত্তি ক্রিয়া করছে, মনের উত্তিতল, সকল বৃত্তির আধার। এ যেন সম্দ্র, আর বৃত্তিগুলি যেন এরই চরক।

চিত্তবৃত্তি-নিরোধের নামই যোগ—'যোগ' এক প্রকার বিজ্ঞান, যার্
াহায্যে আমরা চিত্তের বিভিন্ন বৃত্তিতে রূপান্তরিত হওয়া বন্ধ করতে পারি।
াম্দ্রে চাঁদের প্রতিবিশ্ব যেমন তরক্ষে তরকে তেওে অস্পষ্ট হয়ে যায়, আত্মার
প্রতিবিশ্ব তেমনি মনের তরকাঘাতে টুকরো টুকরো হয়ে যায়। সম্ক্র
নিস্তরক্ষ হয়ে যথন আয়নার মতো শাস্ত হয়, তথনই তাতে চাঁদের পূর্ব
প্রতিবিশ্ব আমরা দেখতে পাই; তেমনি মনের উপাদান চিত্ত যথন সংযমের
বারা সম্পূর্ণ শাস্ত হয়, তথনই আত্মদর্শন ঘটে।

মনের উপাদান চিত্ত শরীর নয়—হক্ষতর ক্ষড়বিশেষ, এবং চিরকাল দেহ দারা আৰক্ষও থাকে না। মাঝে মাঝে আমাদের দেহ-বন্ধন যে শিথিল হয়ে যায়, তাই এর প্রমাণ। ইন্দ্রিয়দমূহ বশে এনে আমরা ইচ্ছামত এই শ্বস্থালাভ করবার অভ্যাদ করতে পারি।

এই অবস্থা সম্পূর্ণ আরম্ভ হ'লে আমরা সমগ্র জগৎ নিয়ন্ত্রণ করতে পারি, নারণ ইন্দ্রিরপণ বে-সব বিষয় আমাদের কাছে পৌছে দেয়, সেগুলি নিয়েই ভা আমাদের জগৎ। স্বাধীনভাই উচ্চতর জীবনের চিহ্ন্ই ক্রিয়ের বন্ধন। ব্যেক নিজেকে মৃক্ত করতে পারলেই আধ্যাত্মিক জীবনের আরম্ভন্ त्य हेक्किएवर व्यथीन मिट्टे मांशादिक, मिट्टे की छनान।

চিত্তবন্তর বিভিন্ন বৃত্তি-ভবদে ভেঙে পড়া সম্পূর্ণক্রপে নিরোধ করতে পারলেই আমাদের দেহবোধ চলে যায়। এই দেহগুলি ভৈরি করতে কোটি কোটি বংসর ধরে আমাদের এতই কঠোর পরিশ্রম করতে হয়েছে বে, সেই প্রচেষ্টার মধ্যে এই দেহপ্রাপ্তির আসল উদ্দেশ্য বে পূর্ণভা লাভ করা, তা আমরা ভূলে গেছি। আমরা ভাবি, এই দেহটাকে তৈরি করাই বৃত্তি আমাদের সমন্ত চেষ্টার মূল উদ্দেশ্য; ইহাই মায়া। এই মায়া আমাদের ভাঙতে হবে, মূল লক্ষ্যের দিকে ফিরতে হবে; আর উপলব্ধি করতে হবে—আমরা দেহ নই, দেহ আমাদের ভৃত্য।

মনকে দেহ থেকে আলাদা ক'রে দেখতে শেখো, ভাবো—মন দেহ থেকে পৃথক্। এই জড় দেহটাকে আমরাই চেতনা ও জীবন দিই, তারপর ভাবি এটা চেতন ও বান্তব। আমরা এত দীর্ঘকাল ধরে এই পোশাকটা প'রে আসছি যে, এখন ভূলে গেছি আমরা ও এই পোশাক অভিন্ন নই; এবং ইচ্ছামত এই পোশাক ছেড়ে ফেলা যায়। যোগ এই বিষয়ে আমাদের সাহায্য করতে পারে। দেহ একটা ষন্তমাত্র, আমাদের দাস—প্রভ্ নয়; মনঃশক্তি-সমূহকে আয়ত্ত করাই যোগাভ্যাদেব মুখ্য ও মহান্ উদ্দেশ্য।

দ্বিতীয় উদ্দেশ্য—যে-কোন বিষয়ে সমগ্রভাবে মনের শক্তিগুলি নিয়োগ করা। যদি বেশী কথা বলো, তাহ'লে যোগী হ'তে পারবে না।

দ্বিতীয় পাঠ

এই যোগের নাম অষ্টাক্ষণোগ, কারণ এর প্রধান অক আটটি। বথা— প্রথম—যম। যোগের এই অকটি সব চেয়ে গুরুত্বপূর্ণ। এইটি সাবা জীবনকে নিয়ন্ত্রিত করবে। এ আবার পাঁচ ভাগে বিভক্ত:

- (১) কায়মনোবাক্যে হিংসা না করা।
- (২) কায়মূদোবাক্যে লোভ না করা।
- (৩) ুরুষিমনোবাক্যে পবিত্রতা রক্ষা করা।

- (৪) কাম্মনোবাক্যে সভ্যনিষ্ঠ হওয়া।
- (e) কায়মনোবাক্যে বুখা দান গ্রহণ না করা (অপ্রতিগ্রহ)।

্রবিভীয়—নিয়ম। শরীবের বত্ন, স্নান, পরিমিত আছার ইত্যাদি।

ভূতীয়—আসন। মেরুদণ্ডের উপর জোর না দিয়ে কটিদেশ, হৃদ্ধ ও মাথা ঋদুভাবে রাধতে হবে।

চতুর্থ—প্রাণায়াম। প্রাণবায়্কে আয়ত্ত করবার জন্ম সাসপ্রশাসের সংযম।
পঞ্চম—প্রত্যাহার। মনকে বহির্শৃধ হ'তে না দিয়ে অন্তর্ম্থ ক'রে কোন
জিনিদ বোঝবার জন্ম বারংবার আলোচনা।

ষষ্ঠ—ধারণা। কোন এক বিষয়ে মনকে একাগ্র করা। সপ্তম—ধ্যান। কোন এক বিষয়ে মনের অবিচ্ছিন্ন চিস্তা।

অট্য-সমাধি। জ্ঞানের আলোক লাভ করাই আমাদের সকল সাধনার লক্ষ্য।

যম ও নিয়ম সারা জীবন ধরে আমাদের অভ্যাস করতে হবে। জোঁক খেমন একটা ঘাস দৃঢ়ভাবে না ধরা পুর্বস্ত আর একটা ছেড়ে দেয় না, তেমণি একটি সাধন ছাড়বার আগে অপরটি বেশ ক'রে বোঝা এবং অভ্যাস করা চাই।

আন্ধকের আলোচ্য বিষয়—প্রাণায়াম অর্থাৎ প্রাণের নিয়মন। রাজযোগের সাধনায় প্রাণবায় চিন্তভ্মির মধ্য দিয়ে আমাদের আধ্যাত্মিক রাজ্যে
নিয়ে যায়। প্রাণবায় বা শাসপ্রশাস হচ্ছে সমগ্র দেহ-বজ্রের নিয়মক মৃল
চক্র (Fly-wheel)। প্রাণ প্রথমে কুসফুসে, ফুসফুস থেকে হলয়ে, হলয়
থেকে রক্ত-প্রবাহে, সেধান থেকে মন্তিক্ষে, সব শেষে মন্তিক্ষ থেকে মনে কাজ
করে। ইচ্ছা-শক্তি বাহ্ সংবেদন উৎপন্ন করতে পারে, বাহ্ সংবেদনও
ইচ্ছা-শক্তি জাগিয়ে ভুলতে পারে। আমাদের ইচ্ছা তুর্বল; আমরা এতই
বন্ধ যে, ইচ্ছার বথার্থ শক্তিকে আমরা উপলব্ধি করি না। আমাদের
অধিকাংশ কার্যের প্রেরণা আসে বাইরে থেকে; বহিঃপ্রকৃতি আমাদের
অধিকাংশ কার্যের প্রেরণা আসে বাইরে থেকে; বহিঃপ্রকৃতি আমাদের
বির্বের সাম্যভাব নট্ট করে, কিন্তু আমরা ভার সাম্যভাব নট্ট করতে পারি
না (বেটা আমাদের পারা উচিত)। কিন্তু এ-সবই ভ্ল, প্রকৃতপক্ষের্থ

বাঁরা নিজেদের অন্তরের চিন্তারাজ্য জয় করেছেন, তাঁরাই বড় বড় সাধু ও আচার্য, তাঁদের কথার শক্তিও তাই এত বেশী। উচ্চ চূর্গে আবন্ধ কোন মন্ত্রীকে তাঁর স্ত্রী গুবরে-পোকা, মধু, রেশমের স্থতো, দড়ি ও কাছি দিয়ে উদ্ধার করেছিলেন—এই রূপকের' সাহায্যে স্বন্দরভাবে দেখানো হয়েছে—প্রাণের নিয়মন থেকে কি ক'রে ক্রমে ক্রমে মনোরাজ্য জয় করা বার। প্রাণায়াম-রূপ রেশমস্থতার সাহায্যেই একটার পর একটা শক্তি আয়ড় ক'রে আমরা একাগ্রতা-রূপ রজ্জ্ ধ'রব, আর সেই রজ্জ্র সাহায্যে দেহ-কারাগার থেকে নিছতি পেয়ে প্রকৃত মৃক্তি লাভ ক'রব। মৃক্তি লাভ ক'রে ভার সাধনগুলি আমরা ছেড়ে দিতে পারি।

প্রাণারামের অঙ্গ তিনটি: ১ম:পূরক—খাসগ্রহণ। ২য়:কুম্ভক— খাসরোধ। ৩য়:বেচক—খাসত্যাগ।

তৃটি শক্তি-প্রবাহ মন্তিষ্কের ভিতর দিয়ে এনে মেরুদণ্ড বয়ে ভার শেষভাগে পরস্পরকে অতিক্রম ক'রে আবার মন্তিষ্কে কিরে বায়। প্রবাহ-চূটির একটির নাম সূর্য (পিকলা), এটি মন্তিষ্কের দক্ষিণার্য থেকে বেরিয়ে মেরুদণ্ডের ক্রাঁদিকে মন্তিক্রের ঠিক নিমে একবার পরস্পরকে অতিক্রম করে, আবার মেরুর নীচে চার (৪)-এর অর্ধেকের মতো আকারে আর একবার পরস্পরকে অতিক্রম করে বায়।

অন্ত প্রবাহটির নাম চক্র (দিড়া), এর গতি পিকলার ঠিক উলটো এবং ৪-এর আকার সম্পূর্ণ করে। দেখতে চার (৪)-এর মতো হলেও এর নীচের দিকটা উপরের দিকের চেয়ে অনেকটা লখা। এই ঘটো প্রবাহ দিনরাত্রি বইছে, আর বিভিন্ন কেক্রে যাকে আমরা 'চক্র' (plexuses) বলি, এরা প্রাণশক্তি সঞ্চয় করে, কিন্তু তা আমরা প্রায় জানতে পারি না। একাগ্রতার ঘারা এই শক্তিদমূহ এবং সমন্ত শরীরে তাদের ক্রিয়া আমরা অন্তব করতে পারি। এই 'ক্র্য ও চক্রে'র প্রবাহ খাদ-প্রখাদের দক্রে খ্ব ঘনিষ্ঠভাবে অভিত্ত, ভাই খাসপ্রখাস নিয়ন্ত্রিত ক'রে আমরা সমন্ত দেহটাকে নিয়ন্ত্রিত করতে পারি।

কঠ-উপনিষদে দেহকে রথ, মনকে লাগাম, বৃদ্ধিকে লার্মার, ইন্তিয়গুলিকে যোড়া এবং ইন্তিয়ভোগ্য বিষয়গুলিকে রান্তার দলে ভুলনা করা হয়েছে।

> এই থুড়েই 'রাজযোগ' গ্রন্থের ২র অধ্যার জইব্য

বাণী আত্মা ও নারণি বৃদ্ধি সেই রথে বলে আছেন। সারণি বৃদ্ধিরূপ বোড়াকে সংবত করতে না পারে, তা হ'লে কথনও লক্ষ্যে পৌছতে পারবে না, ত্ই ঘোড়ার মতো ইন্দ্রিয়গুলি রথকে বেখানে খুলি টেনে নিয়ে গিয়ে রথীকে ধ্বংস করেও ফেলতে পারে। কিন্তু এই তৃটি শক্তি-প্রবাহ (ঈড়া ও পিললা) তুই অথকে দমন করবার জন্ম সারথির হাতে লাগামের মতো; এ তৃটি (লাগাম) আয়তে রেখে সারথি ওগুলিকে (অখ) নিয়ন্ত্রণ করবে। নীতিপরারণ হবার শক্তি আমাদের লাভ করতে হবে, তা না হ'লে আমাদের কর্মগুলিকে আমরা কিছুতেই নিয়ন্ত্রিত করতে পারব না। নীতিশিক্ষাগুলি কি ক'রে কর্মে পরিণত করতে পারা যায়, বোগ সেই শিক্ষা দেয়। নীতিপরায়ণ হওয়াই যোগের উদ্দেশ্ম। জগতের বড় বড় আচার্যমাত্রেই যোগী ছিলেন এবং প্রত্যেক শক্তিপ্রবাহকে তাঁরা সম্পূর্ণরূপে বলে এনেছিলেন। এই প্রবাহ-তৃটিকে যোগীরা মেকর নিয়ভাগে (মূলাধারে) সংযত ক'রে মেকদণ্ডের ভেতর দিয়ে চালিত করেন, আর তথনই তা জ্ঞানপ্রবাহে পরিণত হয়, এ শুধু যোগীর মধ্যেই বর্তমান।

প্রাণায়াম সহন্ধে বিতীয় সাধন-প্রণালী—সকলের পক্ষে এক বকম নয়।
প্রাণায়াম—একটা ছন্দের তালে তালে নিয়মিত ভাবে করতে হবে এবং তা
করবার সহজ্ঞ উপায় হচ্ছে গণনা করা, তবে সেটা একেবারে যন্ত্রের মতো
হয়ে পড়ে, তাই গণনার নির্ধারিত সংখ্যায় আমরা পবিত্র 'ওঁ'কার মন্ত্র করি।

এই প্রাণায়ামে অসুষ্ঠ দারা দক্ষিণ নাদা বন্ধ ক'রে চারবার 'ওঁ' জপ করতে করতে বাম নাদায় ধীরে ধীরে খাদ নিতে হয়।

তারপর বাম নাকে তর্জনী রেখে ছটি নাদাই বন্ধ কর, মাথাটিকে বুকের উপর অবনমিত রেখে মনে মনে আটবার 'ওঁ' জপ করতে করতে খাদ রোধ ক'রে রাখে।

তারপর মাথা কের সোজা ক'রে দক্ষিণ নাসা থেকে অসূষ্ঠ উঠিয়ে নিয়ে মনে মনে চারবার 'ওঁ' জপ করতে করতে ধীরে ধীরে খাস ফেলো।

যথন খাস ফেলা শেব হলে যাবে, তথন ফুসফুস থেকে সমস্ত বাডাস বের,

ক'রে দেবার জন্ম তলপেট সম্কৃতিত করবে। তারপর বাম না্সা বন্ধ ক'রে।

চারবার 'ওঁ' জ্বপ করতে করতে দক্ষিণ নাসা দিয়ে ধীরে ধীরে শ্বাস নিভে হবে।

তারপর অনুষ্ঠ দিয়ে দক্ষিণ নাসা বন্ধ ক'রে মাথা অবনমিত রেখে শাস রোধ ক'রে আটবার 'ও' ভ্রপ করবে। তারপর আবার মাথা সোজা ক'রে বাম নাসা খুলে দিয়ে চারবার 'ওঁ' ভ্রপ করতে করতে শাস ত্যাগ করবে। সেই সময় আগের মতো তলপেট সঙ্কৃচিত করা চাই।

ষথনই বসবে, এইরকম ত্বার করবে, অর্থাৎ দক্ষিণ নাসায় ত্বার ও বাম নাসায় ত্বার—মোট চারবার প্রাণায়াম করবে। বসবার আগে প্রার্থনা ক'রে নিলে ভাল হয়।

এক সপ্তাহ ধ'রে এইরকম অভ্যাদ প্রয়োজন। তারপর ধীরে ধীরে প্রাণায়ামের সংখ্যা বাভিয়ে দাও; দকে দকে জপের (খাদ-গ্রহণ, রোধ ও ত্যাগের) সংখ্যাও সেই অহপাতে বাড়াতে হবে, অর্থাৎ যদি ছ-বার প্রাণায়াম কর, তা হ'লে খাদ নেবার সময় ছ-বার, নিখাদ ফেলবার সময় ছ-বার ও কুজকের সময় বারো বার 'ওঁ' জপ করতে হবে। এই প্রাণায়াম-অভ্যাদের ঘারা আমরা আরও বেশী পবিত্র, নির্মল ও আধ্যাত্মিকভাবে পূর্ণ হবো। বিপথে চালিত হ'রো না; কোন শক্তি (দিছাই) চেও না। প্রেমই একমাত্র শক্তি, যা চিরকাল থাকে এবং উত্তরোত্তর বৃদ্ধি পায়। যারা রাজ্যবোগের পথে ভগবানের কাছে আদতে চায়—তাদের মানদিক, শারীরিক, নৈতিক ও আধ্যাত্মিক দিক দিয়ে শক্ত দবল হ'তে হবে। প্রতিটি পা ফেলবে আলোকিত পথে।

লক্ষের মধ্যে একজন বলতে পারে, 'এই সংসার অভিক্রম ক'রে আমি ভগবানের কাছে পৌছব।' সভ্যের সমূখীন হ'তে পারে, এমন লোক খুব কম, কিছু তবু কোন-কিছু করতে গেলে সভ্যের জন্ম আমাদের মরতেও প্রস্তুত থাকতে হবে।

তৃতীয় পাঠ

কুওলিনী। আত্মাকে জড় ব'লে জানলে চলবে না, ডার বথার্থ সক্ষপ জানতে হবে। আমরা আত্মাকে দেহ ব'লে ভাবছি, কিছ একে ইন্দ্রির ও চিন্তা থেকে পৃথক্ ক'রে ফেলতে হবে; ডবেই আমরা উপলব্ধি করতে পারবো যে, আমরা অমৃতত্বরূপ। পরিবর্তন মানেই কার্যকারণের হৈতভাব; আর বা কিছু পরিবর্তনশীল, তাই নশ্বর। স্ক্তরাং দেহ বা মন অবিনাশী হ'তে পারে না, কেন না তারা সর্বদা পরিবর্তনশীল। যা অপরিবর্তনীয়, একমাত্র ভাই অবিনাশী; কারণ ভার উপর ক্রিয়া করতে পারে, এমন আর কিছু নেই।

আমরা তৎ-সক্ষণ হয়ে যাই না, চিরকালই আমরা সেই সত্যস্বরূপ। কিছ যে অজ্ঞানের অবগুঠন আমাদের কাছ থেকে সত্যকে লুকিয়ে রেখেছে, তা সরিয়ে দিতে হবে। দেহ হচ্ছে চিন্তার বাহ্ বন্তগত রূপ। স্বর্থ (পিললা) চন্দ্রের (ঈড়া) গতি দেহের সর্বাংশে শক্তিসঞ্চার করছে; অবশিষ্ট শক্তি মেরুদণ্ডের (স্ব্র্যার) অন্তর্গত বিভিন্ন চক্রে—সাধারণ ভাষায় স্মায়ুকেন্দ্রে সঞ্চিত থাকে। এই গতিগুলি মৃতদেহে দেখা যায় না, কেবল

যোগীর এই স্থবিধা—তিনি যে শুধু এগুলি অহুভব করেন তা নয়, সত্য সত্যই এগুলি দেখতেও পান। এগুলি প্রাণবন্ধ, জ্যোতির্ময়; চক্রগুলিও ঠিক তাই।

কার্য সাধারণতঃ চেতন ও অচেতন—এই ছুই প্রকার। যোগীদের আর এক প্রকার কর্ম আছে, সেটি অতিচেতন; এইটিই হচ্ছে সর্বদেশে সর্বকাশে সমস্ত আধ্যাত্মিক জ্ঞানের মূল উৎস। সহজাত জ্ঞানের ক্রমবিকাশই আমাদের পূর্ণতার দিকে নিয়ে যায়। অতিচেতন অবস্থায় কোন ভূল হয় না; কিন্ত সহজাত জ্ঞান পূর্ণতা প্রাপ্ত হলেও তা নিছক যান্ত্রিক, কারণ এ ত্তরে সজ্ঞান ক্রিয়া থাকে না। একে 'প্রেরণা' বলা হয়ে থাকে। কিন্তু যোগীরা বলেন, 'এই শক্তি প্রত্যেক মাহুষেরই মধ্যে আছে', কালে সকলেই এই শক্তির অধিকারী হবে।

চক্র ও স্থের (ঈড়া ও পিল্লা) গতিকে একটা নতুন দিকে নিয়ে থেতে হবে, অর্থাৎ মেরুদণ্ডের মধ্য দিয়ে তাদের জন্ম একটা নতুন পথ খুলে দিতে হবে। যখন এই 'হায়ুমা'-পথ দিয়ে তাদের গতি সহস্রার পর্যন্ত পৌছবে, তথন কিছুক্ষণের জন্ম আমাদের দেহজ্ঞান একেবারে চলে যাবে।

মেকদণ্ডের নিয়দেশে যে 'মূলাধার-চক্র' আছে, তা থুব গুরুত্বপূর্ণ। এই স্থানটি হচ্ছে প্রজনন-শক্তিবীজের আধার। একটি ত্রিকোণ-মণ্ডলে একটি ছোট লাপ কুণ্ডলী পাকিয়ে আছে—যোগীরা এই প্রতীকে একে প্রকাশ করেছেন। এই নিক্রিত সর্পই কুণ্ডলিনী, এর ঘুম ভাঙানোই হচ্ছে রাজ্যোগের একটিমাত্র লক্ষ্য।

পাশব কার্য থেকে যে বৌনশক্তি উথিত হয়, তাকে উর্ধানিকে মানবশরীরের মহাবিত্যদাধার মন্তিকে প্রেরণ করতে পারলে সেখানে দক্ষিত হয়ে
তা 'ওজঃ' বা আধ্যাত্মিক শক্তিতে পরিণত হয়। সকল সং চিস্তা, সকল
প্রার্থনা ঐ পশুশক্তির কিছুটা ওজঃশক্তিতে পরিণত ক'রে আমাদের
আধ্যাত্মিক শক্তি-লাভে সাহায্য করে। এই 'ওজ্প্' হচ্ছে মাহ্রেরে মহয়ত্ম,
একমাত্র মহয়শরীরেই এই শক্তি সঞ্চয় করা সন্তব। বার ভেতরে সমগ্র
পাশব বৌনশক্তি ওজঃশক্তিতে পরিণত হয়ে গেছে, তিনি একজন দেবতা।
তাঁর কথায় অমোঘ শক্তি, তাঁর কথায় জগৎ নবজীবন লাভ করে।

ষোগীরা মনে মনে কল্পনা করেন যে, এই কুগুলিনী দর্প স্থ্যা-পথে স্থরে স্থারে চক্রের পর চক্র ভেদ ক'রে সহস্রারে উপনীত হয়। মহাশ্রশরীরের শ্রেষ্ঠ শক্তি যৌন-শক্তি যে পর্যন্ত না ওজঃশক্তিতে পরিণত হয়, সে পর্যন্ত নারী বা পুরুষ কেউই ঠিক ঠিক আধ্যাত্মিক জীবন লাভ করতে পারে না।

কোন শক্তিই সৃষ্টি করা যায় না; তবে তাকে শুধু দিনিত পথে চালিত করা যেতে পারে। অতএব যে বিরাট শক্তি এখনই আমাদের অধিকারে আছে, তাকে আয়ত্ত করতে শিখে, প্রবল ইচ্ছাশক্তির দারা ঐ শক্তিকে পাশব হ'তে না দিয়ে আধ্যাত্মিক ক'রে তুলতে হবে। এইভাবে স্পষ্টই বোঝা যাচ্ছে, পবিজ্ঞতাই সর্বপ্রকার ধর্ম ও নীতির ভিত্তি। বিশেষতঃ রাজ্যোগে কায়মনোবাক্যে সম্পূর্ণ পবিজ্ঞতা অপরিহার্য; বিবাহিত বা অবিবাহিত—উভয়ের পক্ষে একই নিয়ম। দেহের সর্বাপেক্ষা শক্তিশালী বস্তর বে অপচয় করে, সে কখনও আধ্যাত্মিক জীবন লাভ করতে পারবে না।

ইতিহাস আমাদের শিক্ষা দেয়, সর্বযুগের বড় বড় সভ্যন্ত হী ব্যক্তিগণ হয় সাধু-সন্ন্যাসী, না হয় তাঁরা বিবাহিত জীবন ত্যাগ্ করেছেন্। থাদের জীবনু পবিত্র, কেবল তাঁরাই ভগবানের দর্শন পান। প্রাণায়ামের পূর্বে ঐ ত্রিকোণ-মণ্ডলকে ধ্যানে দেখবার চেটা কর।
চোথ বন্ধ ক'রে এর ছবি মনে মনে স্পট্টরূপে কল্পনা করবে। ভাবো, এর
চারপাশে আগুনের শিখা, আর তার মাঝখানে কুগুলীকত দর্প ঘূমিরে
রয়েছে। ধ্যানে বথন এই কুগুলিনী শক্তি স্পট্টভাবে দেখতে পাবে, তথন
কল্পনাম ভাকে মেকদণ্ডের ম্লাধারে ছাপন কর; কুল্ক-কালে খাস কল্প
রাধার সময় (হুপ্ত) কুগুলিনীকে জাগাবার জন্ত ঐ কল্প বায় সবলে ভার
মন্তকে নিক্ষেপ করবে। যার কল্পনা-শক্তি যত বেশী, সে ভঙ্ত শীল্প ফল
পায়, আর ভার কুগুলিনীও ভঙ্ত শীল্প জাগেন। যতদিন ভিনি না জাগেন,
ভঙ্গিন কল্পনা কর—ভিনি জেগেছেন। আর উড়া ও পিল্লার গড়ি
অন্থভ্য করবার চেটা কর, জোর ক'রে ভাদের হুর্মা-পথে চালাতে সচেট
হণ্ড। এতে কাল্প খুব ভাড়াভাড়ি হবে।

চতুর্থ পাঠ

মনকে সংখত করবার পূর্বে মনকে জানতে হবে।

চঞ্চল মনকে সংষত ক'রে বিষয় থেকে টেনে এনে একটা ভাবে স্থির ক'রে রাখতে হবে। বারবার এইরকম করতে হবে। ইচ্ছাশক্তি ছারা মনকে সংযত ক'রে, কল্প ক'রে ভগবানের মহিমা চিম্ভা কর।

মনকে সংযত করবার সব চেয়ে সোজা উপায় চুপ ক'রে বসে কিছুক্ষণের জন্ত মনকে ছেড়ে দেওয়া, যেখানে সে ভেসে যেতে চায় যাক—দৃঢ়ভাবে চিস্তা করবে, 'আমি দ্রষ্টা, সাকী; বসে ধসে মনের ভাসাভোবা—ভেসে-যাওয়া দেখছি। মন আমি নয়।' ভারপর মনটাকে দেখ। ভাবো, মন থেকে তুমি সম্পূর্ণরূপে পৃথক্। ভগবানের সঙ্গে নিজেকে অভিন্নভাবে চিস্তা কর, জড়বস্থ বা মনের সঙ্গে নিজেকে এক ক'রে ফেলো না।

কল্পনা কর—মন যেন তোমার সমুখে প্রসারিত একটা নিশুরক হ্রদ, এবং যে চিস্তাগুলি মনে উঠে মিলিয়ে যাচ্ছে, সেগুলি যেন হ্রদে বৃদ্বৃদ্ উঠছে আর্থ তার বৃকে লয় পাচ্ছে। চিম্তাগুলিকে নিয়ন্ত্রিত করবার কোন চেটা ক'রো না, কল্পনার চক্ষে সেগুলি কেবল সাক্ষীর মতো দেখে যাও—কেমন ক'বে তারা ভেসে চলেছে। একটা পুকুরে ঢিল ছুঁড়লে যেমন প্রথমে খুব ঘন ঘন ভরক ওঠে, তারপর তরকের পরিধি যত বেড়ে যায়, তরক তত কমে আসে; তেমনি মনকে ঐভাবে ছেড়ে দিলে তার চিন্তার পরিধি যত বেড়ে যাবে, মনোর্ভি তত কমে আসবে। কিন্তু আমরা এই প্রণালী উল্টে দিতে চাই। প্রথমে একটা চিন্তার বড় রভ থেকে আরম্ভ ক'রে সেটাকে ছোট করতে করতে ঘথন মন একটা বিন্দৃতে আসবে, তথন তাকে সেখানে হির ক'বে রাখতে হবে। এই ভাবটি ধারণা কর: আমি মন নই; আমি দেখছি—আমি চিন্তা করছি, আমি আমার মনের গভিবিধি লক্ষ্য করছি। এইরকম অভ্যাস করতে করতে নিজের সক্ষে মনের বে অভিন্নভাব, তা দিন কমে আসবে; শেব পর্যন্ত নিজেকে মন থেকে সম্পূর্ণক্লপে পৃথক্ ক'রে কেলতে পারবে, এবং ঠিক ঠিক ব্রতে পারবে, মন তোমার থেকে পৃথক্।

এটা যথন হয়ে যাবে, তথন মন তোমার আজ্ঞাকারী ভূত্য। তাকে তুমি ইচ্ছামত নিয়ন্ত্রিত করতে পারবে। যোগী হওয়ার প্রথম স্তর— ইস্তিয়গুলিকে অতিক্রম করা; আর যথন মনকে জয় করা হয়ে গেছে, তথন গাধক সর্কোচ্চ স্তরে পৌছে গেছে।

যভদ্র সম্ভব একলা থাকবে। আদন নাতি-উচ্চ হওয়া উচিত; প্রথমে কুশাসন, ভারপর মুগচর্ম, তারপর রেশম বা পট্টবস্ত্র বিছাবে। হেলান দেবার কিছু না থাকাই ভাল, আর আসন যেন দৃঢ় হয়।

সর্বপ্রকার চিস্তা ত্যাগ ক'রে মনকে থালি ক'রে ফেলো; যখনই কোন চিস্তা মনে উঠবে, তখনই তাকে দ্র ক'রে দেবে। এই কাজ সম্পন্ন করতে গেলে জড় বস্তুকে ও আমাদের দেহকে অতিক্রম ক'রে যেতে হবে। বাস্তুবিকপক্ষে মানুষের সমগ্র জীবনই ঐ অবস্থা আনবার একটি অবিরাম চেষ্টা।

চিস্তাগুলি ছবি, ওগুলি আমরা সৃষ্টি করি না। প্রত্যেক ধ্বনির বা শব্দের নিজস্ব অর্থ আছে; আমাদের প্রকৃতির সঙ্গে এগুলি জড়িড।

আমাদের শ্রেষ্ঠ আদর্শ হচ্ছেন ভগবান্। তাঁকেই ধ্যান কর। আমরা জ্ঞাতাকে জানতে পারি না, কারণ আমাদের স্বরূপই বে তিনি। অশুভ দেখি বেলেই অনর্থের স্পষ্ট আমরা নিজেরাই করি। আমরা ভিতরে যা, বাইরে তাই দেখি, কেনু না জগণটা আমাদের আয়নার মতো। এই ছোট দেহটা আমাদের স্ট একথানি ছোট আয়না, প্রকৃতপক্ষে সারা বিশ্বই হচ্ছে আমাদের শরীর।
সর্বদা এই চিন্তা করতে হবে, তবেই বৃথতে পারবো—আমরা মরি না বা
কাকেও আঘাত করতে পারি না, কারণ যাকে আঘাত ক'রব সেও যে
আমিই। আমাদের জন্ম নেই, মৃত্যুও নেই; আমাদের কর্তব্য শুধু সকলকে
ভালবেদে যাওয়া।

'এই বিশ্বজগৎ আমার শরীর; সমন্ত স্বাস্থ্য, সমন্ত আনন্দ আমারই; কারণ সবই যে বিশ্বের ভেতর ।' বলো, 'আমি এই বিশ্বজগৎ'। অবশেষে ব্রতে পান্ধি—যা কিছু কর্মব্যাপার, সবই আমাদের থেকে আয়নায় প্রতিফলিত হচ্ছে।

ষদিও মনে হচ্ছে, আমরা ছোট তরকের মতো, আমাদের সকলের পশ্চাতে এক অথও সম্ত্র, এবং আমরা সকলেই তার সঙ্গে মিলিত। সম্ত্র ছাড়া তরঙ্গ একা থাকতে পারে না।

ঠিকভাবে নিয়োজিত হ'লে কল্পনা আমাদের পরম বন্ধুর কাজ করে। কল্পনা যুক্তির রাজ্য ছাড়িয়ে যায়, এবং একমাত্র কল্পনার আলোই আমাদের . সর্বত্র নিম্নে যেতে পারে।

প্রেরণা আমাদের ভেতর থেকে ওঠে, তাই নিজ নিজ উচ্চতর শক্তি বারা) আমাদের নিজেদের অনুপ্রাণিত করতে হবে।

পঞ্চম পাঠ

প্রত্যাহার ও ধারণা। শ্রীকৃষ্ণ বলেছেন, 'যে বে-পথ দিয়েই সন্ধান করুক, সকলেই আমার কাছে পৌছবে'—'সকলেই আমার কাছে পৌছবে।'' প্রত্যাহার হচ্ছে মনকে গুটিয়ে এনে ঈজিত বস্তুতে কেন্দ্রীভূত করবার চেটা। এর প্রথম ধাপ—মনকে ছেড়ে দিয়ে তার উপর নজর রাখা এবং দেখা— মন কি ভাবে। যখনই কোন চিন্তার উপর বিশেষ নজর দেবে, অমনি সে চিন্তা বন্ধ হয়ে যাবে; কিন্তু চিন্তাগুলিকে জোর ক'রে বন্ধ করবার চেটা ক'রো না,

১ 'বে বথা মাং প্রপত্ততে তাংতবৈব ভক্তামাহম্'---গীতা, ৪।১১

কেবল সাকী হয়ে দেখে যাও। মন তো আর আত্মানয়, মন হচ্ছে জড়ের একটু স্ক অবস্থামাত্র। স্নার্শক্তি দিয়ে একে আয়ত্ত ক'রে নিজেদের উদ্দেশ্য সাধনের জন্ম মনকে কাজে লাগানোর উপায় শিখে নিতে পারি।

দেহ হচ্ছে মনের (ব্যক্তিভাবের) বহিঃপ্রকাশ। কিন্তু আমরা আত্মা, দেহ-মনের অতীত; আমরা অনস্ত, অপরিবর্তনীয় দাক্ষিস্বরূপ আত্মা। দেহটা চিস্তারই ঘনীভূত রূপ।

ষধন বাম নাদা দিয়ে নিংখাদ পড়বে তথন বিশ্বামের সময়, যখন দক্ষিণ নাদা দিয়ে পড়বে তথন কাজের সময়, যখন তুই নাদা দিয়েই পড়বে তথন ধ্যানের সময়। যখন দেহ-মন শাস্ত হয়ে আদবে আর তুই নাদা দিয়েই সমানভাবে নিংখাদ পড়বে, তথন বুঝতে হবে ঠিক ঠিক ধ্যানের অবস্থা হয়েছে। প্রথমেই জোর ক'রে মনকে একাগ্র করবার চেষ্টা ক'রে কোন লাভ নেই। চিস্তার নিয়ন্ত্রণ আপনিই হবে।

অনুষ্ঠ ও অনামিকার সাহায্যে বহুদিন এই প্রাণায়াম অভ্যাস করবার পর, কেবল চিস্তার মধ্য দিয়ে ইচ্ছাশক্তির ছারাই এরকম করা যেতে পারে।

প্রাণায়ামের এইবার একটু পরিবর্তন দরকার। বেসব সাধক ইষ্টমন্ত্র পেয়েছে, তারা রেচক ও প্রকের সময় 'ওঁ'কারের পরিবর্তে ইষ্টমন্ত্র এবং কুম্বকের সময় 'হুঁ' মন্ত্র জপ করবে।

কুন্তকের সময় যথন 'ছ' মন্ত্র জপ করবে, তথন মনে মনে করনা করবে, সেই ধৃত নি:খাস পুন: পুন: কুগুলিনীর মাথায় আঘাত করছে এবং তার হারা তিনি যেন জাগরিত হচ্ছেন। শুধু ঈখরের সঙ্গে নিজেকে অভিন্ন মনে কর। ধ্যান করবার কিছুক্ষণ পরে আমরা ব্যুতে পারবাে হে, চিন্তাগুলি আসছে; কি ক'রে চিন্তাগুলি উঠছে আর আমরা কি-ই বা চিন্তা করতে যাচ্ছি, তাও ব্যুতে পারবাে। জাগ্রং অবস্থায় যেমন আমরা তাকিয়ে দেখতে পাই যে, একটা লোক আসছে, এও অনেকটা তেমনি। যথন আমরা মন থেকে আআকে পৃথক্ করতে পারবাে, যথন আমরা ব্যুতে পারবাে যে, আমরা ও আমাদের চিন্তা সম্পূর্ণ আলাদা জিনিস, তথনই আমরা ঐ অবস্থায় সৌছেছি। চিন্তাগুলি হেন তোমাকে পেয়ে না বসে; সর্বদা তাদের পাশ দাটাবে, তা হলেই তারা আপনি বিলীন হয়ে যাবে।

সং চিন্ধাগুলি অনুসরণ কর; তাদের সঙ্গে সঙ্গে বাও) যখন ভারা ন্তিমিত হয়ে বাবে, তখন সর্বশক্তিমান্ ভগবানের প্রীচরণ দেখতে পাবে। এই হচ্ছে অভিচেতন অবস্থা। ভাব যখন ন্তিমিত হয়ে আসবে, তখন তার অনুসরণ কর, আর সঙ্গে সঙ্গে তুমিও বিলীন হয়ে যাও।

ছাতি হচ্ছে অন্তর্জ্যোতির প্রতীক. যোগী তা দেখতে পান। কথন কখন এমন একথানি মুখ আমরা দেখতে পাই, তা যেন জ্যোতি দিয়ে ঘেরা, তার মধ্যে আমরা চরিত্র পাঠ ক'রে নিভূলি সিন্ধান্ত করতে পারি। ভাবচক্ষে হয়তো ইপ্র্যাত আমাদের সামনে আসতে পারেন, সহজেই তাঁকে প্রতীকরূপে গ্রহণ ক'রে আমরা মনকে সম্পূর্ণক্রপে একাগ্র করতে পারি।

যদিও আমরা সকল ইন্দ্রির ঘারাই করনা করতে পারি, তথাপি চোধ
দিয়েই বেশীর ভাগ করনা করি। এমন কি, করনা পর্যন্ত আর্ধেক বাড়া
আর এক ভাবে বলতে গেলে বলা যার যে, মানসিক চিত্র ছাড়া চিস্তাই
করা যার না। পশুরা চিস্তা করে ব'লে বোধ হয়, কিন্তু তাদের যথন ভাষা
নেই, তথন মনে হয়—ভাব ও প্রতীকের মধ্যে কোন বিশেষ অক্টেম্ভ
সম্বন্ধ নেই।

্ষোগের সময় কল্পনাকে ধ'রে রাখবার চেষ্টা করবে, কিন্তু সাবধান, তা যেন পবিত্র হয়। আমাদের প্রত্যেকেরই কল্পনাশক্তির বৈশিষ্ট্য আছে; ভোমার পক্ষে যে পথ খুব স্বাভাবিক, তাই অন্নরণ কর; সেটাই ভোমার পক্ষে সব চেয়ে সোজা হবে।)

পূর্ব পূর্ব সব জন্মের কর্মের শেষ ফল আমাদের এই বর্তমান জীবন। বৌদ্ধেরা বলেন, 'এক প্রদীপ থেকে আর এক প্রদীপ জলে ওঠে।' প্রদীপ আলাদা, কিছু আলো সেই একই।

্ সর্বদা প্রফুল ও সাহসী থাকবে, রোজ স্নান করবে; ধৈর্য, পবিত্রতা, অধ্যবসায়—এই সব থাকলে তবে ঠিক ঠিক যোগী হ'তে পারবে। কথনও তাড়াভাড়ি ক'রো না। অলোকিক শক্তি এলে মনে করবে ওগুলি বিপথ; তারা যেন তোমায় লুক ক'রে আসল পথ থেকে সরিয়ে নিয়ে না যায়। তাদের দ্বে সরিয়ে দিয়ে ভোমার বে একমাত্র লক্ষ্য—ভগবান্, তাঁকেই ধ'রে থাকবে।)কেবল সেই চিরস্তনকে খোজ, যার স্কান পেলে, আমাদের

চিরবিশ্রাম লাভ হয়। পূর্ণত লাভ করবার পর আর কিছুই কাম্য থাকে না, যার জন্ত চেষ্টা করতে হবে; তথন আমরা চিরমুক্ত-সন্তাম্বরূপ।

সৎস্করপ, চিৎস্বরূপ, আ্রন্দস্বরূপ।

ষষ্ঠ পাঠ

সবিকর ও স্থ্য়। স্থ্যার ধ্যান করা বিশেষ প্রয়োজন। ভাব-চক্ষে কথনও এর দর্শন পেয়ে যেতে পারো, এইটিই সব চেয়ে ভাল উপায়। ঐভাবে দর্শন পেলে বহুক্ষণ তার ধ্যান করবে। স্থ্য়া একটি অতি স্ক্র, জ্যোতির্ময়, স্ত্রাকার, প্রাণময় পথ—মেরুদণ্ডের মধ্য দিয়ে চলেছে, মৃজ্বির এই পথ দিয়েই কুগুলিনীকে ওপরে তুলতে হবে।

যোগীর ভাষায় স্থ্যার তৃটি প্রান্ত তৃটি পদ্মে; নীচের পদ্মটি কুণ্ডলিনীর জিকোণকে ঘিরে আছে, আর উপরের পদ্মটি—ব্রহ্মরন্ত্রে সহস্রার ঘিরে আছে। এ-তৃটির মাঝখানে আরও পাঁচটি পদ্ম আছে।

উপরের দিক থেকে নিমের স্তর বা অবস্থাগুলি, চক্র বা পদ্মের নাম:

সপ্তম---সহস্রার---মন্তকে

यर्छ--- व्याख्यां हक--- व्यवस्था मध्या

পঞ্চম--বিশুদ্ধ--কণ্ঠে।

চতুর্ধ-অনাহত-ৰক্ষে বা হাদয়ে।

তৃতীয়—মণিপুর—নাভিদেশে।

বিতীয়—স্বাধিষ্ঠান—উদর-নিমে।

व्यथम-मृनाथात-यक्रमण्डत निया।

প্রথমে কুণ্ডলিনীকে জাগাতে হবে, তারপর একটির পর একটি পদ্ম ভেদ ক'রে ওপরে তুলতে হবে, যে-পর্যস্ত না মন্তিকে পৌছানো যায়। প্রত্যেক অবস্থা বা ভূমি হচ্ছে মনের নতুন নতুন শুর।

> ইংরেন্সীতে আছে: 'four other lotuses'

ইংরেজীতে দ্বিতীয় ও তৃতীয় একত্র ধরা হইয়াছে।

রাজযোগ


(অথবা অস্তঃপ্রকৃতি-জয়)

আত্মা মাত্রেই অব্যক্ত ব্রহ্ম।

বাহ্য ও অস্তঃপ্রকৃতি বশীভূত করিয়া আত্মার এই ব্রহ্মভাব ব্যক্ত করাই জীবনের চরম লক্ষ্য।

কর্ম, উপাসনা, মনঃসংযম অথবা জ্ঞান—ইহাদের মধ্যে এক, একাধিক বা সকল উপায়ের দারা নিজের ব্রহ্মভাব ব্যক্ত কর ও মুক্ত হও।

ইহাই ধর্মের পূর্ণাঙ্গ। মতবাদ, অনুষ্ঠান-পদ্ধতি, শাস্ত্র, মন্দির বা অস্তু বাহ্য ক্রিয়াকলাপ উহার গৌণ অঙ্গপ্রত্যঙ্গ মাত্র।



ভূমিকা

ইতিহাসের প্রারম্ভ হইতে মহয়সমাজে বছবিধ অলৌকিক ঘটনার উল্লেখ পাওয়া যায়। বর্তমান কালেও যে-দকল সমাজ আধুনিক বিজ্ঞানের পূর্ণালোকে বাস করিতেছে, তাহাদের মধ্যেও এইরূপ ঘটনার সাক্ষ্যপ্রদানকারী মাস্কুষের অভাব নাই। এইরূপ প্রমাণের অধিকাংশই বিশাদের অযোগ্য, কারণ যে ব্যক্তিগণের নিকট হইতে এই-সকল প্রমাণ পাওয়া বায়, ভাহাদের অনেকেই অজ্ঞ কুসংস্কারাচ্ছন্ন বা প্রতারক। অনেক ক্ষেত্রেই তথাকথিত অসৌকিক ঘটনাগুলি অমুকরণমাত্র। কিন্তু ঐগুলি কিসের অমুকরণ ? যথার্থ অমুসন্ধান না করিয়া কোন কথা একেবারে উড়াইয়া দেওয়া অকপট বৈজ্ঞানিক মনের পরিচয় নয়। যাহারা ভাষাভাষা বৈজ্ঞানিক, তাহারা মনোরাজ্যের নানাপ্রকার অলোকিক ব্যাপার-পরম্পরা ব্যাখ্যা করিতে অসমর্থ হইয়া সেগুলির অন্তিত্বই একেবারে অস্বীকার করিতে চেষ্টা করে। অতএব যে-দকল ব্যক্তির বিখাস—মেঘলোকের উর্ধের কোন পুরুষবিশেষ অথবা দেবভাগণ ভাহাদের প্রার্থনা পূর্ণ করেন অথবা ভাহাদের প্রার্থনায় প্রাকৃতিক নিয়মের ব্যতিক্রম করেন, তাহাদের অপেক্ষা পূর্বোক্ত বৈজ্ঞানিকগণ অধিকতর দোষী। কারণ শেবাক্তেরা বরং অজ্ঞতা বা বাল্যকালের ভ্রমপূর্ণ শিক্ষাপ্রণালীর দোহাই দিতে পারে, এই শিক্ষা তাহাদিগকে এইরূপ দেবতাদের উপর নির্ভর করিতে শিধাইয়াছে, এই নির্ভরতা এখন তাহাদের অবনত স্বভাবের অঙ্গীভূত হইয়া পড়িয়াছে ; কিন্তু পূর্বোক্ত ব্যক্তিদিগের দোহাই দিবার কিছুই নাই।

সহস্র সহস্র বৎসর ধরিয়া লোকে এইরপ অলৌকিক ঘটনাবলী পর্যবেক্ষণ করিয়াছে, উহার বিষয়ে বিশেষরূপে চিন্তা করিয়াছে এবং পরে উহার ভিতর হইতে কতকগুলি সাধারণ তত্ত্ব বাহির করিয়াছে; এমন কি মাহুষের ধর্ম-প্রান্তির ভিত্তিভূমি পর্যন্ত বিশেষরূপে তন্ন তন্ন করিয়া বিচার করা হইয়াছে। এই সমূল্য চিন্তা ও বিচারের ফল এই রাজ্যোগরূপ বিজ্ঞান। যে-সকল ঘটনা ব্যাখ্যা করা ত্ত্রহ, কতকগুলি আধুনিক বৈজ্ঞানিকের অমার্জনীয় ধারা অবলম্বন করিয়া রাজ্যোগ দেগুলির অন্তিত্ব অস্বীকার করে না, বরং ধীরভাবে অথচ স্থুপাই ভাষায় কুসংস্থারাজ্য ব্যক্তিগণকে বলে যে অলৌক্কি ঘটনা,

প্রার্থনার উত্তর, বিখাসের শক্তি—এগুলি যদিও সত্য, কিন্তু মেঘের ওপারে অবস্থিত কোন দেবতা হারা এ-সকল ব্যাপার সংসাধিত হয়—এইক্লপ কুসংস্কার-পূর্ণ ব্যাখ্যা দারা ঐ ঘটনাগুলি বুঝা যায় না। রাজ্যোগ সমগ্র মানবজাতিকে এই শিক্ষা দেয় যে, জ্ঞান ও শক্তির অনস্ত সমৃদ্র আমাদের পশ্চাতে বহিয়াছে, প্রত্যেক ব্যক্তি তাহারই এক একটি কুত্র প্রণালী মাত্র। ইহা আরও শিক্ষা দেয়, সমস্ত অভাব ও বাসনা যেমন মাহুষের অস্তরেই রহিয়াছে, তেমনি মামুষের ভিতরেই ঐ অভাব মোচন করিবার শক্তিও রহিয়াছে ; যথন ষেথানে কোন বাদনা, অভাব বা প্রার্থনা পূর্ণ হয়, তথনই বুঝিতে হইবে এই অনস্ত শক্তি-ভাণ্ডার হইতেই এই সব প্রার্থনা পূর্ণ হইতেছে, কোন অলোকিক পুরুষের দারা নয়। ⁽ অপ্রাকৃত পুরুষের ধারণা মাহুষের ক্রিয়াশক্তি কিছু পরিমাণে জাগ্রত করিতে পারে বটে, কিন্তু ইহাতে আবার আধ্যাত্মিক অবনভিও হইয়া থাকে। ইহার ফলে স্বাধীনতা চলিয়া যায়, ভয় ও কুসংস্কার আদিয়া হৃদয় অধিকার করে, ঐভাব শেষ পর্যন্ত এই ভয়ঙ্কর বিখাসে পর্যসিত হয় যে,— মা**ত্**য স্বভাবতঃ তুর্বল। বোগী বলেন, অতিপ্রাকৃত বলিয়া কিছু নাই, তবে প্রকৃতির সূল ও স্কা বিবিধ প্রকাশ বা রূপ আছে বটে। স্কা কারণ, সূল কার্য। স্থলকে সহজেই ইন্দ্রিয় দারা উপলব্ধি করা যায়, স্ক্রকে সেরূপ করা যায় না। রাজযোগ অভ্যাস করিলে স্ক্ষতর অহভৃতি অর্জিত হইতে থাকে।

ভারতবর্ষে যত বেদাহার দর্শনশাস্ত্র আছে, ভাহাদের সকলেরই এক লক্ষ্য
—পূর্ণতা লাভ করিয়া আত্মার মৃক্তি। ইহার উপায় যোগ। 'যোগ'
শব্দ বহুব্যাপক। সাংখ্য ও বেদাস্ত উভয় মতই কোন-না-কোন আকারে
যোগের সমর্থন করে।

বর্তমান গ্রন্থের আলোচ্য বিষয় 'রাজ্বোগ' নামে পরিচিত যোগ।
রাজ্বোগের শাস্ত্র ও দর্বোচ্চ প্রামাণিক গ্রন্থ 'পাতঞ্জলস্ত্র'। কোন কোন
দার্শনিক বিষয়ে পতঞ্জলির সহিত মতভেদ হইলেও অন্যান্ত দার্শনিকগণ
সকলেই কার্যক্ষেত্রে একবাক্যে তাঁহার সাধনপ্রণালী অহুমোদন করিয়াছেন।

(এই পুস্তকের প্রথমাংশে, বর্তমান লেখক নিউ ইয়র্কে কভকগুলি ছাত্রকে শিক্ষা দিবার জন্ম যে-সকল বক্তৃতা দেন, সেইগুলি গ্রাথিত হইল। দ্বিতীয়াংশে শৃতঞ্জলির স্ত্রগুলির ভাবাহ্যাদ ও সঙ্গে সঙ্গে একটি সংক্ষিপ্ত ব্যাখ্যা দেওয়া হইয়াছে। যভদ্র সাধ্য, পারিভাষিক শব্দ ব্যবহার না করিবার ও

কথোপকথনের সহজ ও সরল ভাষার লিথিবার চেটা করা হইয়াছে। প্রথমাংশে লাধনার্থিপণের জন্ত কতকগুলি সরল ও বিশেষ উপদেশ দেওরা হইয়াছে; কিছ তাঁহাদের সকলকেই বিশেষ করিয়া লাখধান করিয়া দেওয়া ঘাইতেছে বে, যোগের কোন কোন লামান্ত জন্ত ব্যতীত, নিরাপনে যোগশিকা করিতে হইলে গুলুর লাকাৎ সংস্পর্শে থাকা আবশ্রক। যদি কথাবার্তার ছলে প্রদন্ত এই-সকল উপদেশ লোকের মনে এই-সম্বন্ধে আরও অধিক জানিবার ইচ্ছা উল্লেক করিয়া দিতে পারে, তাহা হইলে গুলুর অভাব হইবে না।)

পাতঞ্জ-দর্শন সাংখ্যমতের উপর স্থাপিত, এই হুই মতে প্রভেদ অতি
সামাক্ত। ছটি প্রধান মত-বিভিন্নতা এই প্রথমতঃ পতঞ্জলি আদিগুরুষরপ
সঞ্জণ ঈশর স্বীকার করেন, কিন্তু সাংখ্যেরা কেবল প্রায়-পূর্ণতাপ্রাপ্ত কোন
ব্যক্তি—খাহার উপর সাময়িকভাবে কোন করে জগতের শাসনভার প্রমত্ত
হুর, এইরূপ অর্থাৎ জন্ত-ঈশর মাত্র স্বীকার করিয়া থাকেন। বিতীয়তঃ
বোগীরা মনকে আত্মা বা 'পুরুষে'র স্তায় সর্বব্যাপী বলিয়া স্বীকার করিয়া
থাকেন, সাংখ্যেরা তাহা করেন না।

গ্রন্থকার

অবতরণিকা

আমাদের সকল জানই অভিজ্ঞতার উপর প্রতিষ্ঠিত। আহুমানিক জ্ঞান, যেখানে সামান্ত (general) হইতে সামান্ততর বা সামান্ত হইতে বিশেষ (particular) জ্ঞানে উপনীত হই, তাহারও ভিত্তি—অভিজ্ঞতা। যেগুলিকে নিশ্চিত-বিজ্ঞান বলে, সেগুলির সত্যতা লোকে সহজেই বৃবিতে পারে, কারণ ঐগুলি প্রত্যেকের বিশেষ বিশেষ অভিজ্ঞতা ম্পর্ণ করে। বৈজ্ঞানিক তোমাকে কোন বিষয় বিখাস করিতে বলিবেন না, তিনি নিজে কতকগুলি বিষয় প্রত্যক্ষ অহুভব করিয়াছেন ও সেইগুলির উপর বিচার করিয়া কতকগুলি সিদ্ধান্তে উপনীত হইয়াছেন; যথন তিনি আমাদিগকে তাহার সেই সিদ্ধান্তগুলি বিশ্বাস করিতে বলেন, তথন তিনি কোন এক সর্বন্ধনীন অহুভ্তির নিকটই আবেদন জ্ঞাপন করেন। প্রত্যেক নিশ্চিত-বিজ্ঞানেরই (exact science) একটি সাধারণ ভিত্তিভূমি আছে, উহা হইতে লব্ধ সিদ্ধান্তসমূহ ঠিক না ভূল, তাহা আমরা সঙ্গে বৃব্ধিতে পারি। এখন প্রশ্ন এই—ধর্মের এক্কপ সাধারণ ভিত্তিভূমি কিছু আছে কি না? ইহার উত্তরে আমাকে হাঁ এবং না'—ছই-ই বলিতে হইবে।

পৃথিবীতে সচরাচর যেভাবে শিক্ষা দেওয়া হয়, তাহাতে বলা হয়—
ধর্ম কেবল শ্রানা ও বিশাসের উপর স্থাপিত, অধিকাংশ স্থলেই উহা ভিয় ভিয়
মতের সমষ্টি মাত্র। এইজন্মই দেখিতে পাই, সব ধর্মই পরস্পর বিবাদ
করিতেছে। এই মতগুলি আবার বিশাসের উপর স্থাপিত; একজন
বলিলেন, মেঘের উপরে এক মহান্ পুরুষ বিদিয়া আছেন, তিনিই সমগ্র জ্বাৎ
শাসন করিতেছেন; বজা আমাকে তাঁহার কথার উপর নির্ভর করিয়াই
উহা বিশাস করিতে বলেন। এইয়প আমারও নিজম্ব ভাষ থাকিতে পারে,
আমি অপরকে তাহা বিশাস করিতে বলিতেছি। যদি তাঁহারা কোন যুক্তি
চান, এই বিশাসের কারণ জিজ্ঞাস। করেন, আমি তাঁহাদিগকে কোনরূপ

> Exact Science—নিশ্চিড-বিজ্ঞান অর্থাৎ যে-সব বিজ্ঞানের তত্ত্ব এতদুর সঠিকভাবে নিশীত হইয়াছে বে, গণনা-বলে তাহার দারা ভবিশ্বৎ নিশ্চর করিয়া বলিয়া দিতে পারা বায়। ব্যা—গণিড, গণিড-জ্যোভিব ইত্যাদি।

যুক্তি দেখাইতে পারি না। এইজগ্রই আজকাল ধর্ম ও দর্শনশাল্লের প্রসদ্ধের দেখা বার। প্রত্যেক শিক্ষিত ব্যক্তিই বেন বলিতে চার, 'এই দব ধর্ম তো দেখছি কতকগুলো মত মাত্র, এগুলোর সভ্যাসত্য বিচারের কোন মানদণ্ড নেই, বার বা খুশি সে তাই প্রচার করতে ব্যন্ত।' এ-সব সন্থেও ধর্মবিশাসের এক সার্বভৌম মূলভিত্তি আছে—উহাই বিভিন্ন দেশের বিভিন্ন সম্প্রদারের বিভিন্ন মতবাদ ও সর্ববিধ বিভিন্ন ধারণাসমূহের নিয়ামক। এগুলির ভিত্তি পর্যন্ত অক্সরণ করিলে আমরা দেখিতে পাই বে, ঐগুলি সর্বজনীন অভিজ্ঞতা ও অক্সভৃতির উপর প্রতিষ্ঠিত।

প্রথমতঃ পৃথিবীর ভিন্ন ভিন্ন ধর্মগুলি একটু বিশ্লেষণ করিলে দেখিতে পাওয়া যায় যে, উহারা ছই শ্রেণীতে বিভক্ত। কতকগুলির শাস্ত্র বা গ্রছ আছে, কতকগুলির তাহা নাই। যেগুলি শাস্ত্রের উপর স্থাপিত, সেগুলি স্বৃদ্ধ, উহাদের অহুগামীর সংখ্যাও অধিক। শাস্ত্র-ভিত্তিইীন ধর্মসকল প্রায়ই ল্পু, কতকগুলি নৃতন হইয়াছে বটে, কিন্তু খুব কম লোকই ঐগুলির অহুগত। তথাপি উক্ত সকল সম্প্রদায়েই মতের এই ঐক্য দেখা যায় বে, উহাদের শিক্ষা বিশেষ বিশেষ ব্যক্তির প্রত্যক্ষ অভিক্রতার ফলস্বরূপ। গ্রীষ্টান তাঁহার ধর্মে, যীগুগ্রীষ্টেও তাঁহার অবতারত্বে, ঈশ্বর ও আত্মার অত্বিত্বে এবং আত্মার ভবিষ্কৎ উয়তির সম্ভাবনায় বিশাস করিতে বলিবেন। যদি আমি তাঁহাকে এই বিশ্বাদের কারণ জিজ্ঞাসা করি, তিনি বলিবেন—'ইহা আমার বিশ্বাস।' কিন্তু যদি তৃমি গ্রীষ্ট-ধর্মের মূল উৎসে গমন কর, তাহা হইলে দেখিতে পাইবে বে, উহাও প্রত্যক্ষ অহুভ্তির উপর স্থাপিত। যীগুগ্রীষ্ট বলিয়াছেন, 'আমি ঈশ্বর দর্শন করিয়াছি।' তাঁহার শিক্ষেরাও বলিয়াছিলেন, 'আমের ঈশ্বরকে অহুভব করিয়াছি।' এইরূপ আরও অনেকের কথা শুনা যায়।

বৌদ্ধর্মেও এইরূপ; বৃদ্ধদেবের প্রত্যক্ষাস্থৃতির উপর এই ধর্ম স্থাপিত। তিনি কতকগুলি দত্য অন্থতন করিয়াছিলেন, সেইগুলি দর্শন করিয়াছিলেন, দেই-সকল সত্যের সংস্পর্শে আসিয়াছিলেন এবং দেগুলিই জগতে প্রচার করিয়াছিলেন। হিন্দুদের সম্বন্ধেও এইরূপ; তাঁহাদের শাস্ত্রে ঋষি-নামধ্যে গ্রন্থকর্তাগণ বলিয়া গিয়াছেন, 'আমরা কতকগুলি সত্য অন্থতন করিয়াছি।' তাঁহারা দেগুলিই জগতে প্রচার করিয়া গিয়াছেন। অতএব স্পষ্ট বৃশ্বা গেল

নে, জগতে সকল ধর্মই জানের সার্বভৌম ও অনুচ ভিত্তি-প্রভাকাত্ভৃতির উপর স্থাপিত। দকল ধর্মাচার্ক্ট ঈশবকে দর্শন করিয়াছিলেন। তাঁছারা সকলেই আত্মধর্ণন করিয়াছিলেন; সকলেই নিজ নিজ ভবিত্রৎ দেখিয়াছিলেন —অনত বরণ অবগত হইয়াছিলেন। তাঁহারা যাহা দেবিয়াছিলেন, তাহাই প্রচার করিয়া গিয়াছেন। ভবে প্রভেদ এইটুকু যে, প্রায় দকল ধর্মেই---বিশেষতঃ ইদানীং—একটি অভুত দাবি আমাদের সমূধে উপস্থিত করা হয়, ভাহা এই : বর্তমানে এই-দকল অহত্তি অসম্ভব। বাঁহারা ধর্মের প্রথম স্থাপমিতা, পরে বাঁহাদের নামে সেই ধর্ম প্রচলিত হয়, ভগু এইরূপ কয়েকজন ব্যক্তির প্রতাকাহভৃতি দম্ভব ছিল। আত্মকাল আর এরণ অহুভৃতি কাহারও হয় না, অতএব ধর্ম এখন বিশাস করিয়াই লইতে হইবে-এ-কথা আমি সম্পূর্ণক্লপে অত্বীকার করি। ধদি অগতে জ্ঞানের কোন বিশেষ বিষয়ে কেহ কখন একটি কিছু অভিজ্ঞতা অর্জন করিয়া থাকেন, ভাহা হইলে আমরা এই দাৰ্বভৌম সিদ্ধান্তে উপনীত হইতে পারি বে, পূর্বেও কোটি কোট বার ঐক্প অভিজ্ঞতা লাভ করিবার সম্ভাবনা ছিল, পরেও অসম্ভকাল ধরিয়া বার বার ঐরণ সম্ভাবনা থাকিবে। একরণভাই প্রকৃতির কঠোর নিরম; একবার ষাহা,ঘটিয়াছে, ভাহা পুনরায় ঘটিতে পারে।

(বোগ-বিভার আচার্বগণ তাই বলেন, 'ধর্ম কেবল পূর্বকালীন অন্নত্তির উপর হাপিত নয়, পরস্ক বয়ং এই-সকল অন্নত্তিসন্দার না হইলে কেহই ধার্মিক হইতে পারে না। যে বিজ্ঞানের ঘারা এই-সকল অন্নত্তি হয়, তাহার নাম 'বোগ'।' ধর্ম যতদিন না অন্নত্ত হইতেছে, ততদিন ধর্মের কথা বলাই রুধা। তগবানের নামে এত গগুগোল, য়ৃদ্ধ ও বাদান্নবাদ কেন? তগবানের নামে যত রক্তপাত হইয়াছে, অন্ন কোন বিষয়ের অন্ন এত রক্তপাত হয় নাই; কারণ সাধারণ মান্ন্য ধর্মের মূল উৎসে যার নাই। সকলেই পূর্বপ্রস্কর্যণের কতকগুলি আচার অন্নমোদন করিয়াই সন্তই ছিল। তাহারা চাহিত, অপরেও তাই কক্ক। আত্মা অন্নত্তি না করিয়া, আত্মা অথবা ঈশব দর্শন না করিয়া 'ঈশব আছেন' বলিবার কি অধিকার মান্নবের আছে? বিদি

গ্র থাকেন, ভাহাকে দর্শন করিতে হইবে; যদি আত্মা বলিয়া কিছু থাকে,
গিহা উপলন্ধি করিতে হইবে। নতুবা বিশাস না করাই তাল। তণ্ড অপ্রক্রমাণ গিহাকী নাজিক ভাল। এক দিকে আক্রকালকার 'বিধান' বলিয়া পরিচিত

ব্যক্তিদের মনোভাব এই বে, ধর্ম, দর্শন ও পরমপুরুবের অছসন্ধান—সবই নিফল। অপর দিকে বাঁহারা অধশিক্ষিত, তাঁহাদের মনের ভাব এইরূপ বােধ হয় যে, ধর্ম-দর্শনাদির বাত্তবিক কোন ভিত্তি নাই, তবে ঐগুলির এই মাত্র উপযােগিতা যে, এগুলি জগতের মঙ্গল-সাধনের বলিষ্ঠ প্রেরপাশক্তি—বদি মাহ্ব ঈশরে বিশাস করে, সে সং ও নীতিপরারণ হইতে পারে এবং কর্তব্যনিষ্ঠ নাগরিক হয়। বাহাদের এইরূপ ভাব, তাহাদিগকে দোব দিতে পারি না; কারণ তাহারা ধর্ম সম্বন্ধে যাহা কিছু শিক্ষা পায়, তাহা অসংলগ্ধ অন্তঃসারশ্য প্রলাপ-বাক্যের মতাে অনন্ত শব্দমান্তিতে বিশাস মাত্র। তাহাদিগকে শব্দের উপরে বিশাস করিয়া থাকিতে বলা হয়। তাহারা কি এরপ বিশাস করিতে পারে? যদি পারিত, তাহা হইলে মানব-প্রেরতির প্রতি আমার বিন্দুমাত্র প্রজা থাকিত না। মাহ্ব সত্য চার, স্বয়ং সত্য অন্তল্পক বিতে চায়; সত্যকে ধারণা করিতে, সত্যকে সাক্ষাৎ করিতে, অন্তর্বের অন্তল্পক করিতে চায়। 'কেবল তথ্যই সকল সন্দেহ চিনিয়া যায়, সব তমোজাল ছিয়-ভিয় হইয়া যায়, সকল বক্রতা সরল হইয়া যায়'।' বেদ এইরূপ ঘোষণা করেন—

'হে অমৃতের পুত্রগণ, হে দিব্যধাম-নিবাদিগণ, শ্রবণ কর—আমি এই অজ্ঞানান্ধকার হইতে আলোকে ষাইবার পথ পাইয়াছি, যিনি সকল ভমসার শারে, তাঁহাকে জানিতে পারিলেই দেখানে যাওয়া যায়—মৃক্তির আর কোন উপায় নাই।'

রাজধোগ-বিজ্ঞানের লক্ষ্য এই সভ্য লাভ করিবার প্রকৃত কার্যকর ও সাধনোপযোগী বৈজ্ঞানিক প্রণালী মানব-সমক্ষে স্থাপন করা। প্রথমভঃ প্রত্যেক বিজ্ঞানেরই নিজম্ব পর্যবেক্ষণ-প্রণালী আছে। তৃমি যদি জ্যোতির্বিদ্ হইতে ইচ্ছা কর, আর বিদয়া বদিয়া কেবল 'জ্যোতিষ জ্যোতিষ' বলিয়া চীৎকার কর, কথনই তুমি জ্যোতিষ্পান্তে অধিকারী হইবে ন।। রসায়ন-

ভিততে লদয়প্রশ্বিশিইভাস্তে সর্বসংশর্মাঃ।
 ক্ষীরস্তে চাস্ত কর্মাণি ভিশ্মিন্ দৃষ্টে পরাবরে। মুগুক উপ. ২।২।৮

২ শৃথন্ত বিশ্বে অমৃতক্ত পূত্রা আ বে ধামানি দিব্যানি ভষ্ণ: । বে: উ:, ২।৫ বেদাহমেতং পুরুষং মহান্তম্ আদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ। তমেব বিদিত্বাহতিমৃত্যুমেতি নাজঃ পদা বিভত্তেহননার। বে: উ:, ৬।৮

শাল্প সম্বন্ধেও ঐক্সপ । এধানেও একটি নির্দিষ্ট প্রধালী অস্থসরণ করিতে হইবে; পরীক্ষাগারে (laboratory) গিয়া বিভিন্ন প্রব্যাদি লইডে হইবে, ঐশুলি মিশাইরা বৌগিক পদার্থে পরিণত করিতে হইবে, পরে ঐগুলি লইরা পরীকা করিলে ভবে ভূমি রসায়নবিৎ হইতে পারিবে। বদি ভূমি জ্যোভির্বিৎ হইতে চাও, ভাহা হইলে ভোমাকে মানমন্দিরে গিয়া দূরবীকণ-যন্ত্রের সাহাব্যে গ্রহ-নক্ত পর্যবেক্ষণ করিতে হইবে, ভবে তুমি জ্যোভির্বিৎ হইতে পারিবে। প্রজ্যেক বিছারই এক একটি নির্দিষ্ট প্রণালী থাকা উচিত। আমি ভোমাদিগকে শত সহস্র উপদেশ দিতে পারি, কিন্তু তোমরা যদি সাধনা না কর, তোমরা কথনই ধার্মিক হইতে পারিবে না; সকল যুগে সকল দেশেই নিফাম শুদ্ধ-স্বভাব জ্ঞানিগণ এই সভ্য প্রচার করিয়া গিয়াছেন। জগতের হিতসাধন ব্যজীত তাঁহাদের আর কোন কামনা ছিল না। তাঁহারা সকলেই বলিয়াছেন, 'ইন্দ্রিরগণ আমাদিগকে যে সত্য অহুভব করাইতে পারে, আমরা তাহা অপেক্ষা উচ্চতর সভ্য লাভ করিবাছি।' তাঁহারা সকলকে সেই সভ্য পরীক্ষা করিতে আহ্বান করেন। তাঁহারা আমাদিগকে একটি নির্দিষ্ট সাধনপ্রণালী লইয়া আন্তরিক সাধন করিতে বলেন। এইভাবে সাধনা করিয়া যদি আমরা এই উচ্চতর সত্য লাভ না করি, তখন আমরা বলিতে পারি, এই উচ্চতর সত্য সম্বন্ধে যাহা বলা হয়, তাহা যথার্থ নয়। ভাহার পূর্বে এই-সকল উক্তির সত্যতা একেবারে অস্বীকার করা কোনমভেই যুক্তিযুক্ত নয়। অতএব আমাদের নির্দিষ্ট সাধনপ্রণাদী দইয়া নিষ্ঠাপূর্বক সাধন করিতে হইবে, আলোক নিশ্চয়ই আসিবে। 🗅

কোন জান লাভ করিতে হইলে আমরা দামান্তীকরণের সাহায্য লইরা থাকি; দামান্তীকরণ আবার পর্ববেক্ষণের উপর প্রতিষ্ঠিত। প্রথমে আমরা ঘটনাবলী পর্ববেক্ষণ করি, পরে দেইগুলিকে দাধারণ সংজ্ঞার অন্তর্ভূ কিরি, শেষে তাহা হইতে আমাদের সিদ্ধান্ত বা মূলনীতি উদ্ভাবন করি। যতক্ষণ না মনের ভিতর কি হইতেছে, তাহা প্রত্যক্ষ করিতে পারি, ততক্ষণ আমরা মন সম্বন্ধে, মাহ্যবের আভান্তরীণ প্রকৃতি সম্বন্ধে, মাহ্যবের চিন্তা সম্বন্ধে কিছুই আনিতে পারি না। বাহ্য জগতের ব্যাপার পর্ববেক্ষণ করা অপেকাক্ষত সহজ, কারণ ঐ উদ্দেশ্যে বহু যত্রপাতি আবিদ্ধৃত হইরাছে, কিন্তু অন্তর্গতের ব্যাপার জানিতে সাহায্য করে, এমন কোন যত্র

আমাদের নাই। তথাপি আমরা নিশ্বর জানি বে, কোন বিভাকে প্রকৃত বিজ্ঞানে উন্নীত করিতে হইলে পর্যবেক্ষণ আবশুক। বিশ্লেষণ ব্যতীত বিজ্ঞান নির্মাক ও নিক্ষণ হইনা ভিত্তিহীন অহমানমাত্রে পর্যবিদ্ধি হয়। এই কারণেই যে অল্ল কয়েক জন মনোবিং পর্যবেক্ষণ করিবার উপার জানিয়াছেন, তাঁহারা ব্যতীত আর সকলেই চিরকাল নিজেদের মধ্যে বাদাহ্রবাদ করিডেছেন মাত্র।

বাদ্ধগোগ-বিজ্ঞান প্রথমতঃ মাহুষকে তাহার নিজের আভ্যন্তরীৰ অবস্থাসমূহ পর্যবেক্ষণ করিবার উপায় দেখাইয়া দের। মনই ঐ পর্যবেক্ষণের বন্ধ। আমাদের বিষয়বিশেষে অবহিত হইবার শক্তিকে ঠিক ঠিক নিয়মিত করিয়া অন্তর্জগতের দিকে পরিচালিত করিতে পারিলেই উহা মনকে বিশ্লেষণ করিয়া কেলিবে, এবং তাহার আলোকে আমরা ঠিক ঠিক বুঝিতে পারিব, আমাদের মনের মধ্যে কি ঘটতেছে, মনের শক্তিসমূহ ইডন্ডতোবিকিপ্ত আলোকরশাসদৃশ। উহারা কেন্দ্রীভূত হইলেই সব কিছু আলোকিত করে, ইহাই আমাদের জ্ঞানের একমাত্র উপায়। কি বাহ্দগতে, কি অন্তর্জগতে সকলেই এই শক্তি ব্যবহার করিতেছে; তবে বৈজ্ঞানিক বহির্জগতে যে সুদ্ম পর্ববেক্ষণশক্তি প্রয়োগ করেন, মনোবিৎকে ভাহাই মনের উপর প্রয়োগ করিতে হইবে। ইহাতে অনেক অভ্যাদ প্রয়োজন। বাল্যকাল হইতে আমরা কেবল বাহিরের বস্তুতেই মনোনিবেশ করিতে শিক্ষা পাইয়াছি, অন্তর্জগতের বস্তুতে নয়। এই কারণে আমাদের মধ্যে অধিকাংশই অন্তর্গত্তের পর্যবেক্ষণ-শক্তি হারাইয়া ফেলিয়াছে। মনকে অন্তর্ম করা, উহার বহির্ম্থী গতি নিবারণ করা—যাহাতে মন নিজের খভাব জানিতে পারে, নিজেকে বিল্লেষণ করিয়া দেখিতে পারে, সেজস্ত উহার সমুদর শক্তি কেন্দ্রীভূত করিয়া নিজের উপরেই প্রয়োগ করা অতি কঠিন কার্ব। কিন্তু এ-বিষয়ে বৈজ্ঞানিক প্রথায় অগ্রসর হইতে হইলে ইহাই একমাত্র উপায়।

এইরপ জানের উপকারিতা কি ? প্রথমত: জানই জানের সর্বোচ্চ প্রস্থার। বিতীয়ত: ইহার উপকারিতাও আছে; ইহা সমত হঃধ দ্র করিবে। যথন মাম্য নিজের মন বিশ্লেবণ করিতে করিতে এমন এক বস্তুর সাক্ষাং পার, যাহার কোন কালে নাশ নাই—যাহা স্কর্পত: নিত্যপূর্ণ ও নিত্যশুদ্ধ, তথন আর তাহার হঃধ থাকে না, নিরানন্দ থাকে না। ভয় ও অপূর্ণ বাসনাই সকল ছংখের কারণ। পূর্বোক্ত অবস্থা লাভ করিলে মাছ্য বৃঝিতে পারিবে, তাহার মৃত্যু নাই, স্থতরাং তথন আর মৃত্যুভর থাকিবে না। নিজেকে পূর্ণ বিলয়া জানিতে পারিলে অসার বাসনা আর থাকে না। পূর্বোক্ত কারণবয়ের অভাব হইলে আর কোন ছংখ থাকিবে না—পরিবর্তে এই দেহেই পর্যানন্দ লাদ্য হইবে।

জ্ঞানলাভের একমাত্র উপায় একাগ্রতা। বনায়নবিং নিজের পরীক্ষাগারে মনের সমৃদ্য শক্তি কেন্দ্রীভূত করিয়া—বে-লকল বস্থ তিনি বিশ্লেষণ করিছেনে, সেগুলির উপার প্রয়োগ করেন, এইরপে ঐসকলের বহস্ত অবগত হন। জ্যোতির্বিং নিজের মনের সমগ্র শক্তি একত্র করিয়া দ্রবীক্ষণ যত্ত্বের মধ্য দিরা তাহা আকাশে প্রক্ষেপ করেন, আর অমনি ক্র্র চন্দ্র নক্ত্র—সকলেই নিজ নিজ রহস্ত তাঁহার নিকট ব্যক্ত করে। আমি বে-বিষয়ে এখন তোমাদের নিকট বলিতেছি, সে-বিষয়ে আমি যতই মনোনিবেশ করিতে পারিব, ততই সেই বিষয়ে আলোকপাত করিতে পারিব। তোমরা আমার কথা শুনিতেছ; তোমরাও যতই এ-বিষয়ে মনোনিবেশ করিবে, ততই আমার কথা শুনিতেছ বারণা করিতে পারিব।

মনের একাগ্রতা-শক্তি ব্যতিরেকে আর কিরপে অগতে এই-সকল জ্ঞান লব্ধ হইরাছে? প্রকৃতির বারদেশে আঘাত করিতে আনিলে—কিভাবে আঘাত করিতে হয়, তাহা জানা থাকিলে বিশপ্রকৃতি শীয় রহস্ত উদ্যাটিত করিয়া দিবার জল্প প্রস্তান সেই আঘাতের শক্তি ও তীব্রতা আসে একাগ্রতা হইতে। মহন্তমনের শক্তির কোন দীমা নাই; উহা বতই একাগ্র হয়, ততই উহার শক্তি একটি বিষয়ের উপর কেন্দ্রীভূত হয়, এবং ইহাই রহস্ত।

মনকে বহিবিষয়ে স্থিব করা অপেকাকত সহজ। মন স্বভাবতই বহিম্পি;
ধর্ম, মনোবিজ্ঞান কিংবা দর্শনবিষয়ে মন স্থিব করা সহজ নয়, কারণ
এক্ষেত্রে জাভা ও জেয় (বা বিষয়ী ও বিষয়) এক। এখানে জ্ঞানের বিষয়
একটি আভ্যন্তরীণ বন্ধ, মনই এখানে জ্ঞানের বিষয়। মনকে পর্যবেক্ষণ
করাই এখানে প্রয়োজন, আর মনই মনকে পর্ববেক্ষণ করিভেছে। আমরা
কানি, মনের এমন একটি ক্ষমতা আছে, বাহা হারা উহা নিজের ভিতরটি
প্রতিত পারে—উহাকে অন্তঃপর্যবেক্ষণশক্তি বলা হয়। আমি ভোমানের
ইত কথা কহিছেছি; আবার ঐ সময়েই আমি ষেন আর এক্জন লোক—

বাহিলে বাড়াইরা বহিলাছি এবং বাহা করিডেছি, ভাহা জানিজেছি ও শুনিতেছি। একই সময়ে তুমি কাল কবিতেহ ও ঠিছা কবিতেহ, পাৰাৰ ভোষার মনের আর এক অংশ যেন বাহিরে দাড়াইরা দেখিভেছে—ভূমি কি চিন্তা করিতেছ। মনের সমুদর শক্তি একর করিয়া মনের উপরেই প্রয়োগ ক্রিতে চ্ট্রে। পূর্বের **ডীক্ল রশ্মির নিকট অভি অন্ধকার কোণগুলিও** বেমন তাহাদের শুপ্ত তথ্য শুলীকাশ করিয়া দেয়, ভেমনি এই একাঞা মন নিব্যে অভি অভরতম রহস্তওলি প্রকাশ করিয়া দিবে। তথন আমরা বিখাদের প্রকৃত ভিত্তিতে উপনীত হইব, ইহাই প্রকৃত ধর্ম। তথনই আমরা অমুভব করিব—আগ্মা আছে কি না, জীবন কণছারী না অনম্বকালব্যাপী, বুঝিব-জগতে ঈশর বলিয়া কেহ আছেন কি না। সবই আমাদের সমক্ষে উদ্ঘাটিত হইবে। বাজবোগ আমাদিগকে ইহাই শিকা দিতে চায়। বাজ-বোগের দকল শিকার উদ্দেশ্য-কি ভাবে মনকে একাগ্র করা যায়, ভারণর কি ভাবে মনের গভীরভম প্রদেশ আবিষার করা ধায়, শেবে মনের ভিতরের ভাবগুলি হইতে কিভাবে একটা সাধারণ ভাবে খাসা বায় এবং তাহা হইডে নিজের একটা সিদ্ধান্ত করা যায়। এইজন্তই রাজ্যোগ জিজালা করে না, । 'ডোমার ধর্ম কি ?'—তুমি আন্তিক হও, নাত্তিক∗হও, শ্লহদি হও, বৌদ হও অথবা ঞীষ্টানই হও, তাহাতে কিছুই আসিয়া যায় না। আমবা মাছ্য—ইহাই বধেষ্ট। প্রভ্যেক মাছুবেরই ধর্মভন্ত অনুসন্ধান করিবার শক্তি আছে, অধিকারও আছে। প্রভ্যেক ব্যক্তিরই সকল বিধরে কারণ জিজাসা করিবার অধিকার আছে, আর নিজের ভিতর হইভেই সে প্রশ্নের উত্তরও পাইতে পারে। তবে একন্ত একটু কট্ট স্বীকার করা আবশ্রক।

তিহা হইলে এ-পর্যন্ত দেখিলান, এই রাজবোগের আলেচিনার কোন প্রকার বিখাসের প্ররোজন নাই। যভক্ষণ না নিজে প্রভাক করিভেছ, তভক্ষণ কিছুই বিখাস করিও না—রাজবোগ ইহাই শিক্ষা দের। সভ্যকে প্রভিত্তিত করিবার জন্ত জন্ত কিছুর সাহায্য প্রয়োজন হয় না। ভোষরা কি বলিতে চাও বে, জাগ্রত জবহার সভ্যতা প্রমাণ করিছে স্বপ্ন জনবা কর্মার সাহায্য আবশুক ? কথনই নয়। এই রাজবোগ-সাধনে বীর্ষকাল ও নিরস্তর জন্তাসের প্রয়োজন। এই জন্তালের কিছু জংগ শ্রীয়-সংব্য-বিবয়ক, কিছু ইহার অধিকাংশই সন্সংব্যাল্যক। ক্রমশঃ জানলা কুরিতে

नार्षिय, अस नवीरवय वस्थि किसनी चनिक्रंकार्य मध्य । पनि व्यापना विद्यान क्रि, यन महीदवर रूपा सम्यावित्मन, स्राप्त यन महीदवर क्रेशव कार्य कदव, कारा रहेरन हेरांच पुंक्तिमण्ड (व, भवीवच अत्यव छनद, कार्य क्रवा। भवीद महत्र दरेश मन्छ महत्र दह, भवीद स्य अक्रिश मन्छ स्य এবং নভেজ থাকে। বধন কোন ব্যক্তি ক্রুছ হয়, ভখন ভাছার মন উভেজিত হইয়া বায় ৷ অহুরণভাবে হন চঞ্চল হইলে শ্রীয়ত অস্থিয় হইয়া পড়ে। অধিকাংশ লোকেরই বন বিশেষভাবে পরীয়ের অধীন, ভাছারের वन चिक चन्न-विक्षित । टावा विषे विष्ट वर्ग वा कर, छर विक्र-অধিকাংশ মাহব গভ হইতে অভি অন্নই উন্নত। তথু তাই নর, অনেক স্থলে ইডর প্রাণী স্থেকা ভাহাদের সংঘ্য-দক্তি বড় বেশী নয়। মনের উপর আমাদের কোন কর্ডাই নাই। মনের উপর এই ক্ষডালাভের ক্স, শরীর ও মনকে বশীভূত করিবার জন্ত আমাদের কডকওলি বহিবদ লাখনের --- दिक्क नांथरमय अर्थाक्म। भन्नीय यथम नन्पूर्वक्ररभ आवस इट्रेस, ভাষন সমকে লইয়া নাডাচাডা করিবার চেটা করিতে পারি। এইরূপে সমক্ষে আমানের আরতে আনিতে পারিব, ইচ্ছামত উহাকে দিয়া কাম করাইডে পারিব, এবং মনের শক্তিগুলি একাঞ্র করিতে পারিব।

রাজবোগীদের মতৈ বহির্জগৎ অন্তর্জগতের বা স্কালগতের বুল রূপ বাবা।
লর্বনেই স্কাল কারণ ও পুল কার্ব। অভন্তর এই নিয়মে বহির্জগৎ কার্ব ও
অন্তর্জগৎ কারণ। অভ্যুপভাবে বহির্জগতের শক্তিওলি আভ্যন্তরীণ স্কাতর
শক্তির বুলভাগ যাত্র। বিনি এই আভ্যন্তরীণ শক্তিওলি আবিকার
করিয়া ইচ্ছারত উহাদিগকে পরিচালিত করিতে শিথিয়াছেন, লম্প্র প্রকৃতি
ভাঁহার নিয়মণের অধীন। লম্প্র অগতের উপর প্রভূত্ব করার—প্রাকৃতিকে
নিয়মিত করার কাজকেই বোগী নিল কর্তব্য বলিয়া প্রহণ করেন। তিনি
এমন এক অবস্থার উপনীত হইতে চান, বেখানে আমরা বেওলিকে
'প্রকৃতির নিয়্নাবলী' বলি, লেগুলি ভাঁহার উপর কোন প্রভাব বিভার
করিতে পারিবে না, সেই অবস্থার তিনি ঐ-সব অভিজ্ঞান করিতে
গারিবেন। তবন তিনি আভর ও বাহ্ লম্প্র প্রকৃতির উপর প্রভূত্ব
লাভ করিবেন। স্কুল্লভাতির উন্নতি ও সভ্যতার অর্থ—ভ্যু এই প্রকৃতিকে
নিম্নিত করা।

প্রকৃতিকে বনীভূত করিবার কর তির ভাতি তির তির প্রাণানী অবলবন করিরা থাকে। বেরন একই লবাজের মধ্যে কেই কেই বাক্তারুতি; আবার কেই প্রভাগতির বনীভূত করিতে চার; লেইছণ তির তির জাতির মধ্যে কোন কোন জাতি বাক্তারুতি, কোন কোন জাতি আক্তারুতি, কোন কোন জাতি আক্তারুতি, কোন কোন জাতি আক্তারুতি, কোন কোন জাতি অভ্যারুতি বনীভূত করিতে চেটা করে। কাহারও মতে আক্তারুতি বনীভূত করিলেই লব বনীভূত করা হয়। এই ছইটি চিন্তাধারার শেষ পর্বন্ধ বাইলে মুরা বার, উভরের নিভাক্ত লভাগত, কারণ প্রকৃতিকে বাহ্ বা আক্তর বনিরা কোন কোন কোন নাই, ইহা কারনিক বিভাগ মাত্র; এইছণ বিভাগের অভিত্য ক্ষমণত ছিল না। বহিবাদী বা অভ্যারী বধন নিজ নিজ জানের চরম নীমার পৌছিবেন, তথন উভরে একই হানে উপনীত হইবেন। ঠিক বেমন পদার্থনিজ্ঞানী নিজ জানকে চরম নীমার লইরা গেলে দেখিতে পান—বিভান রর্শনে মিশিরা যাইতেতে, দেইরপ দার্শনিকও দেখিবেন, বেওলিকে ভিনি মন ও জড় বলিভেছেন, লেওলি আপাতপ্রতীয়মান ভেদমাত্র—প্রকৃতপক্ষে সন্তা একই।

বাহা হইতে এই 'বহ' উৎপন্ন হইন্নাছে, বে এক পদার্থ বছরূপে প্রকাশিত হইন্নাছে, সেই এক পদার্থকে নির্ণন্ন করাই সম্পন্ন বিজ্ঞানের লক্ষ্য ও উদ্বেশ্ন। রালবােগীরা বলেন, 'আমরা প্রথমে অন্তর্জগতের জ্ঞান লাভ করিব, পরে উহার বারাই বাহু ও আন্তর্ম উভর প্রকৃতিকেই বনীভূত করিব।' প্রাচীন কাল হইতেই লােকে এই বিষয়ে চেটা করিন্না আলিছেছে। ভারতবর্বেই ইহার বিশেষ চেটা হন্ন; ভবে অক্সান্ত আতিরাও এই বিষয়ে কিছু চেটা করিনাছিল। পাশ্চান্ত্য দেশে লােকে ইহাকে রহ্নত বা গুণ্ডবিভা ভাবিত, বাহারা ইহা অন্তাাস করিতে বাইন্ডেন, উাহানিগকে ভাইনী, বাত্তর ইত্যাদি অপবাদ দিনা পােড়াইনা অথবা অন্তর্মণ নারিনা ক্লোঃ হত্য ভারতবর্ষে নানা কারণে ইহা এমন লব লােকের হাতে পড়ে, বাহারা এই বিভার শতকরা নকাই ভাগ নই করিন্না রাকী অংশটুকু অজি গোপনে রাবিতে চেটা করিনাছিল। আজকাল আবার ভারতবর্ষে গুকরণ অপেকা নিক্ট তথাকবিত কতকওলি শিক্ষক বেশা বাইন্ডেছে; ভারতবর্ষে গুকরণ অবশাত তর্ কিছু আনিতেন, এই আগুনিক অন্যাপকরণ কিছুই আনুলন ক্রিঃ

্ আই-বাৰ বোল-আবাসীয়েল গুল 'ক 'আছুল বাহা কিছু আছে, 'ছাছ্য'
বৰ্জন কৰিছে কইলে। বাহা কিছু বৰ্জন, ভাহাই অন্নননীয়। অভান্ত
বিষয়েল বেনন বৰ্ষেও ভেননি—বাহা কিছু ভোনাকে কুৰ্বন করে, ভাহা
আকোনেই ভাগে কর। বহুত্তপুহাই মানব-মন্তিক কুৰ্বন করিছা কেলে।
ইহারই মন্ত অভান্ত মেঠ বিজ্ঞান মোগশাল্ল প্রায় নই হুইয়া সিরাছে।
চাব হাজার বছরেরও আগে এই বোগ আবিছড' হয়, সেই সময় হুইছে
ভারভবর্ষে ইহা প্রশালীবন্ধ হুইলা বর্ণিত ও প্রচারিত, হুইভেছে। আন্দর্ধ
এই বে, ব্যাখ্যাকার বভ আবুনিক, ভাঁহার প্রমণ্ড সেই গরিষাণে তভ অবিক।
লেখক বভ প্রাচীন, ভাঁহার লেখা ভঙ্ট অধিক মুক্তিসকত। আধুনিক
লেখকদের মধ্যে অধিকাংশই নানাপ্রকার রহজ্ঞের কথা বলিয়া থাকেন।
এইরণে বোগ অল্ল করেকজনের হাতে সিয়া পড়িল, ভাহারা ইহাকে গোপনীয়
বিদ্যা করিয়া ভূলিল এবং মুক্তিরূপ প্রকাশ্য বিবালোক আর ইহাতে পড়িভে
কিল না।

প্রথমেই বলিতে চাই, আমি বাহা শিকা দিই, তাহার ভিতর গোপনীর
কিছুই নাই। সামাল বাহা কিছু আমি লানি, তাহা তোমানিগকে বলিব।
বৃদ্ধি বারা ইহা বতদ্র ব্যানো বার, ততদ্র ব্যাইবার চেটা করিব। কিছ
বাহা প্রত্যক্ষভাবে জানি না, সে সম্বন্ধে শাল্প বাহা বলে, ওগু তাহাই বলিব।
অন্ধভাবে বিশাস করা অলায়; নিজের যুক্তি ও বিচারশক্তি খাটাইতে হইবে;
সাধন করিয়া দেখিতে হইবে, শাল্পে বাহা লিখিত আছে, ভাহা সভ্য কি-না।
অলাল বিজ্ঞান শিখিতে হইবে খেতাবে শিকা কর, ঠিক সেই প্রণালীতে এই
বিজ্ঞান শিকা করিতে হইবে। ইহাতে গোপন রহন্ত কিছু নাই, কোন
বিপদের আশ্বাভ নাই; ইহার মধ্যে বেটুকু সভ্য আছে, সেটুকু নকলের
সমক্ষে প্রকালভাবে প্রচার করা উচিত। এ-সকল লাখনা বহন্তাবৃত করিবার
কোনরূপ চেটা করিলে অনেক বিপদ হইতে পারে।

আবও অগ্রসর হইবার পূর্বে আমি সাংখ্যদর্শন সহছে কিছু বলিব;
এই সাংখ্যদর্শনের ভিত্তির উপর রাজবোগ-বিভা ছাপিত। সাংখ্যদর্শনের মতে
বিষয়-জ্ঞান এইভাবে হয়: প্রথমতঃ বিবরের নহিত চক্ষ্মানি ব্যাহর সংবোগ হয়।
চক্ষানি ইন্সিরগণের মিকট উহা প্রেরণ করে; বাহিরের শব্দ-রূপ প্রভৃতি
বিষয়ের প্রভাব বহিবিজ্ঞিরের ব্যাহারেয় নিজ নিজ মক্তিক্তের বা প্রাকৃত

हेक्किया भीक रह, हेक्किश्रंगन मध्यय निक्षे क मम निक्षां किया निक्षे লইরা বায়; তখন পুরুষ বা আত্মা উহা গ্রহণ করেন এবং বিবরের অহুসূতি হয়। অভাপর ঐশুলি বে-পথে আসিরাছিল, পুরুষ নেই পথেই ঐশুবিকে কর্মেন্সিরে ফিরিয়া বাইতে আদেশ করেন। পুরুষ ব্যতীক্ত আর সকলগুলি জড়, তবে চকুরাদি বাহু বন্ধ অপেকা মন ক্ষেত্র। মন বে উপাদানে নির্মিত, তাহা স্থা তথাতাও উৎপন্ন করে। ঐগুলি সুল হইলে জড়বন্ধর উৎপত্তি হয়। ইহাই সাংখ্যের মনোবিজ্ঞান। হুডরাং বুদ্ধি ও স্থুলভূডের মধ্যে প্রভেদ কেবল মাত্রার ভারতম্যে। একমাত্র পুরুষই চেভন। মন বেন আত্মার বন্তবিশেষ। উহা ধারা আত্মা বাহ্য বিষয় গ্রহণ করিয়া থাকেন। মন সদা পরিবর্তনশীল, সর্বদা আন্দোলিত হইতেছে, সিদ্ধ অবস্থায় মন কথন সমুদ্য় ইন্দ্রিয়গুলিতে লগ্ন, কথন বা একটিতে, আবার কথন বা কোন ইন্দ্রিয়েই সংলগ্ন থাকে না। মনে কর, আমি একটি ঘড়ির শক্ত মনোবোগ দিয়া শুনিতেছি; এরূপ অবস্থায় আমার চকু উন্মীলিত থাকিলেও কিছুই দেখিতে পাইব না; ইহাতে প্রমাণিভ হইতেছে যে, মন যথন প্রবণেজিয়ে সংলগ্ন ছিল, তথন দর্শনে শ্রিয়ে ছিল না। কিন্তু সিম্বপুরুষের মন একই সময়ে দকল ইন্দ্রিরে সংলগ্ন থাকিতে পারে। মনের আবার অন্তদুষ্টি আছে, এই শক্তিবলে মাহুষ নিজ অন্তরের গভীরতম প্রদেশ দেখিতে পারে। এই অন্তদৃষ্টির শক্তি লাভ করাই যোগীর উদ্দেশ্য; মনের সমৃদয় শক্তিকে একাগ্র করিয়া, ভিতরের দিকে ফিরাইয়া ভিতরে কি হইতেছে, তাহাই জিনি জানিতে চান। ইহাতে নিছক বিখাদের কোন কথা নাই, ইহা কোন কোন দার্শনিকের মনতত্ত্ব-বিশ্লেষণের ফলমাত্র। আধুনিক শরীরভত্তবিৎ পণ্ডিভেরা বলেন, প্রকৃত দর্শনের ইন্দ্রিয় চকু নয়, উহা মন্তিক্ষের অন্তর্গত স্বায়ু-কেন্দ্রে অবস্থিত। সমুদয় ইন্দ্রিয়-সম্বন্ধেই এইক্লপ বুঝিতে হইবে। তাঁহারা আরও বলেন—মন্তিষ যে পদার্থে নির্মিত এই কেন্দ্রগুলিও ঠিক সেই পদার্থে নির্মিত। নাংখ্যেরাও এই কথাই বলিয়া থাকেন; তবে নাংখ্যের দিয়ান্ত আধ্যান্থিক দিক দিয়া, আর বৈজ্ঞানিকের সিদ্ধান্ত ভৌতিক দিক দিয়া। ভাহা হইলেও উভয়ের কথা এক। আমাদের গবেষণার রাজ্য ইহাকে অভিক্রম করিয়া।

বোগী এমন স্কাহভূতির অবস্থা লাভ করিতে চান, বাহাতে তিনি বিভিন্ন মানসিক অবস্থাগুলি প্রভাক্ষ করিতে পারেন। ঐগুলির মানস অস্থভূতি অবচাই বজৰ। বিষয়সমূহ কর্ছক বাঁইরিজিয়ে উৎপন্ন বেদনা কিয়পে সাহ্মার্থে প্রথ করে, নন কিয়পে উহাছিগকে গ্রহণ করে, কি করিয়াই বা প্রকরের নিকট বান্ধ—এই সমূদর ব্যাপারগুলি অহতব করা বান। সকল বিষয় শিকারই কডকগুলি নির্দিষ্ট প্রণালী আছে। প্রজ্যেক বিজ্ঞান শিকার জন্ধ ব্যাপমিক প্রস্তৃতি প্রয়োজন, উহার নির্দিষ্ট প্রণালী অহসরণ করিছে হইবে, তবে উক্ত বিজ্ঞান ব্রিজে পারিবে; রাজবোগ সহক্ষেত্র সেইরূপ।

(আহার সহকে কভকওলি নিয়ম আবশুক। হাহাতে মন খুব পৰিত্র থাকে, এরপ আহার করিতে হইবে। কোন গণ্ডশালার ভিতরে গিয়া দেখিলে সঙ্গে সংক্ষা বুঝিতে পারা যায়, আহারের সহিত শরীরের কি সম্বর। হতী অতি বৃহদাকার অভ, কিছ তাহার প্রকৃতি অতি শাস্ত; আর সিংহ বা বাঘের খাঁচার দিকে গিয়া দেখিবে—ভাহারা অন্থির, চঞ্চ। ইহাডেই বুঝা যায় যে, আহারের ভারতম্যে কি ভয়ানক পরিবর্তন সাধিত হইয়াছে। আমাদের শরীরে যতগুলি শক্তি ক্রিয়া করিতেছে, সবগুলিই আহার হইতে উৎপন্ন, ইহা আমরা প্রতিদিনই দেখিতে পাই। यদি উপবাস করিতে আরম্ভ কর, প্রথমত: ভোমার শরীর চুর্বল হইয়া বাইবে, দৈহিক শক্তিগুলি হ্রাস পাইবেঁ, কয়েকদিন পরে মানসিক শক্তিগুলিও হ্রাস পাইতে থাকিবে। তারপর শ্বতিশক্তি চলিয়া যাইবে, পরে এমন এক সময় আসিবে, ষধন তুমি চিস্তা করিতেও সমর্থ হুইবে না, যুক্তিবিচার করা তো দুরের কথা। সেইজক্ত সাধনার প্রথমাবস্থায় খাত সম্বন্ধে বিশেষ লক্ষ্য রাখিছে হইবে, পরে যথন আমাদের যথেষ্ট শক্তি সঞ্চিত হইরাছে, যথন আমরা দাধনায় বেশ অগ্রসর হইয়াছি, তখন ঐ বিষয়ে আর ভত দাবধানভার প্রব্লোজন নাই। চারা গাছ বডদিন বাড়িতে থাকে, তডদিন উহাকে বেড়া দিয়া বাধিতে হয়, পাছে কেহ উহাব ক্ষতি করে; গাছ বড় হইয়া গেলে বেড়া সরাইরা লইডে হয়, তখন সমূহর আক্রমণ অভ্যাচার প্রতিরোধ করিবার মজো ৰথেষ্ট শক্তি উহার হইয়াছে।

(বোগী অধিক বিলাস ও কঠোর তা—ছই-ই পরিত্যাগ করিবেন। তাঁহার উপবাস করা অথবা শরীরকে অত্যধিক ক্লেশ দেওরা উচিত নর। গীতাকার বলেন, বিনি নিজেকে অনর্থক ক্লেশ কেন, তিনি কথমও বোগী হইতে পারেন না। অভিজ্যেত্বনকারী, একান্ত উপবাসী, অধিক আসম্পশীল, অধিক নিজালু, অভিবিক্ত কর্মপরায়ণ, অথবা একেবারে নির্দা—ইহাদের সরেচ কেহই বোগী হইতে পারে না।

विक्रीय समाच

সাধনার প্রথম সোপান

বিজিবোগ অটাজযুক্ত। ১ম—বম অর্থাৎ অহিংসা, সভ্যা, অন্তের (অচৌর্য), ব্রহ্মচর্য, অপরিপ্রাহ। ২য়—নিয়ম অর্থাৎ পৌচ, সন্তোব, ভপজ্ঞা, আধ্যায় (অধ্যাজ্মশাল্প-পাঠ) ও ঈশর-প্রণিধান বা ঈশরে আল্ম-সন্ধ্র। তয়—আসন অর্থাৎ বিনিবার প্রণালী। ৪র্থ—প্রাণায়াম। ৫ম—প্রত্যাহার অর্থাৎ মনের বিষয়াভিম্বী গতি ফিরাইয়া উহাকে অন্তর্ম্বী করা। ৩ঠ—ধারণা অর্থাৎ একাগ্রতা। ৭ম—ধ্যান। ৮ম—সমাধি অর্থাৎ জ্ঞানাতীত অবস্থা।

খানরা দেখিতে পাইতেছি, ষম ও নিয়ম চরিত্রগঠনের লাখন; ইহাদিগকে ভিত্তিস্ক্রপ না রাখিলে কোনক্রপ যোগ-লাখনই দিন্ধ হইবে না। ষম ও নিয়ম দৃঢ়প্রতিষ্ঠ হইলে যোগী তাঁহার লাখনের ফল অহতেব করিতে আরম্ভ করেন। এঞ্জনির অভাবে লাখনে কোন ফলই ফলিবে না। যোগী কায়মনোবাক্যে কাহারও প্রতি কখনও অনিইভাব পোষণ করিবেন না। কর্লণার ভাব কেবল মহয়জাভিতেই আবন্ধ থাকিবে না, উহা বেন আরও অগ্রসর হইয়া লমগ্র জগৎকে আলিজক করে।

পরবর্তী সোপান 'আসন'। যতদিন না কিছুটা উচ্চ অবস্থা লাভ হয়,
ততদিন প্রত্যাহ নিয়মিতভাবে কতকগুলি শারীরিক ও মানলিক প্রক্রিয়া
পর পর অভ্যাস করিতে হয়। অতএব দীর্ঘকাল একভাবে বলিয়া থাকিছে
পারা যায়, এমন একটি আসন অভ্যাস করা বিশেষ প্রয়োজন। বাহার
বে আসনে বলিলে স্থবিধা হয়, তিনি সেই আসন বাছিয়া লইবেন। একজনের
পক্ষে একভাবে বলিয়া চিন্তা করা সহল হইতে পারে, কিন্তু অপরের পক্ষে
হয়ভো সেভাবে বলা কঠিন বোধ হইবে। পরে আমরা দেখিতে পাইব যে,
যোগ-সাধনকালে শরীরের ভিতর নানাপ্রকার কার্ব চলিতে থাকিবে।
সায়বীয় শক্ষিপ্রবাহগুলির গতি ফিরাইয়া দিয়া ভাহাদিগকে নৃতন পরে
প্রবাহিত করিতে হইবে; তথন শরীরের মধ্যে নৃতন প্রকাশিক করিতে হইবে; স্করা শরীরটি বেন প্রগঠিত হইয়া বাইবে। এই
কিয়ার আরক্ষাংশই মেকবঞ্জের অভ্যন্তরে হইবে; স্করাং আসম সম্বন্ধ

এইটুকু বৃক্তিতে হইবে বে, মেফরগুকে সহজ্ঞতাবে বাখা আৰম্ভক—ট্রিক সোজা হইয়া বসিতে হইবে, আব বন্ধ গ্রীবা ও মন্তক সমন্তাবে বাধিতে হইবে—দেহের সমৃদয় ভারটি যেন পঞ্চরগুলির উপর পড়ে। বন্দদেশ কুঞ্চিত থাকিলে কোনস্থপ উচ্চতর চিন্তা করা সম্ভব নয়, তাহা সহজেই দেখিতে পাইবে।

বিশ্ববাগের এই অংশটি হঠবোগের সহিত কিছুটা মিলে। হঠবোগ কেবল সুলদেহ লইয়াই ব্যন্ত, ইহার উদ্দেশ্ত কেবল সুলদেহকে সবল করা। হঠবোগ সম্বন্ধে এখানে কিছু বলিবার প্রয়োজন নাই, কারণ উহার ক্রিয়াগুলি অতি কঠিন। উহা একদিনে শিকা করা যায় না। আর উহা থারা শেষ পর্যন্ত বেশী আধ্যাত্মিক উন্নতিও হয় না। এই-সকল ক্রিয়ার অধিকাংশই ভেলসার্ট ও অক্যান্ত ব্যায়ামাচার্বগণের গ্রন্থে দেখিতে পাওয়া যায়। এগুলি ঘারাও শ্বীরকে ভিন্ন ভিন্ন আসনে হির রাখা যায়। এগুলিরও উদ্দেশ্ত— হৈহিক উন্নতি, আধ্যাত্মিক নয়। শ্বীরে এমন কোন পেশী নাই, যাহা মাছ্য সম্পূর্ণভাবে নিয়ন্ত্রিত করিতে পারে না; হৃদ্যন্ত তাঁহার আদেশে কন্ধ অথবা চালিত হইতে পারে, শ্বীরের প্রভ্যেক অংশই ঐভাবে নিয়ন্ত্রিভ করা যাইভে

মাহ্বকে দীর্ঘজীবী করাই হঠবোগের উদ্বেশ্ন। স্বাস্থাই মুধ্য ভাব, ইহাই হঠবোগীদের একমাত্র লক্ষা। 'আমার যেন পীড়া না হয়'—ইহাই হঠবোগীর দৃঢ়সকর; তাঁহার পীড়া হয়ও না; তিনি দীর্ঘজীবী হন; শতবর্ষ জীবিত থাকা তাঁহার পক্ষে কিছুই নয়। দেড়শত বংসর বয়সেও তিনি পূর্ণ যুবা ও সতেজ থাকেন, তাঁহার একটি কেশও শুভ্র হয় না; কিছু এই পর্যস্কই। বটরক্ষও কথন কথন পাঁচ হাজার বংসর জীবিত থাকে, কিছু উহা বটর্ক্ষই থাকিয়া যায়, তার বেশী কিছু নয়। দীর্ঘজীবী মাহ্ব একটি ক্ষুকায় প্রাণী, এইমাত্র।

হঠবোগীদের ত্ই-একটি দাধারণ উপদেশ ধ্ব উপকারী। শির:পীড়া হইলে শয়া হইতে উঠিয়াই নাদিকা দিয়া শীতল জল পান করিবে, ভাহা হইলে দারা দিনই ভোমার মন্তিফ বেশ পরিকাম ও শীতল থাকিবে, ভোমার কখনই দদি লাগিবে না। বাসিকা দিয়া জল পান করা কিছু কঠিন নয়, অতি সহজ। নাদিকা জলের ভিতর ত্বাইয়া নাদা দিয়া জল টানিতে থাকো, গ্লার মধ্য দিয়া জনশং জল আপনা-আপনি ভিতরে বাইবে। আহমানের সিদ্ধ হইলে কোন কোন বজালারের মতে নাড়ীঙৰি করিছে হয়।

আহমানের অন্ধর্ম বন বনিয়া অনেকে ইছার আবাজকতা বীকার করেন
না। কিন্দু বনন ভাজকার শহরাচার্বের জার প্রারাশিক ব্যক্তি ইছার বিধান

দিরাহেন, তবন আনি বনে করি, ইছা উরেশ করা উচিত। আনি বেতাশতর
উপনিববের ভাল হইতে এ-বিবরে তাঁহার মত উদ্ধৃত করিব'—'প্রাণারাম
আরা বে মনের মল বিধোত হইরাছে, সেই মনই ব্রেমে ছির হয়। এইজ্জই
আত্মে প্রাণারামের বিষয় কথিত হইরাছে। প্রথমে নাড়ীগুদ্ধি করিতে হয়, তবেই
প্রাণারাম করিবার শক্তি আলে। (ব্রাজুঠের ঘারা দুদ্ধি নালাপ্ট ধারণ
করিরা বাম নালা হারা বর্থাশক্তি বারু গ্রহণ করিতে হইবে, পরে মধ্যে
বিক্ষাত্র সমর বিশ্রাম না করিরা বাম নালা বন্ধ করিয়া দক্ষিণ নালা হারা বারু
রেচন করিতে হইবে। পুনরার দক্ষিণ নালা হারা বারু গ্রহণ করিয়া বর্ধাশক্তি
বাম নালা হারা বারু রেচন কর। অহোরাত্র চারি বার অর্থাৎ উবা, মধ্যাহু,
সারাহ্ ও নিশীপ এই চারি সমরে পূর্বোক্ত কিরা তিনবার অথবা পাঁচবার
অভ্যাল করিলে এক পক্ষ অথবা এক মানের মধ্যে নাড়ী-শুদ্ধি হয়; তৎপরে
প্রাণারামে অধিকার হইবে।' ')

ভিত্তাস একান্তই আবশ্রক। তৃমি প্রতিদিন অনেককণ বসিয়া আমার কথা শুনিতে পারোঁ। কিন্তু অভ্যাস না করিলে এক বিন্দুও অগ্রসর হইছে পারিবে না। সবই সাধনের উপর নির্ভর করে। প্রভ্যকান্তভৃতি না হইলে এ-সকল তত্ত্ব কিছুই বুঝা বার না। নিজে অন্তভ্য করিতে হইবে, কেবল ব্যাখ্যা ও মত শুনিলে চলিবে না। সাধনের অনেক বিশ্ব আছে। প্রথম বিশ্ব ব্যাধিগ্রন্থ দেহ—শ্বীর ক্ষম্থ না থাকিলে সাধনের ব্যতিক্রম হইবে, এইজন্তই শ্বীর ক্ষম্ম রাধিতে হইবে। কিন্নুপ পানাহার করি, কাজকর্ম করি, এ-সকল বিব্রের বিশেষ যত্ত্ব ও মনোবোগ আবশ্রক। শ্রীর সবল রাখিবার জন্ত সর্বদা মনের শক্তি প্রয়োগ কর—'ক্লোন সায়েল' (Christian

১ প্রাণায়ায়-ক্ষরিভ-মনোমলক চিত্তং ব্রহ্মণি স্থিতং ভবতীতি প্রাণায়ায়ো নির্দিপ্ততে । প্রথমং নাড়ীলোখনং কর্তবান্ । ভতঃ প্রাণায়ায়েহবিকায়ঃ । য়ব্দিশ-নাসিকাপ্টমস্ল্যায়ষ্টভা বামেন বার্হ প্রয়েল্ ঘবাদক্ষি । ভতেছেনভয়ম্প্রেলারং কৃষ্ণিনে প্রটেন সম্প্রকেং । নবামণি ধারয়েছং । প্রদিদ্ধিনের প্রস্কিষ্ণ সভ্যের কর্তবাধিক। ক্রিংগক্তবাধিক স্বান্তবাধিক স্বান্তবাধিক ক্রিংলার ক্রিংলা

Science) সভাবদধীরা সাধারণতঃ বেরপ করিয়া থাকে। বাস্, শরীরের জ্যু আর কিছু করিবার আবশুক নাই। স্বাস্থ্যকা উদ্দেশ্ত সাধনের একটি উপার মাত্র—ইহা বেন আমরা কখনও না ভূলি। যদি স্বাস্থ্যই উদ্দেশ হইত, তবে তো আমরা পশুত্ল্য হইতাম। পশুরা প্রায়ই স্কুম্ব হয় না ।

ছিতীয় বিল্প-সন্দেহ। আমরা যাহা দেখিতে পাই না, সে-সকল বিষয়ে সন্দিগ্ধ হইয়া থাকি। মাহুৰ বভই চেষ্টা করুক না কেন, কেবল কথার উপর নির্ভর করিয়া সে কখনই থাকিতে পারে না; এই কারণে যোগশান্ত্রোক বিষয়ের সভ্যতা সম্বন্ধে সন্দেহ উপস্থিত হয়।)আমাদের মধ্যে বাঁহার। শ্রেষ্ঠ, তাঁহারাও মাঝে মাঝে সন্দেহ করিয়া থাকেন। এই সন্দেহ খুব ভাল লোকেরও দেবিতে পাওয়া যায়। (.কিন্তু সাধন করিতে আরম্ভ করিলে অতি অল্ল দিনের মধ্যেই কিছু কিছু আভাদ পাওয়া যায়, তাহাতেই সাধনবিষয়ে উৎসাহ বর্ধিত হয়।)[©]বোগশান্তের **জনৈক টাকাকার বলিয়াছেন**, 'বোগ-শান্তের সভ্যতা সহদ্ধে যদি একটি অভি সামাশ্র প্রমাণও পাওয়া যায়, তাহাতেই সমগ্র যোগশান্তের উপর বিখাস হইবে।') ভিদাহরণম্বরণ কয়েক মাস সাধনের পর দেখিবে, তুমি অপরের মনোভাব বুঝিতে পারিতেছ, সেগুলি ভোমার নিকট ছবির আকারে আসিবে; অতি দূরে কোন শব্দ বা কথাবার্ডা হইতেছে, মন একাগ্র করিয়া শুনিভে চেষ্টা করিলেই হয়ভো ভাহা শুনিভে পাইবে। প্রথমে অবশ্র এ-সকল ব্যাপার অতি অব্লই দেখিতে পাইবে। কিন্তু তাহাতেই তোমার বিশাস, বল ও আশা বাড়িবে। উদাহরণস্কল যদি নাসিকাগ্রে চিত্তসংবম কর, তবে অল্প দিনের মধ্যেই দিব্য স্থপন্ধ আদ্রাণ করিছে পাইবে; ভাহাভেই বুঝিভে পারিবে বে, আমাদের মন কখন কখন বস্তুর বান্তব সংস্পর্শে না আসিয়াও তাহা অমুভব করিতে পারে। কিছ আমাদের সর্বদা শারণ রাখা আবশুক ষে, এই-সকল সিদ্ধির শ্বভন্ত কোন মূল্য নাই, এগুলি আমাদের প্রকৃত উদ্দেশ্রসাধনের সহায়-মাত্র। আমাদিগকে

> Christian Science—এই সম্প্রদার মিসেস এডি (Mrs. Eddy) নামক এক আমেরিকান মহিলা কর্তৃক প্রতিষ্ঠিত হয়। ইহার মতে জড় বলিয়া বাস্তবিক কোন পদার্থ নাই, উহা কেবল আমাদের মনের প্রমাত্র। বিশ্বাস করিতে হইবে—আমাদের কোন রোগ নাই, ভাহা হইলে আমরা তংকণাং রোগমুক্ত হইব। ইহার Christian Science নাম হইবার কারণ এই বে, এই মতাবলম্বীরা বলেন, 'আমরা প্রীষ্টের প্রকৃত পদামুসরণ করিতেছি। গ্রীষ্ট বে-সকল অনুভ ক্রিয়া করিয়াছিলেন, আমরাও তাহাতে সমর্থ এবং সর্বপ্রকার দোষশৃক্ত জীবনবাপন করা আমাদের উদ্দেশ্ত।'

শাবণ বাবিতে হুইবে বে, এই-গ্রুক্ত সাধ্যের একথান্ত সন্ধান্ত উদেও আত্মার মৃতি। এরভিতিকে সম্পূর্ণরূপে নির্মিত করাই আ্যানের একথান্ত লক্ষ্য, ইহা অপেকা ছোট কোন আবর্ণ আ্যানের লক্ষ্য হুইতে পারে না। আব্যাই প্রকৃতির উপর প্রত্যুত্ত করিব, প্রকৃতির জীতহাস হুইব না। শাবীর বা খন কিছুই বেন আ্যানের উপর প্রত্যুত্ত করিতে না পারে; আর ইহাও আ্যানের বিশ্বত হওরা উচিত নম বে—শ্বীর আ্যার, আ্রি

এক দেবতা ও অহুর আত্মজিজাত্ব হুইরা এক জানীর (ব্রহ্মার)' নিকট গিয়াছিল। তাহায়া দেই মহাপুরুষের নিকট অনেক দিন বাদ করিয়া শিকা গ্রহণ করিল। কিছুদিন পরে মহাপুক্ষব ভাহাদিগকে বলিলেন, 'ভোমরা ষাহাকে অন্বেৰণ করিভেছ, ভোমরাই সেই পুরুষ।' ভাহারা ভাবিল, ভবে দেহই 'আত্মা'। তথন তাহারা উভয়েই 'আমাদের যাহা পাইবার, তাহা পাইয়াছি' মনে করিয়া সম্ভষ্ট চিত্তে স্ব স্থানে প্রস্থান করিল। ভাহারা সমাতির নিকট কিরিয়া গিয়া বলিল, 'বাহা শিক্ষা করিবার ভাহা সবই শিক্ষা করিয়া আসিরাছি, এখন চল, পান ভোজন করি ও আনন্দে মন্ত হই---আমরাই সেই আত্মা; ইহা ব্যতীত আর কোন পদার্থ নাই।' অহুরের সভাব অজ্ঞানমের্ঘে আরুত ছিল, স্থতরাং দে আর এ-বিবরে অধিক কিছু অবেষণ করিল না। নিজেকে আত্মা বা ঈশর ভাবিয়া সম্ভষ্ট হইল ; 'আত্মা' বলিতে সে দেহই বুঝিল। কিন্তু দেবভাটির স্থাব অপেকাকৃত পবিত্র ছিল, ভিনিও প্রথমে এই ভ্রমে পড়িয়াছিলেন যে, 'আমি' অর্থে এই শরীর, ইহাই ত্রন্ধ, অতএব ইহাকে সবল ও স্থন্থ রাখো, ফুলর বসনভূষণে সাজাও, সর্বপ্রকার দৈহিক হুখ সম্ভোগ কর। কিন্তু কিছু দিন ঘাইতে না যাইতে তাঁহার প্রতীতি হইল, গুরুর উপদেশের অর্থ এরণ নয়, ইহা অপেকা উচ্চতর কিছু আছে। ডিনি তথন গুরুর নিকট ফিরিয়া আসিয়া জিজাসা করিলেন, 'গুরুদেব, আপনার निकाब जारनर्व कि धरे रम, भवीबरे बाजा ?—किस जारा किसरन रहेरन ? দেখিতেছি, শরীরমাত্রই মৃত্যুম্ধে পতিত হয়, আত্মা তো মরিতে পারে না।' আচাৰ্য ৰলিলেন, 'ভূষি নিজে ইহার অৰ্থ উপলব্ধি কর; ভূমিই সেই আতা।'

रेखिविद्यांत्रम मरवाय—कारमाना छनः, (৮।१।३६) उत्तेवा ।

তথন শিক্ত ভাবিদেন যে, শরীরের ভিতর যে প্রাণ বহিয়াছে, ভাহাকে লক্ষ্য করিয়াই বোধ হয় গুরু পূর্বোক্ত উপবেশ বিদ্বা থাকিবেন। কিন্তু ভিনি শীন্তই দেখিতে পাইলেন যে, ভোজন করিলে প্রাণ সতেজ থাকে, উপবাস করিলে প্রাণ তুর্বল হইয়া পড়ে। তথন ভিনি পুনরায় গুলুর নিকট গিয়া বলিলেন, 'গুৰুদেৰ, আপনি কি প্ৰাণকে আত্মা ৰলিয়াছেন ?' গুৰু বলিলেন, 'ৰয়ং ইহার অর্থ নির্ণয় কর, তুমিই সেই।' সেই দেবতা ফিরিয়া গিয়া ভাবিভে লাগিলেন। তবে মনই 'আত্মা' হইবে। কিন্তু শীঘ্ৰই বুঝিতে পারিলেন ধে, মনোবৃত্তি নানাবিধ, মনে কখন সাধুবৃত্তি আবার কখন বা অসদ্বৃত্তি উঠিভেছে; মন এত পরিবর্তনশীল যে, উহা কখনই আত্মা হইতে পারে না। তথন তিনি পুনবায় গুরুষ নিকট গিয়া বলিলেন, 'আমার তো মনে হয় না—মনই আখ্মা ; আপনি কি ইহাই উপদেশ দিয়াছেন ?' গুরু বলিলেন, 'না, তুমিই ভাহা। তুমি নিজে উহা খুঁজিয়া বাহির কর।' দেবতা ফিরিয়া গেলেন; অবশেকে তাঁহার এই আনোদয় হইল ঃ'আমি সমস্ত মনোবৃত্তির অতীত আত্মা; আমিই এক, আমার জন্ম নাই, মৃত্যু নাই, তরবারি আমাকে ছেদন করিতে পাকে না, অগ্নি দশ্ধ করিতে পারে না, বায়ু ওচ্চ করিতে পারে না, জল গলাইডে পারে না; আমি অনাদি, অনন্ত, অচল, অম্পর্ল, সর্বজ্ঞ, সর্বশক্তিমান পুরুষ। আত্মা শরীর বা মন নয়; আত্মা এ সকলেরই অতীত।^{?)} এইরূপে সেই দেবতার জ্ঞানোদয় হইল এবং তিনি আনন্দে তৃপ্ত হইলেন। কিছ অহ্ব-বেচারার সভ্যলাভ হইল না, কারণ ভাহার দেহে অভ্যন্ত আসন্তি ছিল।

এই জগতে অনেক অহ্বপ্রকৃতির লোক আছে; কিন্তু দেবতা কে একেবারেই নাই, তাহাও নয়। বদি কেহ বলে, 'এদ, ভোমাদিগকে এমন এক বিভা শিধাইব, বাহাতে ভোমাদের ইন্দ্রিয়হথ অনম্ভণ্ডণে বর্ধিত হইবে,' তাহা হইলে অগণিত লোক তাঁহার নিকট ছুটিয়া বাইবে। কিন্তু বিদি কেহ বলেন, 'এদ, ভোমাদিগকে জীবনের চরম লক্ষ্য পরমাত্মার বিষয় শিধাইব,' তবে তাঁহার শ্রোতাই জুটিবে না। উচ্চ তত্ত শুধু ধারণা করিবার শক্তিও অভি অল্প লোকের মধ্যেই দেখিতে পাওরা বায়; সত্যলাত করিবার জন্ম অধ্যবসায়শীল লোকের সংখ্যা তো আরও বিরল। কিন্তু সংসারে আবার এমন কিছু লোক আছেন, বাঁহারা জানেন, শরীর হাজার বংগর বাঁচাইয়া রাধা গেলেও চরমে সেই একই গভি। যে-সকল শক্তিতে দেহ বিশ্বত বহিয়াছে,

নেশ্বলি অপফত হইলে হৈছ থাকিবে না। এক মুহুর্তের অভও পরীবের পরিবর্তন নিবারণ করিতে কেহই সমর্থ হয় না। 'পরীব' আর কি ? উহা কডকওলি পরিবর্তনের পরস্পরা মাত্র। নদীর দৃষ্টান্তে এই তক নহজেই বোধপম্য হইতে পারে। 'বেমন ভোমার সমূধে নদীর জলরাশি প্রতি মুহুর্তে পরিবর্তিত হইতেছে, নৃতন জলরাশি আসিতেছে, কিছু ধেনিতে ঠিক পূর্বের মভোই। এই পরীরও সেইরূপ।' তথাপি পরীর হুত্থ ও বলিঠ রাধা আবশুক, কারণ পরীবের সাহাব্যেই আমাদিগকে জানলাভ করিতে হইবে। পরীবই আমাদের শ্রেষ্ঠ বয়।

বিশ্বৰগতে এই মানবদেহই শ্ৰেষ্ঠ দেহ এবং মাছ্যই শ্ৰেষ্ঠ জীব। মাছ্য[ঁ] সর্বপ্রকার জীবজন্ত হইতে, এমন কি দেবাদি হইতেও উচ্চতর। অপেকা উচ্চতর আর কেহ নাই। দেবতাদিগকেও আবার নামিয়া আসিতে হয় এবং মানবদেহের মাধ্যমে জানলাভ করিতে হয়। একমাত্র মাত্রই জ্ঞানলান্ডের অধিকারী, দেবতারাও এ-বিষয়ে বঞ্চিত। য়াহুদি ও মুসলমানদিপের মতে—দেবদৃত ও অক্টান্ত লব কিছু স্টি করার পর ঈশর মাত্র স্টে করিলেন, ভাষপর দেবদ্তদের ভাকিয়া মাহবকে প্রণাম ও অভিনন্দন করিতে বলেন; ইক্লিশ ব্যতীত সকলেই প্রণাম করিয়াছিলেন, এই জন্ত ঈশর ইক্লিশকে অভিশাপ দিলেন; সে^নশয়তানে' পরিণত হইল। এই দ্ধপকের আৰ্রণে একটি মহৎ সত্য পুকাইয়া আছে, জগতে মানবজয়াই শ্রেষ্ঠ জয় 1 পখাদি নিয়তর স্থাষ্ট ভমঃপ্রধান। পশুরা কোন উচ্চতত্ত্ব ধারণা করিতে পারে না। দেবভারাও ষত্তকর না দইয়া মৃক্তি লাভ করিতে পারেন না। এইরূপে মহয়সমাজেও আত্মোন্নডির পক্ষে অধিক অর্থণ অমূক্স নয়, আবার একেবারে নি:ছ হইলেও উন্নতি স্বৰূবপৰাহত হয়। মধ্যবিত্ত শ্ৰেণী হইতেই অগতে যত মহাপুক্ষ জয়গ্রহণ করিপ্লাছেন। এই ভারেই বিরোধী শক্তিগুলির সমন্বয় ও সামঞ্জ वारह।

এখন প্রকৃত প্রস্তাবের অন্নরণ করা যাক। আমাদিগকে এবার 'প্রাণাল্লাম' বা খাস-প্রখাস নিয়ন্ত্রণের বিষয় আলোচনা করিতে হইবে। দেখা যাক, মনের শক্তিগুলি একাগ্র করার সহিত ইহার কি সম্বন্ধ ? খাসপ্রখাস বেন এই দেহ-বল্লের গতি-নিয়ামক মৃল-চক্র (fly-wheel)। একটি বড় এঞ্জনে দেখিতে পাইবে বে, একটি বৃহৎ চক্র খ্রিডেছে, সেই চক্তের গড়ি ক্রমশঃ পুদ্ম হইতে পৃদ্মতর যদ্ধে দক্ষাবিত হয়। এইদ্ধণে দেই একিনের অতি পৃদ্মতর যদ্ধকি গতিশীল হয়। শাস-প্রশাস দেই গতি-নিয়ামক মূল-চক্র, উহাই এই শরীবের সর্বহানে যৈ কোন প্রকার শক্তি আৰম্ভক, ভাহা যোগাইতেছে এবং এ শক্তিকে নিয়মিত করিতেছে।

এক রাজার এক মন্ত্রী ছিল, কোন কারণে দে রাজার অপ্রিয় পাত্র হওয়ার রাজা তাঁহাকে একটি অতি উচ্চ ছুর্গের চূড়ার একটি বরে আৰম্ভ ক্রিয়া রাখিতে আদেশ করেন। রাজার আদেশ প্রতিপালিত হইল; মন্ত্রীও দেখানে মৃত্যুর প্রতীক্ষা করিতে লাগিলেন। মন্ত্রীর এক পতিব্রতা ভার্বা ছিলেন, রজনীযোগে ভিনি সেই ছর্গের সমীপে আসিয়া ছর্গশীর্যস্থিত পভিকে বলিলেন, 'আমি কি উপায়ে আপনার সাহায্য করিতে পারি, বলিয়া দিন।' মন্ত্রী বলিলেন, 'আগামী কাল রাত্রে একটি লখা কাছি, এক গাছি শক্ত দড়ি, এক বাণ্ডিল স্থভা, ধানিকটা স্থল্প বেশমের স্থভা, একটা গুৰুরে পোকা ও ধানিকটা মধু আনিও।' তাঁহার সহধর্মিণী পভির এই কথা ভনিয়া অভিশর বিশ্বরাবিষ্ট হইলেন। বাহা হউক তিনি পতির আক্রান্থসারে প্রার্থিত দ্রব্যঞ্জলি আনিলেন। মন্ত্রী তাঁহাকে বেশমের স্ত্রটি দুচ্ভাবে গুবরে পোকার সহিত শংযুক্ত করিয়া দিয়া উহার **ভ**ঁড়ে একবিন্দু মধু মাথাইয়া, মাথাটি উপরের দিকে বাধিয়া উহাকে তুর্গপ্রাচীরে ছাড়িয়া দিতে বলিলেন। পতিত্রতা সমুদয় নির্দেশ পালন করিলেন। তথন সেই কীট তাহার দীর্ঘ পথ-যাত্রা আরম্ভ করিল। সমূথে মধুর আদ্রাণ পাইয়া মধু-লাভের আশায় লে ধীরে ধীরে তুর্গের শীর্ষদেশে উপনীত হইল। মন্ত্রী পোকাটি ধরিলেন, সেই সঙ্গে রেশমের স্বভাটিও ধরিলেন, তারপর তাঁহার জ্ঞাকে রেশম-হুত্তের অপর প্রান্তে শক্ত স্থভাটি জুড়িয়া দিতে বলিলেন। পরে শক্ত হতা হরুগত হইলে ঐ উপায়ে ডিনি क्षि ७ व्यवत्नरम त्यांकी कांकिछि७ शाहेत्नत। वांकी कांक महत्व। अ ब्रब्ध्य সাহাধ্যে মন্ত্রী তুর্গ ছইতে অবভরণ করিয়া পলায়ন করিলেন। আমাদের দেহে খাদ-প্রখাদের গভি যেন রেশম-স্ত্তের মভো। উহাকে ধারণ বা শংষম করিতে পারিলেই স্নারবীয় শক্তিপ্রবাহ-রূপ (nervous currents) শক্ত স্তা, তারণর মনোবৃত্তিরূপ শক্ত দড়ি, পরিশেষে প্রাণরূপ রক্ত্কে ধরিতে পারা যায়। প্রাণকে নিয়ত্রণ করিতে পারিলেই মৃক্তিলাভ হইয়া বাকে।

(चामवा निरमस्य भवीय-मदस्य किन्नहे श्रामि ना ; किन्नु वानिरङ भावि छ লা। আমাদের সাধ্য এই পর্বস্ত বে, স্বভমেছ-ব্যবচ্ছেদ করিয়া উহার ভিডর কি আছে না আছে, আমনা বেখিতে পারি; কেছ কেছ আবার জীবিত থাণী লইয়া ভাহার দেহ-ব্যবচ্ছেদ কৰিয়া উহার ভিতর কি আছে না আছে দেখিতে পারেন, কিন্ত উহার সহিত আয়াদের নিজ নিজ পরীকের কোন भः खर नारे। भामता निक भनीरतर विषय पूर भारे भानि। भानि ना टकन ? ইহার কারণ আমাদের মন এড ছম্ম নয় যে, আমাদের নধ্যে অভি ছম্ম স্থা যে সহ গতি রহিয়াছে, সেগুলি আমরা ধরিতে পারি। মন বধন আরও স্থা হইয়া বেন দেহের গভীর প্রদেশে প্রবিষ্ট হয়, তধনই স্থামরা ঐ গতিগুলি জানিতে পারি। এইরূপ তুল্ম সমূভূতি লাভ করিতে হইলে প্রথমে বুল হইভে আরম্ভ করিতে হইবে। দেখিতে হইবে, লমগ্র শরীরষন্ত্রকে চালাইভেছে কে? উহা প্রাণ; খাস-প্রখাসই ঐ প্রাণশক্তির প্রত্যক্ষ প্রকাশ। এখন খাস-প্রখাদের সহিত ধীরে ধীরে শরীরে প্রবেশ করিতে হইবে। ভাহাতেই আমরা শরীরের ভিতর স্কু শক্তিগুলি সম্বে স্থানিতে পারিব; স্থানিতে পারিব বে, স্নায়বীয় শক্তিপ্রবাহগুলি কিভাবে শরীরের সর্বত্র ভ্রমণ করিভেছে। আর যথনই আমরা ঐগুলি মনে মনে অহতৰ করিতে পার্রিব, তখনই ঐগুলি এবং সেই সঙ্গে শরীরবন্ধ আমাদের সায়তে সাসিতে থাকিবে। মনও এই-সকল সায়বীয় শক্তিপ্রবাহের বারা শঞ্চালিত হইতেছে, শেষ পর্যন্ত শরীর ও মন আমাদের সম্পূর্ণ আয়তে আসে; উভয়েই আমাদের আজাবহ ভূতা হইয়া বার। জানই শক্তি। এই শক্তি বাভ করিতে হইবে। স্তরাং শরীর ও সার্মধানীর অভ্যন্তরে বে শক্তিপ্রবাহ সর্বদা চলিভেছে, সেগুলির স্থত্বে জানলাভ বিশেব আবশুক। স্থভরাং আমানিগকে প্রথম হইডেই আরম্ভ করিতে হইবে, অর্থাৎ 'প্রাণারাম' বা প্রাণের সংখ্য হইতে আরম্ভ করিতে হইবে। এই 'প্রাণায়াম' একটি দীর্ঘ বিষয়, ইহা সম্পূর্ণরূপে বুঝাইতে ছইলে কল্পেকদিন ধরিয়া আলোচনার প্রয়োজন। আমরা ক্রমশঃ উহার এক এক অংশ লইয়া আলোচনা করিব।

আমরা ক্রমে ব্রিডে পারিব বে, প্রাণায়াম-নাধনে বে-সকল ক্রিয়া করা হয়, লেণ্ডলির হেতু কি, এবং প্রভাক ক্রিয়ায় দেহের মধ্যে কি কি শক্তির প্রবাহ চলিতে থাকে। ক্রমশঃ এ-সব আমারের বোধগম্য হইবে। কিছ ইহাভে নিবস্তর অভ্যাদের সাধন আবস্তক। সাধন বারাই আমার কথার সভ্যভা প্রমাণিত হইবে। আমি এ-বিবয়ে যতই যুক্তি প্রয়োগ করি না কেন, এগুলি ভোষাদের খারা গৃহীত ছইবে না, ষতদিন না নিজেরা প্রত্যক্ষ করিবে। বে মৃহুর্তে সারা দেহে এই-সকল শক্তি-প্রবাহের গতি স্পষ্ট অমুভব করিবে, তথনই সমুদয় সংশয় চলিয়া বাইবে; কিন্ত ইহা অছভৰ করিতে হইলে প্রভাহ কঠোর অভ্যান আবশ্রক। প্রভাহ অভতঃ হুইবার অভ্যান করিবে; আর ঐ অভ্যাস করিবার উপযুক্ত সময় প্রাতঃ ও সায়াছে। যথন রন্ধনীর অবসান হইয়া দিবার প্রকাশ হয়, এবং দিবাবসান হইয়া বাত্তি উপস্থিত হয়, তখন প্রকৃতি অপেক্ষাক্বত শাস্ত ভাব ধারণ করে। প্রত্যুষ ও গোধুলি, এই ছুইটি প্রকৃতিক শাস্ত মুহূর্ত। এই ছুই সময়ে শরীরও স্বভাবতঃ শাস্ত হইতে চায়। এই ছুই শময়ে সাধন করিলে প্রকৃতিই আমাদিগকে অনেকটা সহায়তা করিবে, হুতরাং এই ছুই সময়েই সাধন করা উচিত। সাধন সমাপ্ত না হুইলে ভোজন করিবে না, এইরূপ নিয়ম কর; এইরূপ নিয়ম করিলে কুধার প্রবল বেগই তোমার আলক্ত দূর করিয়া দিবে। স্নান-পূজা ও দাধন সমাপ্ত না হওয়া পর্যন্ত আহার করিবে না, ভারতবর্ষে বালকদের এইরূপ শিক্ষাই দেওয়া হয়। কিছুকাল পরে ইহা ভাহাদের পক্ষে খাভাবিক হইরা বায়। তাহাদের যতক্ষণ না সান-পূজা ও সাধন সমাপ্ত হয়, ততক্ষণ বালক কুধার্ড হয় না।

তোমাদের মধ্যে ঘাহাদের স্থবিধা আছে, সাধনের জন্ম তাহারা একটি ঘতত্র ঘর রাখিতে পারো তো ভাল হয়। এই ঘর শয়নের জন্ম ব্যবহার করিও না, ইহা পার্বত্র রাখিতে হইবে। স্নান না করিয়া ও শরীর মন শুদ্ধ না করিয়া এ ঘরে প্রবেশ করিও না। এ ঘরে পর্বদা পূপা রাখিবে; যোগীর পক্ষে এরপ পরিবেশ অতি উত্তম। স্থান্যর চিত্রও রাখিতে পারো। প্রাতে ও সায়াহে সেখানে ধৃপ-ধূনা প্রজ্ঞানিত করিবে। ঐ গৃহে কোন প্রকার কলহ ক্রোধ বা অপবিত্র চিন্তা করিও না। ভোমাদের সহিত্য যাহাদের ভাবে মেলে, কেবল তাহাদিগকেই ঐ ঘরে প্রবেশ করিতে দিবে। এইরপ করিলে ক্রমে ঘরটি পরিজ্ঞাবে ভরিয়া উঠিবে। এমন কি, যথন কোন প্রকার ছংখ বা সংশয় আসিবে অথবা মন চঞ্চল হইবে, তথন কেবল ঐ ঘরে প্রবেশ করিবামাত্র ভোমার মনে শান্ধি আসিবে। ইহাই ছিল মন্দির

গির্জা প্রভৃতির প্রকৃত উদ্দেশ্ত। এখনও খনেক সন্দির ও গির্জায় এই ভাব বেখিতে পাওয়া বার; কিছ খনিকাংশ ছলে, প্রকৃত উদ্দেশ্ত হারাইরা গিয়াছে। চতুর্দিকে পরিত্র চিন্তা সর্বধা ম্পন্দিত হইতে থাকিলে সেই স্থানটি পরিত্র জ্যোভিতে পূর্ণ হইরা থাকে।

ধাহাৰা এইছপ ৰভন্ন গৃহের ব্যবস্থা করিতে না পারে, ভাহারা বেধানে ইচ্ছা ৰসিয়াই সাধন করিতে পারে। শরীরকে সোজাভাবে রাখিয়া উপবেশন কর। সর্বপ্রথমে জ্বগতৈ পৰিত্র চিস্তাব একটি জ্রোড প্রবাহিত করিয়া দাও। মনে মনে বলো, 'অগতে সকলেই স্থী হউক; সকলেই শান্তি লাভ করক; সকলেই আনন্দ লাভ করুক।'' এইরূপে পূর্বে, পশ্চিমে, উত্তরে, দক্ষিণে পৰিত্ৰ চিম্ভা প্ৰবাহিত কর। ষ্টেই এইরূপ ক্রিবে, ডডই তুমি নিম্বে ভাল বোধ করিবে। পরিশেবে দেখিতে পাইবে বে, অপরে হুত্থ বাকুক, এই ভাবনাই খাস্থ্য-লাভের সহজ উপায়। অপর সকলে হুণী হউক—এইক্লপ চিন্তাই নিজেকে স্থী করিবার সহজ উপায়। তারপর বাঁহারা ঈশরে বিশাস করেন, তাঁহারা ঈশবের নিকট প্রার্থনা করিবেন—অর্থ, স্বাস্থ্য অথবা স্বর্গের বস্তু নয়, জ্ঞানালোকের ক্ষয় প্রার্থনা করিবেন। ইহা ব্যতীত আর সব প্রার্থনাই স্বার্থনিভিত। তারপর ভাবিতে হইবে—আমার দেহ দৃঢ়, দবল ও স্থ। এই দেহই আমার শ্রেষ্ঠ বন্ধ, শ্রেষ্ঠ সহার। চিম্বা করিবে—ইহা বজের ন্তার দৃঢ়। চিন্তা কর, এই শরীরের সাহায্যে এই জীবন-সমূদ্র উত্তীর্ণ হইব ৮ তুর্বল ব্যক্তি কথনও মৃক্তিলাভ করিতে পারে না। সর্বপ্রকার তুর্বলভা পরিভ্যাগ কর। শরীরকে বলো--ভূমি বলিষ্ঠ। মনকে বলো-ভূমি শক্তিধর; এবং নিজের উপর অদীম বিশাস ও ভরসা রাখো।

> कूनबीत : 'गर्व ख्वस श्र्यिन: ••• गर्वः गर्वज नक्त्रू ।'

প্রাণ

অনেকে মনে করেন, প্রাণায়াম খাস-প্রখাসের কোন ব্যাণার, বাত্তবিক ভাহা নয়। প্রকৃতপক্ষে খাস-প্রখাদের সহিত ইহার সম্ম অভি অরই। প্রকৃত প্রাণায়াম-সাধন করিতে হইলে অনেকগুলি ক্রিয়ার মধ্য দিয়া বাইডে হয়, খাদ-প্রখাদের ক্রিয়া দেগুলির একটি। প্রাণান্নার্মের অর্থ প্রাণের সংহম। ভারতীয় দার্শনিকগণের মতে সমগ্র ব্লগৎ ছুইটি উপাদানে নির্মিত। ভাহাদের মধ্যে একটির নাম আকাশ। এই আকাশ একটি সর্বব্যাপী প্ৰান্থপুত সন্তা। বে কোন বস্তুর আকার আছে, বে-কোন বস্তু অক্সান্ত বস্তুর মিশ্রণে উৎপন্ন, তাহাই এই আকাশ হইতে উৎপন্ন হইনাছে। এই আকাশই বায়ুরূপে পরিণত হয়, ইহাই তরল পদার্থের রূপ ধারণ করে, ইহাই আবার কঠিনাকার প্রাপ্ত হয়; এই আকাশই পূর্ব, পৃথিবী, নক্ত্র, ধুমকেতু প্রভৃতি রূপে পরিণত হয়। সর্বপ্রাণীর শরীর—পশুশরীর, উদ্ভিদ্ প্রভৃতি বে-সকল রূপ আমরা দেখিতে পাই, যে-সকল বস্তু আমরা ইন্দ্রিয় বারা অমুভব করিতে পারি, এমন কি জগতে ষে-কোন বস্তু আছে, সে সকলই আকাশ হইতে উৎপন্ন। এই আকাশকে ইন্দ্রিয়ের দারা উপলব্ধি করিবার উপান্ন নাই; ইহা এত সুন্ধ যে, ইহা সাধারণের অহভৃতির অতীত। যথন ইহা সুল হ**ই**য়া কোন আকার ধারণ করে, আমরা তথনই ইহাকে অহভব করিতে পারি। স্টির আদিতে একমাত্র আকাশই থাকে। আবার করান্তে সমূদয় কঠিন ভরল ও বায়বীয় পদার্থ—সব কিছুই আকাশে লয় প্রাপ্ত হয়। পরষ্ভী স্বষ্ট স্বাবার এইরূপে আকাশ হইতে উৎপন্ন হয়।

কোন্ শক্তির প্রভাবে আকাশ এইপ্রকারে জগৎরূপে পরিণত হয়।
প্রাণের শক্তিতে। ষেমন আকাশ এই জগতের অনম্ভ সর্বব্যাপী উপাদান,
প্রাণও সেইরূপ এই জগতের অনম্ভ সর্বব্যাপী প্রকাশিকা শক্তি। করের
আদিতে ও অস্তে সবই আকাশে পরিণত হয়, জগতের সব শক্তিই আবার
প্রাণে লয় পায়; পরকরে আবার এই প্রাণ হইতেই সব শক্তির বিকাশ
হয়। এই প্রাণই গতিরূপে প্রকাশ পাইতেহে, এই প্রাণই মাধ্যাকর্বণ অথবা
চৌষক শক্তিরূপে প্রকাশ পাইতেহে। এই প্রাণই সার্-শক্তিপ্রবাহরূপে

(nerve-current), চিন্তাশক্তিরণে ও বৈহিক নম্বর জিরারণে প্রকাশিত হইয়াহে। চিন্তাশক্তি হইতে আরভ করিরা নিরতম শক্তি পর্যন্ত সব বিছুই প্রাণের বিকাশসাল । বাহু ও অন্তর্জগতের গকল শক্তি বন্ধন ভাহারের মূলাবস্থার গমন করে, তবন ভাহারের নমাইকেই 'প্রাণ' বলে। বন্ধন অন্তি বা নাতি বিছুই ছিল না, বন্ধন ত্রোবারা তরঃ আরত ছিল, তবন কি ছিল ?' এই আকাশই গতিপ্ত হইরা অবহিত ছিল। প্রাণের গতি কছ ছিল, কিছ্ক ভবনও প্রাণের অভিদ্ব ছিল। আমরা আধুনিক বিজ্ঞানের হারাও জানিতে পারি বে, অগতে যত কিছু শক্তির বিকাশ হইরাছে, ভাহারের নমাই চিরকাল সমান থাকে, ঐ শক্তিগুলি করাছে শান্ত ভাব ধারণ করে—অব্যক্ত অবহার গমন করে, পরকরের আদিতে উহারাই আবার ব্যক্ত হইরা আকাশের উপর আবাত করিতে থাকে। এই আকাশ হইতে বিবিধ রূপ বিক্শিত হয়; আর আকাশ পরিণাম-প্রাপ্ত হইতে আরভ করিলে এই প্রাণ্ড নানাপ্রকার শক্তিরশে পরিণত হইরা থাকে। এই প্রাণের প্রকৃত তত্ত্ব জানা এবং উহাকে নিয়ন্তিত করিবার চেন্তাই প্রাণায়ামের প্রকৃত তত্ত্ব জানা এবং উহাকে নিয়ন্তিত করিবার চেন্তাই প্রাণায়ামের প্রকৃত অর্থ।

এই প্রাণায়ামে সিদ্ধ হইলে আমাদের নিকট অনন্ত শক্তির দার ধ্লিয়াবার। উদাহবণ্যরূপ মনে কর, কোন ব্যক্তি এই প্রাণের বিষয় সম্প্রিপে ব্রিতে পারিলেন এবং উহাকে জয় করিতেও সক্ষম হইলেন, তাহা হইলে জগতে এমন কি শক্তি আছে, বাহা তাঁহার আয়ত না হয় । তাঁহার আজায় স্র্ব-নক্ষম হানচ্যত হয়, ক্রতম প্রমাণ্ হইতে বৃহত্তম স্র্ব পর্যন্ত তাহার বন্দীত্ত হয়, কারণ তিনি প্রাণকে জয় করিয়াছেন। এইরপ শক্তিলাভ কয়৸প্রাণায়াম-নাধনের সক্ষা। বধন বোগী সিদ্ধ হন, তথন প্রকৃতিতে এমন কোন বছ নাই, বাহা ভাঁহার বলে না আসে। বিনি তিনি বেবতাহিগকে আসিতে আহ্বান করেন, তাঁহারা ভাঁহার আজামাত্রেই তৎক্রণং আগমন করেন; মৃতব্যক্তিবিগকে আমিতে আজা করিলে তাহারা তৎক্রণাং উপস্থিত হয়। প্রকৃতির সব শক্তিই ক্রীভয়ালের মতো ভাঁহার আদেশ পালন করে। অজ্ব-ব্যক্তির সব শক্তিই ক্রীভয়ালের মতো ভাঁহার আদেশ পালন করে। অজ্ব-ব্যক্তির এই বে, ভাহারা বে-কোন তত্ব আলোচনা কর্কক

> নাস্বাসীয়ো স্বাসীভগ্নীন্—ইভাবি। ভন স্বাসীং ভ্রমাসূচ্যত্রে ব্রন্তে—ইভাবি। —কংখ্য সংহিতা, ১০ম মঞ্জ ,

না কেন, অঞাে উহার ভিতর হইডে বডদ্র সভব একটি সাধারণ ভাবেছ অভ্যন্ধান করে, উহার মধ্যে বাহা কিছু খুঁটিনাটি আছে, সেগুলি রাধিয়া ্দের পরে মীমাংসার জন্ম। বেদে এই প্রের পুনঃ পুনঃ বিক্রাসিভ হইরাছে, 'এমন कि वच्च चाहि, यादा कानिता नविक चाना यात्र ?' अदेक्टन चार्यास्वत দব শাস্ত্র, সব দর্শন---বে-বস্তকে জানিলে সবকিছু জানা যায়, সেই বস্তকে নির্ণয় করিতেই ব্যস্ত। যদি কেহ জগতের তম্ব একটু একটু করিয়া জানিতে চার, তাহা হইলে তো অনম্ভ সময় লাগিবে; কারণ ভাহাকে এক এক কণা বালুকাকে পর্যন্ত পূথক্ ভাবে জানিতে হইবে। তথাপি সে সবকিছু জানিতে পারে না। তবে কিভাবে জানলাভ সম্ভব ? এক একটি বিষয় পৃথক পৃথক্ জানিয়া মাছবের সর্বজ্ঞ হইবার সম্ভাবনা কোথায় ? বোগীরা বলেন, এই সমন্ত বিশেষ অভিব্যক্তির অন্তরালে এক সাধারণ ভাৰ রছিয়াছে। উহাকে ধরিতে পারিলেই সবকিছু আয়ত্ত করা যায়। এইভাবেই বেদে সমগ্র অগণকে এক পূর্ণ সন্তার পর্যবদিত করা হইয়াছে। দিনি এই 'সং'-স্বরূপকে ধরিয়াছেন, তিনিই সমগ্র জগৎকে ব্ঝিতে পারিয়াছেন। এইভাবেই সমূদয় শক্তিকে এক প্রাণরূপ সাধারণ শক্তিতে পর্বসিত করা হইয়াছে। স্তরাং যিনি প্রাণকে ধরিয়াছেন, ভিনি জগতে যত কিছু মানসিক বা দৈছিক শক্তি আছে, সবকিছুকেই ধরিয়াছেন। ধিনি প্রাণকে জয় করিয়াছেন, ডিনি ভাগু নিজের মন নয়, সকলের মন জয় করিয়াছেন। তিনি নিজ দেহ ও অক্তাক্ত বত দেহ আছে, গবই জয় করিয়াছেন, কারণ প্রাণই সমুদ্র শক্তির মূল।

কিভাবে এই প্রাণ নিয়ন্ত্রিত হইবে, ইহাই প্রাণারামের একমাত্র উদ্দেশ ।
এই প্রাণারামের যত কিছু সাধন ও উপদেশ আছে, সকলেরই সেই এক উদ্দেশ।
প্রত্যেক সাধকই—বে বেধানে আছে, সেধান হইতেই সাধন আরম্ভ করিবে,
তাহার থ্ব নিকটে যাহা কিছু আছে, সবই জয় করিতে শিক্ষা করা উচিত।
জগতের সকল বস্তুর মধ্যে দেহই আমাদের সর্বাণেকা সরিহিত্ত, আবার মন
ভাহা অপেকাও সরিহিত। বে প্রাণ জগতের সর্বত্র ক্রিয়া করিভেছে, ভাহার যে
অংশ এই শরীর ও মন চালাইভেছে, সেই প্রাণটুকু আমার্দের সর্বাণেকা

১ 'কল্মিল্ল ভগবো বিজ্ঞাতে সৰ্বমিদং বিজ্ঞাতং ভবতি ?'—মুখক উপ., ১।৩

পরিহিত। যে কুত্র প্রাণভবত্ব আমাহের শারীরিক ও মানলিক শক্তিরূপে পরিচিত, ভাহা আমাদের পক্ষে অনম্ভ প্রাণসমূল্লের সর্বাণেক্ষা নিকটবর্তী ভরত। এই কৃত্ত ভরত জন্ন করিতে পারিলে আমরা সমগ্র প্রাণসমূত জন্ন করিবার আশা করিতে পারি। বে বোগী এ-বিবরে কৃতকার্ব হন, তিনি নিৰিলাভ করেন, ডখন আর কোন শক্তিই উাহার উপদ্ব প্রত্যুদ্ধ করিতে পারে না। তিনি প্রায় সর্বশক্তিমান ও সর্বজ্ঞ হন। আমরা প্রত্যেক দেশেই এরণ কিছু কিছু সম্প্রদায় দেখিতে পাই, বাহারা কোন না কোন উপায়ে **এই প্রাণকে জ**ন্ন করিবার চেষ্টা করিন্নাছে। এই দেশেই (আমেরিকার) স্মামরা মন:-শক্তি হারা আরোগ্যকারী (mind-healer), বিখাসের হারা আবোগ্যকারী (faith-healer), প্রেত-ভত্তবিৎ (spiritualist), ক্রিশ্চিয়ান সায়ান্টিস্ট (Christian scientists), সমোহন-বিছাবিৎ (hypnotists) প্রভৃতি সম্প্রদার দেখিতে পাই। এই মতগুলি বিশেষরূপে বিশ্লেষণ করিলে দেখিতে পাইব যে, এগুলির মূলে রহিয়াছে প্রাণশক্তির নিয়ন্ত্রণ— ভাহারা এ-কথা জাহুক বা নাই জাহুক। ভাহাদের দব মতের মূলে একই জিনিস বহিয়াছে। ভাহারা সকলে একই শক্তি লইয়া নাড়াচাড়া করিভেছে, ভবে অজ্ঞাতদারে-এইমাত্র। তাহারা হঠাৎ বেন একটি শক্তি আবিষার করিয়া ফেলিয়াছে, কিন্তু সেই শক্তিব স্বরূপ না জানিয়া অঞ্চাতদারেই উহা ব্যবহার করিতেছে। যোগী ঐ শক্তিরই পরিচালনা করেন। উহা প্রাণেরই শক্তি।

এই প্রাণই সকল প্রাণীর অন্তরে জীবনীশক্তিরণে বহিরাছে। চিন্তাই প্রাণের স্কাতম ও উচ্চতম ক্রিয়া; চিন্তার যত টুকু আমরা দেখিয়া থাকি, সেইটুকু উহার সব নয়। চিন্তার প্রকারভেদ আছে। সহজাত-জ্ঞান (instinct) অথবা জ্ঞান-শৃষ্ণ চিন্তাও আছে, তাহা আমাদের নিমতম কার্যক্রে। একটি মশক দংশন করিলে আমার হাত অতঃপ্রবন্ত হইরা উহাকে আঘাত করিবে। উহাকে মারিবার জ্ঞা হাত উঠাইতে নামাইতে আমার বিশেষ কিছু চিন্তার প্রয়োজন হয় না। ইহা চিন্তারই এক প্রকার অভিব্যক্তি। শরীবের জ্ঞান-সাহাব্য-বিরহিত প্রতিক্রিয়া-মাত্রেই (Reflex action) চিন্তার এই ভবের অন্তর্গত। চিন্তার আর একটি

> বাহিন্নের কোনরূপ উদ্ভেজনায় শরীরের কোন যন্ত্র সময়ে সময়ে জানের কোন সহায়তা না লইরা আগনি কার্ব করে, সেই কার্যকে reflex-action বলে।

ন্তর আছে, উহাকে সজ্ঞান (Conscious) বলা বাইভে পারে। আফি যুক্তিভর্ক করি, বিচার করি, চিস্তা করি, কভকগুলি বিষয়ের ছুইদিক আলোচনা করি, কিন্ত ইহাই শেষ নয়; আমরা জানি, যুক্তিবিচার সীমাবদ্ধ। যুক্তি আমাদিগকে কিছুদ্ব পর্যন্ত লইয়া বাইতে পারে, তারপর আব পারে না। বে স্থানটুকুর ভিতর উহা ঘূরিয়া বেড়ায়, ভাহা অভি সমীর্ণ। কিছ সেই সঙ্গে ইহাও দেখিতে পাই, নানাবিধ বিষয় বাহির হইতে ভিতক্তে আসিয়া পড়িতেছে। ধৃমকেতুব মতো কতকগুলি বিষয় কথন কথন ভিতবে আসিয়া পড়ে। ইহাও নিশ্চিত বে, অনেক তত্ত্ব সীমার বহির্দেশ হইতে আসিভেছে, বিচার-শক্তি কিন্তু ঐ সীমা ছাড়াইয়া বাইতে পারে না ঐ যে বিষয়গুলি এই কৃত্র গণ্ডির ভিতর আসিয়া অনধিকার প্রবেশ করিভেছে, সেগুলির কারণ অবশ্রই ঐ সীমার বাহিরে অবস্থিত; আমাদের বিচার-যুক্তি সেখানে পৌছিতে পারে না। কিন্তু যোগীরা বলেন, ইহাই যে আমাদের জ্ঞানের চরম সীমা, তাহা কখনই হইতে পারে না। মন আরও উচ্চতর ভূমিতে—জ্ঞানাতীত ভূমিতে বিচরণ করিতে পারে। ধধন মন সমাধি-নামক পূর্ণ একাগ্র ও জ্ঞানাতীত অবস্থায় আরুঢ় হয়, তথন উহা যুক্তির সীমার বাহিরে চলিয়া যায় এবং সহজাতজ্ঞান ও যুক্তির অতীত বিষয়সকল প্রত্যক্ষ করে। শরীরের স্ক্র স্ক্র শক্তিগুলি প্রাণেরই বিভিন্ন অভিব্যক্তি; ঠিক পথে পরিচালিত হইলে ঐগুলি মনকে প্রেরণা দেয় এবং উচ্চতর অবস্থায় অর্থাৎ জ্ঞানাতীত ভূমিতে লইয়া যায়, এবং মন সেখান হইতে কার্য করিতে থাকে।

বিশে অন্তিজ্বের প্রত্যেক ন্তরেই এক অথও বন্ধ রহিরাছে। প্রাকৃতিক দিক দিয়া দেখিতে গেলে এই বিশ্বদ্ধাং এক ও অথও। তোমার সহিত ন্থর্বের কোন প্রভেদ নাই। বৈজ্ঞানিক তোমাকে বুঝাইরা দিবেন, এক বন্ধর সহিত অপর বন্ধর ভেদ একটি করনা মাত্র। এই টেবিল ও আমার মধ্যে বথার্থ কোন ভেদ নাই। টেবিলটি অনম্ভ জড়রাশির এক বিন্দু, আর আমি উহার অপর বিন্দু। প্রত্যেক সাকার বন্ধই বেন এই অনম্ভ জড়রাগরের এক একটি আবর্ত্ত। আবর্তগুলি আবার একটিও দ্বির থাকে না। কোন স্রোভ্রম্বনীতে লক্ষ কাষ্ট্র রহিয়াছে, প্রতিটি আবর্তে প্রতি মুহুর্তেই নৃতন জলরাশি আসিতেছে, কিছুক্রণ ঘ্রিডেছে, আবার অপর দিকে চলিয়া বাইতেছে এবং

নৃতন অলকণাসমূহ ভাহার ছান অধিকার করিভেছে। সমগ্র বিশ্বকাৎও এইরূপ নিয়ত পরিবর্তনশীল জড়বাশি-মাত্র, বাবতীয় বন্ধ উহারই মধ্যে কুক্ত কৃত্র আবর্ডযরুপ। কিছু জড়রাশি একটি আবর্ডের মধ্যে প্রবেশ করিল—ধর মান্বদেহে-কিছুদিন ঐ আবর্ডে ঘুরিয়া, পরিবর্ডিত হইয়া, বাহির হইয়া আরু একটি আবর্তে প্রবেশ করিল—এবার হয়তো কোন জন্তর বেছে, কয়েক বংলর পরে থনিজপদার্থ-নামে আর এক প্রকার আবর্তে প্রবেশ করিল। ক্রমাগভ পরিবর্তন! কোন কিছুই হির নয়। আমার শরীর, তোমার শরীর বলিয়া বান্তবিক কোন বন্ধ নাই, এরপ বলা কেবল কথার কথা মাত্র। এক বিরাট জড়-वांनित अकृषि विस्तृत नाम ठछ, आंत अकृषि विस्तृत्क वना रव रूर्य, कान विस्तृ মহন্ত্র, কোন বিন্দু পৃথিবী, কোন বিন্দু বা উদ্ভিদ্, অপর কোন বিন্দু হয়তো একটি ধনিজ পদার্থ। ইহাদের একটিও সর্বদা একভাবে থাকে না, সকল বস্তুই সর্বদা পরিবর্তিত হইতেছে; জড়ের একবার সংশ্লেষণ, আবার বিশ্লেষণ, চলিভেছে। মন ব। অন্তর্জগৎ সম্বন্ধেও এই একই কথা। জগতের সমুদন্ধ বস্তুই 'ইথার' হুইভে উৎপন্ন, স্ত্রাং ইহাকেই সমূদ্য জড়বম্বর প্রতিনিধিরূপে গ্রহণ করা ঘাইতে পাবে। প্রাণের ত্ব্বতর স্পন্দনশীল অবস্থায় এই ইথার-কেই মনেরও প্রতিনিধি বলা যাইতে পারে। তথাপি ইথার এক অথও জড়বম্বরূপেই ধাকিবে। যদি দেই ^{কৃ}ত্য স্পন্দনের স্তবে উপনীত হইতে পারো, ভবে অভুডৰ কৰিবে—সমগ্ৰ জগৎ সৃদ্ধ সৃদ্ধ স্পন্দনে সংগঠিত। কথন কথন কোন ঔষধের শক্তিতে আমরা ইন্দ্রিয়ের রাজ্যে থাকিয়াও এরপ অবস্থায় নীত হই। ভোমাদের মধ্যে অনেকের স্থার হান্ফি ডেভির (Sir Humphrey Davy) বিখ্যাত পরীক্ষার কথা মনে থাকিতে পারে। হাস্তব্দক বাষ্প (Laughing gas) তাঁহাকে অভিভূত করিলে তিনি তব ও নিম্পান হইয়া দাঁড়াইয়া রহিলেন; পরে তিনি বলেন, সমগ্র জগং ভাবরাশির সমষ্টিমাত। কিছুক্ষণের জন্ত সুলকম্পনগুলি (gross vibration) বেন থামিয়া গিয়াছিল, কেবল পুদ্ম কুন্দা কুন্দানগুলি— ষেগুলিকে তিনি ভাবরাশি বলিয়া অভিহিত করেন, ভগু সেই গুলিই তাঁহার অহুভূতিতে বর্তমান ছিল। তিনি চতুর্দিকে কেবল স্ক্র কতানগুলি দেখিতে পাইতেন। সব কিছু চিম্বারূপে পরিণত হইয়াছিল। তাঁহার নিকট সব বেন এক মহা ভাবসমূত্রে পরিণত হইয়াছিল। সেই মহা-শম্জে ভিনি ও চরাচর অগতের প্রভ্যেকেই যেন এক একটি কৃত্র ভাবাবর্ত।

এইরণে আমরা চিম্বালগতেও এক অথও ভাব দেখিলাম, অবশেষে যথন আমরা সেই আত্মাকে লাভ করি, তথন অহতব করি—সেই আত্মাই এই অথও 'এক'। সর্বপ্রকার সুল ও পুল্ম জড়ের স্পালনের অভীত—গভির উর্ধে দেই এক অথও সতা বিরাজ করিতেছেন। এমন কি, এই পরিদৃশ্যমান গভি-সমূহের মধ্যেও—শক্তির বিকাশসমূহের মধ্যেও এক অথও ভাব বিজ্ঞান। এ-সকল তথ্য এখন আর অধীকার করা যায় না। আধুনিক পদার্থ-বিজ্ঞানও প্রমাণ করিয়াছে যে, এই বিশে শক্তিসমষ্টি সর্বত্র সমান। আবার ইহাও প্রমাণিত হইয়াছে যে, শক্তিসমষ্টি তুই ভাবে অবস্থান করে—কখন তিমিত বা অবাক্ত, পরে ব্যক্ত অবস্থায় উহা এই-সকল নানাবিধ শক্তির আকার ধারণ করে, আবার শাস্ত অব্যক্ত রূপ প্রাপ্ত হয়, আবার ব্যক্ত হয়। এইরণে উহা অনস্থকাল ধরিয়া কখন বিকশিত, কখন বা সন্থুচিত ভাব ধারণ করিতেছে। প্রেই বলা হইয়াছে—এই শক্তিরপী প্রাণের নিয়ন্ত্রণের নামই প্রাণায়াম।

ফুন্ফুনের গতিতেই প্রাণের প্রকাশ স্পষ্টরূপে দেখিতে পাওয়া যায়। উহাতেই প্রাণের ক্রিয়া সহজে বোঝা যায়। ফুস্ফুসের গতি বন্ধ হইলে ८ एटिय नक्न किया नत्न नक्ष रहेया योग । किन्न व्यक्ति व्यक्ति, খাহাবা নিজেদের এমনভাবে শিক্ষিত করেন যে, তাঁহাদের ফুস্ফুদের গতি ক্ষ হইয়া গেলেও শ্রীর জীবিত থাকে। এমন অনেক লোক আছেন, যাঁহারা খাদ-প্রখাদ না লইয়া কয়েক মাদ মাটির নীচে নিজেকে চাপা দিয়া জীবিত থাকিতে পারেন। স্মতর শক্তির কাছে যাইতে হইলে স্থুলতর শক্তির সাহায্য লইতে হয়। এইক্লপে ক্রমশঃ পুলাভম শক্তি লাভ করিতে করিতে শেষে আমরা চরম লক্ষ্যে উপনীত হই। যত প্রকার ক্রিয়া আছে, তরধ্যে ফুস্ফুসের ক্রিয়াই অতি সহজে প্রত্যক্ষ হয়। উহা যেন যন্ত্রমধ্যস্থ গতিনিয়ামক চক্ররণে অপর শক্তিগুলি চালাইতেছে। প্রাণায়ামের প্রকৃত অর্থ--ফুস্ফুদের এই গতি নিয়ন্ত্রিত করা; এই গতির সহিত খাস্বত্রও জড়িত। খাদ-প্রখাদ যে এই গতি উৎপন্ন করিতেছে, তাহা নয়, বরং এই গতিই শাস-প্রশাস উৎপন্ন করিতেছে। এই বেগই পাম্পের মডো বায়ুকে ভিতরের দিকে আকর্ষণ করিতেছে। প্রাণ এই ফুস্ফুস্কে চালিত করিতেছে। এই সুস্ফুদের গতি বায়ুকে আকর্ষণ করিতেছে। তাহা হইলে বুঝা গেল, প্রাণায়াম খাদ-প্রখাদের ক্রিয়া নয়। যে পেনী-শক্তি ফুন্ফুন্কে সঞ্চালন

করিতেছে, ভাহাকে বলে আনাই প্রাণায়াম। বে শক্তি লার্-মওলীর ভিতর দিয়া মাংসপেশতে বাইতেছে এবং পেশীর মাধ্যমে ফ্স্ফ্স্কে সঞ্চালন করিছেছে, ভাহাই প্রাণ; প্রাণায়াম-সাধনে এই প্রাণকেই বশে আনিতে হইবে। বখনই প্রাণ নিয়ন্তিত হইবে, তখনই আমরা দেখিতে পাইব—শরীরের মধ্যে প্রাণের অভান্ত সম্লয় ক্রিয়াই আমাদের আয়ত্তে আসিয়াছে। আমি নিজেই এমন সব লোক দেখিয়াছি, বাহারা তাঁহাদের শরীরের পেশীগুলি বলে আনিয়াছেন অর্থাৎ ইচ্ছামত সেগুলি চালনা করিতে পাবেন। কেনই বা না পারিবেন? যদি কভকগুলি পেশী আমার ইচ্ছা অন্থসারে সঞ্চালিত হয়, তবে প্রত্যেকটি পেশী ও লায়্ আমি নিয়ন্তিত করিতে পারিব না কেন? ইহাতে অসম্ভব কি আছে? এখন আমাদের এই নিয়ন্ত্রণ-শক্তিলোপ পাইয়াছে, আর ঐ পেশীগুলি য়য়ংক্রিয় হইয়া পড়িয়াছে। আমরা ইচ্ছামত কর্ণ সঞ্চালন করিতে পারি না, কিন্তু আমরা জানি যে, পশুরা ঐকরণ করিতে পারে। এই শক্তি চালনা করি না বলিয়াই আমাদের এ শক্তিনাই। ইহাকেই পূর্বপুরুষদের গুণদোষের পুনরাবির্তাব (atavism) বলা হয়।

আর ইহাও আমরা জানি, বে শক্তি এখন অব্যক্ত ভাব ধারণ করিরাছে, তাহাকে আবার ব্যক্তাবস্থার আনা যায়। থুব দৃঢ় পরিশ্রম ও অভ্যাসের হারা আমাদের শরীবস্থ অনেক হস্ত শক্তিকে পুনরার আমাদের ইচ্ছার সম্পূর্ণ বশবর্তী করা যাইতে পারে। এইভাবে বিচার করিলে দেখিতে পাওয়া বার, শরীরের প্রত্যেক অংশকেই সম্পূর্ণ ইচ্ছাধীন করা কিছু মাত্র অসম্ভব নয়, বরং হ্বব সম্ভব। যোগী প্রাণারামের হারা ইহা করিয়া থাকেন। ভোমরা হয়তো যোগশাত্রের অনেক গ্রন্থে পড়িয়া থাকিবে যে, ধানগ্রহণের সময় সমগ্র শরীর 'প্রাণে'র হারা পূর্ণ কর। ইংরেজী অহুবাদে প্রাণ-শব্দের অর্থ করা হইয়াছে খাস। ইহাতে ভোমরা সহজেই জিক্তাসা করিতে পারো, 'খাসের হারা সমূল্য শরীব পূর্ণ করিব কিন্ধণে?' ইহা অহুবাদকেরই দোর। শরীরের প্রত্যেকটি অংশই প্রাণ অর্থাৎ এই জীবনীশক্তি হারা পূর্ণ করা যাইতে পারে; আর বখনই তুমি এক্লপ করিতে পারিবে, তখনই সমগ্র শরীর ভোমার বলে আসিবে। দেহে অহুভূত সকল ব্যাধি, সকল হংথ সম্পূর্ণক্রপে আরতে আসিবে। শুধু ভাই নয়, তুমি অপবের শরীরও নিয়ন্ধিত করিতে

পারিবে। পৃথিবীতে ভাল মন্দ সবই সংক্রামক। ভোষার শরীরে ষদি কোন এক বিশেষ ভাবের উত্তেজনা থাকে, অপরের ভিতরও সেই ভাবের প্রবণতা দেখা দিবে। যদি তুমি সবল ও হৃষ্ হও, তোমার নিকটছ ব্যক্তিদের মধ্যেও স্থন্থ ও সবল ভাব আসিবে। তুমি যদি কয় বা তুর্বল হও, ভবে দেখিবে ভোমার নিকটবর্তী ব্যক্তিগণ ধেন একটু কল্প ও তুর্বল হইতেছে। ভোমার স্থৃত্ব শরীরের স্পন্দন অপরের ভিতর সঞ্চারিত হইয়া বাইবে। যথক একজন অপরকে রোগমূক্ত করিবার চেষ্টা করে, তথন প্রথমে ভাহার ভাবাট এইরূপ হয় যে, আমার স্বাস্থ্য অপরে সঞ্চারিত করিয়া দিব। ইহা একপ্রকার আদিম চিকিৎদা-প্রণালী। জ্ঞাতদারে বা অজ্ঞাতদারে একজন আর একজনের দেহে স্বাস্থ্য সঞ্ারিত করিয়া দিতে পারেন। খুব বলবান্ ব্যক্তি যদি কোন তুর্বল লোকের দলে সর্বদা বাদ করে, ভাহা হইলে দেই তুর্বল ব্যক্তি জাতুক বা না জাতুক কিঞ্চিৎ পরিমাণে সবল হইবেই হইবে। যথন এই প্রক্রিয়া জ্ঞাতসারে করা হয়, তথন ইহার ফল অপেক্ষাকৃত ত্বান্থিত ও ভাল হইয়া থাকে। আর এক প্রকার আরোগ্য-প্রণালী আছে, ভাহাতে স্বয়ং খুব স্থ্কায় না হইলেও একজন অপবের শরীবে স্বাস্থ্য সঞ্চারিত করিয়া দিতে পাবেন। এরপ ক্ষেত্রে ঐ আবোগ্যকারীর প্রাণের উপর প্রভূত্ব কিছুটা বেশী। তিনি কিছুক্ষণের জন্ম নিজ প্রাণ উচ্চতর স্পন্দনবিশিষ্ট অবস্থায় উন্নীত করিয়া অপরের শরীরে ঐ স্পন্দন সঞ্চারিত করিতে পারেন।

অনেকস্থলে প্রক্রিয়াটি দূব হইতেও সংসাধিত হইয়াছে। বাস্তবিক দ্বাবের অর্থ ধদি ক্রমবিচ্ছেদ (break) হয়, তবে দ্বাব বলিয়া কিছু নাই। এমন দ্বাব কোথায় আছে, যেখানে পরস্পারের কিছুমাত্র সম্বন্ধ—কিছুমাত্র ধোগ নাই? স্বর্থ ও তোমার মধ্যে বাস্তবিক কি কোন ক্রমবিচ্ছেদ আছে? এক অবিচ্ছিন্ন অথও বন্ধ রহিয়াছে—তুমি তাহার এক অংশ, স্বর্থ তাহার আর এক অংশ। নদীর এক অংশ ও অপর অংশের মধ্যে কি ক্রমবিচ্ছেদ আছে? তাহা হইলে শক্তি একস্থান হইতে অপর স্থানে ভ্রমণ করিতে পারিবে না কেন? ইহার বিক্ষান্ধ তো কোন যুক্তিই দেওয়া যাইতে পারে না। দ্ব হইতে রোগ আরোগ্য করার ঘর্টনাগুলি সম্পূর্ণ সত্য। এই প্রাণকে বছদ্বে সঞ্চারিত করা যাইতে পারে, তবে অবশ্য এমন হইতে পারে যে, এ-বিষয়ে একটি ঘটনা যদি সত্য হয়, তবে শত শত ঘটনা কেবল জ্য়াচুরি। লোকে

এই আরোগ্য-প্রণালীকে যত সহল ভাবে—তত সহল নয়। অধিকাংশ খলে দেখা যাইবে বে, আরোগ্যকারী মানব-দেহের যাভাবিক অভার ক্ষোগ লইভেছেন। জগতে এমন কোন রোগ নাই বে, সেই রোগে আক্রাভ হইয়া সব লোকই মারা পড়ে। এমন কি, বিস্চিকা-মহামারীতেও যদি কিছুদিন শতকরা ৩০ জন মরে, তবে দেখা যায়, ক্রমশ: এই মৃত্যুর হায় কমিয়া শতকরা ৩০ হয়, পরে ২০তে দাঁড়ায়, অবশিষ্ট সকলে রোগমুক্ত হয়। এলোণ্যাথ চিকিৎসক আসিলেন, বিস্চিকা-রোগগ্রন্থ ব্যক্তিগণকে চিকিৎসা করিলেন, তাঁহার ঔষধ দিলেন। হোমিওপ্যাথ চিকিৎসক আসিয়া তাঁহার ঔষধ দিলেন, হয়তো এলোপ্যাথ অপেক্ষা অধিকসংখ্যক রোগী আরোগ্য করিলেন, কারণ হোমিওপ্যাথ চিকিৎসক রোগীর শরীরে কোন গোলযোগ না বাধাইয়া প্রকৃতিকে নিজের ভাবে কাজ করিতে দেন। বিশাসবলে আরোগ্যকারী আরও রোগী আরোগ্য করিবেন, কারণ তিনি নিজের ইচ্ছাশক্তি প্রয়োগ করিয়া বিশাসবলে রোগীর স্থে প্রাণশক্তিকে জাগাইয়া দেন।

কিছ বিষাদবলে বোগ-আবোগ্যকারীদের সর্বদাই একটি ভূল হইয়া থাকে—তাঁহারা মনে করেন, সাক্ষাৎভাবে বিষাদই মাহ্যকে রোগম্ক করে। বাস্তবিকপক্ষে কেবল বিশাদই যে একমাত্র কারণ, তাহা বলা যায় না। এমন দব রোগ আছে, যেগুলির দর্বাপেকা থারাপ লক্ষণ এই—বোগী নিক্ষে আদৌ মনে করে না যে, তাহার সেই রোগ হইয়াছে। রোগীর নিক্ষের রোগহীনতা দযকে অতীব বিষাদই ভাহার রোগের একটি প্রধান লক্ষণ, সচরাচর ইহা আন্ধু মৃত্যুরই স্ফুনা করে। এ-দকল স্থলে কেবল বিশাদেই রোগ আরোগ্য হয়—এ তত্ত্ব থাটে না। যদি বিশাদেই রোগ আরোগ্য হয়—এ তত্ত্ব থাটে না। যদি বিশাদেই রোগ আরোগ্য হয়ত, ভাহা হইলে এই-দকল রোগীও আরোগ্যলাভ করিত; প্রাণের শক্তিছেই রোগ নিরাময় হইয়া থাকে। বে পবিত্রাত্মা পুক্ষ নিক্ষ প্রাণ নিয়ম্রণ করিয়াছেন, তিনি ইহাকে এক নির্দিষ্ট কম্পনের অবস্থায় লইয়া গিয়া অপরের মধ্যে দেই প্রকার কম্পন দঞ্চারিত ও জাগ্রত করিতে গারেন। প্রতিদিনের ঘটনা হইভেই এই বিষয়ের প্রমাণ পাইতে পারো। আমি বক্ততা দিভেছি, বক্ততা দিবার সময় কি করিতেছি? আমি আমার মনকে একপ্রকার কম্পনের অবস্থায় আনিতেছি; এবং এই-বিয়য়ে আমি

ষতই কৃতকার্য হইব, ভোমরা ডতই আমার বাক্য বারা প্রভাবিত হইবে। তোমরা সকলেই জানো, বক্তা দিতে দিতে আমি বেদিন খুব মাতিয়া উঠি, দেদিন আমার বক্তা তোমাদের বেশী ভাল লাগে, আর আমার উৎসাহ অল্ল হইলে আমার বক্তা শুনিতে তোমাদেরও ডত ভাল লাগে না।

জগৎ-আলোড়নকারী তীত্র-ইচ্ছাশক্তিসম্পন্ন মহাপুরুষগণ নিজেদের প্রাণ এক অতি উচ্চ কম্পনের অবস্থায় উন্নীত করিতে পারেন; প্রাণ এভ অধিক শক্তিসম্পন্ন হয় যে, উহা অন্তকে মৃহুর্তমধ্যে স্পর্শ করে, সহস্র সহস্র লোক তাঁহাদের দিকে আকৃষ্ট হয় এবং জগতের অর্ধেক লোক তাঁহাদের ভারামুদারে ভাবিত হইয়া থাকে। জগতের মহাপুরুষগণ সকলেই প্রাণ জয় করিয়া-ছিলেন। এই প্রাণদংখমের বলে তাঁহারা প্রবল-ইচ্ছাশক্তিদম্পন্ন হইরাছিলেন। তাঁহাদের প্রাণকে উচ্চতম কম্পনের অবস্থায় উন্নীত করিয়াই তাঁহারা জগতের উপর প্রভাব বিস্তার করিবার শক্তি লাভ করেন। জগতে যতপ্রকার শক্তির বিকাশ দেখা যায়, সবই প্রাণের সংবম হইতে উৎপন্ন। মাতুষ ইহার গোপন তথ্য না জানিতে পারে, কিন্তু ইহাই একমাত্র ব্যাখ্যা। ভোমার শরীরে এই প্রাণশক্তির সরবরাহ কখন এক দিকে বেশী, অস্তু দিকে কম পড়িয়া যায়—সাম্য নষ্ট হইয়া যায়, প্রাণের অসামঞ্জেই রোগের উৎপত্তি। অতিবিক্ত প্রাণটুকু সরাইয়া যেখানে প্রাণের অভাব হইয়াছে, সেধানকার অভাব পূবণ করিতে পারিলেই বোগ আবোগ্য হয়। কোথায় অধিক, কোথায় বা অল্প প্রাণশক্তি আছে, ইহা জানাও প্রাণায়ামের অল। অনুভব-শক্তি এত ফুল্ম হইবে যে, মন বুঝিতে পারিবে—পায়ের আছুলে বা হাতের আঙ্গুলে যতটুকু প্রাণ আবশ্বক ভাহা নাই এবং ঐ প্রাণের অভাব পুরণ করিবার শক্তিও মনের থাকিবে। প্রাণায়ামের এইরূপ নানা অঙ্গ আছে। ঐগুলি ধীরে ধীরে ও ক্রমশ: শিক্ষা করিতে হইবে। ক্রমে দেখিতে পাওয়া ষাইবে যে, বিভিন্নরূপে প্রকাশিত প্রাণকে সংষ্ঠ করা এবং চালনা করাই রাজ্যোগের একমাত্র লক্ষ্য। যথন কেছ নিজের সব শক্তিকে সংহত করিয়াছে, তথন সে নিজ দেহস্থ প্রাণকেই আয়ত্ত করিয়াছে। যথন কেহ ধ্যান করে, সে প্রাণকেই সংযত করিতেছে, বুঝিতে হইবে।

মহাসমূলে পর্বতত্ন্য বৃহৎ ভরক্সমূহ, কুল কুল ভরক, আরও কুলত। তর্কসমূহ, আবার কুল কুল বৃহুদও রহিয়াছে। কিন্তু এই-স্কলের পশাতে

এক অনম্ভ মহাসমূত। ঐ কৃত্ত বৃষ্টুট একদিকে অনম্ভ সমূত্রের সহিত, আবার অক্তনিকে সেই বৃহৎ ভরদটিও সেই মহাসমূত্রের সহিত সংযুক্ত। এইরণে সংসারে কেছ বা মহাপুরুষ, কেছ বা কৃত্র জল-বৃষ্ণুল্লা সামাভা ব্যক্তি, কিছ সকলেই সেই অনম্ভ মহাশক্তি-সমূত্রের সহিত সংযুক্ত। এই মহাশক্তিতে জীবমাত্রেরই জন্মগত অধিকার। বেখানেই জীবনীশক্তির প্রকাশ, সেইখানেই পশ্চাতে অনম্ভ শক্তির ভাণ্ডার বহিয়াছে। একটি কৃত্র ছত্রাক (fungus)—হয়তো এত কৃত্ৰ ও স্বাবে, অণুবীক্ষণবন্ধ দাবা উহা দেখিতে হয়—তাহা হইতে আরম্ভ কর, দেখিবে অনস্ত শক্তির ভাণ্ডার হইতে ক্রমশঃ. শক্তি সংগ্রহ করিয়া সেটি আর এক আকার ধারণ করিতেছে। কালে উহা উদ্ভিদ্রূপে পরিণত হইল, উহাই আবার একটি পশুর আকার ধারণ করিল, পরে মহাক্রমণ ধারণ করিয়া অবশেষে ঈশবে পরিণত হয়। অবশ্য প্রাকৃতিক নিয়মে এই ব্যাপার ঘটতে লক্ষ লক্ষ বর্ষ অতীত হয়। কিস্ক এই সময়ই বা কি ? সাধনার বেগ ও গতি বৃদ্ধি করিয়া দিলে সময়ের সংক্ষেপ হইতে পারে। যোগীরা বলেন, যে কার্য করিতে সাধারণভাবে অধিক সময় লাগে, কার্বের বেগ বৃদ্ধি করিয়া দিলে ভাহাই অভি অল সময়ের মধ্যে সম্পন্ন হইতে পারে। মাত্র্য এই বিখের অনস্ত শক্তিরাশি হইতে ধীরে ধীবে শক্তি সংগ্রহ করিয়া চলিতে পারে। এভাবে চলিলে একজনের দেবত্ব লাভ করিতে হয়তো লক বংসর লাগিবে। আরও উচ্চাবস্থা লাভ করিতে হয়তো পাঁচ লক্ষ বংসর লাগিবে। আবার পূর্ণ বা সিদ্ধ হইতে আরও পাঁচ লক বংসর লাগিবে। উন্নতির বেগ বাড়াইলে এই সমন্ন সংক্ষিপ্ত হইন্ন। আসিবে। যথেষ্ট চেষ্টা করিলে ছয় মাসে অথবা ছয় বংসরে সিদ্ধিলাভ না হইবে কেন ? যুক্তি যাবা ইহা বুঝা যায়। কোন বাষ্ণীয়-যন্ত্ৰ নিৰ্দিষ্ট পরিমাণ কয়লা দিলে প্রতি ঘণ্টায় ছুই মাইল করিয়া ঘাইতে পারে। আরও অধিক কয়লা দিলে আরও শীঘ্র ঘাইবে। এইরূপে তীব্রসংবেগদম্পন্ন ইংলে জীবাত্মা এই অন্মেই মুক্তিলাভ করিতে না পারিবে কেন ? সকলেই শেবে মুক্তিলাভ করিবে, ইহা আমরা জানি। কিন্তু এতদিন অপেকা করিব কেন? এই কণেই, এই শরীরেই--এই সময়াদেহেই মৃক্তিলাভ করিতে কেন না সমর্থ

১ বোগস্ত্র, ১া২১

হইবে । এই অনম্ব জ্ঞান ও অনম্ব শক্তি আমি এখনই লাভ করিব না কেন । আত্মার উরতির বেগ বৃদ্ধি করিয়া কিরুণে অর সময়ের মধ্যে মৃক্তিলাভ করা যাইতে পারে, ইহাই যোগবিজ্ঞানের লক্ষ্য ও উদ্দেশ্য । সকল মামূর মৃক্ত হওয়া পর্যন্ত অপেকা করিয়া, একটু একটু অগ্রসর হওয়ার পরিবর্তে প্রকৃতির অনন্ত শক্তিভাগার হইতে শক্তি গ্রহণ করিবার ক্ষমতা বৃদ্ধি করিয়া কিরুণে শীত্র সিদ্ধিলাভ করা যায়, যোগীরা তাহারই উপায় উদ্ভাবন করিয়াছেন । ক্রগতের সকল মহাপুরুষ—সাধু ও সিদ্ধপুরুষ কি করিয়াছেন । এক জীবনেই তাহারা মানবজাতির সমগ্র জীবন যাপন করেন, সাধারণ মামূরের পূর্ণত্ব লাভ করিতে যে দীর্ঘকাল লাগে, দেই কাল তাহারা এই জীবনেই অভিক্রম করেন । এক জয়েই তাঁহারা নিজেদের সিদ্ধ করিয়াছেন । তাঁহারা আর কিছুই চিন্তা করেন না, অন্ত কোন ভাবের জন্ত একমূহুর্ত সময় কাটান না । এইরূপেই তাঁহাদের সময় সংক্রিপ্ত হয় । একাগ্রতা বলিতে ব্রায়—শক্তিনক্ষের ক্রমতা বৃদ্ধি; এইভাবেই সময় সংক্রিপ্ত করা হয় । রাজ্যোগ-বিজ্ঞান আমাদের শিক্ষা দেয়, কিভাবে এই একাগ্রতা-শক্তি লাভ করা যায় ।

প্রাণায়ামের সহিত প্রেভতত্ত্বের সম্বন্ধ কি ? প্রেভতত্ত্ব প্রাণায়ামেরই এক প্রকার শক্তি-বিকাশ। যদি ইহা সত্য হয় বে, পরলোকগত আত্মার অন্তিম্ব আছে, আমরা শুধু উহাদিগকে দেখিতে পাই না, তাহা হইলে ইহাও খুব সম্ভব বে, এখানেই হয়তো শত শত লক লক আত্মা রহিয়াছে, ষাহাদিগকে আমরা দেখিতে, অহুভব করিতে বা স্পর্শ করিতে পারি না। আমরা হয়তো সর্বদাই তাহাদের শরীরের মধ্য দিয়া যাতায়াত করিতেছি। আর ইহাও খুবই.সম্ভব বে, তাহারাও আমাদিগকে দেখিতে বা কোনরূপে অহুভব করিতে পারে না। ইহা—একটি বৃত্তের ভিতর আর আর একটি বৃত্ত, একটি কাগতের ভিতর আর একটি কগং। যাহারা এক ভূমিতে (Plane) থাকে, তাহারাই পরস্পরকে দেখিতে পায়। আমরা পঞ্চেক্তর-বিশিষ্ট প্রাণী, আমাদের প্রাণের স্পন্দন এক বিশেষ ভরের। যাহাদের প্রাণের স্পন্দন একই প্রকারের, তাহারাই পরস্পরকে দেখিতে পাইবে। কিন্তু যদি এমন কোন প্রাণী থাকে, যাহাদের প্রাণ অপেকাকৃত উচ্চস্পন্দনশীল, তাহাদিগকে আমরা দেখিতে পাইব না। আলোকের তীব্রতা অভিশয় বর্ধিত হইলে আমরা

উহা দেখিতে পাই না, কিছ অনেক প্রাণীর চক্ এরপ শক্তিসম্পন্ন যে, ভাহারা এরপ আলোকও দেখিতে পায়। আবার যদি আলোকের ম্পন্নন অভি মৃত্ হয়, ভখনুঞ্জ উহা আমরা দেখিতে পাই না, কিছ পেচক বিড়ালাদি জন্তগণ উহা দেখিতে পায়। আমাদের দৃষ্টির সীমা এই প্রাণম্পন্ননের একটি তরেই অবহিত। অথবা বায়্রাশির কথা ধর; বায়্ তরে তরে যেন সক্ষিত বহিয়াছে। এক তরেল উপর আর এক তর বায়্ হাপিত। পৃথিবীর নিকটবর্তী বে তর, ভাহা উপরের তর অপেকা অধিক ঘন; আরও উর্ধেদেশে বাইলে দেখিতে পাওয়া বায়, বায়্ ক্রমশং পাতলা হইডেছে। অথবা সম্ত্রের দৃষ্টান্ত লও; সম্ত্রের ষতই গভীর হইডে গভীরতর তরে বাইবে, জলের চাপ ততই বাড়িতে থাকিবে। যে-সকল জন্ত সমুক্তলে বাস করে, ভাহারা কথনই উপরে আসিতে পারে না, কারণ আসিলেই খণ্ডখণ্ড-রূপে বিচ্ছির হইয়া বাইবে।

সমগ্র জগৎকে 'ইথারে'র একটি সমূত্ররূপে চিস্তা কর। প্রাণের শক্তিতে বেন উহা স্পন্দিত হইভেছে, বিভিন্ন গ্রামে স্পন্দিত হইয়া উহা বেন স্তরে ন্তবে অবস্থিত। যে কেন্দ্র হুইডে স্পন্দন আরম্ভ হুইয়াছে, ভাহা হুইডে খড দ্রে যাওয়া যায়, ডভই দেই ম্পন্সন মৃত্ভাবে অহভূত হয়। কেন্দ্রের নিকট ম্পান্দন অভি ফ্রভ। এক এক প্রকারের ম্পান্দনে এক একটি স্থর। ভারণর মনে কর, এই-সকল স্পান্তরে শুর বিভিন্ন সমতলে বিশ্রন্ত হইল--লক্ষ লক বোজন বিভৃত একটি শুর, আবার লক্ষ লক্ষ ধোজন বিভৃত আর একটি উচ্চতর স্পন্দনের শুর এইরূপ চলিতে থাকিবে। এইভাবে চিম্ভা করিলে দেখা যাইবে বে, যাহারা এক ভবে বাদ কবে, ডাহারা পরস্পরকে চিনিতে পারে, কিছ ভাছা অপেকা নিয় বা উচ্চ ভবের জীবদিগকে চিনিতে পারিবে না। তথাপি বেষন আমরা অণুবীকণ ও দ্রবীকণ বল্লের সাহাব্যে আমাদের দৃষ্টির সীমা বাড়াইতে পারি, সেইরূপ আমরা মনকে বিভিন্ন প্রকার স্পন্দনবিশিষ্ট করিয়া অপর তারের সংবাদ অর্থাৎ সেখানে কি হইতেছে, জানিতে পারি। মনে কর, এই গৃহেই এমন কভকগুলি প্রাণী আছে, বাহাদের আমরা দেখিতে পাইডেছি না। ভাহারা প্রাণের এক প্রকার স্পদনের ও আমরা আর এক প্রকার ম্পন্সনের ফলস্বরূপ। মনে কর, ভাহারা অধিক ম্পন্সন-বিশিষ্ট ও আমরা অপেকারত অর স্পদনশীল। তাহারা প্রাণ-রূপ মূলবম্ব হইতে গঠিত,

আমরাও তাই। সকলেই এক প্রাণ-সম্দ্রেরই বিভিন্ন অংশ মাত্র, তবে বিভিন্নতা কেবল স্পাননের বেগে। যদি মনকে ক্রত স্পাননবিশিষ্ট করিতে পারি, সদে সদে আমার তব পরিবর্তিত হইবে, আমি আর ভোমাদিগকে দেখিতে পাইব না, ভোমরা আমার সম্মুখ হইতে অস্তর্হিত হইবে ও অপরে আবিভূতি হইবে। তোমাদের মধ্যে অনেকেই হরতো জানো বে, এই ব্যাপার সত্য। মনকে উচ্চতর স্পাননের তবে উন্নীত করাকেই যোগশাস্ত্রে এক কথায় 'সমাধি' বলা হয়। এ-সকল উচ্চতর স্পাননের অবস্থাকে মনের অতিচেতন স্পাননকে 'সমাধি' নামক একটি শব্দের অন্তর্ভুক্ত করা হয়; সমাধির নিয়তর অবস্থাতেই ঐ-সব প্রতাত্মা প্রভৃতি প্রত্যক্ষ করা যায়। সমাধির সর্বোচ্চ অবস্থার আমরা সত্যমন্ত্রপকে দর্শন করি, তথন আমরা দেখিতে পাই, কি উপাদানে এই সব নানা তবের জীব গঠিত। 'একটি মৃৎপিগুকে জানিলে জগতের সকল মৃত্তিকাই জানা হইয়া যায়'।

এইরণে আমরা দেখিতে পাই বে, প্রেততত্ত্বিভার বেটুকু সভ্য আছে, তাহাও এই প্রাণায়ামের অন্তভুক্ত। এইরূপ যখনই দেখিবে, কোন এক দল বা সম্প্রদায় কোন অতীন্দ্রিয় রহস্তবিছা বা গুপ্ততত্ত্ব আবিষ্কার করিবার চেষ্টা করিভেছে, ভথনই বুঝিবে—ভাহারা প্রকৃতপক্ষে কিছু পরিমাণে এই রাজযোগই সাধন করিতেছে, প্রাণসংখ্যের চেষ্টা করিতেছে। বেখানেই কোনরূপ অসাধারণ শক্তির বিকাশ হইয়াছে, সেখানেই দেখিবে—এই প্রাণের অভিব্যক্তি। অভ্বিজ্ঞানগুলিও প্রাণায়ামের অন্তভূক্তি করা যাইতে পারে। বাষ্পীয়-ষম্ভকে কে' চালিত করে ? প্রাণই বাষ্পের মধ্য দিয়া উহাকে চালাইয়া থাকে। ভড়িৎ প্রভৃতির বে অত্যভূত ক্রিয়াসমূহ দেখা যাইতেছে, এগুলি প্রাণশক্তি ব্যতীত আর কি হইতে পারে ? পদার্থ-বিজ্ঞানই বা কি ? উহা বাহ্ন উপায়ে অহাটিত প্রাণায়াম-বিজ্ঞান। প্রাণ বধন মনঃশক্তিরূপে প্রকাশিত হয়, তথন মানসিক উপায়েই উহাকে নিয়ন্ত্রিত করা হাইভে পারে। প্রাণায়াম-বিজ্ঞানের যে অংশে প্রাণের স্থূল প্রকাশগুলিকে বাহ্ উপায়েক घाता क्य कतिवात (ठष्टे। कता रुत्र, তাरांक नमार्थ-विकान यन। आत প্রাণায়ামের যে অংশে মন:শক্তিরূপ প্রাণের বিকাশগুলিকে মানসিক উপায়ের দারা নিয়ন্ত্রিত করার চেষ্টা করা হয়, ভাহাকেই 'রাজযোগ' বলে।

চতুর্থ অধ্যার

প্রাণের আখ্যাত্মিক রূপ

বোগিগণের মতে মেলদণ্ডের মধ্যে ইড়া ও পিল্লা নামক ত্ইটি লায়বীয় শক্তিপ্রবাহ ও 'হুবুয়া' নামে একটি শৃষ্য নালী আছে। এই শৃষ্য নালীর নিয়প্রান্তে 'কুওলিনী পদ্ম' অবস্থিত, বোগীরা বলেন, উহা তিকোপাকার। যোগীদের রূপক ভাষার ঐ স্থানে কুওলিনী শক্তি কুওলাকৃতি হইয়া বিরাজমানা। যখন এই কুওলিনী জাগরিতা হন, তখন তিনি এই শৃষ্য নালীর মধ্য দিয়া পথ করিয়া উঠিবার চেটা করেন, এবং যভই তিনি এক এক সোপান উপরে উঠিতে থাকেন, ততই মনের যেন স্থরের পর স্থর খুলিয়া যাইতে থাকে; আর সেই ঘোগীর নানারূপ জলোকিক দৃষ্য দর্শন ও অভ্তত শক্তি লাভ হইতে থাকে। যখন সেই কুওলিনী মন্তিক্ষে উপনীত হন, তখন যোগী সম্পূর্ণরূপে শরীর ও মন হইতে পৃথক্ হইয়া যান এবং তাঁহার আ্যা স্থীয় মৃক্তভার উপলন্ধি করে।

আমরা জানি, স্ব্রা কাণ্ড এক বিশেব প্রকারে গঠিত, ৪—এই অকরটিকে বিদি লয়ালবি ভাবে (, ত) লওয়া বায়, তাহা হইলে দেখা বাইবে বে, উহার ঘটি অংশ রহিয়াছে এবং ঐ তুইটি মধ্যদেশে সংযুক্ত। এইরূপ অকর, একটির উপর আর একটি সাজাইলে বেরূপ দেখায়, স্ব্রা কডকটা সেইরূপ। উহার বামভাগ 'ইড়া', দক্ষিণ ভাগ 'শিখলা', এবং যে শৃশু নালী স্ব্রার ঠিক মধ্যস্থা দিয়া সিয়াছে, তাহাই 'স্ব্রা'। কটিদেশের নিকট মেকদণ্ডেরু কডকগুলি অহির পরেই স্ব্রা শেষ হইয়াছে, কিছ তাহা হইলেও একটি অতিক্ষ তদ্ধ বরাবর নিয়ে নামিয়া আসিয়াছে। স্ব্রা নালী ঐ তদ্ধর মধ্যেও অবহিত, তবে অতি ক্ষ হইয়াছে মাত্র। নিয়দিকে ঐ নালীর মৃধ বন্ধ থাকে। উহার নিকটেই কটিদেশস্থ সায়্জাল (Sacral plexus) অবহিত। আধ্নিক শারীরবিজ্ঞানের (Physiology) মতে—উহা ত্রিকোণাকৃতি। বিভিন্ন সায়্জালের কেন্দ্র স্ব্রার মধ্যে অবস্থিত; ঐগুলিকেই বোলিগণের ভিন্ন ভিন্ন পদ্মরণে প্রহণ করা বাইতে পারে।

বোগী কলনা করেন, সর্বনিয়ে মূলাধার হইতে আরম্ভ করিয়া মন্তিকে সহস্রাহ্ম বা সহস্রদল পদ্ম পর্যন্ত কন্তকগুলি কেন্দ্র আছে। যদি আমরা ঐ

পদ্মগুলিকে পূর্বোক্ত সায়ুজাল (Plexus) বলিয়া মনে করি, তাহা হইলে আধুনিক শারীরবিজ্ঞানের ভাষায় অতি সহজে যোগীদিগের কথার ভাব ব্ঝা যাইবে। আমরা জানি, আমাদের সায়ুমধ্যে তুই প্রকারের প্রবাহ আছে; ভাহাদের একটিকে অন্তমুধ ও অপরটিকে বহিমুধ, একটিকে সংবেদাত্মক ·(sensory) ও অপরটিকে চেষ্টাত্মক (motor), একটিকে কেন্দ্রাভিগ ও অপরটিকে কেন্দ্রাভিগ বলা বাইতে পারে। উহাদের মধ্যে একটি মন্তিকের অভিমুখে সংবাদ বহন করে, অপরটি মন্তিফ হইতে বাহিরে সমুদয় অদে সংবাদ লইয়া যায়। ঐ স্পন্দন-প্রবাহগুলি শেষ পর্যন্ত মন্তিক্ষের সহিত সংযুক্ত। পরবর্তী ব্যাখ্যা হুগম ও স্পষ্ট করিবার জগু আমাদের অক্তাগু করেকটি বিষয় শ্বরণ হাথিতে হইবে। সুষুমাকাণ্ড মন্তিজ-মজ্জায় একটি কলে (bulb) শেষ হইয়াছে; কিন্তু উহা মন্তিক্ষের সহিত যুক্ত নয়, মন্তিক্ষের অন্তর্গত তরল পদার্থে ভাসমান। মাথায় যদি কোন আঘাত লাগে, ভবে ঐ আঘাতের শক্তি ঐ তরল পদার্থেই ব্যয়িত হইয়া যায়, কন্দ আহত হয় না। ইহা মনে त्राथ। वित्यय প্রয়োজন। विভীয়ত: আরও জানিতে হইবে, সমূদর চক্রের মধ্যে স্বনিমুস্থ ম্লাধার, মন্তক্ষ সহস্রদল-পদ্ম ও নাভিদেশে অবস্থিত মণিপুর চক্র এই তিনটীর কথা মনে রাখা বিশেষ আবশুক।

এইবার পদার্থবিজ্ঞানের একটি তত্ত্ব আমাদিগকে বুঝিতে হইবে।
আমরা সকলেই তড়িৎ ও তৎসম্পর্কে অন্যান্ত বহুবিধ শক্তির কথা শুনিয়াছি।
তড়িৎ কি, তাহা কেহই জানে না, তবে আমরা এই পর্যন্ত জানি যে, তড়িৎ
একপ্রকার গতিবিশেষ। জগতে অন্যান্ত নানাবিধ গতি আছে, তড়িতের
সহিত উহাদের প্রভেদ কি? মনে কর, একটি টেবিল নড়িতেছে—বে
পরমাণ্গুলি ঘারা উহা গঠিত, সেগুলি বিভিন্ন দিকে আন্দোলিত হইতেছে।
যদি উহাদিগকে অনবরত একদিকে সঞ্চালিত করা যায়, তাহা হইলে তাহা
তড়িংশক্তির ঘারাই সম্ভব হইবে। তড়িংপ্রবাহই কোন পদার্থের
পরমাণ্গুলিকে একদিকে গতিশীল করে। এই গৃহে যে বায়্রালি রহিয়াছে,
তাহার সব পরমাণ্গুলিকে যদি ক্রমাগত একদিকে সঞ্চালিত করা যায়, তাহা
হইলে ঘরটি এক বিরাট বিত্যাদাধার-যত্ত্বে (Battery) পরিণত হইবে।

শারীরবিজ্ঞানের একটি ভদ্ধ আমাদিগকে শারণ রাখিতে ছইবে। ভদ্টট এই: যে সায়ুকেন্দ্র শাস-প্রশাস-যন্ত্রগুলি নিয়মিত করে, সায়ুপ্রবাহগুলির উপরও তাহার একটু প্রভাব আছে; ঐ কেন্দ্র বন্দোদেশের ঠিক বিপরীক্ত দিকে বেরুদণ্ডে অবস্থিত, উহা শাস-প্রধাস নিয়মিত করে এবং অক্তান্ত বে-সকল সায়ুচক্র আছে, তাহাদের উপরেও কিঞিৎ প্রভাব বিস্তার করে।

এইবার আমরা প্রাণায়াম-ক্রিয়া-সাধনের কারণ ব্রিতে পারিব। প্রথমতঃ নিয়মিত খাদ-প্রখাদের বারা শরীরের দম্দর পরমাণ্ট্ এক দিকে গতি-দালর হইবার প্রবণতা লাভ করিবে। যখন মন দৃঢ় ইচ্ছাশক্তিরূপে পরিণত হয়, তথন সম্দর খায়্প্রবাহও এক প্রকার ভড়িৎ-শক্তিতে পরিবর্তিত হয়; কারণ, দেখা গিয়াছে, খায়্গুলির উপর তড়িৎপ্রবাহের প্রভাবে লায়্র উভয় প্রার্থিবাত শক্তিবরের উভব হয়। ইহাভেই প্রমাণিত হয় বে, যখন ইচ্ছাশক্তি খায়্প্রবাহরূপে পরিণত হয়, তথন উহা তড়িতের মতো কোন শক্তিতে পরিবর্তিত হয়। যখন শরীরের সম্দয় গতি সম্পূর্গ গতি সম্পূর্গ গড়ে। এই প্রবল ইচ্ছাশক্তির এক প্রবল বিহ্যাদাধার-স্কর্প হইয়া পড়ে। এই প্রবল ইচ্ছাশক্তি লাভ করাই বোগীর উদ্দেশ্য। প্রাণায়াম-ক্রিয়াটি এইরূপে শারীরবিজ্ঞানের সাহাব্যে ব্যাখ্যা করা যাইতে পারে। উহা শরীরের মধ্যে ছন্দের মতো একপ্রকার গতি উৎপাদন করে ও খাস-প্রখাসক্রেরের উপর আধিপত্য বিন্তার করিয়া শরীরম্থ অল্লাল্য কেন্দ্রগুলিকেও বলে আনিতে সাহায্য করে। এর্ফ্রেল প্রাণায়ামের লক্ষ্য—ম্লাধারে ক্ওলাকারে অবস্থিত ক্পেননী শক্তির উহাধন করা।

আমরা বাহা কিছু দেখি বা করনা করি অথবা বখন অথ দেখি, সবই আকাশে অহন্তব করিতে হয়। এই পরিদৃশ্যমান আকাশ, বাহা সাধারণতঃ দেখা বার, তাহার নাম মহাকাশ। বোগী বখন অপরের মনোভাব প্রত্যক্ষ করেন বা অভীক্রির বস্তুসমূহ অহ্নভব করেন, তখন তিনি ঐশুলি আর এক-প্রকার আকাশে—চিন্তাকাশে বা মানস আকাশে দেখিতে পান। আর বখন আমাদের অহন্ততি বিষয়শৃশ্য হয়, বখন আত্মা নিজ স্বরূপে প্রকাশিত হন, তখন উহার নাম 'চিদাকাশ' বা জানের আকাশ। বখন কুওলিনীশক্তি জাগরিত হার্মা স্ব্রা-নাদ্যীতে প্রবেশ করেন, তখন বে-সকল বিষয় অহন্ত্ত হয়, সেশুলি চিন্তাকাশেই হইয়া থাকে। এ নালীর শেব সীমা মন্তিকে উপনীত হইলে চিন্তাকাশে এক বিষয়শৃশ্য জ্ঞান অহন্ত্ত হয়া থাকে।

এইবার ভড়িৎ-শক্তির উপমা আবার লওয়া বাক। আমরা দেখিতে পাই

বে, মাহ্ব কেবল তার-যোগে কোন তড়িৎপ্রবাহ একস্থান হইতে অপর স্থানে প্রেবণ করিতে পারে।' কিন্তু প্রকৃতি তাহার নিকের প্রচণ্ড শক্তিপ্রবাহ প্রেরণ করিতে কোন তারের সাহায্য গ্রহণ করে না। ইহারারা প্রমাণিত হয়, প্রবাহ চালাইবার জন্ম ভারের বান্তবিক কোন আবশ্রকতা নাই, তবে আমরা উহা ছাড়া কাজ করিতে পারি না বলিয়াই আমাদের তার প্রয়েজন।

তড়িৎপ্রবাহ যেমন তারের সাহায্যে প্রেরিত হয়, ঠিক তেমনি স্বায়ুতভ্তরূপ তারের—সাহায্যে শরীরের সর্ববিধ সংবেদন মন্তিকে প্রেরিত হইতেছে ও মন্তিফ হইতে কর্মপ্রচেষ্টা বহিবিজিয়ে প্রেবিত হইতেছে। স্বয়্মা-মধ্যবিত জ্ঞানাত্মক ও কর্মাত্মক সায়ুভদ্ধগুলিই যোগিগণের ইড়া ও পিদলা নাড়ী। প্রধানতঃ ঐ ছুইটি নাড়ীর ভিতর দিয়াই পূর্বোক্ত অন্তমূর্ব ও বহিমূর্ব শক্তি-প্রবাহন্বয় চলাচল করিতেছে। কিন্তু কথা হইতেছে, কোন তারের সাহাষ্য ব্যতীত মন কেন সংবাদ প্রেরণ করিতে পারিবে না অথবা প্রতিক্রিয়া করিবে না? প্রকৃতিতে তো এরপ ব্যাপার ঘটিতে দেখা ষাইতেছে। যোগীরা বলেন, এরপ করিতে পারিলেই অড়ের বন্ধন অভিক্রম করা যাইতে পারে। ইহা করিবার উপায় কি ? যদি মেকদণ্ডমধ্যস্থ স্ব্য়ার ভিতর দিয়া স্বায়্প্রবাহ চালাইতে পারো, তাহা হইলেই এই সমস্তার সমাধান হইবে। মনই এই সায়ুজাল নির্মাণ করিয়াছে, মনকেই ঐ জাল ছিল্ল করিতে হইবে। কোনরপ তাবের সাহায্য ছাড়াই কাব্দ করিতে হইবে। তথনই সমুদয় জ্ঞান আমাদের আয়ত্ত হইবে, দেহের বন্ধন আর থাকিবে না। এই অন্তই শুরুয়া নাড়ীকে জন্ন করা আমাদের এত প্রয়োজন। বদি এই শৃক্ত নালীর মধ্য দিয়া নাড়ীজালের সাহায্য ব্যতিরেকেই মানসিক প্রবাহ চালাইতে পারি, যোগীরা বলেন, তাহা হইলে এই সমস্তার সমাধান হইয়া সেল। হোগীরা আরও বলেন, ইহা করিতে পারা যায়।

সাধারণ লোকের শরীরে স্থ্য়া নিয়দিকে বন্ধ; উহার বারা কোন ক্রিয়াই হয় না। যোগীরা বলেন, এই স্থ্যাদ্বার উদ্বাটিত করিয়া উহার মধ্য দিয়া স্বায়্প্রবাহ চালাইবার নির্দিষ্ট প্রণালী আছে। সেই সাধনে কৃতকার্য

১ পাঠক স্মরণ রাখিবেন, বেতার আবিদারের পূর্বে ইছা লিখিত।

হুইলে সাযুপ্তবাহ উহার মধ্য দিয়া চালাইতে পাবা বার। বাহ্য বিষয়স্পর্শে উৎপন্ন প্রবাহ যথন কোন কেন্দ্রে উপনীত হয়, তথন ঐ কেন্দ্র হইতে এক প্রতিক্রিয়া (reaction) উপস্থিত হয়। সমংক্রিয়কেলগুলিতে ঐ প্রতিক্রিয়ার ফলে গডি উৎপন্ন হয় ; চৈতক্সময় কেন্দ্রগুলিডে (conscious centres) কিছ প্রথমে অমুভব, পরে গতি উৎপন্ন হর। সমুদর অমুভৃতিই বাহির হইতে আগভ ক্রিয়ার প্রতিক্রিয়া মাত্র। ভবে খপ্নে অহুভূতি হর ক্রিপে ? ভধন তো বাহিরের কোন ক্রিয়া নাই, তবে তো বিষয়াভিঘাত-ছনিত স্নায়বীর গতিগুলি শরীরের কোথাও কুগুলীকুভভাবে অবস্থান করে। মনে কর, আমি একটি নগর দেবিলাম; সেই নগবের বহিবস্তবাজির আঘাতের প্রতিঘাতেই আমার দেই নগরের অহুভূতি অর্থাৎ দেই নগরের বহির্বস্তনিচয় ঘারা আমার অন্তর্বাহী সায়ুমগুলীর মধ্যে বে গভিবিশেষ উৎপন্ন হয়, ভাহাবারা মন্তিক্ষমধ্যস্থ পরমাণুগুলির ভিতর গতিবিশেষ উৎপন্ন হইয়াছে। এখন—স্মনেক দিন পরেও ঐ নগরটি মনে করিতে পারি। স্বতিতেও ঠিক ঐ ব্যাপারই ঘটিয়া থাকে, ভবে মৃত্ভবভাবে। কিন্তু বে ক্রিয়া মন্তিকের ভিতর অভুক্রপ মৃত্তর স্পন্দন ভোলে, ভাহাই বা কোথা হইতে আদে ? উহা দেই প্রথম সংবেদন-জনিত, তাহা কথনই বলা যায় না। তাহা হইলে স্পষ্টই প্রতীত হইতেছে যে, ঐ সংবৈদন-অনিত গতিপ্ৰবাহগুলি শরীরে কোথাও কুণ্ডলীকৃত হইয়া বহিয়াছে, এবং উহাদের অভিঘাতের ফলে খপ্পকালীন অহুভৃতিরূপ মৃত্ প্রতিক্রিয়ার উদ্ভব হয়।

বে কেন্দ্রে সংবেদনগুলির অবশিষ্টাংশ বা সংস্কারসমষ্টি বেন সঞ্চিত থাকে, ভাহাকে 'মৃলাধার' বলে, আর ঐ কুগুলীরুত ক্রিয়াশন্তিকে 'কুগুলিনী' বলে। সন্তবতঃ চেটাশন্তির অবশিষ্টাংশও এই স্থানেই কুগুলীরুত হইয়া সঞ্চিত রহিয়াছে; কারণ, বাহ্যবন্ধর দীর্ঘকাল চিন্তা ও গভীর অধ্যয়নের পর শরীরের বে স্থানে ঐ মৃলাধার চক্র (সন্তবতঃ জিকান্থি-আয়ুজাল = Sacral Plexus) অবস্থিত, ভাহা উষ্ণ হইতে দেখা বাদ্ধ। বদি এই কুগুলিনী শক্তিকে জাগরিত করিয়া ক্রিয়াশীল করা বায়, ভারপর জাতসারে ক্র্য়া-নালীর ভিতর দিয়া লইয়া বাগুরা বায়, ভবে উহা বেমন বেমন এক কেন্দ্রের পর আর এক কেন্দ্রের উপর ক্রিয়া করিবে, অমনি প্রবল প্রতিক্রিয়ার উৎপত্তি হইবে। স্থন ক্রিনী-শক্তির অভি লামান্ত অংশ কোন আযুত্তর মধ্য দিয়া প্রবাহিত হইয়া

বিভিন্ন কেন্দ্ৰ হইতে প্ৰতিক্ৰিয়ার সৃষ্টি করে, তথন ভাহাই স্বপ্ন স্থাধা কল্লনা নামে অভিহিত হয়। কিন্তু যখন ঐ দীর্ঘকাল-সঞ্চিত বিপুল শক্তিপুঞ্জ দীর্ঘ-কালব্যাপী ভীত্র ধ্যানের শক্তিতে হুরুয়ামার্গ অভিক্রম করিতে থাকে, ভখন কে প্রতিক্রিয়া হয়, তাহা অতি প্রবল। তাহা অথ- বা করনা-কালীন প্রতিক্রিয়া হইতে অনম্ভগুণে শ্রেষ্ঠ তো বটেই, জাগ্রৎকালীন বিষয়জ্ঞানের প্রতিক্রিয়া হইতেও অনম্ভওণে প্রবল। ইহাই অতীক্রিয় অহুভৃতি, আর এই অবস্থায় মন জ্ঞানাভীত ভূমিতে আরোহণ করিয়াছে বলা যায়। আবার যথন উহা সমুদর জ্ঞানের—সমৃদয় অহুভৃতির কেন্দ্রস্কাপ মন্তিকে গিয়া উপস্থিত হয়, তথন সমৃদয় মন্তিক ও উহার অহভবসম্পন্ন প্রত্যেক পরমাণু হইতেই বেন প্রতিক্রিয়া হইতে থাকে; ইহার ফল জ্ঞানালোকের পূর্ণ প্রকাশ বা আত্মাহভৃতি। কুণ্ডলিনী-শক্তি যেমন যেমন এক কেন্দ্র হইতে অপর কেন্দ্রে যায়, অমনি যেন মনের এক একটি স্তর উন্মুক্ত হইয়া বায়, এবং তখন যোগী এই জগতের স্ক্র বা কারণাবস্থাটিকে উপলব্ধি করিতে থাকেন। তখনই সংবেদন ও উহার প্রতিক্রিয়ারূপে জগতের কারণসমূহের যথার্থ জ্ঞান হইবে, স্তরাং তথনই আমাদের সর্ববিষয়ের পূর্ণ জ্ঞান হইবে। কারণটি জানিতে পারিলেই কার্ষের জ্ঞান নিশ্চয়ই আসিবে।

এইরূপে দেখা গেল যে, কুগুলিনীকে জাগ্রত করাই দিব্যজ্ঞান—জ্ঞানাতীত অহুভূতি বা আত্মাহুভূতি লাভের একমাত্র উপায়। কুগুলিনী জাগরণের অনেক উপায় আছে: কাহারও ভগবংপ্রেমবলে, কাহারও বা দিন্ধ মহাপুক্ষব-গণের ক্লপায়, কাহারও বা ক্ল জ্ঞানবিচার ঘারা। লোকে যাহাকে অলৌকিক শক্তি বা জ্ঞান বলিয়া থাকে, যথনই কোথাও তাহার কিছু প্রকাশ দেখা যায়, তথনই বুঝিতে হইবে যে, কিঞ্ছিৎ পরিমাণে এই কুগুলিনী শক্তি কোন মতে ক্র্য়ার ভিতর প্রবেশ করিয়াছে। তবে এরূপ অলৌকিক ঘটনাগুলির অধিকাংশ স্থলেই দেখা যাইবে যে, সেই ব্যক্তি না জানিয়া হঠাৎ এমন কোন লাখন করিয়া ফেলিয়াছে যে, তাহাতে তাহার অজ্ঞাতসারে কুগুলিনী শক্তির কিয়ৎপরিমাণ ক্র্য়ার প্রবেশ করিয়াছে। সর্বপ্রকার উপাসনাই জ্ঞাতসারে অথবা অজ্ঞাতসারে এই একই লক্ষ্যে পৌছিয়া দেয়। যিনি মনে করেন, প্রার্থনার উত্তর পাইতেছি, ভিনি জানেন না যে, প্রার্থনা-রূপ মনোবৃত্তি ঘারা তিনি তাহারই দেহন্থিত জনত শক্তির এক বিশ্বকে জাগরিত করিতে

শ্বর্থ হইরাছেন। স্বভরাং মাছ্য না আনিরা বাঁহাকে নানা নামে, ভরে, ও তৃংথের ভিতর দিরা উপাসনা করে, তাঁহার নিকট কি ভাবে অগ্রসর হইতে হর জানিলে ব্ঝিবে, তিনিই প্রত্যেক প্রাণীর মধ্যে প্রকৃত শক্তিরূপে কুজনাকারে বিরাজমান এবং তিনি নকল স্থের জননী—বোগিগণ জগতের সমক্ষে ইহাই উচ্চকণ্ঠে ঘোষণা করেন। স্বভরাং রাজবোগই প্রকৃত ধর্মবিজ্ঞান। উহাই সকল উপাসনা, সকল প্রার্থনা, বিভিন্ন প্রকার নাধনপদ্ধতি, ক্রিরাছ্ঠান ও জনৌকিক ঘটনা সমূহের বৃক্তিসক্ত ব্যাধ্যা।

পঞ্চম অধ্যায়

অধ্যাত্ম প্রাণের সংযম

এখন আমাদের প্রাণায়ামের বিভিন্ন ক্রিয়াগুলি সহছে আলোচনা করিতে হইবে। আমরা পূর্বেই দেখিয়াছি, যোগিগণের মতে লাখনের প্রথম অকই ফুস্কুসের গতি নিয়ন্ত্রিত করা। আমাদের উদ্দেশ্য—শরীরের মধ্যে বে-সকল ক্ষা ক্ষা গতি আছে, সেগুলি অমুভব করা। আমাদের মন বহিম্প হইয়া পড়িয়াছে, উহা ভিতরের ক্ষা ক্ষা গতিগুলিকে মোটেই ধরিতে পারে না। অমুভব করিতে পারিলেই আমরা সেগুলি জয় করিতে পারিব। এই সায়বীয় শক্তি-প্রবাহগুলি শরীরের সর্বত্র চলিভেছে; প্রতি পেশীতে উহারা প্রাণ ও জীবনীশক্তি সঞ্চার করিজেছে; কিছ আমরা সেই প্রবাহগুলি অমুভব করিতে পারি না। লোগীয়া বলেন, চেষ্টা করিলে আমরা ঐগুলি অমুভব করিতে শিবিতে পারি । কিভাবে ? প্রথমে ফুস্ফুসের গতি নিয়ন্ত্রিক করিবার চেষ্টা করিতে হুইবে। কিছুকাল ইহা করিতে পারিলেই আমরা ক্ষাত্রর গতিগুলিও নিয়ন্ত্রিত করিতে পারিব।

থিশন প্রাণায়ামের সাধন ও ক্রিয়াগুলির কথা আলোচনা করা যাক। সরলভাবে উপবেশন করিতে হইবে, শরীরকে ঠিক সোজাভাবে রাখিতে হইবে। স্ব্রাকাগুটি বদিও মেকদণ্ডের অভ্যন্তরে অবস্থিত তথাপি মেকদণ্ডে সংলগ্ন নর। বক্র হইরা বসিলে স্ব্রাপথ বাধাপ্রাপ্ত হয় অতএব দেখিতে হইবে, উহা বেন বছন্দভাবে থাকে। বক্র হইয়া বসিয়া ধ্যান করিবার চেটা করিলে নিজেরই ক্ষতি করা হয়। শরীরের তিনটি ভাগ—বক্ষোদেশ, গ্রীবা ও মন্তক সর্বদা এক রেখার ঠিক সরলভাবে রাখিতে হইবে। দেখিবে, অতি অল্ল অভ্যানে উহা শাস-প্রশাসের ভায় সহজ হইয়া যাইবে। তারপর লার্গুলি বশীভূত করিবার চেটা করিতে হইবে। পূর্বেই বলিয়াছি, বে সামুক্তর্ম খাসপ্রখাস-যত্তের কার্য নিয়মিত করে, অপরাপর লার্গুলির উপরও ভাহার কতকটা প্রভাব আহে। এই জ্লাই খাসপ্রখাস তালে তালে (rhythmical) হওয়া আবস্তুর আমরা সচরাচর বেভাবে খাসপ্রখাস গ্রহণ করি, ভাহা খাসপ্রখাস নামের বোগ্যই হইতে পারে না, উহা এত অনিয়মিত। আবার স্বীপুক্রের খাসপ্রখাসর মধ্যেও একটু খাভাবিক প্রভেদ আছে।

প্রাণান্নাথ-সাধ্যের প্রথম জিলা এই : নিনিষ্ট পরিমাণে খাস গ্রহণ কর । এইরপ করিলে দেহবল্লটির মধ্যে সামঞ্জ হালিত হইবে। কিছুদিন অভ্যাস করিবার পর এই খাসপ্রখাসের লমর 'ওছার' অথবা অন্ত কোন পরিত্র শব্দ মনে মনে উচ্চারণ করিলে ভাল হর। প্রাণান্নাযের লমর এক, ছই, ভিন, চার এই জনে সংখ্যা গণনা না করিরা ভারতে আমরা কভকগুলি নাছেতিক শব্দ (বীজমন্ত্র) ব্যবহার করিয়া থাকি। এই জন্তই আমি প্রাণান্নায়ের সমর 'ওঁ' অথবা অন্ত কোন পরিত্র শব্দ ব্যবহার করিতে বলিভেছি। মনে করিবে, উহা খাসের লহিত ভালে ভালে বাহিরে বাইতেছে ও ভিভরে আলিভেছে; এরপ করিলে দেখিবে বে, সমূলর শরীরই ছব্দের ভালে ভালে চালিভ হইতেছে।) তথনই ব্বিবে, প্রকৃত বিশ্রাম কি। উহার সহিত তুলনার নিত্রা বিশ্রামই নয়। একবার এই বিশ্রামের অবহা আসিলে অভিশ্র প্রান্ত বিশ্রাম কর্ম। একবার এই বিশ্রামের অবহা আসিলে অভিশ্র প্রান্ত বিশ্রাম লাভ কর নাই।

এই সাধনে প্রথম কল দেখা বার—ম্থভাবের পরিবর্জনে, ম্থের ভঙ্জা বা কঠোরতাব্যক্তর রেধাঞ্জলি অন্তর্হিত হইবে। (মনের শান্তি ম্থে ফুটিরা বাহির হইবে। ভারপর গলার স্বর অভি অন্তর হইবে।) আমি এমন বোগী একজনও দেখি নাই, বাহার গলার স্বর কর্বল। করেক মাদ দাখনার পরই এই-সকল চিক্ত প্রকাশ পাইবে। (এই প্রথম পূর্বোক্ত প্রকারের প্রাণায়াম কিছুদিন অভ্যাদ করিয়া উচ্চতর প্রাণায়ামের আর একটি দাখন আরম্ভ করিতে হইবে। উহা এই—ইড়া অর্থাৎ বাম নাসা বারা ধীরে ধীরে ফুস্কুস্ বায়ুতে পূর্ণ কর। ঐ সঙ্গে আয়ুপ্রবাহের উপর মনঃসংখ্য কর; ভাবো, ভূমি বেন সায়ুপ্রবাহকে মেকলণ্ডের মিয়দেশে প্রেরণ করিয়া ক্তৃতিনী-শক্তির আধারভূতে মূলাধারত্বিত বিরোধাক্তি পদ্মের উপর প্র জারে আঘাত করিতেছ; ভারপর ঐ স্বায়ুন্পরাহকে কিছুক্তবের ক্রন্ত প্র হানেই ধারণ কর। ভারপর ক্রনা কর বে, সেই লামুপ্রবাহতিকে খালের নহিত্ত স্বপর দিক বা শিকলার বারা উপরে টামিয়া লইভেছ। পরে দক্তিণ নাসা বারা বারু ধীরে ধীরে বাহিরে নিক্ষেপ কর। ইহা অভ্যাদ করা ভোষার পক্ষে একটু কঠিন বোধ হইবে। সহজ্ব উপার—প্রথমে জন্তুর্হ বারা হক্তিণ নাসা বন্ধ করিয়া বাম নাসা হারা বীরে ধীরে বাহু বারা হক্তিণ নাসা বন্ধ করিয়া বাম নাসা হারা বীরে ধীরে বাহু বারা হক্তিণ নাসা বন্ধ করিয়া বাম নাসা হারা বীরে ধীরে বাহু প্রথ

কর। তারপর অনুষ্ঠ ও তর্জনী হারা উভর নাসা বন্ধ কর ও মনে কর, হেন ত্রি বার্প্রবাহটিকে নিয়দেশে প্রেরণ করিভেছ ও স্থ্রার মৃনদেশে আহাত করিভেছ, তারপর অনুষ্ঠ সরাইয়া লইয়া দক্ষিণ নাসা হায়া বায়্ রেচন কর। তারপর বাম নাসা তর্জনী হারা বন্ধ রাখিয়াই, দক্ষিণ নাসা হায়া বায়ে বায়ে পায়ে প্রণ কর ও প্নরায় পূর্বের মতো উভর নাসারদ্রই বন্ধ কর।) হিন্দুদিরের মতোপ্রাণায়াম অভ্যাস করা এদেশের (আমেরিকার) পক্ষে কঠিন হইবে, কারণ হিন্দুরা বাল্যকাল হইভেই ইহা- অভ্যাস করে, তাহাদের কুস্কুস্ ইহাজে অভ্যন্ত। এখানে চারি সেকেও হইতে আরম্ভ করিয়া ক্রমণা র্মিক করিলেই ভাল হয়। চারি লেকেও ধরিয়া বায়্ প্রণ কর, যোল লেকেও বন্ধ কর, পরে আট সেকেও ধরিয়া বায়্ রেচন কর। ইহাভেই একটি প্রাণায়াম হইবে। এ সময়ে মৃলাধারম্থ ত্রিকোণাকার পল্লটি চিন্তা করিছে করিছে ঐ ক্রেরে মন হির্ম করিবে। এয়প কয়নায় তোমার সাধ্যে আনেক স্থবিধা হইবে।

পরবর্তী (ভৃতীয়) প্রাণারাম এই : (शीরে शীরে ভিতরে শাস গ্রহণ কর, পরে দলে দলে থীরে থীরে বায়ু রেচন করিয়া বাহিরেই কিছুক্সণের জন্ম শাস করু করিয়া রাখো; সংখ্যা—পূর্ব প্রাণারামের মতো। পূর্ব প্রাণারামের দহিত ইহার প্রভেদ এই যে, পূর্ব প্রাণারামে শাস ভিতরে করু করিতে হয়, এক্সেত্রে উহাকে বাহিরে করু করা হইল। এই শেবোক্ত প্রাণায়াম পূর্বাপেকা লহক। বে প্রাণায়ামে শাস ভিতরে করু করিতে হয়, তাহা অভিরিক্ত আভাস করা ভাল নয়। উহা প্রাতে চার বার ও লায়াকালে চার বার মাত্র আভাস কর। পরে ধীরে ধীরে সময় ও সংখ্যা বৃদ্ধি করিছে পারো। ক্রমণঃ দেখিবে, তৃমি অতি সহকেই ইহা করিতে পারিভেছ, আর ইহাতে খুক আনকও পাইভেছ। অতএব যধন দেখিবে বেল সহক্তে করিছে পারিভেছ, তথন তৃমি অতি সাবধানে ও সভর্কভার সহিছ্ সংখ্যা ভার হইছে ছয় বৃদ্ধি করিছে পারো। অনিয়মিতভাবে সাধন করিলে ভোয়ার অনিই হইডে পারে।

নাড়ীভবির অন্ত বৰ্ণিড ভিনটি প্রক্রিয়ার মধ্যে প্রথমোক্ত ও শেলোক্ত ক্রিয়া-ছুইটি কঠিন নয়, এবং উহাজে কোন বিপদেবও আলেভার আহি। প্রথম ক্রিয়াট বৃত্তই অভ্যান করিবে, তৃত্তই ভোষার শাক্ষাব আহিছে। উহাক সহিত 'ওছার' যোগ করিয়া অভ্যাস কর, দেখিবে বে, বখন ভুরি কোন কার্বে নিৰ্ক আছ, ভখনও ভূষি উহা অদ্যাৰ করিতে পারিভেছ। এই জিরার ফলে ভূমি নিজেকে সকল বিষয়ে ভালই বোধ করিবে। এইস্কপ করিভে করিভে একদিন হয়ভো পুব অধিক সাধন করিলে, ভাহাতে ভোমার কুওদিনী ভাগরিতা হইবেন। বাঁহারা দিনের মধ্যে একবার বা তুইবার ভাত্যাস করিবেন, তাঁহাদের কেবল দেহ ও মনের কিঞ্চিৎ স্থিয়তা ও স্থৃতা লাভ হইবে, গলার শব মধুর হইবে। কিন্ত বাঁহারা উঠিরা পড়িয়া নাখনে শগ্রসর হইবার চেটা করিবেন, তাঁহাদের কুগুলিনী জাগ্রত হইবে; তাঁহাদের নিকট সমগ্র প্রকৃতিই আর এক নব রূপ ধারণ করিবে, তাঁহাদের নিকট জানের দার উদ্যাটিত হইবে। তথন আর গ্রহে জান অন্বেষণ করিতে হইবে না, মনই তোমার নিকট অনম্ভ-জান-বিশিষ্ট পুত্তকের কাজ করিবে। আমি পূর্বেই মেফদণ্ডের উভন্ন পার্ঘ দিয়া প্রবাহিত ইড়া ও পিকলা নামক ছুইটি শক্তি-প্রবাহের কথা উল্লেখ করিয়াছি, আর মেকমজ্জার মধ্যস্থ স্ত্য়ার কথাও পূর্বেই বলা হইরাছে। এই ইড়া, শিক্লা, হুর্য়া প্রভ্যেক প্রাণীতেই বিরাজিত। বাহাদেরই মেক্ষণ্ড আছে, তাহাদেরই ভিতরে এই তিন প্রকার ভিত্র ভিত্র ক্রিয়ার প্রণালী আছে। ভবে যোগীরা বলেন, সাধারণ মাছবের মধ্যে স্বয়া বন্ধ থাকে, ইহার ভিভরে কোনরূপ ক্রিয়া অহুতব করা যায় না, কিন্তু ইড়া ও শিক্ষা নাড়ীবয়ের কার্য শরীরের বিভিন্ন প্রদেশে শক্তি বহন করা।

কেবল বোগীরই এই হুরুনা উন্মৃক্ত থাকে। হুরুনাঘার খুলিরা গিরা তাহার বধ্য দিরা সার্শক্তিপ্রবাহ রখন উপরে উঠিতে থাকে, তথন চিন্তও উচ্চতর ভূমিতে উঠিতে থাকে, তথন আমরা অতীন্তির রাজ্যে চলিরা বাই। আমানের মন তথন অতীন্তির জানাতীত অবহা লাভ করে, তথন আমরা বৃদ্ধিরও অতীত দেশে চলিরা বাই, বেখানে তর্ক পৌছিতে পারে না। এই হুরুনাকে উন্মৃক্ত করাই বোগীর একমান্ত উদ্দেশ্ত। পূর্বে বে-সকল শক্তিবহনকেক্তের কথা উলিখিত হুইরাছে, বোগীদিগের মতে নেগুলি হুরুনার মধ্যেই অবন্থিত। রপক ভাষার দেগুলিকেই পদ্ম বলে। (স্বনিয়ে হুরুনার নিয়ভাগে অবন্থিত। ক্রেনির ভাষার দেগুলিকেই পদ্ম বলে। (স্বনিয়ে হুরুনার নিয়ভাগে অবন্থিত। পদ্মীর নাম (১ম) মূলাধার, ভার উর্ধে (২ম) ঘারিচান, (৩ম) মলিপুর, (৪র্ব) অনাহত, (২ম) বিশ্বত্ব, (৬ঠ) আজা, স্বন্ধেরে (৭ম) মন্তিক্ত্ব সহলায় কা নহন্তরের পদ্ম।

ইহাদের মধ্যে আপাততঃ আমাদের ঘুইটি কেন্দ্রের (চক্রের) কথা আমা আবশ্রক—সর্বনিয়ে মৃলাধার ও সর্বোচ্চ কেন্দ্রে অবস্থিত সহস্রার। সর্বনিয় চক্রেই সমৃদর শক্তি অবস্থিত, আর সেই স্থান হইতে উহাকে মন্তিক্ষ্ণ সর্বোচ্চ চক্রে লইরা বাইতে হইবে। বোগীরা বলেন, মন্ত্রুলেহে বত শক্তি অবস্থিত, তাহাদের মধ্যে মহত্তম শক্তি ওলঃ। এই ওলঃ মন্তিক্রে রঞ্জিত থাকে। বাহার মন্তকে বে পরিমাণে ওলোধাতু সঞ্চিত থাকে, সে সেই পরিমাণে বৃদ্ধিমান্ ও আধ্যাত্মিক শক্তিতে শক্তিমান্ হর। এক ব্যক্তি অতি স্কর্মের ভাব ব্যক্ত করিতেহে, কিন্তু লোক আক্রেই হইতেহে না, আবার অপর ব্যক্তিবে খ্ব স্করে ভাবার স্কর্মর ভাব বলিতেহে তাহা নয়, তব্ তাহার কথার লোকে মৃশ্ব হইতেহে। ওলঃশক্তি শরীর হইতে বহির্গত হইরাই এই অত্তব্যাপার সাধন করে। এই ওলঃশক্তিসম্পর পুরুষ বে-কোন কার্য করেন, তাহাতেই মহাশক্তির বিকাশ দেখা বায়। ইহাই ওলোধাত্ম শক্তি।

সকল মান্নবের ভিতরেই অল্লাধিক পরিমাণে এই ওজঃ আছে; শ্রীরের মধ্যে যতগুলি শক্তি ক্রিয়া ক্রিতেছে, তাহাদের উচ্চত্য বিকাশ এই ওজ:। ইহা আমাদের সর্বদা মনে রাখা আবশুক যে, এক শক্তিই আর এক শক্তিতে পরিণত হইতেছে। বহির্জগতে বে শক্তি ভড়িৎ বা চৌম্বক শক্তিরূপে প্রকাশ পাইতেছে, তাহা ক্রমশ: আভ্যন্তরীণ শক্তিরূপে পরিণত হইবে, পেশীর শক্তি-গুলিও ওজোরণে পরিণত হইবে। যোগীরা বলেন, মাছুবের মধ্যে যে শক্তি কামক্রিয়া, কামচিস্তা ইত্যাদিরণে প্রকাশ পাইতেছে, তাহা সংযত হইলে সহজেই ওজোরণে পরিণত হইয়া যায়। আর আমাদের শরীরস্থ নিয়তম কেন্রটি এই শক্তির নিয়ামক বলিয়া যোগীরা উহার প্রতিই বিশেষ লক্ষ্য রাথেন। যোগীরা সমৃদয় কামশক্তিকে ওলোধাভুতে পরিণত করিতে চেষ্টা করেন। পবিত্র কামজয়ী নরনারীই কেবল এই ওজোধাভুকে মন্ডিছে সঞ্চিত করিতে সমর্থ হন। এইজক্ট সর্বদেশে ত্রদ্ধার্য প্রের্গ পরিগণিত হইয়াছে। মাহ্য সহজেই বুঝিতে পারে যে, অপবিত্র হইলে এবং ব্রহ্মচর্ষের ব্দভাবে আধ্যাত্মিক ভাব, চরিত্রবল ও মানসিক ভেক-স্বই চলিয়া যায়। এই কারণেই দেখিতে পাইবে, জগতে বে-সব ধর্মসম্প্রদায় হইতে বড় বড় ধর্মবীর অন্মিয়াছেন, সেই-সকল সম্প্রদায়ই ব্রহ্মচর্বের উপর বিশেষ জোর দিয়াছেন'। এই জন্তই বিবাহভ্যাগী সন্ন্যাসিদলের উৎপদ্ধি হইমুছে। কায়মনো-

বাক্যে পূর্ব বন্ধচর্য পালন করা নিভান্ত কর্তব্য। ব্রন্ধচর্য ব্যতীত রাজবোগ-লাখন বড় বিপৎসঙ্গ; উহাতে শেবে মন্তিকের বিকার উপস্থিত হইতে পারে। যদি কেহ রাজবোগ অভ্যাস করে, অথচ অপবিত্র জীবনবাপন করে, সে কিরূপে বোগী হইবার আশা করিতে পারে ?

প্রত্যাহার ও ধারণা

শাধনার পরবর্তী সোপানকে বলা হয় 'প্রভাহার'। এই প্রভাহার কি ? তোমরা জানো কিরূপে বিষয়ামূভ্তি হইয়া থাকে। দর্বপ্রথম ইন্দ্রিয়ের বাহিরের ষম্প্রতিল, তারপর ভিতরের ইন্দ্রিয়প্তলি—ইহারা মন্তিক্ত লায়ুকেন্দ্র-গুলির মাধ্যমে শরীরের উপর কার্য করিতেছে, তারপর আছে মন। যখন এইপ্রতিল একত্র হইয়া কোন বহিবস্তর সহিত সংলগ্ন হয়, তথনই আমরা সেই বস্তু অমুভব করিয়া থাকি। কিন্তু আবার মনকে একাগ্র করিয়া কেবল একটি ইন্দ্রিয়ে সংযুক্ত রাখা অতি কঠিন; কারণ মন (বিষয়ের) ক্রীতদাস।

আমরা জগতে সর্বত্রই দেখিতে পাই, সকলেই এই শিক্ষা দিতেছে যে, 'সং হও, ভাল হও'। বোধ হয়, জগতে কোন দেশে এমন কোন বালক জন্মায় নাই, যাহাকে বলা হয় নাই, 'মিথ্যা কহিও না, চুবি কবিও না' ইত্যাদি, কিছ কেহ ভাছাকে এই-সকল কর্ম হইতে নিবৃত্ত হইবার উপায় শিক্ষা দেয় না। ওধু কথায় হয় না। কেন দে চোর হইবে না? আমরা ভো ভাহাকে চৌর্বকর্ম হইতে নিবৃত্ত হইবার উপায় শিকা দিই না, কেবল বলি, 'চুরি করিও না'। মন সংখত করিবার উপায় শিক্ষা দিলেই ভাহাকে বথার্থ সাহায্য করা হয়। ধ্বন মন ইন্দ্রিয়-নামক বিশেষ বিশেষ কেন্দ্রে সংযুক্ত হয়, তথনই বাহ্ ও আভ্যন্তরীণ যাবতীয় কর্ম সম্পন্ন হইয়া থাকে। ইচ্ছায় হউক, আর অনিচ্ছান্ন হউক, মাছবের মন ঐ কেন্দ্রগুলিতে সংলগ্ন হইতে বাধ্য হয়। এই জন্তুই মামূহ নানাপ্রকার হুছর্ম করে এবং হু:খ পার। মন হদি নিজের বলে থাকিত, ভবে মান্থৰ কথনই ঐক্লপ কৰ্ম করিত না। মন সংৰত করিলে কি ফল হইত ? তাহা হইলে মন আর তখন নিজেকে ভিন্ন ভিন্ন ইন্দ্রিরামুভৃতির কেন্দ্রগুলিতে সংযুক্ত করিবে না, ফলে অমুভব ও ইচ্ছা আমাদের বশে আসিবে। এ পর্যস্ত বেশ পরিষ্কার বুঝা গেল। ইহা কার্যে পরিণভ করা কি সম্ভব ? —সৰ্বভোভাবে সম্ভব। ভোমরা বর্তমানকালেও দেখিতে পাইতেছ ---বিশাস-বলে আরোগ্যকারীরা রোগীকে তু:ধ, কষ্ট, অশুভ প্রভৃতি অখীকার করিতে শিক্ষা দেয়। অবশ্য ইহাদের যুক্তিতে সে ব্যাপারটি কতকটা পুরাইরা বলা হইয়াছে। কিন্ত উহাও একরূপ যোগ, কোনরূপে ভাহারা উহা

আবিষার করিয়া কেলিয়াছে। যে-সকল কেত্রে, তাহারা ছংখ-কটের অন্তিত্ব
অধীকার করিতে শিক্ষা দিয়া লোকেয় ছংখ দ্ব করিতে ক্যুকার্য হয়, ব্রিতে
হইবে, সে-সকল কেত্রে তাহায়া প্রকৃতপকে প্রত্যাহারেয়ই কিছুটা শিক্ষা
দিয়াছে, কারণ তাহায়া সেই ব্যক্তির মনকে এতদ্র সবল করিয়া দেয়,
বাহাতে সে ইন্দ্রিয়গুলিকে উপেক্ষা করে। সম্মোহন-বিভাবিদ্গণও
(hypnotists) প্রায় পূর্বোক্ত প্রকার উপায় অবলম্বন করিয়া ইন্দিত-বলে
(suggestion) সাময়িকভাবে রোগীর ভিতরে একপ্রকায় অস্বাভাবিক
প্রত্যাহারেয় ভাব আনয়ন করে। তথাক্থিত বশীকরণ-ইঞ্জিত শুধু ত্র্বল
মনেই প্রভাব বিভার করিতে পারে। বশীকরণকারী যতক্ষণ না শ্বিয়দৃষ্টি
অথবা অন্ত কোন উপারে তাহায় বশুব্যক্তির মন নিক্রিয় অস্বাভাবিক অবস্থায়
লইয়া যাইতে পারে, ততক্ষণ তাহায় ইন্দিত বা আর্দেশে কোন কার্ক হয় না।

বলীকরণকারীরা বা বিশাসবলে আরোগ্যকারীরা যে কিছুক্ষণের জন্ত ভাহাদের বখাব্যক্তির শরীরস্থ শক্তিকেন্দ্রগুলি বলীভ্ত করিয়া থাকে, ভাহা অতিশর নিন্দনীর কর্ম, কারণ উহা ঐ বখাব্যক্তিকে শেষ পর্যন্ত সর্বনাশের পথে লইরা যায়। ইহা তো স্বীয় ইচ্ছাশক্তিবলে মন্তিক্ত্ব কেন্দ্রগুলির নিয়ন্ত্রণ নর, অপরের ইচ্ছাশক্তির সহসাপ্রদত্ত আঘাতে বখাবক্তির মনকে কিছুক্ষণের জন্ত বেন হতবৃদ্ধি করিয়া রাখা। উহা লাগাম ও পেনী-শক্তির সাহায্যে উচ্ছ্ অল অখগণের উন্মন্ত গতিকে সংবত করা নয়, বরং উহা অপরকে সেই অখগণের উপর তীত্র আঘাত করিতে বলিয়া উহাদিগকে কিছুক্ষণের জন্ত সন্তিত করিয়া শাভ করিয়া রাখা। এই-সকল প্রক্রিয়ার প্রত্যেকটিতে বখাব্যক্তি ভাহার মনের শক্তি কিছু করিয়া হারাইতে থাকে, পরিশেষে মন নিজেকে সম্পূর্ণ আয়তে আনা দ্রে থাক, ক্রমশং একপ্রকার শক্তিহীন কিছুত্তকিমাকার জড়ে পরিণত হয়, এবং বাতুলালয়ই ভাহার একমাত্র গন্তব্য হইয়া দাঁড়ায়।

বেছাকত চেষ্টার পরিবর্তে মনকে অন্ত উপায়ে বশে আনিবার চেষ্টাছারা কেবল বে অনিষ্ট হয়, তাহা নয়, উহার উদ্দেশুও লিছা হয় না। প্রত্যেক জীবাদ্মারই চরম লক্ষ্য মৃক্তি বা প্রভূত্ব—জড়বন্ত ও চিন্তার দাসত্ব হইতে মৃক্তি, বাহ্য ও অন্তঃপ্রকৃতির উপর প্রভূত্ব। কিন্তু সেই লক্ষ্যে না পৌছাইয়া, অপর ব্যক্তি কর্তৃক প্রযুক্ত ইচ্ছাশক্তিপ্রবাহ, উহা বে ভাবেই প্রযুক্ত হউক না কেন—সাক্ষাৎভাবে ইক্রিয়গুলি বশীভূত করিয়া বা অন্বাভাবিক ভাবে জাের করিয়া ই ব্রিয়ঞ্জাল সংযত করিয়াই হউক—পূর্ব হইতে বিশ্বমান
চিন্তা ও কুসংস্কারগুলির গুরুভার শৃত্ধলের উপর উহা আর একটি শিকলি
আটকাইয়া দেয়। অতএব সাবধান, যথন অপরেক ভােমার উপর বংশক্ত
শক্তি প্রয়োগ করিতে দাও। সাবধান, যথন অপরের উপর এইরপ ইক্তাশক্তি প্রয়োগ করিয়া অজ্ঞাতসারে তাহার সর্বনাশ কর। সত্য বটে, কেহ
কেহ অনেকের প্রবৃত্তির মাড় ফিরাইয়া দিয়া কিছুদিনের জন্ম তাহাদের
কল্যাণসাধনে রুতকার্য হন, কিন্তু আবার চারিদিকে অজ্ঞাতসারে এই ইলিভ
(suggestion)-শক্তি প্রয়োগ করিয়া লক্ষ লক্ষ নরনারীর মধ্যে একরপ
বিরুত, নিজ্ঞিয় ও মোহের ভাব জাগাইয়া তুলেন, পরিণামে হাহারা
আত্মার অন্তিম্ব পর্যন্ত হইয়া য়ায়, অতএব বে-কোন ব্যক্তি
কাহাকেও অন্ধভাবে বিশাস করিতে বলে, অথবা নিজের উচ্চতর ইচ্ছার
নিয়য়ণ-শক্তিবারা বহু লোককে তাহার পশ্চাৎ অন্থলবন করিতে বাধ্য করে,
দে ইচ্ছা না করিলেও মন্যুক্তাতির অনিষ্ট করিয়া থাকে।

অতএব নিজের শরীর ও মন সংযত করিতে সর্বদাই নিজ মনের সহায়তা লইবে, এবং সর্বদা শ্বরণ রাখিবে, যে পর্যন্ত না বোগগ্রন্ত হও, ডভক্ষণ বাছিরের কোন ইচ্ছাশক্তি তোমার উপর কার্য করিতে পারিবে না: আর যে কেছ ভোমায় অন্ধভাবে বিশাস করিতে বলে, সে বতই মহৎ ও ভাল হউক নাকেন, তাহার সঙ্গ পরিহার করিবে। জগতের সর্বত্তই বছ সম্প্রদায় আছে—বাহাদের ধর্মের প্রধান অঙ্গ—নৃত্য, লক্ষ-অস্প ও চীৎকার। তাহারা বখন সঙ্গীত, নৃত্য ও প্রচার করিতে আরম্ভ করে, তথন তাহাদের ভাব যেন সংক্রামক রোগের মতো লোকের ভিতর ছড়াইয়া পড়ে। তাহারাও একপ্রকার সমোহনকারী। ভাহারা ভাবপ্রবণ ব্যক্তিদের উপর সাময়িকভাবে আশুর্য ক্ষমতা বিস্তার করে। কিন্তু হায়! পরিণামে সমগ্র জাতিকে একেবারে অধ:পতিত করিয়া দেয়। হাঁ, এইরূপ অস্বাভাবিক বহি:-শক্তিবলে কোন ব্যক্তি বা জাডির পক্ষে আপাতত: ভাল হওয়া অপেকা বরং মদ থাকাও অধিকতর হুস্থতার লকণ। এই-সকল দায়িত্বীন অথচ সহুদেশুপ্রণোদিত ধর্মোয়াদ ব্যক্তিপ্ৰ মাহুবের যে কি পরিমাণ অনিষ্ট করিয়াছে, তাহা ভাবিতে গেলে যেন হালয় দমিয়া যায়। তাহারা জানে না যে, যে-সকল ব্যক্তি সদীত-শুবাদির সহায়তায় নিজেদের শক্তিপ্রভাবে এইরপ সহসা ভগবস্তাবে উন্নত হইয়া উঠে, ভাহারা কেবল নিজ-

দিগকে নিজিয়, বিকৃত ও শক্তিশৃদ্ধ করিয়া কেলিভেছে এবং তাহারা ক্রমণঃ বে-কোন ভাবের, এমন কি অসৎ ভাবেরও অধীন হইরা পড়িবে। এই অক্র, আত্মপ্রতারিত ব্যক্তিগণ স্বপ্নেও ভাবে না বে, মহন্তমূলর পরিবর্তন করিবার অভ্যুত্ত ক্ষমতা তাহাদের আছে বলিয়া তাহারা বর্ধন আনক্ষে উৎফুল হয়, তথন তাহারা ভবিত্তৎ মানসিক অবনতি, পাপ, উন্নত্ততা ও মৃত্যুর বীক্ষ বপন করিতেছে। তাহারা মনে করে ঐ ক্ষমতা মেঘের ওপার হইতে কোন দিবাপুক্ষ তাহাদের উপর বর্ষণ করেন। অতএব বাহা কিছু তোমার স্বাধীনতা নই করে, এমন স্ব-কিছু হইতে সাবধানে থাকিবে—কানিবে উহা বিপক্ষনক, প্রাণশণ চেষ্টায় স্বতোভাবে উহা পরিহার করিবে।

বিনি ইচ্ছাক্রমে নিজ মনকে কেন্দ্রগুলিতে সংলগ্ন করিতে অথবা সেগুলি ।

হইতে সরাইয়া লইতে সমর্থ হইরাছেন, তাঁহারই প্রত্যাহার সিদ্ধ হইরাছে।
প্রত্যাহারের অর্থ 'একদিকে আহরণ'—মনের বহিম্পী শক্তি ক্ষ্ক করিয়া,
ইন্দ্রিয়গণের অধীনতা হইতে উহা মুক্ত করিয়া ভিতর দিকে আহরণ করা।
ইহাতে কৃতকার্য হইলে তবেই আমরা ঠিক ঠিক চরিত্রবান্ হইব; তথনই
আমরা মৃক্তির পথে অনেক দ্ব অগ্রসর হইয়াছি ব্বিষ; ইহার পূর্ব পর্যন্ত আমরা বন্ধের মতোই অড় পদার্থ।

মনকে সংবত করা কি কঠিন! ইহাকে বে উন্নন্ত বানরের সহিত তুলনা, করা হইরাছে, তাহা ঠিকই হইরাছে। এক বানর ছিল, স্বভাবতই চঞ্চল—বেমন সব বানর হইরা থাকে। বেন ঐ স্বাভাবিক অন্থিরতা বথেষ্ট ছিল না, তাই এক ব্যক্তি উহাকে অনেকটা মদ খাওয়াইয়া দিল, তাহাতে সে আরও চঞ্চল হইয়া উঠিল। তারপর তাহাকে এক বৃশ্চিক দংশন করিল। তোমরা অবশ্রই আনো, কাহাকেও বৃশ্চিক দংশন করিলে সে সারাদিনই চারিদিকে কেবল ছট্ফট্ করিয়া বেড়ায়। স্বতরাং ঐ বানর-বেচারার ত্রবস্থার চূড়াস্ত হইল। পরে বেন তাহার হৃংথের মাজা পূর্ব করিবার জয়ই এক ভূত তাহারঃ ভিতরে প্রবেশ করিল। এই অবস্থার বানরটির বে ছর্দমনীয় চঞ্চলভা দেখা দিল, তাহা কোন ভাষায় বর্ণনা কয়া অনভ্য । মছয়্য-মন ঐ বানরের তুল্য, স্বভারতই অবিহত জিয়াশীল, আবার বাসনারূপ মদিরাপানে মত হইলেউহার অস্থিরতা বৃদ্ধি পায়। বর্থন বাসনারূপ সদিরাপানে মত হইলেউহার অস্থিরতা বৃদ্ধি পায়। বর্থন বাসনা আসিয়া মনকে অধিকার করে, তথ্ন অপ্রেশ্বর স্কলভা-স্বন্নে ইর্বারূপ বৃদ্ধিক তাহাকে হংশন করিতে থাকে ৮

শেষে আবার যথন অহত্বারত্ত্বণ শিশাচ তাহার ভিতরে প্রবেশ করে, তথন সে নিজেকেই বড় বলিয়া মনে করে। এইরূপ মনকে সংখত করা কি কঠিন!

অতএব মনঃসংব্যের প্রথম সোপান—কিছুক্ষণের অস্ত চুপ করিয়া বসিয়া থাকা ও মনকে নিজের ভাবে চলিতে দেওয়া। মন সদা চঞ্চ। উহা সেই वानात्त्र मर्जा नर्वना नाकाहरिकरह। मन-वानत्र एक हेम्हा नम्फ-सम्भ कक्क ক্ষতি নাই; ধীরভাবে অপেকা কর ও মনের গতি লক্ষ্য করিয়া যাও। লোকে বলে, জ্ঞানই শক্তি—ইহা অতি সত্য কথা। যতক্ষণ না জানিডে পারিবে—মন কি করিভেছে, ততকণ উহাকে সংষ্ত করিতে পারিবে না। উহাকে ৰথেচ্ছ বিচরণ করিতে দাও। অনেক বীভৎস চিভা হয়ভো মনে উঠিবে; তোমার মনে এত অসৎ চিম্ভা আসিতে পারে, ভাবিয়া তুমি আশ্চৰ্য হইয়া ৰাইবে। কিন্তু দেখিবে, মনের এই-স্কল খেয়াল প্রতিদিনই কিছু কিছু কমিয়া আসিতেছে, প্রতিদিনই মন ক্রমশঃ স্থির হইয়া আদিতেছে। প্রথম কয়েক মাস দেখিবে, ভোমার মনে অসংখ্য চিস্তা আসিতেছে, ক্রমশঃ দেখিবে চিন্তা কিছুটা কমিয়াছে, আরও কয়েক মাস পরে আরও কমিয়া গিয়াছে, অবশেষে মন সম্পূর্ণক্লপে বশীভূত হইবে ; কিন্তু প্রভিদিনই আমাদিগকে ধৈর্বের সহিত অভ্যাস করিতে হইবে। বতক্ষণ এঞ্জিনের ভিতর বাষ্প থাকিবে ততক্ষণ উহা চলিবেই চলিবে; যতদিন বিষয় আমাদের সমূখে থাকিবে, ততদিন আমাদিগকে বিষয় অস্তেৰ করিতেই হইবে। স্বতরাং মামুষ যে এঞ্জিনের মডো ষম্ভমাত্র নয়, ভাহা প্রমাণ করিবার জন্ম দেখাইডে হইবে বে, সে কিছুরই অধীন নয়। এইরূপে মনকে সংষ্ঠ করা এবং উহাকে বিভিন্ন ইন্দ্ৰিয়-কেন্দ্ৰের সহিত যুক্ত হইতে না দেওয়াই 'প্ৰত্যাহার'। ইহা অভ্যাস করিবার উপায় কি ? ইহা খুব কঠিন কাজ, একদিনে হইবার নয়, ধৈর্যের সহিত ক্রমাগত বহু বর্ষ অভ্যাস করিলে কৃতকার্য হওরা বায়।

কিছুকাল 'প্রত্যাহার' নাধন করিবার পর পরবর্তী নাধন অর্থাৎ 'ধারণা' অভ্যাস করিবার চেটা করিতে হইবে। মনকে একটি নির্দিট্ট বিষয়ে ধরিয়া রাথাই 'ধারণা'। মনকে নির্দিট্ট বিষয়ে ধরিয়া রাথার অর্থ কি? ইহার অর্থ—মনকে শরীরের অন্ত সকল হান হইতে বিলিট্ট করিয়া কোন একটি বিশেষ অংশ অন্তত্তৰ করিতে বাধ্য করা; উদাহরণকর্মণ শরীরের অন্তান্ত অবন্তব অন্তত্তব না করিয়া কেবল হাতটি অন্তত্তব করিবার চেঠা কর। বধন চিত্ত অর্থাৎ মন কোন নির্দিষ্ট স্থানে আবদ্ধ-নীমানদ্ধ হয়, তথন উত্থাকে 'ধারণা' বলে। এই 'ধারণা' নানাবিধ। এই ধারণা-অভ্যানের সলে নলে কিছু কর্মার সহায়তা লইলে ভাল হয়। মনে কর, হালয়ের মধ্যে এক বিন্দুর উপর মনকে 'ধারণা' করিতে হইবে। ইহা কার্বে পরিণত করা বড় কঠিন। অভএব সহজ উপার জ্বরে একটি পদ্মের চিন্তা কর, উহা বেন উজ্জ্বা জ্যোভির্মর! সেই স্থানে মনকে ধারণ কর। অথবা মন্তকে সহজ্ঞান ক্ষমণ অথবা পূর্বোক্ত স্থ্যার মধ্যস্থ চক্রগুলিকে জ্যোভির্ময়হ্মণে চিন্তা করিবে।

যোগী প্রতিনিয়তই সাধনা অভ্যাস করিবেন। তাঁহাকে নিঃসঙ্গুত্রে পাঁকিবার চেষ্টা করিডে হইবে : নানা প্রকার লোকের সঙ্গ চিভ বিক্ষিপ্ত করে। তাঁহার বেশী কথা বলা উচিত নয়, কারণ বেশী কথা বলিলে মন বিক্লিপ্ত হয়। বেশী কাজ করাও ভাল নর, কারণ বেশী কাজ করিলে মন চঞ্ল হট্যা পড়ে; সমত দিন কঠোর পরিশ্রমের পর মন:সংবম করা যায় না। খিনি এই-সকল নিয়ম পালন করেন, তিনিই যোগী হইতে পারেন। যোগের এমনই শক্তি ষে, অতি অল্পমাত্র সাধন করিলেও মহৎ ফল লাভ করা যায়। ইহাতে কাহারও অনিট্র হইবে না, বরং সকলেরই উপকার হইবে। প্রথমভঃ স্বায়বিক উদ্ভেজনা শাস্ত হইবে, মনে স্থিরতা জাসিবে এবং সকল বিষয় জারও স্পষ্টভাবে দেখিবার ও বৃঝিবার দামর্থ্য হইবে। মেজাজ আরও ভাল হইবে, স্বাস্থ্যও ক্রমশঃ ভাল হইবে। যোগ-অভ্যানকালে যে-নকল চিহ্ন প্রকাশ পায়, শরীরের ফুস্ভা দেই প্রথম চিহ্নগুলির অক্ততম। স্বরও ফুন্সর মধুর হইবে, স্বরের লোৰ বা বৈকল্য চলিয়া বাইবে; প্ৰথমে যে-সকল চিহ্ন প্ৰকাশ পাইবে, ইহা তাহাদের অক্তম। বাঁহার। কঠোর সাধনা করেন, তাঁহাদের আরও অক্তান্ত লক্ষণ প্রকাশ পায়। কখন কখন দূর হইতে যেন ঘণ্টাধ্বনির মতো শব্দ धना राष्ट्रित—दिन व्यानकश्रीन शका मृत्य वाव्यिष्ट्राष्ट्र, अवः त्मरे-मकन नक একতা মিলিয়া কর্ণে অবিচ্ছিন্ন শব্পপ্রবাহ আসিতেছে। কথন কখন নামা বম্ব দেখা বায়। কৃত্ৰ কৃত্ৰ আলোককণা যেন শৃত্যে ভাসিতেছে, ক্ৰমশঃ একটু একটু কবিয়া বড় হইভেছে। যখন এই-সকল ব্যাপার ঘটিতে থাকিবে, তথন শানিও তুমি ধুব ফ্রড উন্নতির পথে চলিভেছ।

় বাহারা বোগী হইতে ইচ্ছা করেন এবং দৃঢ়ভাবে বোগ অভ্যাস করেন, তাঁহাবের প্রথমাবস্থার আহার সহজে বতু লওয়া আবক্তক। কিছু বাহারা অপ্রাপ্ত দৈনিক কাজের দকে অল্লখন্ন অভ্যাস করিতে চার, ভাহাদের বেশী না খাইলেই হইল। খাজের প্রকার বিচার করিবার ভাহাদের প্রয়োজন নাই, ভাহারা ইচ্ছামত খাইতে পারে।

যাহারা কঠোর সাধন করিয়া শীত্র উরভি করিতে চান, তাঁহাদের পক্ষে আহার সম্বন্ধ বিশেষ সাবধান হওয়া একান্ত আবশুক। করেক মাস হ্ধ ও শশুজাতীয় আহারই তাঁহাদের সাধন-জীবনের সহায়ক হইবে। দেহবঙ্গ উত্তরোত্তর বতই ক্ষ হইতে থাকে, ততই প্রথম প্রথম দেখা যাইবে যে, অভি সামান্ত অনির্মে শরীরের ভিতরে গোলহোগ উপস্থিত হইতেছে। বত্তদিন পর্যন্ত না মনের উপর সম্পূর্ণ অধিকার লাভ হইতেছে, ততদিন আহারের সামান্ত ন্যাধিক্য সমগ্র শরীরষন্ত্র বিপর্যন্ত করিয়া তুলিবে, মন সম্পূর্ণক্রপে নিজের বশে আসিলে পর ইচ্ছামত থাইতে পারা যার।

ধিখন কেছ মনকে একাগ্র করিতে আরম্ভ করে, তথন একটি সামাল্য পিন
পড়িলে বোধ হইবে যেন মন্তিকের মধ্য দিয়া বক্ত চলিয়া গেল। ইক্রিরবন্ধগুলি
যত স্থা হয়, অহুভূতিও তত স্থা হইতে থাকে। এই-সকল অবস্থার ভিতর
দিয়াই আমাদিগকে অগ্রদর হইতে হইবে, এবং যাহারা অধ্যবসায়লহকারে
শেষ পর্যন্ত লাগিয়া থাকিতে পারে, তাহারাই কৃতকার্য হইবে। সর্বপ্রকার
তর্ক ও যাহাতে চিত্তের বিক্ষেপ হর, সে-সব পরিত্যাগ কর। শুদ্ধ ভর্কে
কি ফল? উহা কেবল সাম্যভাব নই করিয়া দিয়া মনকে চঞ্চল করে।
স্থান্তবের তত্ব উপলব্ধি করিতে হইবে। কথায় কি তাহা হইবে? অভএব
সর্বপ্রকার র্থা বাক্য ত্যাগ কর। যাহারা প্রত্যক্ষ অমুভ্র করিয়াছেন, কেবল
তাহাদের লেখা গ্রহাবলী পাঠ কর)

ভিজির ন্থায় হও। ভারতবর্ষে একটি স্থলর কিংবদন্তী প্রচলিত আছে,
—আকাশে যথন সাতীনক্ষত্র উঠিতেছে, তথন যদি বৃষ্টি হয় এবং ঐ বৃষ্টিজনের
এক বিন্দু যদি কোন শুক্তির উপর পড়ে, ভাহা হইলে ভাহা একটি
ম্কার্রপে পরিণত হয়। শুক্তিগুলি ইহা অবগত আছে; স্ভরাং ঐ নক্ষত্র
আকাশে উঠিলে ভাহারা জলের উপর আলিয়া ঐ সময়কার একবিন্দু
মহামূল্য বৃষ্টিকণার জন্ম অপেকা করে। বেই একবিন্দু বৃষ্টি উহার উপর
পড়ে, অমনি ঐ জলকণা নিজের ভিতরে লইয়া শুক্তি মূখ বন্ধ করিয়া
দেয় এবং একেবারে সম্ব্রের নীচে চলিয়া যায়; দেখানে সহিমুভানহকারে

বৃষ্টিবিল্পুকে মৃক্তায় পরিণত করিবার সাধনার ময় হয়। আমানেরও ঐরপ করিতে হইবে। প্রথমে শুনিতে ছইবে, পরে বৃরিতে হইবে, পরিশেবে বহির্জগতের প্রভাব ও সর্বপ্রকার বিক্ষেপের কারণ হইতে দ্বে থাকিয়া আমানের অন্তর্নিহিত সত্যকে বিকাশ করিবার জন্ত বন্ধবান হইতে হইবে। শুধু নৃতনব্যের জন্ত একটি ভাব গ্রহণ করিয়া আয় একটি নৃতন ভাব পাইলে উহা ছাড়িয়া দেওয়া—এইয়প বারংবার করিলে আমানের শক্তি রুধা কয় হইয়া বাইবে। সাধনকালে এইয়প বিপদের আশকা আছে। একটি ভাব গ্রহণ কর, সেটি লইয়াই সাধনা কর; উহার শেষ পর্বন্ত দেখ, উহার শেষ না দেবিয়া ছাড়িও না। বিনি একটা ভাব লইয়া পাগল হইয়া বাইতে পারেন, তিনিই সভ্যের আলো দেখিতে পান। বাহায়া এধানে একট্, ওবানে একট্ আআদ করিয়া বেড়ায়, তাহায়া কখনই কোন বন্ত লাভ করিতে পারে না। কিছুক্ষণের জন্ত তাহাদের সায়ু একট্ উত্তেজিত হইতে পারে বটে, কিছ ঐথানেই শেষ। তাহায়া চিরকাল প্রকৃতির দাস হইয়া থাকিবে, কখনই ইন্রিয়কে ক্ষতিক্রম করিতে পারিবে না)

বাহারা বথাওঁই বোগী হইতে ইচ্ছা করেন, তাঁহাদিগকে এইরূপ প্রভ্যেক বিবর একটু একটু করিয়া আখাদ করার ভাব একেবারে তাগা করিতে হইবে। একটি ভাব লইয়া উহাকেই জীবনের একমাত্র ব্রন্ত কর, শয়নে খপনে ভাগরণে সর্বদা উহাই চিন্তা করিতে থাকো। ঐ ভাব অহবায়ী জীবন বাগন করঁ। তোমার মন্তিক, সায়ু, পেনী, শরীরের প্রতিটি অন্ধ এই ভাবে পূর্ণ হইয়া বাক। অন্ত সমূদর চিন্তা দ্বে থাকুক। ইহাই সিদ্ধিলাভের উপায়; এই উপায়েই বড় বড় ধর্মবীরের উত্তব হইয়াছে। বাদ বাকী সকলে তো তথু কথা কওয়ার ষন্ত্রমাত্র। বিদি আম্রা নিজেরা সত্তাই কৃতার্থ হইতে চাই ও অপরের জীবন থক্ত করিতে ইচ্ছা করি, তাহা হইলে আমাদিগকে আরও গভীরে প্রবেশ করিতে হইবে। ইহা কার্বে পরিণত করিবার প্রথম সোপান—মনকে কোনমতে বিক্তিপ্ত না করা এবং বাহাদের সন্তে কথা বলিলে মনের চঞ্চলতা আলে, তাহাদের সন্তে মেলামেশা না করা। তোমরা সকলেই জানো বে, কতকগুলি স্থান, কোন কোন ব্যক্তি ও থাত তোমাদের নিকট বির্দ্তিকর। ঐশুলি এড়াইয়া চলিবেণ। বাহারা সর্বোচ্চ ভ্রব্য। গ্রন্ত ইইবে।

খ্ব দৃঢ়ভাবে সাধনা কর। মর বা বাঁচ—কিছুই প্রাক্ত করিও না।
কলাকলের দিকে লক্ষ্য না করিয়া সাধন-সমূত্রে বাঁপ দিতে হইবে। যদি
খ্ব নির্ভীক হও, তবে ছর মাসের মধ্যেই তৃমি একজন সিদ্ধ যোগী হইতে
পারিবে। কিন্তু বাহারা অল্লখন্ন সাধনা করে, সব বিবয়েরই একটু আধটু
চাথে, তাহারা কোনই উন্নতি করিতে পারে না। কেবল উপদেশ শুনিলে
কোন ফল হয় না। বাহারা তমোগুণে পূর্ণ, অক্রান ও অলস, যাহাদের
মন কোন একটি বিবয়ে কথনও স্থির হয় না, যাহারা কেবল একটু আমোদের
জন্ত কোন কিছু চায়, তাহাদের পক্ষে ধর্ম ও দর্শন চিত্তবিনোদনেরই উপাদান।
ইহারা সাধনে অধ্যবসায়হীন। তাহারা ধর্মকথা শুনিয়া মনে করে, বাঃ
এ তো বেশ! ভারপর বাড়ি গিয়া সব ভূলিয়া যায়। সাফল্য লাভ করিতে
হইলে প্রবল অধ্যবসায়, প্রচণ্ড ইচ্ছাশক্তি থাকা চাই। অধ্যবসায়নীল সাধক
বলেন, 'আমি গণ্ডুবে সমুত্র পান করিব। আমার ইচ্ছামাত্রে পর্বত চুর্ণ
হইয়া যাইবে।' এইয়প তেজ, এইয়প সহয় আশ্রেয় করিয়া খ্ব দৃঢ়ভাবে
সাধন কর। নিশ্চয়ই লক্ষ্যে উপনীত হইবে।

সন্তম অন্যায়

ধ্যান ও সমাধি

এতক্ষণ আমরা রাজ্যোগের ক্স সাধনগুলি ব্যতীত বিভিন্ন সোপানসমূহ সংকিপ্রভাবে আলোচনা করিয়াছি। ঐ ক্স অভ্যক্ত সাধনগুলির উদ্দেশ্ত
—একাগ্রতা-সাধন। এই একাগ্রতা-শক্তি লাভ করাই বাজ্যোগের লক্ষ্য।
আমরা দেখিতে পাই, মহন্তজাতির বত কিছু জ্ঞান, সেগুলি সবই সচেতন
অহংবৃদ্ধির। এই টেবিল ও ভোষার অভিস্ক সম্বদ্ধ আমার চেতনা হইতে
আমি জানি, টেবিলটি এখানে রহিয়াছে এবং তৃমিও এখানে আছ। আবার
সঙ্গে সঙ্গে দেখা যায়, আমার সন্তার অনেকটাই আমি অহতেব করিতে
পারি না। শরীরের ভিতর বিভিন্ন যন্ত্র, মন্তিকের বিভিন্ন অংশ প্রভৃতি সম্বদ্ধে
কাহারও জ্ঞান নাই।

যখন আহার করি, তথন তাহা জানপূর্বক করি ; কিন্তু যখন উহা পরিপাক করি, তখন জ্ঞাতগারেই করিয়া থাকি। খান্ত যখন রক্তে পরিণত হয়, তখনও অজ্ঞাতসারেই ঐ ক্রিয়া হইয়া থাকে। আবার বধন ঐ রক্ত হইতে শরীরের ভিন্ন ভিন্ন অংশ শক্ত-স্বল হয়, তথনও উহা আমার অঞ্চাতসারেই হইয়া थांक। किन्न এই गांभावश्वीन आमा-वावारे नःनाधिक रहेर्टिह। अहे শরীরের মধ্যে ভো আর বিশটি লোক নাই বে, ভাহারা ঐ কাজগুল করিতেছে। কিন্তু কি করিয়া জানিতে গারি যে, আমিই এগুলি করিতেছি, অপর কেহ করিতেছে না? এ-বিষয়ে তো জোরের সহিত বলা বাইতে পারে যে, আহার ও পরিপাক করা আমার কাজ; খাত হইতে শক্ত-স্বল শরীর গঠন করার কাব্দ আমার ব্যক্ত আর একজন করিয়া দিভেছে—ইহা हरेए भारत ना; कावन हेश अमानिक हरेए भारत रव, धर्मन रव-मकन কাজ আমানের অজ্ঞাতসারে হইতেছে, ঐগুলির প্রায় সবই সাধন-বলে আযাদের চেতনভূমিতে আনা ধাইতে পারে। আপাততঃ মনে হয়, সুদ্ধরের ক্রিয়া আমাদের নিয়ন্ত্রণের অধীন নয়, উহা নিজের গতিতে চলিতেছে। কিছ অভ্যাদ-বলে এই হৃদ্যমুকেও এক্লপ বলে আন বাইতে পারে বে, আমাদের हेक्श जन्मादि छेहा नीज वा शीदि हिन्दि, जनवा श्रीप वक हहेगा वहिंदि। আমাদের শরীরের প্রায় প্রত্যেক অংশই আমাদের বলে আনা বাইতে পারে। ইহাতে কি ব্যা যাইতেছে? ব্যা যার বে, এখন বে-সকল জিয়া অবচেতনভাবে হইতেছে, দেগুলিও আমরাই করিতেছি; তবে অভাতনারে করিতেছি, এইমাত্র। অতএব দেখা বাইতেছে, মহন্ত-মন তুই তবে কাল করিতে পারে। প্রথম অবস্থাকে সভান-ভূমি বলা বাইতে পারে, এখানে সকল কাল করিবার সমর সক্ষে সক্ষে বোধ হর আমি করিতেছি, আর একটি ভূমির নাম নির্দ্ধান-ভূমি (বা অভান-ভূমি) বলা বাইতে পারে, এখানকার কাজের সহিত 'আমি'-বোধ থাকে না।

আমাদের মানস কার্যকলাপের বে অংশে 'অহং'ভাব থাকে না, ভাহা অজ্ঞানভূমির ক্রিয়া, আর বে অংশে অহং-ভাব থাকে, তাহা জ্ঞানপূর্বক ক্রিয়া।' নিম্বাতীয় জীবলয়তে এই অজ্ঞানভূমির কার্যগুলিকে সহজাতবৃদ্ধি (instinct) বলে। উচ্চতর জীবে ও উচ্চতম জীব মহুয়ে জ্ঞানপূর্বক ক্রিয়াই প্রবল।

কিন্তু এখানেই শেষ নয়। ইহা অপেকাও উচ্চতর ভূমিছে মন কার্ব করিতে পারে। মন আনের অভীত অবস্থায় ঘাইতে পারে। অজ্ঞানভূমিতে কৃত কার্য যেমন জ্ঞানের নিমুভূমিতে ঘটে, ঠিক দেইরূপ আর একপ্রকার কাজ ক্রানাতীত ভূমি হইতে হইয়া থাকে। উহাতেও কোনরূপ অহং-ভাব থাকে না। এই অহংবৃদ্ধি কেবল মধ্যতবেই থাকে। যখন মন এই তারের উর্ধেব বা নিয়ে থাকে, তথন আমি-রূপ কোন বোধ থাকে না, কিন্তু তথনও মনের ক্রিদ্ধা চলিতে থাকে। যথন মন এই অহংবোধের সীমা অতিক্রম করিয়া বার, তথন তাহাকে সমাধি বা জানাতীত অবহা বলে। সমাধি-অবহার মাছুব স্কানভূমির নিম্নতবে চলিয়া যায় নাই, অবন্ত হুইয়া যায় নাই---ইছা আমরা কেমন করিয়া জানিব ? এই ছুই অবস্থার কাজই আহংভাবশৃক্ত। ইহার উত্তর এই—ফল দেখিয়াই নির্ণীত হইতে পারে, কে সঞ্চানভূমির নিয়ে আর কেই বা উর্ধে। যখন কেছ গভীর নিক্রায় মগ্ন হয়, সে তখন সঞ্চান-ভূমির নিমে অবচেতন ভূমিতে চলিয়া যায়। তথনও তাহার শরীবের সমুদ্র ক্রিয়া চলিতে থাকে, দে খাদ-প্রখাদ নুষয়, এমন কি নিজার মধ্যে শরীর-সঞ্চালনও করিয়া থাকে; কিছ ভাহার এই-সকল কার্বে অহংভাবের কোন সংস্রব থাকে না, তথন ভাহার চেতনা থাকে না; নিজা হইতে যথন উখিত হয়, তথন দে বে-মাছ্য ছিল, সেই মাছ্যই থাকিয়া বায়। নিত্রা ৰাইবাৰ পূৰ্বে ভাহাৰ যডধানি আন ছিল, নিজাভদেৰ পৰও ঠিক ভাহাই

वारकः । छेशांत विश्वयां वृष्टि शांत्र ना । छाशांत श्वतः रकान न्छन चार्तारक উडानिष्ठ एव ना । किन्द्र वयन बाह्य नवाशित्र श्व-पूर्वेख विश्व नवाशित्र इत-नवाशिष्टरूप श्व रन बशांकानी श्रेत्रा छेत्रित्रा चारतः ।

এই বিভিন্নভার কারণ কি ? এক অবহা হইছে রাহ্ব বেরন গিরাছিল, নেইদ্নপই কিরিয়া আদিল; আর এক অবহা হইছে রাহ্ব আনী হইরা ফিরিল —এক গাধু-মহাপ্রুবে পরিপত হইল, ভাহার অভাব সম্পূর্ণভাবে পরিবর্ভিভ হইরা গেল, ভাহার আবনও রূপাভরিত হইরা গেল, নে আনালোকে উদ্রাসিত হইল। এই ভাে ছই অবহার বিভিন্ন কল! কল ববন ভিন্ন, ভবন কারণও অবহাই ভিন্ন হইবে। সমাধি-অবহার লব্ধ এই আনালোক বেহেভূ নির্জান-অবহার অহভূতি অপেকা অনেক উচ্চতর, বা আনভূমিতে যুক্তি-বিচারলর আন অপেকা অনেক উচ্চতর, ভবন উহা অবহাই আনাতীত ভূমি হইতে আসিভেছে। সেইজ্বই সমাধি 'আনাতীত অবহা' নামে অভিহিত হইয়াছে।

এই বৈরাগ্য লাভ করিতে হইলে মন বিশেষরূপে নির্মল, সং ও বিচারপূর্ণ হওরা আবশ্রক। অভ্যাস করিবার আবশ্রক কি ? কারণ প্রভাতে কার্বই হলের উপরিভাগে কম্পনশীল স্পদ্দন্ধরূপ। এই কম্পন কালে মিলাইরা বার। থাকে কি ? সংকারসমূহই অবশিষ্ট থাকে। মনে এইরূপ অনেক সংকার পড়িলে সেগুলি একত্র হইরা অভ্যাসরূপে পরিণত হয়। 'অভ্যাসই বিতীয় প্রভাব' এইরূপ ক্ষিত হইয়া থাকে; গুধু বিতীয় স্থভাব নয়, উহা প্রথম স্থভাবও বটে—মাহুবের সমৃষ্য স্থভাবই ঐ স্থভাবের উপর নির্ভর করে। স্থামরা এখন বেরূপ প্রকৃতিবিশিষ্ট হইয়াছি, ভাহা পূর্ব স্থভাবের

ফল। সমুদয় অভ্যাসের ফল জানিতে পারিলে আমাদের মনে সাভ্না আদে, কারণ বদি আমাদের বর্তমান খভাব কেবল অভ্যাসবশেই হইয়া থাকে, তাহা হইলে আমরা বধন ইচ্ছা ঐ অভ্যাস দুর করিতেও পারি। আমাদের মনের ভিতর দিয়া যে চিন্তাস্পদনগুলি চলিয়া যায়, ভাহাদের প্রত্যেকটি এক একটি দাগ রাখিয়া যায়, সংস্কারগুলি ভাহাদের সমষ্টি। আমাদের চরিত্র এই-সকল সংস্থাবের সম্প্রিম্বরণ। যথন কোন বিশেষ বৃত্তিতরক প্রবল হয়, তথন মাহ্য সেই ভাবে ভাবান্থিত হয়। বধন সদ্ভণ প্রবল হয়, তথন মাহ্য সং হইয়া যায় ; যদি মন্দ ভাব প্রবল হয়, ভবুর মন্দ হইয়া যায়। যদি আনন্দের ভাব প্রবল হয়, তবে মাতুর স্থী হইয়া থাকে,। .অনৎ অভ্যানের একমাত্র প্রতিকার—তাহার বিপরীত অভ্যান। যভ কিছু অনং অভ্যাদ আমাদের চিত্তে সংস্থারবন্ধ হইয়া গিয়াছে, কেবল সং অভ্যাদের হারা দেগুলি নিয়ন্ত্রিত করিতে হইবে। কেবল সংকার্য করিয়া যাও, অবিরভভাবে পবিত্র চিস্তা কর; অসৎ সংস্কার-নিবারণের ইহাই একমাত্র উপায়। কথনও বলিও না, অমূকের আর কোন আশা নাই; কারণ অসৎ ব্যক্তি কেবল একটি বিশেষ প্রকারের চরিত্রের পরিচয় দিভেছে। চরিত্র কতকগুলি অভ্যাদের সমষ্টিমাত্র, নৃতন ও সৎ অভ্যাদের ধারা ঐগুলিকে দ্র করা যাইতে পারে। চরিত্র কেবল পুনঃ পুনঃ অভ্যাদের সমষ্টিমাত্র। পুন: পুন: অভ্যাদই চরিত্র দংশোধন করিতে পারে।

তত্র স্থিতো যত্নোহভ্যাস:॥ ১৩॥

—এ বৃত্তিগুলিকে সম্পূর্ণরূপে বশে রাখিবার যে নিয়ত চেষ্টা, তাহাকে 'অভ্যাদ' বলে।

অভ্যাদ কাহাকে বলে? চিত্তরূপী মনকে দমন করিবার চেষ্টা অর্থাৎ উহার তরকাকারে বহির্গমন নিবারণ করিবার চেষ্টাই অভ্যাদ।

স তু দীর্ঘকালনৈরন্তর্যসংকারাসেবিতো দৃঢ়ভূমি: ॥ ১৪ ॥
—দীর্ঘকাল সর্বদা তীব্র শ্রহ্মার সহিত (সেই পরম-পদ-প্রাপ্তির)
চেষ্টা করিলেই অভ্যাস দৃঢ়ভূমি হইয়া যায়।

এই সংখ্য এক দিনে .আদে না, দীর্ঘকাল নিরম্ভর অভ্যাদ করিলে পর আদে। দৃষ্টামুশ্রেৰিকবিষয়বিভৃষ্ণত বন্ধকারসংজ্ঞা বৈয়াগ্যন্ ॥ ১৫ ॥
— দৃষ্ট অথবা শ্রুত সর্বপ্রকার বিষয়ের আকাজ্ঞা যিনি ত্যাগ
করিয়াছেন, ভাঁহার নিকট যে একটি অপূর্ব ভাব আদে, যাহাতে তিনি
সমস্ত বিষয়বাসনাকে দমন করিতে পারেন, তাহাকে বৈরাগ্য বা
অনাসক্তি বলে।

তুইটি শক্তি আমাদের সমৃদয় কার্যপ্রক্তির নিয়ামক—(১) আমাদের নিবেদের অভিজ্ঞতা, (২) অপরের অভিজ্ঞতা। এই তুই শক্তি আমাদের মনোত্রদে নানা তবদ উৎপন্ন করিতেছে। বৈরাগ্য এই শক্তিদ্বয়ের বিক্লছে যুদ্ধ করিবার ও মনকে বশে রাখিবার শক্তিশ্বরূপ। স্থভরাং আমাদের প্রয়োজন—এই কার্যপ্রবৃত্তির নিয়ামক শক্তিবয়কে ত্যাগ করিবার শক্তি লাভ করা। মনে কর, আমি একটি পথ দিয়া যাইতেছি, একজন লোক আসিয়া আমার ঘড়িটি কাড়িয়া নইল। ইহা আমার নিজের প্রত্যক্ষাস্থভূতি, আমি নিজে দেখিলাম, উহা আমার চিত্তকে তৎক্ষণাৎ ক্রোধরূপ বৃত্তির আকারে পরিণত করিল। ঐ ভাব আসিতে দিবে না। যদি উহা নিবারণ করিতে না পারো, তবে তোমার কোনই মূল্য নাই। যদি নিবারণ করিতে পারো, তবেই ভোষার বৈরাগ্য আঁছে, বুঝা ঘাইবে। আবার সংদারী লোক যে বিষয়ভোগ করে, তাহাতে আমরা এই শিক্ষা পাই যে, বিষয়ভোগই জীবনের চরম লক্ষ্য। এগুলি আমাদের ভয়ানক প্রলোভন। ঐগুলিকে অস্বীকার করা ও ঐগুলি লইয়া মনকে বৃত্তির আকারে পরিণত হইতে না দেওয়াই বৈরাগ্য। স্বাহভূত ও পরাহভূত বিষয় হইতে আমাদের যে তুই প্রকার কার্যপ্রবৃত্তি জন্মায়, সেপ্তলিকে দমন করা ও এইব্ধণে চিত্তকে উহাদের বনীভূত হইতে না দেওয়াকে বৈরাগ্য বলে। প্রবৃত্তিগুলি যেন আমার আয়তে থাকে, আমি যেন উহাদের আয়ত্তাধীন না হই—এই প্রকার মানসিক শক্তিকে বৈরাগ্য বলে; এই বৈরাগ্যই মুক্তির একমাত্র উপায়।

তৎপরং পুরুষখ্যাতেন্ত গবৈভৃষ্ণ্যম্॥ ১৬॥

—যে তীব্র বৈরাগ্য লাভ হইলে আমরা গুণগুলিতে পর্যন্ত বীতরাগ হই ও উহাদিগকে পরিত্যাগ করি, তাহাই পুরুষের প্রকৃত স্বরূপ প্রকাশ করিয়া দেয়।

যথন এই বৈরাগ্য আমাদের গুণের প্রতি আসজ্জিকে পর্যন্ত পরিত্যাপ করার, তথনই উহাকে শক্তির উচ্চতম বিকাশ বলা যায়। প্রথমে পুরুষ বা আত্মা কী ও গুণগুলিই বা কী, তাহা আমাদের জানা উচিত। বোগদর্শনের মতে সমুদয় প্রস্কৃতিতে তিনটি শক্তি বা গুণ আছে; ঐ গুণগুলির একটির নাম তম:, অপরটি রক্ষ: ও তৃতীয়টি সন্ত। এই তিন গুণ বাহ্যক্সতে অন্ধকার বা অনসতা, আকর্ষণ বা বিকর্ষণ, ও উহাদের সামঞ্চস-এই তিবিধ ভাবে প্রকাশ পায়। প্রকৃতিতে যত বস্তু আছে, যাহা কিছু আমরা দেখিতেছি, সবই এই তিন শক্তির বিভিন্ন সমবায়ে উৎপন্ন। সাংখ্যেরা প্রকৃতিকে নানাপ্রকার তত্তে বিভক্ত করিয়াছেন; মছয়ের আত্মা ইহাদের লবগুলির বাহিরে, প্রকৃত্ির বাহিরে; উহা স্থকাশ, ডাদ্ধ ও পূর্ণস্ক্রণ; আর প্রকৃতিতে যে কিছু চৈতন্মের প্রকাশ দেখিতে পাই, তাহা প্রকৃতির উপরে আত্মার প্রতিবিম্ব মাত্র। প্রকৃতি নিব্রে জড়। এটি শ্বরণ রাখা উচিত যে, প্রকৃতি বলিতে উহার সহিত মনকেও বুঝাইতেছে। মনও প্রকৃতির ভিতরে। চিস্তাও প্রকৃতির অন্তর্গত। চিম্তা হইতে অতি সুলতম ভূত পর্যস্ত সবই প্রকৃতির অন্তর্গত—প্রকৃতির বিভিন্ন বিকাশ মাত্র। এই প্রকৃতি মহয়ের আত্মাকে আবৃত রাখিয়াছে; যথন প্রকৃতি ঐ আবরণ সবাইয়া লয়, তথন আত্মা স্ব-মহিমায় প্রকাশিত হন। পঞ্চল স্তে বর্ণিড এই বৈরাগ্য ঘারা প্রকৃতি বশীভূত হয় বলিয়া উহা আত্মার প্রকাশের পক্ষে অতিশয় সাহায্যকারী। পরের ক্তে সমাধি অর্থাৎ পূর্ণ একাগ্যতার লক্ষণ বর্ণনা করা হইয়াছে। উহাই যোগীর চরম লক্ষ্য।

বিভর্কবিচারানন্দান্মিভানুগমাৎ সম্প্রজাতঃ ॥ ১৭॥
—যে সমাধিতে বিতর্ক, বিচার, আনন্দ ও অন্মিতা অনুগত থাকে,
তাহাকে সম্প্রজাত বা সম্যক্ জ্ঞানপূর্বক সমাধি বলে।

সমাধি ছই প্রকার। একটিকে 'সম্প্রজাত' ও অপরটিকে 'অসম্প্রজাত' বলে। এই সম্প্রজাত সমাধিতে প্রকৃতিকে বলীভূত করিবার সমূদর শক্তি আসে। সম্প্রজাত সমাধি আবার চারি প্রকার। প্রথম প্রকারকে 'সবিভর্ক সমাধি' বলে। এই সমাধিতেই মনকে অস্তান্ত, বিবর হইতে সরাইরা

> পাঠান্তর: বিভর্কবিচারানন্দান্মিতারপাত্রগায়গমাৎ

বিষয়বিশেষের পুন: পুন: অহধ্যানে নিযুক্ত করিছে হয়। এই প্রকার চিতা বা ধ্যানের বিষয় ছই প্রকার: (১) চতুর্বিংশভি (জড়) ভত্ব ও (২) চেডন পুরুষ। বেংগের এই অংশটি সম্পূর্বরূপে সাংখ্যদর্শনের উপর স্থাপিত। এই সাংখ্যদর্শনের বিষয় ভোষাদিগকে পূর্বেই বলিয়াছি। ভোষাদের স্বরণ থাকিতে পারে, মন বৃদ্ধি অহমার—ইহাদের এক সাধারণ জিভিজুমি আছে। উহাকে 'চিত্ত' বলে, চিত্ত হইভেই উহাদের উৎপত্তি। এই চিত্ত প্রকৃতির ভিন্ন ভিন্ন শক্তি গ্রহণ করিয়া উহাদিগকে চিন্তাদ্ধণে পরিণত করে। আবার শক্তি ও ভূত উভয়েরই কারণম্বরূপ এক পদার্থ আছে, ইহা অবশ্রই স্বীকার করিতে হইবে। ইহাকে 'অব্যক্ত' বলে—উহা স্বান্টর প্রাকাশীন প্রকৃতির অপ্রকাশিত অবস্থা। করাজে সম্বন্ধ প্রকৃতিই উহাতে প্রভ্যাবর্তন করে, আবার কিছুকাল পরে পরকল্পে উহা হইডেই দব পুনরাবিভূতি হয়। এই সম্দয়ের অতীত প্রদেশে চৈতক্ত্বন পুরুষ বহিয়াছেন। জ্ঞানই প্রকৃত শক্তি। কোন বস্তুর সম্বন্ধে জ্ঞানলাভ হইলেই আমরা উহার উপর ক্ষমতা লাভ করি। এইরূপে বধনই আমাদের মন এই সমৃদয় ভিন্ন ভিন্ন বিষয় ধ্যান করিতে থাকে, তথনই উহাদের উপর ক্ষমতা লাভ করিয়া থাকে। যে প্রকার সমাধিতে বাহ্য স্থূপ ভূতগণই ধ্যেয় হয়, ভাহাকে সবিভর্ক বলে। 'বিভর্ক' অর্থে প্রশ্ন—'দ্রবিভর্ক' অর্থে প্রশ্নের সহিত। যে প্রকার ধ্যানে ভূতসমূহ উহাদের অন্তর্গত সত্য ও উহাদের সমূদয় শক্তি এরপ ধ্যানপরায়ণ পুরুষকে প্রদান করে—যেন এইজয়ই ভূতগুলিকে প্রশ্ন করা—ভাহাকে 'দৰিভৰ্ক' বলে। কিন্তু শক্তি লাভ করিলেই মৃক্তি লাভ হয় না। উহা কেবল ভোগের জন্ত চেষ্টা মাত্র। জার এই জীবনে প্রকৃত ভোগন্থ হইতেই পারে না। ভোগস্থের অম্বেষণ বুধা, ইহাই জগতে অভি প্রাচীন উপদেশ; কিন্তু মাতুষের পক্ষে ইহা ধারণা করা অতি কঠিন। যখন দে ইহার ধারণা করিতে পারে, তথন দে জড় জগতের অতীত হইয়া মৃক্ত হইয়া যায়। বেঞ্জাকৈ সাধারণতঃ গুল্পজি বলে, তাহা লাভ করিলে ভোগের বৃদ্ধি হয় মাজ, কিন্তু পরিশেষে ভাহা হইতে আবার বছণাও বৃদ্ধি পায়। বিজ্ঞানের দৃষ্টিতে দেখিয়া পতঞ্জি এই গুহুশন্তিকাভের সম্ভাবনা স্বীকার কবিয়াছেন। কিন্তু এই-সৰুগ শক্তির প্রলোভন হইতে আমাদিগকে সাৰধান করিয়া দিতেও তিনি ভূলেন নাই।

আবার সেই ধ্যানেই বধন ঐ ভূতসমূহকে দেশ ও কাল হইতে পৃথক্ করিয়া ঐগুলির স্বত্নপ চিন্তা করা যায়, তথন সেই সমাধিকে নির্বিভর্ক সমাধি বলে। খখন ধ্যান আর এক সোপান অগ্রসর হয় এবং তন্মাত্রগুলিকে ধ্যানের বিষয় করিয়া উহাদিগকে দেশকালের অন্তর্গত বলিয়া চিন্তা করা যায়, তখন ঐ ধ্যানকে 'সবিচার সমাধি' বলে। আবার ঐ সমাধিতে ষ্থন ঐ সুন্মভূতগুলিকে দেশকাল-বিবর্জিত উহাদের শ্বরূপে চিম্কা করা বায়, তথন তাহাকে 'নির্বিচার সমাধি' বলে। পরবর্তী সোপানে ত্ব ও ছুল উভয় প্রকার ভূতের চিম্ভাই পরিত্যাগ করিয়া অম্ভ:করণকে—মনকেই ধ্যানের বিষয় করিতে হয়। যথন অন্তঃকরণকে রজন্তমোগুণ হইতে পৃথক্ ক্রিয়া চিন্তা করা হয়, তথন উহাকে 'সানন্দ সমাধি' বলে। যথন মনই ধ্যানের বিষয় হয়, যখন ঐ সমাধি একাগ্র ও পরিপক হইয়া যায়, যখন খুল স্থা সম্দয় ভূতের চিন্তা পরিত্যক্ত হইয়া মনের খরপাবখাই ধ্যেয় বিষয় ছইয়া দাঁড়ায়, অন্তাক্ত বিষয় হইতে পৃথক্কত হইয়া কেবল সান্ত্ৰিক অহঙ্কার মাত্র বর্তমান থাকে, তখন উহাকে 'অস্মিতা-সমাধি' বলে। সম্পূর্ণরূপে মনের অতীত হওয়া যায় না। যে ব্যক্তি ঐ অবস্থা লাভ করিয়াছে, তাঁহাকে বেদে 'বিদেহ' বলিয়া থাকে। তিনি নিজেকে সুলদেহশৃশুরূপে চিস্তা ক্রিতে পারেন বটে, কিন্তু তাঁহার নিজেকে সক্ষণরীরধারী বলিয়া চিডা ক্রিতে হইবেই। যাঁহারা এই অবস্থায় থাকিয়া সেই পরমণদ লাভ না করিয়া প্রকৃতিতে লয়-প্রাপ্ত হন, তাঁহাদিগকে 'প্রকৃতিলীন' বলে; কিন্তু যাঁহারা ইহাতেও সম্ভষ্ট নন, তাঁহারাই চরমলক্য মৃক্তি লাভ করেন।

বিরাশ-প্রভ্যয়াভ্যাসপূর্বঃ সংস্কারশেবোহস্তঃ ॥ ১৮ ॥
—অস্ত প্রকার সমাধিতে সর্বদা সমুদয় মানসিক ক্রিয়ার বিরাম
অভ্যাস করা হয়, কেবল চিত্তের গৃঢ় সংস্কার-মাত্র অবশিষ্ট থাকে।

ইহাই পূর্ণ জানাতীত 'অসম্প্রজাত সমাধি'; ঐ সমাধি আমাদিগকে
মৃক্তি দিতে পারে। প্রথমে যে সমাধির কথা বলা হইয়াছে, তাহা আমাদিগকে
মৃক্তি দিতে পারে না—আত্মাকে মৃক্ত করিতে পারে না। একজন ব্যক্তি
সম্দর শক্তি লাভ করিতে পারে, কিছ ভাহার পুনরায় পতন হইবে। বভক্ষণ
না আত্মা প্রকৃতির অতীত অবস্থায় (সম্প্রজাত সমাধিরও বাহিরে) যাইতে

পারে, ডভক্ষণ পতনের ভয় থাকে। বদিও এই ধ্যানের প্রণালী খুব সহজ বলিয়া বোধ হয়, কিছ ইহা লাভ করা অভি কঠিন। ইহার প্রণালী এই: সনকেই ধ্যানের বিষয় কর; যথনই সনে কোন চিন্তা আলিবে, ডখনই উহা দ্মিত কর; মনের ভিতর কোন প্রকার চিন্তা আদিতে না দিয়া উহাকে मन्पूर्वक्राप भृष्ठ कद। वधनहै जामना वधार्यक्राप हेटा माधन कनिएछ पानिन, দেই মূহুর্তেই **আমরা মৃক্তি লাভ করিব। পূর্ব দাধন বাহাদের আয়**ন্ত হল্প নাই, ভাহারা যথন মনকে শৃষ্ঠ করিতে চেষ্টা করে, ভখন ভাহাদের চিত্ত অজ্ঞান-খভাব তমোগুণ ৰাবা আবৃত হইয়া যায়, তমোগুণ তাহাদের মনকে অলম ও অকর্মণ্য করিয়া ফেলে। ভাহারা কিন্ত মনে করে, আমরা মনকে শৃক্ত করিভেছি। ইহা ঠিকঠিকভাবে সাধন করিতে পারা উচ্চতম শক্তির প্রকাশ— সংযমের চূড়ান্ত। যথন এই অসম্প্রকাত অর্থাৎ জ্ঞানাতীত অবস্থা লাভ হয়, তথন ঐ সমাধি নিবীক হইয়া বায়।—ইহার অর্থ কি ? সম্প্রকাত সমাধিতে চিত্তবৃত্তিশুলি দমিত হয় মাত্র, উহারা সংস্থার বা বীজাকারে থাকে, আবার সময় আসিলে পুনরার তরকাকারে প্রকাশিত হয়। কিছ यथन সংস্কারগুলিকে পর্যন্ত ধ্বংস করা হয়, यथन মনও প্রায় বিনষ্ট হইয়া আদে, তথনই সুমাধি নিবীজ হইয়া যায়। তথন মনের ভিতর এমন কোন সংস্থার-বীজ থাকে না, যাহা হইতে এই জীবন-লভিকা পুনঃ পুনঃ উৎপন্ন হইতে পারে—যাহা হইতে এই অবিরাম জন্মমৃত্যু আবর্তিত হইডে भारत ।

অবশ্য ভোষরা জিজাসা করিতে পারো, বেথানে জান থাকিবে না, বেথানে
মন থাকিবে না, সে আবার কি প্রকার অবহা ? যাহাকে আমরা জান বলি,
ভাহা ঐ জানাভীত অবহার সহিত তুলনায় এক নিয়তর অবহামাত্র।
এইটি সর্বদা শরণ রাখা উচিত বে, কোন বিষয়ের সর্বোচ্চ ও সর্বনিয় প্রান্তবয়
প্রায় একই প্রকার দেখার। ইথারের কম্পন মৃহত্তম হইলে উহাকে 'অককার'
বলে, মধ্য অবহার 'আলোক', উহার উচ্চত্তম কম্পন আবার অককার। কিছ
ঐ হুই প্রকার অককারকে কি এক বলিতে হুইবে ? উহার একটি—প্রকৃত
অককার, অপর্টি—অতি ভীত্র আলোক, তথাপি উহারা দেখিতে একই
প্রকার। এইরূপে অজ্ঞান সর্বাপেকা নিয়াবহা, জান মধ্যাবহা, আর ঐ
জানের অভীত একটি উচ্চ অবহা আছে। কিছ অজ্ঞানাবহা ও জ্ঞানাতীত

অবস্থা দেখিতে একই প্রকার। আমরা বাহাকে 'জ্ঞান' বলি, ভাহা এক উৎপন্ন প্রব্য—উহা একটি মিশ্র পদার্থ, উহা প্রকৃত সভ্য নর।

এই উচ্চতর সমাধি ক্রমাগত অভ্যাস করিলে কি ফল হইবে? উচার ফলে আমাদের অন্থিরতা ও অভবের দিকে মনের যে একটা প্রবণতা ছিল. তাহা তো নট হইবেই, সঙ্গে সঙ্গে সংপ্রবৃত্তিরও নাশ হইয়া ঘাইবে। অপরিষ্ণুত স্থবর্ণ হইতে উহার খাদ বাহির করিবার জ্ঞা কোন রাসায়মিক দ্ৰব্য মিশাইলে যাহা হয়, এ কেত্ৰেও ঠিক তাহাই হইয়া থাকে। যথন ধনি হইতে উত্তোলিত ধাতুকে গলানো হয়, তখন যে রাসায়নিক পদার্যগুলি উহার সঙ্গে মিশানো হয়, সেগুলি ঐ থাদের সহিত গলিয়া বায়। এই প্রকারেই সর্বদা সংঘ্য-শক্তিবলে প্রথমে পূর্বতন অসৎ প্রবৃত্তিগুলি ও সৎপ্রবৃত্তিগুলিও চলিয়া ষাইবে। এইরপে সদদৎ প্রবৃত্তিষয় পরম্পরকে অভিভূত করিয়া क्लिटर, ভान मन नर्वरकनिवमुक श्हेश आंखा च-महिमांत्र नर्वराणी, नर्व-শক্তিমান্ ও সর্বজ্ঞরূপে অবস্থান করিবেন। সমূদয় শক্তি ভ্যাগ করিয়া আত্মা সর্বশক্তিমান্ হন ; জীবনে অভিমান ত্যাগ করিয়াই জীবাত্মা মৃত্যু অভিক্রম করেন, কারণ তখন তিনি মহাপ্রাণরূপে অবস্থান করেন। তথনই জীবাজা ব্দানিতে পারিবেন, কোনকালে তাঁহার জন্মমৃত্যু ছিল না, তাঁহার কথনই স্বর্গ বা পৃথিবী কিছুবই প্রয়োজন ছিল না। তখন তিনি বুঝিবেন, তিনি কখনও আদেন নাই, কোথাও যান নাই, আদা-যাওয়া---কেবল প্রকৃতির। আর প্রস্থৃতির ঐ গতিই আত্মার উপর প্রভিবিধিত ছইয়াছিল। দর্পণ ছইতে প্রতিবিধিত আলোক দেওয়ালের উপর পড়িয়াছে ও নড়িভেছে। দেওয়াল বেন ভাবিতেছে, আমিই নড়িতেছি! আমাদের সকলের সম্বন্ধেই এইরূপ; চিত্তই ক্রমাগত এদিক ওদিক ঘাইতেছে, উহা নিজেকে নানারণে পরিণত করিতেছে, কিন্তু আমরা মনে করিতেছি, আমরা এই বিভিন্ন আকার ধারণ कविट्छि। এই ममूनम अख्यानरे ठिनिया शहरत। तमरे निदावशांत्र मुक আত্মা যথন যাহা আজা করিবেন-প্রার্থনা বা ভিক্ষা নয়, আজা করিবেন, —ভিনি বাহা ইচ্ছা করিবেন, তৎক্ষণাৎ ভাহাই পূর্ণ হইবে; ভিনি বাহা চাহিবেন, ভাহাই করিভে সমর্থ হইবেন। সাংখ্যদর্শনের মতে ঈশরের অন্তিম নাই। এই দর্শনের মতে জগতের ঈশর কেছ থাকিতে পারেন না, কারণ বদি কেছ থাকেন, তাহা হইলে ডিনি নিশ্চন্নই আত্মা, আর আত্মা

হয় বন্ধ না হয় মৃক্ত। বে আন্ধা প্রকৃতির বারা বন্ধ বা বশীভূত, তিনি কিরুপে স্টি করিতে পারেন? তিনি ভো নিষেই জীতবাস। অপর পক্ষে আত্মা যদি মুক্তই হন, ভবে মুক্ত আত্মা কেন স্বাচী করিবেন, কেনই বা এই সমূদয় খগতের ক্রিয়াদি নির্বাহ করিবেন ? উহার কোন বাসনা নাই, স্থতরাং উহার স্বষ্ট করিবার কোন প্রয়োজন থাকিতে পারে না। দিভীয়ত: এই সাংখ্যদর্শন বলেন বে, ঈশর সহত্যে কোন মতবাদ অনাবস্থক। প্রকৃতি সীকার করিলেই ৰখন সমূদ্য ব্যাখ্যা করা বায়, তখন ঈশরের আর প্রয়োজন কি ? তবে কপিল বলেন, অনেক আত্মা এক্নপ আছেন, বাঁহার৷ নিদ্ধাবস্থার প্রায় নিকটবর্তী হইয়াছেন, কিন্তু অলোকিক শক্তি ও বাসনা সম্পূর্ণরূপে ভ্যাগ করিতে না পারায় সিদ্ধ হইতে পারিভেছেন না। তাঁহাদের মন কিছুকাল প্রকৃতিতে লীন থাকে; তাঁহারা প্রকৃতির প্রভূত্মণে পুনরাবিভূতি হন। এরপ ঈশর আছেন বটে। আমরা সকলেই এক সময়ে এরপ ঈশ্বরত্ব লাভ করিব। সাংখ্যদর্শনের মতে বেদে যে ঈশ্বরের বর্ণনা আছে. তাহা এইরূপ একজন মৃক্তাত্মার বর্ণনা মাত্র। ইহা ব্যতীত নিভামৃক্ত, আনন্দময় বিখ-হৃষ্টিকর্তা কেহ নাই। আবার এদিকে যোগীয়া বলেন, 'না, ঈশ্ব একজনু আছেন, অস্তাক্ত সম্বয় আত্মা-সম্বয় পুরুষ হইতে পৃথক্ একজন বিশেষ পুরুষ আছেন; তিনি সমগ্র হাষ্ট্র নিভ্য প্রভু, নিভামুক্ত, দকল গুরুর গুরু।' সাংখ্যেরা যাঁহাদিগকে 'প্রকৃতিদীন' বলেন, বোগীরা তাঁহাদেরও অন্তিত্ব স্বীকার করেন। তাঁহারা বলেন যে, ইহারা অসিদ্ধ বা অসম্পূর্ণ যোগী। কিছুকালের জন্ত তাঁহাদের চরমলক্ষ্য-প্রাপ্তি ব্যাহত হয়, তাঁহারা দেই সময়ে জগতের অংশবিশেষের নিয়ন্তারূপে অবস্থান করেন।

ভব-প্রভারো বিদেহ-প্রকৃতিলয়ানাম্॥ ১৯॥
— (এই সমাধি পর-বৈরাগ্যের সহিত অনুষ্ঠিত না হইলে) তাহাই
দেবতা ও প্রকৃতিলীনদিগের পুনরুংপত্তির কারণ।

ভারতীর ধর্ম ও ধর্শনশালে দেবতা অর্থে কডকগুলি উচ্চপদত্ব ব্যক্তিকে ব্রায়। তির তির জীবাত্মা ক্রমাবরে ঐ পদ পূর্ণ করেন। কিন্তু ইহাদের মধ্যে কেছই পূর্ণ নন

শ্রমাবীর্যস্থতিসমাধিপ্রজাপূর্বক ইতরেবাস্॥ ২০॥

— অপর কাহারও কাহারও নিকট শ্রদ্ধা অর্থাৎ বিশ্বাস, বীর্য অর্থাৎ মনের তেজ, স্মৃতি, সমাধি বা একাগ্রতা ও প্রজ্ঞা অর্থাৎ সভ্য বস্তব বিবেক হইতে এই সমাধি উৎপন্ন হয়।

বাঁহারা দেবত্বপদ অথবা কোন করের শাসনভার প্রার্থনা করেন না, তাঁহাদেরই কথা বলা হইভেছে। তাঁহারা মুক্তিলাভ করেন।

ভীব্ৰসংবেগানামাসরঃ॥ ২১॥

—যাঁহারা অত্যন্ত আগ্রহযুক্ত বা উৎসাহী, তাঁহারা অতি শীঘ্রই যোগে কৃতকার্য হন।

মুতুমধ্যাধিমাত্রত্বাৎ ভত্তোপি বিশেষঃ॥ ২২॥

—আবার মৃহ চেষ্টা, মধ্যম চেষ্টা, অথবা অত্যন্ত অধিক চেষ্টা অনুসারে যোগিগণের সিদ্ধির বিশেষ বা ভেদ দেখা যায়।

ঈশ্বরপ্রণিধানাদ্বা॥ ২৩॥

—অথবা ঈশবের প্রতি ভক্তি দ্বারাও (সমাধি লাভ হয়)।

ক্লেশকর্মবিপাকাশরৈরপরাষ্ট্রঃ পুরুষবিশেষ ঈশ্বর:॥ ২৪॥
—এক বিশেষ পুরুষ, যিনি তৃঃখ কর্ম কর্মফল অথবা বাসনা দ্বারা
অস্পৃষ্ট, তিনিই ঈশ্বর (পরম নিয়ন্তা)।

আমাদের এখানে প্নরায় স্মরণ করিতে হইবে যে, পাভঞ্জল যোগণাল্ল সাংখ্যদর্শনের উপর স্থাপিত, সাংখ্যদর্শনে ঈশরের স্থান নাই; যোগীরা কিন্তু ঈশর স্থীকার করিয়া থাকেন। যোগীরা ঈশর স্থীকার করিলেও স্প্টিকর্তৃত্বাদি ঈশর্সমন্ধীয় বিবিধ ভাবের কোন প্রসঙ্গ উত্থাপন করেন না। যোগীদিগের 'ঈশর' অর্থে জগভের স্প্টিকর্তা ঈশর স্কৃতিত হন নাই, বেদমতে কিন্তু ঈশর অগতের স্প্টিকর্তা। বিদের অভিপ্রায় এই—অগতে যখন সামঞ্জল দেখা বাইতেছে, তখন জগৎ অবস্থ একজনের ইচ্ছাশক্তিরই বিকাশ হইবে।

যোগীরা ঈশবান্তিত ত্থাপনের জন্ম তাঁহাদের নিজত এক নৃতন ধর্মনের বৃদ্ধির অবভারণা করেন। তাঁহারা বলেন—

তত্ত্ৰ নিরভিশয়ং সর্বজন্বীজন্॥ ২৫॥

—অন্তেতে যে সর্বজ্ঞবের বীজ (মাত্র) আছে, তাহা তাঁহাতে নিরতিশয় অর্থাৎ অনস্থ ভাব ধারণ করে।

অভি বৃহৎ ও অভি কুল্ল এই ছুইটি চ্ড়ান্ত ভাবের ভিতর মনকে ল্রমণ করিতেই হুইবে। তুমি অবশ্র সীমাবদ্ধ দেশের বিষয় চিন্তা করিতে পারো, কিন্তু উহা চন্দ্রা করিতে গেলেই উহার সদে সদে ভোমাকে অনস্ত দেশের চিন্তা করিতে হুইবে। চন্দ্র মুদ্রিত করিয়া যদি একটি কুল্র দেশের বিষয় চিন্তা কর, তাহা হুইলে দেখিতে পাইবে, যে মুহুর্তে ঐ দেশরূপ কুলুরুত্ব দেখিতে পাইতেছ, সেই মুহুর্তেই উহার চতুর্দিকে অনন্ত-বিভূত আর একটি বৃত্ত রহিরাছে। কাল সম্বন্ধেও ঐ কথা। মনে কর, তুমি এক সেকেও সময়ের বিষয় ভাবিতেছ, সদে সদে ভোমাকে অনন্তকালের কথা চিন্তা করিতে হুইবে। জ্ঞান সম্বন্ধেও ঐক্রপ, মাহুরে কেবল জ্ঞানের বীন্ত-ভাব আছে। কিন্তু ঐ কুল্র জ্ঞানের চিন্তা করিতে হুইলেই সদে সদে অনন্ত জ্ঞানের বিষয় চিন্তা করিতে হুইলেই সদে সদে অনন্ত জ্ঞানের বিষয় চিন্তা করিতে হুইলেই সদে সদে অনন্ত জ্ঞানের বিষয় চিন্তা করিতে হুইলেই নিন্তু মনের গঠন হুইতেই বেশ প্রতিপন্ন হয় বে, এক অনন্ত জ্ঞান রহিয়াছে। বোগীরা সেই অনন্ত জ্ঞানকেই স্বিশ্ব বলেন।

স পূর্বেষামপি গুরুঃ কালেনানবচ্ছেদাৎ ॥ ২৬॥
—তিনি পূর্ব পূর্ব পোচীন) গুরুদিগেরও গুরু, কারণ তিনি কাল
দ্বারা সীমাবদ্ধ নন।

আমাদের ভিতরেই সমৃদয় জান রহিয়াছে বটে, কিন্তু অপর এক জানের হারা উহাকে জাগরিত করিতে হইবে। জানিবার শক্তি আমাদের ভিতরেই আছে বটে, কিন্তু উহাকে জাগাইতে হইবে। আর যোগীরা বলেন, এরুপে জানের উল্নেয় কেবল অপর একটি জানের সাহায্যেই সম্ভব। প্রাণহীন অচেতন জড়ের প্রভাবে কথন জানের ফুরণ হইতে পারে না—কেবল জানের শক্তিতেই জানের বিকাশ হইয়া থাকে। আমাদের ভিতরে বে জান আছে, তাহার উল্নেবের জন্ম জানী ব্যক্তিগণের সর্বদা আমাদের নিকট থাকা প্রয়োজন, স্তরাং এই গুরুগণের প্রয়োজন সর্বদাই ছিল। পৃথিবী ক্থনও এই প্রকার আচার্য-বিরহিত হয় নাই। তাহাদের সহার্ছা ব্যক্তীত

কোন জানই সম্ভব ময়। ঈশার সকল শুকর শুক্ত, কারণ এই-সকল শুক্ত যতই উরত হউন না কেন, তাঁহারা দেবভাই হউন, অথবা দেবদুতই হউন, সকলেই বন্ধ ও কাল হারা দীমাবন্ধ, কিন্তু ঈশার কাল বাবা বন্ধ নন।

বোগীদিগের এই বিশেষ সিদ্ধান্ত ছুইটি: প্রথমটি এই ষে, সাল্ভ বল্ভর চিন্তা করিতে গেলেই মন বাধ্য হইয়াই অনস্তের চিন্তা করিবে। আর বদি এ মানসিক অহভৃতির এক অংশ সভ্য হয়, ভবে উহার অপর অংশও সভ্য হইবে। কারণ—ছুইটিই যথন দেই একই মনের অহুভূভি, তখন হুইটি অহ্ভৃতির মূল্যই সমান। মাহুবের অল্ল জ্ঞান আছে অর্থাৎ মাহুব অল্লজ্ঞ। তাহা হইলে বুঝা যাইতেছে যে, ঈশবের অনস্ত জ্ঞান আছে-মদি এই ত্ইটি অহভৃতির একটিকে গ্রহণ করি, ভবে অপরটিকেও গ্রহণ করিব না কেন? যুক্তি বলে-উভয়কে গ্রহণ কর, নতুবা উভয়কে পরিত্যাগ কর। যদি বিখাস করি যে মানব অল্পজানসম্পন্ন, তবে অবশ্রই স্বীকার করিতে হইবে যে, তাহার পশ্চাতে একজন অসীমজ্ঞানসম্পন্ন পুরুষ আছেন। দ্বিতীয় সিদ্ধান্ত এই যে, গ্রুক ব্যতীত কোন জ্ঞানই হইতে পারে না। বর্তমান কালের দার্শনিকগণ যে বলিয়া থাকেন, মাহুষের জ্ঞান ভাছার নিজের ভিতর ২ইতেই বিকশিত হয়—এ-কথ। সত্য বটে, সমুদয় জ্ঞানই মাস্থের ভিতরে রহিয়াছে, কিন্তু ঐ জ্ঞানের উলেধের জ্ঞা কতকগুলি জ্ঞাতুক্ল পরিবেশ প্রয়োজন। গুরু ব্যতীত আমরা কোন জ্ঞানলাভ করিতে পারি না। এখন কথা হইভেছে, যদি মহয় দেবতা বা স্বৰ্গীয় দৃত্ৰিশেষ আমাদের গুরু হন, তাহা হইলে তাঁহারা সকলেই তো সসীম; তাঁহাদের পূর্বে কে গুরু ছিলেন ? বাধ্য হইয়া আমাদিগকে এই চরম সিদ্ধান্ত স্থির করিতেই হইবে যে, এমন একজন গুরু আছেন, যিনি কালের বারা সীমাবদ্ধ বা অবচ্ছিন্ন নন। দেই এক অনম্ভানসম্পন্ন গুরু, বাহার আদিও নাই, অন্তও নাই, তাঁহাকেই ঈশ্বর বলে 🖞

ভক্ত বাচকঃ প্রণব:॥ ২৭॥

—প্রণব অর্থাৎ ওঙ্কার তাঁহার প্রকাশক শব্দ।

ভোষার মনে বে-কোন ভাব আছে, ভাহারই একটি প্রভিন্নণ শব্দও আছে; এই শব্দ ও ভাবকে পৃথক্ করা বার না। একই বস্তর বাহভাগটিকে

'শব্ধ' ও অন্তর্ভাগটিকে চিন্তা বা 'ভাব' আখ্যা দেওরা হইরা থাকে। বিপ্লেবণ-বলে কেহই চিন্তাকে শব্দ হইছে পৃথক্ করিছে পারে না। কভকগুলি লোক একত বসিয়া কোন্ ভাবের জন্ত কি শব্দ প্রয়োগ করিছে হইবে, এইরূপ স্থির করিতে করিতে ভাষা উৎপন্ন করিয়াছে—এইরূপ অনেকের মত; কিছ ইহা ষে ভ্রমাত্মক, ভাহা প্রমাণিত হইয়াছে। বতদিন মাছ্য স্টে হইয়াছে, ভতদিন শব্দ ও ভাষা তুইই বহিয়াছে। ভাষ ও শব্দের মধ্যে সম্বন্ধ কি ? বদিও আমিরা দেখিতে পাই বে, একটি ভাবের সহিত একটি শব্দ থাকা চাই-ই চাই, কিছ এক ভাব যে একটি মাত্র শব্দের দারা প্রকাশিত হইবে, ভাহা নয়। কুড়িটি ভিন্ন দেশে ভাব একরূপ হইতে পারে, কিন্তু ভাষা সম্পূর্ণ পৃথক্ পৃথক্। প্রভাক ভাব প্রকাশ করিছে গেলে অবশ্র একটি না একটি শব্দের প্রয়োজন হইবে, কিন্তু এই একভাব-প্রকাশক শব্দগুলিকে যে এক প্রকার ধ্বনিবিশিষ্ট হইতেই হইবে, তাহার কোন প্রয়োজন নাই। ভিন্ন ভিন্ন জাতির ভাষায় শব্দের ধানি ভিন্ন ভিন্ন হইবে। দেইজ্জু আমাদের টীকাকার বলিয়াছেন, 'বনিও ভাব ও শবের পরস্পর সম্বন্ধ স্বাভাবিক, কিন্তু এক শব্দ ও এক ভাবের মধ্যে যে একেবারে এক অনতিক্রমণীর সম্বন্ধ থাকিবে. ভাহা বুঝাইতেছে না।' । এই সমস্ত শব্দ ভিন্ন ভিন্ন হয় বটে, ভথাপি শব্দ ও ভাবের পরস্পর সমন্ধ স্বাভাবিক। যদি বাচ্য ও বাচকের মধ্যে প্রকৃত সমন্ধ থাকে, তবেই ভাব ও শবের মধ্যে পরস্পর সম্বন্ধ আছে বলা যায়, ডাহা না হইলে দেই বাচক শব্দ কথনই সাধারণভাবে ব্যবহৃত হইতে পারে না। ৰাচক বাচ্য-পদার্থের প্রকাশক। যদি দে বাচ্য বন্তব অভিছ পূর্ব হইভে থাকে, আর আমরা যদি পুন: পুন: পরীকা বারা দেখিতে পাই বে, এ বাচক শকটি ঐ বস্তুকে অনেকবার বুঝাইয়াছে, তাহা হইলে আমরা বুঝিতে পারি যে, ঐ বাচ্য-বাচকের মধ্যে বধার্থ একটি সমন্ধ আছে। বদি ঐ পদার্থগুলি উপস্থিত নাও থাকে, সহস্র সহস্র ব্যক্তি উহাদের বাচকের ঘারাই সেগুলি সম্বন্ধ জানলাভ করিবে। বাচ্য ও বাচকের মধ্যে স্বাভাবিক সম্বন্ধ থাকা অবশ্রম্ভাবী; অভএব ধর্মন ঐ বাচক শব্দটি উচ্চারণ করা হইবে, ভর্মনই উহা ঐ ৰাচ্য-পদার্থটির কথা মনে জাগাইয়া দিবে। প্রকার বলিভেছেন, 'ওছার

> সূর্বে এব শব্দাঃ সর্বাকারাধান্তিধানসর্বা—ইতি স্থিত এবৈবাং সর্বাকারেরর্বৈঃ স্বাক্তানিকঃ সম্বন্ধঃ।---বাসভাভের বাচশতিনিপ্রকৃত টাকা

ঈশবের বাচক'। কেন ভিনি এই শব্দটির উপর জোর দিলেন? 'ঈশব'-ভাবটি বুঝাইবার জন্ত ভো শত শত শব্দ রহিয়াছে। একটি ভাবের সহিত সহস্র সহস্র শব্দের সম্বন্ধ থাকে। ঈশ্বর-ভাবটি শত শত শব্দের সহিত সম্বন্ধ বহিয়াছে, উহার প্রত্যেকটিই ভো ঈশবের বাচক। বেশ কথা, কিন্তু ভাহা हहेरमञ्ज के समञ्जनित मर्था कि मिथातन सम वाहित करा हाहै। के বাচকগুলির একটি সাধারণ অধিষ্ঠান—সাধারণ শব্দ-ভূমি বাছিয় ক্ষিতে হুইবে, আর যে বাচক শ্রুটি সাধারণ বাচক হুইবে, সেই শ্রুটিই সর্বশ্রেষ্ঠ বলিয়া পরিগণিত হইবে, আর সেইটিই সকলের প্রতিনিধিরূপে উহার যথার্থ বাচক হইবে। কোন শব্দ উচ্চারণ করিতে হইলে আমরা কণ্ঠনালী ও ভালুকে শনোচ্চারণের আধাররূপে ব্যবহার করিয়া থাকি। এমন কি কোন नक चारह, चनद नमूनम नक साराद क्षकान, सारा नर्वारनका चाछाविक नक ? —ওঁ (অউম্) এই প্রকার শব্দ ; উহাই সমৃদয় শব্দের ভিত্তি-স্বরূপ। উহার প্রথম অকর 'অ' সমুদয় শব্দের মূল—উহাই সমুদয় শব্দের কুঞ্চিকাশ্বরূপ, উহা জিহবা অথবা তালুর কোন অংশ স্পর্শ না করিয়াই উচ্চারিত হয়। 'ম'— বর্গীয় শব্দের শেষ শব্দ, উহার উচ্চারণ করিতে হইলে ওঠছয় বন্ধ করিতে হয়। আর 'উ' এই শব্দ জিহ্বামূল হইতে মুখমধ্যবর্তী শব্দাধারের শেষ সীমা পর্যন্ত বেন গড়াইয়া যাইতেছে) এইরপে 'ওঁ' শব্দটি ছারা সমূদয় শব্দোচ্চারণ-ব্যাপারটি প্রকাশিত হইতেছে। এই কারণে উহাই স্বাভাবিক বাচক শব্দ-উহাই ভিন্ন ভিন্ন শব্দের জননী-স্বব্ধণ। যত প্রকার শব্দ উচ্চারিত হইতে পারে—আমাদের ক্ষমতায় যত প্রকার শব্দ-উচ্চারণের সম্ভাবনা আছে, উহা (महे मकलात्रहे च्हक।

এই-সকল আহমানিক গবেষণা ছাড়িয়া দিলেও দেখা যার, ভারতবর্ষে যত প্রকার বিভিন্ন ধর্মভাব আছে, সব এই ওয়ারকেই কেন্দ্র করিয়া, বেদের বিভিন্ন ধর্মভাবসমূহ এই ওয়ারকে আশ্রায় করিয়া রহিয়াছে। এখন কথা হইতেছে, ইহার সহিত আমেরিকা, ইংলও ও অক্যান্ত দেশের কি সহন্ধ ? ইহার সহক্ষ উত্তর এই—সর্বদেশে এই ওয়ারের ব্যবহার চলিতে পারে; তাহার কারণ এই বে, ভারতবর্ষে যত বিভিন্ন ধর্মভাবের বিকাশ হইয়াছে, ওয়ার তাহার প্রত্যেক সোপানেই পরিরক্ষিত হইয়াছে ও উহা ঈশরস্মনীয় ভিন্ন ভিন্ন ভাব ব্রাইবার ক্রন্ত ব্রয়াছে। অইছভবাদী,

বৈত্তবাদী, বৈভাবৈত্তবাদী, ভেদাভেদবাদী, এমন কি নাভিকগণ পর্বভ তাঁহাদের উচ্চতম আদর্শ-প্রকাশের জন্ত এই 'ওছার' অবলঘন করিয়া-ছিলেন। বখন এই ওছার মানবজান্তির অধিকাংশের ধর্মভাব-প্রকাশের জন্ত ব্যবহৃত হইরাছে, তখন সকল দেশের সকল আতিই উহা অবলঘন করিতে পারেন। ইংরেজী 'গড্' (God) শব্দ ধর, উহাতে যে ভাব প্রকাশ করে, তাহা নিভান্ত সীমাবদ্ধ। যদি উহার অভিরিক্ত কোন ভাব ঐ শব্দ বারা ব্যাইতে ইচ্ছা কর, তবে ভোমাকে বিশেষণ বোগ করিতে হইবে—বেমন সন্তপ (Personal), নিশ্র্মণ (Impersonal), পূর্ণ বা পরম (Absolute) ইত্যাদি। অন্ত সব ভাবার ঈশ্বর-বাচক বে-সকল শব্দ আছে, দে সম্বন্ধেও এই কথা থাটে; ঐগুলির অভি অন্ধ-ভাব প্রকাশ করিবার শক্তি আছে। কিন্ত 'ওঁ'—শব্দে উক্ত সর্বপ্রকার ভাবই বহিয়াছে। অভএব উহা প্রভ্যেকের গ্রহণ করা উচিত।

ভক্ষপন্তদৰ্থভাবনম্॥ ২৮॥

—এই ওম্বারের পুনঃ পুনঃ উচ্চারণ ও উহার অর্থ ধ্যান (সমাধিলাভের উপায়)।

পুন: পুন: উচ্চারণের আবশ্রকতা কি ? অবশ্র আমাদের সংস্থারবিষয়ক মতবাদের কথা শারণ আছে; সংস্থার-সমষ্টিই আমাদের মনের মধ্যে বাস করে; ক্রমণ: স্ক্রাহ্স্ক হইরা তাহারা অব্যক্তভাব থারণ করে বটে, কিন্তু একেবারে লুগু হয় না, মনের মধ্যেই থাকে; উদ্দীপক কারণ উপস্থিত হইলেই ব্যক্তভাব থারণ করে। আণবিক স্পন্দন কথনই থামিবে না। যথন এই বিশ্বন্ধাৎ লয় পাইবে, তখন বিরাট বিরাট স্পন্দন সব অন্তর্হিত হইবে; স্র্ব, চন্ত্র, তারা, পৃথিবী—সবই লয় হইরা বাইবে; কিন্তু স্পন্দন—পরমাণ্ভলির মধ্যে থাকিবে। এই বৃহৎ ব্রশাণ্ডে যে কার্য হইতেছে, প্রত্যেক পরমাণ্ডে সেই কার্যই লাধিত হইতেছে। বাহ্যবন্ধ সম্বন্ধ ক্ষিত হইবা, চিত্ত সম্বন্ধেও সেইক্রণ। চিত্তের স্পন্দন যথন ভিমিত হইবে, ভখনও পরমাণ্-স্পন্দম চলিতে থাকিবে, উত্তেজক কারণ পাইলেই ঐগুলি প্ন:-প্রকাশিত হইরা পড়িবে। জপ বা পুন: পুন: উচ্চারণের অর্থ এখন ব্রাধা বাইবে। (আমাদের ভিতর বে-সকল আধ্যাত্মিক সংস্থার আছে, জপ

দেওলিকে উদীপিত করিবার প্রধান সহায়। ক্পমাত্র সাধুসক ভবনমূত্রপারের একমাত্র নৌকাশ্বরপ হয়। সকের এতদূর শক্তি! বাহু সংস্কের
বেমন শক্তি, আন্তর সংস্কেরও তেমনি শক্তি। এই ওহারের পুনঃ পুনঃ
উচ্চারণ ও অর্থ স্মরণ করাই নিজ অন্তরে সাধুসক করা। পুনঃ পুনঃ উচ্চারণ
কর এবং সেই সকে উচ্চারিত শক্ষের অর্থ ধ্যান কর, তাহা হইলে হাদ্যে
জ্ঞানালোক আদিবে এবং আ্যা প্রকাশিত হইবেন।

কিন্ত বেমন 'ওঁ'—এই শব্দের চিন্তা করিতে হইবে, সেইদলে উহার অর্থণ চিন্তা করিতে হইবে। অসৎসদ ত্যাগ কর, কারণ পুরাতন কতের চিহ্ন এখনও তোমার অন্ধে রহিয়াছে; এই অসৎসদের প্রভাবেই আবার সেই ক্ষত পূর্ব-বিক্রমে দেখা দেয়। একই ভাবে আমাদের ভিতরে বে-সকল শুভ সংস্থার আছে, সেগুলি এখন অব্যক্ত থাকিলেও সংসদের বারা জাগরিত হইবে—ব্যক্তভাব ধারণ করিবে। সংসদ অপেকা জগতে পবিত্রতের কিছু নাই, কারণ সংসদ হইতেই শুভ সংস্থারগুলি ব্যক্ত হইবার হ্বযোগ পায়—চিত্তহ্রদের তলদেশ হইতে উপরিভাগে আদিবার উপক্রম করে।

ভতঃ প্রভ্যক্চেতনাধিগমোহপ্যস্তরায়াভাবশ্চ।। ২৯।।
—উহা হইতে অস্তর্দু প্রি লাভ হয় ও যোগবিত্মসমূহ নাশ হয়।

এই ওকার জপ ও চিস্তার প্রথম ফল অন্তর করিবে—অস্তদৃষ্টি ক্রমশ: বিকশিত হইতেছে এবং মানসিক ও শারীরিক যোগবিদ্বন্দৃহ দ্রীভৃত হইতেছে। এখন প্রশ্ন—এই যোগবিদ্বগুলি কি কি ?

ব্যাধিন্ত্যানসংশয়প্রমাদালস্থাবিরতিভ্রান্তিদর্শনালন্ধভূমিকত্বানবন্ধিতত্বানি চিন্তবিক্ষেপান্তেইন্তরায়াঃ ॥ ৩০ ॥
—(রোগ, মানসিক জড়তা, সন্দেহ, উভ্তমরাহিত্য, আলস্থা, বিষয়ভৃষ্ণা,
মিথ্যা অমুভব, একাগ্রতা লাভ না করা, ঐ অবস্থা লাভ হইলেও তাহা
হইতে পতিত হওয়া—এইগুলিই চিন্তবিক্ষেপকর অন্তরায়।

ব্যাধি: জীবন-সম্জের অপর পারে লইয়া বাইবার অক্ত এই শরীরই আমাদের একমাত্র নৌকা। বিশেষভাবে ইহার বন্ধ করিতে হইবে।

ক্শমিত সজ্জনসক্ষতিরেকা। ভবতি ভবার্ণব-তরণে নৌকা।—মোত্মুলার, শহরায়ায়।

অনুধ ব্যক্তি বোদী ঘ্টতে পাষে না। আান: মাননিক জড়তা আদিকে
আমানের বোপনিবরক প্রবল অন্তর্গাপ নই ঘ্টরা বায়; উহার অভাবে দাধন
করিবার জন্ত বে দৃঢ় সংকর ও শক্তি প্রয়োজন, ভাহার কিছুই থাকে না।
সংশর: আমানের এই বোপনিজ্ঞান বিবরে বিচারজনিত বিখান বতই থাকুক
না কেন, বড়বিন ঘ্রদর্শন-দ্রপ্রবণাদি অনৌকিক অন্তৃতি না আদিবে,
তড়বিন এই বিভার সভ্যতা বিবরে অনেক সন্দেহ আদিবে। এইওলির
একটু একটু আভান পাইলে মন খ্ব দৃঢ় ঘ্টতে থাকে, ইহাতে দাধক আরও
অধ্যবলারশীল হয়। অনবস্থিতম্ব: করেকদিন বা করেক স্থাহ ধরিরা দাধন
করিবার সময় দেখিবে—মন বেশ সহজে একাগ্র ও হির ঘ্টতেছে; বোধ
ঘ্টতেছে, ভূমি সাধনপথে ক্রুভ উরতি করিতেছ। একদিন দেখিবে হঠাৎ
ভোমার এই উরতি বন্ধ ঘ্টয়া গেল। জাহাজ চড়ার ঠেকিলে বেরপ
অসহায় ঘ্টরা বায়, ভোমার লেইরপ ঘ্টরাছে। এরপ ঘ্টলেও অধ্যবদায়শৃক্ত
ঘ্টও না। এইরপে বারবার উথান-পতনের পথেই অগ্রগতি ঘ্টয়া থাকে।

ত্বঃখদৌর্মনতালনেজয়ম্বাসপ্রাবাসবিক্ষেপসহভূবঃ॥ ৩১॥
—হঃখ, মন ধারাপ হওয়া, শরীর নড়া, অনিয়মিত খাস-প্রাথাস,
এইগুলি একাগ্রতার অভাবের সঙ্গে সঙ্গে উৎপন্ন হয়।

বধনই একাগ্রতা অভ্যাস করা বার, তথনই মন ও শরীর সম্পূর্ণ হিরভাব ধারণ করে। সাধন বধন ঠিক পথে চালিত না হর, অথবা বধন চিত্ত বধেষ্ট সংবত না থাকে, তথনই এই বিশ্বগুলি আসিয়া উপস্থিত হয়। ওয়ার অপ ও ঈশরে আত্মসমর্পণ করিলে মন দৃঢ় হয়, এবং দেহে মনে নৃতন শক্তি সঞ্চারিত হয়। সাধনপথে প্রায় সকলেরই এইরূপ সায়বীয় চাঞ্চল্য উপস্থিত হয়। ওরিকে খেয়াল না করিয়া সাধন করিয়া বাও। সাধনের বারাই ওগুলি চলিয়া বাইবে, তথন আসন স্থির হইবে।

ভংগ্ৰতিবেদার্থমেকভদ্বাভ্যাসঃ॥ ৩২॥ —ইহা নিবারণের জন্ম 'এক-তত্ত্ব' অভ্যাস আবশ্যক।

अहे न्यावत वााचात 'अनाव', 'बानफ', 'बानफ', 'बाकिनर्नन', 'बाकिनर्नन', 'बाकिनर्नन', 'बाकिनर्नन', 'बाकिनर्नन', 'बाकिन्नन', 'बाकिनर्नन', 'बाकिनर्नन', 'बाकिन्नन', 'बाकिनन', 'बाकिन', 'बाकिनन', 'बाकिनन', 'बाकिनन', 'बाकिनन', 'बाकिन', 'बाकिनन', 'बाकिनन', 'बाकिनन', 'बाकिनन', 'बाकिन', 'बाकिन', 'बाकिनन', 'बाकिनन', 'बाकिन', 'बाकिन', 'बाकिन', 'बाकिन', 'बाकिन', 'बाकिन', 'बाकिनन', 'बाकिन', 'बाकिन', 'बाकिन', 'बाकिन', 'बाकिन', 'बाकिन', 'बाकिन', 'बाकिन', 'बाकिन',

কিছুক্পের জন্ত সনকে কোন একটি বিষয়বিশেষের আকারে আকারিভ করিবার চেটা করিলে পূর্বোক্ত বিষপ্তলি চলিয়া বার। এই উপদেশটি বৃষ সাধারণভাবে দেওয়া হইল। পরবর্তী প্তঞ্জলিতে এই উপদেশটিই বিভারিজভাবে বিবৃত হইবে এবং বিশেষ বিশেষ ধ্যের বিষয়ে এই সাধারণ উপদেশের প্রয়োগ উপদিট হইবে। এক প্রকার অভ্যাস সকলের পক্ষে বাটিতে পারে না, এইজন্ত নানাপ্রকার উপায়ের কথা বলা হইয়াছে। প্রভ্যেকেই নিজে পদীকা করিয়া দেখিয়া লইতে পারেন—কোন্টি তাঁছার পক্ষে খাটে।

বৈত্রী-করুণা-মুদিভোপেক্ষাণাং স্থখগ্নংখপুণ্যাপুণ্যবিষয়াণাং ভাবনাভশ্চিত্তপ্রসাদনম্ ॥ ৩৩ ॥
—স্থ, ছঃখ, পুণ্য ও পাপ—এই কয়েকটি ভাবের প্রভি যথাক্রমে
বন্ধুভা, দয়া, আনন্দ ও উপেক্ষার ভাব ধারণ করিতে পারিলে চিত্ত

প্রসন্ন হয়।

আমাদের এই চারি প্রকার ভাব থাকাই আবশুক। আমাদের সকলের প্রতি বন্ধুত্ব রাখা, দীনজনের প্রতি দয়াবান্ হওয়া, লোককে সংকর্ম করিতে रिवित्त स्थी रुख्या जवः व्यवस् वाक्तिय श्रिक छित्यका श्रीतर्मन क्या वावश्रक। এইরূপ বিষয়গুলি ষধন আমাদের সমুধে আসে, তথন সেইগুলির প্রতিও আমাদের ঐক্নপ ভাব ধারণ করা আবশুক। (যদি বিবয়টি স্থকর হয়, ভবে উহার প্রতি 'মৈত্রী' অর্থাৎ অমুকৃল ভাব ধারণ করা আবশ্রক। এইক্লপে ৰদি কোন তুঃধকর ঘটনা আমাদের চিস্তার বিষয় হয়, ভবে যেন আমাদের অন্ত:করণ উহার প্রতি 'করুণা'ভাবাপর হয়। যদি উহা কোন ভড় বিষয় হয়, তবে আমাদের আনন্দিত হওয়া উচিত। আর অসৎ বিষয় হইলে সেই বিষয়ে উদাসীন থাকাই শ্রেয়:)৷ ভিন্ন ভিন্ন বিষয়ের প্রতি মনের এই-সকল ভাব আদিলে মন শান্ত হইয়া যহিবে। আমাদের দৈনন্দিন জীবনের অধিকাংশ গোলবোগ ও অশান্তির কারণ মনের ঐ-সকল ভাব ধারণ করিবার ব্দমতা। যনে কর, একজন আমার প্রতি কোন অক্সার ব্যবহার করিল, অমনি আমি তাহার প্রতীকার করিতে উন্নত হইলাম। আর আমরা বে কোন অস্তায় ব্যবহারের প্রতিশোধ না সইয়া থাকিতে পারি না, ভাহার কারণ আমরা চিত্তকে সংবত রাখিতে পারি না। চিত্ত উহার প্রতি ভবলাকারে ধাবমান হয়; আমরা ওখন মনের শক্তি হারাইরা কেলি।
আমানিগের মনে মুণা অথবা অপরের প্রতি অনিইভাব-পোবণরূপ বে
প্রতিক্রিরা হয়, তাহা শক্তির অপচর-মাত্র। আর কোন অওচ চিন্তা বা মুণাপ্রস্তুত কার্য অথবা কোন প্রকার প্রতিক্রিরার চিন্তা বনি মনন করা বার, ভবে
তাহা হইতে শুভকারী শক্তি উৎপর হইরা আমাদের উপকারার্থ সঞ্চিত্ত
থাকিবে। এরূপ সংঘমের বারা আমাদের বে কিছু ক্ষতি হয়, ভাহা নয়,
বরং তাহা হইতে আশাতীত উপকার হইরা থাকে)। বখনই আমরা মুণা
অথবা ক্রোধর্তিকে সংঘত করি, তখনই উহা আমাদের অমুক্ল শুভশক্তিরূপে
সঞ্চিত হইরা উচ্চতর শক্তিতে পরিণত হয়।

প্রাছদন-বিধারণাজ্যাং বা প্রাণক্ত ॥ ৩৪॥ —যথাযথ রেচক ও কুম্ভক দারা (চিন্ত স্থির হয়)।

এধানে 'প্রাণ' শব্দ ব্যবহাত হইয়াছে। প্রাণ অবশ্য ঠিক খাদ নয়। সমগ্ৰ জগতে বে শক্তি ব্যাপ্ত বহিয়াছে, ভাহাবই নাম 'প্ৰাণ'। জগতে যাহা কিছু দেখিতেছ, যাহা কিছু একস্থান হইতে অপর স্থানে পমনাগমন কবে, যাহা কিছু কাল করিতে পারে, অথবা যাহার জীবন পাছে, ভাহাই এই প্রাণের বিকাশ। সমুদর জগতে যত শক্তি প্রকাশিত বহিরাছে, তাহার সমষ্টিকে 'প্রাণ' বলে। করারভের প্রাকালে এই প্রাণ প্রায় একরূপ গতিহীন অবস্থায় (অব্যক্ত) থাকে, আবার করারম্ভ-কালে প্রাণ ব্যক্ত হইতে আরম্ভ হয়। এই প্রাণই গতিরূপে প্রকাশিত হইতেছে, ইহাই মহুরুজাতি অথবা অক্সান্ত প্রাণীতে সাম্বীয় গতিরূপে প্রকাশিত, ঐ প্রাণই আবার চিডা ও অন্তান্ত শক্তিরূপে প্রকাশিত হয়। সমগ্র অগৎ এই প্রাণ ও আকাশের সমষ্টি। সমুন্তাদেহেও এক্লপ; যাহা কিছু দেখিতেছ বা অমুভব করিতেছ, সকল পদার্থ আকাশ হইতে উৎপন্ন, আর বিভিন্ন শক্তি প্রাণ হইডেই উৎপন্ন হইন্নাছে। এই প্রাণকে বাহিরে ভ্যাগ করা ও ধারণ করার নামই 'প্রাণারাম'। বোগশালের পিডাবরণ পডঞ্চল এই প্রাণারাম সহছে কিছু বিশেষ বিধান দেন নাই, কিছ তাঁহার পরবর্তী অক্তান্ত বোগীয়া এই প্রাণান্তার সমতে অনেক তত্ত্ব আবিকার কবিয়া উহাকেই একটি মহতী বিস্তা করিয়া ভূলিয়াছেন। পভঞ্জির মতে ইহা চিত্তবৃত্তিনিরোধের বহ উপায়ের মধ্যে একটি উপায় মাত্র, কিছ তিনি ইহার উপর বিশেব! কোঁক কেন নাই।
তাঁহার ভাব এই বে, খাস থানিকক্ষণ বাহিষে কেলিয়া আবার ভিতরে
টানিয়া লইবে এবং কিছুক্ষণ উহা ধারণ করিয়া বাথিবে, ভাহাতে মন
অপেকাক্তত একটু দ্বির হইবে। কিছু পরবর্তীকালে ইহা হইভেই 'প্রাণারাম'
নামক বিশেষ বিভার উৎপত্তি হইয়াছে। এই পরবর্তী বোগিগণ কি
বলেন, সে-সম্বন্ধে আমাদের কিছু জানা আবশুক।

এ-বিবরে পূর্বেই কিছু বলা হইরাছে, এখানে ভারও কিছু বলিলে ভোষাদের মনে রাখিবার স্থবিধা হইবে। প্রথমতঃ মনে রাখিতে হইবে, এই 'প্রাণ' বলিতে ঠিক খাস-প্রখাস বুঝায় না; যে শক্তিবলে খাস্-প্রখাসের গতি হয়, যে শক্তিটি বাত্তবিক খাস-প্রখাসেরও প্রাণখরূপ, তাহাকে 'প্রাণ' বলে। আবার সমৃদয় ইন্রিয় বুঝাইতেও এই প্রাণ-শন্ধ ব্যবহৃত হইরা থাকে। এই সমৃদয়কেই 'প্রাণ' বলে। মনকেও আবার 'প্রাণ' বলে। অতএব দেখা গেল যে, 'প্রাণ' শক্তি। তথাপি আমরা ইহাকে শক্তি-নামে অভিহিত্ত করিতে পারি না, কারণ শক্তি ঐ প্রাণের বিকাশস্করণ। শক্তি ও নানাবিধ গতিরূপে ইহাই প্রকাশিত হইতেছে। মনের উপাদান চিত্ত বয়বৎ চতুর্দিক হইতে প্রাণকে আবর্ষণ করে এবং এই প্রাণ হইতেই শরীর-রক্ষার হেতৃভূত ভিয় ভিয় জীবনীশক্তি এবং চিন্তা, ইচ্ছা ও অল্লান্ত সমৃদয় শক্তি উৎপন্ন করিতেছে। এই প্রাণায়াম-ক্রিয়ালারা আমরা শরীবের ভিয় ভিয় গতি ও শরীবের অন্তর্গতি ভিয় ভিয় আরবীয় শক্তিপ্রবাহগুলিকে বলে আনিতে পারি। আমরা প্রথমতঃ ঐগুলিকে চিনিতে আরম্ভ করি, পরে ভারে ভারে উহাদের উপর ক্ষমতা লাভ করি, এবং ঐগুলিকে বশীভূত করিতে সমর্থ হই।

শতঞ্চলির পরবর্তী যোগীদিগের মতে শরীরের মধ্যে তিনটি প্রধান প্রাণ-প্রবাহ আছে। একটিকে তাঁহারা 'ইড়া', অপরটিকে 'পিকলা' ও তৃতীরটিকে 'স্ব্রা' বলেন। তাঁহাদের মতে—পিকলা মেকদণ্ডের দক্ষিণদিকে, ইড়া বামদিকে, আর ঐ মেকদণ্ডের মধ্যদেশে শৃষ্ট নালী স্ব্রা আছে। তাঁহাদের মতে—ইড়া ও পিকলা নামক শক্তিপ্রবাহ্বর প্রত্যেক মান্তবের মধ্যে প্রবাহিত হইতেছে, উহাদের সাহাব্যেই আমরা শরীরের ক্রিরাদি সম্পন্ন করিতেছি। স্ব্রা সকলের মধ্যেই আছে বটে, তবে কেবল বোগীর শরীরেই উহার কাম্ব হয়। তোমাদের স্বরণ রাখা উচিত বে, বোগী যোগাধনস্বকে

निष्यद दश्य पविवर्षिक कादन । यक्ष्ये नांधन कवित्य, कक्ष्ये द्वांभांत्र दश्य পৰিবৰ্ডিভ ছইলা ৰাইবে; ৰাধনের পূর্বে ডোমার বেরূপ শরীর ছিল, পরে আর দেরণ রাক্ষিবে মা। ব্যাণারটি অংথীক্তিক নয়; ইছা যুক্তি বারা ব্যাখ্যা করা বাইভে পারে। আমরা বাহা কিছু নৃতন চিন্তা করি, ভাহাই বেন আমাদের মন্তিকের মধ্য দিয়া একটি নৃতন প্রণালী নির্মাণ করিয়া দের। ইহা হইতে বুঝা বায়, বছয়সভাব এত স্থিতিশীলভার পক্ষণাতী কেন; মাহবের অভাবই এই বে, উহা পূর্বাবর্ভিড পবে লমণ করিতে ভালবালে, কারণ উহা অংশকারত সহজ। দুটাভাররণ বদি মনে করা যায়---মন একটি স্চি আর মন্তিক উহার সমূধে একটি কোমল পিওমাত্র, ভাহা হইলে দেখা যাইবে যে, আমাদের প্রত্যেক চিম্বাই মন্তিকমধ্যে যেন একটি পথ প্রম্বত कवित्रा शिट्ड , जान मिछकमधात्र ध्नत भनार्व के नथिएक भृथक् नाथियात অন্ত উহার একটি দীমানা প্রস্তুত করিয়া দের। বদি ঐ ধুদরবর্ণ পদাৰ্ঘটি না থাকিত, তাহা হইলে আমাদের কোন স্থতি সম্ভৰ হইত না, কারণ স্থৃতির অর্থ-পুরাতন পথে ভ্রমণ, একটি চিম্ভার উপর দাগা বুলানো। হয়তো তোমরা লক্ষ্য করিয়া থাকিবে, যথন আমি সকলের পরিচিত কভকগুলি বিষয় প্রাহণ করিয়া, ঐগুলিরই ঘোরফের করিয়া কিছু বলিডে প্রবৃত্ত হই, তথন ভোমরা সহজেই আমার কথা বুবিতে পারো; ইহার कांद्र जांद्र किंदूरे नद्र—এर हिसाद १४ वा लगानीसनि लालास्वरे प्रसिद्ध বিভয়ান আছে, কেবল ঐগুলিভে ফিরিয়া আলিভে হয়, এইমাত্র। কিছ যথনই কোন নৃতন বিষয় আমাদের সমূধে আলে, তথনই মহিছের মধ্যে ন্তন প্রণালী নির্মাণ করিতে হয়; এইজন্ত তত সহজে উহা বুঝা যায় না। এইজন্ত মন্ত্ৰিকই---অজ্ঞান্তসাৰে এই নৃতন ধৰনের ভাৰদাৰা পরিচালিভ হইভে অধীকার করে, মাছুবেয়া নয়। উহা বেন গভিরোধ করে। প্রাণ নৃতন ন্তন প্রণালী করিতে চেষ্টা করিতেছে, মন্তিক তাহা করিতে দিতেহে না। মাহব বে বিভিশ্লভার এড পক্পাডী, ইহাই ভাহার গৃঢ় বহুত। মন্তিকের মধ্যে এই প্রবাদীক্ষণি যত অৱ পরিমাণে থাকে, আর প্রাণরূপ স্চি উহার ভিত্তৰ মন্ত অন্ত্ৰসংখ্যক পথ প্ৰস্তুত কৰে, মতিক ডডই বক্ণশীল হইবে, ডডই उहा क्षम क्षमांव विका **क कार्यात विकास मध्यात कांतरन। बाक्**र वर्क्ट চিতাত্মিল হয়, সভিকের ভিভবের পথগুলি তক্তই অধিক ও অটিল হইবে,

ততই সহক্ষে সে নৃত্য নৃতন ভাব গ্রহণ করিবে ও বুরিছে পারিবে। প্রভােক নৃতন ভাব সবদে এইরপ জানিবে। মন্তিকে একটি নৃতন ভাব আসিকেই মন্তিকের ভিতর নৃতন প্রণালী নির্মিত হয়। এইজন্ত বােগ জন্তাালের সময় আমরা প্রথমে এত শারীরিক বাধাপ্রাপ্ত হই, কারণ বােগ নৃতন চিভা ও ভাবের সমটি। এইজন্তই আমরা দেখিতে পাই, ধর্মের বে অংশ প্রকৃতির জাগতিক ভাব লইরা বেশী নাড়াচাড়া করে, ভাহা বহু লােকের প্রাহ্ হয়, আর উহার অপরাংশ অর্থাৎ দর্শন বা মনােবিজ্ঞান, বাহা কেবল মাছ্যের অন্তঃপ্রকৃতি লইরা ব্যাপ্ত, ভাহা সাধারণতঃ অবহেলিত হয়।

আমাদের এই জগতের সংজ্ঞা কি, তাহা আমাদের শারণ রাখা আবক্তক; অগৎ আমাদের সঞ্চানভূমিতে প্রকাশিত (প্রকেশিত) অনম্ভ সন্তামাত্র। অনভের কিয়দংশ আমাদের চেতনার ভবে প্রকাশিত হইয়াছে, উহাকেই আমরা আমাদের 'জগৎ' বলিয়া থাকি। তাহা হইলেই দেখা গেল, ইন্দ্রিয়াস্তৃতির বাহিরে এক অনম্ভ সত্তা রহিয়াছে। এই কৃত্রপিণ্ড, যাহাকে আমরা জগৎ বলি, এবং ইহার অতীত অনস্ত সত্তা—এই ছুইটি বিষয়ই ধর্মের অন্তর্গত। যে ধর্ম এই উভয়ের মধ্যে কেবল একটিকে লইয়াই ব্যাপৃত, ভাহা অবশ্রই অসম্পূর্ণ। ধর্মকে এই উভয় বিষয় লইয়াই আলোচনা করিতে হইবে। অনস্থের ষেটুকু ভাগ আমাদের এই জ্ঞানের ভিতর দিয়া অস্থতৰ করিতেছি, বেটুকু দেশকালনিমিত্তরূপ পিঞ্জবের ভিতর আলিয়া পড়িয়াছে, এইটুকু লইয়া ধর্মের বে অংশ ব্যাপৃত, তাহা সহজে বোধগম্য হয়, কারণ আমরা তো পূর্ব হইতেই ভাহার মধ্যে বহিয়াছি, আর এই অগতের ভাব প্রায় শরণাডীত কাল হইতেই আমাদের পরিচিত। কিন্তু ধর্মের বে অংশ অনভের বিষয় লইয়া ব্যাপৃত, ভাহা আমাদের পক্ষে সম্পূর্ণ নৃতন; সেইজন্ত উহার চিন্তার মন্তিকের মধ্যে নৃতন প্রণালী গঠিত হইতে থাকে, উহাতে সমৃদন্ত শরীরটাই বেন বিপর্যন্ত হয়; দেইজ্ঞ সাধন করিভে গিয়া সাধারণ মাছৰ প্রথমটা চিরাভ্যন্ত প্র হইতে বিচ্যুত হইয়া পড়ে। বধাসম্ভব এই বিপৰ্বন্ধের ভাব ক্মাইবার ক্ষম্ভই পতথলি এই-সকল উপার আবিকার করিয়াছেন, এওলি হইতে নির্বাচন कतिका जायांनिरभव मन्पूर्व छेनरवांनी अकि नांधन-क्षयांनी जावता जन्मान করিতে পারি।

বিষয়বতী বা প্রান্তর্ভারশেশা মনসং ছিভিনিবছিনী ॥ ৩৫ ॥
—বে-সকল সমাধিতে কডকগুলি আলোকিক ইন্দ্রিরবিবয়ের অমুভৃত্তি
হর, সেই-সকল সমাধি মনের ছিভির কারণ হইরা থাকে।

ধারণা অর্থাৎ একাপ্রতা হইডেই ইহা আগনা-আগনি আসিতে থাকে; বোগীরা বলেন, বদি নাসিকাপ্রে মন একাপ্র করা বার, তবে কিছু দিনের মধ্যেই অতুত অগন অহতব করা বার। এইরূপে জিল্লামূলে মনকে একাপ্র করিলে, অ্লর শব্দ শুনিতে পাওরা বার। জিল্লাপ্রে এইরূপ করিলে দিব্য রসাত্মার হর, জিল্লামধ্যে মন:সংবম করিলে বোধ হর, বেন কি এক বন্ধ স্পর্ন করিলাম। তালুতে মন:সংবম করিলে দিব্যরূপসকল দেখিতে পাওরা বার। কোন অন্থিরচিত্ত ব্যক্তি বদি এই বোগের কিছু সাধন অবলম্বন করিয়া উহার সভ্যতার সন্দিহান হর, তথন কিছুদিন সাধনার পর এই-সকল অহত্তি হইতে থাকিলে তাহার আর সন্দেহ থাকিবে না, তথন সে অধ্যবসায়-সহকারে সাধন করিতে থাকিবে।

বিশোকা বা জ্যোতিশ্বতী ॥ ৩৬ ॥

—শোকরহিত জ্যোতিমান্ পদার্থের ধ্যানের দ্বারাও সমাধি হয়।

ইহা আর এক প্রকার সমাধি। এইরপ ধ্যান কর বে, হারের মধ্যে বেন একটি পল্ল রহিয়াছে, ভাহার পাণড়ি অধােম্থে; উহার মধ্য দিরা স্ব্রা গিরাছে। ভারপর প্রক কর, পরে রেচক করিবার সময় চিন্তা কর বে, পাণড়ির সহিত ঐ পল্ল উর্ধ্যম্থ হইয়াছে, আর ঐ পল্লের মধ্যে মহাজ্যোভিঃ রহিয়াছে। ঐ জ্যোভির ধ্যান কর।

বীভরাগবিষয়ং বা চিত্তন্ ॥ ৩৭ ॥

— অথবা যে জ্বদর সমৃদর ইন্দ্রিরবিষয়ে আসন্ধি পরিত্যাগ করিয়াছে, তাহার থানের দারাও চিত্ত স্থির হইয়া থাকে।

কোন দাধ্পুরবের কথা ধর। কোন মহাপুরুব, বাঁহার প্রভি ভোমার খ্য প্রখা আছে, কোন সাধু, বাঁহাকে তুনি সম্পূর্ণরূপে অনাসক বলিরা আনো, গুছার শ্বরের বিবর চিতা কর। বাঁহার অভ্যকরণ স্ববিবরেশ অনাসক হইরাছে, ভাঁহার অভ্যের বিবর চিতা করিলে ভোমার অভ্যকরণ শাভ হুইবে। ইহা যদি করিতে সমর্থ না ছও, ভবে আর এক উপায় আছে।

অপ্রনিজাক্তানাল্যনং বা ॥ ৩৮ ॥

— অথবা স্বপাবস্থার কখন কখন যে অপূর্ব জ্ঞানসাভ হয়, ভাহার (এবং নিজা বা সুষ্থি-অবস্থায় লব্ধ সান্ধিক স্থাবের) ধ্যান করিলেও চিত্ত প্রশাস্ত হয়।

কথন কথন লোকে এইরপ স্বপ্ন দেখে বে, তাহার নিকট দেবতায়া
আসিয়া কথাবার্তা কহিতেছেন, সে বেন একরপ ভাবাবেশে বিভার
হইরা বহিয়াছে। বায়্র মধ্য দিয়া অপূর্ব সনীতধননি ভাসিয়া আসিভেছে,
সে তাহা শুনিতেছে। ঐ স্বপ্লাব্ছায় সে একরপ আনন্দের ভাবে থাকে।
আগরণের পর ঐ স্বপ্ন তাহার অস্তরে দূঢ়বদ্ধ হইয়া থাকে। ঐ স্বপ্লটিকে সভ্য
বলিয়া চিস্তা কর, উহার ধ্যান কর। ভূমি যদি ইহাতেও সমর্থ না হও, ভবে
বে-কোন পবিত্র বন্ত তোমার ভাল লাগে, তাহাই ধ্যান কর।

যথাভিমভধ্যানাছা॥ ৩৯॥

—অথবা যে-কোন জিনিস তোমার নিকট ভাল বলিয়া বোধ হয়, তাহারই ধ্যান দ্বারা (সমাধি লাভ হয়)।

শ্বশ্য ইহাতে এমন ব্ৰাইতেছে না ষে, কোন শ্বশং বিষয় ধ্যান করিছে হইবে। কিন্তু যে-কোন সং বিষয় তৃমি ভালবাসো—বে-কোন স্থান তৃমি খ্ব ভালবাসো, যে-কোন ভাব তৃমি খ্ব ভালবাসো, যে-কোন ভাব তৃমি খ্ব ভালবাসো, মহাতে তোমার চিত্ত একাগ্র হয়, তাহারই চিত্তা কর।

পরমাণু-পরমমহতাত্তোহত বনীকার: ॥ ৪০ ॥

—এইরূপ ধ্যান করিতে করিতে পরমাণু হইতে পরম বৃহৎ পদার্থে পর্যস্ত তাঁহার মন অব্যাহভগতি লাভ করে।

মন এই অভ্যাসের হারা অতি ক্স হইতে বৃহত্তম ব**ন্ধ পর্যন্ত গছলে** ধ্যান করিতে পারে। ভাহা হইলেই (মনোবৃত্তিরূপ) মনের ভর্যক্তনিও কীণ্ডর হইরা আলে।

কীশ্বভেরতিকাক্ষতেশ নশের ইন্ড্-এবনরাহেন্দ্র তথ্য-তদক্ষতা-ক্ষাপন্ধি: ॥ ৪১ ॥

—ৰে যোগীর চিত্তবৃত্তিগুলি এইরপ শীণ হইরা বায় (বশীভূত হর), ভাঁহার চিত্ত তখন, যেমন শুদ্ধ ফটিক ভিন্ন ভিন্ন বর্ণযুক্ত বস্তুর সম্মুখে ভংসদৃশ বর্ণ ও আকার ধারণ ক্রে, সেইরূপ গ্রহীড়া, গ্রহণ ও গ্রাহ্য বস্তুড়ে (অর্থাং আদ্মা, মন ও বাহ্য বস্তুড়ে) একাগ্রভা ও একীভাব প্রাপ্ত হয়।

এইরণ ক্যাগভ ধ্যান করিছে করিছে কি ফল লাভ হর ? আ্যানের অবশ্রই শারণ আছে বে, পূর্বে এক শ্বন্তে পভশ্বলি ভিন্ন ভিন্ন প্রকার সমাধির কথা বর্ণনা করিয়াছেন। প্রথম সমাধি সুল বিষয় লইয়া, বিভীয়টি ত্স বিষয় সইয়া; পরে ক্রমণ: আরও তৃদ্মান্ত্ত্ম বস্ত আমাদের সমাধির বিষয় হয়, তাহাও পূর্বে কথিত হইয়াছে। এই-সকল সমাধির অভ্যাস বারা সুলের স্তায় স্ক্র বিষয়ও আমরা সহজে ধ্যান করিতে পারি। এই অবস্থায় যোগী তিনটি বম্ব দেখিতে পান—গ্রহীতা, গ্রাহ্ ও গ্রহণ অর্থাৎ আত্মা, বিষয় ও মন। তিন প্রকার ধ্যানের বিষয় আমাদিগকে দেওয়া হইয়াছে। প্রথমত: সুল, বথা—শরীক বা জড় পদার্থসমূদর। বিতীয়তঃ স্কু বস্তুসমূদয়, বথা— মন বা চিন্তাদি। তৃতীয়ত: গুণবিশিষ্ট পুরুষ অর্থাৎ অস্মিতা বা অহহার। এখানে 'আত্মা' বলিতে উহার যথার্থ সক্ষপকে বুঝাইতেছে না। অভ্যাদের ঘারা বোগী এই-সকল ধ্যানে দৃচ্প্রভিষ্ঠ হইয়া থাকেন। তথন তাঁহার এভাদৃশী একাগ্রতা-শক্তি লাভ হয় যে, যখনই তিনি ধ্যান করেন, তখনই অক্তান্ত বস্তু মন হইতে সরাইয়া দিতে পারেন। তিনি বে-বিষয় ধ্যান করেন, সে বিষয়ের সহিত এক হইরা যান (ভংশ্বিডভা ও ভদ্বনভা); যখন ভিনি ধ্যান করেন, ভিনি যেন একখণ্ড স্ফটিকডুল্য হইয়া বান; পুলোর নিকট স্ফটিক থাকিলে ঐ স্ফটিক বেন প্লোর শহিত প্রায় এক হইয়া যায়; যদি পুলাট লোহিত হয়, তবে ফটিকটিও **गেহিড হেখা**র, বৃদ্ধি পুষ্ণাটি নীল হর, ভবে ফটিকটিও নীল বেখার।

ভাষা শশার্থজ্ঞানবিক্ষের সন্ধীর্ণা সবিভর্কা সমাপত্তিঃ ॥ ৪২ ॥
—শক্, শর্ম ও তংগ্রাম্ব জ্ঞান যখন মিজিত হইয়া থাকে, তখনই
ভাষা সনিভর্ক জ্ঞাং বিভর্কযুক্ত সমাধি বলিয়া কবিত হয়।

-এধানে 'শব' অর্থে কন্পন। 'অর্থ অর্থে বে সার্থিক শক্তিপ্রবাহ
উহাকে লইরা ভিভরে চালিভ করে, আর 'আন' অর্থে প্রতিক্রিরা। আমরা
এ পর্যন্ত বাত প্রকার ব্যানের কথা শুনিলাম, পভঞ্জলি এ-সরগুলিকেই সরিভর্ক
বলেন। ইহার পর ভিনি আমাদিগকে ক্রমশঃ আরও উচ্চ উচ্চ ব্যানের
কথা বলিবেন। এই সবিভর্ক সমাধিতে আমরা বিষয়ী ও বিষয়—এই বৈভভাব
রক্ষা করি; শব্দ, উহার অর্থ ও ভৎপ্রস্ত জানের মিশ্রণে উহা উৎপর হয়।
প্রথম বাহ্যকম্পন—'শব্দ'; উহা ইক্রিয়-প্রবাহ্যারা ভিভরে প্রবাহিত হইকে
ভাহাকে 'অর্থ' বলে। ভারণর চিন্তে এক প্রভিক্রিয়া-প্রবাহ আলে, উহাকে
'জান' বলা যায়। যাহাকে আমরা জান (বাহ্যক্তর অহুভূতি) বলি, ভাহা
প্রকৃতপক্ষে এই ভিনটির মিশ্রণ বা সমন্তি (সহীর্ণ) মাত্র। আমরা এ পর্বত্ত
যত প্রকার ব্যানের কথা পাইয়াহি, ভাহার সবগুলিতে এই মিশ্রণই আমানের
ধ্যের। ইহার পরে যে সমাধির কথা বলা হইবে, ভাহা উচ্চতর।

স্থিপরিশুর্মো স্বরূপশুরোধার্যনির্ভাসা নির্বিভর্কা॥ ৪৩॥
—যখন স্থৃতি শুদ্ধ হইয়া যায়, অর্থাৎ স্থৃতিতে আর কোন গুণসম্পর্ক থাকে না, যখন উহা ধ্যেয় বস্তুর অর্থ-মাত্র প্রকাশ করে, তাহাই নির্বিভর্ক অর্থাৎ বিভর্কশৃষ্ণ সমাধি।

পূর্বে বে শব্দ, অর্থ ও জ্ঞানের কথা বলা হইয়াছে, এই তিনটি একত্ত
অভ্যাস করিতে করিতে এমন এক সময় আসে, বধন উহারা আর মিশ্রিত হয়
না, তধন আমরা অনায়াসে এই তিরিধ ভাবকে অতিক্রম করিতে পারি।
এখন প্রথমতঃ এই তিনটি কি, তাহা আমরা ব্যিতে বিশেষ চেটা করিব।
এই চিত্ত রহিয়াছে, পূর্বের সেই হ্রদের উপমার কথা শ্বরণ কর; চিত্তকে হ্রদের
সহিত ভূলনা করা হইয়াছে, আর শব্দ বা বাক্য অর্থাৎ বস্তর কম্পন বেন উহার
উপর একটি ভরকের ক্রায় আসিতেছে। ভোমার নিজের মধ্যেই ঐ ব্রির হ্রদ
রহিয়াছে। মনে কর, আমি 'গো' এই শব্দটি উচ্চারণ করিলাম। বধনই
উহা ভোমার কর্ণে প্রবেশ করিল, সলে সঙ্গে ভোমার চিত্তহ্বদে একটি ভরক
উথিত হইল। ঐ ভরকটি 'গো'শব্দ-স্বচিত ভাব; আমরা উহাকেই আকার
বা শ্ব্য বিরা থাকি। তুমি বে মনে করিয়া থাকো, আমি একটি 'গো'কে
ভানি, উহা কেবল ভোমার মনোমধ্যত্ব একটি ভরক্ষাত্র। উহা বাক্ষ ও

আভাতৰ শৰ্কাবাহের প্রতিজ্ঞিরারণে উৎপর হইরা বাকে, ঐ শ্বের সংক ৰূপে ভাৰত্তিও নয় পার। একটি বাক্য বা শব্দ ব্যতীভ ভয়ক থাকিছে পারে না। অবস্ত ভোষার মনে হইছে পারে বে, বধন কেবল 'গো'-বিবমে চিতা কম অবচ বাহির হইতে কোন শব্দ কানে আদে না. তথন শব্দ থাকে কোথায় ? তথন ঐ শব্দ ভূমি নিজে নিজেই করিভে থাকো। তুমি তথন নিজের মনে-মনেই 'গো' এই শকটি আন্তে আন্তে বলিতে থাকো, তাহা হইতেই তোমার অন্তরে একটি তর্গ উথিত হয়। শব্দের উদ্ভেজনা ব্যতীভ কোন ভরত্ব উঠিতে পারে না; বধন বাহির হইতে ঐ উত্তেজনা আদে না, তখন ভিতর হইতেই উহা আলে। আর বধন শবটি থাকে না. তখন তর্ভটিও থাকে না। তখন কি অবশিষ্ট থাকে? তথন ঐ প্রতিক্রিয়ার ফলমাত্র অবশিষ্ট থাকে। উহাই আন। এই তিনটি আমাদের মনে এত দৃঢ়সম্বন রহিয়াছে বে, আমরা উহাদিগকে পৃথক্ করিতে পারি না। বখনই শব্দ আদে, তখনই ইন্দ্রিয়গণ কম্পিত হইয়া থাকে, আর প্রবাহসকল প্রতিক্রিয়ারূপে উৎপন্ন হইয়া থাকে, উহারা একটির পর আর একটি এত শীত্র আসিয়া থাকে যে, উহাদের মধ্যে একটি হইতে আর একটিকে বাছিয়া লওয়া অভি কঠিন; এখানে যে সমাধিয় কথা বলা হইল, ভাঁহা দীর্ঘকাল অভ্যাস করিলে সকল সংস্থারের আধারভূমি স্বভি শুদ্ধ হইয়া বায়, তখনই আমরা ঐগুলির মধ্যে একটি হইতে অপরটিকে পুণক্ করিতে পারি, ইহাকেই নির্বিভর্ক অর্থাৎ বিভর্কশৃত্য সমাধি বলে।

এওরৈব সবিচারা নির্বিচারা চ স্কাবিষয়া ব্যাখ্যাতা ॥ ৪৪ ॥
—পূর্বোক্ত স্তান্বয়ে যে সবিতর্ক ও নির্বিতর্ক সমাধিবয়ের কথা
বলা হইল, তদ্বারাই সবিচার ও নির্বিচার উভয় প্রকার সমাধি,
যাহাদের বিষয় স্ক্রভর, ভাহাদেরও ব্যাখ্যা করা হইল।

এখানে পূর্বের ভার বৃঝিতে হইবে। কেবল পূর্বোক্ত ছইটি ধ্যানের বিষয় সূল, এখানে ধ্যানের বিষয় স্কা।

সুক্ষাবিষয়স্কালিজ-পর্ববসানন্ ॥ ৪৫ ॥

—সুক্ষাবিষয় অলিজে অর্থাৎ অব্যক্ত বা প্রধানে (প্রকৃতিতে)
পর্ববসিত হয়।

ভূতগুলি ও ভাহা হইতে উৎপন্ন সমূহর বস্তকে খুল বলো। পুস্থত ডরাজা হইতে আরম্ভ হর। ইন্দ্রির, মন (অর্থাৎ সাধারণ ইন্দ্রির, ইন্দ্রিরের সমষ্টিবরূপ), অহহার, মহতব (বাহা সমূহর ব্যক্ত অগতের কারণ), সম, রম্ভ: ও তমোগুণের সাম্যাবস্থারপ প্রধান (প্রকৃতি অথবা অব্যক্ত), এ-সবই প্রস্থা বস্তার অন্তর্গত। পুরুষ অর্থাৎ আত্মাই কেবল ইহার ভিতর পড়েন না।

তা এব সবীকঃ সমাধিঃ ॥ ৪৬॥

- शूर्वाक ममाधिश्वनि मवरे मवीक ममाधि।

এই সমাধিগুলিতে পূর্বকর্মের বীজ নাশ হয় না; হুডরাং ঐগুলি স্বারা মৃক্তিলাভ হয় না। তবে এগুলি দারা কি হয়? ভাহা পরবর্তী স্বাগুলিতে ব্যক্ত হইয়াছে।

निर्विচার-বৈশারভেহধ্যাত্মপ্রাকাদঃ॥ ৪৭॥

—নির্বিচার সমাধিতে সত্তগুপপ্রভাবে বৃদ্ধি স্বচ্ছ হইলে চিন্ত সম্পূর্ণব্ধপে স্থির হয়, (ইহাই বৈশারদী প্রজ্ঞা)।

খাভন্তর। তত্ত্র প্রেক্তা।। ৪৮।।

—উহাতে যে জ্ঞানলাভ হয়, তাহাকে ঋতন্তর অর্থাৎ সত্যপূর্ণ জ্ঞান বলে।

পরস্ত্রে ইহা ব্যাখ্যাত হইবে।

শ্রুতাসুমানপ্রজ্ঞান্ত্যামন্ত্রবিষয়া বিশেষার্থসাৎ ॥ ৪৯ ॥
— যে জ্ঞান বিশ্বস্ত জনের বাক্য ও অনুমান হইতে লব্ধ হয়, ভাছা
সাধারণ বস্তুবিষয়ক। যে-সকল বিষয় আগম-ও অনুমান-জ্বস্তু
জ্ঞানের গোচর নয়, ভাহারা পূর্বক্থিত সমাধির প্রকাশ্য।

ইহার ভাৎপর্য এই বে, দাধারণ-বছবিবরক জ্ঞান আমরা প্রজ্যকাছতব, তত্পহাশিত অহমান ও বিশ্বত লোকের বাক্য হইতে প্রাপ্ত হই। শ্রীশ্বত লোক' অর্থে বোগীরা শ্ববিদিগকে কক্য করিয়া থাকেন, শ্বি অর্থে ব্রেক্স্পিত ভাৰঞ্জীৰ এটা শৰ্থাৎ শীহাৰা দেইগুলিকে শাক্ষাৎ করিয়াছেন। ভাঁহালের মতে শালাৰ প্ৰামাণ্য কেবল এইজড বে, উহা বিশ্বন্ত লোকের বাক্য। শাল্প বিখন্ত লোকের থাকা হইলেও তাঁহারা বলেন, ওগু শাল্ল আমাদিগকে সভা অমুভব ক্রাইডে ক্থনই সমর্থ নয়। আমরা সমগ্র বেদপাঠ ক্রিলাম, তথাপি আধ্যাত্মিক তত্ত্বে অহতৃতি কিছুমাত্র হইল না। কিন্তু বধন আমরা সেই শান্ত্রোক্ত সাধন-প্রণাদী অভ্যাবে কার্য করি, তথনই আমরা এমন এক অবস্থায় উপনীত হই, যে অবস্থায় শান্তোক্ত কথাগুলির প্রত্যক্ষ উপলব্ধি হয়; যুক্তি, প্রত্যক্ষ ও অহমান বেধানে ঘেঁ বিতে পারে না, উহা সেধানেও প্রবেশ করিতে সমর্ব, সেধানে আপ্তবাক্যেরও কোন কার্যকারিতা নাই। এই স্ত্রহারা ইহাই প্রকাশিত হইয়াছে। প্রত্যক্ষ করাই যথার্থ ধর্ম, উহাই ধর্মের দার, আর অবশিষ্ট যাহা কিছু-বথা ধর্মবক্তৃতাপ্রবণ অথবা ধর্মপুস্তকপাঠ বা বিচার—কেবল ঐ পথের জন্ম প্রস্তুত হওয়া মাজ। উহা প্রকৃত ধর্ম নয়। কেবল বুদ্ধি ঘারা কোন বিষয়ে সায় দেওয়া বা না-দেওয়া প্রকৃত ধর্ম নয়। বোগীদিগের মূল ভাব এই বে, আমরা বেমন ইন্দ্রিয়-গ্রাহ্থ বিষয়ের লাক্ষাৎ সংস্পর্শে আসি, ধর্মও তেমনি ভাবে প্রত্যক্ষ করিতে পারি; বরং ধর্ম আরও গভীরভাবে অহুভূত হইতে পারে। ঈশর, আত্মা প্রভৃতি ধর্মের বে-সকল প্রতিপান্ত সত্য আছে, বহিবিজ্ঞিয় দারা ঐগুলি প্রত্যক্ষ করা যাইতে পারে না । চকুষারা আমি ঈশরকে দেখিতে পাই না বা হন্তবারা ঈশরকে স্পর্শ করিতে পারি না। আর ইহাও জানি বে, বিচার আমাদিগকে ইন্সিয়ের অতীত প্রদেশে লইয়া বাইতে পারে না; উহা আমাদিগকে সম্পূর্ণ অনিশ্চিত প্রদেশে ফেলিয়া দিয়া চলিয়া যায়। সমস্ত জীবন আমরা বিচার করিতে পারি, তথাপি আধ্যাত্মিক তত্ত্ব প্রমাণ বা অপ্রমাণ করিতে পারিব না। এইরূপ বিচার তো সহস্রবর্ষ ধরিয়া চলিতেছে; আমরা যাহা সাক্ষাৎ অহভব করিতে পারি, তাহাই ভিত্তিশ্বরূপ করিয়া সেই ভিত্তির উপর যুক্তি, বিচারাদি করিয়া থাকি। অতএৰ ইহা স্পষ্টই বোধ হইতেছে যে, যুক্তিকে এই বিষয়ামুভূতিরূপ গণ্ডির ভিডরেই ভ্রমণ করিতে হইবে; উহা ভাহার বাহিবে কখনই বাইতে পারে না। হতরাং আধ্যাত্মিক তত্বাহভূতির কেত্র ইন্দ্রিয়াহভূতির বাহিরে। যোগীরা বলেনু, মানুষ ইঞ্জিক প্রভ্যক্ষ ও বিচারশক্তি তুই-ই অভিক্রম করিতে পারে। নিক ৰুদ্ধিকেও অভিক্রম করিবার শক্তি মাহুবের আছে, আর এই শক্তি প্রত্যেক প্রাণীতে, প্রত্যেক জীবে শন্তর্মিহিত। যোগাভ্যাদের হারা এই শক্তি জাগরিত হয়। তথন মাহুব বিচারের গণ্ডি শন্তিক্রম করিয়া তর্কের শগম্য বিষয়দমূহ প্রত্যক্ষ করে।

ভজ্জঃ সংস্কারো১শুসংস্কারপ্রতিবন্ধী ॥ ৫০ ॥

—এই সমাধিজাত (জ্ঞান ও ক্রিয়া) সংস্কার অস্থান্ত সংস্কারের প্রতিবন্ধী হয় অর্থাৎ অস্থান্ত সংস্কারকে আর আসিতে দেয় না।

আসরা পূর্বস্ত্তে দেখিয়াছি যে, এই জ্ঞানাতীত ভূমিতে খাইবার একমাত্র উপায়—একাগ্রতা। আমরা আরও দেখিয়াছি পূর্বসংস্কারগুলিই কেবল আমাদিগের ঐ প্রকার একাগ্রতা লাভের প্রতিবন্ধক। (ভোমরা সকলেই লক্য করিয়াছ যে, যখনই তোমরা মনকে একাগ্র করিতে চেষ্টা কর, তখনই ভোমাদের নানাপ্রকার চিন্তা আদে। বধনই ঈশরচিন্তা করিতে চেষ্টা কর, ঠিক সেই সময়েই ঐ-সকল সংস্থার জাগিয়া উঠে। অক্ত সময়ে এগুলি তত প্রবল থাকে না, কিন্তু ব্থনই এগুলিকে দূব করিবার চেষ্টা কর, তথনই উহারা নিশ্চয় আসিবে, ভোমার মনকে যেন একেবারে ছাইয়া ফেলিবার চেষ্টা ক্রিবে। ইহার কারণ কি? এই একাগ্রভা-অভ্যাদের সময়েই এগুলি এত প্রবল হয় কেন? ইহার কারণ এই, তুমি ঐগুলিকে দমন করিবার চেষ্টা করিতেছ বলিয়াই উহারা সমুদয় বল প্রকাশ করে। অক্সাক্ত সময়ে উহারা ঐভাবে বল প্রকাশ করে না 🕽 এ-দকল পূর্বসংস্কারের সংখ্যাই বা কত ৷ চিত্তের কোন স্থানে উহারা জড়ো হইয়া বহিয়াছে, আর ব্যাঘ্রের মতো লক্ষ দিয়া আক্রমণের জন্ম ধেন সর্বদা প্রস্তুত হইয়া রহিয়াছে। ঐগুলিকে প্রতিবোধ করিতে হইবে, যাহাতে আমরা যে ভাবটি হৃদয়ে রাখিতে ইচ্ছা করি, কেবল দেই ভাবটিই আদে, অফাস্ত ভাবগুলি চলিয়া ষায়। তাহা না হইয়া ঐগুলি ঐ সময়েই আদিবার চেষ্টা করিতেছে। মনের একাগ্রতা-শক্তিকে বাধা দিবার ক্ষমতা সংস্কারসমূহের আছে। স্থতরাং যে সমাধির কথা এইমাত্র বলা ছইল, উহা অভ্যাস করা বিশেষ আবশুক, কারণ উহা ঐ সংস্থারগুলি দমন করিতে লমর্থ। এইরূপ লমাধি-অভ্যাদের দারা বে শংকার উথিত হইবে, তাহা এত প্রবল হইবে_ুবে, অস্থান্ত শংকারের কাৰ্য বন্ধ কৰিয়া তাহাদিগকে বনীভূত কৰিয়া ৰাখিবে 🖠

ভক্তাপি নিরোধে সর্বনিরোধান্ত্রিভঃ সমাধিঃ ॥ ৫১ ॥
—ভাহারও (অর্থাৎ যে সংস্কার অস্তান্ত সমৃদর সংস্কারকে অবক্রম
করে) অবরোধ করিতে পারিলে সমৃদর নিরোধ হওয়াতে নির্বীজ
সমাধি আসিরা উপস্থিত হয়।

टिंगिरित्य व्यवच व्यवं व्यव्ह, व्यापारित्य कीवरमद हत्य मका-धरे আত্মাকে দাকাৎ উপলব্ধি কয়। আমরা আত্মাকে উপলব্ধি করিতে পারি না, কাৰণ উহা প্রকৃতি, মন ও শরীরের সহিত মিশ্রিত হুইয়া গিয়াছে। অঞ্চান ব্যক্তি নিজের দেহকেই আত্মা বলিয়া মনে করে। অপেকারত পণ্ডিত ব্যক্তি মনকেই আত্মা বলিয়া মনে করেন। কিন্তু উভয়েই প্রান্ত। আত্মা এই-সকল উপাধির সহিত মিশ্রিত হন কেন? চিত্তে নানাপ্রকার তরক উঠিয়া আত্মাকে আবৃত করে, আমরা কেবল এই ভরকঞ্জির ভিতর নিয়াই আত্মার কিঞ্চিৎ প্রভিবিদ দেখিতে পাই। বদি ক্রোধরূপ ভরঙ্গ উখিত হয়, তবে আমরা আত্মাকে ক্রোধযুক্ত মনে করি; বলিয়া থাকি আমি রুষ্ট হইয়াছি। যদি প্রেমের একটি তরঙ্গ চিত্তে উথিত হয়, তবে ঐ ভরকে নিজেকে প্রতিবিধিত দেখিয়া মনে করি, আমি ভালবাসিতেছি। বদি ত্র্বলভারণ ভরক আদে, উহাতে আত্মা প্রতিবিধিত হয় এবং মনে করি আমি তুর্বল। এই সংস্কারগুলি আত্মার স্বন্ধপকে আবৃত্ত করিলেই এই-স্ব বিভিন্ন ভাব উদিত হইয়া থাকে। চিতত্ত্বদে ষভদিন পর্যন্ত একটি তর্মণ থাকিবে, ততদিন আত্মার প্রকৃত স্বন্ধণ অমূভূত হইবে না। যে পর্যন্ত না সকল তরক একেবারে উপশাস্ত হইয়া যাইতেছে, ততদিন আত্মার প্রকৃত यक्षभ क्षमहे क्षकां निष्ठ हहेर्द ना। यह कांत्र वह भण्डान क्षप्राहे निका দেন, এই তর্ত্ব-দ্ধপ বৃত্তিগুলি কি; তারপর বলেন, ঐগুলি দমন করিবার শ্রেষ্ঠ উপায় কি। তৃজীয়তঃ শিকা দিলেন—বেমন এক বৃহৎ অগ্নি কৃত্র অগ্নিকে গ্রাদ করে, ভেমনি একটি ভরক্তে কিভাবে এভ প্রবদ করা যায়, যাহাতে অপর ভরত্তলি একেবারে উহাতে লুগু হইয়া যায়। যথন একটি মাত্র ভরত্ব অবশিষ্ট থাকিবে, তথন উহাকেও দমন করা সহত্ব হইবে। বধন উহাও চলিয়া বাইবে, তখনই সেই সমাধিকে নিৰ্বীক্ত সমাধি বলে। তথন আর কিছুই থাকিবে না, আত্মা নিজ-বরূপে নিজ-মহিমায় অবস্থান করিবেন। আমরা তথনই জানিতে পারিব, আজা মিল বা বৌগিক পঢ়ার্থ নন, আজাই লগতে একমান নিত্য অমিল হৌলিক পঢ়ার্থ, হতবাং আজাম জন্মও নাই, মৃত্যুও নাই; আজা অমর, অবিনশ্বর, নিত্যু, হৈডভ্রমন সন্তা-শ্বরূপ।

বিতীয় অধ্যায়

সাধন-পাদ

ভশঃস্বাধ্যারেশরপ্রশিধানানি ক্রিয়াঝোগঃ ॥ ১॥
—ভপস্থা, অধ্যাত্মশান্ত-পাঠ ও ঈশ্বরে সমৃদয় কর্মকল-সমর্পণকে
'ক্রিয়াঝোগ' বলে।

পূর্ব অব্যারে বে-সকল সমাধির কথা বলা হইরাছে, তাহা লাভ করা অভি
কঠিন। এইজন্ত আমাদিগকে ধীরে ধীরে ঐ-সকল সমাধিলাভের চেটা
করিতে হইবে। ইহার প্রথম সোপানকে 'ক্রিয়াবোগ' বলে। এই শক্ষে
আকরিক অর্থ—কর্মবারা বোগের্র দিকে অগ্রসর হওরা। (আমাদের ইন্দ্রিয়গুলি
বেন অন্ধ, মন তাহার লাগাম, বৃদ্ধি সার্থি, আত্মা সেই রথের আরোহী
আর এই শরীর রথস্করপ। মাহুবের আত্মাই গৃহস্বামী, রাজা-রূপে এই রথে
ভিনি বলিরা আছেন। অন্ধণণ বলি অভি প্রবল হয়, রশিবারা সংবত না
থাকিতে চায়, আর বলি বৃদ্ধিরপ সার্থি ঐ অন্ধণকে কির্পে সংবত করিতে
হইবে তাহা না জানে, তবে এই রথের পক্ষে মহা বিপদ উপস্থিত হইবে।
পক্ষান্তরে বলি ইন্দ্রিয়রপ অন্ধণ সংবত থাকে, আর মনরূপ রশ্মি বৃদ্ধিরপ
সার্থির হস্তে দৃচ্ভাবে গ্রভ থাকে, তবে ঐ রথ ঠিক উহার গন্ধব্য স্থানে
পৌছিতে পারে। এখন এই তপত্যা-শব্দের অর্থ কি ? (তপত্যা' শব্দের অর্থ
—এই শরীর ও ইন্দ্রিয়গণকে চালনা করিবার সময় থ্ব দৃঢ্ভাবে রশ্মি ধরিয়া
থাকা, উহানিগকে ইচ্ছামত কার্ব করিতে না দিয়া আ্যার্যবলে রাখা।

পাঠ বা খাধ্যার। একেত্রে পাঠ অর্থে কি ব্রিতে হইবে? নাটক, উপস্থাস বা গল্পের বই পড়া নয়—বে-সকল গ্রন্থে আত্মার মৃক্তিবিষয়ে উপদেশ ও নির্দেশ আছে, সেই-সকল গ্রন্থপাঠ। আবার 'খাধ্যায়' বলিতে বিভর্কমূলক প্রক্রপাঠ খোটেই ব্যায় না। ব্রিতে হইবে যোগী বিভর্কমূলক পাঠ ও আলোচনা শেষ করিয়াছেন; ভিনি ভৃপ্ত, উহাতে আর তাঁহার কচি নাই। তিনি পাঠ করেন ভুধু ভাঁহার ধারণাগুলি দৃঢ় করিবার অস্ত্র) হই প্রকার

> জুলনীয় : কঠ উপ., ১।০।৬-৪

শালীয় জ্ঞান আছে: 'বাদ' (যাহা তর্ক-যুক্তি ও বিচারাত্মক) ও পিছাত (বীরাংগাত্মক)। অঞ্জানাবস্থায় মাছ্য প্রথমোক্ত প্রকার জানাছ্দীলনে প্রবৃত্ত হয়, উহা ভর্কযুদ্ধ-শ্বরণ-প্রত্যেক বিষয়ের স্বপক্ষ-বিপক্ষ দেখিয়া বিচার করা; এই বিচার শেষ হইলে ভিনি কোন এক মীমাংগায়—সমাধানে উপনীত হন। কিন্তু ভগু সিদ্ধান্তে উপনীত হইলে চলিবে না। এই সিদ্ধান্তবিষয়ে মনের ধারণা প্রগাঢ় করিভে হইবে। শাস্ত অনন্ত, সময় সংক্ষিপ্ত, অভএব সকল বন্ধর সারভাগ গ্রহণ করা জানলাভের গোপন রহস্ত। ঐ সারটুকু লইরা ঐ উপদেশমত জীবন্যাপন করিতে চেষ্টা কর। ভারতবর্ষে প্রাচীনকাল হইতে একটি প্রবাদ প্রচলিত আছে—যদি তুমি কোন রাজহংলের সম্মুখে একপাত্র অলমিলিভ তৃথ ধর, তবে সে তৃথটুকু পান করিবে, অলটুকু পড়িয়া থাকিবে। এইরূপে জ্ঞানের ষেটুকু প্রয়োজনীয় অংশ, ভাছা গ্রহণ করিয়া অসারটুকু ফেলিয়া দিতে হইবে। প্রথম অবস্থায় এই বুদ্ধির ব্যায়াম আবশুক। অত্বভাবে কিছুই গ্রহণ করিলে চলিবে না। যোগী এই তর্কযুক্তির অবস্থা অতিক্রম করিয়া পর্বতবৎ একটি দৃঢ় সিদ্ধান্তে উপনীত হইয়াছেন। তাঁছার ভধন একমাত্র উদ্দেশ্য—ঐ দিদ্ধান্তের দৃঢ়তা বৃদ্ধি করা। তিনি বলেন, (বিচার করিও না; যদি কেহ জোর করিয়া ভোমার সহিত তর্ক করিতে আদে, তুমি তর্ক না করিয়া চুপ করিয়া থাকিবে। কোন তর্কের উত্তর না দিয়া শাস্তভাবে দেখান হইতে চলিয়া ঘাইবে, কারণ তর্ক কেবল মনকে চঞ্চল করে। তর্কের প্রয়োজন ছিল কেবল বৃদ্ধির অফুলীলনের জ্বল্য; অবধা বৃদ্ধিকে চঞ্চল করিবার প্রয়োজন কি 🛊 বৃদ্ধি একটি তুর্বল বস্ত্রমাত্র, উহা আমাদিগকে শুধু ইন্দ্রিরের গণ্ডিতে সীমাবদ্ধ জান দিতে পারে। বোগী চান ইন্দ্রিয়াতীত অহভৃতির বাজ্যে ষাইডে, স্তরাং তাঁহার পক্ষে বৃদ্ধিচালনার আর কোন প্রবোজন থাকে না। এই-বিষয়ে তিনি দৃঢ়নিশ্চয় হইয়াছেন, স্তরাং আর ভর্ক করেন না, মৌন অবলঘন করেন। ভর্ক করিছে গেলে মনের সাম্য নট হইয়া পড়ে, চিভের মধ্যে একটা চাঞ্চল্য উপস্থিত হয়; ইহা জাহার পক্ষে বিষমাত্র। এই-সব ভর্ক ও যুক্তির বারা ভতাবেবণ শুধু প্রসন্থভঃ আসিয়া পড়ে।

অনন্তপারং কিল পক্ষণাক্ত বয়া তথার্বহকত বিয়া: ।
 সারং ততো গ্রাহ্মপাক্ত কর হংসৈবিধা ক্ষীরনিবাহুমধ্যাৎ ।

এই তর্কষ্টির অভীত বাজ্যে উচ্চতর তত্ত্বমূহ রহিয়াছে। সমগ্র জীবনটা কেবল বিভালয়ের বালকের স্থায় বিবাদ বা বিভর্ক-সমিতি লইয়া কাটাইবার বস্তু নয়।

ঈশবে কর্মকন-অর্পণ অর্থে কর্মের জন্ত নিজে কোনদ্রপ প্রশংসা বা নিজা খারা প্রভাবিত না হইয়া ত্ইটিই ঈশবে সমর্পণ করিয়া শান্তিতে অবস্থান করা বুঝার।

সমাধি-ভাবনার্থঃ ক্লেশভদূকরণার্থদ্ধ ॥ ২॥

—এ ক্রিয়াযোগের প্রয়োজন সমাধি অভ্যাসের স্থবিধা করিয়া দেওয়া এবং ক্লেশজনক বিম্নসমূদয় ক্ষীণ করা।

খাবা অনেকেই মনকে আত্রে ছেলের মতো করিয়া ফেলিয়াছি। উহা যাহা চায়, তাহাই দিয়া থাকি। এই জন্ম সর্বদা ক্রিয়াযোগের অভ্যাস আবশুক, যাহাতে মনকে সংঘত করিয়া নিজের বশীভূত করা যায়। এই সংঘমের অভাব হইডেই যোগের বিদ্ব উপস্থিত হইয়া থাকে ও ভাহাতেই ক্লেশের উৎপত্তি। এগুলি দূর করিবার উপায়—ক্রিয়াযোগের হারা মনকে বশীভূত করা, মনকে উহার কার্য করিতে না দেওয়া)

অবিভার্মন্মিভারাগবেষাভিনিবেশাঃ পঞ্চক্রেশাঃ ॥ ৩ ॥ —অবিভা, অস্মিতা, রাগ, বেষ ও অভিনিবেশ (জীবনে আসক্তি), —এইগুলিই পঞ্চিশ্রমা।

ইহারাই পঞ্চ ক্লেশ, ইহারা পঞ্চবন্ধনক্ষণে আসাদিগকে বন্ধ করিয়া রাখে। অবশু অবিভাই কারণ এবং অন্থ চারটি ফল। অবিভাই আমাদের ভ্রথের একমাত্র কারণ। আর কাহার শক্তি আছে যে, আমাদিগকে এইরূপ ভ্রথ দের ? আত্মানিত্য আনন্দস্বরূপ; আত্মাকে অজ্ঞান, ভ্রম বা মায়া ব্যতীত আর কোন্ বন্ধ ভ্রংথী করিতে পারে ? আত্মার এই সমৃদয় ভ্রংথই কেবল ভ্রমাত্র।

অবিভা কেত্রমূন্তরেষাং প্রস্থুপ্তভমুবিচ্ছিন্নোদারাণাম্॥ ৪॥
—অবিভাই পরবর্তীগুলির উৎপাদক কেত্র; এগুলি কখন লীন
(স্থু)ভাবে, কখন স্ক্রভাবে, কখন অহা বৃত্তি দ্বারা বিচ্ছিন্ন অর্থাৎ
অভিভূত হইয়া থাকে, কখন বা প্রকাশিত (বিস্তারিত) থাকে।

অবিভাই অমিতা, রাগ, বেব ও অভিনিবেশের (জীবনে আগজির) কারণ। ঐ সংস্থারগুলি আবার বিভিন্ন লোকের মনে বিভিন্ন অবস্থার থাকে। কথন ঐগুলি 'স্পু'ভাবে থাকে। তোমরা অনেক সময় 'শিশুভূল্য নিরীহ' এই বাক্য শুনিয়া থাকো, কিন্তু এই শিশুর ভিতরেই হয়তো দেবতা বা অস্থরের ভাব রহিয়াছে। ঐ ভাব ক্রমশং প্রকাশ পাইবে। বোগীর হাদয়ে পূর্বকর্মের ফলম্বরুপ ঐ সংস্থারগুলি 'ভরু' (ক্ষ্ম)-ভাবে থাকে। ইহার তাৎপর্য এই, ঐগুলি খুব ক্ষ্ম অবস্থায় থাকে; যোগী ঐগুলি দমন করিয়া রাখিতে পারেন—বাহাতে উহারা ব্যক্ত হইতে না পায়। 'বিচ্ছিন্ন' অবস্থায় কতকগুলি প্রবল সংস্থার অস্ত কভকগুলি সংস্থারকে কিছুকালের জন্ম অভিভূত বা আচ্ছর করিয়া রাথে, কিন্তু যথনই ঐ কারণগুলি চলিয়া যায়, তথনই আবার অন্ত সংস্থারগুলি প্রকাশিত হইয়া পড়ে। এই শেষ অবস্থাটির নাম 'উদার' (বিভূত)। ঐ অবস্থায় সংস্থারগুলি অন্ত্র্কণ পরিবেশ পাইয়া শুভ বা অশুভরূপে প্রবলভাবে কার্য ক্রিতে থাকে।

অনিত্যাশুচিত্বংখানাত্মস্থ নিত্য-শুচি-মুখাত্মখ্যাতিরবিচ্ছা॥ ৫॥
—অনিত্য, অপবিত্র, ছংখকর ও আত্মা ভিন্ন পদার্থে যে নিত্য, শুচি,
মুখকর ও আত্মা বলিয়া ভ্রম হয়, তাহাকে 'অবিচ্ছা' বলে।

এই সম্দয় সংস্থারের একমাত্র কারণ অবিছা। আমাদের প্রথমে জানিতে হইবে, এই অবিছা কি। আমরা সকলেই মনে করি, 'আমি শরীর; তদ্ধ জ্যোতির্ময় নিত্য-আনন্দম্বরূপ আত্মা নই'—ইহাই অবিছা। আমরা মাহ্বকে শরীর বিশিয়াই ভাবি এবং সেইভাবেই দেখি, ইহা মহা ভ্রম।

দৃগ্দর্শনশক্ত্যোরেকাত্মতৈবাইস্মিতা॥ ৬॥ —-দ্রষ্টা ও দর্শনশক্তির একাত্মতাই অস্মিতা।

আত্মাই ষথার্থ 'দ্রন্থা', তিনি শুদ্ধ, নিত্যপবিত্র, অনস্ক ও অমর। আর 'দর্শনশক্তি' অর্থাৎ উহার ব্যবহার্য ষদ্ধ কি কি? চিন্ত, বৃদ্ধি অর্থাৎ নিশ্যাত্মিকা বৃদ্ধি, মন ও ইন্দ্রিয়গণ—এইগুলি আত্মার ষদ্ধ। এইগুলি তাহার বাহ্য জগৎ দেখিবার ষদ্ধস্বরূপ, আর আত্মার সহিত ঐগুলির একীভাবকে অন্মিতারূপ অবিত্যা বলে। আমরা বলিয়া থাকি, 'আমি চিন্ত', 'আমি ভিন্তা', 'আমি কট হইয়াহি', অথবা 'আমি স্থী'। কিন্তু কিরূপে আমরা

কট হইতে পারি বা কাহাকেও ঘণা করিতে পারি? আতার সহিত নিজেকে অভেদ জানিতে হইবে। আতার তো কখন পরিণাম হর না। আতা বদি অপরিণামী হন, তবে তিনি কিরুপে এই হুখী, এই হুংখী হইতে পারেন? তিনি নিরাকার, অনন্ত ও সর্বব্যাপী। কে তাঁহাকে পরিবর্তিত করিতে পারে? আতা সর্ববিধ নিয়মের অতীত। কে তাঁহাকে বিকৃত করিতে পারে? জগতের কোন কিছুই আতার উপর কোন কার্য করিতে পারে না। তথাপি আমরা অজ্ঞতাবশতঃ নিজদিগকে মনোর্তির সহিত একীভূত করিয়া ফেলি এবং মনে করি হুখ বা হুংখ অস্কুত্ব করিতেছি।

স্থানুশয়ী রাগঃ॥ १॥

—যে মনোবৃত্তি কেবল স্থকর পদার্থের উপর থাকিতে চায়, ভাহাকে রাগ বলে।

আমরা কোন কোন বিষয়ে হৃথ পাইয়া থাকি; ষে-সব বিষয়ে আমরা
হথ পাই, সেগুলির দিকে মন একটি প্রবাহের মতো প্রবাহিত হইতে
থাকে। হৃথ-কেন্দ্রের দিকে ধাবমান আমাদের মনের ঐ প্রবাহকেই 'রাগ
বা আসক্তি' বলে। আমরা যাহাতে হৃথ পাই না, এমন কোন বিষয়ে
আমরা কথনই আরুট্ট হই না। অনেক সময়ে আমরা নানা প্রকার অভুত
বিষয়ে হৃথ পাইয়া থাকি, তাহা হইলেও রাগের বে লক্ষণ দেওয়া গেল,
তাহা সর্বত্রই থাটে। আমরা যেখানে হৃথ পাই, সেখানেই আরুট্ট হই।

प्रःथानुमग्री (चयः॥ ৮॥

—ছ:খকর পদার্থের উপর পুন:পুন: স্থিতিশীল অন্তঃকরণবৃত্তি-বিশেষকে দ্বেষ বলে।

ষাহাতে আমরা হঃধ পাই, তাহা তৎক্ষণাৎ ত্যাগ করিবার চেষ্টা পাই।

র্ম্বরসবাহা বিপ্নবোহপি তথার ঢ়োইভিনিবেশঃ ॥ ৯ ॥
— যাহা পূর্ব পূর্ব মরণামূভব হইতে স্বভাবতঃ প্রবাহিত ও যাহা
পণ্ডিত ব্যক্তিতেও প্রতিষ্ঠিত, তাহাই অভিনিবেশ অর্থাৎ জীবনে মমতা।

এই জীবনের প্রতি মমতা প্রত্যেক জীবেই প্রকাশিত দেখিতে পাওয়া যায়। ইহার উপর পরজন্ম-সম্বীয় মত স্থাপন করিবার অনেক চেটা

হইয়াছে, মাহুষ জীবনকে এত বেশী ভালবাদে বলিয়া ভবিয়াতেও দে একটি জীবন আকাজ্ঞা করে। অবশ্র ইহা বলা বাহুল্য যে, এই যুক্তির বিশেষ কোন মৃল্য নাই। তবে ইহার মধ্যে সর্বাপেকা অভুত ব্যাপার এই ষে, পাশ্চাত্যদেশসমূহে এই জীবনের প্রতি মমতা হইর্তে যে ভবিশ্বৎ জীবনের সম্ভাব্যতা স্থচিত হয়, তাহা কেবল মাহুষের পক্ষেই **খাটে, অস্তাক্ত অন্ত**র পক্ষে নয়। ভারতবর্ষে—জীবনের এই মমতাই পূর্বসংস্কার ও পূর্বজীবন প্রমাণ করিবার অন্তভম যুক্তিস্বরূপ হইয়াছে। মনে কর, যদি সমুদর জ্ঞানই আমাদের প্রত্যক্ষ অমুভূতি হইতে লাভ হইয়া থাকে, ভবে ইহা নিশ্চয় যে, আমরা যাহা কথন প্রত্যক্ষ অমুভব করি নাই, তাহা কখন কল্পনাও করিতে পারি না বা বুঝিতেও পারি না। কুরুটশাবকগণ ডিম্ব ছইতে ফুটিবামাত্র খান্ত খুঁটিয়া খাইতে আরম্ভ করে। অনেক সময়ে এক্স দেখা গিয়াছে যে, যথন কুকুটা দাবা হংসভিদ্ব ফুটানো হইয়াছে, তথন হংস্পাবক ডিম্ব হইতে বাহির হইবামাত্র জলের দিকে চলিয়া গিয়াছে; কুর্কুটী-মাতা মনে করে, শাবকটি বুঝি জলে ডুবিয়া গেল। প্রত্যক্ষ অভিজ্ঞতাই যদি জ্ঞানের একমাত্র উপায় হয়, তাহা হইলে এই কুকুটশাবকগুলি কোণা হইতে খান্ত খুঁটিতে শিখিল অথবা ঐ হংসশাবকগুলি কোথায় শিখিল জল তাহাদের স্বাভাবিক স্থান? যদি বলো, ইহা সহজাত জ্ঞান (instinct), তবে তো কিছুই বুঝা গেল না— কেবল একটি শব্দ প্রয়োগ করা হইল, ব্যাখ্যা কিছুই হইল না। এই সহজাত জ্ঞান কি ? এইরূপ সহজাত জ্ঞান আমাদেরও অনেক আছে। দৃষ্টাস্থররূপ আপনাদের মধ্যে অনেক মহিলাই পিয়ানো বাজাইয়া থাকেন; আপনাদের অবশ্র শারণ থাকিতে পারে, যথন আপনারা প্রথম শিক্ষা করিতে আরম্ভ করেন, তথন আপনাদিগকে খেত, ক্লফ উভয় প্রকার পদায় একটির পর আর একটিতে কভ বত্বের সহিত অঙ্গলি প্রয়োগ করিতে হইত, কিন্তু বছ বৎসরের অভ্যাসের পর এখন আপনারা হয়তো কোন বন্ধুর সহিত কথা কহিতেছেন, সঙ্গে সঙ্গে পিয়ানোর উপের আঙ্গুলগুলি আপনা-আপনি চলিতে থাকিবে। উহা এখন আপনাদের সহজাত জানে পরিণত হইয়াছে, স্বাভাবিক হইয়া পড়িয়াছে। অক্সান্ত বে-সব কা**জ আ**মরা করিয়া থাকি, সেগুলি সম্বন্ধেও ঐক্নপ। অভ্যাসের দারা কোন কাল স্বাভাবিক হইরা দার, স্বরংক্রিয় হই^{রা} বায়। কিন্তু আমরা যভদূর জানি, এখন যে ক্রিয়াগুলিকে স্বভাবদ

বলি, লেগুলি পূর্বে বিচার-সহিত করিতে হইড, এখন স্বাভাবিক হইরা পড়িরাছে। বোগীনের ভাবার সহজাত জ্ঞান বৃজ্জি-বিচারের ক্রমস্কৃচিত অবস্থা বাজ। বিচার-জনিত জ্ঞান সন্থাতিত হইরা স্বাভাবিক সহজাত জ্ঞান বা সংকারে পরিণত হয়। অতএব আমরা বাহাকে সহজাত জ্ঞান বলি, ভাহা বে বিচারজনিত জ্ঞানের সন্থাতিত অবস্থা নাজ, এরপ চিন্তা করা সম্পূর্ণ বৃক্তিসকত। প্রত্যক্ষ অভিজ্ঞতা ব্যতীত বৃক্তিবিচার সন্থান নার, স্ত্যাং সমূদ্র সহজাত জ্ঞানই পূর্ব অভিজ্ঞতার ফল। কুক্টুগণ গ্রেনকে ভর করে, হংস্পাবকর্গণ জল ভালবাসে, এ-ছইটিই পূর্ব অভিজ্ঞতার ফল। এখন প্রের: এই অহন্তৃতি—জীবাত্মার অথবা কেবল শ্রীরের ? হংস এখন বাহা অহন্তব করিতেছে, তাহা কেবল ঐ হংসের পূর্বপূক্ষর্গণের অভিজ্ঞতা হইতে আসিতেছে, না উহা হংসের নিজের অভিজ্ঞতা ? আধুনিক বৈজ্ঞানিকগণ বলেন, উহা কেবল ভাহার শ্রীরের ধর্ম। কিন্তু বোগীরা বলেন, উহা মনের অহন্তৃতি—শ্রীরের ভিতর দিয়া সঞ্চালিত হইতেছে মাজ। ইহাকেই পূর্বপ্রবাদ বলে।

আমরা পূর্বে দেখিয়াছি—আমাদের সমৃদয় জ্ঞান, বেগুলিকে প্রত্যক্ষ, বিচারভালত বা সহজাত জ্ঞান বলি, সে-সবই জ্ঞানের একমাত্র প্রণালী অভিজ্ঞতার
ভিতর দিয়াই আসিতে পারে; আর বাহাকে আমরা সহজাত জ্ঞান বলি,
তাহা আমাদের পূর্ব অভিজ্ঞতার ফল, উহাই এখন নিমন্তবে নামিয়া সহজাত
জ্ঞানে পরিণত হইয়াছে, সেই সহজাত জ্ঞান আবার বিচারজনিত জ্ঞানে উরীত
হইয়া থাকে। সমৃদয় জগতেই এই ব্যাপার চলিতেছে। ইহার উপরেই
ভারতের পুনর্জয়বাদের অন্ততম প্রধান মৃক্তি হাসিত হইয়াছে। পুন:পুন:
অহুভ্ত নানাবিধ ভয়ের সংস্থার কালক্রমে জীবনের প্রতি এই মমতায় পরিণত
হইয়াছে। এই কারণেই বালক অতি বাল্যকাল হইতেই খাভাবিকভাবে
ভয় পাইয়া থাকে, কারণ ভাহার মনে ত্বংথয়বণার পূর্ব অভিজ্ঞতা রহিয়াছে।
অভিলয় বিহান ব্যক্তিগণের মধ্যে বাহারা জানেন, এই লরীর চলিয়া বাইবে,
বাহারা মলেন, 'ভয় নাই, চিন্তা নাই; আমাদের শত শত লরীর হইয়া
গিয়াছে, আত্মা কথনও মরে না', তাহাদের সমৃদয় বিচারজাত ধারণা
সম্বেও তাহাদের মধ্যে আমরা এই জীবনের প্রতি আসাক্ত দেখিতে পাই।
ক্রেন এই জীবনের প্রতি আসক্তি? আমরা দেখিয়াছি যে, ইহা.আমাদের

সহজাত বা খাভাবিক হইয়া পড়িয়াছে। বোগীদিগের দার্শনিক ভাষার উহা 'শংস্কারে' পরিণত হইয়াছে, বলা যায়। এই সংকারগুলি স্ক্র বা গুপ্তভাবে চিত্তের ভিতর যেন নিজিত রহিয়াছে। পূর্বমৃত্যুর এই-সব অভিজ্ঞতা, বেগুলিকে আমরা সহজাত জ্ঞান বলি, সেগুলি অবচেতন-ভূমিতে উপনীত হইয়াছে। ঐগুলি চিত্তেই বাস করে, নিজিয় মনের তরঙ্গ নয়, ভিতরে ভিতরে কাজ করিতেছে।

এই চিত্তবৃত্তিগুলিকে অর্থাৎ বেগুলি সুলভাবে প্রকাশিত, সেগুলিকে আমরা বেশ ব্ঝিতে পারি ও অহুভব করিতে পারি; ঐপ্রলিকে ছমন করা অপেকাকৃত সহজ, কিন্তু এই স্ক্ষতর সংস্কারগুলির সম্বন্ধে কি করা বায় ? এগুলি দমন করা বায় কিরুপে ? যখন আমি রুষ্ট হই, তখন আমার সমৃদয় মনটি যেন ক্রোধের এক বিরাট তরজাকার ধারণ করে। আমি উহা অহুভব করিতে পারি, উহাকে বেন হাতে করিয়া নাড়িতে পারি, উহার সহিত সংগ্রাম করিতে পারি, কিন্তু আমি যদি মনের অতি গভীরে উহার কারণে বাইতে না পারি, তবে কখনই আমি উহাকে জয় করিতে সমর্থ হইব না। কোন লোক আমাকে খুব কড়া কথা বলিল, আমারও বোধ হইতে লাগিল যে, আমি উত্তেজিত হইতেছি, সে আরও কড়া কথা বলিতে লাগিল, অবশেষে আমি ক্রোধে উন্নত্ত হইয়া উঠিলাম, আত্মবিশ্বত হইলাম, কোধবৃত্তির সহিত যেন নিজেকে মিশাইয়া ফেলিলাম। যখন সে আমাকে প্রথমে কটু বলিতে আরম্ভ করিয়াছিল, তথনও আমার বোধ হইডেছিল আমি যেন ক্রন্ধ হইডেছি। তখন ক্রোধ একটি ও আমি একটি, পৃথক্ পৃথক্ ছিলাম। কিছ যখনই আমি ক্রন্ধ হইয়া উঠিলাম, তখন আমিই যেন ক্রোধে পরিণত হইয়া গেলাম। ঐ বৃত্তিগুলিকে মূলে বীঞ্ভাবেই স্মাবস্থাতেই সংযত করিতে হুইবে। ঐগুলি আমাদের উপর ক্রিয়া করিতেছে,—আমরা ইহা বুঝিবার পূর্বেই ঐগুলিকে সংযত করিতে হইবে। জগতের অধিকাংশ লোক এই বৃত্তিগুলির স্কাবস্থার অভিত্ব পর্যন্ত অবগত নয়। যে অবস্থায় ঐ বৃত্তিগুলি অবচেতনভূমি হইতে একটু একটু করিয়া উদিত হয়, তাহাকেই বৃত্তির ক্ষাবস্থা বলা যায়। যথন কোন হলের ভলদেশ হইতে একটি ব্ৰুদ উখিত হয়, তথন আমৱা উহাকে দেখিতে পাই না; ভ্যু তাই নয়, উপরিভাগের খুব নিকটে আসিলেও আমরা উহা

দেখিতে পাই না; বধনই উহা উপরে উঠিয়া মৃত্ আলোড়ন স্টে করে, তথনই আমরা আনিতে পারি—একটি তরজ উঠিতেছে। বধন আমরা স্থাবছাতেই তরজগুলিকে ধরিতে পারিব, তথনই ঐগুলিকে আয়তে আনিতে সমর্থ হইব। এইরপে সুলভাবে পরিণত হইবার পূর্বেই স্থাবছায় ঐ ইন্দ্রির্ত্তিলি বত দিন না আমরা সংবত করিতে পারি, ততদিন আমাদের কোন বৃত্তিই পূর্ণভাবে জয় করার আলা নাই। ইন্দ্রিরবৃত্তিগুলিকে সংবত করিতে হইলে ঐগুলিকে মৃলে সংবত করিতে হইবে। কেবল তথনই আমরা বৃত্তিগুলির বীজ পর্যন্ত দয় করিয়া ফেলিতে পারিব; বেমন ভর্তিত বীজ মৃত্তিকায় হড়াইয়া দিলে আর জন্ধর উৎপন্ন হয় না, তেমনি এই ইন্দ্রিরের বৃত্তিগুলি আর উদিত হইবে না।

তে প্রতিপ্রসবহেয়াঃ সৃক্ষাঃ॥ ১০॥

—সেই স্ক্র সংস্কারগুলিকে প্রতিপ্রসব অর্থাৎ প্রতিলোম পরিণাম দারা (কার্যকে কারণে পরিণত করিয়া) নাশ করিতে হয়।

ধ্যানের ঘারা চিত্তবৃত্তিগুলি নই চ্টলে যাচা অবশিষ্ট থাকে, তাহাকে স্ক্রমংস্কার বা বাসনা বলে। উহা নাল করিবার উপায় কি ? উহাকে প্রতিপ্রেসব অর্থাৎ, প্রতিলোম-পরিণামের ঘারা নাল করিতে চ্ইবে। প্রতিলোম-পরিণাম অর্থ—কার্বের কারণে লয়। চিত্তরূপ কার্য ঘ্যন সমাধিঘারা অস্মিতা বা অহকার-রূপ স্কারণে লীন চ্ইবে, তথনই চিত্তের সহিত ঐ স্ক্র সংস্কারগুলিও নই চ্ইয়া যাইবে। ধ্যানের ঘারা এগুলি নই করা যায় না।

थ्यांनटस्त्रांखन्द्रखग्नः॥ >>॥

—ধ্যানের দ্বারা উহাদের স্থুলাবস্থা নাশ করিতে হয়।

ধ্যানই এই বৃহৎ তরজগুলির উৎপত্তি নিবারণ করিবার এক প্রধান উপার। ধ্যানের ঘারাই মন বৃত্তিরূপ তরজগুলি প্রশমিত করিতে পারে। যদি দিনের পর দিন, মাসের পর মাস, বৎসরের পর বৎসর এই ধ্যান অভ্যাস কর, বছদিন না উহা ভোষার অভ্যাসে পরিণত হয়, বছদিন না ঐ ধ্যান আপনা হইতেই আসে ভছদিন যদি এরূপ কর, ভাহা হইলে ক্রোধ, ঘুণা প্রভৃতি বৃত্তিগুলি নিয়ন্ত্রিত হইবে, সংযত হইবে। ক্রেশমূলঃ কর্মাশয়ো দৃষ্টাদৃষ্টজন্মবেদনীয়ঃ॥ ১২॥
—কর্মের আশয় বা আধারের মূল এই পূর্বোক্ত ক্লেশগুলি; বর্তমান
অথবা পর-জীবনে উহারা ফল প্রসব করে।

কর্মাশয়ের অর্থ এই সংস্থারগুলির সমষ্টি। আমরা ষে-কোন কাল করি না কেন, অমনি মনোহ্রদে একটি তরঙ্গ উত্থিত হয়। আমরা মনে করি, ঐ কাজটি শেষ হইয়া গেলেই তরকটিও শেষ হইয়া গেল; কিন্তু বান্তৰিক ভাহা নয়। উহা স্ক্র আকার ধারণ করিয়াছে মাত্র, ঐ স্থানেই রহিয়াছে। ষধন আমরা ঐ কার্যের কথা শ্বরণ করিবার চেষ্টা করি, তখনই উহা পুন্র্বার উদিত হইয়া আবার তরকাকারে পরিণত হয়। অতএব উহা মনের ভিতরই গৃঢ়ভাবে ছিল; যদি না থাকিত, তাহা হইলে স্বৃতি অসম্ভব হইত। স্তরাং প্রত্যেক কার্য, প্রত্যেক চিস্তা, তাহা শুভই হউক আর অশুভই হউক, মনের গভীরতম প্রদেশে গিয়া স্ক্রভাব ধারণ করে এবং ঐ স্থানেই সঞ্চিত থাকে। সুধকর অথবা তৃ:ধকর—সকল প্রকার চিস্তাকেই 'ক্লেশ'-জনক বাধা বলে, কারণ যোগীদের মতে উভয়েই পরিণামে ছঃখ প্রসৰ করে। িইন্দ্রিসমূহ হইতে ষে-সব স্থুখ পাওয়া যায়, পরিণামে সেগুলি ছঃখ আনিবে। ভোগে ভোগভৃষ্ণা বাড়িভেই থাকে; তাহার ফল তুঃধ। মান্থবের বাসনার অস্ত নাই, মাহ্ব ক্রমাগত বাসনা করিতেছে; বাসনা করিতে করিতে ব্ধন দে এমন স্থানে উপনীত হয় যে, কোনমভে তাহার বাসনা আর পূর্ণ হয় না, তথনই তাহার হুঃথ উৎপন্ন হয়। এই জন্তই যোগীরা শুভ ও অশুভ সংস্কার-সমষ্টিকে 'ক্লেশ' বলিয়া থাকেন, এগুলি আত্মার মৃত্তি পথে বাধা দেয়।

সকল কার্যের স্ক্রম্লযরূপ সংস্কারগুলি সম্বন্ধে এইরপ বৃথিতে হইবে; ভাহারা কারণস্বরূপ হইয়া ইহজীবনে বা পরজীবনে ফল প্রস্কর করিয়া থাকে (দৃষ্ট- বা অদৃষ্ট- জয়-বেদনীর)। বিশেষ বিশেষ স্থলে ষথন ঐ সংস্কারগুলি খুব প্রবল হয়, তথন শীত্রই ফল দান করে; অভ্যুৎকট পুণ্য বা পাপকর্ম ইহজীবনেই ফল উৎপন্ন করে। যোগীরা বলেন, বে-সকল ব্যক্তি ইহজীবনেই খুব প্রবল শুভসংস্কার উপার্জন করিতে পারেন, ভাঁহাদের মৃত্যু হয় না, ভাঁহারা ইহজীবনেই এই দেহকে দেবদেহে পরিণত করিতে পায়েন। বোগীদের প্রস্কে কভিপন্ন দৃষ্টাস্কের উল্লেখ আছে। ইহারা নিজেদের

শরীরের উপাদান পর্যন্ত পরিবর্তন করিয়া ফেলেন, দেহের পর্মাণ্ঞলিকে এমন নৃতনভাবে সন্নিবেশিত করিয়া লন বে, তাঁহাদের আর কোন পীড়া হয় না এবং আমরা বাহাকে মৃত্যু বলি, তাহাও তাঁহাদের নিকট আসিতে পারে না। এরপ হইবে না কেন? শারীরবিজ্ঞানে খাভের অর্থ-সূর্ব হইতে শক্তিগ্রহণ। ঐ শক্তি প্রথমে উদ্ভিদে প্রবেশ করে; সেই উদ্ভিদ আবার কোন পশু ভোজন করে, মাহুষ আবার সেই পশুমাংস ভোজন করিয়া থাকে। এই ব্যাপারটি বৈজ্ঞানিক ভাষায় বলিতে গেলে বলিতে হইবে যে, আমরা পূর্ব হইতে কিছু শক্তি গ্রহণ করিয়া নিজের অদীভূত করিয়া লই। যদি এইরূপ হয়, ভবে এই শক্তি আহরণ করিবার একটিমাত্র উপায় থাকিবে কেন ? আমরা ষেরূপে শক্তি সংগ্রহ করি, উদ্ভিদের শক্তিসংগ্রহের উপায় ঠিক তাহা নয়; আমরা বেরপে শক্তি সংগ্রহ করি, পৃথিবী সেরপে করে না, কিন্তু ভাহা হইলেও সকলেই কোন না কোনবলে শক্তি সংগ্ৰহ করিয়া পাকে। যোগীরা বলেন, তাঁহারা কেবল মনঃশক্তিবলেই শক্তি সংগ্রহ করিভে পারেন। সাধারণ উপায় অবলম্বন না করিয়াও তাঁহারা যত ইচ্ছা শক্তি দংগ্রহ করিতে পারেন। উর্ণনাভ যেমন নিজ শরীর হইতে তম্ভ বিন্তার করিয়া পরিশেরে এমন বন্ধ হইয়া পড়ে যে, বাহিরে কোথাও বাইতে হইলে দেই তত্ত অবলঘন না করিয়া হাইতে পারে না, সেইরপ আমরাও আমাদের উপাদান-পদার্থ হইতে এই সাযুজান স্ঠি করিয়াছি, এখন আর সেই প্লায়ুপ্রণালী অবলম্বন না করিয়া কোন কাজ করিতে পারি না। যোগী বলেন, ইহাতে বন্ধ থাকিবার প্রয়োজন নাই।

এই তথ্য আর একটি উদাহরণের হারা বুঝানো হাইতে পারে। আমরা পৃথিবীর ষে-কোন দিকে তড়িংশক্তি প্রেরণ করিতে পারি, কিছ আমাদিগকে উহা তারের ভিতর দিয়া পাঠাইতে হয়। প্রকৃতি তো বিনা তারেই বহ পরিমাণে বিহাংশক্তি প্রেরণ করিতেছে। আমরাই বা কেন তাহা করিতে পারিব না ? আমরা চতুর্দিকে মানসতড়িং প্রেরণ করিতে পারি। আমরা বাহাকে মন বলি, তাহা প্রায় তড়িংশক্তির মতো। সায়্র মধ্যে বে এক তরল পদার্থ প্রবাহিত হইতেছে, তাহাতে যে কিছু পরিমাণে বিহাৎশক্তি আছে ইহা অতি স্পাই, কারণ তড়িতের ক্যায় উহারও হই প্রান্তে বিপরীত শক্তিবয় দৃই হয় এবং তড়িতের ধর্মগুলি উহাতে দেখা বায়। এই তড়িংশক্তিকে

এখন আমরা কেবল সায়ুমগুলের মধ্য দিরাই প্রবাহিত করিতে পারি। কিছ সায়ুমগুলীর দাহায্য না লইয়াই বা কেন ইহা প্রবাহিত করিতে সমর্থ হইব না ? যোগী বলেন, ইহা খুবই সম্ভব এবং ইহা কার্বে পরিণত করা যাইতে পারে। আর ইহাতে কৃতকার্য হইলে তুমি সমগ্র অগতে এই শক্তি প্রয়োগ করিতে সমর্থ হইবে। তথন তুমি কোন সায়্যজের সাহায্য না লইয়াই যেখানে ইচ্ছা ষে-কোন শরীরের ছারা কার্য করিতে পারিবে। যথন কোন জীবাত্মা এই ভায়ুপ্রণালীর ভিতর দিয়া কাল করে, আমরা তখন বলি মাহ্যটি জীবিত, এবং যখন এই ষত্রগুলির ছারা কাজ হয় না, তখন বলি মাস্থটি মৃত। কিন্তু যথন কেহ এই-সকল স্নায়্বন্ত্ৰের সাহাধ্যে বা স্নায়ু ব্যভীভই কাজ করিতে পারেন, তাঁহার পক্ষে জন্ম ও মৃত্যু—এই চুই শব্দের আর কোন অর্থ ই নাই। জগতে সব শরীরই তন্মাত্রা দারা রচিত, প্রভেদ কেবল বিস্থাদের প্রণাদীতে। যদি তুমিই ঐ বিষ্ণাদের কর্তা হও, তাহা হইলে তুমি ষেরপে ইচ্ছা, ঐ তন্মাত্রাগুলির বিস্থাস করিয়া শরীর রচনা করিতে পারো। এই শরীর—তুমি ছাড়া আর কে নির্মাণ করিয়াছে ? আহার করে কে ? যদি আর একজন তোমার হইয়া আহার করিয়া দিত, তবে তোমাকে আর বেশী দিন বাঁচিতে হইত না। ঐ খাত হইতে রক্তই বা উৎপাদন করে কে? নিশ্চয় তুমি। ঐ বক্ত বিশুদ্ধ করিয়া ধমনীর মধ্যে প্রবাহিত করিতেছে কে? তুমিই। আমরাই দেহের প্রভু এবং উহাতে বাদ করিভেছি। দেহ কিভাবে আবার তরুণ করিয়া ভোলা যায়, সেই জ্ঞান আমরা হারাইয়া ফেলিয়াছি। আমরা যন্ত্র-তুল্য স্বয়ংক্রিয়—অবনত হইয়া পড়িয়াছি। আমরা দেহের পরমাণুগুলির বিক্তাদপ্রণালী ভুলিয়া গিয়াছি। স্বতরাং এখন আমরা ষদ্ভের মতো যাহা করিতেছি, তাহা জ্ঞাতদারে করিতে হইবে। আমরাই দেহের প্রভু, স্তরাং আমাদিগকেই সেই বিশ্বাদপ্রণাদী নিয়মিত করিতে হইবে। ইহাতে ক্বতকার্য হইলেই আমরা ইচ্ছামত দেহকে আবার ভক্ষণ করিয়া তুলিতে সমর্থ হইব; তথন আমাদের জন্ম, ব্যাধি, মৃত্যু—কিছুই থাকিবে না।

সতি মূলে ভিন্নিপাকো জাত্যায়ুর্ভোগাঃ॥ ১৩॥ —মনে এই সংস্কাররূপ মূল থাকায় তাহার ফলস্বরূপ মন্থ্যাদি জাতি, ভিন্ন ভিন্ন পরমায়ু ও স্থহংখাদি ভোগ হয়।

মূল অর্থাৎ শংকাররূপ কারণগুলি ভিতরে থাকে, তাহারাই ব্যক্তভাষ ধারণ করিয়া ফলরূপে পরিণত হয়। কারণের নাশ হইয়া কার্বের উদয় হয়, আবার কার্য স্ক্রভাব ধারণ করিয়া পরবর্তী কার্বের কারণস্করণ হয়। বৃক্ষ বীজ প্রসৰ করে, বীজ আবার পরবর্তী বুক্ষের উৎপত্তির কারণ হয়; এইক্লেই কাৰ্যকাৰণপ্ৰবাহ চলিতে থাকে। আমাদের এখনকার কাজকর্ম স্বই পূর্বসংস্থারের ফলস্বরূপ। এই কার্যগুলি আবার সংস্থারে পরিণত হটয়া। ভবিশ্বৎ কার্বের কারণ হইবে; এইভাবেই চলিতে থাকে। এইজন্মই এই স্ত্র বলিভেছে, কারণ থাকিলে ভাহার ফল বা কার্য অবশুই হইবে। এই ফল প্রথমত: 'জাতি'রূপে প্রকাশ পায়; কেহ বা মাহুষ হইবে, কৈহ দেবতা, কেহ পশু, কেহ বা অহুর হইবে। ভারপর এই কর্ম আবার আয়ুকেও নিয়মিত করে। একজন হয়তো পঞ্চাশ বৎসর বাঁচে, আর একজন একশভ বংসর, আবার কেহ হয়তো তুই বংসর বয়সেই মরিয়া যায়; সে আর পূর্ণবয়স্ক হয় না। জীবনের এই-সব বিভিন্নতা পূর্বকর্মধারাই নিয়মিত হয়। কেহ যেন স্থভোগের জন্তই জন্মগ্রহণ করিয়াছে; যদি সে বনে গিয়া লুকাইয়া থাকে, স্থুৰ ভাহাকে অহুসরণ করিবে। আর একজন খেখানেই ষায়, তুঃখ তাহাকে অভ্নরণ করে, স্বই তাহার নিকট তুঃখময়। এই-স্বই তাহাদের নিজ নিজ পূর্বকর্মের ফল। বোগীদিগের মতে পুণ্যকর্ম হইতে স্থ, পাপকর্ম হইতে ছু:খ উৎপন্ন হয়। যে ব্যক্তি অসৎ কাজ করে, সে নিশ্চয়ই তৃ: থকষ্টব্নপে তাহার কৃতকর্মের ফলভোগ করিবে।

তে ফ্লাদপরিভাপ্ষলাঃ পুণ্যাপুণ্যহেতুত্বাৎ ॥ ১৪ ॥
—পুণ্য ও পাপ উহাদের কারণ বলিয়া উহাদের ফল যথাক্রমে
আনন্দ ও তঃখ।

পরিণামভাপ-সংক্ষারত্বঃ খৈগু ণর্ভিবিরোধাচ্চ

তুঃখমেব সর্বং বিবেকিনঃ ॥ ১৫॥

— কি পরিণাম-কালে, কি ভোগ-কালে ভোগ-ব্যাঘাতের আশস্কায় অথবা স্থ-সংস্কারজনিত নৃতন তৃষ্ণা উৎপন্ন হয় বলিয়া এবং গুণবৃত্তি (অর্থাৎ সন্থ, রক্ষঃ, তমঃ) পরস্পরের বিরোধী বলিয়া বিবেকীর নিকট সবই যেন হঃধ বলিয়া বোধ হয়।

বোগীরা বলেন, বাঁহার বিবেকশক্তি আছে, বাঁহার একটু ভিতরের দিকে দৃষ্টি আছে, তিনি হুখ ও তুঃখ নামধেয় দ্ববিধ বছর অভতদ পর্বস্ত দেখিয়া থাকেন, আর জানিতে পারেন উহারা সর্বদা সর্বত্ত সমভাবে বহিয়াছে। একটির সঙ্গে আর একটি ধেন জড়াইয়া, একটি ধেন আর একটিডে মিশিয়া আছে। সেই বিবেকী পুরুষ দেখিতে পান যে, মাহুষ সমগ্র জীৰন কেবল এক আলেয়ার অনুসরণ করিতেছে; সে কথনই ভাহার বাসনাপূরণে সমর্থ হয় না। এক সময়ে মহারাজ যুধিষ্ঠির বলিয়াছেন, 'জীবনে সর্বাপেকা আশ্চর্ষ ঘটনা এই ষে, প্রতি মুহুর্তেই প্রাণিগণকে মৃত্যুমুখে পতিত হইতে দেখিয়াও মনে করিভেছি, আমরা কখনই মরিব না।'' চতুর্দিকে মূর্থ বারা পরিবেটিত হইয়া মনে করিভেছি, শুধু আমরাই পণ্ডিভ—শুধু আমরাই মূর্থখেণী হইতে স্বতম। সর্বপ্রকার চঞ্চলতার অভিজ্ঞতা দারা বেষ্টিত হইয়া আমরা মনে করিতেছি, আমাদের ভালবাসাই একমাত্র স্থায়ী ভালবাসা। ইহা কি করিয়া হইতে পারে? ভালবাসাও স্বার্থপরতা-মিল্লিত। যোগী বলেন, 'পরিণামে দেখিতে পাইব, এমন কি পতিপত্নীর প্রেম, সন্থানের প্রতি ভালবাসা, বন্ধুদের প্রীতি—সবই অল্পে অল্পে ফীণ হইয়া আসে।' এই সংসারে ক্ষয় প্রত্যেক বস্তুকেই আক্রমণ করিয়া থাকে। যথনই সংসারের সকল বাসনা, এমন কি ভালবাসা পর্যন্ত বিফল হয়, তথনই যেন চকিতের স্থায় মাহ্য বুঝিতে পারে এই জগৎ কিভাবে ব্যর্থ, কতথানি স্বপ্নসূপ! তথনই তাহার চোথে বৈরাগ্যের ক্ষণিক আলো দেখা দেয়, তথনই সে অতীন্ত্রিয় সন্তার বেন একটু আভাদ পায়। এই জগৎকে ত্যাগ করিলেই জগদতীত তথটি হাদয়ে উদ্ভাদিত হয় ; এই জগতের স্থথে আসক্ত থাকিলে ইহা কথনও সম্ভব হইতে পারে না। এমন কোন মহাত্মা জন্মগ্রহণ করেন নাই, যাঁহাকে এই উচ্চাৰত্বা লাভের জম্ম ইন্দ্রিয়ত্থভোগ ত্যাগ করিতে হয় নাই। প্রকৃতির বিভিন্ন শক্তিগুলির পরস্পর বিরোধই ছঃথের কারণ। একটি মামুষকে একদিকে, অপরটি আর একদিকে টানিয়া লইয়া যাইতেছে, কাজেই স্থায়ী স্থুখ অসম্ভব হইয়া পড়ে।

অহন্তহনি ভূতানি গছজি বনমন্দিরন্।
 শ্বা: ছিরছনিছজি কিমান্চর্বসতঃপরন্।—নহাভারত, বনপর্ব

. হেরং তুঃখনলাগভন্॥ ১৬॥

—যে ছঃখ এখনও আসে নাই, তাহা ত্যাগ করিতে হইবে।

কর্মের কিঞ্চিদংশ আমাদের ভোগ হইয়া গিরাছে, কিঞ্চিদংশ আমরা বর্তমানে ভোগ করিভেছি, অবশিষ্টাংশ ভবিশ্বতে ফলপ্রদানোলুখ হইয়া আছে। আমাদের যাহা ভোগ হইয়া গিয়াছে, ভাহা ভো চুকিয়া গিয়াছে। আমরা বর্তমানে বাহা ভোগ করিভেছি, ভাহা আমাদিগকে ভোগ করিভেই হইবে, কেবল বে-কর্ম ভবিশ্বতে ফলপ্রদানোলুখ হইয়া আছে, ভাহাই আমরা অয় করিয়া নিয়ন্ত্রিভ করিভে পারিব। এই দিকেই আমাদের সকল শক্তি নিয়োজিত করিভে হইবে। এজগ্রই পতঞ্জলি বলিয়াছেন (২০১০)—সংস্থারগুলিকে কারণে লয় করিয়া নিয়ন্ত্রিভ করিছে হইবে।

জষ্ট্র দৃশ্যমোঃ সংযোগো কেয়ছেতুঃ ॥ ১৭ ॥
—এই যে হেয়, অর্থাৎ যে ছঃখকে ত্যাগ করিতে হইবে, তাহার
কারণ জন্তা ও দৃশ্যের সংযোগ।

এই দ্রষ্টার অর্থ কি ? মাসুষের আত্মা—পুরুষ। দৃশ্য কি ? মন হইতে আরম্ভ করিয়া দুর্ল ভূত পর্যন্ত সমৃদয় প্রকৃতি। এই পুরুষ ও প্রকৃতির) মনের সংযোগ হইতেই সমৃদয় স্থাত্বংগ উৎপন্ন হইয়াছে। তোমাদের অবশ্য আরণ আছে, এই যোগশাল্পের মতে পুরুষ শুদ্ধরূপ; যখনই উহা প্রকৃতির সহিত সংযুক্ত হয়, তথনই প্রকৃতিতে প্রতিবিধিত হইয়া স্থা বা ত্বংগ অম্ভব করে বিশিয়া মনে হয়।

প্রকাশক্রিয়াছিভিশীলং ভূতেন্দ্রিয়াছাকং ভোগাপবর্গার্থং দৃশ্যম্॥ ১৮॥
— 'দৃশ্য' বলিতে ভূত ও ইন্দ্রিয়গণকে বুঝায়। উহা প্রকাশ-ক্রিয়াও স্থিতিশীল। উহা জন্তার অর্থাৎ পুরুষের ভোগ ও মৃক্তির
জন্তা।

দৃশ্য অর্থাৎ প্রকৃতি ভৃত ও ইন্সিয়সমটি বারা গঠিত; ভৃত বলিতে মূল, সম্ম সর্বপ্রকার ভৃতকে ব্ঝাইবে, আর ইন্সিয় অর্থে চক্ষরাদি সম্দয় ইন্সিয়, মন প্রভৃতিকেও ব্ঝাইবে। উহাদের ধর্ম বা গুণ আবার তিন

প্রকার, বথা—প্রকাশ, কার্ব ও জড়তা। ইহাদিগকেই অক্ত ভাষায় সন্ব, বজঃ ও তমঃ বলে। সমৃদয় প্রকৃতির উদ্দেশ্য কি ? উদ্দেশ্য—ৰাহাতে পুরুষ সমৃদয় ভোগ করিয়া অভিজ্ঞতা অর্জন করিতে পারেন। পুরুষ ধেন আপনার মহান্ ঐশবিক ভাব বিশ্বত হইয়াছেন। এ-বিষয়ে একটি বড় স্থুন্দর আখ্যায়িকা আছে। কোন সময়ে দেবরাজ ইন্দ্র শৃকর হইয়া কর্দমের ভিতর বাস করিতেন, তাঁহার অবশ্য একটি শ্করী ছিল, সেই শৃকরী হইতে ডাঁহার অনেকগুলি শাবক হইয়াছিল। দেবতারা তাঁহার ত্রবন্থা দর্শন করিয়া তাঁহার নিকট আসিয়া বলিলেন, 'আপনি দেবরাজ, দেবতারা আপনার শাসনে বাস করেন; আপনি এখানে কেন?' কিন্তু ইন্দ্র উত্তর দিলেন, 'আমি বেশ আছি, কিছু ভাবিও না; এই শৃক্রী ও শাবকগুলি যতদিন আছে, ততদিন স্বর্গাদি কিছুই প্রার্থনা করি না।' তথন সেই দেবগণ কি করিবেন ভাবিয়া किছूरे चित्र कतिए भातिलान ना। किছूमिन भात छाँशाता चित्र कतिलान, একে একে শাবকভালি সব মারিয়া ফেলিতে হইবে। এইরূপে একটি একটি করিয়া শাবকগুলি সব নিহত হইলে দেবগণ অবশেষে সেই শৃক্রীকেও মারিয়া ফেলিলেন। তখন ইন্দ্র কাতর হইয়া বিলাপ করিতে লাগিলেন; দেবভারা ইন্দ্রের শৃকরদেহটি চিরিয়া ফেলিলেন। তখন ইন্দ্র সেই শুকরদেহ হইডে নিৰ্গত হইয়া হালিতে লাগিলেন এবং ভাবিতে লাগিলেন, 'কি ভয়ম্ব স্থপ দেখিতেছিলাম ! আমি দেবরাজ, আমি এই শ্করজন্মকেই একমাত্র জন্ম বলিয়া মনে করিতেছিলাম; ভুধু তাই নয়, সমগ্র জগৎ শুকরদেহ ধারণ করুক, —আমি এইরূপ ইচ্ছাও করিতেছিলাম।' পুরুষও এইভাবে প্রকৃতির সহিত মিলিত হইয়া বিশ্বত হন যে, তিনি ওজন্বভাব ও অনন্তপ্তরূপ। পুরুষকে 'অন্তিত্বান্' বলিতে পারা যায় না, কারণ পুরুষ স্বয়ং অন্তিত্বস্বরূপ। পুরুষ বা আত্মাকে 'জ্ঞানী' বলিতে পারা যায় না, কারণ আত্মা স্বয়ং জ্ঞানস্বরূপ। তাঁহাকে 'প্রেমদম্পন্ন' বলিতে পারা যায় না, কারণ তিনি স্বয়ং প্রেমস্বন্ধপ। আত্মা অন্তিত্বান্, জ্ঞানযুক্ত অথবা প্রেমময়—এরপ বলা ভূল। প্রেম, জ্ঞান ও অন্তিত্ব পুরুষের গুণ নয়, ঐগুলি তাঁহার স্বরূপ। যথন ঐগুলি কোন বস্তুর উপর প্রতিবিধিত হয়, তখন ঐগুলিকে সেই বস্তুর গুণ বলিতে পারা ধায়। কিন্তু এগুলি পুরুষের গুণ নয়, এগুলি সেই মহান্ আত্মার—অনন্ত পুরুষের স্বরূপ—তাঁহার জন্ম নাই, মৃত্যু নাই, তিনি নিজ মহিমায় বিরাজ

করিভেছেন। কিছ ভিনি সরপ জুলিয়া এভদ্ব অধংপতিত হইরাছেন বে, বিছ ভূমি ভাঁহার নিকট পিয়া বলো, 'ভূমি শুকর নও', তিনি চীৎকার করিভে ধাকিবেন ও ভোমাকে কামড়াইভে আরম্ভ করিবেন।

মারার মধ্যে—এই স্থামর স্পতের মধ্যে আমাদেরও সেই দশা হইয়াছে। এখানে কেবল বোদন, কেবল ছাখ, কেবল ছাছাকার-এখানে কয়েকটি স্বৰ্ণগোলক গড়াইয়া দেওয়া হইয়াছে আৰু সমূদয় জগৎ উহা পাইবার জন্ত কাড়াকাড়ি করিভেছে। তুমি কোন নিয়মেই কখন বদ্ধ ছিলে না। প্রকৃতির বন্ধন ভোমাভে কোন কালেই নাই। বোগী ভোমাকে ইহাই শিক্ষা দিয়া থাকেন, থৈর্যের সহিত ইহা শিক্ষা কর। যোগী ভোষাকে বুঝাইয়া দিৰেন, কিন্ধণে—এই প্রকৃতির সহিত যুক্ত হইয়া, মন ও জগডের সহিত এক করিয়া ফেলিয়া পুরুষ নিজেকে ছঃখী ভাবিতেছে। যোগী আরও বলেন, এই ত্রংথময় সংসার হইতে অব্যাহ্তি পাইবার উপায় অভিজ্ঞতা অর্জনের মধ্য দিয়া। অভিক্রতা লাভ করিতে হইবে নিশ্চয়ই, তবে যত শীস্ত্র উহা শেষ করিয়া ফেলা ষায়, ততই মদল। আমরা নিজেদের এই জালে क्लियाहि, **आमानिगरक देशांत वाहिरत वाहेर** हरेरव। आमता निस्करा এই ফালে পা দিয়াছি, নিজ চেষ্টাভেই আমাদিগকে ইহা হইতে মুক্তি ৰাভ করিতে হইবে। অতএৰ এই শতিশত্নীপ্ৰেম, বন্ধুপ্ৰীতি ও অক্সান্ত বে-দকল ছোটখাট স্নেহ-ভালবাদার আকাজ্ঞা আছে, দবই ভোগ করিয়া লও। যদি নিজের অন্ধণ সর্বদা অরণ থাকে, ভাহা হইলে তুমি শীত্রই নিৰ্বিদ্নে ইছা হইতে উত্তীৰ্ণ হইয়া ষাইবে। কথনও ভূলিও না—এই অবস্থা ষ্ঠি অল্পকণের জন্ম এবং আমাদিগকে উহার মধ্য দিয়া বাইতেই হইবে। অভিক্রভাই--আমাদের একমাত্র মহান্ শিক্ষক, কিন্তু ঐ স্বধহু:ধণ্ডলিকে কৈবল সাময়িক অভিজ্ঞতা বলিয়াই যেন মনে থাকে। এগুলি ধাণে ধাণে আমাদিপকে এমন এক অবস্থায় লইয়া বাইবে, বেখানে অগভের সমৃদয় বস্ত অতি তুচ্ছ হইয়া ৰাইবে, পুরুষ তথন বিশ্ব্যাপী বিরাটক্সণে পরিণত হইবেন, সমুদর জগৎ তথন বেন সমূত্রে একবিন্দু জলের মতো মনে হইবে, এবং উহা আপনিই শৃষ্টে বিদীন হইয়া যাইবে। বিভিন্ন অভিক্রতার ভিতর দিয়া আমাদিগকে বাইতেই হইবে, কিন্ত আমরা বেন আমাদের চরন লক্ষ্য क्षमहे विष्क ना हहे।

বিশেষাবিশেষলিক্ষাত্রালিক্ষানি গুণপর্বাণি ॥ ১৯ ॥
—গুণের এই কয়েকটি অবস্থা আছে, যথা—বিশেষ, অবিশেষ,
চিক্তমাত্র (মহং) ও চিক্ত-শৃশু (প্রকৃতি)।

আমি আপনাদিগকে পূর্ব পূর্ব বক্তৃতার বলিয়াছি, বোগশান্ত সাংখ্য-দর্শনের উপর স্থাপিত; এথানেও পুনর্বার সাংখ্যদর্শনের জগৎস্ঞ্ট-প্রকরণ আপনাদিপকে স্মরণ করাইয়া দিব। সাংখ্যমতে প্রকৃতিই জগভের নিমিত ও উপাদান কারণ—ছুই-ই। এই প্রকৃতিতে আবার ত্রিবিধ উপাদান আছে, যথা—সত্ব, রঞ্জ: ও তম:। তম: উপাদানটি অন্ধকার, যাহা কিছু অফ্রানাত্মক ও গুরু পদার্থ সবই তমোময়। রক্ষ: ক্রিয়াশক্তি।' সত্ত শাস্তভাব—প্রকাশস্ভাব। সৃষ্টির পূর্বে প্রকৃতি বে অবস্থায় থাকে, ভাহাকে वल 'चवाक'—चवित्यव वा चविष्ठकः ; हेशंत चर्थ—व चवत्रात्र नामद्राश्व বিভাগ নাই, বে অবস্থায় ঐ তিনটি পদার্থ ঠিক সাম্যভাবে থাকে। তারপর ঐ সাম্যাবস্থা নষ্ট হয়, এই ডিন উপাদান বিবিধভাবে পরস্পর মিল্রিড হইতে থাকে, ভাহার ফল এই জগৎ। প্রত্যেক ব্যক্তিভেও এই তিনটি উপাদান বিরাজ্মান। যথন সত্ত প্রবল হয়, তথন জানের উদয় रुप्त ; तकः अवन रहेरन किया वृद्धि भाय, जावात छमः अवन रहेरन जसकात, আলস্ত ও অজ্ঞান আমাদের আচ্ছন্ন করে। সাংখ্যমতামুদারে ত্রিগুণময়ী প্রকৃতির সর্বোচ্চ প্রকাশ 'মহৎ' অথবা বৃদ্ধিতত্ত্ব—উহাকে সমষ্টি-বৃদ্ধি বলা যায়, ব্যষ্টি মহয়বুদ্ধি উহারই একটি অংশমাত্র। সাংখ্য মনোবিজ্ঞানে 'মন' ও 'বুদ্ধি'র মধ্যে বিশেষ প্রভেদ আছে। মনের কার্য কেবল বিষয়াভিঘাত-ভ্রমিত বেলনা-ভালিকে সংগ্রহ করিয়া বৃদ্ধি অর্থাৎ ব্যষ্টি-মহতের সমীপে উপনীত করা। বৃদ্ধি ঐ-সকল বিষয় নিশ্চয় করে। মহৎ হইতে অহংতত্ব ও অহংতত্ব হইতে স্পা-ভূতের উৎপত্তি হয়। এই স্ক্ষভূতসকল আবার পরস্পর মিলিত হইয়া এই বাহ্য স্থুলভূতরূপে পরিণত হয়; তাহা হুইতেই এই স্থুল জগতের উৎপত্তি, সাংখ্যদর্শনের মত—বুদ্ধি হইতে আরম্ভ করিয়া একখণ্ড প্রস্তর পর্বস্তু সবই এক উপাদান হইতে উৎপন্ন হইয়াছে, কেবল স্ক্ষতা ও সুৰতা লইয়াই উহাদের প্রভেদ। স্তম্ম কারণ, স্থল কার্য। সাংখ্যদর্শনের মতে পুরুষ সমূদর প্রকৃতিব বাহিবে, ডিনি জড় নন ; বৃদ্ধি, মন, তন্মাত্রা অথবা সুপভূত কোন কিছুর সদৃশ

নন। ইনি সম্পূৰ্ণ পৃথক, ইহার অন্ধণ সম্পূৰ্ণ ভিন্ন। ইহা হইতে ভাহারা নিভাত করেন বে, পুৰুষ অবশ্নই মৃত্যুবহিত, কারণ দ্বিনি কোন প্রকার বিভাগ হইতে উৎপন্ন নন। বাহা বিভাগ হইতে উৎপন্ন নন্ন, দ্ধাহার কবনও নাশ হইতে পারে না। এই পুরুষ বা আত্মাসমূহের সংখ্যা অস্কীম।

এখন আমরা এই প্রেটির ভাৎপর্ব ব্রিভে পারির। 'বিশেব' অর্থে সুল-ভূত—বেওলিকে আমরা ইন্দিয়বারা উপলব্ধি ক্রিডে পারি। 'অবিশেষ' অর্থে স্মৃত্ত—ভরাতা, এই ভয়াতা সাধারণ মাহুর উপদ্ধি করিতে পারে না। পভঞ্জলি বলেন, 'বলি তুমি বোগাভ্যান কর, কিছুদিন পরে ভোশার অহুভৰ-শক্তি এত হুল্ল হইবে যে, ভুন্নি ভন্নাত্ৰাগুলি বাত্তৰিক প্ৰভাক করিবে।' তোমরা ঋনিয়াছ, প্রত্যেক ব্যক্তির চারিদিকে এক প্রকার ল্যোভি: আছে, প্রভ্যেক প্রাণীর ভিতর হইতে সর্বদা এক প্রকার আলোক বাহির হইতেছে। পভঞ্জলি বলেন, কেবল বোগীই উহা দেখিভে পান। আমরা সকলে উহা দেখিতে পাই না, কিছ বেমন পুষ্প হইতে সর্বদাই স্ক্রকণা নির্গত হয়, যেওলি হারা আমরা আত্রাণ পাই, সেইরূপ আমাদের শরীর হইতেও সর্বদাই এই তক্মাত্রাসকল বাহির হইতেছে। প্রত্যুহই আমাদের শরীর হুইতে শুভ বা অশুভ শক্তি ও ভাষরাশি বাহির হইতেছে; এবং আমরা বেখানেই বাই, দেখানেই পরিবেশ এই তন্মাত্রায় পূর্ব থাকে। ইহার প্রকৃত রহস্ত না জানিলেও এইভাবেই অভাতদারে মাহুবের মনে মন্দির, গিশ্বাদি কবিবার ভাব আসিয়াছে। ভগবান্কে উপাসনা কবিবার অভ যন্দিরনির্বাণের কি প্রয়োজন ছিল? বেখানে সেখানে ঈশবের উপাধনা কর না কেন ? কারণ না ভানিলেও মাছ্য ব্রিয়াছিল বে, বেখানে লোকে ঈখরের উপাসনা করে, সে স্থান পবিত্র ভুয়াতার পরিপূর্ণ হইয়া বায়। সকলে প্রভাহ দেখানে যায়, দেখানে যতই বেশী যাভায়াত করে, ভড়ই মাহব পরিত্র হইতে থাকে, দলে দলে ছানটিও পৰিজভর হইতে থাকে। যে ব্যক্তির অভৱে বেশী সম্বন্ধণ নাই, সে বদি সেধানে বার, তাহারও সম্বন্ধবের উত্তেক হইবে। অভএব মন্দির ও ভীর্বাদি কেন পবিত্র বলিয়া গণ্য হয়, ভাহার কারণ বুয়া পোল। কিন্তু এটি সৰ্বলাই সাৱণ রাখিতে হইবে যে, সাধু লোকের সমাগমের উপরেই সেই স্থানের পবিত্রতা নির্ভন করে। কিন্তু মুশকিল এই বে, মাছব মূল উদ্বেশ্ত ভূলিয়া বায়—অধের সন্মুখে শকট বোজনা করে। প্রথমে মাহুরই এই স্থানগুলিকে পৰিত্ৰ কৰিবাছিল, ভাৰপৰ সেই স্থানের পৰিজ্ঞা আৰার কাৰণ হইরা অপরকেও পৰিত্র কৰিত। যদি সে স্থানে সর্বদা অসাধু লোকই বাভারাত করে, ভাহা হইলে সেই স্থান অস্থান্ত স্থানের মভোই অপৰিত্র হইরা বাইবে। ৰাড়িখবের গুণে নর, লোকের গুণেই মন্দির পৰিত্র বলিরা গণ্য হয়; কিছ এটি আমরা সর্বদা ভূলিয়া বাই। এই কারণেই সম্বিক সম্বন্ধণসম্পন্ন সাধু ও মহাত্মাগণ, চতুর্দিকে ঐ সম্বন্ধণ বিকিরণ করিয়া ভাঁহাদের চতুস্পার্যস্থ লোকের উপর দিনরাত প্রচণ্ড প্রভাব বিন্তার করিছে পারেন। মাস্থ এত পৰিত্র হইছে পারে বে, ভাহার সেই পবিত্রভা বেন ম্পর্শ বায়। সাধুর শরীর পবিত্র, ভিনি বেখানে বিচরণ করেন, সেধানেই পবিত্রভা বিচ্ছুরিত হয়। বে কেহ ভাঁহার সংস্পর্ণে আসে, সে-ই পবিত্র

এখন 'লিক্মাত্রের' অর্থ কি, দেখা বাক। 'লিক্মাত্র' বলিতে বৃদ্ধিকে ৰুকায়; উহা প্ৰকৃতির প্ৰথম অভিব্যক্তি, উহা হইতেই অক্সান্ত সমূদয় বস্ক অভিব্যক্ত হইয়াছে। গুণের শেব অবস্থাটির নাম 'অলিক' বা চিহ্ন্সূত্র। এইখানেই আধুনিক বিজ্ঞান ও ধর্মগুলির মধ্যে বিশেষ পার্থক্য দেখা যায়। প্রভাক ধর্মেই এই ভাবটি দেখিতে পাওয়া যায় বে, এই জগৎ চৈতক্তপক্তি হইতে উৎপন্ন হইয়াছে। ঈশ্বর আমাদের ক্রান্ন ব্যক্তিবিশেষ কি-না, এ বিচার ছাড়িয়া দিয়া কেবল মনোবিজ্ঞানের দিক দিয়া ধরিলে ঈশ্ববাদের তাৎপর্ব এই বে, চৈডক্রই স্মষ্টির আদি বন্ধ; তাহা হইতেই স্থুলভূতের প্রকাশ হইয়াছে। কিন্তু আধুনিক দার্শনিক পশুতেরা বলেন, চৈতন্ত স্থাইর শেষ ৰম্ভ। তাঁহাদের মত এই বে, অচেতন জড় বস্তদকল অয়ে আয়ে জীবজন্ততে পরিণত হইরাছে, এই জীবজভ ক্রমশঃ উরত হইরা মহযুদ্ধণে বিকশিত হইয়াছে। তাঁহারা বলেন, জগভের সম্দয় বস্তু বে চৈতক্ত হইতে প্রস্তু ্<mark>হইয়াছে তাহা নয়, বরং চৈতত্তাই স্</mark>ষ্টির সর্বশেষ **বস্ত**। ধর্ম ও বিজ্ঞানের দিৰাত আপাতবিকৰ বলিয়া মনে হইলেও ছুইটি সিৰাত্তই সভ্য। একটি অনত **শুখাল বা শ্রেণী গ্রহণ কর, বেমন ক-খ-ক-খ-ক-খ-ইভ্যাদি; প্রশ্ন এই, ই**হার মধ্যে ক আদিতে অথবা ধ আদিতে? বদি ভূমি এই শৃথালটিকে ক-খ **এইছাপে এইণ কর, ভাহা হইলে অবশু 'ক'কে এখন বলিতে হইবে, কিন্তু** বদি ভূমি উহাকে থ-ক এইভাবে গ্রহণ কর, ভাহা হইলে 'ব'কেই **আ**দি ধরিডে

হাঁৰে। আমবা বে দিক দিয়া দেখিতেছি, ভাষার উপর উহা নির্জন করে।
চৈড্জ পরিণামপ্রাপ্ত হইরা মূলভূতের আকার বারণ করে, মূলভূত আবার
চৈড্জজনপে পরিণত হর, এইভাবেই চলিতে থাকে। লাংখ্যেরা ও অক্তান্ত
ধর্মাচার্বগণ চৈড্জকে অগ্রে হাপন করেন। ভাহাতে ঐ পৃথাল এই আকার
ধারণ করে, যথা—প্রথমে হৈড্জ, পরে জড়। বৈজ্ঞানিক জড়কে গ্রহণ
করিরা বলেন, 'প্রথমে জড়, পরে চৈড্জ'। উভরেই একই পৃথালের কথা
বলিতেহেন। ভারতীয় দর্শন কিন্তু এই চৈড্জ ও অড়—উভরেরই পারে পুরুষ
বা আত্মাকে দেখিতে পান। এই আত্মা বৃদ্ধিরও অভীত; বৃদ্ধি তাঁহারই
প্রতিক্লিত আলোক।

জন্তা দৃশিষাত্রঃ শুজোইপি প্রভ্যেরাস্থপশ্বঃ ॥ ২০ ॥
—জন্তা কেবল চৈড্ম মাত্র; যদিও ভিনি স্বয়ং পবিজ্ঞস্করপ, ভথাপি
বৃদ্ধির ভিতর দিয়া ভিনি দেখিয়া থাকেন।

अथारन'७ नाः श्राप्तर्यत्वत कथा तना इटेएड(ह। आयता भूर्विटे एपियाहि, · শাংখ্যদর্শনের এই মত বে, নিয়তম বিকাশ হইতে বুদ্ধি পর্যন্ত সবই প্রকৃতির অন্তর্গ পুরুষগুণ প্রাকৃতির বাহিরে, এই পুরুষগণের কোন গুণ নাই। ভবে আত্মা তৃঃখী বা হুখী বলিয়া প্রভীয়মান হন কেন? প্রভিফলনের দারা। একখণ্ড ফটিকের নিকট একটি লাল ফুল রাখিলে এ ফটিকটিকে লাল দেধাইবে; সেইদ্লপ আমরা যে হুখ বা ছঃখ বোধ করিতেছি, তাহা বাত্তবিক প্রতিবিধ মাত্র, বাত্তবিক আত্মাতে এ-সকল কিছুই নাই। আত্মা প্রকৃতি হইতে সম্পূর্ণ পৃথক্ বন্ধ। প্রকৃতি এক বন্ধ, আত্মা এক বন্ধ, এই চুই চিরদিন পৃথক্। সাংখ্যেরা বলেন যে, (বৃদ্ধিকাত) কান একটি নিলা পদার্থ, উহার দ্বাসবৃদ্ধি আছে, উহা পরিবর্তনশীল; শরীরের স্থায় উহাও ক্রমশঃ পরিণাম প্রাপ্ত হয়, শরীরের বে-সকল ধর্ম, উহাতেও প্রায় সে-সকল ধর্ম বিভ্যমান। শরীরের পঞ্চে নথ বেমন, এই জানের পক্ষে দেহও পেইরপ। নথ শরীরের একটি অংশ, উহাকে শত শত বার কাটিয়া কেলিলেও শরীর বাঁচিয়া থাকে। দেইরূপ এই শরীর বছবার পরিভাক্ত হইলেও (বুরিফাড) ক্রান যুগৰুগান্তর ধরিরা থাকিবে। কিন্ত ভাহা হইলেও এই আন কখনও অবিনাশী খ্টজে পাৰে না, কাৰণ উহা পৰিবৰ্তনশীল, উহাৰ দ্লাসবৃদ্ধি আছে। আৰ

ৰাহা কিছু পরিবর্তনশীল, ভাহা কখনও অধিনাশী হইছে পাবে না। এই ক্রান অবশ্রই অন্তপদার্ব। আর ইহা হইভেই বুঝাইভেছে, অন্ত আর এক শর্মার্থ আছে। জন্তপদার্থ কখনও মৃক্তসভাব হইতে পারে না। সংগ্রিষ্ট সবকিছু প্রকৃতির অন্তর্গত, স্থতরাং চিরকালের জন্ত বছ। তবে মৃক্ত কে 🕆 বিনি কার্য-কারণ-সহত্তের অভীভ, ভিনিই প্রকৃত মৃক্ত। তুমি যদি বলো, মৃক্তভাবটি ভ্রমাত্মক, আমি বলিব, বন্ধনের ভাবটিও ভ্রমাত্মক। আমাদের ভানে এই ছুই ভাৰই দদা বিবাজিত, পরস্পারের আল্রিড-একটি না ধাকিলে অপরটি থাকিতে পারে না। বন্ধন ও মৃক্তি সহদে ইহাই আমাদের ধারণ।। বদি দেওয়ালের মধ্য দিয়া বাইতে চাই, আমাদের মাধা দেওয়ালে ধাকা ধার; ভাছা হইলে বুরিলাম, আমরা ঐ দেওরালের বারা সীমাবদ। নকে নৰে বুৰিলাম, আমাদের একটা ইচ্ছাশক্তি আছে। এবং মনে করি, এই ইচ্ছাশক্তিকে আমরা বেখানে ইচ্ছা পরিচালিত করিতে পারি। প্রতিপদে এই বিরোধী ভাব-ছুইটি আমাদের সমুখে আসিতেছে। আমাদিগকে বিশাস করিভেই হইবে আমরা মৃক্ত; কিন্তু প্রতি মুহুর্তে দেখিভেছি, আমরা মৃক্ত নই। ছুইটি ভাবের মধ্যে একটি বদি অমাত্মক হয়, ভবে অপরটিও অমাতাক হইবে; আর একটি যদি সভ্য হয়, ভবে অপরটিও ৰত্য হটবে, কারণ উভরেই অহতবরণ একই ভিত্তির উপর স্থাপিত। বোগী বলেন, এই ছুইটি ভাবই সভ্য, বুদ্ধি পর্যন্ত ধরিলে আমরা বন্ধ। কিন্ত আত্মা হিসাবে আমরা মৃক্ত। মাছবের প্রকৃত শ্বরণ--আত্মা বা পুরুষ---কার্বকারণ-শৃন্ধলের বাহিরে। এই আত্মার মৃক্তবভাবটি অড়ের ভিন্ন ভিন্ন ভবের মধ্য দিয়া পরিশ্রুভ হইয়া বৃদ্ধি, মন ইত্যাদি নানা আকার ধারণ ক্রিয়াছে। আত্মারই জ্যোতিঃ সবকিছুর ভিতর দিয়া প্রকাশিত হইতেছে। বৃদ্ধির নিব্দের কোন আলো নাই। মন্তিকে প্রত্যেক ইন্তিয়েরই এক একটি কেন্দ্র আছে। সকল ইন্সিয়ের বে একটিমাত্র কেন্স, ভাহা নয়, প্রভ্যেক ইন্সিয়ের কেন্দ্র পৃথক্। ভবে আমাদের এই অহুভৃতিওলি সামঞ্জ লাভ করে কিভাবে ? কোৰায় ভাহারা একত্ব লাভ করে ? মতিকে যদি ভাহারা এই একৰ লাভ কৰিত, তাহা হইলে চকু, কৰ্ণ, নাদিকা প্ৰভৃতি ইন্দ্ৰিয়গুলির একটি ষাত্র কেন্দ্র থাকিত। কিছু খামরা নিশ্চিডভাবে খানি বে, প্রভ্যেকটি ইন্দ্রিরের জন্ত ভিন্ন ভিন্ন কেন্দ্র আছে। সাহুব কিন্তু একই সমরে দৈবিতে

ও শ্লাজে পার। ইহাজেই বোধ হইভেছে বে, এই বুদ্ধির পশ্চাতে অবশ্রই একটি একৰ আছে। বৃদ্ধি সভিষ্কের সহিত সংগ্—কিন্ত এই বৃদ্ধিরও পশ্চাতে পুরুষ বহিরাছেন। তিনিই একদ্বরূপ। তাঁহার নিকট গিয়াই সমুদয় বেদনা ও অহস্তি মিলিত হয় ও একীভাব ধারণ করে। আত্মাই দেই কেন্দ্ৰ, বেখানে সম্পন্ন ভিন্ন ভিন্ন ইন্দ্ৰিয়ামুভ্তি মিলিড ও একীভূত হয়। সেই আত্মা মৃক্তবভাব। এই আত্মার মৃক্ত বভাবই ভোমাকে প্রতি মুহুর্তে বলিভেছে, তুমি মুক্ত। কিছ তুমি ভূল করিভেছ। সেই মৃক্ত স্বভাবকে প্রতি মৃহুর্তে বৃদ্ধি ও মনের সহিত মিল্লিড করিয়া ফেলিভেছ। ভূমি সেই মৃক্ত অভাব বৃদ্ধিতে আরোপ করিবার চেষ্টা করিতেছ। আবার ভৎকণাৎ দেখিতে পাইতেছ বে, বৃদ্ধি মৃক্তমভাব নর। তুমি তথন সেই মৃক্ত অভাব দেহে আরোপ করিয়া থাকো, কিন্ত প্রকৃতি ভোষাকে তৎক্ষণাৎ বলিয়া দেন, তুমি আবার ভুল করিয়াছ। এই জন্তই একই সময়ে আমাদের মৃক্তি ও বন্ধনের মিশ্রিত অহভৃতি দেখিতে পাওয়া যায়। যোগী মৃক্ত ও বন্ধ, উভয় অবস্থারই বিলেষণ করেন; এবং তাঁছার অঞ্জানাত্মকার দূর হয়। ভিনি বুঝিতে পারেন বে, পুরুষই মৃক্ত, আনঘন; বৃদ্ধিরণ উপাধির নুমধ্য দিয়া তিনিই এই সাস্ত (সীমাবদ্ধ) জ্ঞানরূপে প্রকাশ পাইতেছেন, সেই হিসাবেই তিনি বছ।

ভদর্থ এব দৃশ্যস্তাত্মা॥ ২১॥

—দৃশ্যের (অর্থাৎ প্রকৃতির) আত্মা (সভাব, প্রকৃতি ও তাহার বিভিন্ন আকারে পরিণাম) চিন্ময় পুরুষেরই (ভোগ ও মুক্তির) জয়।

প্রকৃতির নিজের কোন শক্তি নাই। যতক্ষণ পুরুষ উপস্থিত থাকেন, ততক্ষণই ভাহার শক্তি প্রতীরমান হয়। চদ্রের আলোক বেমন ভাহার নিজের নয়, প্রতিফলিত,—প্রকৃতির শক্তিও ভদ্রেপ। যোগীদের মতে প্রকৃতির শম্দর অভিব্যক্তি প্রকৃতি হইতেই উৎপন্ন; কিছ পুরুষকে মৃক্ত করা ছাড়া প্রকৃতির নিজের কোন উদ্দেশ্ত নাই।

কুতার্থং প্রতি নপ্তরশ্যনষ্ঠং তদক্যসাধারণত্বাৎ ॥ ২২ ॥
—বিনি সেই পরম পদ লাভ করিয়াছেন, তাঁহার পক্ষে প্রকৃতি

(বা অজ্ঞান) নষ্ট হইলেও উহা নষ্ট হয় না, কারণ অপরের পক্ষে উহা থাকে।

আত্মা বে প্রকৃতি হইতে সম্পূর্ণ বতর, ইহা আনানোই প্রকৃতির সব কাজের একমাত্র লক্ষা। বধন আত্মা ইহা আনিতে পারেন, তখন প্রকৃতি আর তাঁহাকে কিছুতেই আকর্ষণ করিতে পারেন না। বিনি মৃক্ত হইরাছেন, তাঁহার পক্ষেই সমৃদর প্রকৃতি লর পার। কিছু অনন্ত কোটি আত্মা বা প্রকৃষ চিরকালই থাকিবে, তাহাদের অন্ত প্রকৃতি কার্য করিয়া যাইবে।

স্বস্থানিশক্ত্যোঃ স্বরূপোপলবিহেতুঃ সংযোগঃ॥ ২৩॥

— দৃশ্য ও উহার প্রভু জন্তার শক্তিষয়ের (ভোগ্যন্থ ও ভোক্ত্বরূপ)

স্বরূপ উপলবির হেতু সংযোগ।

এই প্রোহ্নারে—আত্মা ও প্রকৃতি যথন সংযুক্ত হন, তথনই (এই সংবোগবশতঃ) উভরের (বথাক্রমে প্রাষ্ট্র ও দৃশ্রম্ব) ঘুই শক্তি প্রকাশিত হইরা থাকে। তথনই এই অগৎপ্রাপঞ্চ ভির ভির রূপে ব্যক্ত হইতে থাকে। অক্সানই এই সংবোগের হেতু। আমরা প্রতিদিনই দেখিতে পাইতেছি বে, আমাদের তৃঃখ বা অথের কারণ—শরীরের সহিত সংবোগ। বদি আমার এই নিশ্রম জ্ঞান থাকিত বে, আমি শরীর নই, তবে আমার শীত-গ্রীম্ম বা অন্ত কিছুরই থেয়াল থাকিত না। এই শরীর একটি সংহতি মাত্র। আমার একটি দেহ আছে, তোমার অন্ত একটি দেহ আছে, ত্রের আবার একটি পৃথক্ দেহ—এরপ বলা কেবল রূপকথা-মাত্র। সমগ্র জগৎ জড়ের এক বহাসমূলে। সেই মহাসমৃদ্রের এক বিন্দুর নাম 'জ্মি', এক বিন্দুর নাম 'আমি' ও আর এক বিন্দুর নাম 'স্র্ব'। আমরা জানি, এই জড়রালি সর্বদাই স্থান পরিবর্তন করিতেছে। আল বাহা প্র্রের উপাদানভূত, কাল তাহা আমাদের শরীরের উপাদানে পরিণত হইতে পারে।

ভক্ত হেভুরবিছা ॥ ২৪॥

—এই সংযোগের কারণ অবিভা অর্থাৎ অজ্ঞান।

আমরা অজ্ঞানবণতঃ এক নির্দিষ্ট শরীরে নিজেদের আবদ করিয়া হংথের পথ উমুক্ত রাধিয়াছি। 'আমি শরীর' এই ধারণা একটি কুসংকার যাত্র। এই কুশংকারই আমারিগকে স্থানী বা দুংগী করিতেছে। অজ্ঞানপ্রকৃত্ত এই কুশংকার হইতে আমরা শীত-উফ, স্থ-দুংগ—এই দব বোধ
করিতেছি। আমানের কর্তব্য, এই সংকারকে অভিক্রম করা। কি করিরা
ইহা কার্বে পরিণত করিতে হইবে, বোগী তাহা দেখাইরা দেন। ইহা
প্রমাণিত হইরাছে বে, মনের কোন বিশেষ অবস্থার শরীর দ্যা হইলেও
বাহ্ব কোন বরণা বোধ করিবে না। তবে মনের এইরূপ আক্ষিক
উচ্চাবস্থা হরতো এক নিমিবের অন্ত যুণাবর্তের মতো আদে, আবার পরক্ষণেই
চলিরা বার। কিন্ত বদি আমরা এই অবস্থা বোগের বারা বৈজ্ঞানিক
প্রণালীতে লাভ করি, তাহা হইলে আমরা স্থারিভাবে অম্ভব করিব—শরীর
হইতে আত্মা পৃথকু।

ভদভাবাৎ সংযোগাভাবো হানং ভদ্দে: কৈবল্যম্ ॥ ২৫ ॥
—এই অজ্ঞানের অভাব হইলেই পুরুষ-প্রকৃতির সংযোগ নষ্ট
হইয়া যায়। ইহাই হান (অজ্ঞানের পরিত্যাগ), ইহাই জন্তার
কৈবল্যপদে অবস্থিতি বা মুক্তি।

বোগদর্শনের, মতে আত্মা অবিভাবণতঃ প্রকৃতির সহিত সংস্কৃত্ ইইরাছেন; প্রকৃতির প্রভাব ইইতে মুক্ত হওরাই আমাদের উদ্দেশ্য। ইহাই সকল ধর্মের একমাত্র লক্ষ্য। আত্মামাত্রেই অব্যক্ত ব্রন্ধ। বাহ্য ও অভঃপ্রকৃতি বন্ধীভূত করিয়া আত্মার এই ব্রন্ধভাব ব্যক্ত করাই জীবনের চরম লক্ষ্য। কর্ম, উপাসনা, মনঃসংঘম অথবা জান, এগুলির মধ্যে এক, একাধিক বা সকল উপার ঘারা এই ব্রন্ধভাব ব্যক্ত কর ও মুক্ত হও। ইহাই ধর্মের পূর্ণাল। মত, অহুষ্ঠান-পছতি, লাজ, মন্দির বা বাহ্য ক্রিয়াকলাপ ধর্মের গৌণ অল মাত্র। বোদী মনঃসংঘমের ঘারা এই চরম লক্ষ্যে উপনীত হইতে চেটা করেন। ঘতদিন না আমরা প্রকৃতির প্রভাব হইতে নিজদিগকে মুক্ত করিতে পারি, তভদিন ভো আমরা ক্রীতহাস; প্রকৃতি বেমন নির্দেশ দের, আমরা সেইভাবে চলিতে বাধ্য হই। বোদী বলেন, যিনি মনকে বলীভূত করিতে পারেন, তিনি অভ্যক্তে বলীভূত করিতে পারেন। অভঃপ্রকৃতি বাহ্যপ্রকৃতি অপেকা আনেক উচ্চতর, ভ্রন্থাং উহার সহিত সংগ্রাম করা—উহাকে লয় ক্রিয়াছেন, অপেকাকৃত করিন। এই কারণে বিনি অভঃপ্রকৃতি করা ক্রিয়াছেন, সম্দয় জগৎ তাঁহার বনীভূত, তাঁহার দাসস্থরপ। প্রকৃতিকে এইরপে বনীভূত করিবার উপায় রাজবাগে উপস্থাপিত হইয়াছে। আমরা বাজ্জগতে বে-সকল শক্তির সহিত পরিচিত, তদপেকা উচ্চতর শক্তিসমূহকে বশে আনিতে হইবে। এই শরীর মনের একটি বাহ্ আবরণ মাত্র। শরীর ও মন বে তুইটি ভিন্ন ভিন্ন বস্তু তাহা নয়, উহারা শুক্তি ও তাহার কঠিন আবরণের মতো। উহারা এক বস্তুরই তুইটি বিভিন্ন অবস্থা। শুক্তির আভ্যন্তরীণ পদার্থটি বাহির হইতে নানাপ্রকার উপাদান গ্রহণ করিয়া ঐ বাহ্ আবরণ প্রস্তুত করে। এইভাবেই মনোনামধেয় এই আভ্যন্তরীণ স্ক্র্মণজিসমূহও বাহির হইতে কুল পদার্থ লইয়া তাহা হইতে এই শরীররূপ বাহ্ আবরণ প্রস্তুত করিভেছে। স্বত্রাং যদি আমরা অন্তর্জগৎ জয় করিতে পারি, তবে বাহ্তুজগৎ জয় করা খ্ব সহজ্ব হইয়া পড়ে। আবার এই তুই শক্তি যে পরস্পর বিভিন্ন, তাহা নয়। কতকগুলি শক্তি শারীরিক ও কতকগুলি মানসিক, তাহা নয়। বেমন এই দৃশ্যমান জগৎ স্ক্রজগতের স্কুল প্রকাশ মাত্র, তেমনি বাহ্ত্নশক্তিও স্ক্রশক্তির স্কুল প্রকাশ মাত্র।

বিবেকখ্যাভিরবিপ্লবা হানোপায়ঃ॥ ২৬॥ —নিরস্তর এই বিবেকের অভ্যাসই অজ্ঞান-নাশের উপায়।

সমৃদয় সাধনের প্রকৃত লক্ষ্য এই সদস্থিবৈক—এইটি বিশেষরূপে জানা বে, পুরুষ প্রকৃতি হইতে স্বতন্ত্র, পুরুষ জড়ও নন, মনও নন; আর উনি প্রকৃতি নন বলিয়া উহার কোনরূপ পরিবর্তনও সম্ভব নয়। কেবল প্রকৃতিই সর্বদা পরিণত হইতেছে, সর্বদাই উহার সংশ্লেষ, বিশ্লেষ ও পুন:সংশ্লেষ ঘটিতেছে। যখন নিরম্ভর অভ্যাদের দারা আমরা এই বিবেকজ্ঞান লাভ করিব, তথনই অজ্ঞান চলিয়া যাইবে। তথনই পুরুষ স্ব-স্বরূপে অর্থাৎ সর্বজ্ঞ-সর্বশক্তিমান্- ও সর্বব্যাপি-রূপে প্রতিভাত হইবেন।

ভশ্ম সপ্তধা প্রান্তভূমিঃ প্রজা॥ ২৭ ॥ —ভাঁহার (জ্ঞানীর) বিবেকজ্ঞানের উচ্চতম ভূমির সাভটি স্তর।

যথন এই জ্ঞান লাভ হইতে থাকে, তথন বেন উহা একটির পর আর একটি করিয়া সপ্তত্তরে আসিতে থাকে। যথন উহাদের মধ্যে একটি অবস্থা আরম্ভ হয়, আমরা তথন ব্ঝিতে পারি যে, আমরা জ্ঞানলাভ করিডেছি।

প্রথমে এইরূপ অবস্থা আদিবে, মনে হইবে—'বাহা ভানিবার ভাহা ভানিয়াছি'; মনে তথন আর কোনরপ অসভোষ থাকিবে না। যতকণ আমারের প্রানশিশাসা থাকে, ভতক্ষণ আমরা ইভন্তভঃ জ্ঞানের অনুসন্ধান করি। ষেধানেই কিছু সভ্য পাইব ৰলিয়া মনে হয়, অমনি সেদিকে ধাবিত হই। দেখানে উহা না পাইলৈ মনে অশান্তি আদে, আবার অস্ত একদিকে সন্ধান করি। বতদিন না অহতেব করিতে পারি যে, সমুদ্য জ্ঞান আমাদের ভিতরেই রহিয়াছে, বতদিন না বোধ করি, কেহই আমাদিগকে সভ্যলাভে সাহাব্য করিতে পারে না, আমাদের নিজেদের সাহাষ্য করিতে হইবে, তভদিন সমৃদয়-দত্যান্বেষণই বুধা। বিবেক অভ্যাদ করিছে আরম্ভ করিলে আমরা বে দত্যের নিকটবর্তী ছইভেছি, তাহার প্রথম এই লক্ষণ প্রকাশ পাইবে বে, ঐ অসম্ভোবের ভাব চলিয়া বাইবে। আমাদের নিশ্চিত ধারণা ছইবে, আমরা সত্য পাইয়াছি এবং ইহা সত্য ব্যতীত আর কিছুই হইতে পারে না। তথন আমরা জানিতে পারিব যে, সত্যস্তব্ধপ সূর্য উদিত হইতেছেন, আমাদের অজ্ঞানরত্বনী প্রভাত হইতেছে। তথন সাহসে বুক বাঁধিয়া অধ্যবসায় অবলম্বন করিতে হইবে,—যতদিন না সেই পরসপদ লাভ হয়। দিতীয় অবস্থায় সমস্ত তু:ধ চলিয়া শাইবে। বাহ্ন বা আভ্যম্ভর কোন বিষয়ই তথন আমাদিগকে তু:ধ দিভে পারিবে না। তৃতীয় অবস্থায় আমরা পূর্ণ জ্ঞান লাভ করিব, অর্থাৎ সর্বজ্ঞ হইব। চতুর্থ অবস্থায় বিবেকসহায়ে সমৃদয় কর্তব্যের অবসান হইবে। তারপরে 'চিত্তবিমৃক্তি' অবস্থা আসিবে। আমরা বুঝিতে পারিব, আমাদের বিশ্ববিপত্তি সব চলিয়া গিয়াছে। বেমন কোন পর্বতের চূড়া হইতে একটি প্রস্তর্থণ্ড নিয়ে উপত্যকায় পতিত হইলে আর কথন উপরে উঠিতে পারে না, দেইরূপ মনের সংগ্রাম ও চঞ্চলতা সব নীচে পড়িয়া যাইবে, আর মনে উঠিবে না। পরবর্তী অবস্থায়—চিত্ত বুঝিতে পারিবে, ইচ্ছামাত্রই উহা স্বকারণে লীন হইয়া যাইতেছে। অবশেষে দেখিতে পাইব, আমরা খ-স্বদ্ধপে অবস্থিত আছি; দেখিৰ, এতদিন জগতে কেবল একাকী আত্মাব্ধপে আমরাই রহিয়াছি। মন বা শরীরের সঙ্গে আমাদের কোন সম্পর্ক নাই। উহারা তো আমাদিগের সহিত কথনই যুক্ত ছিল না। উহারা আপন আপন কাল করিতেছিল, আমরা অঞানবশতঃ নিজদিগকে উহাদের সহিত যুক্ত করিয়াছিলাম। কিন্তু আমরা একাকী, নিঃসঙ্গ, কেবল, সর্বশক্তিমান্, সর্বব্যাপী ও সদানন্দ। আমাদের আত্মা এত পবিত্র ও পূর্ণ ছিল বে, আমাদের আর কিছুই আবশ্রক ছিল না। আমাদিগকে স্থী করিবার জন্ত আর কাহাকেও প্রয়োজন ছিল না, কারণ আমরাই স্থপদ্ধণ। আমরা দেখিতে পাইব, এই জ্ঞান জন্ত কিছুর উপর নির্ভর করে না। জগতে এমন কিছুই নাই, বাহা আমাদের জ্ঞানালোকে উদ্ভালিত না হইবে। ইহাই বোগীর চরম অবস্থা; বোগী তখন ধীর ও শাস্ত হইরা বান, আর কোন প্রকার কট অমুভব করেন না, আর কখনও জ্ঞান-মোহে ভ্রান্ত হন না এবং ত্বংথ আর তাহাকে স্পর্ণ করিতে পারে না। তিনি আনিতে পারেন, 'আমি নিত্যানন্দ-ক্ষণ, নিত্যপূর্ণস্ক্রপ ও সর্বশক্তিমান্।'

বোগালাকুন্তানাদশুদ্ধিক্ষয়ে জ্ঞানদীপ্তিরাবিবেকখ্যাতেঃ॥ ২৮॥
—যোগের বিভিন্ন অঙ্গগেল অনুষ্ঠান করিতে করিতে মনের মলিনতা
দূর হইয়া গেলে জ্ঞান উদ্ভাসিত হইয়া উঠে; উহার শেষ সীমা বিবেকখ্যাতি।

এখন সাধনের কথা বলা হইডেছে। এতক্ষণ বাহা বলা হইডেছিল, তাহা অনেক উচ্চতর ব্যাপার। উহা অনেক দ্বে, অনেক উর্ধে, কিছ উহাই আমাদের আদর্শ। প্রথমতঃ শরীর ও মন সংযত করা আবশ্রক। তথনই প্রোক্ত আদর্শের উপলব্ধি স্থায়ী হইতে পারে। আদর্শ কি, তাহা আমরা জানিয়াছি; এখন উহা লাভের জন্ম সাধন করিতে হইবে।

যম-নিয়মাসন-প্রাণায়াম-প্রত্যাহার-ধারণা-ধ্যান-সমাধ্যোইটাবলানি ॥ ২৯ ॥

—যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধারণা, ধ্যান, সমাধি—। এই আটটি যোগের অঙ্গস্বরূপ।

অহিংসা-সভ্যান্তের-ব্রহ্মচর্যাপরিগ্রহা যমা:॥ ৩০॥ —অহিংসা, সভ্য, অন্তেয় (অচোর্য), ব্রহ্মচর্য ও অপরিগ্রহ— এইগুলিকে 'যম' বলে। পূর্ণ যোগী হইতে গেলে বাধককে স্ত্রী-পুরুষ বিদ্যাভিমান ত্যাগ করিতে হইবে। আত্মার কোন বিদ্ধ নাই; তবে বিদ্যাভিমান বারা নিজেকে অবনমিত করিবে কেন? পরে আমরা আরও স্পাই বুঝিতে পারিব, কেন এই-সকল তাব একেবারে পরিত্যাগ করিতে হইবে। চৌর্ব বেমন অসংকার্য, পরিগ্রহ অর্থাৎ অপরের নিকট হইতে কিছু গ্রহণ করাও সেইক্লপ অসংকর্ম। যিনি অপরের নিকট হইতে কিছু গ্রহণ করেন, তাঁহার মন দাতার মন বারা প্রভাবিত হয়, স্কৃত্রাং যিনি দান গ্রহণ করেন, তাঁহার পতিত হইবার সম্ভাবনা। অপরের নিকট হইতে দান গ্রহণ করিলে মনের স্বাধীনতা নই হইতে পারে, আমরা ক্রীতদাসত্ব্য হইয়া পড়িতে পারি। অতএব কোন দান গ্রহণ করিও না।

এতে জাতি-দেশ-কাল-সময়ানবিচ্ছিয়াঃ সার্বভৌষা মহাত্রতম্ ॥ ৩১॥
—এইগুলি জাতি, দেশ, কাল ও সময় (অর্থাৎ সাময়িক কর্তব্য বা উদ্দেশ্য) দ্বারা অবচ্ছিন্ন বা সীমাবদ্ধ না হ'ইলে সার্বভৌম (অর্থাৎ সর্বজনীন) মহাত্রত বলিয়া কথিত হয়।

এই সাধনগুলি অর্থাৎ অহিংসা, সত্য, অন্তেয়, ত্রন্ধচর্য ও অপরিগ্রহ প্রত্যেক পুরুষ, স্থী ও বালকের পক্ষে জাতি, দেশ অথবা অবস্থা-নির্বিশেষে অহঠেয়।

শৌচ-সন্তোষ-ভপঃ-স্বাধ্যায়েশ্বরপ্রণিধানানি নিয়মাঃ॥ ৩২॥
—বাহ্য ও অস্তঃশৌচ, সন্তোষ, তপস্তা, স্বাধ্যায় (মন্ত্রজ্ঞপ বা অধ্যাত্মশাস্ত্র পাঠ) ও ঈশ্বরোপাসনা এইগুলি 'নিয়ম'।

বাহ্নশোচ অর্থে শরীরকে পবিত্র রাখা; অশুচি ব্যক্তি কখনও বোগী হইতে পারে না। সঙ্গে সঙ্গে অন্ত:শোচও আবশ্রক। পূর্বে সমাধিপাদ, ৬৬শ স্ত্রে যে ধর্মগুলির কথা বলা হইয়াছে, তাহা হইতেই এই অন্ত:শোচ আসে। অবশ্র বাহ্নোচ অপেকা অন্ত:শোচ অধিকতর প্রয়োজন, কিছ উভয়টিরই প্রয়োজনীয়তা আছে; আর অন্ত:শোচ ব্যতীত কেবল বাহ্নোচ কোন কাজে আসে না।

১ 'বমে'র প্রথম তিনটি সাধনের জন্ত 'সংক্ষেপে রাজবোগ' অধ্যার জন্তব্য।

বিভৰ্কবাধনে প্ৰতিপক্ষভাবনম্ ॥ ৩৩ ॥

—যোগের প্রতিবন্ধক ভাবসমূহ উপস্থিত হইলে ঐগুলির বিপরীত চিন্তা করিতে হইবে।

পূর্বে যে-সকল ধর্মের কথা বলা হইল সেগুলি জভ্যাস করিবার উপায়— মনে বিপরীত প্রকারের চিস্তান্ত্রোত প্রবাহিত করা; জন্তরে চৌর্বের ভাব জাসিলে জচৌর্বের চিস্তা করিতে হইবে। দান গ্রহণ করিবার ইচ্ছা হইলে উহার বিপরীত চিম্ভা করিতে হইবে।

বিভর্কা হিংসাদয়ঃ কৃতকারিভামুমোদিভা লোভকোধমোহপূর্বকা মৃত্যুমধ্যাধিমাত্রা ত্বঃখাজ্ঞানানম্ভকলা ইতি প্রতিপক্ষভাবনম্ ॥ ৩৪ ॥ —পূর্বসূত্রে যে প্রতিপক্ষ-ভাবনার কথা বলা হইয়ছে, তাহার প্রণালী এইরপঃ বিভর্ক অর্থাৎ যোগের প্রতিবন্ধক হিংসাদি কৃত, কারিত অথবা সৃষ্মমোদিভ; উহাদের কারণ লোভ, ক্রোধ বা মোহ অর্থাৎ অজ্ঞান, তাহা অল্লই হউক আর মধ্যম পরিমাণই হউক, অথবা অধিক পরিমাণই হউক; উহাদের ফল অনস্ত অজ্ঞান ও ক্লেশ; এইরূপ ভাবনাকেই প্রতিপক্ষ-ভাবনা বলে।

আমি নিজে মিথ্যা কথা বলিলে যে পাপ হয়, যদি আমি অপরকে মিথ্যা কথা বলিতে প্রবৃত্ত করি, অথবা অপরে মিথ্যা বলিলে ভাহা অনুমোদন করি, ভাহাতেও তুল্য পরিমাণ পাপ হয়। মিথ্যা সামান্ত হইলেও উহা মিথ্যা। পর্বভগুহায় বসিয়াও যদি তুমি পাপ চিজ্ঞা করিয়া থাকো, যদি কাহারও প্রতি অন্তরে ঘুণা প্রকাশ করিয়া থাকো, ভাহা হইলে ভাহাও দক্ষিত থাকিবে, কালে আবার ভাহা ভোমার উপর প্রতিঘাত করিবে, একদিন না একদিন কোন না কোন প্রকার তুংখের আকারে উহা প্রবলবেগে ভোমাকে আক্রমণ করিবে। তুমি যদি দ্বর্যা ও ঘুণার ভাব পোষণ কর এবং চতুদিকে প্রেরণ কর, ভবে বধিতভাবে উহা ভোমার নিকট ফিরিয়া আদিবে। জগতের কোন শক্তিই উহা নিবারণ করিতে পারিবে না। তুমি যথন একবার ঐ শক্তি প্রেরণ করিয়ে, তখন অবস্থ ভোমাকে উহার প্রতিঘাত সহ্থ করিতে হইবে। এইটি শ্বরণ করিলে তুমি অসৎকার্য হইতে নিবৃত্ত হইবে।

আহিংসাপ্রতিষ্ঠায়াং তৎসন্ধিধো বৈরত্যাগঃ॥ ৩৫॥
—যাহার অন্তরে অহিংসা প্রতিষ্ঠিত হইয়াছে তাহার সমীপে অপরের
শ্বাভাবিক বৈরিতাও পরিত্যক্ত হয়।

যদি কোন ব্যক্তি অহিংসার আদর্শ পূর্ণভাবে উপলব্ধি করেন, তবে তাঁহার সম্মুখে যে-সকল প্রাণী স্বভাবতই হিংস্র, তাহারাও শাস্তভাব ধারণ করে। সেই যোগীর সম্মুখে ব্যাদ্র ও মেধ-শাবক একত্র ক্রীড়া করিবে, পরস্পরকে হিংসা করিবে না। এই অবস্থা লাভ হইলে তবে ব্ঝিতে পারিবে যে, তুমি অহিংসভাবে দৃঢ়প্রতিষ্ঠিত হইয়াছ।

সভ্যপ্রতিষ্ঠায়াং ক্রিয়াফলাশ্রয়ত্বম্ ॥ ৩৬॥

—সত্য হৃদয়ে প্রতিষ্ঠিত হইলে কোন কর্ম না করিয়াই যোগী নিজের জন্ম বা অপরের জন্ম সেই কর্মের ফল লাভ করিবার শক্তি অর্জন করেন।

যথন এই সত্যের শক্তি ভোমার মধ্যে প্রতিষ্ঠিত হইবে, যথন স্থপেও তুমি মিথাা কথা কহিবে না, যথন কার্যমনোবাক্যে সত্য আচরণ করিবে, তথন তুমি যাহা বলিবে, ভাহাই সভ্য হইয়া ঘাইবে। তথন তুমি যদি কাহাকেও বলো, 'তুমি ক্বভার্থ হও,' সে তৎক্ষণাৎ ক্বভার্থ হইয়া ঘাইবে। কোন পীড়িত ব্যক্তিকে যদি বলো, 'রোগমুক্ত হও,' সে তৎক্ষণাৎ রোগমুক্ত হইয়া ঘাইবে।

অন্তেয়প্রতিষ্ঠায়াং সর্বরত্নোপন্থানন্ ॥ ৩৭ ॥ —অচৌর্য প্রতিষ্ঠিত হইলে যোগীর নিকট সমুদয় ধন-রত্নাদি আসিয়া থাকে।

তুমি ষতই প্রকৃতি হইতে পলায়নের চেষ্টা করিবে, প্রকৃতি ততই তোমার অন্থসরণ করিবে; আর তুমি যদি সেই প্রকৃতির প্রতি কিছুমাত্র লক্ষ্য না কর, তবে সে তোমার দাসী হইয়া থাকিবে।

ত্ৰহ্মচৰ্যপ্ৰতিষ্ঠায়াং বী**ৰ্যনাভঃ ॥ ৩৮ ॥** —ব্ৰহ্মচৰ্য প্ৰতিষ্ঠিত হইলে বীৰ্য বা শক্তি লাভ হয়। বন্ধচর্থবান্ ব্যক্তির মন্তিকে প্রবল শক্তি—মহতী ইচ্ছাশক্তি সঞ্চিত থাকে।
পবিত্রতা ব্যতীত আধ্যাত্মিক শক্তি সম্ভব নয়। ব্রন্ধচর্থ বারা মাম্বের
উপর আশ্চর্য ক্ষমতা লাভ করা যায়। মানবদমাক্তের ধর্ম-নেতাগণ সকলেট
বন্ধচর্যবান্ ছিলেন, এই ব্রন্ধচর্য হইতেই তাঁহারা শক্তি লাভ করিয়াছিলেন;
অতএব ধোগী অবশ্রই ব্রন্ধচর্যবান্ হইবেন

অপরিগ্রহ**ৈছর্যে জন্মকথন্তাসংবোধঃ॥ ৩৯॥** —অপরিগ্রহ দৃঢ়প্রতিষ্ঠিত হইলে পূর্বজন্ম স্মৃতিপথে উদিত হইবে।

যথন কেহ অপরের নিকট হইতে কোন বস্ত গ্রহণ করেন না, তথন তাঁহার অপরের সহিত বাধ্যবাধকতা হয় না, তিনি স্বাধীন ও মৃক্তই থাকেন। তাঁহার মন শুদ্ধ হইয়া ধায়। প্রতিটি দানের সহিত দাতার মন্দ ভাবগুলিও গ্রহণ করিতে হইতে পারে। এই পরিগ্রহ ত্যাগ করিলে মন শুদ্ধ হইয়া ধায়, আর ইহা হইতে বে-সকল শক্তি লাভ হয়, তন্মধ্যে প্রথম পূর্বজন্মকথা মনে করিতে পারা। তখনই সেই ধোগী সম্পূর্ণক্লপে তাঁহার নিজ আদর্শে দৃঢ় হইয়া থাকিতে পারেন। কারণ তিনি দেখিতে পান, বহুবার তিনি কেবল খাওয়া-আসা করিতেছেন। স্কুত্রাং তিনি তখন হইতে দৃঢ়প্রতিজ্ঞাক্ত হন বে, এইবার আমি মৃক্ত হইব, আর খাওয়া-আসা করিব না, আর প্রকৃতির দাদ হইব না।

শোচাৎ স্বাক্তজুগুন্সা পরেরসংসর্গঃ॥ ৪০॥

—শোচ প্রতিষ্ঠিত হইলে নিজের শরীরের প্রতি ঘৃণার উদ্রেক হয়, অন্যের সঙ্গ করিতেও আর প্রবৃত্তি থাকে না।

যথন বান্তবিক বাহ্ ও আন্তর—উভয় প্রকার শৌচ দিদ্ধ হয়, তথন শরীরের প্রতি অযত্ম আদে; কিসে উহা ভাল থাকিবে, কিসেই বা উহা স্থলর দেখাইবে, এ-দকল ভাব একেবারে চলিয়া যায়। অপরে যে মুখ অতি স্থলর বলিবে, তাহাতে জ্ঞানের কোন চিহ্ন না থাকিলে যোগীর নিকট তাহা পশুর মৃথ বলিয়া প্রতীয়মান হইবে। জগতের লোক যে মুথে কোন বিশেষত্ম দেখে না, তাহার পশ্চাতে চৈতন্তের প্রকাশ থাকিলে তিনি তাহাকে স্থগীয় মনেকরিবেন। এই দেহতৃষ্ণা মহয়জীবনে সর্বনাশের কারণ। স্থতবাং শৌচ-প্রতিষ্ঠার প্রথম লক্ষণ এই যে, তুমি নিজে একটি শরীর বলিয়া ভাবিতে

চাহিবে না। আমাদের মধ্যে ধখন এই শৌচ বা পবিত্রতা আসে, তখনই আমরা এই দেহ-ভাব অভিক্রম করিতে পারি।

সন্ধৃত্ত কি-সোমন সৈকা গ্রেক্ত ক্রিয়জরা স্থাদর্শন যোগ্য ছানি চ॥ ৪১॥
—এই শৌচ হইতে সন্থ-শুদ্ধি, সৌমনস্থ অর্থাৎ মনের প্রফুল্ল ভাব,
একাগ্রতা, ইন্দ্রিয় জয় ও আত্মদর্শনের যোগ্যতা লাভ হইয়া
থাকে।

এই শৌচ-অভ্যাদের দারা সম্বশুণ বধিত হইবে, স্থতরাং মনও একাগ্র ও প্রফুল্ল হইবে। তুমি যে ধর্মপথে অগ্রসর হইতেছ, তাহার প্রথম লকণ এই যে, তুমি বেশ প্রফুল্ল হইতেছ। বিষাদপূর্ণ ভাব অবশ্য অন্ধীর্ণ বোগের ফল হইতে পারে, কিন্তু তাহা ধর্ম নয়। স্থাই সত্তের স্বভাবসিদ্ধ ধর্ম ; সাত্তিক ব্যক্তির পক্ষে দবই স্থময় বলিয়া বোধ হয়; স্থতরাং যথন ভোমার এই আনন্দের ভাব আদিতে থাকিবে, তথন তুমি বুঝিবে, তুমি যোগদাধনায় উন্নতি করিতেছ। ধাৰতীয় হঃথষ্মণা তমোগুণপ্রস্ত, স্বতরাং উহা হইতে অব্যাহতি লাভ করিতে হইবে। বিষপ্ততা তমোগুণের একটি লক্ষণ। সবল, দুঢ়, স্বস্থকায় যুবা ও সাহসী ব্যক্তিরাই যোগী হইবার উপযুক্ত। যোগীর দৃষ্টিতে সবই স্থ্যয়। যে-কোন মহয়মুথ তিনি দেখেন, ভাহাতেই তাঁহার আনন্দ হয়। ইহাই ধামিক লোকের লক্ষণ। পাপই কটের কারণ, আর অন্য किছू नम्र। वियोगस्याष्ट्रम मूथ नहेमा कि इहेर्द ? উहा छम्रक्द ! এই क्र মেঘাচ্ছন্ন মুখ লইয়া বাহিরে যাইও না, কখন এইরূপ হইলে দার অর্গলবদ্ধ করিয়া সারাদিন ঘরে কাটাইয়া দাও। সমাজে, সংসারে এই ব্যাধি সংক্রামিত করিবার তোমার কি অধিকার আছে? যখন তোমার মন সংযত হইবে, তথন তুমি সমৃদয় শরীরও বলে রাখিতে পারিবে। তথন আর তুমি এই ষল্লের কীতদাদ থাকিবে না; এই দেহ্যস্ত্রই ভোমার ভূত্য হইয়া থাকিবে। দেহ্যস্ত্র আত্মাকে নিম্নদ্বিকে আকর্ষণ করিয়া লইয়া যাইবে না, বরং উহাই মুক্তিপথে (पर्छ नहाम्र हहेरव।

गरकायाप्रयुक्तमः स्थ्यमाखः ॥ ८२ ॥

[–] সম্ভোষ হইতে পরম স্থলাভ হয়।

কায়েন্দ্রিয়সিদ্ধিরশুদ্ধিকয়ান্তপসঃ॥ ৪৩॥

—অশুদ্ধি-ক্ষয়-নিবন্ধন তপস্থা হইতে দেহ ও ইচ্ছিয়ের নানাপ্রকার শক্তি আসে।

তপশ্চার ফল কখন কখন সহসা দ্রদর্শন, দ্রশ্রবণ ইত্যাদি রূপে প্রকাশ

স্বাধ্যায়াদিষ্টদেবভাসম্প্রয়োগঃ॥ ৪৪॥

—মন্ত্রাদির পুনঃ পুনঃ উচ্চারণ বা অভ্যাস দ্বারা ইষ্টদেবতার দর্শন-লাভ হইয়া থাকে।

যে পরিমাণে উচ্চ প্রাণী (দেবতা, ঋষি, দিদ্ধ) দেখিবার ইচ্ছা করিবে, সাধনাও সেই পরিমাণে কঠোর করিতে হইবে।

সমাধিসিদ্ধিরীশ্বরপ্রণিধানাৎ ॥ ৪৫॥

—ঈশ্বরে সমুদয় অর্পণ করিলে সমাধিলাভ হইয়া থাকে।

ঈশ্বরে নির্ভরের দারা সমাধি ঠিক পূর্ণ হয়।

স্থিরস্থখনাসনম্॥ ৪৬॥

—যেভাবে অনেকক্ষণ স্থিরভাবে স্থাপে বসিয়া থাকা যায়, তাহার নাম আসন।

এখন আসনের কথা বলা হইবে। যতক্ষণ তৃমি স্থিরভাবে অনেকক্ষণ বিদিয়া থাকিতে না পারিতেছ, ততক্ষণ তৃমি প্রাণায়াম ও অক্যান্ত সাধনে কিছুতেই কৃতকার্য হইবে না। আসন দৃঢ় হওয়ার অর্থ এই ধে, তৃমি শরীরের অন্তিত্ব মোটেই অন্থভব করিবে না। এইরূপ হইলেই বান্তবিক আসন দৃঢ় হইয়াছে, বলা যায়। কিন্তু সাধারণভাবে তৃমি যদি কিয়ৎক্ষণের জ্বত্ত বসিতে চেন্তা কর, শরীরে নানাপ্রকার বাধাবিদ্ন আসিতে থাকিবে। কিন্তু যথনই তৃমি এই স্থুলদেহভাব অভিক্রম করিবে, তখন শরীরবোধ হারাইয়া ফেলিবে। তখন আর তৃমি স্থুখ বা তৃঃখ কিছুই অন্থভব করিবে না। আবার যখন তোমার শরীরের জ্ঞান ফিরিয়া আসিবে, তখন অন্থভব করিবে, যেন অনেকক্ষণ বিশ্রাম করিয়াছ। যদি শরীরকে পূর্ণ বিশ্রাম দেওয়া সম্ভব হয়, তবে উহা এইরূপেই হুইতে গারে। যখন তৃমি এইরূপে শরীরকে জন্ম করিয়া উহাকে দৃঢ় রাখিতে

পারিবে, তথন তোমার সাধনাও দৃঢ় হইবে। কিন্তু যতক্ষণ ভোমার শারীরিক বিম্নবাধাওলি আসিতে থাকিবে, ততক্ষণ ভোমার সায়ুমণ্ডলী চঞ্চল থাকিবে এবং তুমি কোনরূপে মনকে একাগ্র করিয়া রাখিতে পারিবে না।

প্রযন্ত্রশথিল্যানন্তসমাপন্তিভ্যাম্॥ ৪৭॥

—শরীরে যে এক প্রকার অভিমানাত্মক প্রযন্ত আছে, তাহা শিথিল করিয়া দিয়া ও অনস্তের চিস্তা দারা আসন স্থির ও সুথকর হইতে পারে।

অনন্তের চিন্তা দারা আসন অবিচলিত হইতে পারে। অবশু আমরা সেই নিরপেক অনন্ত (একা) সম্বন্ধে (সহজে) চিন্তা করিতে পারি না, কিন্তু আমরা অনন্ত আকাশের বিষয় চিন্তা করিতে পারি।

ততো দ্বন্ধানভিঘাতঃ॥ ৪৮॥

—এইরূপে আসনজয় হইলে দ্বন্দ্ব-পরম্পরা আর কিছু বিদ্ন উৎপাদন করিতে পারে না।

ঘন্দ অর্থে শুভ-অশুভ, শীত-উষ্ণ, আলোক-অন্ধকার, স্থ-তৃঃথ ইত্যাদি বিপরীতধর্মী তৃই তৃই পদার্থ। এগুলি আর তোমাকে চঞ্চল করিতে পারিবে না।

ভিন্মিন্ সভি শ্বাসপ্রশ্বাসয়োর্গভিবিচ্ছেদঃ প্রাণায়ামঃ॥ ৪৯॥
—এই আসন-জয়ের পর শ্বাস ও প্রশাস উভয়ের গতি সংযত
করাকে 'প্রাণায়াম' বলে।

ষধন এই আসন-জয় সমাপ্ত হইয়াছে তথন খাস-প্রখাসের গতিভঙ্গ (অভাব) করিয়া উহাকে নিয়য়িত করিতে হইবে, এইভাবে প্রাণায়ামের বিষয় আরম্ভ হইল। প্রাণায়াম কি ? শরীরস্থিত জীবনীশক্তিকে বশে আনা। যদিও প্রাণ শব্দ সচরাচর খাস-প্রখাস অর্থে ব্যবহৃত হইয়া থাকে, কিন্তু বাস্তবিক উহা খাস-প্রখাস নয়। প্রাণ অর্থে জাগতিক শক্তিসমাষ্ট। উহা প্রত্যেক দেহে অবস্থিত শক্তি এবং উহার বাহুপ্রকাশ—এই ফুসফুসের গতি। প্রাণ যথন খাসকে ভিতরদিকে আকর্ষণ করে, তথনই এই গতি আরম্ভ হয়; প্রাণায়ামে আমরা উহাকেই নিয়য়িত করিতে চাই। এই

প্রাণের উপর শক্তিলাভ করিবার সহজ্ঞতম উপায়রূপে আমরা প্রথমে শাস প্রশাস নিয়ন্ত্রিত করিতে আরম্ভ করি।

বাহাাভ্যম্ভরম্ভর্তিঃ দেশকালসংখ্যাভিঃ পরিদৃষ্টে। দীর্ঘস্থা ৫০॥
—বাহার্তি, আভ্যম্ভর্তি ও স্তম্ভর্তি ভেদে এই প্রাণায়াম
ত্রিবিধ; দেশ, কাল, সংখ্যার দারা নিয়মিত এবং দীর্ঘ বা সূক্ষ্ম হওয়াতে
উহাদেরও আবার নানাপ্রকার ভেদ আছে।

এই প্রাণায়াম তিন প্রকার ক্রিয়ায় বিভক্ত। প্রথম—হথন আমরা বাদকে অভ্যন্তরে আকর্ষণ করি; দ্বিতীয়—যথন আমরা উহা বাহিরে নিক্ষেপ করি; তৃতীয়—যথন খাস ফুসফুদের মধ্যেই ধৃত হয় বা বাহির হইতে খাস্প্রহণ বন্ধ রাখা হয়। উহারা আবার দেশ, কাল ও সংখ্যা অফুসারে ভিন্ন ভিন্ন আকার ধারণ করে। 'দেশ' অর্থে—প্রাণকে শরীরের কোন অংশবিশেষে আবদ্ধ রাখা। 'সময়' অর্থে—প্রাণ কোন্ স্থানে কতক্ষণ রাখিতে হইবে, এবং 'সংখ্যা' অর্থে—কতবার ঐরপ করিতে হইবে, তাহা ব্রিতে হইবে। এইজ্ল কোথায়, কতক্ষণ ও কতবার রেচকাদি করিতে হইবে, ইত্যাদি কথিত হইয়া থাকে। এই প্রাণায়ামের ফল 'উদ্যাত' অর্থাং কুওলিনীর জাগরণ।

বাহাভ্যন্তরবিষয়াক্ষেপী চতুর্থঃ॥ ৫১॥
—চতুর্থ প্রকার প্রণায়ামে বাহ্য বা আন্তর বিষয় চিন্তা দারা প্রাণ নিরুদ্ধ করা হয়।

ইহা প্রকার প্রাণায়াম। ইহাতে পূর্বোক্ত চিস্তানহ দীর্ঘকাল অভ্যানে দারা স্বাভাবিক কুম্বক (স্বম্বন্তি) হইয়া থাকে। অন্ত প্রাণায়ামগুলিতে চিস্তার সংস্রব নাই।

ভঙঃ ক্ষীয়তে প্রকাশাবরণম্॥ ৫২॥ —ভাহা হইতেই চিত্তের প্রকাশের আবরণ ক্ষয় হইয়া যায়।

চিত্তে স্বভাবতই সমৃদয় জ্ঞান রহিয়াছে, উহা সত্পদার্থ দারা নিমিত. কিন্তু উহা রক্ষ: ও তমোদারা আর্ড রহিয়াছে। প্রাণায়াম দারা চিত্তের এই আবরণ দ্বীভূত হয়।

ধারণাস্থ চ যোগ্যভা মনসঃ॥ ৫৩॥

—(তাহা হইতেই) 'ধারণা' বিষয়ে মনের যোগ্যতা হয়।

এই আবরণ চলিয়া গেলে আমরা মনকে একাগ্র করিতে সমর্থ হই।

স্বস্থবিষয়াসম্প্রয়োগে চিত্ত-স্বরূপানুকার ইবেন্দ্রিয়াণাং প্রত্যাহারঃ ॥৫৪॥
—যখন ইচ্ছিয়গণ তাহাদের নিজ নিজ বিষয় পরিত্যাগ করিয়া
যেন চিত্তের স্বরূপ গ্রহণ করে, তখন তাহাকে 'প্রত্যাহার' বলা যায়।

এই ইন্দ্রিয়গুলি মনেরই বিভিন্ন অবস্থা মাত্র। মনে কর, আমি একখানি পুস্তক দেখিতেছি। বাস্তবিক ঐ পুস্তকাকৃতি বাইরে নাই, উহা মনেই অবস্থিত। বাহিরের কোন-কিছু ঐ আকৃতি জাগাইয়া দেয় মাত্র; বাস্তবিক রূপ বা আকৃতি চিত্তেই আছে। এই ইন্দ্রিয়গুলি, তাহাদের সমূথে যাহা আদিতেছে, তাহারই দহিত মিশিয়া গিয়া তাহারই আকার গ্রহণ করিতেছে। যদি তুমি মনের এই-সকল ভিন্ন ভিন্ন আকৃতি-ধারণ নিবারণ করিতে পারো, তবে তোমার মন শাস্ত হইবে এবং ইন্দ্রিয়গুলিও শাস্ত হইবে। ইহাকেই 'প্রত্যাহার' বলে।

ভতঃ পরমাবশ্যভেব্দ্রিয়াণান্॥ ৫৫॥

—তাহা (প্রত্যাহার) হইতেই ইন্দ্রিয়গণ সম্পূর্ণরূপে বশীভূত হইয়া থাকে।

যথন যোগী ইন্দ্রিয়গণের এইরূপ বহিবস্তর আরুতি-ধারণ নিবারণ করিতে পারেন ও মনের দহিত উহাদিগকে এক করিয়া ধারণ করিতে রুতকার্য হন, তথনই ইন্দ্রিয়গণ সম্পূর্ণরূপে জিত হইয়া থাকে। আর যথন ইন্দ্রিয়গণ দর্শতোভাবে বশীভূত হয়, তথনই প্রত্যেকটি স্নায়ু ও মাংসপেশী বশে আদিয়া থাকে, কারণ ইন্দ্রিয়গণই দর্শপ্রকার অন্পভৃতি ও কার্যের কেন্দ্রস্করপ। এই ইন্দ্রিয়গণজ্ঞানেন্দ্রিয় ও কর্মেন্দ্রিয়—এই তুই ভাগে বিভক্ত। স্বতরাং যথন ইন্দ্রিয়গণ সংযত হইবে, তথন যোগী দর্শপ্রকার ভাব ও কার্যকে জয় করিতে পারিবেন, সমগ্র শরীরটিই তাহার বশীভূত হইবে। এইরূপ অবস্থালাভ হইলেই মান্থ্য দেহ-ধারণের আনন্দ অন্থভব করে। তথনই সে ঠিকঠিক বলিতে পারে, 'জন্মিয়া-হিলাম বলিয়া আমি স্থী।' যথন ইন্দ্রিয়গণের উপর এইরূপ শক্তিলাভ হয়, তথনই ব্রিতে পারা যায়, বাস্তবিক এই শরীর অতি আশ্চর্য পদার্থ।.

ভৃতীয় অধ্যায়

বিভূতি-পাদ

এই অধ্যায়ে যোগের বিভৃতি (শক্তি বা ঐশর্ষ) আলোচিত হইবে।

দেশবন্ধন্দিত্তস্ত ধারণা॥ ১॥

—চিত্তকে কোন বিশেষ বস্তুতে ধরিয়া রাখার নাম 'ধারণা'।

যথন মন শরীরের ভিতরে অথবা বাহিরে কোন বস্তুতে সংলগ্ন হয় ও কিছুকাল ঐ ভাবে থাকে, তাহাকে ধারণা (একাগ্রতা) বলে।

ভত্ৰ প্ৰভ্যৱৈকভানভা ধ্যানম্॥ ২॥

—সেই বস্তুবিষয়ক জ্ঞান নিরম্ভর একভাবে প্রবাহিত হইতে থাকিলে তাহাকে 'ধ্যান' বলে।

মনে কর, মন বেন কোন একটি বিষয় চিন্তা করিবার চেন্টা করিতেছে, কোন একটি বিশেষ স্থানে যথা, মন্তকের উপরে অথবা হাদয়ে নিজেকে ধরিয়া রাখিবার চেন্টা করিতেছে। যদি মন শরীরের কেবল ঐ অংশ দিয়াই সর্বপ্রকার অমুভূতি গ্রহণ করিতে সমর্থ হয়, শরীরের অফ্য সকল অঙ্গকে যদি বিষয়গ্রহণ হইতে নির্ভ রাখিতে পারে, তবে তাহার নাম 'ধারণা'; আর মন যথন কিছুক্ষণ নিজেকে ঐ অবস্থায় রাখিতে সমর্থ হয়, তখন তাহাকে বলা হয় 'ধ্যান'।

তদেবার্থমাত্রনির্ভাসং স্বরূপশৃষ্টামিব সমাধি:॥ ৩॥ —তাহাই যখন সমৃদয় বাহ্যোপাধি পরিত্যাগ করিয়া কেবল অর্থ-মাত্রকে প্রকাশ করে, তখন 'সমাধি' আখ্যা প্রাপ্ত হয়।

বখন ধ্যানে বস্তুর আরুতি বা বাহ্নভাগ পরিত্যক্ত হয়, তখনই এই সমাধি-অবস্থা আগে। মনে কর, আমি একখানি পুস্তক সম্বন্ধে ধ্যান করিতেছি, ধীরে ধীরে আমি উহার উপর মন একাগ্র করিতে রুতকা^{ন্} হইলাম, তখন কেবল ভিতরের ভাবগুলি অহুভব করিব, অর্থটুকু ব্ঝিব, কোনরূপ আকারে উহা প্রকাশিত হইবে না। ধ্যানের ঐ অবস্থাকে 'সমাধি' বলে।

ত্রয়মেকতা সংযম:॥৪॥

—এই তিনটি যখন একত্র অর্থাৎ একই বস্তুর সম্বন্ধে অভ্যস্ত হয়, তখন তাহাকে 'সংযম' বলে।

যখন কেহ তাঁহার নিজের মনকে কোন নির্দিষ্ট দিকে লইয়া গিয়া কোন বস্তুর উপর স্থির করিতে পারেন, পরে অন্তর্ভাগ হইতে বাহ্ বস্তু পৃথক্ করিয়া তাহার উপর মনকে অনেকক্ষণ রাখিতে পারেন, তথনই 'সংঘম' হইল। অর্থাং ধারণা, ধ্যান ও সমাধি—এইগুলি একটির পর একটি ক্রমায়য়ে এক বস্তুর উপরে অভ্যন্ত হইয়া একত্র হয়। তথন বস্তুর বাহ্ন আকার অন্তর্হিত হয়, মনে তাহার অর্থমাত্র অবশিষ্ট থাকে।

ভজ্জয়াৎ প্রজালোকঃ॥ ৫॥

—এই সংযমের দ্বারা যোগীর মনে জ্ঞানালোকের প্রকাশ হয়।

ষথন কেহ এই সংযমসাধনে কৃতকার্য হয়, তথন সমৃদ্য় শক্তি তাহার আয়ত্ত হয়। এই সংযমই যোগীর জ্ঞানলাভের প্রধান যন্ত্র। জ্ঞানের বিষয় অনস্ত। উহারা স্থূল, স্থূলতর, স্থূলতম, স্ক্রে, স্ক্রেতর, স্ক্রেতম ইত্যাদি নানা বিভাগে বিভক্ত। এই সংযম প্রথমতঃ স্থূল বল্পর উপর প্রয়োগ করিতে হয়, আর যথন স্থূলের জ্ঞানলাভ হইতে থাকে, তথন একটু একটু করিয়া ভরে ভরে উহা স্ক্রেতর বল্পর উপর প্রয়োগ করিতে হইবে।

ভস্ত ভূমিষু বিনিয়োগঃ॥ ৬॥

—এই সংযম সোপানক্রমে প্রয়োগ করা উচিত।

খুব ক্রত বাইবার চেষ্টা করিও না, এই স্ত্র এইরূপ সমাধান করিয়া। দিতেছে।

ত্রয়মন্তরকং পূর্বেভ্যঃ॥ १॥

—এই তিনটি পূর্বকথিত সাধনগুলি অপেক্ষা আরও অস্তরঙ্গ সাধন।

পূর্বে ষম, নিয়ম, আসন, প্রাণায়াম ও প্রত্যাহারের বিষয় কথিত হইয়াছে। উহারা ধারণা, ধ্যান ও সমাধির তুলনায় বহিরক। এই 'ধারণা'দি অবস্থা লাভ করিলে মাহুষ সর্বজ্ঞ ও সর্বশক্তিমান্ হইতে পারে, কিছ ব্রজ্ঞতা বা সর্বশক্তিমতা তো মৃক্তি নয়। ঐ ত্রিবিধ সাধন হারা মন

নির্বিকল্পক অর্থাৎ পরিণামশৃষ্য হইতে পারে না, ঐ ত্রিবিধ সাধন আয়ন্ত হইলেও দেহধারণের বীজ থাকিয়া যাইবে। যোগীদের ভাষায় সেই বীজগুলি 'ভর্জিড' হইয়া গেলেই তাহাদের নৃতন অঙ্গুর উৎপন্ন করিবার শক্তি নষ্ট হইয়া যায়। বিভৃতিসমূহ বীজগুলি ভর্জিত করিতে পারে না।

ভদপি বহিরঙ্গং নির্বীজ্ঞ ॥ ৮ ॥ '

—কিন্তু এই 'সংযম'ও (ধারণা ধ্যান সমাধি একত্র) নিবীজ সমাধির পক্ষে বহিরঙ্গস্বরূপ।

এই কারণে নিবীজ সমাধির সহিত তুলনা করিলে এইগুলিকেও বহিরক বলিতে হইবে। আমরা এখনও প্রকৃত সর্বোচ্চ সমাধি-অবস্থা লাভ না করিয়া একটি নিয়তর ভূমিতেই আছি; সেই অবস্থায় এই পরিদৃশ্যমান জগৎ এখনও আছে, বিভূতি বা দিদ্দিসকল এই জগতেরই অস্তর্গত।

ব্যুখান-নিরোধসংস্কারয়োরভিভবপ্রাত্মর্ভাবৌ নিরোধক্ষণচিত্তাম্বয়ো নিরোধপরিণাম:॥ ৯॥

—যথন ব্যুত্থান অর্থাৎ মনশ্চাঞ্চল্যের অভিভব (নাশ) ও নিরোধ-সংস্কারের আবির্ভাব হয়, তথন চিত্ত নিরোধনামক অবসরের অনুগত হয়, উহাকে নিরোধ-পরিণাম বলে।

ইহার অর্থ এই যে, সমাধির প্রথম অবস্থায় মনের সম্দর বৃত্তি নিক্ষ হয় বটে, কিন্তু সম্পূর্ণরূপে নয়; কারণ তাহা হইলে কোন প্রকার বৃত্তিই থাকিত না। মনে কর, মনে এমন এক প্রকার বৃত্তি উদিত হইয়াছে, যাহা মনকে ইন্দ্রিয়ের দিকে লইয়া যাইতেছে, আর যোগী ঐ বৃত্তিকে সংযত করিবার চেটা করিতেছেন; এ অবস্থায় ঐ সংযমচেট্রাটিকেও একটি বৃত্তি বলিতে হইবে। একটি তরক আর একটি তরক দারা নিবারিত হইল, স্বতরাং উহা সর্ব তরকের নিবৃত্তিরূপ সমাধি নয়, কারণ ঐ সংযমটিও একটি তরক। তবে যে অবস্থায় মনে তরকের পর তরক আসিতে থাকে, তদপেক্ষা এই নিয়তর সমাধি সেই উচ্চতর সমাধির খুবই নিকটবর্তী।

তস্ত প্রশান্তবাহিতা সংস্কারাৎ ॥ ১০ ॥

—অভ্যাদের দারা ইহার স্থিরতা হয়।

দিনের পর দিন অভ্যাস করিলে মন:সংষ্মের এই নিরম্ভরচেষ্টাপ্রবাহ স্থির ইয়া যায় এবং মন সর্বদা একাগ্র হুইবার শক্তি লাভ করে।

সর্বার্থতৈকাগ্রভয়োঃ ক্ষয়োদর্মো চিত্তস্ত সমাধিপরিণামঃ॥ ১১॥
—মনে সর্বপ্রকার বস্তু গ্রহণ করা ও এক বিষয়ে মনকে একাগ্র করা,
এই ছইটির যথন যথাক্রমে ক্ষয় ও উদয় হয়, তাহাকে চিত্তের
ন্যাধি-পরিণাম বলে।

মন সর্বদাই নানাপ্রকার বিষয় গ্রহণ করিতেছে, সর্বপ্রকার বস্তুতেই ।ইতেছে—ইহা নিয় অবস্থা। ইহা অপেক্ষা মনের একটি উচ্চতর অবস্থা থাছে, সেথানে মন একটিমাত্র বস্তু গ্রহণ করে এবং আর সকল বস্তু ত্যাগ দরে। এই এক বস্তু গ্রহণ করার ফল সমাধি।

শান্তোদিতো তুল্যপ্রভ্যয়ো চিত্তস্থৈকাগ্রভাপরিণামঃ॥ ১২॥

—যখন মন শান্ত ও উদিত অর্থাৎ অতীত ও বর্তমান উভয় অবস্থাতেই

গুল্যপ্রতায় হয়, অর্থাৎ উভয়কেই এক সময়ে গ্রহণ করিতে পারে,

গোহাকে চিন্তের একাগ্রতা-পরিণাম বলে।

কি করিয়া জানা যাইবে—মন একাগ্র হইয়াছে? মন একাগ্র হইলে মিয়ের কোন জ্ঞান থাকিবে না। অজ্ঞাতদারে যতই দময় অতিবাহিত হয়, ঝিতে হইবে, আমরা ততই একাগ্র হইতেছি। দাধারণতঃ দেখিতে পাই, খন আমরা থ্ব আগ্রহের দহিত কোন পুস্তকপাঠে ময় হই, তথন দময়ের দকে আমাদের মোটেই লক্ষ্য থাকে না; আবার যথন পুস্তকপাঠে বিরত হই, খন ভাবিয়া আশ্চয হই, কতথানি সময় চলিয়া গিয়াছে। সম্দয় সময়টি খন একত্র হইয়া বর্তমানে একীভূত হইবে। এইজ্য়ই বলা হইয়াছে, খন অতীত ও বর্তমান আদিয়া একত্র মিলিত হয়, তথনই মন একাগ্র ইয়া থাকে।

এতেন ভূতেন্দ্রিয়ে ধর্মলক্ষণাবন্ধা পরিণামা ব্যাখ্যাতাঃ॥ ১৩॥
—ইহা দ্বারাই ভূত ও ইন্দ্রিয়ের যে ধর্ম, লক্ষণ ও অবস্থারূপ পরিণাম

মাছে, তাহার ব্যাখ্যা করা হইল।

পূর্ব তিনটি স্তত্ত্বে যে চিত্তের নিরোধাদি পরিণামের কথা বলা হইয়াছে, তদ্বারা ভূত ও ইক্রিয়ের ধর্ম, লক্ষণ ও অবস্থা-রূপ তিন প্রকার পরিণামের ব্যাখ্যা করা হইল। মন ক্রমাগত বৃত্তিরূপে পরিণত হইতেছে, ইহা মনের 'ধর্মরূপ' পরিণাম। উহা যে অতীত, বর্তমান ও ভবিশ্বৎ এই তিন কালের মধ্য দিয়া চলিতেছে, ইহাই মনের 'লক্ষণরূপ' পরিণাম; আর কখনও যে নিরোধ-সংস্কার প্রবল ও বৃহখান-সংস্কার ত্র্বল অথবা তাহার বিপরীত হয়, ইহা মনের 'অবস্থারূপ' পরিণাম। মনের এই পরিণাম-ক্রয়ের ন্তায় ভূত ও ইক্রিয়ের ত্রিবিধ পরিণামও বৃত্তিতে হইবে। যথা, মৃত্তিকারূপ ধর্মীর পিগুরূপ ধর্ম গিয়া উহাতে যে ঘটাকার ধর্ম আবিভূতি হয়, তাহা ধর্ম-পরিণাম। ঐ ঘটের বর্তমান, অতীত ও ভবিশ্রৎ অবস্থারূপ পরিণামকে লক্ষণ-পরিণাম এবং উহার নৃতনত ও পুরাতনভাদি অবস্থারূপ পরিণামকে অবস্থা-পরিণাম বলে।

পূর্ব পূর্ব স্থকে ষে-সকল সমাধির বিষয় কথিত হইয়াছে, তাহাদের উদ্দেশ, যোগী যাহাতে মনের বৃত্তি বা পরিণামগুলির উপর ইচ্ছাপূর্বক ক্ষমতা সঞ্চালন করিতে পারেন। তাহা হইতে পূর্বোক্ত সংযমশক্তি লাভ হইয়া থাকে।

শান্তোদিভাব্যপদেশ্যধর্মান্তুপাতী ধর্মী ॥ ১৪ ॥

—শান্ত (অর্থাৎ অতীত), উদিত (বর্তমান) ও অব্যপদেশ্য (ভবিয়াৎ)
ধর্ম যাহাতে অবস্থিত, তাহার নাম ধর্মী ।

ধর্মী তাহাকেই বলে, যাহার উপর কাল ও সংস্কার কার্য করিতেছে, যাহা সর্বদাই পরিণামপ্রাপ্ত ও ব্যক্তভাব ধারণ করিতেছে।

ক্রমান্তত্ত্বং পরিণামান্তত্বে হেতুঃ॥ ১৫॥
—ভিন্ন ভিন্ন পরিণাম হইবার কারণ ক্রমের বিভিন্নতা (পূর্বাপর পার্থক্য)।

পরিণামত্রয়সংযমাদতীতানাগতজ্ঞানম্ ॥ ১৬ ॥
—পূর্বোক্ত তিনটি পরিণামের প্রতি চিত্তসংযম করিলে অতীত ও
অনাগতের জ্ঞান উৎপন্ন হয়।

পূর্বে সংযমের বে লক্ষণ দেওয়া হইয়াছে, আমরা তাহা যেন বিশ্বত না হই। যখন মন বন্ধর বাহভাগ পরিত্যাগ করিয়া উহার আভ্যন্তরীণ ভাব- গুলির সহিত নিজেকে একীভূত করিবার উপযুক্ত অবস্থায় উপনীত হয়, যখন
দীর্ঘ অভ্যাসের বারা মন একমাত্র সেইটিই ধারণ করিয়া মূহুর্তমধ্যে সেই
অবস্থায় উপনীত হইবার শক্তি লাভ করে, তখন তাহাকে 'সংষম' বলে।
এই অবস্থা লাভ করিয়া যদি কেহ ভূত ভবিগুৎ জানিতে ইচ্ছা করেন, তাঁহাকে
কেবল সংস্থারের পরিণামগুলির উপর সংযম প্রয়োগ করিতে হইবে। কতকগুলি সংস্থার বর্তমান অবস্থায় কার্য করিতেছে, কতকগুলির ভোগ শেষ
হুইয়া গিয়াছে আর কতকগুলি এখনও ফল প্রদান করিবে বলিয়া সঞ্চিত
রহিয়াছে। এইগুলির উপর সংযম প্রয়োগ করিয়া তিনি ভূত ভবিগুৎ সম্দয়
জানিতে পারেন।

শব্দার্থপ্রত্যয়ানামিতরেতরাধ্যাসাৎ সঙ্করন্তৎপ্রবিভাগসংঘমাৎ সর্বভূতরুতজ্ঞানম্॥ ১৭॥

—শব্দ, অর্থ ও প্রত্যয়ের পরস্পারে পরস্পারের আরোপ জন্ম এইরূপ সঙ্করাবস্থা হইয়াছে, উহাদিগের প্রভেদগুলির উপর সংযম করিলে সমুদয় ভূতের শব্দজ্ঞান হইয়া থাকে।

'শল' বলিলে ব্ঝিতে হইবে বাহুবিষয়, যাহাতে মনে কোন বৃত্তি জাগবিত করিয়া দেয়। 'আর্থ' বলিলে ব্ঝিতে হইবে, যে শরীরাভ্যস্তরীণ প্রবাহ ইন্দ্রিয়ন্তার দারা লব্ধ বিষয়াভিঘাত-জনিত বেদনাকে লইয়া গিয়া মন্তিকে পৌছাইয়া দেয় তাহাকে, আর 'জ্ঞান' বলিলে ব্ঝিতে হইবে মনের সেই প্রতিক্রিয়া, যাহা হইতে বিষয়াস্থভূতি হয়। এই তিনটি মিল্রিত হইয়াই আমাদের ইন্দ্রিয়গোচর বিষয় জ্ঞান উৎপন্ন হয়। মনে কর, আমি একটি শল ভনিলাম, প্রথমে বহির্দেশে একটি স্পান্দন হইল, তারপর একটি আন্তর্মবাদনাপ্রবাহ ল্রাবণেক্রিয় দারা মনে নীত হইল, তথন মন প্রতিঘাত করিল, এবং আমি (অর্থ সহ) শক্টি জানিতে পারিলাম। আমি ঐ যে শক্ষটি জানিলাম, উহা তিনটি পদার্থের মিল্রাল—প্রথম কম্পন, দ্বিতীয় বেদনাপ্রবাহ ও তৃতীয় প্রতিক্রিয়া। সাধারণতঃ এই তিনটি প্রথক্ করা যায় না, কিন্তু অভ্যাদের দারা যোগী উহাদিগকে পৃথক্ করিতে পারেন। সাধক দখন এগুলিকে পৃথক্ করিবার শক্তি লাভ করেন, তথন তিনি থে-কোন শক্ষের উপর 'সংষম' প্রয়োগ করেন, তাহার উদ্ধিষ্ট অর্থ তৎক্ষণাৎ প্রিতে পারেন—তা ঐ শক্ষ মহয়কতই হউক বা অন্ত কোন প্রাণিকতই হউক।

সংস্কারসাক্ষাৎকরণাৎ পূর্বজাভিজ্ঞানম্॥ ১৮॥

—সংস্কারগুলি ধরিতে পারিলে অর্থাৎ সাক্ষাৎভাবে জানিতে পারিলে পূর্বজন্মের জ্ঞান হয়।

আমরা যাহা কিছু অহতেব করি, সবই আমাদের চিত্তে তরজাকারে আসিয়া থাকে, উহা আবার চিত্তেই মিলাইয়া যায়, ক্রমশঃ স্ক্রেতর হইতে থাকে, একেবারে নই হইয়া যায় না। উহা সেখানে অতি স্ক্র আকারে থাকে, যদি আমরা ঐ তরজটি পুনরায় উথিত করিতে পারি, তাহা হইলে তাহাই 'শ্বৃতি' হইল। স্বতরাং যোগী যদি মনের এই-সকল পূর্বসংস্কারের উপর 'সংষম' করিতে পারেন, তবে তিনি তাঁহার পূর্ব পূর্ব সকল জন্মের কথা শ্বরণ করিতে থাকিবেন।

প্রতায়স্থ পরচিত্ত-জ্ঞানম্ ॥ ১৯ ॥

— অপরের শরীরে যে-সকল চিহ্ন আছে, সেগুলিতে সংযম করিলে ঐ ব্যক্তির মনের ভাব জানিতে পারা যায়।

প্রত্যেক ব্যক্তির শরীরেই কতক গুলি বিশেষ প্রকার চিহ্ন আছে, তদ্ধ্বা তাহাকে অপর ব্যক্তি হইতে পৃথক্ করা যায়। যথন যোগী কোন ব্যক্তির এই বিশেষ চিহ্নগুলির উপর 'সংযম' করেন, তথন তিনি সেই ব্যক্তির মনের গঠন বা অবস্থা জানিতে পারেন।

ন চ তৎ সালম্বনং তস্তাবিষয়ীভূতত্বাৎ ॥ ২০ ॥

→কিন্তু ঐ চিত্তের অবলম্বন কি, তাহা জানিতে পারেন না, কারণ
উহা তাঁহার সংযমের বিষয় নয়।

শ্বীরের উপর 'সংযম' করিয়া মনের ভিতরে কি হইতেছে, তাহা তিনি জানিতে পারিবেন না। সেজগু তুইবার সংযম করিবার আবশুক হইবে, প্রথম শ্বীরের লক্ষণসমূহের উপব ও তারপর মনেরই উপর সংযম প্রয়োগ করিতে হইবে। তাহা হইলে যোগী সেই ব্যক্তির মনে কি আছে, স্বই জানিতে পারিবেন।

কায়রূপসংয্মান্তদ্গ্রাহ্মশক্তি-স্তম্ভে চক্ষ্ণপ্রকাশাহসম্প্রব্যোগেহস্তর্ধানম্ । ২১ ॥

> পাঠান্তবঃ · · চকুঃপ্রকাশাসংযোগেহন্তর্ধানম্

—দেহের আকৃতির উপর সংযম করিয়া ঐ আকৃতি অনুভব করিবার শক্তি স্তম্ভিত (বাধাপ্রাপ্ত) ও চক্ষ্র প্রকাশ-শক্তির সহিত উহার অসংযোগ হইলে যোগী লোকসমক্ষে অন্তর্হিত হইতে পারেন।

মনে কর, কোন যোগী এই গৃহের মধ্যে দাঁডাইয়া রহিয়াছেন, তিনি আপাতদৃষ্টিতে সকলের সমক্ষে অস্তর্হিত হইতে পারেন। তিনি যে বান্তবিক অন্তর্হিত হন তাহা নয়, তবে কেহ তাঁহাকে দেখিতে পাইবে না এইমাত্র। শরীরের আকৃতি ও শরীর এই তুইটিকে তিনি যেন পৃথক্ করিয়া ফেলেন। এটি যেন শরণ থাকে, যোগী যথন এরপ একাগ্রতা-শক্তি লাভ করেন যে, বস্তর আকার ও বস্তুকে পরস্পর পৃথক্ করিতে পারেন, তথনই তিনি ঐভাবে অদৃশ্য হইতে পারেন। যোগী আকার ও ঐ আকারবান্ বস্তর পার্থক্যের উপর সংযম প্রয়োগ করেন এবং ঐ আকৃতি অম্বভব করিবার শক্তিকে বাধা দেন, আকৃতি ও আকারবান্ বস্তর সংযোগ হইলেই আমরা আকৃতি উপলব্ধি করিতে পারি ।

এতেন শব্দাগ্যন্তর্ধানমুক্তম ॥ ২২॥

—ইহা দারাই শব্দাদির অন্তর্ধান অর্থাৎ শব্দাদিকে অপরের ইন্দ্রিয়-গোচর হইতে না দেওয়াও ব্যাখ্যা করা হইল।

সোপক্রমং নিরুপক্রমঞ্চ কর্ম তৎসংযমাদ-

পরাক্তজানমরিষ্টেভ্যো বা ॥২৩॥

—কর্ম তৃই প্রকার, একপ্রকারের ফল শীঘ্র লাভ হইবে, অগ্যপ্রকার বিলম্বে ফল প্রসব করিবে। ইহাদের উপর 'সংযম' করিলে অথবা অরিষ্ট-নামক মৃত্যুলক্ষণসমূহের উপর সংযম প্রয়োগ করিলে যোগীবা দেহত্যাগের সঠিক সময় অবগত হইতে পারেন।

ষধন যোগী তাঁহার নিজ কর্মের উপর অর্থাৎ তাঁহার মনের ভিতর যে শংস্কারগুলির কার্য আরম্ভ হইয়াছে ও যেগুলি ফলপ্রসবের জন্ম অপেক্ষা করিতেছে, সেগুলির উপর সংষম প্রয়োগ করেন, তথন তিনি যেগুলি ফলপ্রসবের জন্ম অপেক্ষা করিতেছে, সেগুলি ঘারা জানিতে পারেন—করে তাঁহার শরীরপাত হইবে। কোন্দিন, কটার সময়ে, এমন কি কভ মিনিটের সময় তাঁহার মৃত্যু হইবে, তাহাও তিনি জানিতে পারেন। মৃত্যু বে সর্বদা আসম—এইটি জানা হিন্দুরা বিশেষ প্রয়োজনীয় মনে করেন, কারণ গীতায় এই শিকা দেওয়া হইয়াছে যে, মৃত্যুচিস্তা পরজীবন নিয়মিত করিবার পক্ষে বিশেষ শক্তিশালী।

মৈত্ৰ্যাদিষু বলানি॥ ২৪॥

—মৈত্রী করুণা ইত্যাদি (১।৩৩) গুণগুলির উপর সংযম প্রয়োগ করিলে যোগী ঐ গুণগুলি প্রকর্মতা লাভ করে।

वरलयू शिखवलां नीनि ॥ २०॥

—হস্তী প্রভৃতির বলের উপর সংযম প্রয়োগ করিলে যোগীর শরীরে সেই সেই প্রাণীর তুল্য বল আসে।

যখন যোগী এই সংযমশক্তি লাভ করেন, তথন তিনি যদি বল লাভ করিতে ইচ্ছা করেন এবং হন্ডীর বলের উপর সংযম প্রয়োগ করেন, তবে তাহাই লাভ করিয়া থাকেন। প্রত্যেক ব্যক্তির ভিতরেই অনস্ত শক্তি রহিয়াছে, সে যদি উপায় জানে, তবে এ শক্তি লইয়া ইচ্ছামত ব্যবহার করিতে পারে। যোগী উহা লাভ করিবার বিজ্ঞান আবিষ্কার করিয়াছেন।

প্রব্যালোকস্থাসাৎ সৃক্ষাব্যবহিতবিপ্রকৃষ্টজ্ঞানম্॥ ২৬॥
— (পূর্বকথিত) মহা-জ্যোতির (১।৩৬) উপর সংযম করিলে সৃন্ধ,
ব্যবহিত ও দূরবর্তী বস্তুর জ্ঞান হইয়া থাকে।

হৃদয়ে যে মহা-জ্যোতিঃ আছে, তাহার উপর সংযম করিলে অতি দূরবতী বস্তুও তিনি দেখিতে পান। যাদ কোন বস্তু পাহাড়ের আড়ালে থাকে, তাহা এবং অতি স্ক্র স্ক্র বস্তুও তিনি দেখিতে পারেন।

ভূবনজ্ঞানং সূর্যে সংযমাৎ॥ ২৭॥

—সূর্যে সংযমের দারা সমগ্র জগতের জ্ঞানলাভ হয়।

চব্রে তারাব্যুহজ্ঞানম্॥ ২৮॥

—চল্লে সংযম করিলে তারকাসমূহের জ্ঞানলাভ হয়।

ধ্ৰুবে ভদগভিজ্ঞানম্॥ ২১॥

—ধ্রুবতারায় চিত্তসংযম করিলে তারাসমূহের গতিজ্ঞান হয়।

নাভিচকে কায়ব্যুহ-জ্ঞানম্॥ ৩০॥

—নাভিচক্রে চিত্তসংযম করিলে শরীরের গঠন জানা যায়।

কণ্ঠকূপে ক্ষুৎপিপাসানিবৃত্তিঃ॥ ৩১॥

—কণ্ঠকৃপে সংযম করিলে ক্ষ্ণেপিপাসা নির্ত্তি হয়।

অতিশয় ক্ষ্থিত ব্যক্তি যদি কণ্ঠকুপে চিত্তসংষ্ম করিতে পারেন, ভবে তাহার ক্ষ্যা ও পিপাসা নিবৃত্ত হয়।

कूर्मनाष्ठाः देखर्गम् ॥ ७२ ॥

—কূর্মনাড়ীতে চিত্তসংযম করিলে শরীরের স্থিরতা আসে।

যথন তিনি সাধনা করেন, তথন তাঁহার শরীর চঞ্চল হয় না।

मूर्धरक्यां जिसि निकामनम् ॥ ७० ॥

—মস্তকের জ্যোতির উপর সংযম করিলে সিদ্ধপুরুষদিগের দর্শনলাভ হয়।

সিদ্ধপণ ভূতধোনি অপেক্ষা কিঞ্চিৎ উচ্চন্তরের। ধোগী ষ্থন তাঁহার মহকের উপরিভাগে মনঃসংষ্ম করেন, তথন তিনি এই সিদ্ধগণের দর্শন পান। এথানে 'সিদ্ধ' শব্দে মৃক্তপুরুষ বুঝাইতেছে না, অনেক সময় উহা ঐ অর্থেই ব্যবহৃত হইয়া থাকে।

প্ৰাতিভাদা সৰ্বম্॥ ৩৪ ॥

—-অথবা প্রতিভা-শক্তিদারা সমুদয় জ্ঞান লাভ হয়।

যাঁহাদের এইরূপ প্রতিভার শক্তি অর্থাৎ পবিত্রভার হারা লক্ক-জ্ঞান-বিশেষ আছে, (প্রাক্তি) কোন প্রকার সংযম ব্যতীতই তাঁহারা এই সম্দর জ্ঞানের অধিকারী হন। যথন মাহুষ উচ্চ প্রতিভা-শক্তি লাভ করেন, তথনই তিনি এট মহা আলোক প্রাপ্ত হন। তাঁহার নিকট সবই স্পষ্ট হইয়া যায়। কোন প্রকার 'সংযম' ব্যতীতই, সম্দর জ্ঞান স্বতই তাঁহার মধ্যে প্রকাশিত হয়।

कपरत्र हिख्यक्षिम्॥ ७৫॥

— হাদয়ে চিত্তসংযম করিলে মনোবিষয়ক জ্ঞানলাভ হয়।

সত্বপুরুষয়োরভ্যন্তাসংকীর্ণয়োঃ প্রভ্যয়াবিশেষাদ্ ভোগঃ পরার্থকাদন্যস্বার্থসংযমাৎ পুরুষজ্ঞানম্ ॥ ৩৬ ॥

—পুরুষ ও বৃদ্ধির বিবেকের অভাবেই ভোগ হইয়াথাকে। সেই ভোগ পরার্থ অর্থাৎ অপরের বা পুরুষের জন্য। বৃদ্ধির অন্য এক অবস্থার নাম 'স্বার্থ'; উহার উপর সংযম করিলে পুরুষের জ্ঞান হয়।

পুক্ষ ও বৃদ্ধি প্রকৃতপক্ষে সম্পূর্ণ স্বতন্ত্র; তাহা হইলেও পুক্ষ বৃদ্ধিতে প্রতিবিধিত হইয়া উহার সহিত আপনাকে অভেদভাবাপন্ন মনে করে এবং তাহাতেই নিজেকে স্থা বা তৃংখী বোধ করিয়া থাকে। বৃদ্ধির এই অবস্থাকে 'পরার্থ' বলে, কারণ উহার সমৃদয় ভোগ নিজের জন্ম নয়—পুক্ষের জন্ম। এতদ্বাতীত বৃদ্ধির আর এক অবস্থা আছে—উহার নাম 'স্বার্থ'। যথন বৃদ্ধি সর্বপ্রধান হইয়া অভিশয় নির্মল হয়, তথন তাহাতে পুক্ষ বিশেষভাবে প্রতিবিধিত হন, এবং সেই বৃদ্ধি অন্তমুখী হইয়া পুক্ষমাত্রাবলম্বন হয়। সেই স্বার্থ-নামক বৃদ্ধিতে সংযম করিলে পুক্ষের জ্ঞান হয়। পুক্ষমাত্রাবলম্বন বৃদ্ধিতে সংযম করিতে বলার উদ্দেশ্য এই—শুদ্ধ পুক্ষ জ্ঞাতা বলিয়া কথন জ্ঞানের বিষয় হইতে পারেন না।

ততঃ প্রাতিভশ্রাবণবেদনাদর্শাস্বাদবার্তা জায়স্তে ।। ৩৭ ॥
—তাহা হইতে প্রাতিভ' (অলৌকিক) শ্রবণ, স্পর্শ, দর্শন, স্বাদ ও
ভ্রাণ উৎপন্ন হয়।

তে সমাধাবৃপসর্গা ব্যুত্থানে সিদ্ধয়ঃ ॥ ৩৮ ॥
—ইহারা সমাধির পথে বাধা, কিন্তু সংসার-অবস্থায় উহারা সিদ্ধির
স্বরূপ।

> প্রাতিভাং কুল্ম-ব্যবহিত-বিপ্রকৃষ্টাতীতানাগত জ্ঞানং, শ্রাবনাদ্ দিব্যশন্ধ্রবণং, বে^{নেন্দ্} দিব্যম্পনাধিগমঃ, আদশাদ্ দিবারাপসন্থিং। আম্বাদাদ দিবারসসন্থিং, বার্তাতো দিবাগন্ধবি^{ত্রু ন} ইত্যোভানি নিতাং জায়ন্তে।—ব্যাসভাষ্য

ষোদী আনেন, সংসারে এই সমৃদয় ভোগ পুরুষ ও মনের বোগ হইছে হইয়া থাকে, যদি তিনি 'আআ ও প্রকৃতি পরস্পর পৃথক্ বন্ধ' এই সত্যের উপর চিত্তসংযম করিতে পারেন, তবে তিনি 'পুরুষে'র আন লাভ করেন। তাহা হইছে বিবেকজান উদিত হয়। যখন তিনি এই 'বিবেক' লাভে কৃতকার্য হন, তথন তাঁহার প্রাভিভ বা দিব্যআন লাভ হয়। কিন্তু এই শক্তিসমৃদয় সেই উচ্চতম লক্ষ্যের পথে বাধা অর্থাৎ সেই পবিত্র আআরার জানের ও মৃক্তির প্রতিবন্ধকত্বরূপ। পথিমধ্যে বেন এগুলির সহিত সাক্ষাৎ হয়। বোগী যদি এগুলি পরিত্যাগ করেন, তবেই তিনি সেই উচ্চতম জান লাভ করিতে পারেন। যদি তিনি এই শক্তিগুলি লাভ করিয়া প্রল্ক হন, তবে তাঁহার অগ্রগতি ব্যাহত হয়।

বন্ধকারণশৈথিল্যাৎ প্রচারসংবেদনাচ্চ চিত্তস্থ পরশরীরাবেশঃ ॥ ৩৯ ॥

—যখন চিত্তের বন্ধনের কারণ শিথিল হইয়া যায় ও চিত্তের প্রচার-স্থানগুলিকে (অর্থাৎ শরীরস্থ নাড়ীসমূহকে) অবগত হন, তখন তিনি অপরের শরীরে প্রবেশ করিতে পারেন।

ষোগী অন্য এক দেহে অবস্থান করিয়া সেই দেহে ক্রিয়ালীল থাকিলেও কোন মৃতদেহে প্রবেশ করিয়া উহাকে উঠাইয়া গতিশীল করিতে পারেন। অথবা তিনি কোন জীবিত শরীরে প্রবেশ করিয়া সেই দেহস্থ মন ও ইন্দ্রিয়গণকে ক্রন্ধ করিয়া সাময়িকভাবে সেই শরীরের মধ্য দিয়া কার্য করিতে পারেন। প্রকৃতি ও পুক্ষরের বিবেকজ্ঞান লাভ করিলেই তাঁহার পক্ষে ইহা সম্ভব হইতে পারে। তিনি অপরের শরীরে প্রবেশ করিতে ইচ্ছা করিলে সেই শরীরে 'সংযম' প্রয়োগ করিলেই ইহা সিদ্ধ হইবে, কারণ তাঁহার আত্মাই যে সর্বব্যাপী তাহা নয়, তাঁহার মনও সর্বব্যাপী—অবশ্য যোগীদিগের মতে। উহা সেই স্বব্যাপী মনের এক অংশমাত্র। এখন কিন্তু উহা কেবল এই শরীরের সামুমগুলীর ভিতর দিয়াই কার্য করিতে পারেন, কিন্তু যোগী বথন স্নায়বীয় প্রবাহগুলি হইতে নিজেকে মৃক্ষ করিতে পারেন, তথন তিনি অন্তান্ত বন্ধ বা শরীরের দ্বারাও কার্য করিতে পারেন।

উদান-জন্নাজ্জল-পদ্ধ-ক-টকাদিখসল উৎক্রোন্ডিশ্চ ॥ ৪০ ॥
—(উদান-নামক স্নায়্প্রবাহ জয় করিতে পারিলে যোগী জলে বা পদ্ধে
মগ্ন হন না, তিনি কন্টকের উপর ভ্রমণ করিতে পারেন ও ইচ্ছামৃত্যু
হন।

'উদান' নামক যে স্নায়বীয় শক্তিপ্রবাহ ফুস্ফুস্ ও শরীরের উপরিহ্ সমৃদয় অংশকে নিয়মিত করে, যোগী যথন তাহা জয় করিতে পারেন. তথন তিনি অতিশয় লঘু হইয়া যান। তিনি আর জলে মগ্ন হন না, কণ্টকের উপর ও তরবারি-ফলকের উপর অনায়াদে চলিতে পারেন, অগ্নির মধ্যে দাঁড়াইয়া থাকিতে পারেন, এবং ইচ্ছামাত্র এই শরীর ত্যাগ করিতে পারেন।

সমানজয়াৎ প্রজ্বলন্।। ৪১॥

—সমান-প্রবাহকে জয় করিলে তিনি জ্যোতিঃ দ্বারা বেষ্টিত হইয়া থাকেন।

এ-অবস্থায় তিনি যথনই ইচ্ছা করেন, তথনই তাঁহার শরীর হইতে বিদ্যাতিঃ নির্গত হয়।

শোত্রাকাশরোঃ সম্বন্ধসংযমান্দিব্যং শ্রেশাত্রম্ ॥ ৪২ ॥
—কর্ণ ও আকাশের পরস্পর যে সম্বন্ধ আছে, তাহার উপর সংযম
করিলে দিব্য কর্ণ লাভ হয়।

এই আকাশ (ইথার) ও তাহাকে অম্বত্ত করিবার ষ্মান্তরণ কর্ণ রহিয়াছে। ইহাদের উপর সংযম করিলে যোগী দিব্য শ্রোত্ত লাভ করেন। তথন তিনি সম্দয় শব্দ শুনিতে পান। বহু দূরে কোন কথাবার্তা বা শ্র্দ হইলে তাহাও তিনি শুনিতে পান।

কায়াকাশয়োঃ সম্বন্ধ রাত্ম তুলসমাপত্তে কাকাশগমনন্ ॥ ৪৩॥
—শরীরের ও আকাশের সম্বন্ধের উপর চিত্তসংযম করিয়া এবং তুলা
প্রভৃতির স্থায় আপনাকে লঘু ভাবনা করিয়া যোগী আকাশের মগ্য
দিয়া গমন করিতে পারেন।

আকাশই এই শরীরের উপাদান; আকাশই এক বিশেষরূপে এই শরীর হইরাছে। যদি যোগী শরীরের উপাদান ঐ আকাশ-ধাতুর উপর সংয্য প্রয়োগ করেন, তবে তিনি আকাশের স্থায় লঘুতা প্রাপ্ত হন ও বায়ুর মধ্য দিয়া ষেধানে ইচ্ছা যাইতে পারেন।

বহিরকল্পিভা রৃত্তির্মহাবিদেহা ততঃ প্রকাশাবরণক্ষয়ঃ ॥ ৪৪ ॥
দেহের বাহিরে মনের যে 'যথার্থ বৃত্তি' অর্থাৎ মনের ধারণা, তাহার
নাম 'মহাবিদেহ'; তাহার উপর সংযম প্রয়োগ করিলে প্রকাশের যে
আবরণ, তাহা ক্ষয় হইয়া যায়।

মন অঞ্চাবশতঃ বিবেচনা করে, দে এই দেহের ভিতর দিয়া কাজ করিভেছে। যদি মন সর্বব্যাপী হয়, তবে আমি কেবল এক প্রকার সায়মগুলীর দারা আবদ্ধ থাকিব কেন, অথবা এই অহংকে একটি শরীরেই আবদ্ধ করিয়া রাখিব কেন? ইহার ভো কোন যুক্তি দেখিতে পাওয়া যায় না। যোগী চান, যেখানে ইচ্ছা দেখানে তিনি এই 'আমিত্ব' অহুভব করিবেন। অহংভাব চলিয়া গিয়া যে মানসিক রুভিপ্রবাহ এই দেহে জাগরিত হয়, তাহাকে 'অকল্পিতা রুভি' বা 'মহাবিদেহ' বলে। যথন তিনি উহার উপর 'সংযম' করিতে পারেন, তখন প্রকাশের সকল আবরণ চলিয়া যায় এবং সমৃদয় অন্ধকার ও অজ্ঞান দ্বীভূত হয়, সমস্তই তাঁহার নিকট জ্ঞানময় — চৈতল্পময় বলিয়া বোধ হয়।

স্থূলস্বরূপ-সূক্ষাব্য়ার্থবন্ধ-সংযমান্ত্রজন্ম ॥ ৪৫ ॥ - ভূতগণের স্থূল স্বরূপ, সূক্ষ্ম অষয় ও অর্থবন্ধ — এই কয়েকটির উপর স্ব্যুম করিলে ভূতজ্ঞয় হয়।

যোগী সমৃদয় ভূতের উপর সংযম করেন; প্রথম সুলভূতের উপর, তারপর উহার স্থা অবস্থার উপর 'সংযম' করেন। এক সম্প্রদায়ের বৌদ্ধগণ এই সংযমটি বিশেষভাবে গ্রহণ করিয়া থাকেন। থানিকটা কাদার ভাল লইয়া তাঁহারা উহার উপর 'সংযম' প্রয়োগ করেন, এবং ক্রমশঃ উহা যে-সকল

> **স্বরূপ—পৃথিবীর কাঠিন্ত, জলের** তারল্যাদি। অবর—সত্ত, রজঃ ও তমঃ প্রত্যেক ভূতে ব্যাধিত রহিরাছে, ইহা জানা। অর্থবন্ধ—বিশেষ বিশেষ ভোগপ্রদান-সামর্থা।

পুক্ষভূতে নির্মিত, তাহা দেখিতে আরম্ভ করেন। যখন তাঁহারা ঐ সুক্ষভূতের বিষয় জানিতে পারেন, তখনই তাঁহারা ঐ ভূতের উপর শক্তিলাভ করেন। সম্দয় ভূতের পক্ষেই এইরূপ বুঝিতে হইবে—বোগী এগুলি স্বই জ্বয় করিতে পারেন।

ভভোইণিমাদি-প্রাত্মভাবঃ কায়সম্পত্তর্মানভিষাভক্ষ ।। ৪৬ ॥
—ভাহা হইতেই অণিমা ইত্যাদি সিদ্ধির আবির্ভাব হয়, কায়-সম্পৎ
লাভ হয় ও সমৃদয় শারীরিক ধর্মের অনভিঘাত হয় (অর্থাৎ ধ্বংস হয় না)।

ইছার অর্থ এই যে, যোগী অইসিদ্ধি' লাভ করেন। তিনি নিজেকে ইচ্ছামত 'অণু' করিতে পারেন, খুব বৃহৎ করিতে পারেন, পৃথিবীর স্থায় গুরুও বায়র গ্রায় লগু করিতে পারেন, যাহার উপর ইচ্ছা প্রভূত্ব করিতে পারেন, যাহা ইচ্ছা তাহাই জয় করিতে পারেন, তাহার ইচ্ছায় সিংহ তাহার পদতলে মেষের স্থায় শাস্তভাবে বসিয়া থাকিবে ও তাঁহার সমৃদয় বাসনাই তাঁহার ইচ্ছামত পরিপূর্ণ হইবে।

রূপ-লাবণ্য-বল-বজ্ঞসংহননত্বানি কায়সম্পৎ ॥ ৪৭ ॥ —কায়সম্পৎ বলিতে সৌন্দর্য, স্থন্দর অঙ্গকান্তি, বল ও বজ্ঞবৎ দৃঢ়তা বৃঝায় ।

তথন শরীর অবিনাশী হইয়া যায়, কিছুই উহার কোন ক্ষতি করিতে পারে না। যোগী যদি ইচ্ছা না করেন, তবে কিছুই তাঁহার শরীর বিনাশ করিতে পারে না, 'কালদণ্ড ভঙ্গ করিয়া তিনি এই জগতে সশরীরে বাদ করেন।' বেদে লিখিত আছে, সেই ব্যক্তির রোগ, মৃত্যু অথবা কোন প্রেশ হয় না।

গ্রহণস্বরূপাস্মিতাবয়ার্থবন্ধসংযমাদিন্দ্রিয়স্করঃ॥ ৪৮॥
—ইন্দ্রিয়গণের বাহ্যপদার্থাভিমুখী গতি, তজ্জনিত জ্ঞান, এই জান

> অষ্ট্রসিদ্ধি : অণিমা, লখিমা, মহিমা, প্রাপ্তি (দুরস্থ ক্রব্যন্ত সন্নিহিত হওরা্), প্রাক্ষি (ইচ্ছান্ন অনভিযাত), বশিত্ব, ঈশিত্ব, যত্রকামবসায়িত্ব (সত্যসংকরতা)।

হইতে বিকশিত অহং-প্রতায়, উহাদের ত্রিগুণময়ত্ব ও ভোগদাভূত্ব— এই কয়েকটির উপর সংযম করিলে ইন্সিয়-জয় হয়।

বাহ্ বন্ধন অমুভূতির সময়ে ইন্দ্রিয়গণ মন হইতে বাহিরে ঘাইয়া বিষয়ের দিকে ধাৰমান হয়, তাহা হইতেই উপলব্ধি ও অম্বিভার উৎপত্তি হয়। যখন ধোগী উহাদের উপর এবং অপর তুইটির উপরও ক্রমে ক্রমে 'সংযম' প্রয়োগ করেন, তখন তিনি ইন্দ্রিয় অয় করেন। যে-কোন বন্ধ তুমি দেখিতেছ বা অমুভব করিতেছ—যথা একখানি পুত্তক—ভাহা লইয়া ভাহার উপর দংযম প্রয়োগ কর। ভারপর পুত্তকের আকারে যে আন রহিয়াছে, ভাহার উপর সংযম প্রয়োগ কর। এই অভ্যাসের ঘারা সম্দয় ইন্দ্রিয় অয় হইয়া থাকে।

ভতো মনোজবিত্বং বিকরণভাবঃ প্রধানজয়শ্চ ॥ ৪৯ ॥
—তাহা হইতে দেহে মনের স্থায় বেগ, ইন্দ্রিয়গণের দেহনিরপেক্ষ
শক্তিলাভ ও প্রকৃতিজয় হইয়া থাকে।

ধেমন ভূতজন্ম ধারা কান্ত্রদম্পৎ লাভ হয়, সেইরূপ ইন্দ্রিয়সংঘমের দারা পূর্বোক্ত শক্তিসমূদ্র লাভ হইয়া থাকে।

সদ্পুরুষান্যভাখ্যাতিমাত্রন্য সর্ব ভাবাহধিষ্ঠাতৃত্বং

সর্ব জ্ঞাতৃত্বঞ্চ ॥ ৫০ ॥

—পুরুষ ও বৃদ্ধির পরস্পর পার্থক্য-বিজ্ঞানের উপর চিত্তসংযম করিলে দকল বস্তুর উপর অধিষ্ঠাতৃত্ব ও সর্বজ্ঞাতৃত্ব লাভ হয়।

্যখন প্রকৃতি জন্ম করা হইরা গিয়াছে ও পুরুষ-প্রকৃতির ভেদ উপলব্ধি ইইয়াছে, অর্থাৎ জানা গিয়াছে যে, পুরুষ অবিনাশী পবিত্র ও পূর্ণস্করণ, তখন স্বিশক্তিমতা ও সর্বজ্ঞতা লাভ হয়।

ভবৈরাগ্যাদপি দোষবীজক্ষয়ে কৈবল্যম্॥ ৫১॥ —এগুলিকেও ভ্যাগ করিতে পারিলে দোষের বীজ ক্ষয় হইয়া যায়, ^{তথ্নই} কৈবল্য লাভ হয়।

এই অবস্থায় সাধক কৈবল্য লাভ করেন, স্বাধীন ও মুক্ত হইয়া যান। যখন ডিনি সর্বশক্তিমতা ও সর্বজ্ঞতা—শক্তি-ছটিও ত্যাগ করেন, তখন সমুদয় ভোগ,

এমন কি দেবগণকত প্রলোভনও তিনি অভিক্রম করিতে পারেন। যথন যোগা এই-দকল অভুত ক্ষমতা লাভ করিয়াও পরিত্যাগ করেন, তথনই তিনি দেই চরম লক্ষ্যে উপনীত হন। বাস্তবিক এই শক্তিগুলি কি ? শুধু বিকার মাত্র। স্বপ্ন অপেকা এগুলি কোন অংশে বড় নয়। সর্বশক্তিমত্তাও স্বপ্নতুল্য। উহা কেবল মনের উপর নির্ভির করে। যতকণ মনের অন্তিম্ব থাকে, ততকণই দর্বশক্তিমত্তা ব্রা যাইতে পারে, কিন্তু আমাদের লক্ষ্য মনকেও অতিক্রম করিয়া।

স্থান্যপ্রনিমন্ত্রণে সঙ্গন্ময়াকরণং পুনরনিষ্টপ্রসঙ্গাৎ।। ৫২।।
—দেবগণ প্রলোভিত করিলেও তাহাতে আসক্ত হওয়া বা আনন্দবে।।
(স্ময়) করা উচিত নয়, কারণ তাহাতে অনিষ্টের আশঙ্কা আছে।

আবেও অনেক বিল্ল আছে। দেবতা ও অন্তেরা বোগীকে প্রল্ক করিতে আদেন; তাঁহারা ইচ্ছা করেন না যে, কেহ সম্পূর্ণরূপে মৃক্ত হইয়া যায়। আমরা যেমন কর্ষাপরায়ণ, দেবতারাও সেইরূপ, বরং কথন কথন আমাদের অপেক্ষা অধিক। পাছে পদভ্রষ্ট হন, সেই ভয়ে তাঁহারা অভিশন্ন ভীত। যে-সকল যোগী সম্পূর্ণ সিদ্ধ হইতে পারেন না, মৃত্যুর পর তাঁহারাই দেবতা হন। তাঁহারা সোজা পথ ছাড়িয়া পাশের এক গলিপথে চলিয়া যান এবং এই ক্ষমতাগুলি লাভ করেন। তাঁহাদের আবার জন্মাইতে হইবে, কিন্তু যিনি এতদ্র শক্তিসম্পন্ন যে, এই প্রলোভনগুলিও প্রতিরোধ করিতে পারেন, তিনি একেবারে লক্ষ্যে গৌছিতে পারেন, তিনি মৃক্ত হইয়া যান।

ক্ষণভৎক্রময়োঃ সংযমাদ্বিবেকজং জ্ঞানম্ ॥ ৫৩ ॥
—ক্ষণ ও তাহার পূর্বাপর ভাবগুলির উপর সংযম প্রয়োগ করিলে
বিবেকজ জ্ঞান উৎপন্ন হয়।

এই দেবতা, স্বৰ্গ ও শক্তিগুলি এড়াইবার উপায় কি ? বিবেকবলে যথন সদসংবিচারশক্তি হয়, তথনই এই-সকল বিশ্ব চলিয়া যাইবে। যাং তি বিবেকজান দৃঢ় হইতে পারে, এই উদ্দেশ্যে এই সংযমের উপদেশ প্রাণ্ড হইল। ক্ষণ অর্থাৎ কালের স্ক্রতম অংশের এবং উহার পূর্বাপর ভাবগুলির উপর সংযমের ঘারা ইহা হইয়া থাকে।

জাতিলকণদেলৈরন্তভানবচ্ছেদান্তল্যুরোন্তভঃ প্রতিপত্তিঃ।। ৫৪।।
—জাতি, লক্ষণ ও দেশ দ্বারা যাহাদিগকে পৃথক্ করা যায় না,
এবং সেজন্ত তুল্য বোধ হয়, তাহাদিগকেও ঐ পূর্বোক্ত সংযমের
দ্বারা পৃথক্ করিয়া জানা যাইতে পারে।

আমরা ষে তু:খ ভোগ করি, ভাহা সভ্য ও অসভ্যের মধ্যে পার্থক্যদৃষ্টির অভাবরূপ অজ্ঞান হইতে উৎপন্ন হইয়া থাকে। আমরা দকলেই মন্দকে ভাল বলিয়া ও স্বপ্পকে সত্য বলিয়া গ্রহণ করি। আত্মাই একমাত্র সভ্য, ইহা আনরা বিশ্বত ত্ইয়াছি। শরীর মিথ্যা শ্বীমাত্র; আমরা ভাবি, আমরা শরীর। হুতরাং দেখা গেল, এই অবিবেকই ছঃখের কারণ। এই অবিবেক আবার অবিভা হইতে প্রস্ত। বিবেকের সঙ্গে সঙ্গে বলও আদে, তথ্যই আমরা এই শ্রীর, স্বর্গ ও দেবাদির কল্পনা পরিহার করিতে সমর্থ হই। জাতি, চিহ্ন ও স্থান দারা আমরা বল্পগুলিকে পৃথক্ করিয়া থাকি। উদাহরণশ্বরূপ একটি গাভীর কথা ধরা যাক। কুকুর হইতে গাভীর ভেদ জাতিগত। ছুইটি গাভীর মধ্যে আমহা কিরূপে পরস্পর প্রভেদ করিয়া থাকি ? চিহ্নের দ্বারা। আবার ছুইটি বস্তু সর্বাংশে সমান হইলে আমরা স্থানগত ভেদের দ্বারা উহাদিগকে পৃথক্ করিতে পারি। কিন্তু যথন বস্তুদকল এমন মিশাইয়া থাকে যে, ভেদ করিবার এই ভিন্ন ভিন্ন উপায়গুলি কোন কাব্দে আদে না, তথন পূৰ্বোক্ত সাধনপ্ৰণালী-অভ্যাদের দারা লব্ধ বিবেক-বলে আমরা উহাদিগকে পৃথক্ করিতে পারি। যোগীদিগের উচ্চতম দর্শন এই **শত্যের উপর স্থাপিত যে, পুরুষ ভদ্ধস্বভাব ও দদা পূর্ণস্বরূপ এবং বিশ্ব**-জগতের মধ্যে তাহাই একমাত্র 'অমিশ্র' বস্তু। শরীর ও মন মিশ্র পদার্থ, তথাপি আমরা সর্বদাই আমাদিগকে উহাদের সহিত মিশাইয়া ফেলিতেছি। সামাদের মহাভ্রম এই যে, ঐ পার্থকাটুকু নট হইয়া গিয়াছে। যথন এই বিবেকশক্তি লাভ হয়, তখন মামুষ দেখিতে পায় যে, জগতের বাহ্ ও শাস্তর-সকল বস্তুই মিশ্র পদার্থ, স্তরাং এগুলি 'পুরুষ' হইতে পারে না।

তারকং সর্ব বিষয়ং সর্বথা-বিষয়মক্রমঞ্চেতি বিবেকজং জ্ঞানম্॥ ৫৫॥
—যে বিবেকজ্ঞান সকল বস্তু ও বস্তুর সর্ববিধ অবস্থাকে যুগপৎ
গ্রহণ করিতে পারে, তাহাকে 'তারকজ্ঞান' বলে।

'ভারক' অর্থে বাহা বোগীকে সংসার (জন্ম-মৃত্যুর সাগর) হইতে ভারণ করে। সমগ্র প্রকৃতির ক্ষ স্থুল সর্ববিধ অবস্থা এই জ্ঞানের আয়ত্তের মধ্যে। এই জ্ঞানে কোনরূপ ক্রম নাই। ইহা সম্দন্ন বস্তুকে মৃগণৎ—একদৃষ্টিতে গ্রহণ করিতে পারে।

সন্ধপুরুষয়োঃ শুদ্ধিসাম্যে কৈবল্যমিতি ॥ ৫৬ ॥ —যথন সন্থ ও পুরুষের শুদ্ধির সমতা হয়, তখনই কৈবল্যলাভ হয়।

কৈবল্যই আমাদের লক্ষ্য; যথন এই লক্ষ্যন্থলে পৌছিতে পারা যায়, তথন আত্মা ব্বিতে পারেন যে, তিনি চিরকাল একাকী—'কেবল' ছিলেন, তাঁহাকে স্থা করিবার জন্ম আর কাহারও প্রয়োজন ছিল না। যতদিন আমরা আমাদিগকে স্থা করিবার জন্ম আর কাহাকেও চাই, ততদিন আমরা দাসমাত্র। যথন পুক্ষর জানিতে পারেন—তিনি মুক্তস্বভাব ও তাঁহাকে পূর্ণ করিতে আর কাহারও প্রয়োজন হয় না—জানিতে পারেন যে, এই প্রকৃতি ক্ষণিক, ইহার কোন প্রয়োজন নাই, তথনই মুক্তিলাভ হয়, তথনই এই কৈবল্যলাভ হয়। যথন আত্মা জানিতে পারেন যে, জগতে ক্ষত্রতম পরমাণ্ হইতে দেবতা পর্যন্ত কোন কিছুরই উপর তিনি নির্ভর করেন না, তথন আত্মার সেই অবস্থাকে কৈবল্য (পৃথক্ষ) ও পূর্ণতা বলে। যথন ওদি ও অওদির মিশ্রণ 'সন্ত্ব' অর্থাৎ বৃদ্ধি পুক্ষবেরই মতো ওদ্ধ হইয়া যায়, তথন এই কৈবল্যলাভ হইয়া থাকে, তথন সেই ভদ্ধবৃদ্ধি কেবল নিগুণ পবিত্রত্বরূপ পুক্ষকেই প্রতিফলিত করে।

চতুর্থ অধ্যার

কৈবল্য-পাদ

जत्मीविश्वज्ञ भारतमारिकाः निकारः॥ ১॥

—সিদ্ধি(শক্তি)সমূহ জন্ম, ঔষধ, মন্ত্ৰ, তপস্থা ও সমাধি হইতে উৎপন্ন হয়।

কথনও কথনও মাহ্য পূর্বজন্মলর সিদ্ধি লইয়া জন্মগ্রহণ করে। এই জন্মে দে যেন তাহাদের ফলভোগ করিতেই আসে। সাংখ্যদর্শনের পিতাম্বরূপ কপিল সম্বন্ধে কথিত আছে যে, তিনি সিদ্ধ' হইয়া জন্মিয়াছিলেন। 'সিদ্ধ' শব্দের আক্ষরিক অর্থ—যিনি সকল বা ক্লডকার্য হইয়াছেন।

যোগীরা বলেন, রাসায়নিক উপায়ে অর্থাৎ ঔষধাদি ঘারা এই-সকল শক্তি গাভ করা ষাইতে পারে। তোমরা সকলেই জানো বে, রসায়নবিভার প্রারম্ভ মালকেমি (alchemy) হইতে। মান্ত্ৰ পরশ-পাথর (Philosopher's stone), সঞ্জীবনী অমৃত (Elixir of life) ইত্যাদির অন্বেষণ করিত। ভারতবর্বে 'রাসায়ন' নামে এক সম্প্রদায় ছিল। ভাহাদের মত ছিল: হন্মতত্বপ্রিয়তা, জ্ঞান, আধ্যাত্মিকতা, ধর্ম-এ-সব খুবই ভাল, কিন্তু এ-গুলি নাভ করিবার একমাত্র উপায় এই শরীর। যদি মধ্যে মধ্যে শরীর ভগ্ন অর্থাৎ মৃত্যুগ্রস্থ হয়, ভবে সেই চরমলক্ষ্যে পৌছিতে অনেক সময় লাগিবে। মনে কর, কোন ব্যক্তি যোগ অভ্যাস করিতে বা আধ্যাত্মিকভাবাপ**র হ**ইতে গৈছুক। কিন্তু যথেষ্ট উন্নতি করিতে না করিতেই তাহার মৃত্যু হইল। তথন শ আর এক দেহ লইয়া পুনরায় দাধন করিতে আরম্ভ করিল, আবার ভাহার মৃত্যু হইল; এইক্লপে পুন: পুন: জন্মগ্রহণ ও মৃত্যুতেই তাহার অধিকাংশ মিয় ন**ট হইয়া গেল। যদি শরীরকে এক্নপ সবল ও সম্পূ**র্ণ করিতে পারা ায় যে, উহার জন্মমৃত্যু একবারে বন্ধ হয়, তাহা হইলে আধ্যাত্মিক উন্নতি ^कরিবার অনেক সময় পাওয়া ষাইবে। এই কারণে এই রাদায়নের। বলিয়া োকেন, 'প্রথমে শরীরকে খুব সবল কর।' তাঁহারা বলেন, শরীরকে অমর ট্রা যাইতে পারে। ইহাদের মনের ভাব এই যে, শরীরগঠন করিবার কর্তা

তুলনীর: 'সিদ্ধানাং কপিলো মূনি:'—গীতা, ১০।২৬

যদি মন হয়, আর ইহা যদি সভ্য হয় যে, প্রত্যেক ব্যক্তির মন সেই অনন্ত শক্তিপ্রকাশের এক একটি বিশেষ প্রণালীমাত্র, তবে এইরূপ প্রত্যেক প্রণালীর বাহির হইতে যথেচ্ছ শক্তি সংগ্রহ করিবার কোন দীমা নিদিষ্ট থাকিতে পাবে না। স্থতরাং আমরা চিরকাল এই শরীরকে রাখিতে পারিব না কেন ? যভ শরীর আমরা ধারণ করি, সব আমাদিগকেই গঠন করিতে হয়। বখনই এই শরীরের পতন হইবে, তথন আবার আমাদিগকেই আর একটি শরীর গঠন করিতে হইবে। যদি আমাদের এই ক্ষমতা থাকে, তবে এই শরীর হইতে বাহিরে না গিয়া আমরা এধানেই এবং এখনই সেই গঠনকার্য করিতে পারিব না কেন ? তত্ত্বের দিক দিয়া ইহা সম্পূর্ণ সত্য। ইহা যদি সম্ভব হয় থে, আমরা মৃত্যুর পরও (কোন একভাবে) জীবিত থাকি, এবং নিজ নিজ শরীর গঠন করি, ভবে শরীরকে সম্পূর্ণ ধ্বংস না করিয়া কেবল উহাকে ক্রমণঃ পরিবর্তিত করিয়া এই পৃথিবীতে (নৃতনতর) শরীর গঠন করা আমাদের পক্ষে অসম্ভব হইবে কেন? তাঁহাদের আরও বিশাদ ছিল যে, পারদে ও গন্ধকে অত্যভুত শক্তি লুকায়িত আছে। এই দ্ৰব্যগুলি হইতে প্ৰস্তুত কোন বিশেষ 'রসায়ন' দারা মাছ্য যতদিন ইচ্ছা শরীরকে অবিকৃত রাখিতে পারে। অপর কেহ বিশ্বাস করিত যে, ঔষধবিশেষের সেবনে আকাশ-প্রমনাদি সিদ্ধি-লাভ হইতে পারে। আজকালকার অধিকাংশ আশ্চর্য ঔষধই, বিশেষতঃ ঔষধে ধাতুর ব্যবহার আমরা এই রদায়নবিজ্ঞা হইতেই পাইয়াছি। কোন কোন যোগিসম্প্রদায় দাবি করেন, তাঁহাদের প্রধান প্রধান গুরুরা অনেকে এখনও তাঁহাদের পুরাতন শরীরেই বিভয়ান আছেন। যোগসম্বন্ধ শ্রেষ্ঠ প্রমাণভূত (যাহার প্রামাণ্য অকাট্য, সেই) পভঞ্জলিও ইহা অম্বীকার করেন না।

মন্ত্রশক্তি: মন্ত্র-নামক কতকগুলি পবিত্র শব্দ আছে; নির্দিষ্ট নির্মে উচ্চাবণ কবিলে এগুলি হইতে আশ্চর্য শক্তিলাভ হইরা থাকে। আমরা দিনরাত অভ্ত ঘটনারাশির মধ্যে বাদ করি, দেগুলির বিষয় কিছু চিন্তা ও করি না। মাসুষের শক্তি, শব্দের শক্তি ও মনের শক্তির কোন দীমা নাই।

তপশ্রা: তোমরা দেখিবে, প্রত্যেক ধর্মেই তপশ্রা ও কৃচ্ছু সাধন আছে।
ধর্মের এই-দিকটিতে হিন্দুরাই সর্বদা চরম সীমায় গিয়া থাকেন। দেখিবে —
এমন অনেকে আছে, যাহারা সারা জীবন উর্ধে হাত তুলিয়া রাখে, বে প্রত্তন ভিহা ভকাইয়া অবশ হইয়া যায়। অনেকে দিবারাত্র দাড়াইয়া থাকে,

অবশেষে তাহাদের পা ফুলিয়া যায়; যদি তারপরও তাহারা জীবিত থাকে, তাহা হইলে দেই অবস্থায় তাহাদের পা এত শক্ত হইয়া যায় যে, তাহারা আর পা মৃড়িতে পারে না। বাকী জীবন তাহাদিগকে দাঁড়াইয়াই থাকিতে হয়। আমি একবার এক উর্ধবাহ পুরুষকে দেখিয়াছিলাম। তাঁহাকে জিজ্ঞালা করি, 'বখন প্রথম প্রথম ইহা অভ্যাল করিতেন, তখন কিরূপ বোধ করিতেন?' তিনি বলেন, 'প্রথম প্রথম ভ্যানক গন্ত্রণা বোধ হইত। এত যন্ত্রণা হইত যে, নদীতে গিয়া জলে ড্বিয়া থাকিতাম; তাহাতে কিছুক্ষণের জন্ত যন্ত্রণার কতকটা উপশম হইত। একমাল পরে আর বিশেষ কট ছিল না।' এইরূপ অভ্যাদের দারা নিদ্ধি বা বিভৃতি লাভ হইয়া থাকে।

সমাধি: ধ্যানই সমাধি, ইহাই প্রকৃত যোগ; এই বিজ্ঞানের ইহাই প্রধান আলোচ্য বিষয়; আর ইহাই শ্রেষ্ঠ উপায়। পূর্বে আলোচিত বিষয়-গুলি গৌণ। সেগুলির বারা উচ্চতম অবস্থা লাভ করা যায় না। সমাধি-বারাই মানসিক, নৈতিক ও আধ্যাত্মিক যাহা কিছু, সবই আমরা লাভ করিতে পারি।

জাভ্যন্তর-পরিণামঃ প্রকৃত্যাপূরাৎ ॥২ ॥

--প্রকৃতির আপ্রণের দারা এক জাতি আর এক জাতিতে পরিণত
হইয়া যায়।

পতঞ্জলি বলিয়াছেন, এই প্রস্তাবে উপস্থাণিত শক্তিগুলি কথন জন্মধারা, কথন বাদায়নিক ঔষধ দাবা অথবা তপস্থাদাবা লাভ করিতে পারা যায়। তিনি আবও স্বীকার করিয়াছেন যে, এই শরীরকে ষতদিন ইচ্ছা রক্ষা করা মাইতে পারে। এখন তিনি বলিতেছেন: এই শরীর একজাতি হইতে অপর জাতিতে পরিণত হয় কেন? তাঁহার মতে—ইহা প্রকৃতির আপূরণের দাবা হুইয়া থাকে। পরবর্তী স্ত্তে তিনি ইহা বুঝাইয়া দিতেছেন।

নিমিন্তমপ্রব্যোজকং প্রকৃতীনাং বরণভেদস্ত ততঃ ক্ষেত্রিকবৎ॥ ৩॥
—সং ও অসং কর্ম প্রকৃতির পরিণামের সাক্ষাৎ কারণ নয়, কিন্তু
এগুলি উহার বাধাভগ্নকারী নিমিত্তমাত্র—যেমন কৃষক জলেব গতিপথে বাধা বাঁধ ভাঙিয়া দিলে জল নিজের স্বভাববশেই প্রবাহিত হয়।

যখন কোন কৃষক ক্ষেত্রে জল সেচন করিবার ইচ্ছা করে, তখন ভাহার আর অক্ত কোন স্থান হইতে জল আনিবার আবশুক হয় না, কেতের নিকটবর্তী জলাশয়ে জল সঞ্চিত রহিরাছে, শুধু মধ্যে কপাটের বারা ঐ জল ক্ষ আছে। কৃষক সেই কপাট খুলিয়া দেয়, এবং জল ছতই মাধ্যাকর্ষণের নিয়মামুদারে কেত্রে প্রবাহিত হয়। এইরূপে দর্বপ্রকার উর্ভি ও শক্তি পূর্ব হইতেই প্রত্যেকের ভিতর বহিয়াছে। পূর্ণতা মহয়ের অন্তর্নিহিত ভাব; কেবল উহার দার ক্ষ আছে, প্রবাহিত হইবার প্রকৃত পথ পাইতেছে না। যদি কেহ ঐ বাধা সরাইয়া দিতে পারে, ভবে প্রকৃতিগত শক্তি সবেগে প্রবাহিত হইবে; তখন মাহ্র তাহার নিজন্ব শক্তিগুলি লাভ করিয়া থাকে। এই প্রতিবন্ধক অপসারিত হইলে এবং প্রকৃতির শক্তি অপ্রতিহত ভাবে ভিতরে প্রবেশ করিলে আমরা যাহাদিগকে তৃষ্ট বলি, ভাহারা সাধু হইয়া যায়। মভাব বা প্রকৃতিই আমাদের পূর্ণতার দিকে লইয়া বাইতেছে, কালে এই প্রকৃতি দকলকেই দেই অবস্থায় লইয়া যাইবে। ধার্মিক হইবার জন্ম যাহা কিছু সাধন ও চেষ্টা, ভাহা কেবল নিষেধমূথ কাৰ্যমাত্ৰ—কেবল প্ৰভিবন্ধক অপদারিত করিয়া দেওয়া, জন্মগত অধিকারস্ক্রপ পূর্ণতার বার খুলিয়া দেওয়া —পূৰ্ণতাই আমাদের প্ৰকৃত স্বভাব।

প্রাচীন যোগীদিগের পরিণামবাদ আধুনিক গবেষণার আলোকে আরও সহজে ও ভালভাবে বুঝিতে পারা যাইবে এবং যোগীদের ব্যাখ্যা আধুনিক ব্যাখ্যা হইতে অনেক ভাল। আধুনিকেরা বলেন, পরিণামের ছইটি কারণ—বৌন-নির্বাচন (Sexual selection) ও যোগ্যতমের উজ্জীবন (Survival of the fittest)। কিছু এই ছইটি কারণ পর্যাপ্ত বলিয়া বোধ হয় না। মনে কর, মানবীয় জ্ঞান এতদ্ব উয়ত হইল যে, শরীর ধারণ ও সলী নির্বাচন করিবার প্রতিযোগিতা উঠিয়া গেল। তাহা হইলে আধুনিক-দিগের মতে মাছ্বের উন্নতিপ্রবাহ কর্ছ হইবে এবং জাতির মৃত্যু হইবে। আর এই মতবাদের ফলে প্রত্যেক অত্যাচারী ব্যক্তি নিজের বিবেকের ভর্মনা হইতে অব্যাহতি পাইবার একটি যুক্তি লাভ করে। আর এমন লোকেরও অভাব নাই, যাহারা নিজেদের দার্শনিক বলিয়া পরিচয় দেন এবং যত ছই

> ভাক্নইনের মত: সকল জীবই নিজ নিজ বৌন-সঙ্গী নির্বাচন করিয়া লয়; এ জীবন-সংগ্রামে বে ব্যোগ্যতম, সেই-ই শেষ পর্যন্ত বাঁচিয়া থাকে।

ও অহুপৰুক্ত লোকদিগকে মারিয়া ফেলিতে চান (তাঁহারাই যেন মাহুষের যোগ্যভা-অবোগ্যভার একষাত্র বিচারক)—এইভাবে তাঁহারা মহুগুঞ্চাতিকে রকা করিবেন! কিন্তু সেই মহান্ প্রাচীন পরিণামবাদী পভঞ্জি ঘোষণা করিয়াছেন: ক্রমবিকাশ বা পরিণামের প্রকৃত রহস্থ—প্রত্যেক ব্যক্তিতে যে পূৰ্ণতা অন্তৰ্নিহিত বহিয়াছে তাহাবই বিকাশ মাত্ৰ; ঐ পূৰ্ণতা বাধাপ্ৰাপ্ত হইয়াছে, এবং বাধার ওপারে অনস্ত তরজ্পোত নিজেকে প্রকাশ করিবার জন্স চেষ্টা করিতেছে। এই সংগ্রাম ও প্রতিবন্দিতা আমাদের অজ্ঞানের ফলমাত্র। এই বার কি করিয়া খুলিয়া দিভে হয় ও জলকে কি করিয়া ভিতরে জানিতে হয়, তাহা জানি না বলিয়াই এইক্লপ হইয়া থাকে। বাঁধের বাহিরে যে অন্ত তর্ত্ব-শ্রোত বহিয়াছে, ভাহা নিজেকে প্রকাশ করিবেই করিবে; ইহাই সমৃদয় অভিব্যক্তির কারণ; কেবল জীবনধারণের অথবা ইদ্রিয়-ভোগের জন্ম প্রতিযোগিতা অজ্ঞানজাত ক্ষণিক অনাবশ্যক বাহ্য ব্যাপার মাত্র। সকল প্রতিযোগিতা বন্ধ হইয়া গেলেও যতদিন পর্যন্ত না প্রত্যেক ব্যক্তি পূর্ণ হইতেছে, ততদিন আমাদের এই অন্তর্নিহিত পূর্ণস্বভাব আমাদিগকে ক্রমশঃ অগ্রসর করাইয়া উন্নতির দিকে লইয়া যাইবে। অতএব প্রতিযোগিতা যে উন্নতির জ্বন্স আবশ্রক, ইহা বিশাস করিবার কোন যুক্তি নাই। পশুর ভিতর 'মাহ্ব' চাপা রহিয়াছে। যেমন দ্বার উন্মুক্ত হয় অর্থাৎ প্রতিবন্ধক অপসারিত হয়, অমনি সবেগে 'মাহুষ' বহির্গত হয় ; এইরূপে মাহুষের ভিতরও দেবতা অন্তর্নিহিত রহিয়াছেন, কেবল অজ্ঞানের অর্গলে ও শৃঙ্খলে তিনি বন্দী হইয়া আছেন। যখন জ্ঞান এই অর্গলগুলি ভাঙিয়া ফেলে, তখনই দেই দেবতা প্ৰকাশিত হন।

নির্মাণ-চিন্তাশ্রীতা-মাত্রাৎ ॥ ৪ ॥ —যোগী কেবল নিজের অহংভাব হইতেই অনেক চিন্ত স্তুলন করিতে পারেন।

কর্মবাদের তাৎপর্য এই ষে, আমরা আমাদিগের সদসৎ কর্মের ফলভোগ করিয়া থাকি, আর সমগ্র দর্শনশাস্ত্রের একমাত্র উদ্দেশ্য—মাহুষের নিজ মহিমা অবগত হওয়া। সকল শাস্ত্রই মানবের আত্মার মহিমা ঘোষণা করিতেছে; আবার সঙ্গে কর্মবাদ প্রচার করিতেছে: ভঙ্জ কর্মের ফল শুন্ত, অশুন্ত কর্মের ফল অশুন্ত হইয়া থাকে। কিছা যদি শুন্তাশুন্ত কর্ম আত্মার উপর প্রভাব বিভার করিতে পারে, তবে আত্মা তো কিছুই নয়। প্রকৃতপক্ষে অশুন্ত কর্ম কেবল পুরুষের স্বন্ধপ প্রকাশের বাধা দেয়; শুন্ত কর্ম দেই বাধাগুলি দ্ব করিয়া দেয়; তথনই পুরুষের মহিমা প্রকাশিত হয়, কিছা পুরুষ নিজে কখনই পরিবর্তিত বা পরিণামপ্রাপ্ত হন না তুমি যাহাই কর না কেন, কিছুই তোমার মহিমা—তোমার নিজ স্বন্ধণ নই করিতে পারে না; কারণ কোন বস্থই আত্মার উপর ক্রিয়া করিতে পারে না, আত্মার উপর কেবল একটি আবরণ পড়ে এবং উহার পূর্ণতা আছোদিত হয়।

ষোগিগণ শীঘ্র শীঘ্র কর্মকয় করিবার জন্ম 'কায়বৃাহ' অর্থাৎ একসংশ বহু দেহ স্থান করেন। এই-সকল দেহের জন্ম তাঁহারো তাঁহাদের অস্মিতা বা অহংতত্ত্ব হইতে অনেকগুলি মন স্পষ্ট করেন। তাঁহাদের মূল চিত্তেব সহিত পৃথক্ত্ব বুঝাইবার জন্ম এই নির্মিত চিত্তসমূহকে 'নির্মাণচিত্ত' বলা হয়।

প্রবৃত্তিভেদে প্রয়োজকং চিত্তমেকমনেকেষাম্ ॥ ৫ ॥
— যদিও এই ভিন্ন ভিন্ন সৃষ্ট মনের কার্য নানাপ্রকার, কিন্তু সেই এক
আদি মনই সবগুলির নিয়ন্তা।

ভিন্ন ভিন্ন মন ভিন্ন ভিন্ন দেহে কার্য করে, এগুলিকে 'নির্মাণচিত্ত' এবং এই শরীরগুলিকে 'নির্মাণদেহ' বলে; অর্থাৎ বিশেষভাবে নির্মিত শরীর ও মন। ভৃত (মূল উপাদান) ও মন যেন চুইটি অফুরস্ত ভাগুারগৃহের মতো। বাগী হইলেই তুমি এ-ছটিকে জন্ম করিবার রহস্ত অবগত হইবে। এই জ্ঞান বরাবরই ভোমার ছিল, তুমি শুরু উহা ভূলিয়া গিন্নাছ। যোগী হইলে উহা তোমার স্মৃতিপথে উদিত হইবে, তথন তুমি উহাকে লইয়া যাহা ইচ্ছা তাহাই করিতে পারিবে, যেভাবে ইচ্ছা দেইভাবে ব্যবহাণ করিতে পারিবে। যে উপাদান হইতে এই বৃহৎ ব্রহ্মাণ্ডের উৎপত্তি হয়, এই নির্মাণচিত্তও দেই উপাদান হইতে নির্মিত। মন এক পদার্থ আগ ভূত এক পৃথক্ পদার্থ, তাহা নয়; উহারা একই পদার্থের বিভিন্ন দিক মাত্র। অস্মৃতাই দেই উপাদান, দেই স্ক্র বস্তু, যাহা হইতে যোগীণ এই নির্মাণচিত্ত ও নির্মাণদেহ প্রস্তুত হয়। স্ক্তরাং যথনই যোগী প্রস্কৃতির

এই শক্তিশুলির রহস্ত অবগত হন, তথনই তিনি অন্মিতা-নামক উপাদান হইতে যত ইচ্ছা তত মন ও শ্রীর নির্মাণ করিতে পারেন।

ভত্ত ধ্যানজমনাশয়ম্॥ ৬॥

--ভিন্ন ভিন্ন প্রকার চিত্তের মধ্যে যে-চিত্ত সমাধিদ্বারা লব্ধ, তাহা বাসনাশৃত।

ভিন্ন তির ব্যক্তিতে যে আমরা ভিন্ন ভিন্ন প্রকার মন দেখিতে পাই, তনধ্যে যে মনের পূর্ণ একাগ্রতা বা সমাধি-অবস্থা লাভ হইরাছে, তাহাই সর্বোচ্চ। যে ব্যক্তি ঔষধ, মন্ত্র অথবা কুচ্ছতাবলে কতকগুলি শক্তি লাভ করে, তাহার তথনও বাসনা থাকে, কিন্তু যে ব্যক্তি ধ্যানধাণের দারা সমাধি লাভ করে, কেবল সেই ব্যক্তিই সকল বাসনা হইতে মৃক্ত।

কর্মাশুক্লাকৃষ্ণং যোগিনস্তিবিধমিতরেষাম্।। ৭।।

–যোগীদের কর্ম কৃষণ্ড নয়, শুক্লও নয়, কিন্তু অভ্যান্ত ব্যক্তির পক্ষে
কর্ম ত্রিবিধ—অর্থাৎ শুক্ল, কৃষ্ণ ও মিশ্রা।

যথন যোগী দিছি বা পূর্ণতা লাভ করেন, তখন তাঁহার কার্য ও ঐ কার্যহারা খে-সব কর্মফল উৎপন্ন হয়, সেগুলি আর তাঁহাকে বাঁধিতে পারে না; কারণ তিনি তো ঐগুলি চান নাই। তিনি কেবল কর্ম করিয়া যান। তিনি পরহিতের জন্ত কর্ম করেন, কল্যাণ-কর্ম করেন, কিন্তু ফলের দিকে তাকান না, অতএব কর্মফল তাঁহাকে স্পর্শ করিবে না। কিন্তু সাধারণ মাহ্যবের কথা আলাদা; যাহারা এই সর্বোচ্চ অবস্থা লাভ করে নাই, থাহাদের পক্ষে কর্ম ত্রিবিধ—কৃষ্ণ (অসৎ বা অভভ কর্ম), শুক্ল (সৎ বা শুভ কর্ম) ও মিশ্র।

ততন্তবিপাকাকুগুণানামেবাভিব্যক্তির্বাসনানাম্॥৮॥
—এই ত্রিবিধ কর্ম হইতে কেবল সেই বাসনাগুলি প্রকাশিত হয়,
যেগুলি সেই অবস্থায় প্রকাশ পাইবার উপযুক্ত। (অস্গুলি সেই
সময়ের জন্ম স্তিমিভভাবে থাকে।)

মনে কর, আমি দৎ অসং ও মিশ্রিত—এই তিন প্রকার কর্মই করিলাম; ভারপর মনে কর, আমার মৃত্যু হইল, আমি স্বর্গে দেবতা হইলাম।

মহন্তদেহের বাসনা আর দেবদেহের বাসনা একরপ নয়। দেবশরীর ভোজন বা পান কিছুই করে না। ভাহা হইলে আত্মার বে প্রাক্তন অভূক্ত কর্ম আহার ও পানের বাসনা স্তজন করিয়াছে, সেগুলি কোথায় যাইবে ? আমি ষদি দেবতা হই, তাহা হইলে এই কর্ম কোথায় যাইবে ? ইহার উত্তর এই যে, বাসনা উপযুক্ত পরিবেশ ও ক্ষেত্র পাইলেই প্রকাশিত হইতে পারে। যে-দকল বাদনার প্রকাশের উপযুক্ত পরিবেশ ছইয়াছে, কেবল দেওলিই প্রকাশ পাইবে; অবশিষ্টগুলি সঞ্চিত হইয়া থাকিবে। এই জীবনেই আমাদের অনেক দেবোচিত, অনেক মহুয়োচিত ও অনেক পাশব বাদনা বহিয়াছে। আমি যদি দেবদেহ ধারণ করি, তবে কেবল ভভ বাসনাগুলি क्रांचा क्रियं, कांत्रन अञ्चलि श्रकार्मत क्रम भतिराम উপयुक्त हहेग्राहा। আমি যদি পশুদেহ ধারণ করি, ভাহা হইলে কেবল পাশব বাসনাশুলিই আগাইয়া আসিবে। শুভ বাসনাগুলি তথন অপেকা করিতে থাকিবে। ইহাতে কি প্রমাণিত হয় ? প্রমাণিত হয় যে, উপযুক্ত পরিবেশের সাহায্যে এই বাসনাগুলি আমরা দমন করিতে পারি। কেবল যে কর্ম সেই বিশেষ পরিবেশের উপযোগী, তাহাই প্রকাশ পাইবে। ইহাতে প্রমাণিত হইতেছে ষে, পরিবেশের শক্তিতে কর্মকেও নিয়ন্ত্রিত করা যায়।

জাভিদেশকালব্যবহিভানামপ্যানন্তর্যং

স্মৃতিসংস্কারয়োরেকরপত্বাৎ॥ ৯॥

—শ্বৃতি ও সংস্কার একরূপ বলিয়া জাতি, দেশ ও কাল ব্যবহিত হইলেও বাসনার আনন্তর্য হইবে।

অহভ্তিসমূহ কৃষ্ণ সংস্থাবন্ধশে পরিণত হয়, জাগরিত সংস্থারকেই 'ষ্বৃতি' বলে। বর্তমানে জ্ঞাতসারে কৃত কর্মের সহিত সংস্থাররূপে পরিণত পূর্বায়-ভূতিসমূহের মনের অগোচরে যে সমন্বয় হয়, তাহাও এই স্বৃতির অস্তর্ভূক। প্রত্যেক দেহে, তজ্জাতীয় দেহে যে-সকল সংস্থার লব্ধ হইয়াছে, কেবল সেগুলি সেই দেহে কর্মের কারণ হইবে। ভিন্ন জাতীয় দেহের সংস্কৃতি তথন তিমিতভাবে থাকিবে। প্রত্যেক শরীরই সেই জাতীয় কতকগুলি শরীরের উত্তর-পূক্ষরূপে কার্য করিবে। এইক্লপে বাসনার পৌর্বাপর্য নাই হয় না।

তাসামনাদিষ্ণাশিষো নিত্যদ্বাৎ॥ ১০॥

—স্থুপের বাসনা নিত্য বলিয়া বাসনাও অনাদি।

আমাদের সকল ভোগ ও অভিজ্ঞতা স্থী হইবার বাসনা হইতেই উৎপন্ন। এই ভোগের কোন আদি নাই; কারণ প্রত্যেক নৃতন ভোগই পূর্বভোগের নারা আমাদের চিত্তে যে একপ্রকার প্রবণতা উৎপন্ন হইয়াছে, তাহারই উপর স্থাপিত। এই কারণে বাসনা জনাদি।

হেতুফলাশ্রালম্বনৈঃ সংগৃহীভ হাদেবামভাবে ভদভাবঃ ॥ ১১ ॥
—এই বাসনাগুলি হেতু, ফল, আধার ও তাহার বিষয়—এইগুলি
দারা একত্র গ্রথিত বলিয়া ইহাদের অভাব হইলে বাসনারও অভাব
হয়।

এই বাসনাগুলি কার্যকারণসত্ত্রে গ্রথিত্'; মনে কোন বাসনা উদিত হইলে উহা সীয় ফলপ্রসব না করিয়া বিনষ্ট হইবে না। আবার মন সংস্কার-রূপে পরিণত অতীত বাসনাসমূহের আধার—রহৎ ভাণ্ডারস্বরূপ; যতক্ষণ না ঐগুলি কর্মরূপে নিংশেষিত হইতেছে, ততক্ষণ উহাদের বিনাশ নাই। আবার যতদিন ইন্দ্রিয়গণ বাহ্বস্থ গ্রহণ করিবে, ততদিন নৃতন নৃতন বাসনা উথিত হইবে। যদি এইগুলি (কার্য, কারণ, আধার ও বিষয়) হইতে অব্যাহতি পাওয়া সম্ভব হয়, ভবেই বাসনার বিনাশ হইতে পারে।

অতীতানাগতং স্বরূপতোইস্ত্যধ্বভেদার্দ্ধর্যাণাম্॥ ১২॥
—বস্তুর ধর্ম (বা গুণ) সকলই বিভিন্ন রূপ ধারণ করিয়াছে বলিয়া
অতীত ও ভবিদ্যুৎ (বর্তমানে দৃষ্ট না হইলেও) তাহাদের স্বরূপেই
অবস্থিত আছে।

তাৎপর্য এই ষে, অসং (অনন্তিত্ব) হইতে কখনও সং (অন্তিত্ব) উৎপন্ন হয় না। অতীত ও ভবিশ্রৎ যদিও ব্যক্তরূপে এখন নাই, তথাপি স্ক্লাকারে বিভ্যমান আছে।

১ এই প্রসঙ্গে স্তম্ভবা : যোগস্থনের ২।৩, ২।১৩ ও ৪।৭ স্তা।

তে ব্যক্ত-সূক্ষা গুণাত্মানঃ॥ ১৩॥

— উহার। কখন ব্যক্ত হয়, কখন বা সূক্ষ্ম অবস্থায় চলিয়া যায়, আর গুণই উহাদের আত্মা অর্থাৎ স্বরূপ।

গুণ বলিতে সত্ত, রজঃ, তমঃ—এই তিন উপাদানকে ব্ঝায়, উহাদের স্থুল অবস্থাই এই ইন্দ্রিয়গ্রাহ্ম জগং। অতীত ও ভবিয়াৎ এই গুণ কয়েকটিরই বিভিন্ন প্রকাশে উৎপন্ন হয়।

পরিণামৈকত্বাদ্বস্ততত্ত্বম্ ॥ ১৪ ॥

--পরিণামের মধ্যে একছ দেখা যায় বলিয়া বস্তু বাস্তবিক এক।

যদিও উপাদান তিনটি—অর্থাৎ সত্ব, রক্ষঃ ও তমঃ, তথাপি তাহাদের পরিণাম ও পরিবর্তনের ভিতরে একটি সম্বন্ধ থাকায় সকল বস্তুতেই একত্ব আছে, বুঝিতে হইবে।

বস্তুসাম্যে চিত্তভেদাত্তয়োর্বিভক্তঃ পদাঃ ॥ ১৫ ॥

—বস্তু এক হইলেও চিত্ত ভিন্ন ভিন্ন বলিয়া ভিন্ন ভিন্ন রূপ বাসনা ও অমুভূতি হইয়া থাকে। একই বস্তু সম্পর্কে যেহেতু অমুভূতি ও বাসনা ভিন্ন ভিন্ন হয়, অতএব মন ও বিষয় ভিন্নস্থভাব।

ভতুপরাগাপেক্ষিত্বাচ্চিত্রস্থ বস্তু জ্ঞাতাজ্ঞাত্তস্থ ১৬॥
—চিত্তে বস্তুর প্রতিবিশ্বপাতের অপেক্ষা থাকাতে বস্তু কখন জ্ঞাত ও কখন অজ্ঞাত থাকে।

সদা জ্ঞাতান্চিত্তবৃত্তয়ন্তৎপ্রত্যোঃ পুরুষস্যাহপরিণামিশ্বাৎ ॥ ১৭ ॥
—চিত্তবৃত্তিগুলিকে সর্বদাই জানা যায়, কারণ উহাদের প্রভূপুরুষ অপরিণামী।

১ কোন কোন গ্রন্থে এইখানে আর একটি সূত্র আছে। এই সূত্রটি বৃত্তিকার ভাজদের গ্রহণ কবেন নাই, কিন্তু ব্যাসভাৱে আছে :

ন চৈকচিন্তভন্তং বস্তু ভদপ্রমাণকং ভদা কিং ত্যাৎ ॥
(দৃগ্য) বস্তু একটি মাত্র চিত্তের অধীন নব, যখন সেই চিত্তের প্রত্যক্ষাদি প্রমাণের অবিবন্ন হ^{ইবে}
তথন ঐ বস্তুর কি হইবে ?—উহার তথন অন্তিত্ব পাকিবে না।

এতকণ ধরিয়া যে মতের কথা বলা হইতেছে, ভাহার সংকিপ্ত মর্ম এই বে, অপৎ সনোময় ও ভৌভিক এই উভন্ন প্রকারই। আর এই মনোময় ও ভৌতিক অগৎ সর্বদাই বেন প্রবাহের আকারে চলিয়াছে। এই পুস্তক্থানি কি ? ইহা নিভ্যপরিবর্তনশীল কতক্তুলি পর্মাণুর সমষ্টিমাত্র। কতকগুলি বাহিরে যাইতেছে, কতকগুলি ভিতরে আসিতেছে, উহা একটি আবর্তস্বরপ। কিন্তু এই একস্ববোধ কি করিয়া হইতেছে ? এটি যে দেই একই পুত্তক, এই বোধ কি করিয়া হুইতেছে ? এই পরিণামগুলি তালে ভালে হইভেছে: ভালে ভালে উহাবা আমার মনে তাহাদের প্রভাব প্রেরণ করিতেছে। যদিও উহাদের ভিন্ন ভিন্ন অংশগুলি সদা পরিবর্তনশীল, তথাপি উহারাই একত্র হইরা একটি অবিচ্ছিন্ন চিত্তের জ্ঞান উৎপন্ন করিভেছে। মনও এইরূপ সদা পরিবর্তনশীল। মন আবে শরীর ষেন বিভিন্ন বেগে গতিশীল একই পদার্থের ছুইটি শুর মাত্র। তুলনায় একটি মুহু ও অপরটি ক্রভতর বলিয়া অবশ্য আমরা ঐ হুইটি গতির মধ্যে পার্থক্য অনায়াদে ধরিতে পারি। ষেমন একটি টেন চলিতেছে এবং একখানি গাড়ি ভাহার পাশ দিয়া ষাইতেছে। কিছুদ্র পর্যস্ত এই উভয়েরই গতি নিণীত হইতে পারে। কিন্তু তথাপি আর একটি পদার্থের প্রয়োজন। নিশ্চল বস্তু একটি থাকিলেই গতিকে অহুভব করা যাইতে পারে। ভবে যথন ছই-তিনটি বস্তু বিভিন্ন গতিবিশিষ্ট হয়, তথন আমরা প্রথমে ক্রভডরটির, পরিশেষে মুহতর গতিশীল বস্তুটির গতি অহুভব করিতে পারি। মন কি করিয়া অহভব করিবে ? উহাও নিয়ত গতিশীল। স্তরাং অপর একটি বম্ব থাকা প্রয়োগন, যাহা অপেকাক্ত মৃত্ভাবে গতিশীল; পরে তদপেকা মৃত্তর, তদপেকা মৃত্তর এইক্রপ চলিতে চলিতে ইহার আর সীমা পাওয়া যাইবে না। স্তরাং যুক্তি ভোমাকে কোন একস্থানে থামিতে বাধ্য করিবে। অপরিবর্তনীয় কোন বস্তকে জানিয়া তোমাকে এই পর্যায়ের শেষ করিতেই হইবে ৷ এই অশেষ গভিশৃঞ্লের পশ্চাতে অপরিণামী, অসক, শুদ্ধরপ পুরুষ বহিরাছেন। যেমন ম্যাজিক লঠন হইতে আলোক আসিয়া স্থির বহুধণ্ডের উপর প্রতিফলিত হইয়। উহাতে নানা বর্ণের চিত্র উৎপ**র করে, অথচ কোনরূপেই** ^{छे}हां क बनिन वा बक्षिष्ठ करत ना ठिक त्महें छारवहें धरेमन मश्चांत्र श्वित াক্ষের উপর প্রতিফ্লিত হইতেছে মাত্র।

ন তৎ স্বাভাসং দৃশ্যহাৎ।। ১৮॥

—মন দৃশ্য (পদার্থ) বলিয়া স্বয়ংপ্রকাশ নয়।

প্রকৃতির সর্বত্রই প্রচণ্ড শক্তির বিকাশ দেখা যায়, কিন্তু প্রকৃতি স্থপ্রকাশ নয়, স্বভাবতঃ চৈতক্তস্বরূপ নয়। কেবল পুরুষই স্থপ্রকাশ, তাঁহার জ্যোতিতেই প্রত্যেক বস্তু উদ্থাসিত হইতেছে। তাঁহারই শক্তি কড় ও স্বস্থাক্ত শক্তির মধ্য দিয়া সঞ্চাবিত হইতেছে।

একসময়ে চোভয়ানবধারণম্॥ ১৯॥

—এক সময়ে ছ্ইটি বস্তুকে বৃঝিতে পারে না বলিয়া মন স্বপ্রকাশ নয়।

মন যদি স্থপ্রকাশ হইত, তবে একই সময়ে উহা নিজেকে ও উহার প্রকাশ্ত বস্তুগুলিকে অফুভব করিতে পারিত; মন তো তাহা পারে না। যদি এক বস্তুতে গভীর মনোযোগ প্রদান কর, তবে আর অন্ত বস্তুতে মন এক সময়ে নিজেকে ও বিষয়কে অফুভব করিতে পারে না বলিয়া উহা স্থপ্রকাশ নয়, পুরুষই স্থপ্রকাশ।

চিত্তান্তরদৃশ্যতে বৃদ্ধি-বৃদ্ধেরতিপ্রসঙ্গঃ শ্বৃতিসঙ্করশ্চ ॥ ২০॥
যদি কল্পনা করা যায় যে, আর এক চিত্ত ঐ চিত্তকে প্রকাশ করে,
তবে এইরূপ কল্পনার অন্ত থাকিবে না এবং শ্বৃতির গোলমাল হইয়া
যাইবে।

মনে কর—আর একটি মন রহিয়াছে, উহা এই সাধারণ মনটিকে অমুভব করিতেছে, তাহা হইলে আবার এমন একটি মনের আবশুক, যাহা আবার ঐ মনটিকে অমুভব করিবে, স্বভরাং কোথাও ইহার শেষ পাওয়া যাইবে না। ইহাতে শ্বতিরও গোলমাল উপস্থিত হইবে, কারণ শ্বতির কোন নির্দিষ্ট ভাগুার থাকিবে না।

চিতেরপ্রতিসংক্রমায়ান্তদাকারাপর্ত্তো স্ববৃদ্ধিসম্বেদনম্।। ২১।।
— চিতি (পুরুষের শক্তি) অপরিণামী (পরিবর্তিত হয় না, অপরের দিকে সঞ্চারিত হয় না); যথন মন চিতিশক্তির আকার গ্রহণ করে, তখনই উহা জ্ঞানময় হয়।

জ্ঞান থে পুরুষের গুণ নয়, ইহা স্পষ্টতর ভাবে ব্ঝাইবার জন্ম পতঞ্জলি এই কথা বলিলেন। মন বধন পুরুষের নিকট আদে, তধন যেন পুরুষ মনের উপর প্রতিফলিত হন আর মন সাময়িকভাবে জ্ঞানবান্ হয়, আর বোধ হয় যেন মনই পুরুষ।

জান্<mark>ট্-দৃশ্যোপরক্তং চিত্তং সর্বার্থন্।। ২২ ।।</mark>
—মন যথন জান্তা ও দৃশ্য উভয়দারা উপরক্ত (রঞ্জিত) হয়, তথন উহা সর্বপ্রকার অর্থকেই প্রকাশ করে।

একদিকে দৃশ্য অর্থাৎ বাহু জগৎ মনের উপর প্রতিবিধিত হইতেছে, অপর দিকে দ্রষ্টা অর্থাৎ পুরুষ উহার উপর প্রতিবিধিত হইতেছেন; এইভাবেই মনে সর্বপ্রকার জ্ঞানলাভের শক্তি আগে।

ভদসংখ্যেরবাসনাভিশ্চিত্রমপি পরার্থং সংহত্যকারিছাৎ।। ২৩।।
—সেই মন অসংখ্য বাসনাদ্বারা চিত্রিত হইলেও সংহত পদার্থ বলিয়া পরের অর্থাৎ পুরুষের জন্ম কার্য করে।

মন নানাপ্রকার পদার্থের সংহতি; স্থতরাং উহা নিজের জন্ম করি করিতে পারে না। এই জগতে যত সংহত পদার্থ আছে, সকলেরই প্রয়োজন অপর বস্ততে—এমন কোন তৃতীয় বস্ততে—যাহার জন্ম সেই পদার্থ এইরূপে সংযুক্ত হইয়াছে। স্থতরাং নানাপ্রকার বস্তর সংযোগে উৎপন্ন মনও পুরুষের জন্ম।

বিশেষদর্শিন আত্মভাব-ভাবনা-বিনির্দ্তি: ॥ ২৪ ॥
—বিশেষদর্শী অর্থাৎ বিবেকী পুরুষের পুক্ষে মনে আত্মভাব নির্ত্ত হইয়া যায়।

বিবেকবলে যোগী জানিতে পারেন, পুরুষ মন নন।

ভদা বিবেকনিন্ধং কৈবল্যপ্রাগ্ভাবং চিন্তম্।। ২৫।।
—ভখন চিত্ত বিবেকপ্রবণ হইয়া কৈবল্যের পূর্বাবস্থা লাভ করে।

> পাঠান্তর—কৈবল্যপ্রাগ্ভারং।—তথন অর্থ হইবে, মনে বিবেকজ্ঞান গভীর হয়, এবং উহা কৈবল্যের অভিমুখে ধাবিত হয়।

এইরূপ যোগাভ্যাদের হারা বিবেকশক্তিরূপ দৃষ্টির শুক্তা লাভ হইয়া থাকে। আমাদের দৃষ্টির আবরণ সরিয়া যায়, আমরা তথন বল্পর স্বরূপ উপলব্ধি করিতে পারি। আমরা ব্ঝিতে পারি বে, প্রকৃতি একটি মিশ্র পদার্থ, উহা সাক্ষিত্বরূপ পুরুষের জন্ম এই-সকল বিচিত্র দৃশ্য দেখাইতেছে। আমরা তথন ব্ঝিতে পারি, প্রকৃতি জগতের প্রভূ নয়। এই প্রকৃতির সম্দয় সংহতি কেবল আমাদের হৃদয়-সিংহাসনে সমাদীন রাজা পুরুষকে এইসব দৃশ্য দেখাইবার জন্ম। যথন দীর্ঘকাল অভ্যাসের হারা বিবেকের উদয় হয়, তথন ভয় চলিয়া যায় ও কৈবলাপ্রাপ্তি হয়।

ভচ্ছিজেষু প্রভায়ান্তরাণি সংস্কারেভ্যঃ॥ ২৬॥ — উহার বিল্পরূপে মধ্যে মধ্যে অক্যান্ত যে চিন্তা মনে উঠে, ভাহা সংস্কার হইতেই উৎপন্ন হয়।

আমাকে স্থী করিবার জন্ম কোন বাহিরের বস্ত আবশ্রক—এইরপ বিশাদ আমাদের যে-দকল ভাব হইতে আদে, দেগুলি দিছিলাভের প্রতিবন্ধক। পুরুষ স্বভাবতঃ স্থাও আনন্দস্বরূপ। কিন্তু এই জ্ঞান পূর্বদংস্কারের ঘারা আরত বহিয়াছে। এই সংস্কারগুলির ক্ষয় হওয়া আবশ্রক।

शनत्यवाः द्वागंतप्रक्रम् ॥ २१॥

—(অবিতা, অস্মিতা প্রভৃতি) ক্লেশগুলিকে যে উপায়ের দ্বারা ধাংস করার কথা বলা হইয়াছে (২।১০), এগুলিকেও ঠিক সেই উপায়েই নাশ করিতে হইবে।

প্রসংখ্যানে প্রকৃষীদক্ত সর্থাবিবেকখ্যাতের্ধর্মমেন্য সমাধিঃ ॥ ২৮ ॥
—তত্ত্বসমূহের বিবেকজ্ঞানলাভের ঠিক পূর্বে ঐশ্বর্যরূপ কলও যিনি
ত্যাগ করেন, বিবেকজ্ঞানের ফলে তাঁহার ধর্মমেন্থ-নামক সমাধি লাভ
হইয়া থাকে।

যখন যোগী এই বিবেকজ্ঞান লাভ করেন, তথন তাঁহার নিকট পূর্ব অধ্যায়ে কথিত শক্তিগুলি আদিবে, কিছ প্রকৃত যোগী এগুলি পরিত্যাগ করিয়া থাকেন। তথন তিনি এক বিশেষ আলোক দেখিতে পান—তিনি ধর্মমেঘ-নামক এক আশ্চর্য জ্ঞানের অধিকারী হন। ইভিহাস বে-সকল ধর্ম- শুক্র কথা বর্ণনা করিয়াছে, তাঁহারা সকলেই এই ধর্মমেঘ-সমাধি লাভ করিয়াছিলেন। তাঁহারা নিজেদের ভিতরেই জ্ঞানের বিশাল ভিত্তি খুঁজিয়া পাইরাছিলেন। সভ্য তাঁহাদের নিকট বাস্তবন্ধপে প্রকাশিত হইয়াছিল। পূর্বোক্ত শক্তিসমৃহের অভিমান ভ্যাগ করাভে শান্তি, বিনয় ও পূর্ণ পবিত্রভা তাঁহাদের সভাবগত হইয়া গিয়াছিল।

ভতঃ ক্লেশকর্ম নির্বন্তিঃ॥ ১৯॥

—তাহা হইতে ক্লেশ ও কর্মের নিবৃত্তি হয়।

ষথন এই ধর্মমেঘ-সমাধি হয়, তথন আর পতনের আশকা নাই, কিছুতেই আর তাঁহাকে নিয়দিকে টানিয়া লইয়া যাইতে পারে না, আর তাঁহার কোন তুঃথক্ট থাকে না।

ভদা সর্বাবরণমলাপেভস্ত জ্ঞানস্তানস্ত্যাজ্জেরমন্ত্রম্ ।। ৩০ ।।
—তথন জ্ঞান সর্বপ্রকার আবরণ ও অশুদ্ধিশৃষ্ঠ হওয়ায় অনস্ত হইয়া
যায়, স্বতরাং জ্ঞেয়ও অল্প হইয়া পড়ে।

জ্ঞান তো ভিতরেই বহিয়াছে, উহার আবরণ সরিয়া গিয়াছে। কোন বৌদ্দশান্ত 'বৃদ্ধ' (ইহা একটি অবস্থার স্চক) শব্দের লক্ষণ করিয়াছেন— অনস্ত আকাশের ন্যায় অনস্ত জ্ঞান। যীশু ঐ অবস্থা লাভ করিয়া 'এটি' হইয়াছিলেন। তোমরা সকলেই ঐ অবস্থা লাভ করিবে। তথন জ্ঞান অনস্ত হইয়া যাইবে, স্তরাং জ্ঞেয় অল্প হইয়া যাইবে। সর্বপ্রকার জ্ঞেয়বস্ত-সমন্তিত সমগ্র জ্ঞাৎ পুরুষের নিকট যেন শৃন্তে পরিণত হয় সাধারণ মাহ্ময় নিজেকে অতি ক্ষুদ্ধ মনে করে, কারণ তাহার নিকট জ্ঞেয় বস্তু অনস্ত বলিয়া বোধ হয়।

ভঙঃ কুভার্থানাং পরিণামক্রমসমান্তির্ভূণানাম্।। ৩১।।

—যথন গুণগুলির কার্য শেষ হইয়া যায়, তখন গুণগুলির পর পর
যে ভিন্ন ভিন্ন পরিণাম তাহাও শেষ হইয়া যায়।

ভখন গুণগুলির এই-সব বিবিধ পরিণাম,—এক জাতি হইতে জপর জাতিতে পরিণতি—সৰ একেবারে শেষ হইরা বায়।

ক্ষণপ্রতিযোগী পরিণামাপরান্তনিপ্রাক্তনিপ্রাক্তনির ।। ৩২।।
—যে পরিণাম ক্ষণ অর্থাৎ মুহূর্তসম্বন্ধ লইয়া অবস্থিত ও যাহাকে

একটি শ্রেণীর অপর প্রান্তে (শেষে) যাইয়া বুঝিতে পারা যায়, তাহার নাম ক্রম।

শতঞ্চলি এখানে 'ক্রম'-শব্দের সংজ্ঞা দিতেছেন। যে পরিণামগুলি মৃহুর্তকালসম্বন্ধে সম্বন্ধ, 'ক্রম' শব্দ নারা সেগুলিকে বুঝাইতেছে। আমি চিন্তা করিতেছি,
ইহারই মধ্যে কড মৃহুর্ত চলিয়া গেল। এই প্রতি মৃহুর্তেই ভাবের পরিবর্তন
হইরাছে, কিন্তু আমরা ঐ পরিণামগুলিকে একটি শ্রেণীর অন্তে (অর্থাৎ অনেক
পরিণামশ্রেণীর পর) ধরিতে পারি। ইহাকে 'ক্রম' বলে। কিন্তু বে-মন
সর্বব্যাপী হইয়া গিরাছে, তাহার পক্ষে আর 'ক্রম' নাই। ভাহার পক্ষে
সবই বর্তমান হইয়া গিরাছে। কেবল এই বর্তমানই তাহার নিকট উপস্থিত
আছে, ভৃত ও ভবিয়ৎ তাহার জ্ঞান হইতে একেবারে চলিয়া গিয়াছে।
তথন সেই মন কালকে জয় করে আর সমৃদয় জ্ঞানই তাহার নিকট মৃহুর্তের
মধ্যে উদ্ধানিত হয়। সবই ভাহার নিকট বিত্যুতের মতো এক ঝলকে প্রকাশ
পায়।

পুরুষার্থশৃষ্যানাং গুণানাং প্রতিপ্রসবঃ কৈবলংে স্বরূপপ্রতিষ্ঠা বা চিতিশক্ষেরিতি ॥ ৩৩॥

—গুণসকলে যখন পুরুষের আর কোন প্রয়োজন থাকে না, তখন তাহাদের প্রতিলোমক্রমে লয়কে 'কৈবল্য' বলে, অথবা উহাকে চিৎশক্তির (চৈতগ্রশক্তির) স্বরূপ-প্রতিষ্ঠা বলিতে পারা যায়।

প্রকৃতির কার্য ফ্রাইল। আমাদের পরম কল্যাণময়ী থাঞী প্রকৃতি ইচ্ছা করিয়া বে নি:স্বার্থ কার্য নিজ ক্ষকে লইয়াছিলেন, তাহা ফ্রাইল। তিনি বেন আত্মবিশ্বত জীবাত্মার হাত ধরিয়া তাহাকে জগতে যত প্রকার ভোগ আছে, ধীরে ধীরে সব ভোগ করাইলেন; যত প্রকার প্রকৃতির অভিব্যক্তি—বিকার আছে, সব দেখাইলেন। ক্রমশঃ তাঁহাকে নানাবিধ শরীরের মধ্য দিরা উচ্চ হইতে উচ্চতর লোপানে লইয়া ষাইতে লাগিলেন, শেষে আত্মা নিজ হারানো মহিমা ফিরিয়া পাইলেন, নিজ স্বরূপ পুনরায় তাঁহার শ্বতিপথে উদিত হইল। তথন সেই কর্ষণাময়ী জননী বে পথে আদিয়াছিলেন, লেই পথেই ফিরিয়া গেলেন এবং ষাহারা এই পদচিক্হীন জীবনের মক্ষতে পথ হারাইয়াছে, তাহাদিগকে আবার পথ দেখাইতে প্রবৃত্ত হইলেন।

এইভাবে ভিনি অনাদি অনস্ত কাল কার্য করিয়া চলিয়াছেন। এইরূপে স্থত্:খের মধ্য দিয়া, ভালমন্দের মধ্য দিয়া জীবাত্মাগণ অনস্ত শ্রোভে প্রবাহিত হুইরা সিদ্ধি ও আত্মসাক্ষাৎকাররূপ সমৃত্যের দিকে চলিয়াছেন।

যাহারা নিজেদের স্বরূপ উপলব্ধি করিয়াছেন, তাঁহাদের জয় হউক। তাঁহারা আমাদের সকলকে আশীর্বাদ করুন।

পরিশিষ্ট

যোগবিষয়ে অক্যান্য শাল্পে উল্লেখ:

১. খেতাখতর উপনিষদ্

দ্বিতীয় অধ্যায়

অগ্নির্যত্রাভিমথ্যতে বায়্র্যত্রাধিক্ষধ্যতে। সোমো যত্রাভিরিচ্যতে তত্র সঞ্চায়তে মন:॥ ৬॥

—বেখানে অগ্নিকে মথন কর। হয়, বেখানে বায়ুকে রোধ করা হয় এবং বেখানে অপর্যাপ্ত সোমরস প্রবাহিত হয়, সেখানে (সিদ্ধ) মনের উৎপত্তি হইয়া থাকে।

> ত্রিক্লনতং স্থাপ্য সমং শরীরং হুদীব্রিয়াণি মনসা সন্ধিবেশ্য। ব্রহ্মোডুপেন প্রতরেত বিদ্বান্ শ্রোতাংসি সর্বাণি ভয়াবহানি॥ ৮॥

—বক্ষ:, গ্রীবা ও শিরোদেশ উন্নতভাবে রাধিয়া, শরীরকে সমভাবে ধারণ করিয়া, ইন্দ্রিয়গুলিকে মনে স্থাপন করিয়া জ্ঞানী ব্যক্তি ব্রহ্মরূপ ভেলা ঘারা শক্ত ভয়াবহ স্রোভ পার হইয়া যান।

> প্রাণান্ প্রপীডোহ সংযুক্তচেষ্টঃ ক্ষীণে প্রাণে নাসিকয়োচ্ছুসীত। হুষ্টাশ্বযুক্তমিব বাহমেনং বিদ্বান্ মনো ধারয়েতাপ্রমন্তঃ॥ ৯॥

— সংযুক্তচেষ্ট ব্যক্তি প্রাণকে সংযত করেন। বখন উহা শান্ত হইরা যায়. তখন নাসিকা ঘারা প্রখাস পরিত্যাগ করেন। বেষন সার্থি চঞ্চল অবগণবে সংযত ক্রিনে অধ্যবসায়শীল যোগীও সেইভাবে মনকে ধারণ করিবেন। সমে শুচৌ শর্করাবহ্নিবালুকা-বিবর্জিতে শব্দজলাশ্রয়াদিভিঃ মনোহস্কুলে ন তু চক্ষু:পীড়নে শুহানিবাতাশ্রয়ণে প্রযোজয়েং ॥ ১০॥

—সমতল, শুচি, প্রশ্বর, অগ্নি ও বালুকাশ্রু, মহয়কৃত অথবা কোন অলপ্রপাতজনিত মনশ্চাঞ্ল্যকর শব্দ-শ্রু, মনের অফুক্ল, চক্ষ্র প্রীতিকর পর্বতশুহাদি নির্জন স্থানে থাকিয়া যোগ অভ্যাদ করিতে হইবে।

> নীহারধুমার্কানিলানলানাং খচ্ছোভবিহ্যংক্ষটিকৃশশিনাম্। এতানি রূপাণি পুরঃসরাণি ব্রহ্মণ্যভিব্যক্তিকরাণি যোগে॥ ১১॥

—নীহার, ধৃম, সূর্য, বায়ু, অগ্নি, খডোড, বিহাৎ, ফটিক, চক্র—এই রূপগুলি সমূধে আসিয়া ক্রমশঃ যোগে ত্রন্ধকে অভিব্যক্ত করে।

> পৃথ্যপ্তেকোহনিলথে সম্থিতে পঞ্চাত্মকে যোগগুণে প্রবৃত্তে। ন তস্ত্র রোগো ন জরা ন মৃত্যুঃ প্রাপ্তস্ত যোগায়িময়ং শরীরম্॥ ১২॥

— বখন পৃথিবী, জল, তেজঃ, বায় ও আকাশ—এই পঞ্চুত হইতে বৌগিক অমুজ্ডিসমৃদয় হইতে থাকে তখন বোগ আৰম্ভ হইয়াছে, বুঝিতে হইবে। বিনি এইরূপ বোগায়িময় শরীর পাইরাছেন, তাঁহার আর ব্যাধি, জ্বা, মৃত্যু থাকে না।

> লঘুষমারোগ্যমলোলুপছং বর্ণপ্রসাদঃ স্বরসোষ্ঠবঞ্চ। গন্ধঃ শুভো মৃত্রপুরীষমন্নং যোগপ্রবৃত্তিং প্রথমাং বদস্তি॥ ১৩॥

—শরীরের শঘ্তা, স্বাস্থ্য, লোভশ্যতা, স্থলর বর্ণ, স্বরমাধ্র্য, মৃত্তপুরীরের অলতা ও শরীরে একটি পরম স্থান্ধ—বোগারন্ত করিলে যোগীর এই লক্ষণগুলি প্রথমেই প্রকাশ পায়।

যথৈব বিশ্বং মৃদয়োপলিগুং তেজোময়ং ভ্রাহ্মতে তৎ সুধাস্তং। তদ্বাদ্মতত্ত্বং প্রসমীক্ষ্য দেহী একঃ কুতার্থো ভবতে বীতশোকঃ॥ ১৪॥

—বেমন স্বর্ণ ও রজত প্রথমে মৃত্তিকাদি দারা লিপ্ত থাকে, পরিশেষে উত্তমরূপে ধৌত হইয়া তেজোমর দীপ্তিতে প্রকাশ পায়, সেইরূপ দেহী আত্মতত্ত দর্শন করিয়া একস্বরূপ, ক্লতার্থ ও হংধবিমৃক্ত হয়।

২. শঙ্কর-উদ্ধৃত যাজ্ঞবন্ধ্য

আসনানি সমভ্যস্ত বাঞ্চিতানি যথাবিধি।
প্রাণায়ামং ততাে গার্গি জিতাসনগতােহভাসেং॥
মৃদ্ধাসনে কুশান্ সম্যগান্তীর্যাজিনমেব চ।
লাস্বোদরং চ সম্পুজ্য ফলমােদকভক্ষণৈঃ॥
তদাসনে স্থাসীনঃ সব্যে স্তাস্থেতরং করম্।
সমগ্রীবশিরাঃ সম্যক্ সংবৃতাস্থা স্থানিশ্চলঃ॥
প্রান্থাদল্পুথা বাপি নাসাগ্রস্তলােচনঃ।
অতিভূক্তমভূক্তং চ বর্জয়িদা প্রযন্তঃ॥
নাড়ীসংশােধনং কুর্যাহক্তমার্গেণ যদ্ধতঃ॥
বৃথা ক্লেশাে ভবেত্তস্ত তচ্ছোধনমকুর্বতঃ॥

নাসাত্তো শশভৃদ্বীব্বং চক্সাতপবিতানিতম্। সপ্তমস্ত তু বৰ্গস্ত চতুৰ্থং বিন্দুসংযুত্তম্॥ বিশ্বমধ্যস্থমালোক্য নাসাত্রে চক্ষ্নী উভে।
ইড়য়া প্রয়েদ্বায়্থং বাহুং দ্বাদশমাত্রকৈঃ॥
ততোহয়িং পূর্ববদ্ধায়েং ক্ষ্রজ্জালাবলীয়ৃতম্।
ক্ষর্ষ্ঠং বিন্দুসংমৃক্তং শিথিমগুলসংস্থিতম্॥
ধ্যায়েদিরেচয়েদ্বায়্থং মনদং পিঙ্গলয়া পুনঃ।
পুনঃ পিঙ্গলয়াপূর্য ভ্রাণং দক্ষিণতঃ স্থনীঃ॥
তদ্বদিরেচয়েদ্বায়্মিড়য়া তু শনৈঃ শনৈঃ।
তির্চতুর্বৎসরং চাপি তিরচতুর্মাসমেব বা॥
গুরুণোক্তপ্রকারেণ রহস্রেবং সমভ্যসেৎ।
প্রাতর্মধ্যন্দিনে সায়ং স্নাদ্বা ষট্রুত্ব আচরেৎ॥
সন্ধ্যাদি কর্ম কৃষ্বৈবং মধ্যরাত্রেহপি নিত্যশঃ।
নাড়ীশুদ্ধিমবাপ্নোতি তচ্চিহ্নং দৃশ্যতে পৃথক্॥
শরীরলঘুতা দীপ্রির্জিঠরাগ্নিবিবর্ধনম্।
নাদাভিব্যক্তিরিত্যেতল্লিঙ্গং তচ্ছুদ্ধিস্চকম্॥

প্রাণায়ামং ততঃ কুর্যান্তেচকপূরককুস্তকৈ:। প্রাণাপানসমাযোগঃ প্রাণায়ামঃ প্রকীতিতঃ॥

প্রয়েৎ যোড় শৈর্মাতিরাপাদতলমস্তকম্।
মাতির তিংশকৈঃ পশ্চাদ্রেচয়েৎ স্থানাহিতঃ ॥
সম্পূর্ণকৃষ্ণবদ্বায়ানিশ্চলং মূর্ধ্বি দেশতঃ।
কৃষ্ণকং ধারণং গার্গি চতুংষষ্ট্যা তু মাত্রয়া॥
খাষ্যস্ত বদস্তাস্থ্যে প্রাণায়ামপরায়ণাঃ।
পবিত্রীভূতাঃ প্রান্ধাঃ প্রভন্ধনজয়ে রতাঃ॥
ভত্রাদৌ কৃষ্ণকং কৃষা চতুংষষ্ট্যা তু মাত্রয়া।
রেচয়েৎ যোড় শৈর্মাত্রন্যাসেনৈকেন স্থানির ॥

তয়োশ্চ প্রয়েদ্বায়ুং শনৈঃ ষোড়শমাত্রয়া। প্রাণায়ামৈদহেদ্বোষান্ ধারণাভিশ্চ কিছিষান্। প্রত্যাহারাচ্চ সংসর্গান্ ধ্যানেনানীশ্বরান্ গুণান্॥

— যথাবিধি বাঞ্ছিত আসন অভ্যাস করিয়া অতঃপর ছে গার্গি, জিতাসনগত হইয়া প্রাণায়াম অভ্যাস করিবে। কোমল আসনে কুশ সমাক্ বিছাইয়া, তাহার উপর মুগচর্ম বিছাইয়া, ফল ও মোদকের ছার। গণেশের পূজা করিয়া, সেই আসনে হুখাসীন হইয়া বামহন্তে দক্ষিণহন্ত খাপন করিয়া, সম-গ্রীবশির হইয়া, মুখ বন্ধ করিয়া, নিশ্চল হইয়া, পূর্বমুখ বা উত্তরমূথে বিদিয়া, নাসাগ্রে দৃষ্টি গ্রন্ত করিয়া, অভিভোজন বা একেবারে অনাহার ত্যাগ করিয়া পূর্বোক্ত প্রকারে যত্তপূর্বক নাড়ী শোধন করিবে; এই নাড়ী শোধন না করিলে সাধনের ক্লেশ সমন্তই রুখা হয়।

পিদলা ও ইড়ার সংযোগস্থলে (দকিণ ও বাম নাসিকার সংযোগস্থলে) 'ছং' বীজ চিস্তা করিয়া ইড়াকে ছাদশমাত্রা বাহ্ বায় পূর্ণ করিবে, পরে দেই স্থানে অগ্রির চিস্তা ও 'রং' বীজ ধ্যান করিবে; এইরূপে ধ্যান করিবের সময় ধীরে ধীরে পিদলা (দক্ষিণ নাসিকা) দিয়া বায়ু রেচন করিবে। পুনরায় পিদলার ছায়া প্রক করিয়া পূর্বোক্ত প্রকারে ধীরে ধীরে ইড়া ছারা রেচন করিবে। গুরুর উপদেশ অহসারে ইহা ভিন-চারি বৎসর অথবা ভিন-চারি মাস অভ্যাস করিবে। উষাকালে, মধ্যাহে, সায়াহে ও মধ্যরাতে, যভদিন না নাড়ীভদ্ধি হয় ভভদিন গোপনে অভ্যাস করিতে হইবে; তথন তাঁহাতে এই লক্ষণগুলি প্রকাশিত হয় যথা, শরীরের লঘুতা, স্করবর্ণ, ক্ষা ও নাদ-শ্রবণ।

পরে বেচক, কুন্তক, পুরকাত্মক প্রাণায়াম করিতে হইবে। অপানের সহিত প্রাণ বোগ করার নাম প্রাণায়াম।

১৬ মাত্রায় মন্তক হইতে পদ পর্যন্ত প্রক, পরে ৩২ মাত্রায় রেচক ও ৬৪ মাত্রায় কুন্তক করিবে।

আর একপ্রকার প্রাণায়াম আছে ভাহাতে প্রথমে ৬৪ মাত্রার কুন্তক, পরে ৩২ মাত্রায় রেচক ও শেষে ১৬ মাত্রায় পুরক করিতে হইবে।

व्यानात्रारमञ् चात्रा भवीरवद नमछ एनाव एक इट्डा यात्र। थात्रना

হারা মনের অপবিত্রতা দূব হয়, প্রত্যাহার হারা সকলোষ নাশ হয় এবং ধ্যানের হারা নাশ হইয়া যায়—যাহা কিছু আয়ার ঈশবভাব আবৃত করিয়া রাখে।

৩. সাংখ্য-প্ৰবচন-সূত্ৰ তৃতীয় অধ্যায়

ভাবনোপচয়াৎ শুদ্ধস্থ সর্বং প্রকৃতিবং ॥ ২৯ ॥

—প্রগাঢ় ধ্যানবলে শুদ্ধস্কপ পুক্ষের প্রকৃতির মতো সম্দর শক্তি আসিয়া
থাকে।

রাগোপহতিধ্যানম্॥ ৩০ ॥

—আসক্তির নাশকে ধ্যান বলে।

বৃত্তিনিরোধান্তৎসিদ্ধিঃ॥ ৩১॥

--- সমূদয় বৃদ্ধির নিরোধে ধ্যানসিদ্ধি হয়।

ধারণাসনস্বকর্মণা তৎসিদ্ধিঃ॥ ৩২ ॥

—ধারণা, আগন ও নিজ কর্তব্যকর্ম নিস্পাদনের দারা ধ্যান সিদ্ধ হয়।

নিরোধ*ছর্দিবিধারণাভ্যাম্॥ ৩৩ ॥

—খালের ছদি (ত্যাগ) ও বিধারণ (ধারণ) দারা প্রাণবায়ুর নিরোধ হয়।

স্থিরস্থমাসনম্॥ ৩৪ ॥

—বেভাবে বসিলে স্থৈ ও স্থ লাভ হয়, ভাহার নাম আসন।

বৈরাগ্যাদভ্যাসাচ্চ ॥ ৩৬ ॥

—বৈরাগ্য ও অভ্যানের ধারাও।

তত্ত্বাভ্যাসায়েতি নেতীতি ত্যাগাদ্বিবেকসিদ্ধিঃ ॥ ৭৪ ॥
—'ইহা নয়, ইহা নয়' বলিয়া প্রকৃতির প্রত্যেকটি তত্ত্বকে ত্যাগ করিতে
শারিলে বিবেক দিদ্ধ হয়।

চতুৰ্থ অধ্যায়

আবৃত্তিরসকুত্বপদেশাৎ॥ ৩॥

—বেদে একাধিকবার প্রবণের উপদেশ আছে, স্তরাং পুনঃ প্রাং প্রাং প্রাং প্রাং প্রাং

শ্যেনবং স্থহংখী ত্যাগবিয়োগাভ্যাম্। ৫।
—শ্যেনপক্ষী বেমন মাংসের বিয়োগে হংখী ও স্বয়ং ইচ্ছাপূর্বক ত্যাগ করিয়া
স্থী হয়, সাধুও সেইত্রপ ইচ্ছাপূর্বক সর্বত্যাগ করিয়া স্থী হইবেন।

অহিনিশ্ব য়নীবং ॥ ৬ ॥

—সর্প বেমন হেয়জ্ঞানে গাত্রস্থ জীর্ণত্বক্ অনায়াদে পরিত্যাগ করে (সাধকও সেইরূপ পূর্বসংস্থার ত্যাগ করিবেন)।

অসাধনানুচিস্তনং বন্ধায় ভরতবং ॥ ৮॥
—বাহা বিবেকজ্ঞানের সাধন নয়, তাহা চিম্ভা করিবে না, কারণ উহা বন্ধনের
হেতু; দৃষ্টাম্ব—ভরত রাজা।

বহুভির্যোগে বিরোধো রাগাদিভিঃ কুমারীশঙ্খবং ॥ ৯ ॥
—বহু ব্যক্তির সঙ্গ রাগাদির কারণ বলিয়া ধ্যানের বিশ্বস্ক্রপ; দৃষ্টাস্ত—
কুমারীহন্তের বহু শঙ্খ।

দ্বাভ্যামপি তথৈব ॥ ১০ ॥

— তুইজন (বা তুইটি শঙ্খ) একদকে থাকিলেও এইরূপ।

নিরাশঃ সুখী পিঙ্গলাবং॥ ১১॥

— আশা ত্যাগ করিলে স্থী হওয়া যায়। দৃষ্টাম্ব-- শিক্লা নামী বেখা।

বহুশান্ত্রগুরপাসনেইপি সারাদানং ষ্ট্পদবং ॥ ১৩ ॥
— ষদিও বছ শান্ত্র ও বছ গুরুর উপাসনা করা হয়, তথাপি তাঁহাদের মধ্যে
সার্যুকুই গ্রহণ করিতে হইবে, মধুকর ষেমন অনেক পুষ্প হইতে মধু সংগ্রহ
করে।

ইযুকারবল্লৈকচিত্তস্ত সমাধিহানিঃ॥ ১৪॥ —শরনির্মাভার মতো একাগ্রচিত্ত থাকিলে সমাধি ভঙ্গ হয় না। কৃতনিয়মলজ্বনাদানর্থক্যং লোকবং ॥ ১৫ ॥
—লোকিক বিষয়ে বেমন কৃতনিয়ম লজ্বন করিলে মহা অনর্থের উৎপত্তি
হয়, তদ্রপ ইহাতেও।

প্রণতিব্রহ্মচর্যোপসর্পণানি কৃষা সিদ্ধিবহুকালাত্তদ্বং ॥ ১৯ ॥
—প্রণতি, ব্রদ্মচর্ষ ও গুরুসেবাদারা বহুকালে সিদ্ধিলাভ হয়, বেমন ইল্লের
হুইয়াছিল।

ন কালনিয়মো বামদেববং ॥ ২০॥
--জানোংপত্তির কালনিয়ম নাই। ধেমন, বামদেব মুনির (গর্ভাবস্থায়
জ্ঞানোদয়) হইয়াছিল।

লকাতিশয়যোগাদা তদ্বং ॥ ২৪ ॥
—বে ব্যক্তি অতিশয় অর্থাৎ জানের পরাকার্চা লাভ করিয়াছেন, তাঁহার
সদ্ধারাও বিবেক লাভ হইয়া থাকে ।

ন ভোগাদ্ রাগশান্তিমু নিবং ॥ ২৭ ॥

—বেমন ভোগে সৌভরিম্নির আসন্তির শান্তি হয় নাই, তেমনি অন্তেরও
ভোগে রাগশান্তি হয় না।

পঞ্চম অধ্যায়

যোগসিদ্ধয়োইপ্যৌষধাদিসিদ্ধিবন্নাপলপনীয়া: ॥ ১২৮ ॥

— ঔষধাদি দারা আরোগ্য হয় বলিয়া যেমন লোকে ঔষধাদির শক্তি
অধীকার করে না, যোগজ সিদ্ধিও দেইরূপ অধীকার করা চলিবে না।

वर्ष्ठ व्यथाप्र

স্থিরস্থমাসনমিতি ন নিয়মঃ । ২৪ ॥

শ্বীর ও মন বিচলিত না হয় ও স্থকর হয়, এরপভাবে উপবেশনের নামই আসন।

৪. ব্যাস (বেদান্ত) সূত্র

৪র্থ অধ্যায়--->ম পাদ

আসীনঃ সম্ভবাৎ॥ ৭॥

—উপাসনা বদিয়াই সম্ভব, হুতরাং বদিয়া উপাসনা করিবে।

शानाक ॥ ৮॥

—ধ্যান-হেতৃও (উপবিষ্ট, অঙ্গচেষ্টারাহিত্যাদি লক্ষণাক্রাস্ত পুরুষকে দেখিয়া লোকে বলে, ইনি ধ্যান করিতেছেন, অতএব ধ্যান উপবিষ্ট পুরুষেই সম্ভব)।

অচলত্বকাপেক্য।। ১॥

—কারণ ধ্যানী পুরুষকে নিশ্চল পৃথিবীর সহিত তুলনা করা হইয়াছে।

স্মর্স্তি চ॥ ১০॥

—কারণ, শ্বতিতেও এইরূপ আছে।

যত্রৈকাগ্রতা ভত্রাবিশেষাৎ ॥ ১১ ॥

—যেখানে একাগ্রতা হইবে, সেই স্থানে বসিয়াই ধ্যান করিবে, কারণ কোন্ স্থানে বসিয়া ধ্যান করিতে হইবে, তাহার কোন বিশেষ বিধান নাই।

এই কয়েকটি উদ্ধৃত অংশ দেখিলেই একটা ধারণা হয়—যোগসম্বন্ধে অক্তান্ত ভারতীয় দর্শনের কি বলিবার আছে।

তথ্যপঞ্জী

চিকাগো বক্তৃতা

গ্রহণরিচয়: বিশ্বনেলার অব ধর্মহাসভার স্বামীজী ভারতের প্রাচীন বৈদিক ও বৈদান্তিক ধর্মাদর্শ—যাহা সাধারণের নিকট 'হিন্দ্ধর্ম' নামে পরিচিত—তাহা যুগের উপযোগী করিয়া ব্যাখ্যা করেন। এই প্রসঙ্গে বৌদ্ধ ও গ্রীষ্টধর্ম সম্বন্ধেও করেকটি আলোচনা আছে। Paper on Hinduism— এটিই মূল বক্তৃতা, ইহার যে তৃইটি বিবৃতি পাওয়া যায়, তাহাতে সামাগ্র পার্থক্য লক্ষিত হয়—একটি স্বামীজী বা তাঁহার বন্ধুগণ কর্তৃক প্রকাশিত ও প্রচারিত, অক্টট Parliament of Religion-এর বিবৃতির অন্তর্গত।

[ধর্ম-মহাসভায় স্বামীজীর বক্তৃতাস্চী পরপূষ্ঠার ভ্রন্টব্য]

পৃষ্ঠা পদ্জি

9

বিশ্বনেলা: কলম্বাস আমেরিকা আবিদ্ধার করেন (১৪৯৪ খু:)
তাই আমেরিকার অপর নাম 'কলম্বিয়া'। আমেরিকা আবিদ্ধারের
৪০০তম বর্ষ উপলক্ষে ১৮৯০ খু: শিকাগোতে এক মহামেলা
অমুষ্ঠিত হয়। ইহার নাম 'কলাম্বিয়ান এক্সপোজিশন' (Columbian Expositon)। ইহার প্রধান উদ্দেশ্য ছিল মাম্বের পার্থিব
উন্নতি প্রদর্শন করা। ১৮৯১ খু: প্রথম পরিকল্পনা হয় ধর্ম-মহাসভাও
ইহার অলীভূত করিতে হইবে। বিশ্বমেলা (World's Fair)
প্রধানতঃ শিল্প ও কলা প্রদর্শনী। এই মেলা জ্যাক্সন পার্কে
১০০৭ একর জমিতে প্রান্ধ ১০ কোটি টাকা ব্যয়ে অমুষ্ঠিত হয়।

শিল্প, কলা, শিক্ষা ও বিজ্ঞান এবং তৎসহ ধর্ম—এগুলিই ছিল এই মেলার প্রধান বিভাগ। ধর্মসভা 'হল অব কলম্বাস' আট প্যালেদে অফুটিত হয়। ১১ই সেপ্টেম্বর হইতে ২৭শে পর্যন্ত এই সভা বসে। কার্ভিনেল গিবনস্ ইহার উদ্বোধন করেন। রেভারেগু ব্যারোক্ত ইহার সাধারণ সমিতির সভাপতি ছিলেন। প্রায় ৫০টি ক্যান্তি ইহাতে যোগদান করে। এইটিই প্রথম বিশ্ব ধর্মমহাসভা।

চার্লন ক্যারল বনী নামে আমেরিকার এক থ্যাতনামা আইনজীবী প্রথম এই বিরাট মহামেলার পরিকল্পনা করেন। ইহা বছলভাবে সমাদৃত হয় এবং ১৮৯০ খৃঃ ৩০শে অক্টোরর মিঃ

S)	
জীব	9% 4
যামীজীর	7
মহাসভা য়	मर भेड़ द
- <u>1</u>	Ų.
<u> </u>	

	**	ধৰ্ম-মহাসভায় স্বামীজীর বক্ত্ তা	দীর বক্তু তা	
		८मर्भ्युस, १४%	から	
ভাব দিন-সংখ্যা	ভাৰিখ ও ৰাব	 (454	বকৃতাৰ বিষয	বকুতাব ক্ৰমিক সংখ্যা
7.5	১১ই, म्मियवाद	ত্ত্ব প্ৰথ	ष छ। थन।	k <
দ	ऽ६ष्टे, खकवांत्र	*	লাত্তাব	አ አ
F	ऽ २८मा, मक्नावांत	2	हिन्स्धर्भ	ণ ব
× 0.0	२०८ण, वृधवांत्र	मका	ভাষতে গ্রীষ্টান পাদরী, পৌত্রলিকতা	
		_	७ श्वज्ञायो	\&\
190	२७८म, मक्नव्रं	2	हिन्स्थर्भ ७ (वोक्षर्भव मण्णक	म ७
7.64	२ १८ण, व्सवाद	मकान	বিদায়-ভাষণ	48 3
	प्र	ধর্ম-মহাসভার বৈজ্ঞানিক বিভাগে	নক বিভাগে	
24#	२२८म, खकवाद्य	मक्ष	त्रीं ए। रिस्थर्थ ७ (वर्ष छ,	
-			প্ৰশাও উত্তর	Ħ.
200	२७८म, मनिवात	ब ग्रांक	ভারতের বর্তমান ধর্মাদি	₩ ^
>64	२६८म, भाभवांव	मक्रांग	काशानी तोक्रमण	و معا
-		ৰ প্ৰথ	हिम्बर्ग्य माव	8 4 '

বনীর সভাপতিত্বে World's Congress Auxiliary of the Columbian Exposition সংগঠিত হয়। আড়াই বংসর ধরিয়া ব্যাপক প্রস্তুতির পর ১৮৯৩ খঃ ১৫ই মে হইতে ২৮শে অক্টোবর পর্যন্ত চিকাগো শহরে ২০টি অধিবেশন হয়। বিষয় ছিল—নারী-প্রগতি, পাবলিক প্রেস, শল্য-চিকিৎসা, মিতাচার, বাণিজ্য ও অর্থনীতি, সলীত, আইনসংস্কার, ধর্ম ইত্যাদি। ঐ সকল অধিবেশনের মধ্যে ধর্মহাসভাই স্বাপেকা বেশী খ্যাতি ও স্মাদর লাভ করে।

9 3

চারিটি সমাবেশ হইয়াছিল

বিখমেলার অঙ্গ হিদাবে ধর্ম, বিজ্ঞান, শিল্প এবং আইন বা মানবাধিকার বিষয়ক আন্তর্জাতিক দশিলন ও আলোচনা সভা অমুষ্ঠিত হয়।

2 >

দক্ষিণভারতীয় কয়েকজন শিয়

স্বামীজীকে চিকাগো ধর্মহাসভায় পাঠাইবার জন্ম বাহারা তৎপর হইয়াছিলেন, তাঁহাদের মধ্যে আলাসিকা পেরুমল, ডি. আর. বালাজী রাও, সিকারাভেলু মুদালিয়র, জি. জি. নরসিংহচারিয়ার প্রভৃতির নাম উল্লেখযোগ্য। রামনাদের রাজাও এ বিষয়ে অগ্রণী ছিলেন।

- ৪ ১৫ অধ্যাপক রাইট: ডক্টর জন হেনরী রাইট ছিলেন হার্ভার্ড
 বিশ্ববিভালয়ের গ্রীক ভাষার অধ্যাপক। 'ব্রীজী মেডোজ'-এর
 মিদ স্থানবর্নের দৌজতো ইহার সহিত স্বামীজীর পরিচয় হয়।
 স্বামীজীর গভীর পাণ্ডিভ্যে মৃশ্ব হইয়া তিনি চিকাগো ধর্মমহাসভায় যোগদানের জন্ত স্বামীজীকে প্রদত্ত পরিচয়-পত্তে
 লিখিয়াছিলেন, 'ইনি এমন একজন মাহুষ, খাঁহার পাণ্ডিভ্য
 স্বামাদের জ্ঞানী অধ্যাপকদের মিলিভ পাণ্ডিভ্যকেও হার
- ২৬ বেডা: জন হেনরী ব্যারোজ: প্রেসবিটেরিয়ান চার্চের ধর্মবাজক।
 ধর্মসম্মেলনের জেনারেল ক্মিটির স্ভাপতি নির্বাচিত হইয়াছিলেন।

ষানায়।'

এই কমিটি ১৬টি বিভিন্ন ধর্মীয় সংস্থার প্রতিনিধিদের লইয়া গঠিত হইয়াছিল। ধর্মহাসভায় স্বামীজীর প্রভাব সম্বন্ধ তিনি চমৎকার বিবরণী রাখিয়া গিয়াছেন 'The World's Parliament of Religions' বিবরণী গ্রন্থে।

६ ५३

কলম্বন হল্: চিকাগোর মিশিগান অ্যাভিনিউ-এ নৃতন প্রভিষ্ঠিত আট ইনষ্টিটিউটের (বাড়িটি তখনও চিত্রপ্রদর্শনীর জক্ত খোলা হয় নাই) হলে ধর্মহাসভার অধিবেশন হইয়াছিল। প্রভার-নির্মিত বিরাট বাড়িটি আজও মহাসভাব স্থৃতি বহন করিয়া দাঁড়াইয়া আছে। এই খণ্ডে চিত্র দ্রঃ।

२३

চার হাজার উৎস্থক শ্রোতৃবর্গ

বিভিন্ন দেশ হইতে আগত প্রায় চার হাজার শ্রোতা কলমস হলের গ্যালারী ও মেঝেতে সমবেত হইয়াছিল। ডেলিগেটদের আদার অপেক্ষায় ভাহারা শাস্তভাবে অপেক্ষা করিতেছিল—বর্ণিত আছে, সেধানে এমন নীরবতা বিরাজ করিতেছিল যে, একটি ছোট পাধি জানালা দিয়া উড়িয়া গেলেও ভাহার শব্দ শোনা যায়। হলের বাহিরেও এক বৃহৎ জনতা দরজার নিকট দাঁড়াইয়া ছিল। কার্ডিনাল গিবন্দ: ১৮৯০ খঃ ১১ই সেপ্টেম্বর ধর্মমহাসভার উলোধন করেন এবং সভাপতির আসন গ্রহণ করেন। রোমের পোপ যে সকল ধর্মযাজকের সাহায্যে ধর্মীয় কার্য পরিচালনা করেন, তাহাদের 'কার্ডিনাল' বলা হয়।

30

ব্রাহ্মসমাজের বি. বি. নাগারকর

বোম্বাই হইতে 'প্রার্থনা-সমাজে'র প্রতিনিধিরূপে চিকাগো ধর্ম-মহাসভার যোগদান করেন এবং উক্ত মহাসভার উপদেষ্টা পরিষদের সদস্য ছিলেন। প্রার্থনা-সমাজ একেম্বরবাদী, অনেকটা ব্রাক্ষসমাজের মতো।

38

বৌদ্ধপণ্ডিত ধর্মপাল

অনাগারিক ধর্মপাল; সিংহল হইতে আগত বৌদ্ধ প্রতিনিধি। ১৮৯৮ থঃ স্বামীদ্দীর সহিত সাক্ষাৎ করিতে বেলুড় মঠে আসেন।

পৃষ্ঠা পদ্ধক্তি

কলিকাতা মহাবোধি সোদাইটি এবং দারনাথ মহাবোধি মন্দিরের প্রতিষ্ঠাতা।

- ৬ ২২ তাও ধর্ম: খৃ: পৃ: ৬ চ শতাব্দীতে লাও-ং-মু (Lao-tze জন্ম ৬০৪ খৃ: পৃ:) কর্তৃক প্রতিষ্ঠিত চীনের দর্শনমূলক ধর্ম। কর্মকল ত্যাগ করিয়া আকাজ্জা হইতে মুক্ত হইবার জন্ম ধ্যানমগ্ন হওয়া তাও-ধর্মের লক্ষ্য। এই ধর্মের বৈশিষ্ট্য চূড়ান্ত প্রশান্তিবাদ (Quietism) কনফুনীয় ধর্মের বৃদ্ধিবাদের (rationalism) বিপরীত। চীনে যে তিনটি ধর্মের প্রাধান্ত, 'তাও' তাহাদের মধ্যে একটি। লাও-ং-মু প্রণীত তাও-তে-কিঙ (Tao-Teh-King) গ্রন্থে মুক্তির জন্ম পথ বা 'তাও' নির্দেশ করিয়াছেন। কথিত আছে মুক্তির জন্ম পথ বা 'তাও' নির্দেশ করিয়াছেন। কথিত আছে কুড্-ফু-ংমু বা কংফুছের (Confucius) দহিত তাহার একবার সাক্ষাৎ হয়।
 - ২২ কংফ্ছের মত: চীনদেশের কংফ্ছের আদল নাম কুড্-ফ্-ৎস্
 (K'ung Fu-tsu জন্ম ৫৫১ খৃ: পূর্বান্ধে)—পাশ্চাত্যদেশে ইনি
 কনফ্যসিয়াদ নামে পরিচিত। বিভিন্ন রাজ্যের শাদকদের আচার
 ব্যবহারে আমূল পরিবর্তনের জন্ম তিনি উপদেশ দেন। জীবনের
 শেষভাগে গ্রন্থ-রচনায় মনোনিবেশ করেন।

কন্ফাসিয়াস ও সেনসিয়াস (খৃঃ পূর্ব ৩৮৫ বা ৩৭২ হইতে ২৮৯ খৃঃ পূর্বান্ধ) প্রদত্ত নৈতিক দর্শনের শিক্ষাই কনফুসীয় ধর্মের মূলগত বস্তু। মাহুবের লক্ষে যথার্থ সম্পর্ক বজায় রাখিয়া পরস্পারের প্রতি সহামুভূতি-সম্পন্ন হওয়া এই ধর্মের ভিত্তিস্বরূপ নৈতিক জমুশাসন, মাতাপিতার প্রতি ভক্তির উপরও জোর দেওয়া হইয়াছে। প্রথম অবস্থায় এই মত জনেকটা ধর্মনিরপেক্ষ ছিল—কাল্কমে ইহাতে ধর্মীয় বিশাস জমুপ্রবেশ করে।

২২ শিন্টো ধর্ম: শিন্টো বা কামি-নো-মিচি (Kami-no-Michi)
আর্থাৎ 'দেবভার পথ' জাপানের একটি প্রাচীন ধর্ম। বৌদ্ধর্ম ও
কনফুদীয় ধর্মের আবিভাবের পূর্বে জাপানে ইহার প্রাধান্ত ছিল।
এই ধর্মের উপদেশ ও বিধিগুলি মূথে মূথে প্রচারিত হইত এবং

পৃষ্ঠা পঙ্ক্তি

খু^{ন্তীয় দশম শতাকীর পূর্বে সেইগুলি লিখিত হয় নাই। এই ধর্মে সম্রাট বা অহ্মরূপ শ্রেষ্ঠ ব্যক্তি জীবিতকালে বা মৃত্যুর পর দেবতারূপে পৃক্তিত হয়। তাহাদের নামে ধর্মনদির উৎস্গীকৃত হয়।}

সুলভাবে বহুদেবভার উপাসনার বাহিরে ইহা বেশীদ্র অগ্রসর হইতে পারে নাই। আত্মা সম্বন্ধে ধারণা বা কোন নৈতিক বিধি এই ধর্মে নাই বলিলেই চলে। ইহা প্রকৃতপক্ষে প্রকৃতি-উপাসনার ধর্ম। তাহার সহিত যুক্ত হইয়াছে সম্রাট ও প্রপুরুষের উপাসনা। এই কারণে জাপানীদের কাছে দেশ-ভক্তি ধর্ম-বিশেষে পরিণত হইয়াছে।

১ ২৪ প্রতাপচন্দ্র মজুমদার: ব্রহ্মানন্দ কেশবচন্দ্র সেন প্রতিষ্ঠিত, 'নববিধান' ব্রাহ্মসমাজের অক্সতম নেতা। ১৮৮৩ খৃঃ তিনি আমেরিকা ধান এবং বক্তা হিসাবে খ্যাতি অর্জন করেন। ১৮৯১ খৃঃ যখন চিকাগো ধর্মহাসভার প্রস্তুতি চলিতেছিল, তথন মজুমদার কার্যনির্বাহক কমিটির সদস্য নির্বাচিত হন। ৭ম থণ্ডে ব্যক্তিপরিচয় দ্রঃ।

२२

জান্তের গ্রীক ধর্মযাজক

জাস্তে (Zante) গ্রীসের পশ্চিমে অবস্থিত একটি দ্বীপ। এখানকার চার্চ গ্রীসের প্রাচীন চার্চের অস্থবর্তী। কনস্টান্টিনোপল-এর প্যাট্রিয়ার্কই এই ধর্মগুলীর প্রধান।

9 9

আফ্রিকার মেণডিস্ট চার্চের ধর্মবাজক আর্নেট

বেঞ্চামিন ডব্লু, আর্নেট ছিলেন চিকাগো ধর্মমহাসভার প্রথম দিনের অধিবেশনের শেষ বক্তা

20

অশোকের বৌদ্ধ সংগীতি

সমাট অশোকের আদেশে তাঁহার রাজধানী পাটলিপুত্র নগরীতে এক বৌদ্ধর্মসংগীতি আহুত হইয়াছিল, এইক্লপ কথিত আছে। বৌদ্ধর্মের প্রকৃত মৃত্বাদগুলি স্থান্ত ও প্রতিষ্ঠিত করা এবং লাস্ত মৃতগুলির নির্মন করাই ছিল ইহার উদ্দেশ্য। পৃষ্ঠা-পঙ্ক্তি

9 30

আকবরের ধর্মসভা

সম্রাট আকবর (১৫২৬-১৬০৫) প্রচলিত ধর্মগুলির মতবাদ বিষয়ে আলোচনার জন্ত ফতেপুর সিক্রির রাজভবনে 'ইবাদত-ধানা' বা পূজামন্দির নির্মিত করিয়াছিলেন। এখানে নিয়মিত-ভাবে ধর্মসভা আহ্ত হইত এবং সকল ধর্মের প্রতিনিধিগণ নিজ নিজ ধর্মের তত্ত্ত্ত্বলি ব্যাখ্যা করিতেন।

8

সর্বাপেকা প্রাচীন সন্ন্যাসি-সমাজ

বৈদিক সন্ন্যাসিগণই প্রাচীনতম সন্ন্যাসী। অশোকের শিলালিপিতে অন্থ ধর্মাবলম্বী সন্ন্যাসিগণের উল্লেখ আছে, তাহা হইতে প্রমাণিত হয় বৌদ্ধসন্থাসীদের পূর্বেও ভারতে সন্ন্যাসি-সম্প্রদায় ছিল, যদিও বৌদ্ধর্মই ঐতিহাসিক যুগের সর্বপ্রথম সংঘবদ্ধ সন্মাসিসমাজ। বেদের জ্ঞানকাণ্ড (বেদাস্ত) ম্খ্যতঃ সন্মাসীদের দারাই অফ্রেডিত হইত। বৃহদারণ্যক ও ম্গুক-উপনিষদে সন্মাস বিষয়ে স্পষ্ট উল্লেখ আছে। চতুর্থ আশ্রম—সন্ন্যাস গ্রহণের জন্মই যাজ্ঞবন্ধ্য গৃহত্যাগ করেন।

æ

সর্বধর্মের প্রস্থতি-স্বরূপ

বেদ পৃথিবীর মধ্যে সর্বাপেক্ষা প্রাচীন ধর্মীয় সাহিত্য। বেদ হইতেই বিভিন্ন ধর্মভাব প্রস্ত হইয়াছে। মহু বলিয়াছেন— 'বেদোহখিলধর্মমূলম্'—বেদই সকল ধর্মের মূল। সকল ধর্মই প্রভাক্ষ বা পরোক্ষভাবে বেদ হইতেই আত্মা পরলোক প্রভৃতি অতীক্রিয় বিষয়ের ভাবগুলি পাইয়াছে।

२ ०

हेह्मोरमत थाँढि वः मधतशरनंत्र व्यवमिष्टाः म

নীরোর রাজস্বকালে १০ খৃঃ টাইটাস কর্তৃক জেরুজ্ঞালেম ধ্বংসের পর ইছদীরা পৃথিবীর সর্বত্র ছড়াইয়া পড়ে। ফলে বিভিন্ন দেশে তাহাদের চরম নিপীড়ন সহ্য করিতে হয়, এবং তাহাদের জাতীয় বহু বৈশিষ্ট্য নষ্ট হইয়া যায়। কিন্তু ভারতে যাহারা আসে, ভাহারা নির্বিশ্নে নিজেদের ধর্মাচার ও ক্লষ্টি বজ্ঞায় রাথিয়া জ্ঞাবধি বাস করিভেছে।

۷۰ >

জরপুট্টের অনুগামী---আশ্রয়দান করিয়াছিল

যী শুখু টের প্রায় এক হাজার বৎদর পূর্বে জরখু ট্র পারভ্যে তাঁহার ধর্ম প্রচার করেন। ইহাতে জগ্নি উপাদনা আছে। দপ্তম শতকে পারভ্য বধন আরবের মুদলমানগণ কর্তৃক আক্রান্ত হয়, তথন একদল পারদীক তাহাদের ধর্মবক্ষার জন্ম ভারতে বোদাই প্রদেশে আশ্রয় গ্রহণ করে। হিন্দুগণ ভাহাদের দাদরে আশ্রয় দান করেন। এদেশে ইহারা 'পার্শী' নামে পরিচিত।

- ১৩ ১ ইছদী: দেমিটিক জাতি, ভাষা হিক্ত। ইহারা একেশ্বরাদী।
 আদিম বাস মেনোপোটেমিয়া। আরবের নানা ছানে ঘ্রিয়া
 ইহারা মিশরে যায় (ঝাঃ পৃঃ ১৫০০), দেখানে বহু তুর্দশাভোগের
 পর ম্শার নেতৃত্বে মিশর ত্যাগ করিয়া ফিলিন্তিনে (Palestine)
 বসবাস করে। ৭০ খঃ রোমানরা আসিয়া ফিলিন্তিন অধিকার
 করে ও জেকজালেম ধ্বংস করিয়া ইহুদীদের বিতাড়িত করে।
 তথন হইতে ইহারা ভবঘুরে হইয়া পৃথিবীময় ছড়াইয়া পড়ে
 এবং সর্বত্র ব্যবসা-বা।ণজ্য করিয়া ধনশালী হয়। বর্তমানে
 তাহাদের পুরাতন বাসভূমিতে যে নৃতন রাষ্ট্র স্থাপিত হইয়াছে,
 তার নাম ইশ্রায়েল (Israel)।
 - ১৮ বৌদ্ধদের অজ্ঞেয়বাদ: বৃদ্ধদেব ঈশ্বর সম্পর্কে মৌন ছিলেন। ঈশ্বরের অন্তিত্ব বা অনন্তিত্ব সম্পর্কে তিনি কিছুই বলেন নাই। সেই কারণে বৌদ্ধগণকে অজ্ঞেয়বাদী বলা হয়।
 - ১৯ জৈনদের নিরীশরবাদ: জৈনের। ঈশরের অন্তিত্বে বিশাস করেন না।

 ঈশর না মানিলেও জৈনেরা মৃক্ত, পূর্ণ ও দিন্ধপুরুষদের ধ্যান ও

 পূজা করেন। জিন বা দিন্ধপুরুষেরাই জৈনধর্মে ঈশরের স্থান

 অধিকার করিয়াছেন।

₹8

আপ্তবাকা

আপ্ত অর্থাৎ প্রাপ্ত (Revealed); বেদ মাহ্ন কর্তৃক রচিত পুস্তক নয়। ভগবানের তত্ব ঋষিদের নিকট উদ্ভাগিত হইত বলিয়া ইহাকে আপ্তবাক্য এবং অপৌক্ষের বলা হয়। পৃষ্ঠা পঙ্ক্তি

78 70

ৰবিদের মধ্যে করেকজন নারীও ছিলেন

গার্গী, মৈত্রেরী ও অন্ত_্ণ-কন্তা বাক্ (দেবীস্জের দ্রন্ত্রী) বিশেষ-ভাবে উল্লেখযোগ্য। ঘোষা, বিশ্বারা, যমী প্রভৃতি আরও নাম পাওয়া যায়।

39

বিখশক্তির সমষ্টি সর্বদা সমপরিমাণ

—ইহা বিজ্ঞানের একটি বিশেষ স্ত্র। ইহাকে Law of Conservation of Energy বলা হয়। ইহার অর্থ জগতের সকল শক্তির একত পরিমাপ সর্বদা সমান।

३६ २१

দেহমনের প্রবণতা মাতাপিতার দেহ মনের ক্রানাক ?

ক্রমবিকাশবাদের এই নিয়মামুদারে মাতাপিতার দেহমনের
প্রবণতা দন্তানে দক্ষারিত হয়, কিন্তু স্বামীজীর মতে দৈহিক
প্রবণতা পূর্বপুরুষের দেহ হইতে সঞ্চারিত হইলেও মনের প্রবণতা
এতাবে ব্যাখ্যা করা যায় না। উহা নিজ নিজ পূর্ব জন্মে
অমুষ্ঠিত কর্মের ফল।

६ ७८

মনের এরূপ বিশেষ প্রবণতার কারণ পূর্বামুটিত কর্ম স্রুষ্টব্য : শ্বেডাশ্বেডরোপনিষদ ৫।১১-১২

२७

পূর্বজন্ম সহক্ষেও তুমি জানিতে পারিবে
'সংস্থারসাক্ষাৎকরণাৎ পূর্বজাতিজ্ঞানম্।'—পাতঞ্জল ষোগত্ত্ত ৩।১৮
—চিত্তের সংস্থারগুলিকে সংষম অর্থাৎ ধারণা ধ্যান সমাধি ঘার।
প্রত্যক্ষ করিলে পূর্ব জন্মের জ্ঞান হয়।

३५ २३

হিন্দুগণ তোমাদিগকে পাণী বলিতে চার না

অহং দেবো ন চাক্যোহন্মি ব্রক্ষৈবাহং ন শোকভাক্।

সচ্চিদানন্দরপোহহং নিত্যমুক্তস্বভাববান্॥—প্রাতঃম্মরণীয় শ্লোক

79 70

বাঁহার আদেশে----পরিত্রমণ করিতেছে ভরাদক্তারিস্তপতি ভরাত্তপতি সূর্ব:। ভরাদিদ্রশ্চ বাযুশ্চ মৃত্যুর্ধাবতি পঞ্চম:॥

—কঠ, ২াণত.

পৃষ্ঠা পদ্ধ্যক্তি

२० 5

প্রভূ! আমি তোমার নিকট ধন----ভালবাসিতে পারি।
ন ধনং ন জনং ন স্থলারীং কবিতাং বা জগদীশ কাময়ে।
মম জন্মনি জন্মনীশ্বরে ভবতান্তজ্জিরতৈতৃকী ত্রি॥

—শিকাষ্টকম্, শ্রীকৃষ্টেতন্ত,

39

আমি ভালবাদার ব্যবদা করি না নাহং কর্মফলাম্বেষী রাজপুত্তি চরাম্যুত। দদামি দেয়মিভ্যেব ষজে ষষ্টব্যমিত্যুত॥

ধর্ম এব মন: রুফে স্বভাবাচিচৰ মে ধৃতম্। ধর্মবাণিজ্যকো হীনো জঘলো ধর্মাবাদিনাম্॥

---মহাভারত, বনপর্ব ৩১৷২৷৫

२१

তথনই—কেবল তথনই হাদয়ের·····

ভিত্ততে হৃদদ্বগ্রন্থি ছিদ্যান্তে সর্বসংশরা:। ক্ষীয়ন্তে চাশ্র কর্মাণি তম্মিন্ দৃষ্টে পরাবরে॥

--- মৃত্তকোপনিষৎ, ২৷২৷৮

२५ २७

তথন ব্রহ্মের সহিত এক হইয়া ঘাইবেন স যো হ বৈ তৎ পরমং ব্রহ্ম বেদ ব্রহ্মিব ভবতি।—এ, ৩।২।৯

२२ 8

যথন এই নিখিল বিবে আমার আন্ধবোধ হইবে—

যশ্মিন্ সর্বাণি ভূতানি আত্মৈবাভূদিজানত:।

তত্র কো মোহ: ক: শোক একত্মমুপশ্যত: ।—জিশোপনিযৎ, গ

74

রসারনশান্ত যদি এমন একটি মূল পদার্থ আবিকার করে
আধুনিক বিজ্ঞানের সিদ্ধান্ত, সকল পদার্থের পরমাণুই ইলেক্ট্রন,
প্রোটোন প্রভৃতি দ্বারা গঠিত। ইহাদের সংখ্যা ও সংহতির
তারতম্যের উপরই পদার্থের বিভিন্নতা নির্ভর করে। বাস্তবিকই
কয়েকটি ক্ষেত্রে পরমাণু-সংহতির বদবদল করিয়া এক পদার্থকে
অন্ত পদার্থে রপান্তবিত করা সম্ভব হইয়াছে। আর কতকগুলি
ক্ষেত্রে স্বভাবতই এই পরিবর্তন ঘটিয়া থাকে। যথা ইউরেনিয়ম

পৃষ্ঠা পদ্ধবিদ

ভাঙিয়া ভাঙিয়া অগ্রাগ্ত কয়েকটি ভথাকথিত 'মৌলিক পদার্থ' স্ট হইভেছে।

२२ ১৮

পদার্থবিতা যদি----- অক্তান্ত শক্তি নাহার রূপান্তর মাত্র বৈত্যত শক্তি বিভিন্ন শক্তিতে রূপান্তরিত হইতেছে, অথবা বলা যায় আলোক, তাপ, চৌম্বক (এমন কি হয়তো মহাকর্ষ) শক্তিও বৈত্যত শক্তিরই বিভিন্ন রূপ।

२७ २०

ক্যাথলিকদের গির্জায় এত মৃতি

—মেরী, এটি, সম্ভ (saints) ও দেবদ্তদের (angels) মৃতি।

२8-२७

শান্ত বলিতেছেন: বাহপুজা-মৃতিপূজা প্রথমাবস্থা

উত্তমো ব্রহ্মসম্ভাবো ধ্যানভাবস্ত মধ্যম: স্থাতর্জপোইধমো ভাবো বহি: পূজাইধমাধমা। —মহানির্বাণ তন্ত্র, ৪।১২

२७ ১०

যেমন ডাইনী পোড়ানো দোষ

খুষ্টানরা ডাইনী (witch) বলিয়া বছ নিরীহ কুরুপা রুদ্ধা স্ত্রীলোককে পোড়াইত। ৫ম থণ্ডের তথ্যপঞ্জী ৪৮৪ পৃঃ দ্রঃ।

২৬

20

আমাদের জাতি ও ধর্মনতের----- সিদ্ধপুরুষ দেখিতে পাই,

অন্তরা চাপি তু তদ্ষ্টে:। —বেদাস্তস্ত্র, ৩।৪।৩৬

২৮ 8 পারদীকদের অহুর-মজদা: পারদীকদের ধর্মগ্রন্থ জেন্দ্-আবেন্তায়
(Zend-Avesta) আছে যে, এই বিশের দকল মঙ্গলের প্রতীক
হইলেন অহুর-মজদা (Ahura-Mazda)। অমঙ্গলের প্রতীক
অহিমান (Angre Mainyu)—উভয়ে দ্বদা সংগ্রামরত।

- ৪ 'ইছদীদিপের জিহোবা: ইছদীদিপের পরম দেবতা বা ঈশর।
 তাঁহার আদল নাম Yahweh, হিক্র উচ্চারণে 'জিহোবা'।
- ৩১ ১ ওল্ড টেস্টামেণ্ট: বাইবেলের প্রথম অংশ, যাহাতে ইহুদীজাতির ইতিহাস ও ঈশ্বরের নিয়ম বিধিবদ্ধ হইয়াছে। ইহুদী ও গ্রীষ্টানগণ ইহাকে আদি ধর্মগ্রন্থ বলিয়া স্বীকার করেন।

তাঁহার (বুদ্ধের) কয়েকজন ব্রাহ্মণ শিগ্র ছিলেন মহাকাশ্যপ, সারিপুত্ত, মোগ্রলায়ন প্রভৃতি ব্রাহ্মণবংশজ্ঞাত। পৃষ্ঠা পঙ্ক্তি

७५ २५

আমি জনসাধারণের ভাষাতেই কথা বলিব

বৃদ্ধদেব সর্বসাধারণে প্রচলিত পালি ভাষার শিক্ষা দিভেন, যাহাতে সকলে তাঁহার প্রদত্ত উপদেশ বৃঝিতে পারে, ত্রিপিটক পালি ভাষাতেই লিখিত।

७२ 🤰

জনৈক এীক ঐতিহাসিককে বলিতে হইয়াছে

মেগান্থিনিস (Megasthenes) তাঁহার 'Indica' গ্রন্থে ভারতের এইরূপ বিবরণ লিখিয়াছিলেন।

কর্মযোগ

গ্রন্থপরিচয়: স্বামীজীর কর্মবোগ গীতার কর্মবোগের উপরই প্রতিষ্ঠিত।
আমরা সকলেই প্রতিনিয়ত কার্য করিতেছি; কিন্তু কি করিয়া এই কর্মকে
উপাসনায় পরিণত করা বায়, কি করিয়া এই কর্মের দ্বারাই আমরা মৃজিলাভ
করিতে পারি, কোন কর্মই বে ছোট নয় এবং স্ব স্ব কর্মক্ষেত্রে আমরা কেহই
বে ছোট নই, স্বামীজী প্রাঞ্জল ভাষায় কয়েকটি বক্তৃতায় তাহাই ব্যাইয়া
দিয়াছেন। এই বক্তৃতাগুলির অধিকাংশই তাহার প্রথমবার পাশ্চাত্য দেশ
ভ্রমণকালে ইংলগু হইতে প্রত্যাবর্তনের পর ১৮৯৬ খৃঃ নিউ ইয়র্কে প্রদন্ত হইয়াছিল। পরে উহা কর্মবোগ নামক ইংরেজী প্রুকে লিপিবদ্ধ হয় ও অতঃপর
উহা স্বামী শুদ্ধানন্দজী কর্তৃক অনুদিত হইয়া 'উদ্বোধন' হইতে প্রকাশিত হয়।

এই বক্তাগুলির দারমর্ম: প্রত্যেক কর্ম ছারা আমাদের চরিত্র গঠিত হয়; আমরা বেরূপ কান্ধ, বেরূপ চিন্তা বা বেরূপ ব্যবহার করি, ভদন্থায়ী আমাদের চরিত্র গঠিত হইয়া থাকে। আমাদের চিন্তা ও বাক্যগুলি শুদ্ধ হইলে আমরাও শুদ্ধ হইয়া যাইব। কিন্তু কি করিয়া এগুলি শুদ্ধ করা যায়, স্বামীনী 'কর্মরহন্তে' ভাহাই স্পষ্টভাবে বলিয়াছেন।

কর্মধোগ-ব্যাখ্যায় বিভিন্ন আচার্য 'বিহিত কর্মে'র উপরই জোর দিয়াছেন তাঁহাদের মতে ফলাকাজ্ঞা বর্জিত হইয়া ঐ সকল কর্ম করিলে উহাভেই শীঘ্র বা বিলম্বে চিত্ত শুদ্ধ হয়, এবং তাহাতেই মোক্ষ লাভ হইরা থাকে।

কিছ স্বামীজীর মতে সকল কর্মই কর্ম, উহা শুদ্ধভাবে বা অনাসক্ত হইয়া করিতে পারিলে তাহাতেই জ্ঞান বা মোক্ষলাভ হয়; কর্মের ভিতরে ছোট বড় ভেদ নাই, বে রাজা সিংহাসনে বসিয়া রাজ্য পালন করিতেছেন ও বে ঝাডুদার রাভা ঝাঁট দিতেছে—উহাদের উভয়ের কর্ম ঘারাই মুক্তিলাভ হইতে পারে। তবে ইহার রহস্ম হইতেছে—অনাসক্ত হইয়া কর্ম করা। 'কর্মণ্যেব অধিকারত্তে মা ফলের্ কদাচন' গীতার এই বাক্যই কর্মের রহস্ম। ঐ উপদেশ শুধু অর্জুনের জন্ম নয়, সকলের জন্ম; কর্মেই আমাদের অধিকার, ফলে নয়। কিছু কি করিয়া এইরূপ অনাসক্ত হওয়া যায়, স্বামীজী তাঁহার 'কর্মরহস্ম' ও অক্তান্য বক্তৃতায় সে বিষয়ে আলোচনা করিয়াছেন। ইহা ছই প্রকারে সম্ভব:

- (১) ভক্তির আচার্যেরা বলিভেছেন—আমাদের শুভাশুভ সকল কর্মই জগবানে সমর্পণ করিতে হইবে। আমরা যে-কোন কাল করিতেছি, তাহা তাঁহার উদ্দেশ্যে যদ্ধবং করিতেছি, বুঝিতে হইবে। ধাত্রী যেমন অপরের সম্ভানকে নিজের সম্ভানের মতো পালন করে, কিন্তু অন্তরে ঠিক জানে যে ঐ সম্ভান তাহার নয়—আমাদিগকেও সেইভাবে কাল করিতে হইবে। যাহারা ভক্ত বা ভগবানে বিখাসী তাঁহাদের পক্ষেই এইভাবে কাল করা সম্ভব।
